It may be argued from one side that sections 6 and 12 seek to impose restriction on trade, but the other side may contend that the method of realisation of tax, the procedure of realisation of tax cannot be construed as imposition of restriction on trade. There are both sides of the picture. Here the Chair is not competent to go into this question. So that disposes of Mr. Subodh Banerjee's point. I have already pointed out that so far as discriminatory legislation is concerned, in this Bill I do not find any provision where discrimination has been made between one kind of goods and another, between Darjeeling orange, for instance, and Shillong orange or Nagpur orange. You may be right, but that is for the court to decide.

So far as inter-State trade is concerned I do not clearly agree with Sj. Subodh Banerjee. It is not a legislation to carry on inter-State trade at all. It is a legislation simply to levy a tax under Article 304(*a*) on entry of goods in certain notified areas.

The next point raised by Sj. Ganesh Ghosh is with regard to Article 263. I have just now seen the Essential Goods Act. Certain other Acts were referred to. I think the reason why in those cases President's consent was obtained is that those Acts applied to essential goods.

[4-50—5 p.m.]

If it had been a question of essential goods certainly not obtaining the prior sanction of the President would have been a very vital defect. So far as this Bill is concerned it is not intended to levy tax on any essential goods.

The last point is that even assuming everything argued by Opposition as correct, I would refer the honourable members to Article 255 of the Constitution which clearly lays down that no Act of Parliament or of the Legislature of a State specified in Part A or Part B of the First Schedule and no provision in any such Act shall be invalid by reason only that some recommendation or previous sanction required by this Constitution was not given, if assent to that Act was given subsequently. Supposing today after this Bill is passed Dr. Roy is advised to get the assent of the President and he gets it, why should I shut out this Legislature from considering this legislation? In that view of the matter I hold that the Bill should be proceeded with.

Sj. Ambica Chakrabarty:

মাননীয় স্পীকার মহোদয়, আমার একটা সহজ কথা আছে আপনার রুলিংয়ের উপরে। আমার বক্তব্য হচ্ছে, আপনি বলেছেন বিলটা 'আলট্রা ভাইরেস' হবে কি না হবে এবং তার লিগ্যাল ইন্টারপ্রিটেশন দেখা আপনার কর্তব্য নয়, এটা হাইকোর্টের লুক আউট। আমি মনে করি, এইভাবে আপনার কাছ থেকে যদি এইজাতীয় কথা আসে তাহ'লে এটায় শুধু আপনার মর্যাদা হানি হয় তা নয়, হাউসের সদস্যদের মর্যাদা হানি হয়। আপনি যদি মনে করেন এবং হাউসের সদস্যরা মনে করেন ভুল একটা বিল এসেছে তাহ'লে এ্যাডভোকেট-জেনারেলের তরফ থেকে গভর্নমেন্টের অভিমত নেওয়া উচিত। নতুবা লেজিসলেচারে এল, আলোচনা হ'ল, তার পর আলট্রা ভাইরেস হয়ে গেল এতে পাবলিক মানির অপচয় ছাড়া আর কোন কাজই হ'ল না। যে ল পাস করিয়ে নিয়ে এ্যাডমিনিস্ট্রেশনের সুবিধা করতে চান সেটা এমনভাবে পাস করিয়ে নেওয়া দরকার যাতে কোর্টের দায়িত্ব সহজ হয়, যাতে তাতে কোন জটিলতা না থাকে, নতুবা অযথা হাইকোর্টের সময় নষ্ট হবে। আমরা পাবলিকের প্রতিনিধি হিসাবে এসেছি, যাতে পাবলিক মানি বৃথা না নষ্ট হয়, কোর্টে যাতে জটিলতার সৃষ্টি না হয় সেটা দেখা কর্তব্য। আপনার কাছে যদি এরকম প্রটেকশন থাকত যে, এ্যাডভোকেট-জেনারেলের এ্যাডভাইস না নিয়ে এইভাবে আনতে পারবেন না, তাহ'লে সুবিধা হত। সেরকম বাধা না দিয়ে আপনি যদি দায়িত্ব এড়িয়ে গিয়ে বলেন, আমার লুক আউট নয়, এটা হাইকোর্টের লুক আউট, তাহ'লে সরকারকে প্রটেকশন দেওয়া হয়।

Mr. Speaker:

শ্রীযুত অম্বিকা চক্রবর্তী মহাশয় যে দীর্ঘ বক্তৃতা করলেন আমার রুলিংয়ের বিরুদ্ধে এবং আমার রুলিং সম্বন্ধে প্রশ্ন ক'রে সেটা করা অবৈধ করা উচিত হয় নি। দ্বিতীয় কথা, তিনি যে উদ্দেশ্যে বলেছেন সেই উদ্দেশ্যেই রুলিং দেওয়া হয়েছে। তিনি মর্যাদা সম্পর্কে যা বলেছেন, সে সম্বন্ধে তিনি জানিয়া রাখুন যে, কোর্ট-আদালত প্রভৃতি সকলের অপেক্ষা এই সভার মর্যাদা উচ্চে। আমার কর্তব্য আমি সর্বদা প্রতিপালন করব, কিন্তু একথার এই মানে নয় যে, কোন বিল উপস্থাপিত হ'লে আমি আগে থেকে বিচার ক'রে একটা নির্দেশ দিয়ে এই সভার সভ্যদের সে সম্বন্ধে আলোচনা করবার অধিকার থেকে বঞ্চিত করব। আমার রুলিংয়ের মৌলিক উদ্দেশ্য এই নয় যে, একটা আইন সম্পর্কে সুসম্পূর্ণ আলোচনা এবং বিশ্লেষণ করবার সুযোগ না দিয়ে একদম গোড়াতেই একটা টেকনিক্যাল পয়েন্ট দিয়ে তার উপর খড়্গাঘাত করা। তিনি বারবার বলেছেন--আমি এরকম করছি। তাঁকে অনুরোধ করব যে, তিনি যেন এটা মনে রাখেন যে, সমস্ত পার্লামেন্টের স্পীকার, চেয়ারম্যান প্রভৃতি সকলের পক্ষেই এটা প্রচলিত নীতি। তাঁরা যেটা বিশ্বাস করেন সভায় চলা প্রয়োজন, তার হস্তক্ষেপ করবেন না। সুতরাং আমি যদি এই নীতি ব'লে থাকি সেটা অসঙ্গত হয় নি। এইটাই চিরকালের প্রচলিত এবং প্রবর্তিত পার্লামেন্টারি নীতি, এ সম্বন্ধে তিনি যেন ভবিষ্যতে অবহিত হন।

The West Bengal Taxes of Entry of Goods in Local Areas Bill, 1955.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to move that the West Bengal Taxes on Entry of Goods in Local Areas Bill, 1955, be taken into consideration.

Sir, my friends in the Legislature who opposed the introduction of the Bill naturally are afraid of this new approach for taxation. It is true that Bengal was the only State so far that has never imposed taxes on the entry of goods. You go to any other State you will find such a tax and not only that you will also find such a tax between one municipality and the other imposed on the entry of goods. It does not mean that the State does not also impose a sales tax on the goods that are sold for consumption in that area. If the same goods have been taxed at the entry my friends here would seem to be rather un-nerved. Bombay which has got almost the same trade facilities as Bengal has got realisation from sales tax nearly three times as much as we do and when I went to Bombay the other day I tried to find out what they do. They put taxes on the same commodity on different counts—one for entry and one for sale. I may tell my friends here that they have confused the two issues. Up till now all the Acts that come before the Legislature with regard to the taxing of goods have imposed tax on the sale of goods which means that we charge a certain sum—9 pies—on every rupee of the sale that is transacted. That scheme is not a new scheme. This is a scheme, as I said before, which has been brought under Entry 52 of the State List of the Seventh Schedule. The power, as I said before, has been accepted and used by other States, but has not been used by this State previously.

[5—5-10 p.m.]

Some of my friends were talking of the Taxation Enquiry Commission's Report with regard to this form of taxation. There is a recommendation that the tax on the entry of goods under item 52 should be as far as possible allotted to municipalities. We have neither allowed the municipalities to tax nor have we taxed ourselves on the goods at the point of entry. The reason why in Bengal we felt that the municipalities will not be able to collect tax at the entry of the goods into the municipal area has been that in Bengal entry into Calcutta, the main port, is either by boat or by railway train. If you look at the formation of the municipalities on the west side or on the northern side or on the southern side, there is no line of demarcation between one municipality and another. It is impossible for Bhadreswar Municipality to put an entry tax on goods entering the next municipality and so on. What may happen is that if a particular type of goods coming in, let us say, from Burdwan, were to pay entry fee to every municipality, by the time the goods come to Calcutta they will be loaded with such amount of tax that it will be impossible for anybody to buy the goods. On the other, hand, as has been mentioned in the Statement of Objects and Reasons we have to meet various expenditures in connection with the Second Five-Year Plan. Sir, I was trying to find out what West Bengal Government have been contributing to the municipalities within the last few years. In 1955-56 1 crore and 50 lakhs was paid by the West Bengal Government to the Calcutta Corporation and the other municipalities—Rs. 90 lakhs to the Calcutta Corporation and Rs. 60 lakhs to the other municipalities. Besides that nearly Rs. 10 lakhs was given as loan to the different municipalities. At the present moment West Bengal Government's loan to the municipalities which they have not paid yet is Rs. 1 crore and 68 lakhs. But that is not all. In the next Five-Year Plan we felt that the municipality should be helped to develop their areas considering the difficulty of their finances. We have, therefore, provided three crores of rupees in the next Five-Year Plan for the municipal roads in the different municipalities. We

have provided Rs. 4 crores and 25 lakhs for water-supply and drainage in the municipal areas. We have provided under the Head "National Water-Supply Scheme" in the urban areas Rs. 45 lakhs. We have provided for taking over from the Calcutta Corporation of the storm water channels in order to improve the physical condition of the town of Calcutta—Rs. 1 crore and 22 lakhs. We have got a scheme which is for the improvement of Calcutta although not for Calcutta Corporation only, namely of replacing some of slow moving vehicles in Calcutta by faster vehicles as far as is possible and we have provided Rs. 3 crores and 70 lakhs. We have provided for housing in the Municipal areas—Rs. 12 crores and 50 lakhs. We have provided also for reclamation of the northern and southern Salt Lake areas—Rs. 15 crores. We have provided for sewage gas production out of the affluent from the Calcutta Corporation sewers a sum of Rs. 2 crores. Sir, all these amount to much more than Rs. 40 crores that we will have to spend for the municipal areas in order that they might be able to develop under the new Five-Year Scheme.

The question has been raised as regards the tea trade. Sir, every year approximately 500 million pounds of tea are produced in North India and marketed in the following manner—direct transport to London 209 million pounds; shipment against private sales 11 million pounds, i.e., 220 million pounds. Local sale made in the tea garden itself is 30 million pounds and the remaining nearly 250 million pounds are either consumed here or sold or blended and then auctioned or blended in Calcutta. Ordinarily the biggest blenders are the Liptons and Toshs and the Brooke Bonds, etc. There are a few small Indian tea brokers also. They come to Calcutta by rail or by steamer or by air. I found one of the amendments wanted to remove the word "air". But they do come by air very often and they are stored in private godowns in Calcutta or tea sale warehouses in Kidderpore. We propose to levy one anna per pound on the tea that is sold in Bengal for consumption or is sold at the auction that is held often and then blended or not blended and sent out. The large volume of tea, therefore, which comes to Calcutta and goes out escapes taxation. There is no justification to levy a tax on these but we felt that we can levy a tax on this type of goods under entry 52. If we do so, we might be able to get a little over a crore of rupees from this tax. The tea that passes through Calcutta forms 40 per cent. of the total production of tea in the whole world.

[5-10—5-20 p.m.]

We are thinking of taxing 20 per cent of the total production and sale of tea. The incidence of the tax on 20 per cent. of the total sale of tea is not so great as to affect the price of tea elsewhere. But if by any chance the Calcutta dealer can pass the tax on to the dealer outside, I shall not be unhappy. There has been an argument that by this measure the Calcutta tea auction sales might come down. But according to the present arrangement, the Union Government controls the quantity which can be sent directly to the London auction and, therefore, unless there is something very unusual happening we will continue this particular form of taxation.

The trade in fresh fruit is a different one. As you all know it is a seasonal trade. Mangoes and oranges come into the city in different times of the year and are sold largely by people who disappear as soon as the season is over. My Sales Tax organization fails to tax these men who come seasonally to sell their goods and go away. There are few established businessmen who deal in many kinds of fresh fruits and they have come and complained to us that they are finding difficulty, they are being discriminated against because they have to pay taxes, whereas these seasonal traders come and disappear, they evade the sales tax completely. This has not merely resulted in loss of income but has also affected the permanent establishments. What we have put down in the schedule, I may mention

to the House, has been the result of discussion with prominent and permanent fruit dealers in Calcutta. They are very anxious that some measure will be taken by which these temporary men are made to pay also a certain taxation which they have to pay. The question naturally will arise whether for the sale of the same goods for which we have got a provision in the Sales Tax Act, whether that should continue. I can assure the House that we shall watch very carefully and if as a result of taxation on the entry of goods we find that our realization is almost as good as, if not better than, the present system of imposing sales tax at the time of sale of these goods, we shall certainly consider the whole position.

One difficulty with regard to fruits has been—with regard to tea the difficulty is not there because it is intact—regarding the standard according to which we will levy the tax. As you know sales tax is based upon a particular proportion of every rupee that is realised in the sale, 9 pies to the rupee. If it were possible to have the same procedure, the matter would have been solved. You will recall that we are now dealing with perishable goods, of a type of goods which varies in price not merely from day to day but even from morning to evening. Therefore, putting a tax on the basis of price is not very satisfactory We had in our original Bill thought of taxing by a box or basket. It was pointed out to us by the fruit dealer that baskets vary in their contents. Some baskets carry 300 oranges, other baskets carry only 60 oranges, both paying the same rate, which is very wrong. Therefore, they suggested and we have accepted the principle of levying a tax on the basis of the weight If it is so made and as far as I could gather from my talks with the fruit dealers myself they seem satisfied with this arrangement—no extraordinary delay will take place and they will be able to satisfy Government of their intentions not to evade tax and also to take the fruits in time so that they might not perish. With regard to tea packages no such elaborate arrangement need be made because they come here and they remain stored in godown. In the case of fruit there was a great deal of difficulty because we knew that if the fruits are kept waiting for taxation then there will be a great deal of loss—there may be—due to the fruit getting bad. Therefore, you will find that in definition of the word "dealer", particularly the amendment given by Shri Gopika Bilas Sen Gupta, we have made it clear that it is possible for a dealer even before the fruit arrives at the notified area to pay the tax and release the goods immediately so as to avoid delay

With these words I move that the Bill be taken into consideration

[**Mr. Speaker:** *There are 18 circulation motions. I may take them all as moved?*]

Sj. Ganesh Ghosh: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1955.

Dr. Krishna Chandra Satpathi: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th December, 1955.

Dr. Narayan Chandra Ray: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th December, 1955.

Sj. Bankim Mukherji: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 2nd December, 1955.

Sj. Jyotish Joardar: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November, 1955.

Sj. Biren Banerjee: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 7th November, 1955.

Sj. Jyoti Basu: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st October, 1955.

Dr. Ranendra Nath Sen: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th October, 1955.

Dr. Kanailal Bhattacharya: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th October, 1955.

Sj. Tarapada Dey: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 7th October, 1955.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th September, 1955

Sj. Madan Mohon Khan: Sir, I beg to move that that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th September, 1955

Sj. Haripada Chatterjee: I will oppose the consideration motion.

Mr. Speaker: The consideration motion is before the House and you may speak on it

[5-20—5-30 p.m.]

Dr. Ranendra Nath Sen:

মিঃ স্পীকার, স্যার, এই বিলের বিরোধিতা করতে ব্রীফ হওয়া যাবে না, স্যার অনেক কথা আছে। এই বিলের প্রতি সমগ্র দেশের দৃষ্টি পড়ে আছে। তার কারণ, আমাদের দেশে এতকাল যে জনসাধারণ অত্যন্ত করভারগ্রস্ত হয়ে পড়ে রয়েছে এই বিলে তাদের উপর আর একটা কর চাপাবার ব্যবস্থা হচ্ছে। এবং এই বিলের আরো বিশেষ ক'রে বিরোধীতা করি এই হেতু যে, এই বিলে দেশের ডেভ্‌লপ্‌মেন্টের নাম ক'রে, দেশের উন্নয়নের নাম ক'রে, পঞ্চবার্ষিক পরিকল্পনার নাম ক'রে, বিভিন্ন প্ল্যান ও প্রজেক্টের নাম ক'রে খুব বেশী ট্যাক্সেশন বসান হচ্ছে। এই বিলে উন্নয়নের মারফৎ বিধানসভা এবং কংগ্রেস সরকারের মুখোস খুলে গিয়েছে। ডাঃ বিধানচন্দ্র রায় কয়েকদিন আগে বলেছিলেন এবং অনেক জোরের সঙ্গে ঘোষণা করেছিলেন, পঞ্চবার্ষিক পরিকল্পনার জন্য যারা নূতন নূতন ট্যাক্স বসাতে চায়, তাদের প্রসঙ্গে বলেছেন পশ্চিম বাংলায় আমি আর নূতন ট্যাক্স বসাতে চাই না এবং বসাব না। একথা তিনি জোরের সঙ্গে বলেছেন। এবং দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার টেন্টেটিভ ফ্রেম ওয়ার্ক—যা আমাদের কাছে এসেছে—তার বিরোধীতা করবার জন্য তিনি সমগ্র পশ্চিম বাংলাকে তাঁর পিছনে জমায়েত করবার জন্য চেষ্টা করেছেন। এবং তিনি অর্থনীতিবিদ এনেছিলেন এবং সমস্ত খবরের কাগজকে জমায়েত করবার চেষ্টা করেছেন। একটা সাধু উদ্দেশ্য তিনি ঘোষণা করেছিলেন—পশ্চিম বাংলায় কেন সমগ্র ভারতবর্ষে আর নূতন ট্যাক্সেশনের ক্ষেত্র নাই। নূতনভাবে একটা ডেভ্‌লপ্‌মেন্ট প্ল্যান আমি সমগ্র দেশের সামনে উপস্থাপিত করব। খুব ভাল কথা বলেছেন, বড় কথা বলেছেন। তিনি এই বৎসরেরই ২০শে জুলাই তারিখে সাংবাদিক সম্মেলনে সে কথা বলেছেন।

তাঁরা যে ড্রাফট প্ল্যান, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা করেছেন, তারা যে ফ্রেম সাজেস্ট করেছেন, সেখানে তাঁর বক্তব্য হচ্ছে—

> "We should increase our taxation receipts. This means that we have got to tax essential goods."

তারপর সেই সঙ্গে সঙ্গে তিনি বলেছেন—

> "*Thus if we control consumption in order to increase capacity, it seems to me, as I have said before, that this would be to put the cart before the horse.*"

আমি জিজ্ঞাসা করতে চাই তাঁর কাছে, এই যে ট্যাক্সেশন, যেটা তিনি বসাতে যাচ্ছেন, তাতে কনসামশন কারটেল হবে, কমবে না বাড়বে। তিনি একটি মহান নীতি ঘোষণা করেছেন—ডাঃ বি, সি, রায়- যে এইটি ডেভ্‌লপ্‌মেন্ট প্ল্যানের নীতি হওয়া উচিত। তাঁর কথাতেই বলি—

> "The objective of social planning can only be one—the common promotion of human growth".

তিনি তাঁর প্ল্যানের নীতি সম্বন্ধে বলেছেন, হিউম্যান গ্রোথ, ডেভ্‌লপ্‌মেন্ট প্ল্যান, এইরকম খুব বড় বড় কথা বলেছেন। কিন্তু নূতন ট্যাক্সেশন দেশের ঘাড়ের উপর বসিয়ে তিনি ডেভ্‌লপ্‌মেন্ট প্ল্যান করতে চাচ্ছেন, যে কথা তিনি ২০শে জুলাই—তার আগে এবং পরে—নিজেই বিরোধিতা করেছেন। ছোট পুস্তিকা বিতরিত হয়েছে পশ্চিমবঙ্গ সরকার থেকে। সেই পুস্তিকার গোটাকতক কথা লিখেছেন। তাতে লেখা আছে—

> "The level of our standard of living is very low The margin of saving left after meeting the essential requirements is very narrow "

তারপর বলেছেন -

> "Is there any room for increased taxation so far as the State subjects are concerned? It is impossible to increase sources of taxation."

নূতন ক'রে ট্যাক্সেশন করবার আর কোন সোর্স বাড়াবার উপায় নেই।

> "Much less to attempt taxing essential supplies like food-products."

এই কথা তিনি ঘোষণা করেছেন। যখন এইসব বড় বড় কথা ঘোষণা করছেন তখন এই বিধান-সরকার ও ডাক্তার রায় এই আইন রচনা করছেন এবং নূতন যে

Finance Sales Tax Amendment Bill

রচনা করছেন। এই যে নীতি তিনি একদিকে ঘোষণা করছেন এবং কাজ অন্যরকম করছেন। তাই আজ অত্যন্ত জোরের সঙ্গে এই কথা বলতে চাই, যেহেতু ডেভ্‌লপ্‌মেন্ট প্ল্যান করা হচ্ছে, এই ডেভ্‌লপ্‌মেন্টে কিছু টাকা আসবে এই বিলের মারফৎ, সেইজন্য এতদিন পর্যন্ত ডাঃ রায়ের গভর্নমেন্ট যে কথা বলে এসেছেন ট্যাক্সেশন সম্পর্কে, এটা সম্পূর্ণ ভুয়ো কথা। তিনি ট্যাক্সেশনকে আক্রমণ ক'রে বলেছিলেন যে, আর ট্যাক্সেশন বাড়াতে পারা যায় না। এই যে ঘোষণা তার পিছনে তিনি আসলে একটা প্রতিক্রিয়াশীল নীতি ও পদ্ধতি গ্রহণ করতে যাচ্ছেন। এই কথাটা তিনি চেপে রেখেছিলেন এই পশ্চিমবঙ্গের জনসাধারণকে তাঁর পিছনে টানবার জন্য। পঞ্চবার্ষিকী পরিকল্পনা, টেন্টেটিভ ফ্রেম ওয়ার্ক আলোচনা করতে এখানে বলেছিলাম যে, সুযোগমত, সুবিধামত এ্যাসেম্বলীতে আলোচনা করা হোক। কিন্তু তিনি তা অস্বীকার করেন। তিনি হিসাব দেন এত টাকা, কোটি কোটি টাকা আমরা এই মিউনিসিপ্যালিটি হেন তেনতে খরচ করছি, তখন কেন এটা আমাদের আলোচনা করার অধিকার থাকবে না! এটা বহুভাবে তিনি এ্যাসেম্বলীতে অস্বীকার করেছেন এই দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা আলোচনা করতে। অথচ সেদিনও যখন বেকার সমস্যা সমাধানের যে আলোচনা হয়েছিল তখন তিনি এইসমস্ত বড় বড় নীতি আলোচনা করেছিলেন। আজ তিনি নিজে ঘোষণা করছেন, কিন্তু আসলে পঞ্চবার্ষিকী পরিকল্পনা কেন্দ্রে যা হয়েছে তার মধ্যে ভাল যেটুকু আছে তার তিনি বিরোধীতা করছেন। ভারী-শিল্প গঠন করা হোক, সেটা রাষ্ট্রায়ত্ব করা হোক, তার বিরোধীতা তিনি করছেন। আসলে এই প্রতিক্রিয়াশীল মনোভাব নিয়ে, পশ্চিমবঙ্গের জনসাধারণ, প্রেস কনফারেন্স ডেকে খবরের কাগজ এবং অর্থনীতিবিদদের তিনি তাঁর প্ল্যানের পিছনে নিয়ে আসতে চেষ্টা করেছেন। আজও বলেছেন এবং পরেও বলেছেন যে, ভারী-শিল্প, মূল-শিল্প করা যাবে না এবং রাষ্ট্রায়ত্ব করার দরকার নেই।

পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যা কিছু ভাল আছে তিনি তার বিরোধীতা করছেন এবং যে কথা ব'লে দেশের লোককে তাঁর পিছনে জমায়েত করবার চেষ্টা করেছেন যে, আর নূতন ট্যাক্সেশন করার ক্ষেত্র নেই, কিন্তু সংগে সংগে তিনি আবার নূতন ট্যাক্সেশন করবার জন্য এইরকম একটা বিল করছেন। আমার মনে পড়ে গেল দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যেসব ভাল জিনিষ আছে তার বিরোধীতা করবার জন্য আমাদের দেশে যেসব প্রতিক্রিয়াশীল ব্যক্তি জমায়েত হয়েছে তার মধ্যে ডাক্তার রায় একজন, এইরকম একটা সুগারকোটেড বিল এনে দেখিয়ে দিয়েছেন। কারা এখানে জমায়েত হয়েছিল? জমায়েত হয়েছিল

F.I.C.C.I, Federation of Indian Chamber of Commerce and Industries

এবং বৃটিশ ক্যাপিটাল, মূলধন এবং তাদের যেসমস্ত অর্থনীতিবিদ আছে—অক্সফোর্ডের টি, বারো। তারা আজকে সম্পূর্ণভাবে বিরোধীতা করছে। ডাক্তার রায়ের বন্ধু হিসাবে দেশী ও বিদেশী বড় বড় পুঁজিপতিরা উপস্থিত হয়েছিল। এই যে ছদ্ম আবরণটা আজকে পরিষ্কার হয়ে যাচ্ছে! অবশ্য আমরা বলবো দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে যেখানে ডেভ্‌লপ্‌মেন্ট প্ল্যান ফ্রেমের নামে রিসোর্সেস বাড়ানর জন্য ট্যাক্সেশনের প্রস্তাব আছে আমরা তার বিরোধী এবং সেখানে বড় বড় কথা বলা হয়েছে—আনএমপ্লয়মেন্ট দূর করা, বেকারত্ব দূর করা—সেটা আমরা মনে করি ঠিক নয়। সেটা হতে পারে না। সেটা একটা স্তোকবাক্য। সে কথায় ডাক্তার রায় কিছু বলেন নি, সেদিক দিয়ে তিনি আক্রমণ করেন নি। তিনি আক্রমণ করেছেন, যাতে দেশের উন্নতি হতে পারে ভারী-শিল্পের মারফৎ, যার জন্য আমরা বৃটিশ সাম্রাজ্যবাদীর মুখাপেক্ষী হয়ে রয়েছি। তাদের হাত থেকে মুক্ত হতে পারি না, সেই ভারী শিল্পের তিনি বিরোধীতা করলেন, এই যে নূতন ট্যাক্সেশনের প্রস্তাব এটার বিরোধিতা করলেন না যেটা তিনি ড্রাফ্‌ট প্ল্যানের বেলায় করেছিলেন। এইরকম দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে যে আমলাতান্ত্রিক পরিকল্পনা আছে তার তিনি বিরোধীতা করলেন না। তিনি বিরোধীতা করলেন যা দু'-একটি ভাল ছিল তার। পূর্বেও তিনি নীতির কথা বলেছেন এবং সেদিনও বলেছেন যে দেশের সাংবাদিক সম্মেলনে পরিষ্কার ক'রে বলেছেন ২০শে জুলাই—এই বেকার সমস্যা সমাধান করতে হবে। এখানে ভারী-শিল্প, মূল-শিল্প কিছু হবে না। তার জন্য বৃটিশ সাম্রাজ্যবাদীদের মুখাপেক্ষী হয়ে থাকতে হবে, তাদের উপর নির্ভরশীল হয়ে থাকতে হবে, এতে কি ক'রে বেকার সমস্যার সমাধান হবে? উনি যে মহান তথ্য দিয়েছেন যে কতকগুলি ডেয়ারী ফার্মিং করবেন, কতকগুলি সিল্ক ইন্ডাস্ট্রি করবেন। এইভাবে তিনি যদি বেকার সমস্যার সমাধান করতে চান, তাহ'লে দেশের লোক মুখ্যমন্ত্রীর বিদ্যাবুদ্ধির সম্বন্ধে আর বেশীদিন বিশ্বাস রাখতে পারবে না। কিছু ডেয়ারী ফার্মিং, পোল্ট্রি ও কিছু সিল্ক ইন্ডাস্ট্রি ক'রে দেশের সমস্যা সমাধান করবেন, তা হয় না। এবং তিনি বলেছেন, কিছু কিছু কো-অপারেটিভের কথা। নানারকম শিল্পবাণিজ্যের কথা, যা তিনি বারবার দেশের সামনে বলেছেন, তাতে শিল্প স্বাবলম্বী হবে কি না, সেগুলি রাষ্ট্রায়ত্ব হবে কি না—এ বিষয় তিনি চুপ এবং দেশবাসীকে জমায়েত করছেন অসত্যের ভিতর দিয়ে এবং অসত্য ভাষণের ভিতর দিয়ে। প্রতিক্রিয়াশীল নীতি তিনি এইভাবে চালাতে চাচ্ছেন।

[At this stage the blue light was lit.]

Mr. Speaker:

আপনি আর কতক্ষণ বলবেন?

Dr. Ranendra Nath Sen:

আমাকে আর একটু সময় দিতে হবে। এত বড় একটা বিল আনা হচ্ছে, নূতন ট্যাক্সেশন করা হবে। এই সম্পর্কে আমরা একটু স্পষ্ট ক'রে বলতে চাই। আমরাও দেশের শিল্পের উন্নতি চাই, আমরা চাই মূল-শিল্পগুলি রাষ্ট্রায়ত্ব হোক। আমরা দেশে সোশিয়ালিজম চাই, যাতে দেশের উন্নতি হতে পারে। আমরা মনে করি যে, বৃটিশ পুঁজি যা রয়েছে সেটা বাজেয়াপ্ত হোক—আমাদের দেশে যেসমস্ত সামন্ততান্ত্রিক ব্যবস্থা আছে তার অবসান হোক। এই তিনটি জিনিষের দ্বারা দেশের উন্নতি হতে পারে, ডেভ্‌লপ্‌মেন্ট প্ল্যান হতে পারে এবং তার জন্য বড় বড় ট্যাক্সেশনের প্রয়োজন হয় না।

[5-30—5-40 p.m.]

ডাঃ রায় প্রায়ই বলেন তলার থেকে গড়ে তুলতে হবে। ভিলেজ রিকনস্ট্রাকশন করতে হবে। কিন্তু তিনি কৃষকদের জমি দিয়ে তা করতে রাজী নন। তিনি নানা করভার চাপিয়ে দিয়ে এ্যাগ্রেরিয়ান রিকনস্ট্রাক্শন করতে চান। বর্তমানে খবরের কাগজগুলি কি লিখছে? সব কাগজেই লিখছে যে, এই বিল অত্যন্ত অপ্রেসিভ বিল। পড়ে দেখুন "হিন্দুস্থান স্ট্যান্ডার্ড"—তাঁরাও এটাকে অপ্রেসিভ বিল বলেছেন। আমরা বাংলাদেশে সাধারণত ফল খাই না—ফল পাই না। সমগ্র ভারতবর্ষে যা কনসামশন হয় তার মাত্র শতকরা ১·৩ ভাগ ফলের জন্য খরচ করা হয়। আর সমগ্র ভারতবর্ষ মিলিয়ে বাংলাদেশে তার চেয়েও কম। বাঙ্গালী যা ফল খেতে পায় তার উপর এই বিলের দ্বারা কুঠারাঘাত করা হচ্ছে। গরীবের সর্বনাশ করা হচ্ছে—ডাঃ রায়কে স্পষ্টভাবে একথা জানিয়ে দিতে চাই। কুল, লেবু কবে ফলের পর্যায়ে এলো? গভর্নমেন্ট রেলওয়ে আইন অনুসারেও লেবু হ'ল ভেজিটেবল। কিন্তু ডাঃ বি, সি, রায়ের দৌলতে সেটা আর ভেজিটেবল রইল না। তিনি পেস্তা, বাদাম ইত্যাদির উপর করবেন না, কিন্তু কুলের উপর করবেন। বড় বড় হোলসেলার, পুঁজিপতি এ'রাই হলেন ডাঃ রায়ের বন্ধু—চিরকাল এ'দের প্রতি তাঁর দুর্বলতা আছে—তিনি তাঁদের পরামর্শ মতো চলেন। ছোট ব্যবসাদারদের এর দ্বারা—এই কামরাস আইনের দ্বারা—কি অসুবিধা হবে এবং এতে ফলের দাম বাড়বে কি না তা তিনি দেখেন না। চা ছাড়া গরীবের আর কি পানীয় আছে? তিনটা ট্যাক্স আমি ইতিমধ্যেই দিচ্ছি। সেন্ট্রাল এক্সসাইজ, আবার সেলস ট্যাক্স ইত্যাদি—ট্যাক্সেশনের মনুমেন্ট হচ্ছে। ট্যাক্সেশনের এই মনুমেন্ট আমাদের দেশের জনসাধারণকে বেশী মারছে। যদি ওয়েষ্ট বেঙ্গল ট্যাক্স স্ট্রাকচার দেখেন তাহ'লে দেখতে পাবেন ১৯৪৮-৪৯ সালে মাথাপিছু ৮·২ টাকা, ১৯৫৫-৫৬ সালে সেটা এসে দাঁড়িয়েছে ৯·৪১তে অর্থাৎ ৭ বৎসরের মধ্যে ১৪·৬ শতকরা বেড়ে গিয়েছে। সেন্ট্রাল ট্যাক্স ১৯৪৮-৪৯ সালে হ'ল ১৭·১ মাথাপিছু, পশ্চিম বাংলায় ১৯৫৫-৫৬ সালে ২০·৪৬, শতকরা ১৯·৩ বেড়েছে।

Central Statistics Organisation, Government of India,

তাদের ১৯৪৮-৪৯ সালের হিসাবে বলেছেন যে, জাতীয় ইনকাম বেড়েছে ৮·১ পারসেন্ট এবং ট্যাক্স বেড়েছে ১৯ ৩। আজও সেই তারতম্য রয়ে গিয়েছে।

Mr. Speaker:

আপনার বক্তৃতা একটু ছোট করবেন।

Sj. Biren Banerjee:

ডাঃ রণেন সেনের যদি সময় বেশী লাগে তাহ'লে আমরা আমাদের স্পীকারের লিস্ট কাট ডাউন করব।

Mr. Speaker:

আপনারা তা করেন না।

Dr. Ranendra Nath Sen:

ট্যাক্স কি ক'রে বেড়ে যাচ্ছে সেটাই দেখাচ্ছি। আমি তো রেলেভ্যান্ট কথাই বলছি। ওয়েষ্ট বেঙ্গল সম্পর্কে ছোট ক'রে দুই-একটা কথা বলছি। দেখুন কি অবস্থা হয়েছে। ১৯৪৮-৪৯ সালে টোটাল ট্যাক্স রেভেনিউ হয়েছে ২৫ কোটি ৬০ লক্ষ ৩৪ হাজার টাকা। ট্যাক্সেবল রেভেনিউ ৬ কোটি ২১ লক্ষ ৮৭ হাজার টাকা। সেন্ট্রাল ট্যাক্স ৩৩ কোটি ৮০ লক্ষ ৫৭ হাজার টাকা। এবং টোটাল ইনকাম ট্যাক্স ১১ কোটি ৯৫ লক্ষ ৩৪ হাজার টাকা। ট্যাক্সের বোঝাটা আমি দেখাচ্ছি। এর উপরও নতুন ট্যাক্স হচ্ছে। বলা হয়—ডাঃ রায় বলেন—বারে বারে বলেন, ডেভ্লপ্মেন্ট করবেন—দেশ উন্নত হবে। কিন্তু তার হিসাব দেখুন। ১৯৪৮-৪৯ সালে পশ্চিম বাংলায় ডেভ্লপ্মেন্টের জন্য মাথাপিছু খরচ হয় ৫৲ টাকা। আর মাথাপিছু ট্যাক্স ১৭·১ টাকা। ১৯৫৩-৫৪ সালে—৫ বৎসরে ডেভ্লপ্মেন্ট এক্সপেন্ডিচারে খরচ হ'ল মাথাপিছু ৮·৫, ট্যাক্স হ'ল ১৯৲ টাকা অর্থাৎ ট্যাক্স চলতে থাকে মোটরগাড়ী চেপে আর ডেভ্লপ্মেন্টের

খরচ চলে গরুর গাড়ী চেপে। পশ্চিম বাংলায় এই ব্যবধান রয়েছে এই সরকারের—ডাঃ রায়ের নেতৃত্বে।

(A voice from the treasury Bench: বেশ, বেশ!)

হ্যাঁ, বেশ মনে ক'রেই তো আপনারা ক'রে যাচ্ছেন। কিন্তু আপনারা ছাড়া আর কেউ বলবে না বেশ। আপনাদের বন্ধু পুঁজিপতির দল ছাড়া আর কেউ বেশ বলবে না। মধ্যবিত্ত কৃষক—যারা ভোট দিয়েছে—তারা কেউ বলবে না; সুতরাং আপনাদের বলব আপনারা সোশিয়ালিস্টিক প্যাটার্ন অব সোসাইটির কথা বলবেন না—এমন মিথ্যা ও ধাপ্পার কথা বলবেন না। এমন কথা বলতে লজ্জা হ'ল না? প্রায় বলা হয়ে থাকে টাকার অভাব। "টাকা কোথা পাব" এই বুলি আমরা শুনে থাকি। তাই আপনারা পথ ধরেছেন, লাগে টাকা দেবে গৌরী সেন। এই বৎসর ৭৪ লক্ষ টাকা জমিদারদের খেসারত বাবত দিয়েছেন—বিনা ক্ষতিপূরণে আপনারা নিতে পারলেন না। জমিদারদের বলুন না কেন, এই টাকাটা আমাদের ঋণ হিসাবে দাও। দেশের উন্নতির জন্য টাকা নেবেন, সে টাকা ত মারা যাবে না। কিন্তু সে টাকা নেওয়ার সাহস আপনাদের নাই। সমস্ত মিউনিসিপ্যালিটিগুলি স্টেটের পয়সায় চালাচ্ছেন। তাতে দেশের কি উপকার হচ্ছে? এই বাংলাদেশেই ব্রিটিশ পুঁজিপতিরা এত টাকা লাভ করছে। ব্রিটিশ পুঁজিপতিদের লাভের টাকা বাজেয়াপ্ত করার মত ক্ষমতা ও সাহস আপনাদের নাই। শেয়ার ডিভিডেন্ট ও অন্যান্য রেমিট্যান্সে যে টাকা দেশ থেকে বেরিয়ে যাচ্ছে তা আপনারা কেন নিচ্ছেন না? প্রফিটের একটা সিলিং বেঁধে দিচ্ছেন না কেন? কেন ম্যানেজিং এজেন্সীর কমিশন দেওয়া হবে? এসব কন্ট্রোল করার মত ক্ষমতা কেন্দ্রীয় সরকার ও প্রাদেশিক সরকারের আছে। যদি দেশবাসীর প্রতি দরদ থাকে, ভালবাসা থাকে—যদি ভোটের জোরে না এসে থাকেন—তাহ'লে আপনি তো ৩রা সেপ্টেম্বর দিল্লী যাচ্ছেন—সেখানে গিয়ে বলুন এটা আমাদের এ্যাসেম্বলীর দাবী, কেন্দ্রীয় সরকারের এটা করতে হবে। কিন্তু আপনাদের সে সাহসও নাই, সেই প্রবৃত্তিও নাই। আপনারা করবেন কি?—আপনারা করবেন সেলস ট্যাক্স, সিকিউরিটি এ্যাক্ট। পুলিশের মারফতে বাংলাদেশে রাজত্ব চালাবেন। আমরা এর বিরোধীতা করছি এবং বলছি জনসাধারণের করভার বাড়াবার অধিকার আপনাদের নাই। কর নিচ্ছেন, কিন্তু ডেভেলপমেন্টের জন্য খরচ করেন না।

[At this stage the House was adjourned till 6 p.m.]

[*After adjournment.*]

[6—6-10 p.m.]

Sj. Bankim Mukherji: Sir, I draw your attention to the Programme of Business that has been circulated today. In this I find that on Friday, the 2nd September, all the items written down are of official nature. It means that again we are going to be deprived of a non-official day.

Mr. Speaker: As there is some official business you may take some time this Friday and the whole Friday next week.

Sj. Bankim Mukherji: That is our prerogative to have Fridays for non-official business but it seems that Government out of kindness of their heart are allotting half a day this Friday and half a day the next Friday.

Mr. Speaker: There is not much non-official business.

Sj. Bankim Mukherji: We want all the non-official resolutions tabled to be discussed and disposed of in this session. So far as we are concerned we cannot agree in any way that any of the non-official days be encroached upon. This has become a practice for such a long time—this utilisation by Government of the non-official days. On the very first day I raised this question. First of all we want that on Friday we shall discuss non-official business and then we may take up official business.

Mr. Speaker: I shall consider that.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Mr. Speaker, Sir, we oppose this Bill not only because it seeks to impose taxes—new taxes—on fruits and tea, but apart from that it has various other far-reaching effects. Sir, we cannot follow why Dr. Roy has of all other things laid his hand on fruits first. Sir, the fruits in our country have become very costly now-a-days. An average man has not the means to use fruits daily though it is immensely necessary for proper nutrition. As we know, Sir, the fruits are used mostly for the purposes of worship and *seba* of deities and for patients and invalids. Now, Sir, if further taxation is levied on fruits it will hardly be feasible for any common man to purchase and use them. Sir, you know we people in Bengal are very fond of mangoes and this fruit we generally use. Now, Sir, it is aready very dear—they are sold 3 or 4 per rupee—and if this tax is levied possibly we will have to purchase 1 or 2 fruits per rupee and that will be very hard on the people of West Bengal. Sir, Dr. Roy has told us that this is a new approach for taxation and it is with a view to finance development plans that this large volume of fresh fruits have been brought under taxation measure. Sir, Bengal will spend over Rs 400 crores for the next Five-Year Plan. We see Dr. Roy has exhausted all other sources of taxation, otherwise a brilliant man like him would not have fallen on fruits for taxation. He has said that by taxing fruits and tea, he would be able to recover about Rs. 2 crores a year Does he propose to extend this process of taxation to all other essential commodities which will seek entry in certain territories of West Bengal so as to cover all the expenses that he has to incur for the next Five-Year Plan? If that is so, Sir, then one by one he will include rice, *dal*, fish, vegetable and there will not be an end of taxation on our everyday goods. If that is so, Sir, a very dangerous precedent will be created and we should take care to nip this Bill in its bud. Sir, about tea, in Bengal so far as I know the people complete their tiffin both in the morning and in the evening with simple tea. Even they do not get biscuits for they cannot afford to provide for that As soon as you impose tax on tea you will find that immediately the price will go up. Even in the restaurant of this House we have to pay 3 annas per cup of tea and that is not even a full cup, and the tea is not good.

[6-10—6-20 p.m.]

Immediately this Bill is passed you will find the price mounting up to four annas a cup and we will have to pay it. We want an assurance from Dr. Roy that the price of a cup of tea at least in the Assembly House will not be increased as a result of this new taxation.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: We will give you a subsidy for the Assembly House

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: A point was raised about discrimination over this taxation. I admit that we could not follow the explanation that was given by Dr. Roy. Discrimination lies in the fact that in parts of Bengal, such as in the districts of 24-Parganas and Howrah, mangoes grow and there cannot be any denial about it; if mangoes produced in these two districts come into Calcutta, I do not think that Government will be able to levy tax on the entry of these goods into Calcutta because they are included within the area mentioned in this Bill. If you cannot tax mangoes coming from these two districts, it would be clearly an act of discrimination, a clear defiance of the Constitution if you tax a similar commodity seeking entry into these places. However, let that matter be left to the Court, as suggested by you, but what we are concerned with is that there should not be any further taxation either on the fruits or on the tea as it would tell heavily on the people of West Bengal. When we see the measures

that have been set down to enforce the provisions of this Bill, we cannot but call them barbarous measures. No one can trade freely in the circumstances indicated in this Bill. There are penalties—fines and even imprisonments. Why? Are they thieves? And, Sir, who will send them to jail? Certain prescribed authority. And who is this prescribed authority? Not known. And an appeal will not lie to any tribunal or to any court of law but to an officer appointed by the Government of West Bengal. It will stop the entire trade. In my view, it has been brought only in the interest of certain big merchants, because it will eliminate all the small dealers. My reasons are that under this Bill a small dealer in fruits will not be able to keep an elaborate office for maintaining accounts, for preparing bills and for answering requisitions from the Government as and when required. It will be impossible to trade in fresh fruits which are admittedly perishable and by the time the Government officials will be satisfied about them, the fruits will perish. Sir, it will be an engine of oppression on the poor dealers and I can dare say that whatever fruit business will remain in the State will be taken over by the big capitalists who trade in fruits on big scales. All the small fruit traders will die out and will be completely eliminated. That will create further unemployment in this country. If instead of putting such rigid rules on fruit dealers had Dr. Roy decided to make certain rules imposing penalties —fines and imprisonment—on his corrupt officers, on his inefficient officers, the result would have been quite different. He could have realised much more taxes if his machinery had worked properly. He will not look to that. He says that when he went to Bombay he found that in this way by taxing a particular commodity on different items, they get more taxes than we do. But that is not true. They realise all the taxes that are leviable on a particular commodity under a particular Act. But here what do we find? Taxes are evaded through sheer negligence, inefficiency and corruption of his officers. He has not the heart nor the courage to come forward and prescribe certain rules whereby these officers could be penalised. He is, instead, leaving them where they are, and is putting further pressure, further oppression on the poor traders and practically by this Bill he would be eliminating them from the State of West Bengal.

It has been admitted by Dr. Roy that the income from this tax should be the property of the Corporation and the Municipalities, and that has been the recommendation of the Taxation Enquiry Commission. But while depriving the Corporation and the Municipalities of this income, he says that he has paid some monies to them and has taken up certain items of development within the areas of these Corporations and Municipalities. Sir, the whole of West Bengal consists either of a Corporation or of a Municipality. The entire area or the largest portion of it must be covered either by a Corporation or by a Municipality. If he spends the money within the area of any Municipality or any Corporation for the development of West Bengal, does it lie with him to scratch away their legitimate dues with which they can build themselves up and prosper in other spheres of activities?

[6-20—6-30 p.m.]

Sir, these monies should not have been taken away by him even when realised, and Government's interference in that should be disapproved because, if these monies were given to the Municipalities and the Corporations who, as recommended by the Taxation Commission, are entitled to the monies, they could have, Sir, in their own sphere, apart from your Five-Year Plan, gone ahead with various other improvement schemes. That is not the reason. Sir, আসল কথা he wants money and up till now he has not given a good account of the expenditure that he has made. We don't know, at least we don't appreciate any visible change as a result of the already-passed Five-Year Plan. On the contrary our conditions have worsened in

every sphere of life—there is no home, there is no shelter, unemployment has increased. The other Five-Year Plan is in the air! God knows what will happen. There is no doubt that Government is alluring people to bring them to its side by saying "we will do this, we will do that", but would the country believe that the people who have not so far done anything would do anything for them in the future? But before they do anything we have seen how they levy taxes on fruits which, Sir, any one and every one should be ashamed of.

Sir, we will strenuously oppose this Bill which is oppressive. It sets an example to a new taxation which, if extended to other commodities, will make the lives of the citizens of West Bengal hopelessly miserable.

Sj. Haripada Chatterjee:

সভাপাল মহাশয়, আমাদের প্রধানমন্ত্রী তিনি এই হাউসের নেতা; তিনি পরিশ্রমী হিসাবে সকলের উপরে যান, দিনরাত খাটেন। সম্প্রতি তিনি বোম্বাইয়ে বলেছিলেন, দেশের জন্য প্রাণদান তাঁর উদ্দেশ্য। আমরা তাতে মেতে উঠেছিলাম, সকলে ভেবেছিলাম আমাদের হাউসের নেতা যখন এইরকম তখন তাঁর সংগে দাঁড়িয়ে সকলেই দেশের জন্য প্রাণদান করব। কিন্তু এখন দেখছি, ইংরাজীতে যাকে বলে—

mountain in labour producing a mouse

তার মত উদার পুরুষ, এত বড় কর্মী, এত কান্ড ক'রে দেশের উন্নয়নের জন্য এমন একটা আইন এনেছেন যাতে দেশের দরিদ্রের সর্বনাশ হবে। প্রধানমন্ত্রীর পরম ভক্ত হ'লেও, সমালোচক হিসাবে আমি একথা না ব'লে পারছি না। কিন্তু আমি স্তাবক নই, তাই সত্যি কথা বলছি। আশা করি, তিনি এখন বিলটা উঠিয়ে নেবেন।

প্রথমে তিনি চায়ের উপর ট্যাক্স ধরার ব্যাপারে যা করতে যাচ্ছেন তাতে নিজের ফাঁদে নিজেই পড়েছেন। এতে তিনি এমন একটা ব্যাপার করবেন যাতে অদূর ভবিষ্যতে বুঝবেন বাংলাদেশে তাঁর আকাঙ্ক্ষিত ট্যাক্স আদায় হবে না। আমি অংকশাস্ত্রের দিক থেকে দেখাইঃ সমস্ত ভারতবর্ষে ৬০০ মিলিয়ন পাউন্ড চা হয়, পশ্চিম বাংলায় হয় ১২৫ মিলিয়ন পাউন্ড, আসামে হয় ৩০০ মিলিয়ন পাউন্ড, আর পশ্চিম বাংলা ও আসামের বাহিরে হয় ১৭৫ মিলিয়ন পাউন্ড। এই ট্যাক্স ধার্য হ'লে বাহিরেব চার প্রতিযোগিতায় পশ্চিম বাংলা ও আসামের চা আঘাত খাবে। আসাম, দার্জিলিং আর ডুয়ার্সের চা কলিকাতায় আসবে না। উনি যাই বলুন না কেন, কলিকাতায় আসবে না। তার কারণ, যদি পাউন্ডে /০ আনা ক'রে ট্যাক্স ধরা যায় তাহ'লে মণকরা পড়ে ৫৲ টাকা। আসাম থেকে কলিকাতার ভাড়ার চেয়ে আসাম থেকে পাটনার ভাড়া ২৲ টাকা বেশী। সুতরাং তারা যদি কলিকাতায় চা না পাঠিয়ে পাটনায় পাঠায় তাহ'লেও ৩৲ টাকা তাদের লাভ থাকে। আর ডুয়ার্স ও দার্জিলিংয়ের চায়ের কলিকাতায় আসবার যা ভাড়া তা থেকে পাটনার ভাড়া আরও সস্তা। সুতরাং ডুয়ার্স আর দার্জিলিংয়ের চা পাটনায় চ'লে যাবে, তার জন্য ভাড়ার দিক দিয়েও তাদের লাভ হবে আর মণকরা পাঁচ টাকা ট্যাক্সও দিতে হবে না। ভারতবর্ষ থেকে ৪৩০ মিলিয়ন পাউন্ড চা বিদেশে রপ্তানী হয় আর তার মধ্যে কলিকাতা থেকে ৩০০ মিলিয়ন পাউন্ড চা বিদেশে যায়, এখন সে চার সবখানি কলকাতা দিয়ে যাবে না। তা ছাড়া, এখানে কত বড় অন্যায় করছেন—কারণ, সেখান থেকে ডাইরেক্ট লন্ডনে কনসাইনমেন্ট গেলে তার ট্যাক্স নেবেন না। কিন্তু কলিকাতায় যদি অকশন হয় তাহ'লে ধরবেন। কারণ, দরিদ্র বাঙ্গালী কলিকাতার অকশনে কিনে চালান দেয়। ও'র কি হ'ল জানি না—বাঙ্গালীর সম্বন্ধেই ও'র যত গোলমাল; বাঙ্গালী আর ব্যবসা ক'রে খেতে পাবে না। এই পাউন্ডে /০ আনা ক'রে ধরলে যারা ডিলার তাদের তত অসুবিধা হবে না, অসুবিধা হবে কনজিউমারের, যারা চা খায় তাদের। আমি ত একসময়ে আচার্য পি, সি, রায়ের ছাত্র ছিলাম, চা পান না বিষ পান বলতাম, ভাবতাম যে যদি উৎকৃষ্ট চায়ের ক্ষেত্রগুলিতে খাদ্যশস্য উৎপন্ন হয়, তাহ'লে ভাল হয়; কিন্তু তা ত আর হচ্ছে না। এখন বাঙ্গালীর যা অবস্থা, ভাল খেতে ত পায় না, এক কাপ চা যে খাবে সেটাও তাঁরা বন্ধ করবেন। কারণ, পাউন্ডে যদি /০ আনা ক'রে ট্যাক্স ধরা যায় তাহ'লে সেটা কনজিউমারের ঘাড়ে অন্ততঃ তিনগুণ হয়ে চাপবে। সকলকেই যত

কষ্টই হোক দিতে হবে। আর এই ট্যাক্স ধার্য ক'রে কতই বা ট্যাক্স পাবেন—সবটা যদি আসে তাহ'লে ৭৫ লক্ষ টাকা আসবে। কিন্তু কনজিউমারকে এর তিনগুণ দিতে হবে। কাজেই আমি বলব, এই চায়ের উপর ট্যাক্স ধরা একেবারে নির্বুদ্ধিতার পরিচায়ক। তিনি অতীতে ভুল করেছেন, কারণ বোম্বাইয়ে তুলা এবং তুলাজাত দ্রব্যের উপর সেল ট্যাক্স ধরা রয়েছে সংবিধান লিপিবদ্ধ হওয়ার আগে—২৬শে জানুয়ারী ১৯৫০-এর আগে; সেইজন্য তারা টাকা পায় বেশী —১৫।১৬ কোটি টাকা। মাদ্রাজও ঐরকম পায়। মাদ্রাজ চামড়ার উপর ও অয়েল সীডস বা তৈলবীজের উপর ট্যাক্স ধরে রেখেছে—তার এক্সপোর্টের উপর। তাতেও তারা বেশ টাকা পাচ্ছে,. আর বাংলাদেশ একথা ও'কে বলা সত্ত্বেও ১২৫ কোটি টাকার যে পাট ও পাটজাত দ্রব্য এবং ৯০ কোটি টাকার চা, যা এখান থেকে রপ্তানী হয় তার উপর ট্যাক্স ধরেন নি; এখন সংবিধান বিধিবদ্ধ হওয়ার পর আর এক্সপোর্টের উপর সেল ট্যাক্স ধরা যাবে না। আগে ধরে রাখলে ক্ষতিপূরণ পেতে পারতেন। এদের উপর ট্যাক্স ধরেন নি, কারণ সে ব্যবসা অবাঙ্গালীর হাতে —মাড়োয়ারীর এবং ইংরাজের হাতে; যাদের উপর প্রধানমন্ত্রীর অসীম দরদ। আমাদের প্রধানমন্ত্রীর সোশ্যাল ইন্টারেস্ট অন্য জায়গায়। গরীবের প্রতি তিনি দরদী নন, এইসব ধনীদের প্রতি দরদী! কিন্তু তাঁর ঐসব কার্যের ফলে সোয়া দশ কোটি টাকা প্রত্যেক বছর আমরা পাই নি। মান্দ্রাজ যেমন করেছে, বোম্বাই যেমন করেছে, তিনিও তা করলে এই টাকা পেতেন। আর গরীব বাঙ্গালী অকশনে যাবে, চা কিনবে—তার পথটা বন্ধ ক'রে দেবেন—তার উপর ট্যাক্স চাপান হবে; তাতে এদিকও যাবে, ওদিকে চায়ের বাজারও যাবে।

আর একটা কথা। আমি সেদিন গিয়েছিলাম ডুয়ার্সে বেড়াতে। ফ্যাক্টরীর চা বাগান থেকে নিয়ে এল। কিন্তু সে চা আনতে গেলে পাউন্ড প্রতি ।০ আনা ক'রে এক্সাইজ ডিউটি দিতে হয়। কিন্তু সেই এক পাউন্ড চা ডুয়ার্স থেকে কলিকাতায় যদি আনা হয় তাহ'লে তার হয়রানীর শেষ থাকবে না। এক্সাইজ ডিউটি দিয়ে নিয়ে এনেও নিস্তার নাই; এদিকে আবার ৴০ আনা পাউন্ড প্রতি লাগবে। দেখা যাচ্ছে যে, এটা একটা অত্যাচারমূলক আইন হবে। কিন্তু সে কথা ব'লে লাভ নেই। এখানেই অত্যাচারের শেষ নয়; আবার ফলের উপর ট্যাক্স বসাচ্ছেন; ডাক্তার হিসাবে উনি কি ক'রে ফলের উপর ট্যাক্স ধরেন? একে ত বাংলায় ভাল খাদ্য নাই একথা উনি জানেন, তা সত্ত্বেও ভারতবর্ষের মধ্যে একজন বিখ্যাত ডাক্তার হয়ে উনি ফলের উপর ট্যাক্স ধরলেন কি হিসাবে? আমি একজন বিজ্ঞানের ছাত্র, আচার্য পি, সি, রায় বলতেন—বাঙ্গালীর খাদ্য ব্যালান্সড ডায়েট নয়। তাতে ফল থাকা বিশেষ প্রয়োজনীয়। ফলের ব্যবস্থা করার জন্য স্টেট থেকে সাবসিডি দিয়েও করা উচিত। এসেন্সিয়াল ফুডের উপর ট্যাক্স ধার্য ক'রে জনসাধারণের স্বাস্থ্য নষ্ট করে, হচ্ছে কি না উন্নয়ন! কার উন্নয়ন? কল্যাণীর মত কতকগুলি বড় বড় সহর তৈরী ক'রে, দরিদ্র জনসাধারণকে উৎখাত ক'রে, সেখানে দালান তুলে বড়লোকদের বসাবার চেষ্টায় কয়েক কোটি টাকা লোকসান ক'রে, দরিদ্রের অর্থের অপচয় ক'রে দেশের উন্নয়ন হয় না। আর এইপ্রকার উন্নয়নের কাজ চালাবার জন্য গরীবের প্রয়োজনীয় খাদ্যের উপর ট্যাক্স বসাতে হবে? ফুলিয়া থেকে সেদিন ঘুরে এলাম। দেখে এলাম কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্টের নমুনা। একটি ক'রে সহর আর তার চতুর্দিকে থাকবে গ্রাম। সহরে গ্রামের প্রয়োজনীয় জিনিষ যেমন লাঙ্গলের ফাল, নিড়ানী কাঁচি, কাস্তে তৈরী হবে। আর গ্রামের লোক সেসব ব্যবহার করবে। গ্রামের ছুতার, কামার কাজ পাবে না। গ্রামগুলি স্বয়ংসম্পূর্ণ করার ব্যবস্থা হবে না।

[6-30—6-40 p.m.]

এই কি উন্নয়ন—উন্নয়ন পরিকল্পনা—বড় বড় বুলি, কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট ইত্যাদি আওড়ালেই হবে না। এই কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্টের নমুনা ফুলিয়াতে ডাঃ রায়ের সাধের কল্যাণীর মত অজস্র টাকার অপব্যয় হয়েছে। জাতীয় উন্নয়ন—ন্যাশন্যাল অর কম্যুন্যাল ডেভেলপমেন্ট এতে হবে না। সেখান থেকে আমি ঘুরে এসেছি—সেখানে ত বাড়ীগুলি যা তৈরী হয়েছে সব পশ্চিমমুখী বাড়ী। আপনারা ভাবতে পারেন, বাংলাদেশে পশ্চিমদিকে বাড়ীর মুখ হতে পারে! আর এর জন্য বড় বড় প্ল্যানার্স! কত সব প্রচার-প্রপ্যাগান্ডা! সব ভুয়ো। একজন অফিসার তাঁর বাড়ী দেখিয়ে বললেন, "দেখুন জানলায় শিক নেই, এই গরমে রাত্রে জানলা-দরজা বন্ধ ক'রে শুতে হয়। যেন গুদামঘরে বাস করা। নদীয়ার জেলা-শাসক সম্প্রতি বীরভূম থেকে বদলি হয়ে এসেছেন। নদীয়ার ডেভেলপমেন্ট কমিটির এক মিটিংয়ে তিনি বললেন

*যে, বীরভূমে কমিউনিটি ডেভ্‌লপ্‌মেন্ট প্রজেক্টের সহরে যেসব বাড়ী তৈরী হ'ল তা খালি পড়ে রইল, কোন লোক সেখানে গেল না। তাই বলতে হয়—এসব দেশের উন্নয়ন নয়, এসব হচ্ছে সেলফ-*ডেভ্‌লপ্‌মেন্ট। জাতীয় বা ন্যাশন্যাল ডেভ্‌লপ্‌মেন্ট নয়। কতিপয় বড় লোকের খেয়াল ও স্বার্থ। বাংলাদেশের কোন ডেভ্‌লপ্‌মেন্ট বা উন্নয়ন এতে হবে না। আর এইসব উন্নয়নের নাম ক'রে গরীবের উপর নূতন কর ধার্য করা হচ্ছে?

তারপর আসছি ব্যালান্সড ডায়েটের কথায়। ভাইটামিন 'সি'...........

[Noise—laughter.]

(A VOICE: আপনার ভাইটামিনের অভাব ত মনে হয় না।)

আমার নিজের কথা নয়—ব্যালান্সড ডায়েট হচ্ছে একটা বৈজ্ঞানিক ব্যাপার। আপনারা তার কি তোয়াক্কা রাখেন? নিজের হ'লেই হ'ল। সাধারণ লোকের যা একান্ত আত্যন্তিক দরকার —এই ভাইটামিন 'সি'—যা লেবুতে প্রচুর আছে এবং দরিদ্র লোকেরা যা খেয়ে স্কার্ভি থেকে বাঁচে, তার উপর ট্যাক্স বসিয়ে তাকে দুষ্প্রাপ্য ক'রে তোলা হচ্ছে। কমলালেবুতে ভাইটামিন 'এ', 'বি', 'সি' তিনটাই আছে। তাকে দুষ্প্রাপ্য করছেন। গরীবে যে আম খাবে, পেয়ারা খাবে, নোনা আতা খাবে, তার উপায় থাকবে না। শরীরের পুষ্টির জন্য, শ্রীবৃদ্ধির জন্য, ভাল পরিপাকের জন্য, রক্ত ও টিসুকে ঠিক রাখার জন্য ভাইটামিনগুলির একান্ত প্রয়োজন। ভাইটামিনের অভাব হ'লে বেরিবেরি হয়, স্কার্ভি হয়। ভাইটামিনে ক্যাটালেটিক এজেন্টের কাজ করে। সামান্য পরিমাণে গ্রহণ করলেও রাসায়নিক ঘটকালি ক'রে এরা হজমে সাহায্য করে। বাঙ্গালীর খাদ্যে শর্করা (স্টার্চ) বেশী, এতে রক্তকে অম্ল করে। ব্লাড এ্যাশ, এ্যাসিড হয়। রক্ত স্বাভাবিক অবস্থায় এলক্যালাইন, ক্ষারময়। ভাইটামিন খেলে রক্তের এই স্বাভাবিক অবস্থা বজায় থাকে। ব্লাড এ্যাশ এ্যালক্যালাইন হয়। তাই যারা স্টার্চ বেশী খায় তাদের নর্ম্যালিটি অব ব্লাড রাখার জন্য ফল খাওয়া একান্ত দরকার। এই ভাইটামিনের অভাবে ব্লাড এসিড হ'লে গাউট, রিউম্যাটিজম প্রভৃতি নানারকম ব্যারাম হয়—বেরিবেরি, স্কার্ভি ভাইটামিনের স্বল্পতার জনাই হয়ে থাকে।

(A VOICE: আরও কিছু আছে?)

[Interruptions]

এসব আমার কথা নয়—বৈজ্ঞানিক তথ্য—আপনাদের ভাল লাগবে কেন? আপনারা ত এসব ভাবেন না। ইউনাইটেড কিংডম—যাদের আপনারা ভক্ত—সেখানে গত লড়াইয়ের সময় পর্যন্ত ফলে সাবসিডি দেওয়া হয়েছে—ফলে সাবসিডি দিয়ে চিলড্রেন এ্যান্ড এক্সপেক্টেড মাদারদের ফল খাওয়ান হয়েছে। লড়াইবিধ্বস্ত জার্মানীতে পর্যন্ত ফল সকলকে দেওয়া হয়েছে।
From the Bulletin of the German Federal Government, July 14, 1955,

থেকে তারা যে ব্যালান্সড ডায়েট খায়, তা পড়ে শোনাচ্ছি। সেখানে—

For an index family of four, father, mother, two children and one minor below 15—

তাদের মান্থলি ফুড কনজামশন হচ্ছে—
Potato—141 lbs.; Bread and other bakery items—60 lbs.; Milk—30 quarts, 1 quart is equal to 1¼ seers; Eggs—36; Fruits—42 lbs;
তার মানে মাথাপিছু প্রতিদিন প্রায় ৩ ছটাক;

Vegetables—35 lbs.; Meat—22 lbs.; Butter—3 lbs; sugar—13 lbs.

আর আমাদের দেশে কি হচ্ছে? স্ট্যাটিস্টিক্স আমার এখানে রয়েছে।
Health Bulletin: The Nutrition of Indian Foods and the Planning of satisfactory diets

ভাইটামিনের অভাবে—

"In 1945, about $1\frac{1}{4}$ million infants in British India died before reaching the age of one year. The high percentage of these deaths was due to malnutrition."

তারপর প্রতিদিন একজন প্রাপ্তবয়স্কের ৩ হাজার থেকে ৪ হাজার
inter-national unit vitamin A
দরকার। এই ভাইটামিন 'এ' গর্ভাবস্থায়, যে মা শিশুকে দুধ দেন তাঁর এবং বর্ধিষ্ণু শিশুদের আরও দরকার। ভাইটামিন 'এ' আমে প্রচুর আছে। কোন্ ফলে কি ভাইটামিন আছে তা ঐ হেল্থ বুলেটিন থেকে পড়ছি:-

আম ... VA 4800 international unit per 100 grms.
VB 50 Micogrms. per 100 grms.

কমলা লেবু ... VA 350 international unit per 100 grms.
VB 180 Micogrms. per 100 grms.
VC 68 Micogrms. per 100 grms.

পেয়ারা ... VA trace
VB_2 30 Micogrms. per 100 grms.
VC 299 Micogrms. per 100 grms.

কুল ... VA 230 international unit per 100 grms
VB 150 Micogrms. per 100 grms

লেবু ... VC 39 Micogrms. per 100 grms

ইত্যাদি।

কমলালেবুতে এইসব ভাইটামিনের আধার এবং এই ভাইটামিন কত দরকার তাই আবার বলছি। বিজ্ঞানশাস্ত্রের বই থেকে পড়ছি: –

"Vitamin A is essential to growth. Deficiency of this vitamin in diet increases susceptibility to infection and leads to certain diseases of the eye. It also helps the proper functioning of intestinal epithelium, keeps blood of proper composition and prevents water clotting in tissues. Most Indian diets of the present day are deficient in Vitamin A."

"Vitamin B: Men suffering from beri-beri show striking improvement as soon as they are given food rich in Vitamin B."

সেই হিসেবে যদি মত বদলে গিয়ে থাকে সে আলাদা। তিনি যে যুক্তি দিয়েছিলেন সে যুক্তিটা কি ঠিক এই রকম যে, কর্পোরেশনকে যে আমরা টাকা দিয়ে সাহায্য করি, যেহেতু কর্পোরেশনকে লোন দিই অতএব সে কর্পোরেশন যা ন্যায়তঃ পাবে সেটা আমরাই নেব। কেননা আমরা তাদের লোন দিই এবং দানও করি। এর মধ্যে ব্যবসাদারী বুদ্ধি থাক আর না থাক, আমি এ কথা বলব যে, এই যে ট্যাক্স, এ ট্যাক্সটা অন্যায়। জনসাধারণ এই ট্যাক্সে সন্তুষ্ট হতে পারবে না। যাঁরা আবাদী কংগ্রেসে সোসালিস্ট প্যাটার্ণ অফ্ সোসাইটির কথা বলেন এবং কথায় কথায় সেই জিনিসের ঢে'কুর তোলেন, তাঁরা কি করে যে এই বিল সাপোর্ট করেন তা আমি বুঝতে পারি না। কংগ্রেসীদের মধ্যে অধিকাংশই মধ্যবিত্ত বা দরিদ্র। আমি বড় মানুষদের কথা বলছি না, কিন্তু যারা ছেলের হাতে আম বা লিচু বা অন্য সিজনাল ফ্রুট দেবেন তাদের এটা যোগাতে একটু বেগ পেতে হবে। আজ পার্টি ডিসিপ্লিনের জন্য ওঁরা মুখ ফুটে বলতে পারছেন না, কিন্তু জনসাধারণের মধ্যে যখন যাবেন মাস কনট্যাক্ট করবার জন্য—(যদিও তাঁরা রাস্তায় রাস্তায় বেড়ান কারণ সেটা কংগ্রেসের একটা প্রোগ্রাম) সেই মাস কনট্যাক্ট করতে গেলে যদি জিজ্ঞাসা করা হয় যে, এই ট্যাক্সের পিছনে জনসাধারণের সমর্থন আছে কিনা, তখন তাঁরা বুঝতে পারবেন যে, এ বিষয়ে জনসাধারণের মতামত কি।

সেইজন্য আমি ডাঃ রায়ের কাছে নিবেদন করব যে তিনি এই যে বিল এনেছেন এই বিল আনবার আগে এই সমস্ত দিক ভেবেচিন্তে তবে এটা আনা উচিত ছিল। কাজেই এ বিলের যে সংশোধনী প্রস্তাব এসেছে সেগুলি গ্রহণ করা আবশ্যক, এবং গ্রহণ করলে বুঝব যে তাঁর সহানুভূতি ও সহৃদয়তা আছে।

Sj. Tarapada Bandopadhyay: Mr. Speaker, Sir, I oppose this Bill with all the emphasis I can command. Sir, you know that this Bill was circulated to us pretty long ago and, therefore, we have had sufficient time to contact different persons of different shades of opinion and belonging to different classes. I would inform you, Sir, that all of them in one voice have denounced this ugly move on the part of the Government to oppress the poor people of our country. Now, Sir, as has been said, we always followed Dr. Roy when he said that he is not here to tax the poor people of this country or to tax their every day necessaries, but I do not know how could it be that he would take a somersalt overnight and eat his words and he would come forward to tax all those necessaries of the poor man's life—I mean tea, I mean some fruits, guava, plum, and he is going to tax also sugar, matches, mustard oil, rape seed oil and also kerosene oil. Sir, the reason is obvious. He has had heavy pressure from outside. This will go to show where Bengal and Bengalees stand. Sir, be that as it may, I am coming to the immediate effect of this Bill. He is going to tax tea. As has been said and as is very well-known, this tea is the only petty luxury available to the people. Tea, as you know, Sir, has made its appearance into the meanest of the huts, into every nook and corner of our country. A cup of tea is the only thing over which the poor man with his thousand and one worries may sit in relaxation and may forget for the time being all his worries and indignities of oppressions that have, I must say, been much more aggravated during the time of this Congress regime. He is going to tax tea. Sir, comment is unnecessary. He is going to tax fruits including oranges, plums, guavas. Mango is the common man's fruit. It is also something like a petty luxury so far as fruits are concerned and so far as our poor people are concerned. You know, Sir, that our people are very much poor, too poor to have two full meals a day. Their worries are many and I must say that it is high time, that the taxes should be revised in this country, and these poor people should be exempted from some taxes that are already existing. Now, instead of doing that they are coming with fresh taxation on some petty things which are everyday necessities. So far as many of the fruits are concerned, you know, Sir, that their prices are already too much prohibitive, so much so that only the diseased can have some taste of those fruits, and I may be allowed to say that the deceased also can have some taste of those fruits, because you know, Sir, that at the time of the sradh ceremonies, so far as we the Hindus are concerned, some fruits have got to be arranged for. Sir, it must be admitted that fruits should form a part of the diet of the ordinary people so as to tone up their health and to keep them fit. So while we were expecting that Government would make arrangements for the increased supply of fruits and the reduction in their prices, they have come here to raise up the prices. Now, Sir, you know that our erstwhile officers of the Food Department who have been declared surplus and who are trying to have some accommodation—and they must be accommodated in this new set-up—will be utilised to realise the tax that is going to be imposed upon tea, fresh fruits, etc. What sort of men they are you know. You also know our businessmen. Most of them are blackmarketers. So, Sir, the golden combination of these officers and these blackmarketers would bring into existence a hell, a veritable hell here so far as the consumers are concerned. The price of all these fruits and the price of tea will go up, and it will go up not only in Calcutta and Howrah and 24-Parganas but it will go up also in the rest of Bengal. You know, Sir, that the greater portion of tea and fruits consumed in the rest of Bengal is supplied through Calcutta. Therefore, you can easily imagine the precarious condition to which these people will be put because of the operation of this Bill. The prices will shoot up and blackmarketing will

come again. This will have another effect. You know that for the present many Bengali middle class gentlemen including some refugees from East Bengal have taken to this fruit business, small-scale business I should say and they are somehow eking out their existence with the income from this fruit business. They would be the persons who would be most affected in their dealings in these perishable commodities, because, Sir, you must admit that before the clearance certificate is obtained, many of the fruits will perish. Sir, Government wants money. And we have shown them sources that may be tapped for money required for development purposes. Tax the rich people, tax amusements more, put more taxes on wine and other intoxicants. We can then understand the bona fides of the Government, but instead of doing all that, instead of levying tax on the capitalists and the rich people, they are taxing these poor men. Sir, this, I must say, the poor people will not forget. The day of reckoning will come and at that time they will show how to treat this Government, how to teach this ruling clique a lesson. They won't forget and forgive this ruling clique.

[4-50—5 p.m.]

Sj. Jyotish Joarder:

মাননীয় স্পীকার মহাশয়, এই উপস্থিত বিলের অনেক আলোচনা হয়েছে, আমি তার পুনরুক্তি করবো না। এই বিলেব উদ্দেশ্য সম্বন্ধে সরকারী তরফ হতে যা কিছু বলা হয়ে থাকুক, ডাক্তার রায় এই বিলের উদ্দেশ্য সম্বন্ধে যা কিছু বলে থাকুন না কেন, এর প্রধান কথা দরিদ্রকে শোষণ ও নিপীড়ন ছাড়া আর কিছু নয়। এ কথাটা বোধ হয় আমাদের এদিক থেকে যে আলোচনা হয়েছে তা থেকেই আপনি বুঝতে পেরেছেন। এখানে প্রথম কথা হচ্ছে সারা বাংলাকে ছেড়ে কোন একটা এলাকাতে গণ্ডি করে দেওয়া হচ্ছে। অজুহাতে ডাক্তার রায় বলেছেন, যদি রাজ্যের যাবতীয় মিউনিসিপ্যাল এরিয়াতে এ প্রবেশকর ধার্য করতে যাই তাহলে এইভাবে স্থান হতে স্থানান্তরে চলতে চলতে এত বেশী কর ধার্য হয়ে যাবে যাতে একটা অসম্ভব অবস্থা এসে যাবে। এখানে ডাক্তার রায় ব্যাপারটা ঠিকই ধরেছেন। কেবল বলার ভঙ্গির মধ্যে গোলমাল রয়েছে তিনি বাংলাদেশে এই অসম্ভব জিনিসটা এ্যাবসার্ড লেঙ্গথ পর্যন্ত টেনে নিতে চাচ্ছেন না, কারণ মানুষ তাহলে ধ্রুব মরণের পথ হতে বাঁচবার জন্য জীবন-পণ করবে, স্বেচ্ছায় মরণ বরণ করবে। এই কারণে গোড়াতেই তিনি বুঝতে পেরেছিলেন, এই ট্যাক্সেশান যদি আদায় করতে হয় তাহলে লোকে যাতে ভুল করেও অন্ততঃ প্রথমে মনে করতে পারে যে, কিছু কম খাবো, চা-টা বন্ধ ক'রে দেবো বা কিছুটা কম খাবো। ফল না খেলেও চলতে পারে। দুই দিন পরে পরে খেলেও চলতে পারে। ডাক্তার রায় এই দেশ শাসন করে নিশ্চয় বুঝতে পেরেছেন যে, এরা কি খেয়ে বাঁচে। একটা কথা মনে পড়ে গেল, ঠিক সেইরূপ ব্যবস্থা এখানে হচ্ছে। ফরাসী বিপ্লবের পূর্বে ফরাসী জনসাধারণের ট্যাক্স দেবার ক্ষমতা যখন আর ছিল না, তখনও ট্যাক্স করা হচ্ছিল। এটা ইতিহাসে আছে। লোক যখন এসে রাজার কাছে বলল যে, আমরা কি খাবো তখন তিনি অনুসন্ধানে জানলেন,
"they eat grass like sheep and die like flies."

ঠিক এই অবস্থা আজ এখানে করছেন এবং তাই হবে। অনাহারী, অর্ধাহারী মানুষের খাবার জন্য ফলও থাকবে না., তরমুজ, খরমুজ পর্যন্ত কিনে খেয়ে পেটের জ্বালা মিটাবে তারও পথ থাকবে না, খালি পেটে মানুষ ঘাস খেয়ে বাঁচবে না হয় মশামাছির মত মরবে। ডাক্তার রায় তাই ভেবেছেন। এইভাবে যে অনাচার ডেকে আনা হচ্ছে দরিদ্রকে মেরে ফেলার ব্যবস্থা চলেছে। এর মধ্যে আবার দরিদ্র ফল ব্যবসায়ীর উপর বেশী জুলুম জারি করা হচ্ছে। এ বিলের ৪নং ক্লজে দেখা যাচ্ছে যে, ফল ব্যবসার ব্যাপারে যাদের পূর্বেকার কনট্রাক্ট বলবৎ রয়েছে—এটা ছয়-মাস হ'ক বা ৮।১০ মাসই হ'ক, সেই সমস্ত কনট্র্যাক্টের বলে, আইন হবার পরও তাদেরকে ট্যাক্স দিতে হবে না। সেই কনট্র্যাক্ট দীর্ঘস্থায়ীভাবে চলতে থাকবে। কনট্র্যাক্ট দীর্ঘস্থায়ী করতে পারে কেবল বড় লোকরাই। দরিদ্ররা এটা পারে না। তারা মাথায় ক'রে বয়ে এনে দিনের ফল দিনে বিক্রি করে। তাদেরকে ট্যাক্স দিতে হবে আইন বলবৎ হবার প্রথম দিন থেকে; অথচ

বড় ব্যবসায়ীরা ট্যাক্স এড়াবার সময় ও সুযোগ পাবেন। তার মানেই তাঁরা ক্ষুদ্র ব্যবসায়ীর ব্যবসাটাও অনায়াসে কেড়ে নেবেন। অর্থাৎ, দরিদ্রদের মারবার জন্য ডাঃ রায় এখানে ব্যবস্থা করছেন এবং বড়লোকদের মনপলি দিচ্ছেন। এখানে প্রেসক্রাইব্‌ড্‌ অথরিটিকে অফুরন্ত ক্ষমতা দেওয়া হচ্ছে কিন্তু এখানে নোটিফায়েড প্লেসে স্টোরেজ-এর কোন আবশ্যিক ব্যবস্থা নেই। যে সমস্ত পেরিশেবল গুড্‌স্‌ যে কোন রেল ষ্টেশন বা স্টীমার ষ্টেশনে নামিয়ে নেওয়া হবে সেখানে কোন স্টোরেজের বাধ্যতামূলক কিছু থাকবে না। এই যে ক্ষমতা প্রেসক্রাইভড্‌ অথরিটিকে দিচ্ছেন এতে তাঁরা যে কোন সময় যে কোন জিনিস আটক করতে পারবেন তাতে নোটিফায়েড এরিয়ার মধ্যে। তাঁর কথাই প্রায় আইন হয়ে দাঁড়াবে। সরকার থেকে এমনই দুর্দান্ত প্রতাপ দেওয়া হচ্ছে তাঁর হাতে। তাঁরা নোটিফায়েড প্লেস এবং নোটিফায়েড এরিয়ার নামে যেখানে ইচ্ছা ফলমূল আটক করবে তল্লাসী এবং ফলমূল সব নষ্ট করবে তাতে তাঁদের কিছু বলা যাবে না। প্রেসক্রাইব্‌ড্‌ অথরিটি যদি মনে করেন যে, ফলমূল বিক্রি করে দেবেন তবে যে কোন মুহূর্তেই তা বিক্রি করতে পারবেন এবং বিক্রয় করে ফেলার পর যে টাকা আদায় হবে তার থেকে ট্যাক্স নেবেন, স্টোরেজ চার্জ নেবেন আরো যে সব খরচ হয়েছে তা নেবেন তারপর কিছু থাকলে আরো কিছু কাজে লাগাবেন তারপর যা থাকবে সেটা সেই লোক পাবে যদি তারপরও কিছু বেঁচে থাকে। তারপর ট্রান্সপোর্ট ভিসার ব্যাপারে ডিপোজিট মণি যা নেওয়া হবে এবং তার যে কি গতি হবে এর সমস্ত বিচার ভার প্রেসক্রাইবড্‌ অথরিটির হাতে দেওয়া হয়েছে। তিনি যেন ভগবানের অবতার। তাঁর বিরুদ্ধে মামলা করা চলবে না, ইনডেমনিটি দাবী করা যাবে না। এ-সব হ্যাঙগামের ফলে মারা পড়বে ছোট ফল-ব্যবসায়ী। তাদের একটা বড় অংশ বেকার হবে। বেকার সমস্যা এমনিতেই তো ভয়াবহ হয়ে আছে। আর একটা কথা মনে হচ্ছে আনএমপ্লয়মেণ্ট প্রবলেমকে ঘিরে। যেটা ফরাসী বিপ্লবের পূর্বাহ্নে ঘটেছিল। তাতে ফরাসীর অনশনক্লিষ্ট লোকদেরকে কিছু কর্মসংস্থান করে দেওয়া যায় কিনা তারই একটা মৌখিক আলোচনা হয়েছিল। পুঁজিপতি কয়েকজন বলেছিলেনঃ— কর্মে নিযুক্ত হবার মত ন্যূনতম শক্তি আর বেকারদের শরীরে নেই, তারা মৃত্যুপথযাত্রী। যে কয়জনার শরীরে কিছুমাত্র শক্তি ছিল, তারা সেই শেষ শক্তিটুকু পালিয়ে বাঁচবার কাজে লাগিয়েছে এবং লাগাচ্ছে। এখানেও তাই হচ্ছে। মানুষ ঘাস খেয়ে বেঁচে থাকতে পারবে না। অনশন তো দেশে সার্বিক হয়েই আছে। তার উপর ফলমূলও তাদের মুখ থেকে কেড়ে নেওয়া হচ্ছে। কাজেই প্রাণে মরা নয় তো দেশ ছেড়ে পালিয়ে বাঁচা তাদের একমাত্র পথ। ডাঃ রায় সেই হিস্টোরিয়ানস্‌ হিষ্টরি-এর বাণী যেন রিপিট করতে যাচ্ছেন। বাংলা দেশের লোক যদি বেশ কিছু মারা যায় তাহলে রাজ্যের আনএমপ্লয়মেন্ট সমস্যাটা অনেকটা ইজড্‌ হয়ে আসবে। সেইজন্য ডাক্তার রায়কে বলছি তিনি যে নিষ্ঠুর বিল নিয়ে এসেছেন এটা বাংলাদেশের লোকের সামনে প্রচার করুন এবং নিজেরাও চিন্তা করে এই বিলটাকে যথাযোগ্য পরিবর্তন করুন। তাছাড়া উপায় নেই।

Sj. Amarendra Nath Basu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের উপর প্রচুর আলোচনা হয়ে গেল এবং তার মধ্যে দিয়ে এইটুকুই বোঝা গেল যে, আমরা বিরোধী পক্ষ সরকারকে এবং সরকারের যাঁরা সমর্থনকারী সেই কংগ্রেস সভ্যদের বুঝাবার চেষ্টা করেও বুঝাতে পারি নি। তবুও আপনি জানেন যে, সাধারণ মানুষের কথা আমাদের এখানে বলতে হবে এবং বলা উচিত। আমি জানি আজ কংগ্রেসের আসনে যাঁরা বসে আছেন তাঁদের বুঝবার ক্ষমতা নেই তা নয়, তাঁদের বুঝবার ক্ষমতা আছে, কিন্তু তাঁদের বুঝবার হুকুম নেই। তাঁদের উপর এই নির্দেশ আছে যে, বুঝা-বুঝি ছেড়ে দিয়ে যা বলি তাই কর। আজ সেই অবস্থায় এখানে ১৬০-১৭০ জন বসে আছে। আজ এই বিলটা আমাদের সামনে এসেছে যে, ফলের উপর আবার কিছু কর ধার্য করবেন। এই সম্বন্ধে আমরা গত তিন বৎসর যাবৎ এই কথা বলে আসছি যে, ফলের উপর থেকে বিক্রয় কর তুলে দেওয়া হ'ক। কেন? এখানে সরকারের তহবিলে কম অর্থ আসুক, তা নয়। 'ফল প্রত্যেক মানুষের কিছু না কিছু খাওয়া দরকার—রোগী, শিশু, বৃদ্ধ এবং সমর্থ সকল মানুষের স্বাস্থ্য রক্ষা করবার জন্য ফল খাওয়া প্রয়োজন। ফলের অত্যন্ত প্রয়োজন আছে। অবশ্য আমার কোন কোন বন্ধু বলেছেন যে, ঠাকুর পূজায় ফল লাগে। সেটা নিত্য দরকার হয় না। কিন্তু মানুষের নিত্য প্রয়োজন কিছু কিছু ফল খাওয়া। সেইজন্য আমরা

বলেছিলাম এর উপর থেকে বিক্রয়-কর তুলে দেওয়া হ'ক। যেমন আমরা বলেছিলাম শিশু-খাদ্যের উপর থেকে বিক্রয়-কর তুলে দেওয়া হ'ক, ঔষধের উপর থেকে বিক্রয় কর তুলে দেওয়া হ'ক, পুস্তকের উপর থেকে বিক্রয় কর তুলে দেওয়া হ'ক। কিন্তু আজ বিক্রয় কর উঠে যাবে কিনা তার কোন নিশ্চিত জবাব পাওয়া যায় না। এই বিক্রয় কর রয়েই গেল, তার উপর এই ফলের উপর, চায়ের উপর আর একটা কর বসছে। এতে আমাদের ঘোরতর আপত্তি আছে। আজকে আমরা এটা চাই, যে বিল এসেছে সেই বিলের জনমত সংগ্রহের জন্য কিছুদিন সময় দেওয়া হ'ক।

[5—5-10 p.m.]

আমরা এটাই চাচ্ছি, এই যে বিলটা এসেছে, এটা জনমতের জন্য কিছুদিন সময় দিন। এই বিলটার মধ্যে দিয়ে—অর্থাৎ শুধু ফলের উপর দিয়ে কিছু অর্থ আসবে তাই নয়। সে তো অত্যন্ত সামান্য অর্থ আসবে। ডাঃ রায় জানিয়েছেন যে, প্রায় ৪০ কোটি টাকার তাঁর দরকার। এও তিনি জানিয়েছেন যে, এতে মাত্র এক কোটি কয়েক লক্ষ টাকা পাবেন। কিন্তু ফলের থেকে কত পাবেন সেটা পৃথকভাবে জানান নি। তিনি জানিয়েছেন যে, ফলের উপর যে বিক্রয়কর ধার্য আছে তা সরকার ঠিকমতো আদায় করতে পারেন না। এটা করতে পারলে হয়ত ভালভাবে আদায় করা যাবে। আমি স্বীকার করি ভালভাবে আদায় করা যেতে পারে, কিন্তু এর মধ্যে যে কতগুলি অসুবিধা আছে সেটা তিনি বিবেচনা ক'রে দেখেন নি। তিনি বলেছেন যে, যারা বিক্রয়ের এবং ব্যবহারের জন্য এখানে আনবে তারাই এই বিলের আওতার মধ্যে পড়বে। ধরুন, সাধারণ মানুষ বিদেশ থেকে ১ পাউন্ড চা আনছে, এক ঝুড়ি লিচু বা আম আনছে, হাওড়া স্টেশনে তাদের কি অবস্থা হবে? একটা ছেলে হাওড়া স্টেশনে বসে ছবি আঁকছে—তাকে যদি এজন্য সারাদিন হাজত বাস করতে হয়, তবে তার অবস্থা কি হবে? আর যদি কিছু নাও আনে, তাহলেও প্রত্যেকটি লোকের স্যুটকেশ বা জিনিসপত্র খোঁজাখুঁজি করা হবে —এতে যে বিশৃঙ্খলা সৃষ্টি হবে এবং এর দ্বারা কি উপরি পাওনার ব্যবস্থা করে দিচ্ছেন তা একটু বিবেচনা ক'রে দেখুন। আজ আমি তাঁকে বলব অর্থের প্রয়োজন সরকারের আছে স্বীকার করি এবং আমাদের মধ্যে কেউ অস্বীকার করেন না। কিন্তু তাঁকে বলব পিঁপড়ের পেট টিপে মধু সংগ্রহের কথা যেন তিনি ভুলে যান। আমরা অঙ্গুলি নির্দেশ ক'রে তাঁকে দেখিয়ে দিচ্ছি যেখানে বড় বড় মৌচাক আছে, একটু খোঁচা মারলেই ৫।৬ লক্ষ টাকার মধু বেরিয়ে আসবে। যারা ৪॥ কোটি টাকার বিক্রয় কর ফাঁকি দিচ্ছে—যেখান থেকে আদায় হচ্ছে না ব'লে বসে আছেন সেখানে ১১ কোটি টাকা আদায় হতে পারে যদি তিনি সেই মৌচাকে হাত দিতে পারেন। সেদিকে নজর না দিয়ে তিনি সাধারণ মানুষের আমের উপর, লিচুর উপর, পাতি লেবুর উপর করধার্য করছেন। তাঁকে আমি পুনরায় বিবেচনা করতে বলছি। গত মরশুমে টাকায় ৪।৫টা ক'রে আম বিক্রী হয়েছে। আমের সেলস্ ট্যাক্স, তার উপর এই কর, তার উপর আবার ওজন দেখবেন—তার উপর অনেক বেসরকারী আদায় হবে—এসবের ফলে আম টাকায় ৩টা হবে এবং সাধারণ মানুষ খেতে পাবে না। আমাদের দেশের সাধারণ মানুষ আম খেতে পায় না,—খুব কম লোকে খেতে পায়—বৎসরে বড়জোর দুইএকদিন। যদি আমরা বলি, আমাদের সরকার, আমাদের কল্যাণরাষ্ট্র, আমাদের দেশ, জনসাধারণের সরকার; তাহলে তাঁর উচিত সাধারণ মানুষের স্বাস্থ্যের জন্য কি কি জিনিস খাওয়া দরকার তার ব্যবস্থা করা। যদি সরকার বলতেন এদেশে প্রচুর আম আনবার ব্যবস্থা করবেন—ওয়াগনের অভাব দূর করবেন এবং টাকায় ১৬টা ক'রে ল্যাংড়া আমের ব্যবস্থা করবেন এবং তার পরে করের কথা চিন্তা করতেন তাহলে বলবার কিছু থাকে না। কিন্তু দুঃখের বিষয় সেদিকে কোন ব্যবস্থা নাই। সর্বদিকেই বিশৃঙ্খলা রয়েছে। আমি এই ব্যাপারে একটু বিশেষভাবে জড়িত আছি। কলকাতায় ফলবিক্রেতাদের যে ইউনিয়ন আছে আমি তার সঙ্গে যুক্ত আছি এবং তাদের যে কনফারেন্স হয়ে গিয়েছে তাতে আমি সভাপতিত্ব করেছিলাম। ফল বিক্রয় ক'রে কলিকাতা সহরে ৮ থেকে ৯ হাজার লোক। তার মধ্যে ৭ হাজার মুসলমান ভাই, দুই হাজার হিন্দু ভাই। তারা বাধ্য হয় মাথায় ক'রে প্রত্যেক দরজায় দরজায় যেতে। হয়ত কোনদিন ২্, কোনদিন ২॥০ আনা, কোনদিন বা একটাকা লাভ হয়—তাদের কি অবস্থা হবে? পেটের দায়ে ফল কিনতে হবে, কিন্তু লোকের দুয়ারে গেলে

শুনতে পাবে "না, আমরা কিনতে পারব না"। এভাবে ঘুরে ঘুরেও ফল বিক্রয় হবে না, পচে যাবে। এতে ৮।১০ হাজার লোকের বেকারদশা আসবে। ছেলেপিলেরা আম খেতে পাবে না। আমি আপনাকে অনুরোধ করছি জনমত গ্রহণের জন্য এই বিলটা প্রচার করুন। আর একটা কথা তিনি বলেছেন, ফলের আড়ৎদারদের সঙ্গে, বড় বড় কারবারীদের সঙ্গে পরামর্শ করেছেন। ঠিক কথা, খুব ভাল কাজ তাঁরা করেছেন। এতে এটাই মনে হচ্ছে, তিনি জনমত নিতে চান। তাহলে যারা মাথায় ক'রে ফলবিক্রয় করে তাদের মতামতও নিন। আমি এটাও বলব সারা কলকাতায় যারা কিছু কিছু ফল খায়—বৎসরে অন্ততঃ দুই-একটা ফল খায়—আম লিচু খায়—তাদের মতও নিন। এতে কি এমন অন্যায় বা মহাভারত অশুদ্ধ হয়ে যাবে! তাহলে লোকে বলবে, এই সরকার জনপ্রিয় সরকার—তারা বলবে তাদের মত নেবার জন্য অন্ততঃ একমাস অপেক্ষা করেছিলেন। আমি প্রত্যেক পল্লীতে গিয়ে সাধারণ মানুষকে জিজ্ঞাসা করেছি যদি এই বিল আসে তবে তাদের কি মত হবে। প্রত্যেকে একবাক্যে বলেছে, এই বিলের তারা বিরোধী। তারা বলে, মাছের উপর করধার্য হবে, দুধের উপর হবে, ছানার উপর হবে, মেওয়া ক্ষীরের উপর হবে। সত্যই লোকের আতঙ্ক হয়েছে। আমি সেজন্য মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব এই ব'লে যে জনমত গ্রহণের জন্য বিরোধী পক্ষ থেকে যে আবেদন জানান হয়েছে তিনি যেন সেটা গ্রহণ করেন।

Dr. Krishna Chandra Satpathi:

মাননীয় স্পীকার মহাশয়, আমি প্রথমে বলতে চাই যে, এই বিলটা আনা হয়েছে—West Bengal Taxes on Entry of Goods in Local Areas.

কিন্তু ইনটারপ্রিটেশনে কোথাও দেখলাম না গুডস্-এর কোন ইনটারপ্রিটেশন দেওয়া হয়েছে। ইনটারপ্রিটেশন দেওয়া হয়েছে শুধু ট্যাক্সেবল গুডস্-এর ব্যাখ্যা। কিন্তু সেখানে ট্যাক্সেবল গুডস্ বিলে সিডিউল নং ১-এ যেসব জিনিসের উপর ট্যাক্সের ব্যবস্থা করা হয়েছে তাতে মনে হয়, এই বিল একটা মিসনোমার বিল। এই বিলটা হওয়া উচিত গুডস্-এর জায়গায় tax on tea and fruits.

দ্বিতীয় কথা হচ্ছে এই, যে কোন কল্যাণকামী জাতীয় সরকারের পক্ষে এটা অত্যন্ত নিন্দনীয়। যে কোন রকম খাদ্যদ্রব্যের উপর ট্যাক্স চাপান অত্যন্ত নিন্দনীয় ব্যাপার। তারপর, আমাদের দেশের বর্তমান অবস্থা যদি দেখেন—খাদ্যদ্রব্যে যেভাবে ভেজাল চলছে সেক্ষেত্রে একমাত্র বিশুদ্ধ খাদ্য হল ফল। এই ফলের উপর থেকে সেলস্ ট্যাক্স বাদ দেওয়ার জন্য অনুরোধ করেছিলাম জনসাধারণের হিতার্থে। কিন্তু সেলস্ ট্যাক্স ত উঠান হলই না; বরং নূতন ক'রে আমদানী কর অতিরিক্ত ধার্য করার ব্যবস্থা হচ্ছে।

সুসম খাদ্য তালিকায় আহার্য দ্রব্যের মধ্যে ফল একটি অপরিহার্য অঙ্গ। সরকারী প্রচার পুস্তিকায় এই সম্বন্ধে—ফল ভোজনে—উৎসাহিত করা হয়। আবার ফলের উপর দ্বিতীয়বার ট্যাক্স ধার্য করা হচ্ছে। কী চমৎকার হাস্যকর অযৌক্তিক ব্যবস্থা!

[5-10—5-20 p.m.]

আমরা সবাই জানি যে রকম ট্যাক্স চাপানো হউক না কেন, শেষ পর্যন্ত সেটা গিয়ে পড়ে সমস্ত দরিদ্র দেশবাসীর উপর। আজ ফলের উপরে ট্যাক্স বসানো হচ্ছে তাতে দরিদ্র রোগীদের কি অবস্থা হবে সেটা কি ভেবে দেখেছেন? ডাঃ রায় কলকাতার উপরে বসে মফঃস্বলে এর কী প্রতিক্রিয়া হবে তা অনুধাবন করতে পারবেন না। স্যার, কলকাতার লোকেরা হয়ত যতই ট্যাক্স হউক ফল কিনতে পারবে, কিন্তু ডাঃ রায় কি পল্লীগ্রামের দিকে লক্ষ্য করেন? যদি লক্ষ্য করেন তাহলে দেখতে পাবেন, গরীব লোকে ছেলেমেয়েদের যখন অসুখ করে তখন ঘটী বাটী বন্ধক দিয়ে এক টাকায় দুটো কমলালেবু কিনে আনে সহরাঞ্চল থেকে। ফল কিছু বিলাস দ্রব্য নয় যে, শখ করে আমাদের দেশের লোক ফল খাবে, আমাদের দেশের লোকের সে অবস্থাও নয়। খাদ্য অনটনের সময় এই সরকার বলেছিলেন "কম করে চাল গম খাও বেশী করে ফল-মূল আনাজ খাও।" অথচ বর্তমানে কংগ্রেস সরকার আজ সেই ফলের উপর দ্বিতীয় দফা কর ধার্য করে দিতে চাইছেন, অর্থাৎ ফলকে লোকের চক্ষের সামনে থেকে অদৃশ্য করে দিতে

চাইছেন। স্যার, দ্বিতীয় পঞ্চবার্ষিকী খসড়া পরিকল্পনার সমালোচনায় ডাঃ রায় বলেছেন যে, কন্‌জিউমার গুডস্‌-এর উপরে কোন ট্যাক্স যাতে না হয়। এই অভিমত ডাঃ রায় পোষণ করেন, কিন্তু অবাক হচ্ছি যে, একমাত্র বিশুদ্ধ খাদ্যদ্রব্যের উপর ট্যাক্স বসাতে তাঁর বিন্দুমাত্র দ্বিধা হ'ল না! ডাঃ রায় বলেছেন, জনসাধারণ ট্যাক্স দেবার চরম সীমায় পৌঁচেছে ; তা সত্ত্বেও তিনি যে রোগীর পথ্যের উপরেও ট্যাক্স বসাচ্ছেন এর কারণ কি বুঝি না। এখানে মাননীয় সদস্য বলেছেন ট্যাক্স বসানো নীতি আমাদের সরকার পরিহার করে চলছিলেন। আমি তাঁর সংগে একমত নই, কারণ আমরা দেখেছি এই কংগ্রেস সরকার সাগর মেলার উপর ট্যাক্স ধার্য করেছেন। অবশ্য একটি সম্প্রদায় বিশেষের উপরে ধার্য হয়েছে মোগলযুগে যেমন ছিল নিন্দিত "জিজিয়া" কর। এইরকম কর ধার্য করতে যাদের বিবেকে বাধে নি তাদেরই পক্ষে সম্ভব বিশুদ্ধ খাদ্যদ্রব্যের উপর ট্যাক্স বসানো। অথচ এঁরা নিজেদের প্রগতিশীল বলে জাহির করেন, কিন্তু তাঁরা আসলে ঘোর প্রতিক্রিয়াশীল। যাঁরা এইভাবে দেশের জীবনীশক্তির হানি করতে সচেষ্ট তাদের নিন্দা করবার ভাষা আজ পর্যন্ত সৃষ্টি হয় নি। এমন কোন কঠোর, তীব্র নিন্দার্হ ভাষা নাই যা এই সরকারের বিরুদ্ধে প্রযোজ্য না হতে পারে। "জয় হিন্দ"।

Sj. Bankim Mukherji:

সভাপাল মহাশয়, এই বিলটা যে আনা উচিত নয়, এ সম্বন্ধে বহু যুক্তি আপনি শুনেছেন। কিন্তু এ ছাড়াও এই বিলটা যদি পাশ করতে হয় তাহলে পর তার সার্কিউলেশন দেওয়া বা সিলেক্ট কমিটিতে দেওয়া অত্যন্ত প্রয়োজন, আমি মনে করি। এমন তাড়াহুড়া করে এই বিল আনা হয়েছে যার জন্যে এর ভিতরে অত্যন্ত সাংঘাতিক সমস্ত প্রভিশনস্‌ রয়েছে। সেইদিকে লক্ষ্য রাখলে বুঝা যাবে গভর্নমেন্টের চেষ্টা ছিল এমনভাবে বেড়াজাল দেওয়া যে কলকাতায় যে সমস্ত জিনিস ঢুকবে তা কোনমতে ফাঁক না পায়—এমন কি ২০।২৫ মাইল দূর থেকে যদি নৌকা করে কলকাতায় জিনিস পাঠান হচ্ছে, চন্দননগরে সেটা নামান হলে পরে সেখান থেকে রিভার বোটে এল সেখানে বেড়াজাল যা দেওয়া হয়েছে তাতে সেই রিভার বোটকে রিভারে সার্চ করা হবে, রোড ট্রান্সপোর্টের বিরুদ্ধে রোডে সার্চ করা হবে যার ফলে যারা গরীব হাটুরে মানুষ তাদেরও ঘাড়ে গিয়ে কতখানি পড়বে, সাধারণ মানুষের উপর কতখানি পড়বে সেটা ভেবে দেখা একান্ত প্রয়োজন। গভর্নমেন্ট যখন নিজের ইন্টারেষ্ট—নিজের ইন্টারেষ্ট মানে নিজের কোনমতে কিছু টাকা করার কথা ভেবেছেন এবং এই বেড়াজালের কথা ভেবেছেন, তখন ভাবেন নি, সাধারণ মানুষকে এটা কিভাবে এ্যাফেক্ট করবে। একজন লোক কাশী গিয়েছেন ছেলেদের জন্যে কিছু পেয়ারা আনলেন, কুটুমবাড়ী বেড়াতে গিয়ে বাগান থেকে কিছু ফল আনলে তার একটা প্রভিশন বোধ হয় ৬নং ধারায় আছে সেটায় কিছু একজেম্পশন দেওয়া হবে, পরে গভর্নমেন্ট জানিয়ে দেবেন। কিন্তু সেটা আগে থাকতে জানিয়ে দিলে অনেক সন্দেহের নিরাকরণ হ'ত। বুঝা যেত এত হবে, তার উপরে ট্যাক্স হচ্ছে না, অথবা প্যাসেঞ্জার সংগে করে কি আনলে ট্যাক্স লাগবে না, কিংবা খাবার জন্য আনলে কি হবে। যে কথা অমর বসু মহাশয় বললেন—শুধু গুডস্‌ ট্রেন নয়, প্যাসেঞ্জার ট্রেণে এর পর যেমন আফিং গাঁজা ধরবার জন্য একদল ঘুরে বেড়ায় আর একদল এখন ঘুরবে প্যাসেঞ্জারদের বাক্স ইত্যাদি ঘাঁটাঘাঁটি করবে অর্থাৎ সাধারণ একটা ট্রেণ জার্ণি হয় তাহলে পাসপোর্ট নিয়ে যেতে যেমন কাষ্টমস্‌-এর হাতে হয়রাণি, এখানেও সেই কষ্টকর ব্যাপার আসবে। এদিক থেকে পাবলিকের কি অসুবিধা হতে পারে তা বিবেচনা করলে আমার মনে হয় না এত অল্প সময়ে এ্যামেণ্ডমেন্ট দিয়ে সম্পূর্ণ এর আলোচনা করতে পারি। ভেবে দেখা দরকার গভর্নমেন্টের সত্যিকারের কি সুবিধা, জনসাধারণের কি সুবিধা অসুবিধা এতে হতে পারে। আর একটা কথা—যেটা খুবই সাংঘাতিক —যে সমস্ত অর্ডারস্‌ এতে থাকবে, তা সিভিল কোর্টে যাবে না।

[5-20—5-30 p.m.]

সিভিল কোর্ট সম্বন্ধে গভর্নমেন্টের যদি এই নীতি হয়, তাহলে জনসাধারণের এতে আস্থা কি ক'রে আসবে। "কোর্ট থেকে আমরা বাঁচতে চাই"—এইটা যদি হয় গভর্নমেন্টের মনোভাব, তাহলে সেই দৃষ্টান্ত জনসাধারণ কেন নেবে না? অর্থাৎ
law unto their own hands.

যেখানে গভর্নমেন্ট
law unto thier own hand.

নেন? তাদের উপর কোর্টের কোন জুরিসডিকশন থাকবে না, সেখানে নিশ্চয়ই সংগে সংগে জনসাধারণের এই রাইট এসে যায় যে, এই গভর্নমেন্ট যখন সিভিল কোর্টকে কনফ্রন্ট করতে সাহস পায় না, সেই হেতু গভর্নমেন্টের ল' আমাদের হাতে নিতে পারি। এই দিক দিয়ে বিচার করা উচিত যে, কি আশংকা তাঁরা করেন, যার জন্য সিভিল কোর্টে তাঁরা যাবেন না? আজকে রেলওয়ে টারিফ প্রভৃতি নিয়ে গণ্ডগোল হয়। রেলওয়েতে প্রত্যেকটি জিনিসের উপর টারিফ নেই এবং তাদের বহু কেসে কমপেনসেশন দিতে কোর্টে যেতে হয়, এবং এর জন্য সেন্ট্রাল গভর্নমেন্টের কোটি কোটি টাকা খরচ হচ্ছে। এতে যদি সেন্ট্রাল গভর্নমেন্ট ভয় না পান, তাহলে এ'রা কেন ভয় পাচ্ছেন? সেন্ট্রাল গভর্নমেন্ট তাঁদের রেলওয়ে অ্যাক্ট সম্পর্কে যদি এই রকম একটা বিল নিয়ে আসেন যে কোর্টের কোন জুরিসডিকশন থাকবে না, তাহলে ত সমস্ত জিনিসপত্রের বাইরে চলাচল সব বন্ধ হয়ে যায়।

আজকে গভর্নমেন্টের দু'-তিন কোটি টাকার ব্যাপার, তার মধ্যে যদি কারও আপত্তি থাকে, গ্রীভান্স প্রভৃতি হয়, তাহলে কেন তিনি কোর্টে যেতে পারবেন না? সেইজন্য এখানে এই যে একটা প্রভিশন করেছেন, এটার কি প্রয়োজন, সেটা হাউসের আলোচনাকালে বুঝতে পারা যাবে। টু এলিসিট পাবলিক ওপিনিয়নের জন্য এটা সিলেক্ট কমিটিতে যাওয়ার যথেষ্ট প্রয়োজন আছে।

তারপর সবচেয়ে যেটা সাংঘাতিক ব্যাপার সেটা হচ্ছে, এই সমস্ত ছোট ছোট ফলওয়ালারা কি রকম তাদের খাতাপত্র এ্যাকাউণ্টস রাখে সেটা দেখতে হবে; কিন্তু, তার জন্য আবার অকট্রয়ের ভিতরে গিয়ে তাদের খাতাপত্র কিভাবে রাখে, তা দেখবার প্রভিসন এই বিলে কোথা থেকে আসে? যদি বুঝতাম এখানে সেলস্ ট্যাক্সের ব্যাপার হচ্ছে তাহলে না হয় বুঝতাম। আর একটা জিনিস এর মধ্যে ঢোকান হয়েছে সেটা অত্যন্ত মারাত্মক,—বলা হচ্ছে ফলের স্যাম্পল নেওয়া হবে, অর্থাৎ এই সমস্ত লোকদের হাতে ফলের স্যাম্পল্ নেওয়ার অধিকার দেওয়া হচ্ছে। কিন্তু আমরা জানি রেলওয়ে পারসেল সম্বন্ধে এত গল্প আছে, যা নিয়ে দু-চার দিন কাটিয়ে দেওয়া যায়। রেলওয়ে পার্সেলের স্যাম্পল্ গার্ডসাহেব কি রকম দেখেন দেখুন। কোন রেলওয়ের গার্ডসাহেব স্যাম্পল্ দেখবার জন্য আর একজনের সংগে গল্প করতে করতে ভুলে, তাঁর নিজের মেমসাহেবের পার্সেল খুলে আম্র ভক্ষণ করতে করতে যান, এবং পরে মেমসাহেব তাঁর আমের টুকরীর মধ্যে পাথরের টুকরা দেখে অবাক হয়ে গার্ডসাহেবকে উদ্দেশ্য করে বলেন, এ কি হ'ল? তখন গার্ডসাহেব মাথা চুলকান। এই তো ব্যাপার। এখানে বলা হয়েছে গভর্নমেন্ট দরকার মনে করলে স্যাম্পল্ গ্রহণ করবেন। বলা হচ্ছে যদি বোঝা যায় এবং সম্ভব হয় তাহলে উপযুক্ত কনপেনসেসন দেওয়া হবে, সেটা কোন অর্থ হয় না। স্যাম্পল্ নেওয়ার জন্য প্রথমতঃ তাঁরা ফলের ঝুড়িটা খুলবেন। কিন্তু এই ঝুড়ি খোলবার কি প্রয়োজন আছে? ধরুন কেউ পাঠাচ্ছে কমলালেবু, যেখানে লেবুর বদলে আঙ্গুর বা অন্য কোন ফল পাঠাচ্ছে এটা মনে করার কি কারণ আছে? সিডিউল্ড রেটগুলিতে এমন কি আছে যে, একটা ফলের পরিবর্তে আর একটা ফল ঢুকিয়ে দিয়ে তার লাভ হবে? সুতরাং আমার মতে ফলের বাস্কেট খুলে স্যাম্পল্ নেওয়ার কোন প্রয়োজন নাই, এবং এই ধরনের স্যাম্পল্ নেওয়ার আমি তীব্র প্রতিবাদ করি।

এটা এখন না নিয়ে নেকস্ট সেসনে নিলে সুবিধা হয়। এর মধ্যে পাবলিক ওপিনিয়নও নেওয়া হবে, সিলেক্ট কমিটির মধ্য দিয়েও এটা যেতে পারবে। তাতে আমার মনে হয় মহাভারত অশুদ্ধ হবে না। সবচেয়ে মারাত্মক যেটা আছে, সেটা হচ্ছে—এই অকট্রয় পেনাল্টী, ছ' মাসের জেল ও সাজা পর্যন্ত হতে পারবে। এই ইনকাম ট্যাক্স যাঁরা কোটি কোটি টাকা ইভেড করেন, তাদের কি সাজার ব্যবস্থা আছে? সামান্য দু চারশো ইভেশনের জন্য এদের ছ' মাসের জেল পর্যন্ত হতে পারবে। এটা এই বিলের একটা সাংঘাতিক জিনিস। এতে গভর্নমেন্টের একটা বিশেষ চরিত্র—এই বিলের ভেতর দিয়ে ফুটে উঠেছে। আদালতে যেতে তাঁদের ভারী ভয়, জজসাহেবকে এ'রা ভারী ভয় করেন। তিনি মনে করেন

I am the law and I am the State.

তাঁদের দ্বিতীয় চরিত্র হচ্ছে জনসাধারণকে জেলে পুরে দেওয়া। তাদের কোন লিবার্টি নাই, তার কোন এ্যাপিল নাই। স্বাধীন নাগরিকদের জেলে পাঠানো একটা সহজ কথা নয়। আজকে কোশ্চেন আওয়ারে দেখেছি একটা শিশুর মৃত্যু হয়ে গেল, তার জন্য একটা ইনকোয়ারি করা পর্যন্ত তাদের দরকার হ'ল না। তাঁদের কাছে মানুষের জীবনের মূল্য এত অল্প! মানুষ মরে গেলেও তাঁদের কিছু হয় না, কিছু যায় আসে না। এই যে পাটনায় পুলিস ফায়ারিং-এ এতগুলি ছাত্র মারা গেল, তার জন্য কোন রকম কনডেমনেসন সরকার পক্ষ থেকে শুনতে পেলাম না। অথচ নেতাদের কাছ থেকে বার বার ছাত্রদের কনডেমনেসন শুনতে পেলাম। মানুষের প্রাণের মূল্য, মানুষের স্বাধীনতার মূল্য তাদের কাছে কিছু নাই। এই অকট্রয় বিলেতে ছয় মাসের জেলের ব্যবস্থার প্রভিসন করার কি দরকার ছিল তা বুঝতে পারি না। আমার মনে হয় এটা অত্যন্ত সাংঘাতিক।

আর তাঁদের তৃতীয় চরিত্র হচ্ছে এই—তাঁদের একেবারে লোলিহান জিভ বেরিয়ে রয়েছে কি করে দরিদ্রদের কাছ থেকে টাকা আদায় করা যায়। এই দু কোটি আড়াই কোটি টাকা যদি তাঁদের নিতে হয়, তাহলে ছোট ছোট পিঁপড়েদের ধ'রে তাঁদের নিতে হবে। যেভাবে পারো—কুড়িয়ে বাড়িয়ে দু'-চার পয়সা নিও যেখানে পাওয়া যায়। এই যে ট্যাক্সেশন ইনকোয়ারি কমিটি বসেছিল—তাও বড় বড় লোকের নেতৃত্বে হয়েছে। আর এখানেও তাই হয়েছে। আপনাদের হাতে তো এতবড় পাওয়ার ছিল, এই পাট, এই গভর্নমেন্ট চেষ্টা করলে এই পাটের ব্যবসায় থেকে বহু কোটি টাকা পেতে পারতেন। কিন্তু তাঁরা যে পরম বশম্বদ ; তাই তাঁরা সেটা দিয়ে দিলেন—এখান থেকে আগের এই কনকারেন্ট লিস্ট থেকে বাদ দিয়ে ইউনিয়ন গভর্নমেন্টকে একটা রেজলিউসন পাস করে। বড় বড় লোকদের এদের ধরবার প্রবৃত্তি নাই, কেবল আছে তাদের দরিদ্রদের ধরবার প্রবৃত্তি।

তারপর সবচেয়ে বড় কথা যে, ট্যাক্স যেভাবে ধরা হয়েছে এই ফল সম্বন্ধে, , ডাঃ রায়ের বক্তৃতায় বোঝা গেল তিনি বড় বড় ডিলারদের সঙ্গে এ বিষয়ে আলোচনা করেছিলেন। বড় বড় মহাজনেরা তাঁকে নাকি বলেছেন যে, ছোট ছোট ডিলাররা সেলস্ ট্যাক্স ফাঁকি দিচ্ছে। সেইজন্য এই ব্যবস্থা করবার দরকার হয়েছে। আমার কাছে বহু করেসপনডেন্স, বহু চিঠি আছে এই সেলস্ ট্যাক্স বাড়ানো সম্বন্ধে। সেলস্ ট্যাক্স যদি বাড়াতে হয়, তাহলে আমি বলেছি সেলস্ ট্যাক্স এ্যাট্ দি সোর্স, এ্যাট দি রুট করা হোক্। আজকে দেখতে পাচ্ছি—একই জিনিসের উপর দু'বার করে ট্যাক্স হচ্ছে এই রকম সেলের জন্য।

[5-30—6 p.m.]

এখানে ব'সেই অঙ্ক ক'ষে বলা যায়, এ জিনিস রেলে এসে ওজন হবে। তাতে বলা যায় কলক্ষ টাকা ফ্রুটস্ থেকে আসবে। কাজেই ওয়ার্কিং দেখবার কি আছে! অতএব এখানে ক্যাটেগরিক্যালি গভর্নমেন্ট বলুন যে, এর উপর থেকে সেলস ট্যাক্স তুলে নিচ্ছেন। নৈলে বলে দিন দুটোই থাকবে—বলে দিন এনট্রি এন্ড সেলস্ ট্যাক্স দুটোই থাকবে। এইটে আমরা ক্যাটেগরিক্যালি শুনতে চাই যে কি অবস্থা দাঁড়াচ্ছে। আমরা যতদূর জানি যাদের সঙ্গে ওঁরা পরামর্শ করেছেন, তাদের সঙ্গে ওঁদের প্রধান কথাও ছিল এইই।

তারপর ইন্ডিয়া গভর্নমেন্ট বলেছেন—এটা এসেনসিয়াল কমোডিটি। আমরা জানি—আজকে কলা খায় বড় লোকেরা। তারা টাকার জায়গায় আঠারো আনা দিলেও তাদের গায়ে লাগে না। ফল—আমাদের এখানে এক খায় ঠাকুর আর খায় রোগী, এ ছাড়া গরীব আর মধ্যবিত্তরা খায় না। ঠাকুরকে নৈবেদ্য না দিলেও ঠাকুর রাগ করবে না। কাজেই ঠাকুরকে অষ্টরম্ভা দেখাতে পারবেন গভর্নমেন্ট, আমি যেমন দেখাই। কিন্তু রোগীর বেলায় ডাঃ রায়ের আমার মতন ঠাকুরে প্রীতি না থাকতে পারে এবং তাকে অষ্টরম্ভা দেখাতে পারেন, কিন্তু রোগীর বেলায়ও তা দেখাতে পারেন কি?

Sj. Ananda Gopal Mukherjee:

আপনি কি ঠাকুরে বিশ্বাস করেন?

Sj. Bankim Mukherji:

ডাঃ রায় করেন? আমি সেইজন্য বলেছি—তিনিও আমার মতনই করেন। সেই হিসেবে বলছি—রোগীদের সামান্য ফল থেকে বঞ্চিত করা ছাড়া আর কি কোন জিনিস ছিল না? কলকাতায় ও হাওড়ায় কোটি কোটি টাকার মাল রোজ আসে—তার মধ্যে ওঁর নজর পড়ল গিয়ে ফ্রুটস্-এর উপর। এই হলো আমাদের সরকারের নজর। সেই ফ্রুটস্ থেকে কত টাকাই বা পাবেন! অমন কত হাজার হাজার টাকা সেলস্ ট্যাক্স থেকেও পাচ্ছেন না। আর এ থেকে পাচ্ছেন কি, বড় জোর ৮।১০ লাখ টাকা।

তারপর চা। টি-র উপর গভর্নমেন্ট অব ইন্ডিয়া এক্সসাইজ আদায় করেন, ওদিকে আসাম গভর্নমেন্ট ট্রানজিটে ধরেন প্রতি পাউন্ডে ৵০ আর আমাদের গভর্নমেন্ট এনট্রিতে করছেন /০ আনা, তারপরে সেলস্ ট্যাক্সে হলো ৵০ আনা। তারপরে সেন্ট্রাল গভর্নমেন্টের একটা আছে কিনা—কনটেনার্স বিলো সিক্সটি পাউন্ড তার উপর একটা এক্সসাইজ ডিউটি ৵০ আনা করে দিতে হয়। সুতরাং ৵০ + ৵০=৷৵০ আনা আর ৵০=৷৷/০ প্রতি পাউন্ডে গিয়ে দাঁড়ায়। ইতিমধ্যে চা আমাদের সকলের পক্ষে এসেনসিয়াল হয়ে গিয়েছে। ছোট ছোট লোকাল টি শপ যারা প্রতি কাপ /০ আনায় দেয়—তারা /১০ চাইবে, যারা /১০ পয়সা কাপে নেয় তারা নেবে অন্ততঃ ৵০ এবং ভাঁড়ের চা যা ওয়ার্কিং ক্লাশ খায় তার দাম /৫ হবে।

[At this stage blue light was lit.]

আমার আর দু মিনিট লাগবে। টি-র কমপিটিশন যেভাবে হচ্ছে। টি আজ একটা মস্ত বড় জিনিস। বাংলাদেশের গভর্নমেন্টের এর একটা সার্বভৌম চিত্র নাই। আমি বলছি—ওঁরা একটা সার্বভৌম চিত্র নিন।

আমরা চাইছি—লণ্ডন থেকে কলকাতায় অকশনটা আসুক। যদি তাঁরা এনট্রির এইটে করেন, তাহলে কলকাতার অকশনের আশা থাকবে না, সেটা লণ্ডনেই চিরস্থায়ী হয়ে যাবে। হয়ত বলবেন সেখানে যে অকশন হয় তাতে বেশী মাল যেতে দেব না। তা অবশ্য কি করে তাঁরা করবেন—তা আমার বুদ্ধিতে ঢুকছে না। যে মাল কলকাতার থ্রু দিয়ে পাশ করবে এবং লণ্ডনে যাবে, সেটার জন্য তিনি কি করে বন্ধ করবেন, তা ওঁরা বহু পারদর্শী ওঁরাই বুঝতে পারেন বাইরে থেকে আমরা কিছুই বুঝতে পারছি নে। এ থেকে আমাদের যে নানা ঝঞ্ঝাট আসবে তা থেকে লোককে কি করে যে পরিত্রাণ দেবেন বুঝতে পারি না। আমরা চাইছি কলকাতাতে টির ওয়ারল্ড সেন্টার করবার জন্য, সেটা হবার সম্ভাবনা থাকছে না, লণ্ডনেই যাচ্ছে। সারা ভারতবর্ষে চা আর ২।৩টা দেশের সঙ্গে কম্পিটিশন করে দাঁড়িয়ে আছে। সে চা যাতে দাঁড়াতে পারে সেদিক থেকে দেখবার একটা প্রয়োজন ছিল।

তারপরে সম্প্রতি পাকিস্থানের রুপি আণ্ডারভ্যালু হয়েছে—এতদিন তাদের টাকার হায়ার ভ্যালু থাকার দরুণ আমাদের কম্পিটিশনের যে সুবিধা ছিল, আজকে ইষ্ট বেঙ্গল থেকে পাকিস্থান টি আমাদের চেয়ে সুবিধায় পাওয়া যাবে এবং ক্রমে পাকিস্থানের সিলেট অঞ্চলে চা বাগান চলে যেতে পারে। কিন্তু ব্যাপার হল কি—

Mr. Speaker: You were given 10 minutes, and you have taken 20 minutes. It becomes impossible to carry on if you cannot keep to the estimated time schedule.

Sj. Bankim Mukherji: Sir, up to this time nobody spoke on these points.

আমি চেষ্টা করছি যতটা সংক্ষেপ করা সম্ভব। আমার প্রায় শেষ হয়ে এসেছে। আমি যা বলছিলাম, পাকিস্থানের রুপি আণ্ডারভ্যালু হবার ফলে আমাদের চায়ের মার্কেট প্রাইস কণ্ট্রোল করবার যে সুযোগ ছিল তা থাকছে না।

দ্বিতীয়ত আমার সব চেয়ে আশঙ্কা হলো—এই জিনিসটা একবার ঢুকছে ত ছুঁচ হয়ে তার পরে ফাল হয়ে কতদূর পর্যন্ত প্রশস্ত হবে তা জানি না। আপাতত এক আনা পাউণ্ডের নাম করে ত আসছে, কিন্তু পরে শনৈঃ যখন পুলিস বরাদ্দ বা অন্য বরাদ্দ বাড়তে থাকবে বা অন্য

দিকে আদায় হবে না—এমন ভাল হবে তখন শনৈঃ শনৈঃ এক আনা, দু আনা, চার আনা করে বেড়ে যাবে না, তার স্থিরতা কোথায়? এই যে একটা রন্ধ্র পেল, ঐ রন্ধ্র দিয়েই ফাল ঢুকিয়ে বার করবে। মোটের উপর ও'রা বলবেন—এটা ত দেবে আড়তদারেরা। কিন্তু সেটা আসলে যাবে একদিকে গ্রোয়ারের ঘাড়ে আর একদিকে কনজিউমারদের ঘাড়ে। অর্থাৎ গভর্নমেণ্টকে দেওয়া মানে আড়ৎদারেরা হাজার টাকা দেবে কিন্তু আদায় করবে গ্রোয়ারের কাছ থেকে হাজার টাকা আর কনজিউমার আমাদের ঘাড়ে পড়ে দু'দিকেই মারা যাবে। এই রকম বহু জিনিস বিবেচনা করে আমি এখনো মনে করি, এত তাড়াতাড়ি করবার কোন প্রয়োজন নাই। গভর্নমেণ্টের যদি প্রয়োজন হয়ে থাকে অর্থের তাহলে সে সম্বন্ধে বিবেচনা করা যেতে পারে। কিন্তু এই সমস্ত জিনিসের জন্য পাবলিক ওপিনিয়ন নেওয়া, অন্ততঃ সিলেক্ট কমিটিতে যাওয়া বাঞ্ছনীয়। তা না করে তাড়াতাড়ি যদি করতে চান তাহলে বুঝব জনমতের প্রতি কোনপ্রকার ভ্রুক্ষেপ না করে নিজেদের মত অনুযায়ী চলে যাওয়া এইটেই হচ্ছে ওঁদের ইচ্ছা।

[At this stage the House was adjourned up to 6 p.m.]

[*After adjournment.*]

[6—6-10 p.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I have listened with patience the arguments repeated over and over again and an appeal has been made on the basis that this Bill will affect the poor people, as if those who belong to the Opposition have got the monopoly of thinking and talking in terms of the poor people. I dispute that monopoly. The position is what I have explained in my opening speech. From the remarks I have heard from some friends, I think that they have not listened to my opening speech carefully. With regard to tea a fear has been expressed that a cup of tea would be more costly in future. Those who talk like this do so without any reference to the state of affairs in trade and commerce. It is not that if you put a tax of one anna to a pound of tea it would make any difference to the cost of a cup of tea; but what will happen is that the middlemen will take the advantage. The difficulty has been that in our sales tax procedure we have not been able always to tax at source. I have heard criticism from the other side that if you tax at the source it would be all right but when we tax at the source we are told that this is very wrong. As the Bengali saying is—

এগুলেও নির্বংশের বেটা পেছুলেও নির্বংশের বেটা

there is no escape from it. I do not want to say that the opposition do not think in terms of the people but I do say that anything we would do would not satisfy them. Sir, the argument has been put forward that if we put this tax on tea then it will go to Patna but the tea if it is carried to Patna will have to be diverted for Patna *via* Calcutta either by steamer or by rail. Patna has no port. For export purposes, the tea has to come to Calcutta. Sir, the bulk of the tea is not consumed in India but is taken outside. It has been suggested that they will have auction for all the tea in England and not in India. That cannot be done. According to arrangement the Union Government controls the quantity which can be sent out to England for auction there. The Government of India has fixed the quota for such export. Therefore, there is no point in raising this bogey and saying that this will happen or that will happen. Everything in this land may happen. If anything happens we shall apply the remedy that is necessary.

With regard to the fruits we have been given a lecture on vitamin, on the use of fruits for the poor people and so on and so forth. What is the position? The position today is that sales tax on fruits is being evaded. What I did mention in my opening speech was that fruit dealers who

have—I do not say they are big dealers or small dealers—permanent establishment and therefore who are liable and chargeable under the Sales Tax came and complained that there were very big seasoned dealers who have large quantity of fruits but have no establishments and by the time our people go to them to get sales tax they disappear. Therefore, we have to devise some method by which we may be able to tax the fruits which we cannot do through the sales tax. A question has been raised by several friends as to whether there should be two taxes—sales tax and entry tax. I have already stated in my opening speech that we shall watch the whole results of this Bill and if we find that we have been able to get entry tax fairly satisfactorily then we will consider the question of withdrawing the sales tax. I say that we are not the only State which will tax the same goods twice. There are several States which tax the same goods not only twice but sometimes thrice. But that is not the argument I want to put forward. If I find that the realisation from the tax on the entry of fruits to Calcutta is sufficiently satisfactory the question of the withdrawal of the sales tax on the same goods would certainly receive our earnest consideration. Some people have said that if a man brings a small quantity of fruits for his own use—as Sj. Bankim Mukharji has said—would that be taxed? As you know sub-section (4) gives authority to the Government to give exemption to a certain quantity as we have done in the case of Vanaspati. It has worked very well and I do not see why the same rule cannot be applied in this case also. It has been suggested that fruits do not come by road but by rail. Therefore the railway passes would be good enough. Those who say so do not appreciate what these traders are capable of. They might take out the goods at Rishra or Lillooah and bring the goods to Calcutta by road Who will prevent that? We have got to be cautious. Human nature ordinarily should be honest, but human nature which is present in a trader who wants to trade on the credulity of others is not always to be depended upon.

The question has been raised that there should be two bills—one for fruit and another for tea. Sir, I am a man who has enormous amount of patience because I am a doctor. Mr. Speaker, Sir, you have also enormous amount of patience. If there were two bills there would have been repetitions of these debates twice over. So by bringing one bill we have saved that trouble. The trouble of the poor reporters has also been saved as well as that of the legislators.

[6-10—6-20 p.m.]

However, the whole question is both these groups of commodities are to be operated on under a particular system or principle which is that when they enter the railway station or steamer station they will be taxed.

There is so much evasion of sales tax. I believe evasion of sales tax was a prominent subject discussed in this Legislature for three years on different aspects. Now that we try and take steps, we try in vain to prevent the evasion of sales tax.

Then my friend Sj. Jnanendra Kumar Chaudhuri says, why not have an economic drive. I do not say that that is something which ought not to be done. I doubt very much whether, as he says, U. P. Government has saved Rs. 2 crores; I have not seen their budget. Supposing what he says is realised, that does not prevent you from realising the tax that we feel should be paid in certain circumstances.

It has been said, why do you tax fresh fruits, tax *badam, pesta*? Those who say that say so from ignorance. *Badam, pesta* are taxed, at 3 pice to the rupee.

I have been told that the way in which I am proceeding is like that of a thief—*taskarer kaj.* I am sorry one of my old students should have called his teacher *taskar.* Times are bad. What else can we expect from a student? I will bear that also with patience.

My friend Sj. Bankim Mukherji waxed eloquent over the question of penalty. Has he read the Act? What is the penalty and who gives it? You will find under section 14.

> "Whoever contravenes the provisions of sub-section (1) of section 5, or in any case in which a transport pass is required, transports or removes or attempts to transport or remove, or aids in transporting or removing or attempting to transport or remove any taxable goods from any notified place without such transport pass" etc.

In other words, we have tried to say in polite language that whoever tries to smuggle should be penalised. We have heard times without number the charge made that we do not go in for the smugglers. And, Sir, who gives the punishment? Not our officer, but a court to whom our officers will report for taking action. What is section 5(1)? It says, "that the dealer shall, on the entry thereof in a local area, deliver to the prescribed authority a bill of entry containing such particulars as may be prescribed." Supposing he does not give particulars, or supposing he gives wrong particulars, supposing one is a forger, the penalty is six months. Is that too much? Who gives the penalty? The penalty is given by the court. Section 20 was mentioned. Apart from these criminal portions of the Bill, apart from reference to criminal action, the civil act will not be subject to any appeal to any court. I would ask Bankim Babu to show me one taxation proposal where such a provision is not in existence. It is true that the man can even then go to the High Court. Who prevents him? But at the same time if you begin to put every one of them in court or allow the court to intervene, what will happen is that the harassment will be of the traders and not so much of the members of the Government. Therefore, in order to protect the traders, to clarify certain civil issues as early as possible, section 20 has been given.

My friend says, why should you take samples? Supposing you put some other goods which are cheaper for taxation—let us say orange—on the top and put mangoes inside the package and try to smuggle it. Certainly we have a right to find out whether that man is a suitable person to live in an honest society.

Of course, I do not want to answer those who say, "do not give these fellows any money from taxation because they have never done any good; they won't do any good and therefore it is useless to give them money". I do not argue with such persons. They are entitled to hold their own opinion and we are entitled to hold our own opinion. We say that this is a method of getting revenue by taxing at the source. If the realisation is to our expectation, the question whether the same goods will be taxed twice over will be very seriously considered by the Government, as I said in the beginning, and there is no reason to be afraid because we are at least as much interested as, if not more interested than others in seeing that trade and commerce flourish; and if there be extra taxation which may mean ultimately the dislocation of trade or commerce, we shall be very wrong if we do not consider such questions.

It has been said that if oranges are to be sent to a hospital, it will be a tax on the hospital. I am prepared to give an undertaking that if fruits are needed for the hospital, grant for the purpose can be given by the

Government. But why put it in this fashion—if it goes to a hospital we shall not charge a tax; if it goes to somebody else we shall charge a tax. That is the surest method by which smuggling and back-hand method can be done.

I oppose all the circulation motions.

Dr. Hirendra Kumar Chatterjee: On a point of personal explanation, Sir, আমি যখন বলছিলাম তখন উনি বেশীর ভাগ সময় পিছন ফিরে ছিলেন। শিক্ষককে আমি কখনো তস্কর বলতে পারি না। শিক্ষক হিসাবে সেই শিক্ষা তিনি আমাদের দেন নি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আমি পিছন ফিরে থাকলে কি হবে,—এখানে [পয়েণ্টিং টু হিজ পারসোনাল নোট] লেখা আছে তস্করের কাজ।

Dr. Hirendra Kumar Chatterjee:

নোটস্-এর উপর নির্ভর করে একজন ছাত্রের উপর দোষারোপ করাটাও শিক্ষকের পক্ষে ন্যায়বিচার নয়। কর্ডনপ্রথা যা ছিল তাতে তস্করদের সুবিধাই ক'রে দিয়েছিলেন এই কথাই বলছি। তিনিই আমার শিক্ষক ছিলেন এবং তিনি শিক্ষককে তস্কর বলার শিক্ষা কখনও দেন নি।

[6-20—6-30 p.m.]

The motion of Sj. Ganesh Ghosh that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1955 was then put and a division taken with the following result:—

AYES—45.

Baguli, Sj. Haripada
Bandopadhyay, Sj. Tarapada
Banerjee, Sj. Biren
Basu, Sj. Ajit Kumar
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Hemanta Kumar
Basu, Sj. Jyoti
Bera, Sj. Sasabindu
Bhattacharya, Dr. Kanailal
Bhowmick, Sj. Kanai Lal
Bose, Dr. Atindra Nath
Chakrabarty, Sj. Ambica
Chatterjee, Sj. Haripada
Chatterjee, Dr. Hirendra Kumar
Chaudhury, Sj. Jnanendra Kumar
Choudhury, Sj. Subodh
Dal, Sj. Amulya Charan
Dalui, Sj. Nagendra
Das, Sj. Natendra Nath
Das, Sj. Raipada
Dey, Sj. Tarapada
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Sj. Jyotish Chandra (Chinsurah)
Ghosh, Sj. Ganesh
Ghosh, Sj. Narendra Nath
Haldar, Sj. Nalini Kanta
Hansda, Sj. Jagatpati
Joarder, Sj. Jyotish
Kar, Sj. Dhananjoy
Khan, Sj. Madan Mohon
Kuar, Sj. Gangapada
Mahapatra, Sj. Balailal Das
Mukherji, Sj. Bankim
Mulliok Chowdhury, Sj. Suhrid Kumar
Naskar, Sj. Gangadhar
Panda, Sj. Rameswar
Pramanik, Sj. Surendra Nath
Ray, Dr. Narayan Chandra
Saha, Sj. Madan Mohon
Sahu, Sj. Janardan
Sarkar, Sj. Dharani Dhar
Satpathi, Dr. Krishna Chandra
Sen, Dr. Ranendra Nath
Sinha, Sj. Lalit Kumar
Tah, Sj. Dasarathi

NOES—123.

Abdullah, Janab S. M.
Abul Hashem, Janab
Bandopadhaya, Sj. Khagendra Nath
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sj. Profulla
Banerjee, Dr. Srikumar
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Sj. Satindra Nath
Basu, The Hon'ble Satyendra Kumar
Beri, Sj. Dayaram
Bhagat, Sj. Mangaldas
Bhattacharjee, Sj. Shyamapada
Biswas, Sj. Raghunandan
Bose, The Hon'ble Pannalal
Brahmamandal, Sj. Debendra
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bijoylal
Chattopadhya Sj. Brindabon
Chattopadhyay, Sj. Sarojranjan
Das, Sj. Banamali

Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Kanai Lal (Dum Dum)
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan
Digar, Sj. Kiran Chandra
Gahatraj, Sj. Dalbahadur Singh
Gayen, Sj. Brindaban
Ghose, Sj. Kshitish Chandra
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Tarun Kanti
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Goswamy, Sj. Bijoy Gopal
Gupta, Sj. Jogesh Chandra
Gupta, Sj. Nikunja Behari
Haldar, Sj. Kuber Chand
Halder, Sj. Jagadish Chandra
Hasda, Sj. Lakshan Chandra
Hasda, Sj. Loso
Hazra, Sj. Amrita Lal
Hembram, Sj. Kamala Kanta
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Prabir Chandra
Jha, Sj. Pashu Pati
Kar, Sj. Sasadhar
Karan, Sj, Koustuv Kanti
Kazim Ali Meerza, Janab
Lahiri, Sj. Jitendra Nath
Let, Sj. Panchanon
Maiti, Sj. Pulin Behari
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Nishapati
Mal, Sj. Basanta Kumar
Maliah, Sj. Pashupatinath
Mandal, Sj. Annada Prasad
Mandal, Sj. Umesh Chandra
Massey, Mr. Reginald Arthur
Maziruddin Ahmed, Janab
Mitra, Sj. Sankar Prasad
Modak, Sj. Niranjan
Mohammad Hossain, Dr.
Mohammad Mumtaz, Maulana.
Mohammed Israil, Janab
Mojumder, Sj. Jagannath
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Mondal, Sj. Sudhir
Moni, Sj. Dintaran
Mookerjee, Sj. Naresh Nath
Mukherji, Sj. Dhirendra Narayan
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Ananda Gopal
Mukherjee, Sj. Shambhu Charan
Mukherji, The Hon'ble Ajoy Kumar
Mukherji, Sj. Pijush Kanti
Mukhopadhyay, Sjkta. Purabi
Mukhopadhyaya, Sj. Phanindranath
Munda, Sj. Antoni Topno
Murarka, Sj. Basant Lall
Murmu, Sj. Jadu Nath
Naskar, The Hon'ble Hemchandra
Panigrahi, Sj. Basanta Kumar
Panja, The Hon'ble Jadabendra Nath
Poddar, Sj. Anandilall
Pramanik, Sj. Mrityunjoy
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Rajkut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Jajneswar
Ray, Sj. Jyotish Chandra (Haroa)
Ray, The Hon'ble Renuka
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Bijoyendu Narayan
Roy, Sj. Biswanath
Roy, Sj. Nepal Chandra
Roy, Sj. Prafulla Chandra
Roy, Sj. Ramhari
Roy, Sj. Surendra Nath
Roy Singh, Sj. Satish Chandra
Saha, Dr. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Saren, Sj. Mangal Chandra
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Priya Ranjan
Sen, Sj. Rashbehari
Sen Gupta, Sj. Gopika Bilas
Sharma, Sj. Joynarayan
Shaw, Sj. Kripa Sindhu
Shaw, Sj. Mahitosh
Sikder, Sj. Rabindra Nath
Singha Sarker, Sj. Jatindra Nath
Sinha, Sj. Durgapada
Tafazzal Hossain, Janab
Tarkatirtha, Sj. Bimalananda
Tripathi, Sj. Hrishikesh
Trivedi, Sj. Goalbadan
Wangdi, Sj. Tenzing
Ziaul Haque, Janab M.

The Ayes being 45 and Noes 123, the motion was lost.

Mr. Speaker: The rest of the motions fall through.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that the West Bengal Taxes on Entry of Goods in Local Areas Bill, 1955, be taken into consideration was then put and a division taken with the following result:—

AYES—122.

Abdullah, Janab S. M.
Abul Hashem, Janab
Bandopadhaya, Sj. Khagendra Nath
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sj. Profulla
Banerjee, Dr. Srikumar
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Sj. Satindra Nath
Basu, The Hon'ble Satyendra Kumar
Beri, Sj. Dayaram
Bhagat, Sj. Mangaldas
Bhattacharjee, Sj. Shyamapada
Biswas, Sj. Raghunandan
Bose, The Hon'ble Pannalal

Brahmamandal. Sj. Debendra
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bijoylal
Chattopadhya. Sj. Brindabon
Chattopadhyay, Sj. Sarojranjan
Das, Sj. Banamali
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Kanai Lal (Dum Dum)
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj Haridas
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan
Digar, Sj. Kiran Chandra
Gahatraj, Sj. Dalbahadur Singh
Gayen, Sj. Brindaban
Ghose, Sj. Kshitish Chandra
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Tarun Kanti
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Goswamy, Sj. Bijoy Gopal
Gupta, Sj. Jogesh Chandra
Gupta, Sj. Nikunja Behari
Haldar, Sj. Kuber Chand
Halder, Sj. Jagadish Chandra
Hasda, Sj. Lakshan Chandra
Hasda, Sj. Loso
Hazra, Sj. Amrita Lal
Hembram, Sj. Kamala Kanta
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Prabir Chandra
Jha, Sj. Pashu Pati
Kar, Sj. Sasadhar
Karan, Sj, Koustuv Kanti
Kazim Ali Meerza, Janab
Lahiri, Sj. Jitendra Nath
Let, Sj. Panchanon
Maiti, Sj. Pulin Behari
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Nishapati
Mal, Sj. Basanta Kumar
Maliah, Sj. Pashupatinath
Mandal, Sj. Annada Prasad
Mandal, Sj. Umesh Chandra
Massey, Mr. Reginald Arthur
Maziruddin Ahmed, Janab
Mitra, Sj. Sankar Prasad
Modak, Sj. Niranjan
Mohammad Hossain, Dr.
Mohammad Mumtaz, Maulana.
Mohammed Israil, Janab
Mojumder, Sj. Jagannath
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Mondal, Sj. Sudhir
Monj, Sj. Dintaran
Mookerjee, Sj. Naresh Nath
Mukherji, Sj. Dhirendra Narayan
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Ananda Gopal
Mukherjee, Sj. Shambhu Charan
Mukherji, The Hon'ble Ajoy Kumar
Mukherji, Sj. Pijush Kanti
Mukhopadhyay, Sjkta. Purabi
Mukhopadhyaya, Sj. Phanindranath
Munda, Sj. Antoni Topno
Murarka, Sj. Basant Lall
Murmu, Sj. Jadu Nath
Naskar, The Hon'ble Hemohandra
Panigrahi, Sj. Basanta Kumar
Panja, The Hon'ble Jadabendra Nath
Poddar, Sj. Anandilall
(*i*) that on the 2nd August, 1955, the police carried on extensive house-to-house search at the village Intamgora under Mahishadal police-station of Midnapur district;

(*ii*) that on the same day and from the same village the police arrested 19 persons including 2 women and 3 children; and

(*iii*) that at the time of search police resorted to beating?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) what are the reasons for the house search and arrests;

(*ii*) whether people of the locality have become panicky as a result of the police action; and

(*iii*) if so, what action, if any, has been taken to remove the panic?

Chief Minister and Minister-in-charge of the Home Department (the Hon'ble Dr. Bidhan Chandra Roy): (*a*)(*i*) The search was made on the 1st August and not on the 2nd.

(*ii*) Nineteen accused persons, including 2 women, were arrested. The 3 children referred to were not arrested, but they were allowed to be taken to jail by their mother (one arrested accused) on her own insistence.

(*iii*) and (*b*)(*ii*) No.

(*b*)(*i*) House search and arrests were made in connection with the Mahishadal P.S. case No. 9, dated the 21st July, 1955, under sections 147/379, I.P.C.

(*iii*) Does not arise.

Sj. Kanai Lal Bhowmick:

এই সার্চটা কি রাত্রিতে করা হয়েছিল?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

না, সকালে।

One Shri Mihir Lal Kar acquired some land for having it cultivated by engaging labourers. On the 21st July, 1955, when the labourers were cultivating the land about 70 or 80 persons, including 30 or 40 women, armed with *lathi* and broomstick entered forcibly into the land, unyoking the cattle from the plough, took away the plough and drove the labourers away after assaulting them, because persons were excited by the workers

of the local Kishan Samiti and the C.P.I. On the complaint of Sj. Mihir Lal Kar to the above effect the Mahisadal P.S. Case No. 9, dated 21st July 1955, under sections 147 and 379, was started in connection with this specific case that houses of 41 members were simultaneously searched in the early hours of 1st August, 1955. The search was supervised by the Circle Inspector, Mahisadal and the party consisted of O/C, Mahisadal, several officers and 42 constables. Actually the search commenced from 5 hours in the morning.

[Interruptions.]

Mr. Speaker:

আপনারা যদি এসব না জানতে চান তাহ'লে ওঁকে বসতে বলবো।

If there are interruptions the Chief Minister's statement could not be heard.

[Interruptions.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I sit down then.

Sj. Kanai Lal Bhowmick:

এই যে সার্চ করা হয়েছিল, কতগুলি বাড়ী সার্চ করা হয়েছিল, হাউস টু হাউস?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

জানি না।

I want notice.

Sj. Kanai Lal Bhowmick:

এই যে সার্চ করা হয়েছিল, কেস করা হয়েছিল, তা কি কোন দরখাস্ত করার ফলে করা হয়েছে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I want notice.

Sj. Kanai Lal Bhowmick:

এই যে চাষী চাষ করছিল বলেছেন, সেই চাষী ঐ জমির ভাগচাষী কিনা, বা সেই চাষী কে এপয়েন্ট করেছিল?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I want notice.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Sir, the Chief Minister is replying sitting all the time and that is how the dignity of the House is being maintained.

Sj. Kanai Lal Bhowmick:

এই যে ১৯ জনকে গ্রেপ্তার করা হয়েছে এরা সবাই আসামী ছিল কিনা?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: That is the report.

Sj. Kanai Lal Bhowmick:

এই যে দুইজন মহিলাকে গ্রেপ্তার করা হয়েছে, গ্রেপ্তার করার সময় এদের উপর মারধোর করা হয়েছিল কিনা আপনি জানেন কি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: That is not right.

Sj. Kanai Lal Bhowmick:

তিনজন ছেলেকে যে ধরে নিয়ে যাওয়া হয়েছে, তাদের ইচ্ছাক্রমে, যা এখানে উনি বলেছেন, তার একজনকে মাটিতে আছড়ে ফেলে দেওয়া হয়েছিল কিনা?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have no information.

Sj. Kanai Lal Bhowmick:

এই যে কেস করা হয়েছে এ জায়গায় ব্যবসায়ীদের অন্যায়ভাবে উচ্ছেদ করার জন্য, এই কেস মিথ্যা করে আনা হয়েছে জানেন কিনা?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I do not know.

[3-20—3-30 p.m.]

Sj. Jyoti Basu: With respect to that long statement half of which was read out, what are the names of the C.P.I. members who incited the people?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have not got the list here.

Sj. Jyoti Basu: Who has given this report?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: My officers.

Sj. Jyoti Basu: Who are these officers?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I cannot give you the names.

Sj. Jyoti Basu: Why not?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I do not know the names.

Sj. Jyoti Basu: Is it the report of the police officer who beat up these people?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: No police officer beat any of the people.

Sj. Kanai Lal Bhowmick:

এই যে তিনজন ছেলেকে জেলখানায় নেওয়া হয়েছে এদের জন্য কোন বিশেষ ব্যবস্থা কি করা হয়েছে জেলখানায়?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: They were taken in at the request of one of the women and it was said that they were taken in because they would be better fed in jail.

Sj. Kanai Lal Bhowmick:

এই ছেলেদের বয়স কত ছিল?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I think one was one year old; another 6 years old; and the third one 3 years old.

Sj. Jyoti Basu: Is it a fact that all underfed children are sent to jail for better feeding?

Mr. Speaker: That does not arise. It is a general question.

Dr. Narayan Chandra Ray: Are such requests usually made?

Mr. Speaker: That is not a supplementary question; that is general question.

Sj. Saroj Roy:

এই যে সেকশন ৩৭৯ এবং ১৪৭এ এ্যারেষ্ট করা হয়েছে সরকার কি কোন খোঁজ নিয়েছিলেন, তারা চুরি করেছিল কিনা?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: The case is *sub judice* and I do not know about the different sections of the Penal Code.

Sj. Saroj Roy:

মন্ত্রী মহাশয়ের কাছে এমন কি সংবাদ আছে যে, পয়লা এপ্রিলের শেষ রাত্রে যখন সেখানে এ্যারেষ্ট করা হয় তখন জনৈক মহিলার প্রতি অত্যন্ত অপমানজনক ব্যবহার করা হয়, যার ফলে গ্রামবাসীরা............

Mr. Speaker: That does not arise.

Sj. Saroj Roy:

মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে এমন কি কোন সংবাদ আছে যে, সেখানে একজন মহিলাকে অপমান করা হয়েছিল?

Mr. Speaker: That is *sub judice* and no information can be given, he has said.

Use of machines in conch-shell and other cottage industries

***168. Sj. Madan Mohon Khan:** Will the Hon'ble Minister-in-charge of the Cottage and Small-Scale Industries Department be pleased to state—

(ক) মেসিন দ্বারা শংখ কাটাই হইতেছে সরকার জানেন কি;

(খ) শংখশিল্পে ও অন্যান্য হস্তচালিত কুটীরশিল্পে মেসিন চালু করা সম্বন্ধে সরকার কিরূপ নীতি অবলম্বন করিয়াছেন;

(গ) ইহা কি সত্য যে, হাওড়া জেলার শংখশিল্পে নিযুক্ত বহু শ্রমিক মেসিন আমদানীর ফলে কর্মচ্যুত হইয়াছেন;

(ঘ) শিল্পীদের মধ্যে কাঁচা মাল সস্তা দরে সরবরাহ করার প্রয়োজনীয়তা সরকার বিবেচনা করেন কিনা;

(ঙ) উৎপন্ন মালের বিক্রয়ের ব্যবস্থা সরকার কিরূপ করিয়াছেন; এবং

(চ) শ্রমিকগণের স্বার্থে সরকার মেসিন চালু বন্ধ করার কথা বিবেচনা করেন কিনা?

Minister-in-charge of the Cottage and Small-Scale Industries Department (the Hon'ble Jadabendra Nath Panja):

(ক) হ্যাঁ।

(খ) মেসিন চালু বন্ধ করা সম্বন্ধে রাজ্য সরকারের কোন আইনগত ক্ষমতা না থাকায় রাজ্য সরকার সে সম্বন্ধে কোন নীতি এ পর্যন্ত অবলম্বন করিতে পারেন নাই।

(গ) না।

(ঘ) হ্যাঁ, এ-বিষয়ে সরকার যথেষ্ট চেষ্টা করিতেছেন।

(ঙ) উৎপন্ন মাল বিক্রয়ের সম্বন্ধে নূতন কিছু ব্যবস্থা অবলম্বনের প্রয়োজনীয়তা সরকার অনুভব করেন নাই, উহা প্রচলিত ব্যবস্থার মতই চলিতেছে।

(চ) দ্বিতীয় প্রশ্নের উত্তরেই বলা হইয়াছে যে, মেসিন চালু বন্ধ করা রাজ্য সরকারের ক্ষমতার মধ্যে পড়ে না।

Sj. Madan Mohon Khan:

শংখের মেসিন বন্ধ করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে কোন দরখাস্ত করা হয়েছিল কিনা?

The Hon'ble Jadabendra Nath Panja:

না।

Sj. Madan Mohon Khan:

এই আইন কি আপনারা করবেন?

The Hon'ble Jadabendra Nath Panja:

না।

Sj. Madan Mohon Khan:

কে করবে তাহলে?

The Hon'ble Jadabendra Nath Panja:

কেন্দ্রীয় সরকার করবে।

Sj. Madan Mohon Khan:

তাহলে কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন করেছেন কি?

The Hon'ble Jadabendra Nath Panja:

আবেদন করার মত ব্যাপকভাবে এই মেসিন চালু হয়নি।

Sj. Madan Mohon Khan:

কয়টা চালু হয়েছে জানেন কি?

The Hon'ble Jadabendra Nath Panja:

তিন-চারটি হবে।

Sj. Madan Mohon Khan:

কতগুলি লোক বেকার হয়েছে?

The Hon'ble Jadabendra Nath Panja:

সে সংবাদ জানা নাই, ৫।৬ জনের বেশী হবে না।

Sj. Biren Banerjee:

আপনি, (ঘ) প্রশ্নে ছিল, শিল্পীদের মধ্যে কাঁচামাল সস্তাদরে সরবরাহ করার প্রয়োজনীয়তা বিবেচনা করেন কিনা, তদুত্তরে বলেছেন -হ্যাঁ, এই বিষয়ে সরকার যথেষ্ট চেষ্টা করিতেছেন। চেষ্টার ফল কি হয়েছে?

The Hon'ble Jadabendra Nath Panja:

সর্বপ্রথম মাদ্রাজ অঞ্চল থেকে সরকার চেষ্টা ক'রে কিছু শঙ্খ আনার ব্যবস্থা করেছেন। তারপর সিলোন থেকে শঙ্খ আনা ব্যান্ড্ ছিল, কেন্দ্রীয় সরকারের নিকট লেখার ফলে সেন্ট্রাল গভর্নমেন্ট তিন লক্ষ টাকার শঙ্খ ওখান থেকে আনবার অনুমতি দিয়েছেন।

Sj. Biren Banerjee:

তিন লক্ষ টাকায় শঙ্খ ব্যবসায়ীরা ইন্‌ডিভিজুয়েলি আনবে, না, সরকার আনবে?

The Hon'ble Jadabendra Nath Panja:

সরকার আনবে।

Sj. Madan Mohon Khan:

ছয়জন করে মেসিনে বেকার হয়েছে, তাদের কাজ দেবার কোন ব্যবস্থা করেছেন কি?

The Hon'ble Jadabendra Nath Panja:

এমন কোন সংবাদ নাই যে, লোক বেকার হয়ে পড়ছে।

Sj. Madan Mohon Khan:

তারা যদি আবেদন করে তাহলে কাজ দেবেন কি?

Mr. Speaker: That is a hypothetical question.

Preservation of the memorial of Raja Ram Mohan Roy

***169. Sj. Madan Mohon Saha:** Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to state—

(ক) স্বর্গীয় রাজা রাম মোহন রায়ের স্মৃতিরক্ষার জন্য সরকার কোনরূপ ব্যবস্থা অবলম্বন করিয়াছেন কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হাঁ হয়, মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক বলিবেন কি—

(১) এই বিষয়ে কিরূপ ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে,

(২) এই স্মৃতিরক্ষার জন্য সরকারের কোন কমিটি গঠনের পরিকল্পনা আছে কিনা,

(৩) স্বর্গীয় রাজার পল্লীভবন ক্রয় করিবার জন্য সরকার কোন পরিকল্পনা করিয়াছেন কিনা,

(৪) সরকার কি অবগত আছেন যে, হুগলী জেলাবোর্ড এই সম্পর্কে কোনরূপ ব্যবস্থা অবলম্বন করিয়াছিলেন,

(৫) অবগত থাকিলে, তাহা কিরূপ, এবং

(৬) তাঁহার স্মৃতিসৌধ সংস্কারাভাবে নষ্ট হইয়া যাইতেছে, ইহা কি সত্য?

Deputy Minister for the Publicity and Public Relations Branch of the Home Department (Sj. Gopika Bilas Sen Gupta):

(ক) ও (খ) (১) হইতে (৩) স্মৃতিরক্ষার জন্য এখনও কোনও কাজ আরম্ভ করা হয় নাই, তবে কিরূপে স্মৃতিসৌধটির সুব্যবস্থা করা যায়, সরকার তাহা চিন্তা করিয়া দেখিতেছেন। সরকারের যে National Extension Service Scheme রহিয়াছে তদনুসারে উক্ত স্মৃতিসৌধটি একটি Social Education Centre-এ পরিণত হইবার সম্ভাবনা রহিয়াছে। Social Education Centre প্রতিষ্ঠা সরকারের একটি অনুমোদিত পরিকল্পনা এবং তদনুসারে Library, Adult Education Centre, Community Listening Centre, Folk Entertainment ইত্যাদি ঐ স্মৃতিসৌধে প্রতিষ্ঠিত করা যায়। সমগ্র বিষয়টি এখনও সরকারের বিবেচনাধীন আছে।

(৪) হইতে (৬) ১৯৪৪ সাল হইতে হুগলী জেলাবোর্ড উক্ত স্মৃতিসৌধটির সাময়িক মেরামত কার্যাদি করিয়া আসিতেছেন। সম্প্রতি আর্থিক অসচ্ছলতাবশতঃ উক্ত বোর্ড স্মৃতিসৌধটির ভার সরকার যাহাতে গ্রহণ করেন এই মর্মে হুগলী জেলা ম্যাজিস্ট্রেটের নিকট অনুরোধ করিয়াছেন। উপযুক্ত মেরামতাদি না হইলে, স্মৃতিসৌধটি নষ্ট হইবার সম্ভাবনা রহিয়াছে।

Sj. Madan Mohon Saha:

এই যে (৪) হইতে (৬)এর উত্তরে বলেছেন ১৯৪৪ সাল থেকে হুগলী জেলা বোর্ড উক্ত স্মৃতিসৌধটি সাময়িক মেরামত কার্যাদি ক'রে আসছেন, আজ পর্যন্ত কত টাকা দিয়েছেন?

Mr. Speaker:

হুগলী জেলা বোর্ডের খবর গভর্নমেন্ট কি ক'রে দিতে পারে?

Sj. Madan Mohon Saha:

সরকার কি অবগত আছেন যে, হুগলী জেলা বোর্ডের হাতে ১৯৪৪ সালের এপ্রিল মাসে স্বর্গীয় যতীন্দ্রনাথ বসু ৫৮ একর জমি এই স্মৃতিসৌধের জন্য দান করেছিলেন?

Sj. Gopika Bilas Sen Gupta:

আমি পজিশনটা ব'লে দিচ্ছি।

The position is this. The ancestral home of Raja Rammohan Roy in village Radhanagar, police-station Khanakul, where he was born, was completely dilapidated. A Committee was formed in Calcutta some time during 1931-32 called the Raja Rammohan Roy Memorial Committee with Maharaja Pradyot Kumar Tagore as the Chairman and Sj. Jatindra Nath Basu, a well-known solicitor of Calcutta, as the Secretary. This Committee purchased the ancestral home of Raja Rammohan Roy and erected a hall in his memorial on the site of the original house at a cost of Rs. 45,000. The Committee, however, did not follow up the scheme for the preservation of the memorial of the Raja, although the construction of the Hall was completed. There is no information as to what the scheme of the Committee was and how the Committee proposed to utilise the structure in an inaccessible and depopulated village like Radhanagar. In the meantime the contractor who built the memorial hall brought a suit against the Committee as he could not realise the balance of his dues for the construction of the hall and put the memorial hall to auction. Shri J. N. Basu, the Solicitor-Secretary of the Committee, purchased the property in order to save it from the clutches of the auction-purchaser and subsequently when the Memorial Committee ceased to function Shrijut Basu handed over the memorial hall to the District Board for its proper maintenance. The District Board have been maintaining the hall for some time and thereafter wrote to the District Magistrate asking him to take over the memorial hall for management and maintenance by Government on the ground that the District Board had no funds to do the same.

[3-30—3-40 p.m.]

Dr. Ranendra Nath Sen:

আমার প্রশ্ন হচ্ছে, এই স্মৃতিসৌধটি কোথায় নির্মাণ করবার কথা সরকার বিবেচনা করছেন ?

Sj. Gopika Bilas Sen Gupta:

ওই মেমোরিয়াল হলে।

Dr. Ranendra Nath Sen:

এটা কি খানাকুল কৃষ্ণনগরে ?

Sj. Gopika Bilas Sen Gupta:

হ্যাঁ।

Mr. Speaker:

মেমোরিয়াল যেখানে আছে, সেইখানে প্রিজার্ভ করার কথা বলছেন।

Dr. Ranendra Nath Sen:

কিন্তু আমার প্রশ্ন কলকাতায় কোন স্মৃতিরক্ষার ব্যবস্থা অবলম্বন করছেন কিনা।

Sj. Gopika Bilas Sen Gupta:

ওইতো বললাম হুগলীতে।

Dr. Ranendra Nath Sen:

হুগলীর কথা বাদ দিন। আমি জিজ্ঞাসা করছি, রাজা রামমোহনের মহত্ত্ব এবং মনীষার কথা চিন্তা করে পশ্চিমবাংলা সরকার কলকাতা শহরে কোন স্মৃতিরক্ষার ব্যবস্থা করছেন কিনা ?

Sj. Gopika Bilas Sen Gupta:

এটা বিবেচনাধীন।

Sj. Bankim Mukherji:

জেলা ম্যাজিস্ট্রেট এই চিঠি কবে পাঠিয়েছেন?

Sj. Gopika Bilas Sen Gupta:

নোটিস চাই।

Sj. Bankim Mukherji:

চিঠিটাতে কি তারিখ দেওয়া নেই? গভর্নমেন্টের কাছে রিপোর্ট লিখেছেন তো?

Sj. Gopika Bilas Sen Gupta:

আমরা যা করছি তা তো এখানে লিখেই দিয়েছি। সেখানে ন্যাশানাল এক্সটেনশান সার্ভিস স্কীম অনুসারে লাইব্রেরী, এডাল্ট এডুকেশন সেন্টার, ফোক এনটারটেনমেন্ট, এই সমস্ত কাজ করবার কথা কন্সিডার করবেন।

Sj. Bankim Mukherji:

চিঠিটা সরকার কোন্ ডেটে পেয়েছেন?

Sj. Gopika Bilas Sen Gupta:

বলেছি তো নোটিস চাই।

Sj. Bankim Mukherji:

স্মৃতিসৌধ নষ্ট হয়ে যাচ্ছে এই রিপোর্ট সরকার পেয়েছেন। এর পরে কি ব্যবস্থা তাঁরা করছেন?

Sj. Gopika Bilas Sen Gupta:

নষ্ট হবার পূর্বেই যাতে ওই পরিকল্পনা কার্যকরী করা হয় সরকার সেই চেষ্টা করছেন।

Sj. Monoranjan Hazra:

ন্যাশানাল এক্সটেনশান সার্ভিসের আওতায় নিয়ে যাবার সম্ভাবনার কথা বলে এখানে এড়িয়ে যাবার মত একটা চেষ্টা রয়েছে। কবে এটা হবে সঠিক বলতে পারেন কি?

Sj. Gopika Bilas Sen Gupta:

যাতে তাড়াতাড়ি হয় চেষ্টা করছি।

Sj. Madan Mohon Saha:

এখানে বলা হয়েছে হুগলী জেলাবোর্ড অর্থাভাববশতঃ মেরামত করতে পারছেন না, কিন্তু ওই স্মৃতিসৌধ রক্ষার জন্যে যে ১৮ হাজার টাকার সম্পত্তি দান করেছিল তা থেকে যা আয়.........

Mr. Speaker:

সেটা কোথায় পাচ্ছেন, যেটা কনডিশানাল।

Sj. Gopika Bilas Sen Gupta:

সেরকম রিপোর্ট আমার কাছে নেই।

Sj. Madan Mohon Saha:

মন্ত্রীমহাশয় কি অবগত আছেন যে, রাজা রামমোহন রায়ের বসতবাড়ী, বাগানবাড়ী মোট ৯ হাজার টাকায় ১২৬, হ্যারিসন রোডের শ্রীনন্দজী চুরিওয়ালার কাছে বিক্রী হয়?

Sj. Gopika Bilas Sen Gupta:

আপনি তো সবই জানেন, আবার জিজ্ঞাসা করছেন কেন?

Sj. Bankim Mukherji:

নতুন শাসনতন্ত্র চালু হবার পর ৫-৬ বছর কেটে গেছে। "ফাদার অব দি নেশন" রাজা রামমোহন রায়ের স্মৃতিরক্ষার কথা সরকার এতদিন পরে চিন্তা করলেন কেন?

Sj. Gopika Bilas Sen Gupta:

প্রথম থেকেই ভাবা হয়েছে।

Sj. Bankim Mukherji:

যে চিঠি পড়লেন তাতে শ্রদ্ধেয় শ্রীযতীন্দ্রমোহন বসু মহাশয়ের পরিচয় দেওয়া হয়েছে well-known solicitor যেন এইটেই তাঁর বড় পরিচয়। এভাবে অফিসাররা যেন তার পরিচয় উপস্থিত না করেন।

Sj. Gopika Bilas Sen Gupta:

স্টেটমেণ্টে যা আছে তাই পড়েছি।

Sj. Monoranjan Hazra:

মাননীয় মন্ত্রীমহাশয় এখানে হুগলী জেলা বোর্ডের আর্থিক অসচ্ছলতার কথা বলেছেন। তিনি কি জানেন দুই মাস আগে ৪½ পারসেন্ট ইন্টারেষ্ট... ......

Mr. Speaker: That question does not arise out of this.

Sj. Narendra Nath Ghosh:

আচ্ছা রাধানগরে যে রাজা রামমোহনের পল্লীভবন নেই মন্ত্রীমহাশয় জানেন কি?

Mr. Speaker: That question does not arise out of this question.

Sj. Gopika Bilas Sen Gupta:

না, জানি না।

Sj. Saroj Roy:

সম্প্রতি পল্লীভবন বিক্রী হয়ে যাওয়ার জন্য স্থানীয় লোকেরা আন্দোলন করে এবং মহকুমা ম্যাজিষ্ট্রেট ১৪৪ ধারা জারী করে ধরপাকড় করেন জানেন কি?

Mr. Speaker: That question does not arise out of this question.

Sj. Saroj Roy:

জনৈক মাড়োয়ারী ওই সম্পত্তি ৫০ হাজার টাকায় কিনেছে এটা কি সরকারের জানা আছে?

Mr. Speaker: I have disallowed your supplementary as irrelevant.

Sj. Saroj Roy:

এটা রাধানগরের কথা, কলকাতার কথা নয়। হুগলীর বাড়ীটা এক মাড়োয়ারী কিনেছে জানেন কি?

Sj. Gopika Bilas Sen Gupta:

না, আমার জানা নেই।

Scarcity of drinking water in some unions of Midnapore and Keshpore police-stations.

***170. Sj. Gangapada Kuar:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Public Health Department be pleased to state whether the Government is aware that—

(*i*) there is scarcity of drinking water facilities in the villages under Union Nos. 7 and 8 of Midnapore police-station and Union Nos. 12, 13, 14, 15 and 16 of Keshpore police-station—all lying in the spill areas of the Cossye; and

(*ii*) many villages cannot afford to take the advantage of Government-sponsored Drinking Water Scheme under Local Development Project due mainly to their grave financial stringency?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state whether Government consider the desirability of sanctioning free tube-wells and masonry wells in those areas as a part of relief measure?

Minister of State in charge of the Medical and Public Health Department (the Hon'ble Dr. Amulyadhan Mukharji): (*a*)(*i*) Acute scarcity of drinking water except in Union No. 7 of Midnapore police-station does not prevail.

(*ii*) Not many villages but some cannot take advantage of projects under the Local Development Scheme due to their inability to pay requisite contribution.

(*b*) Does not arise.

Sj. Gangapada Kuar:

মন্ত্রী মহাশয় প্রথম প্রশ্নের জবাবে বলেছেন—

"acute scarcity of drinking water except in Union No. 7"

আপনি কি তথ্যের ভিত্তিতে অন্যান্য ইউনিয়নে জলকষ্ট নেই সিদ্ধান্ত করলেন?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: In Union No. 7 there is a population of 5,213. There are nine existing sources which cater to them—one source for 579 persons. The other tube-wells in the area serve for a population of 400 and less. That is why I have mentioned this.

Sj. Gangapada Kuar:

ওই ইউনিয়ন নং ৭এ যাতে "একিউট স্কেয়ারসিটি অব ড্রিংকিং ওয়াটার" দূর হয় তার জন্যে কি ব্যবস্থা করেছেন?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

খালি ইউনিয়ন নং ৭এ নয়, অল ওভার দি স্টেট যাতে ওয়াটার স্কেয়ারসিটি দূর হয় সেই চেষ্টা হচ্ছে।

Sj. Gangapada Kuar:

আপনি (এ) (টু আই)তে বলেছেন—

"Not many villages but some cannot take advantage of projects under the Local Development Scheme due to their inability to pay requisite contribution."

এখন বলছেন "সাম ক্যান্ট টেক এডভান্টেজ"। ঠিক কতগুলি সংখ্যা দিতে পারেন কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

গতবারে লোকাল ডেভেলপমেন্ট স্কীমে ৫০ পারসেন্ট লোকাল কনট্রিবিউশন দিলে শুধু ওয়াটার সাপ্লাই নয়, অন্যান্য ডেভেলপমেন্ট ওয়ার্কও করা হয়েছে। অনেক জায়গায় সাফিসিয়েন্ট রেসপন্স পাওয়া গেছে। "রিমুভাল অফ ওয়াটার স্কেয়ারসিটি" তার মধ্যে অন্যতম। খুব ডিসট্রেসড্ এরিয়া হ'লে ফ্রি দেবার ব্যবস্থা হয়েছে।

Sj. Gangapada Kuar:

আপনি স্বীকার করছেন কতকগুলি গ্রাম কনট্রিবিউশন দিতে পারছে না। যাতে তাদের কনট্রিবিউশন না দিলেও টিউব-ওয়েল হয় তার কি ব্যবস্থা করছেন?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

এর জবাব আগেই তো দিয়েছি।

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: The question was about "scarcity of drinking water" but the Minister in his answer has said "acute scarcity of drinking water". Will he please distinguish what he means by "acute scarcity" as against "scarcity"?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: I think the questioner is learned enough to understand the implication of both the terms.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Because I could not, that is why I wanted to do so.

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Please help yourself

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: You won't answer that?

[No reply.]

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Now, Sir, he admits that some of the villagers because of their inability cannot take advantage of the project and a suggestion was made whether free tube-wells and masonry wells in those areas could be sanctioned by the Government free of cost. The answer is "does not arise". We want to know from the Minister as to whether he does not like these things to be done at all or he has not the means to do at the present moment.

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: I have already said that wherever distressed conditions prevail, on the recommendation of the local officers steps have been taken to sink tube-wells or provide masonry wells where people cannot afford to pay. But their number is not very large.

[3-40—3-50 p.m.]

Sj. Sudhir Chandra Das:

আপনি এই যে উত্তর দিয়েছেন, (এ) (আই)তে যে মেদিনীপুরের ৭ নম্বর ইউনিয়ন ছাড়া আর অন্যান্য ইউনিয়নে একিউট স্কেয়ারসিটি অফ্ ড্রিংকিং ওয়াটার নাই, তাহলে ১২, ১৩, ১৬ নম্বর এবং কেশপুর থানার ৮ নম্বর ইউনিয়নে জল সরবরাহের কি ব্যবস্থা আছে, সেটা জানাবেন কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

কেশপুর ১২ নম্বরে ১৪টি টিউব-ওয়েল ৩৪৯ লোক ব্যবহার করেন; ১৩ নম্বরে ১৫টি টিউব-ওয়েল ৪৬০ জন ব্যবহার করেন; ১৪ নম্বরে ১৬টি টিউব-ওয়েল ৩১২ জন লোকে ব্যবহার করেন; ১৫ নম্বরে ১২টি সোর্স ৪০০ জন লোক ব্যবহার করেন এবং ১৬ নম্বরে ১৭টি টিউব-ওয়েল ৩৩০ জন লোক ব্যবহার করেন।

Sj. Gangapada Kuar:

কত জনসংখ্যার ভিত্তিতে একটি করে টিউব-ওয়েল দেওয়া হয়ে থাকে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

চারশো জন লোককে একটি করে সোর্স দেওয়ার ব্যবস্থা আছে।

Dr. Jatish Ghosh:

এই যে টিউব-ওয়েলের কথা যা বলেছেন—এ কি পাবলিক হেল্‌থ ডিপার্টমেন্ট থেকে হয়েছে, না, লোক্যাল ডেভেলপমেণ্ট বোর্ড থেকে হয়েছে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

ডিপার্টমেণ্টের তথ্য থেকে দেখছি—পাবলিক হেল্‌থ ইঞ্জিনীয়ারিং ডিপার্টমেণ্ট থেকে করা হয়।

Dr. Jatish Ghosh:

এটা জানেন, পাবলিক হেল্‌থ ডিপার্টমেণ্টে কোন টাকা জমা না দিতে পারলেও সেখান থেকে দেবার প্রভিশন আছে, কিন্তু লোকাল ডেভেলপমেণ্ট থেকে দেবার ব্যবস্থা নাই; এখন যে সমস্ত দুস্থ গ্রামে স্কেয়ারসিটি অফ ওয়াটার আছে, অথচ তারা প্রয়োজনীয় টাকা জমা দিতে অক্ষম, তাহলে সেখানে ঐ ডেভেলপমেণ্ট স্কীম থেকে দেবার পারমিশন দেবেন কি?

Mr. Speaker: That is a big hypothetical question and need not be answered.

Dr. Jatish Ghosh:

না, স্যার।

Mr. Speaker:

ওরকম প্রশ্ন হয় না।

Dr. Jatish Ghosh:

যেখানে তারা টাকা জমা দিতে পারবে না সেখানে তাহলে বিনা পয়সায় দিবেন কি?

Mr. Speaker: This is also a hypothetical question

Dr. Jatish Ghosh:

কেমন করে তা হয়?

Mr. Speaker: I hold it is hypothetical.

Dr. Jatish Ghosh: If you hold it is hypothetical, I have nothing to say.

কিন্তু উনি তো এ সম্বন্ধে বলেছেন।

He has already admitted. If you kindly just go through the answer you will have it.

Mr. Speaker: Put a straight question.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: The Minister-in-charge has given a list of tube-wells. Will he please tell how many of them are in actual working order?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: All of them are in working order.

Sj. Gangapada Kuar:

জলাভাবগ্রস্ত এবং লোকাল কনট্রিবিউশন দিতে অক্ষম এইরকম গ্রামে লোকাল ডেভেলপমেণ্ট স্কীমের মারফতে ফ্রি টিউব-ওয়েল দেবার প্রভিশন আছে কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

ও তো বলা হয়েছে, আর কেন?

Failure of crops due to drought in Narayangarh and Keshiari police-stations, district Midnapore

***171. Sj. Surendra Nath Pramanik:** Will the Hon'ble Minister-in-charge of Agriculture Department be pleased to state—

মেদিনীপুর জেলার নারায়ণগড় ও কেশিয়াড়ী থানায় এই বৎসর (১৩৬১-৬২) অনাবৃষ্টির জন্য কি পরিমাণ শস্যহানি হইয়াছে?

Minister-in-charge of the Agriculture and Animal Husbandry Department (the Hon'ble Dr. Rafiuddin Ahmed):

একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to starred question No. 171

নারায়ণগড় থানা

ফসলের নাম।		কি পরিমাণ জমি ক্ষতিগ্রস্ত হইয়াছে। (একরে।)	ক্ষতিগ্রস্ত শস্যের আনুমানিক পরিমাণ। (মণে।)
পাট	..	১০	১০
আউশ ধান	..	১২	২৪
আমন ধান	..	৫০০	৫০০
অন্যান্য শস্য	..	৩০	৬০

কেশিয়াড়ী থানা

পাট	..	৬০	৯০
আউশ ধান	..	১০০	২০০
আমন ধান	..	৩০০	৩০০
অন্যান্য শস্য	..	৪০	৮০

Sj. Mrigendra Bhattacharjya:

মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর রিপোর্টে বলেছেন—৫০০ একর জমিতে ৫০০ মণ আমন ধানের ক্ষতি হয়েছে, তাহলে আমন ধান কি এখানে সব উঠে গেছে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

তালিকায় তো দেওয়া আছে।

Sj. Mrigendra Bhattacharjya:

পাঁচশো একর জমিতে পাঁচশো মণ ধানের ক্ষতি হয়েছে, তাহলে বলবেন কি বাংলাদেশে বিঘাপ্রতি কত মণ ফলন হয়?

Mr. Speaker: It is a matter of calculation.

Sj. Bankim Mukherji:

কোন্ ডিপার্টমেন্ট এই সূক্ষ্ম স্ট্যাটিসটিক দিয়েছেন যে, নারায়ণগড় থানায় দশ একর জমির ১০ মণ পাট ক্ষতিগ্রস্ত হয়েছে?

Mr. Speaker: That is not a supplementary question.

Sj. Sudhir Chandra Das:

এই যে আপনি বলেছেন, আমন ধান পাঁচশো একরে পাঁচশো মণ অর্থাৎ একরে এক মণ করে ক্ষতি হয়েছে, এইটা আপনি প্রকাশ করছেন কি?

Mr. Speaker: That is a matter of calculation.

Sj. Sudhir Chandra Das:

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি যে, ঐ একরে এক মণ নয় সেখানে শতকরা ৬০ ভাগ ফসলের ক্ষতি হয়েছে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

আমি জানি না।

Sj. Provash Chandra Roy:

এই তথ্য আপনি কোন্ ডিপার্টমেন্ট থেকে সংগ্রহ করেছেন?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

এগ্রিকালচারাল অফিসারদের কাছ থেকে।

Recurrence of floods in North Bengal districts in 1955

***172. Sj. Ganesh Ghosh:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Relief Department be pleased to state whether there has been a recurrence of floods in North Bengal districts this year (1955)?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state what steps Government have taken this year for relief to the flood-affected people of those areas?

Minister-in-charge of the Food, Relief and Supplies Department (the Hon'ble Prafulla Chandra Sen): (*a*) Yes.

(*b*) A statement is laid on the Table.

Statement referred to in reply to clause (b) of starred question No. 172

Name of the district.	Allotment sanctioned.		Rs.
(1) Jalpaiguri ..	Free house building grants ..		35,000
	Relief in cash		5,000
	Clothings—		
	Dhuties ..	125 prs.	
	Sarees ..	125 prs.	
	Garments ..	500 pcs.	
	Tents ..	100.	
(2) Cooch Behar ..	Grain relief in cash ..		3,500
	Clothings—		
	Duties ..	125 prs.	
	Sarees ..	125 prs.	
	Garments ..	500 pcs.	
	Tent ..	50.	
(3) Darjeeling ..	Free house building grants ..		1,500
	Tents ..	21.	
(4) Malda ..	Relief in cash		10,000
	Tents ..	25.	
	Cloths ..	300 pcs.	
	Garments ..	300 pcs.	
	Milk ..	Some quantity of milk has also been distributed.	

Sj. Canesh Chosh: Will the Minister-in-charge kindly let us know as to how many families and houses have been affected in the districts of Jalpaiguri and Cooch Behar?

The Hon'ble Prafulla Chandra Sen: I may tell the honourable member that detailed assessment of damages is being collected.

Sj. Canesh Chosh: Can you give us an idea as to how much money each family might get out of the fund allotted for repair of houses?

The Hon'ble Prafulla Chandra Sen: That is a hypothetical question. I cannot say how much money each family will get.

Sj. Canesh Chosh: Were there any damages in West Dinajpur district?

The Hon'ble Prafulla Chandra Sen: This question relates to North Bengal districts.

Sj. Canesh Chosh: Can you give us an idea?

The Hon'ble Prafulla Chandra Sen: Put a separate question and I shall certainly give the answer.

Sj. Canesh Chosh: Was there any damage of houses in Malda?

The Hon'ble Prafulla Chandra Sen: As I said, detailed assessment has not yet been made.

Sj. Canesh Chosh: Is there any report that there were no damages in Malda district with regard to houses?

The Hon'ble Prafulla Chandra Sen: Floods in West Dinajpur district occurred after this question was answered.

Sj. Canesh Chosh: Was there no damage to houses in the district of Malda?

The Hon'ble Prafulla Chandra Sen: Some damage there was.

Sj. Canesh Chosh: Why no money has been allotted for house-building?

The Hon'ble Prafulla Chandra Sen: With your permission, Sir, I may give the honourable members the latest information. In Jalpaiguri district free house-building grants sent up-to-date amount to Rs. 50,000 and gratuitous relief in cash—it is not grain relief, it is a printing mistake —Rs. 5,000 and we have sent Rs. 25,000 for fodder and Rs. 6,500 as grant for purchase of seeds and seedlings. In Cooch Behar we have given gratuitous relief up-to-date Rs. 13,500 instead of Rs. 3,500, as has been mentioned in the printed answer, and we have sent Rs. 50,000 for purchase of fodder and for seeds and seedlings Rs. 30,000 has been granted. For house-building in Cooch Behar district Rs. 25,000 has already been sanctioned and an allotment of Rs. 1 lakh 50 thousand for agricultural loans has been made. In Malda we have given gratuitous relief in cash up-to-date Rs. 33,000—and not Rs. 10,000, as mentioned here, and we have also sent 300 maunds of *atta*. For house-building grants, as just now mentioned by the honourable member, Rs. 5,000 has been sent and for fodder Rs. 10,000, for boat-hire for rescuing work Rs. 10,000 and for agricultural loans Rs. 10,000.

Starvation death due to famine condition in Kenjakura village, Bankura

***173. Sj. Rakhahari Chatterjee:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Relief Department be pleased to state if it is a fact—

(*i*) that one Bishnu Das of Kenjakura, police-station Bankura, died of starvation on 14th Falgoon, 1361 B.S.; and

(*ii*) that famine condition is prevailing in Kenjakura and neighbouring villages in Bankura police-station?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) what steps, if any, were taken by the local authority to prevent this death from starvation; and

(*ii*) what measures have been taken or the Government propose to take to cope with the famine situation?

The Hon'ble Prafulla Chandra Sen: (*a*) No.

(*b*) Does not arise.

Sj. Tarapada Bandopadhyay: Is it a fact that this Bishnu Das of Kenjakura actually died on the 14th of Falgun?

The Hon'ble Prafulla Chandra Sen: I may tell the honourable member that this gentleman Shri Bishnu Das of Kenjakura, police-station Bankura, actually died, but he did not die of starvation. He was an old man of 65 years of age and he was suffering from asthma and other complaints. He had three sons, two daughters and his second wife.

[Laughter.]

He had been getting doles for 2½ units. Before he died he had swollen feet. No famine was prevailing in Kenjakura area, although there was some distress due to partial failure of crops, and Government undertook extensive relief measures in the shape of test relief work and gratuitous doles, etc.

Sj. Bankim Mukherji: Does the Hon'ble Minister imply that this gentleman died from stoppage of respiration?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: He died of heart failure.

[3-50—4 p.m.]

Distress due to failure of crops in Rainagar police-station of Midnapore district

***174. Sj. Balailal Das Mahapatra:** Will the Hon'ble Minister-in-charge of the Food, Relief and Supplies Department be pleased to state—

(ক) মাননীয় মন্ত্রীমহাশয় কি অবগত আছেন—

(১) মেদিনীপুর জেলার অন্তর্গত রায়নগর থানায় জরুরী খাদ্য পরিস্থিতি দেখা দিয়াছে,

(২) বর্তমানে শতকরা ৪০ ভাগ অধিবাসী অনাহারে অথবা অর্দ্ধাহারে দিন কাটাইতেছে,

(৩) খাদ্যাভাব হেতু এবং সরকারী সাহায্যের অভাবে দলে দলে লোক অন্যত্র চলিয়া যাইতেছে,

(৪) অনাবৃষ্টি হেতু রায়নগর থানার প্রায় দুই সহস্রাধিক একর আবাদী জমি বর্তমান বৎসরে পতিত ছিল এবং প্রতি একরে ৪/ মণের অধিক ফসল উৎপন্ন হয় নাই, এবং

(৫) সংস্কারের জন্য উড়িষ্যা কোষ্ট ক্যানাল বন্ধ থাকায় উড়িষ্যা হইতে ধান্য আমদানীর যে সুযোগ ছিল, তাহাও বন্ধ হইয়া গিয়াছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ঐ থানার কয়টি ইউনিয়নে টেষ্ট রিলিফের কার্য সুরু হইয়াছে,

(২) প্রত্যহ প্রতি লোককে দিয়া কত বর্গফুট মাটি কাটান হইতেছে এবং তাহার মজুরীর হার কত,

(৩) মাননীয় মন্ত্রীমহাশয় ঐ থানার প্রতিটি ইউনিয়নে একই সংগে ব্যাপকভাবে টেষ্ট রিলিফের কাজ, অক্ষমদের সাহায্যদান এবং ঋণদান প্রভৃতি ব্যবস্থা অবলম্বনের কথা বিবেচনা করেন কিনা, এবং

(৪) ১০০ বর্গফুট মাটির জন্য দৈনিক এক টাকা মজুরী অথবা এক টাকার পরিবর্তে সরকারী নিয়ন্ত্রিত মূল্যে ধান্য বা চাউল দেওয়ার বিষয় মাননীয় মন্ত্রী-মহাশয় বিবেচনা করিবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

(ক) (১) হইতে (৪) না।

(৫) উড়িষ্যা হইতে ধান্য আমদানী করিবার প্রয়োজনীয়তা দেখা যায় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Sj. Balailal Das Mahapatra:

মন্ত্রী মহাশয় বলেছেন, (১) থেকে (৪) পর্যন্ত প্রশ্নের উত্তরে "না"। আমার প্রশ্ন ছিল—মাননীয় মন্ত্রী মহাশয় কি অবগত আছেন যে, মেদিনীপুর জেলার অন্তর্গত রামনগর থানার জরুরী খাদ্য পরিস্থিতি দেখা দিয়াছে, তার উত্তরে তিনি বলেছেন "না"। আমার প্রশ্ন হচ্ছে, এ বছরে সে অঞ্চলে খয়রাতি সাহায্য বা টেস্ট রিলিফের কাজ আরম্ভ হয়েছে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য মহাশয় যেরকমভাবে প্রশ্ন করছেন, তার জবাব সেইভাবেই দিয়েছি। অন্য-ভাবে প্রশ্ন করলে উত্তরও অন্যভাবে দিতাম। প্রথমে তিনি প্রশ্ন করেছেন, জরুরী খাদ্য পরিস্থিতি উদ্ভব হয়েছে কিনা--তাতে আমি সটান বলে দিয়েছি "না"।

[হাস্যরোল]

Sj. Balailal Das Mahapatra:

আমার প্রশ্নের উত্তরে "না" বলেছেন, সেইজন্য আমি জিজ্ঞাসা করছি—এ বছর টেস্ট রিলিফ ও খয়রাতি সাহায্য বাবদ কত টাকা দেওয়া হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি নোটিশ চাই। তবে আমি মোটামুটি বলতে পারি মাননীয় সদস্য মহাশয়ের অবগতির জন্য যে, সেখানে ব্যাপকভাবে টেস্ট রিলিফের কাজ আরম্ভ হয়েছে।

Sj. Balailal Das Mahapatra:

মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, ব্যাপকভাবে রিলিফের কাজ আরম্ভ করা হয়েছে, তা সত্ত্বেও কি রামনগর থানায় জটিল খাদ্য পরিস্থিতি দেখা দেয় নাই?

The Hon'ble Prafulla Chandra Sen:

না, সেখানে লোকের পারচেজিং পাওয়ার কম ছিল ব'লেই সাহায্যের ব্যবস্থা করা হয়েছে।

Sj. Balailal Das Mahapatra:

কতজনকে খয়রাতি সাহায্য দেওয়া হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

নোটিশ চাই।

Sj. Dasarathi Tah:

শতকরা ৪০ জন লোক যে অনাহারে অথবা অর্ধাহারে দিন কাটাচ্ছে—এই প্রশ্নের উত্তরে মন্ত্রী মহাশয় "না" বলেছেন। ওঁর হিসেব মতন শতকরা কত ভাগ অনাহারে ও কত ভাগ অর্ধাহারে রয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা যা হিসেব করেছি, তাতে শতকরা দু' জন আর তিন জন।

Sj. Sudhir Chandra Das:

সেখানে যদি শতকরা তিন জন অনাহারে থাকে, তবে রিলিফ কি হারে দিয়েছেন মন্ত্রী মহাশয় বলতে পারেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমার মনে হয়, সেখানে শতকরা দু' জনকে ডোল দেওয়া হয়েছে।

Sj. Balailal Das Mahapatra:

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন, এখনো সেখানে শতকরা ৩০।৪০ জন লোক অনাহারে বা অর্ধাহারে দিন কাটাচ্ছে?

Mr. Speaker:

উনি ত' উত্তরে "না" বলেছেনই।

Sj. Balailal Das Mahapatra:

আমি যেসময় প্রশ্ন করেছিলাম সে অনেকদিনের কথা, সেইজন্য আমার জিজ্ঞাসা হচ্ছে . ...

Mr. Speaker:

বর্তমানে কত?

Sj. Balailal Das Mahapatra:

হ্যাঁ।

The Hon'ble Prafulla Chandra Sen: So far as my information goes, nobody is starved, and every step has been taken to render relief.

Dr. Hirendra Kumar Chatterjee: Is anybody half-starved?

The Hon'ble Prafulla Chandra Sen: I do not think so.

Sj. Balailal Das Mahapatra:

আমি যে সংবাদ আপনাদের দিচ্ছি, সে সংবাদ নেবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

নিশ্চয়ই।

Sj. Balailal Das Mahapatra:

৪নং প্রশ্নে বলা হয়েছে—অনাবৃষ্টিহেতু দুই সহস্রাধিক একর আবাদী জমি বর্তমান বৎসরে পতিত ছিল এবং প্রতি একরে চার মণের অধিক ফসল উৎপন্ন হয় নাই—এর উত্তরে বলেছেন "না", তাহলে ওঁর হিসাবে কত মণ ক'রে হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

একরে সেখানে দশ মণ হয়েছে, চার মণ নয়।

Sj. Balailal Das Mahapatra:

আমি জানতে চাই, কার মারফত এই সংবাদ পেয়েছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

স্টেটস্ স্ট্যাটিস্টিক্যাল ব্যুরো।

Sj. Balailal Das Mahapatra:

সেই থানার সমস্ত ইউনিয়ন বোর্ডের মেম্বর, শিক্ষকগণ এবং দায়িত্বজ্ঞানসম্পন্ন লোকেরা মিলে যে স্ট্যাটিস্টিকস্ এনেছিলেন তাতে আট মণ করে ধানও সেখানে হয় নি, এটা কি মাননীয় মন্ত্রী মহাশয় জানেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি সে স্ট্যাটিস্টিকস্ বিশ্বাস করি না।

Sj. Balailal Das Mahapatra:

অনাবাদী বলেছেন............

[At this stage Starred question No. 175 was called.]

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Sir, until he completes his question he should not be shut down in this way. So far as his constituency is concerned, his information is that a crisis prevails there. So, he must try his level best to collect as much information as possible from the Hon'ble Minister.

Mr. Speaker: Have you studied the rules about allowing supplementary questions?

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: This is an important question, Sir.

Mr. Speaker: Do you know that the Speaker has the power to disallow unnecessary supplementaries?

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Everything is in your power, Sir.

Mr. Speaker: I think that a sufficient number of supplementaries have been asked on this question.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: We feel, Sir, that sufficient information has not yet been supplied, and certain other supplementary questions should be allowed for necessary answer.

Mr. Speaker: Enough supplementaries have been asked on this question. There are still many other questions to be taken up. There are only three minutes left.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Sir, it is true that there are other questions. But that is no reason why the member putting questions now should not be allowed to put a few more supplementary questions.

Mr. Speaker: I have given enough indulgence and latitude about putting supplementaries.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Don't take the plea that we have been given indulgence. We have not received any indulgence.

Sj. Bankim Mukherji: We have to put supplementary questions, because the Hon'ble Minister takes delight in withholding information as much as possible.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri:

আপনি চারটি কোয়েশ্চেন দেখুন, সটান "না" ব'লে দিয়েছেন।

Was that a responsible statement from the Hon'ble Minister?

এটা কি খেলা হচ্ছে?

Mr. Speaker: You have got other remedies.

Relief to Muslims displaced in 1950 riot

***175. Janab Lutfal Hoque:** Will the Hon'ble Minister-in-charge of the Food, Relief and Supplies Department be pleased to state—

(ক) ১৯৫০ সালের সাম্প্রদায়িক হাঙ্গামার ফলে যে-সকল মুসলমান বাস্তুচ্যুত হইয়াছিল, তাহাদের জন্য অদ্যাবধি (৩০-৪-৫৩)—

(১) রিলিফ খাতে সাহায্য বাবদ,

(২) গৃহনির্মাণ ও পুনর্বাসন খাতে সাহায্য বাবদ,

(৩) অন্যান্য সাহায্য বাবদ, এবং

(৪) ঋণ বাবদ

কত টাকা ব্যয় করা হইয়াছে;

(খ) উপরোক্ত ব্যক্তিদের পুনর্বাসন ও রিলিফ ব্যবস্থা পর্যালোচনার জন্য সরকার একটি সর্বদলীয় উপদেষ্টা কমিটি নিয়োগের কথা বিবেচনা করেন কিনা;

(গ) ১৯৫০ সালের সাম্প্রদায়িক হাঙ্গামার ফলে বাস্তুচ্যুত মুসলমানদের সাহায্য খাতে যে অর্থ অদ্যাবধি (৩০-৪-৫৩) ব্যয়িত হইয়াছে, তন্মধ্যে কেন্দ্রীয় সরকার অর্থ যোগাইয়াছেন কিনা; এবং

(ঘ) যদি যোগাইয়া থাকেন, তাহা হইলে পশ্চিমবঙ্গ সরকার কি পরিমাণ এবং কেন্দ্রীয় সরকার কি পরিমাণ অর্থ যোগাইয়াছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

(ক) (১) হইতে (৩) ২৩,০০,৪১৫৲ টাকা।

(৪) ১,৪১,৫৭৫৲ টাকা।

(খ) না।

(গ) হ্যাঁ।

(ঘ) পশ্চিমবঙ্গ সরকার—৫,৭৫,২৫১৲ টাকা।

কেন্দ্রীয় সরকার—১৮,৬৬,৭৩৯৲ টাকা।

Sj. Bankim Mukherji:

কত মুসলমান বাস্তুচ্যুত হয়েছিল?

The Hon'ble Prafulla Chandra Sen:

নোটিস চাই।

Sj. Monoranjan Hazra:

এই যে লোন দেওয়া, এটা বন্ধ হয়েছে না এখনো চলছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

যতদূর মনে হয়, লোন দেওয়ার কাজ শেষ হয়েছে।

Sj. Monoranjan Hazra:

এ বিভাগ কি বন্ধ হয়েছে, না এখনো চলছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

এই লোন দেওয়ার কাজ দুটো ক্যাটিগোরিতে ভাগ ক'রে করা হয়েছে; যারা রায়টে ডিস্প্লেসড্ হয়েছিল, কিন্তু ইউনিয়নেই ছিল তাদের আমরা রিলিফ ডিপার্টমেন্ট থেকে লোন দিয়েছি। আর যারা মাইগ্র্যান্ট্ তাদের মিসেস রেণুকা রায়ের রেফিউজি রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট থেকে দেওয়া হয়।

Sj. Monoranjan Hazra:

স্যার, আমার প্রশ্নটার ত ঠিক উত্তর হল না।

Mr. Speaker:

আর কত উত্তর চান! সময় ত' নাই।

Sj. Sudhir Chandra Ray Choudhury:

স্যার, ঠিক এ্যান্সার হলে আমাদের সাপ্লিমেন্টারী করতে হয় না। আপনি ত' বসে শুনলেন যে, এতগুলি প্রশ্নে সটান বলে দিলেন "না"। তখন কি আপনার কিছু মনে হয় নি? We do not mean any disrespect to the Chair, but we are entitled to proper treatment. You, Sir, are the custodian of our privilege. You are responsible, Sir, for maintaining the dignity of the House. I say, Sir, that if our questions are answered in this way, the dignity is impaired.

Sj. Haripada Chatterjee: Let this question be held over.

Mr. Speaker: All right. Question time over.

[4—4-10 p.m.]

Statement by the Hon'ble Chief Minister on Police Firing on Tea Garden workers in Darjeeling.

Sj. Jyoti Basu: Sir, what about the statement of Dr. Roy?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, in the hilly district of Darjeeling there are 89 tea gardens in which about 48,000 labourers work. There were two unions established among the tea garden labourers—the Darjeeling District Chia Kaman Majdur Union, a C. P. I. organisation, and the Darjeeling Chia Kaman Sramik Sangha organised by the All-India Gurkha League. On the 5th June, 1955, a joint meeting of the two unions was held—a resolution was adopted at that meeting that the workers should go on general strike on the 22nd June unless their urgent demands were conceded. The Majdur Union proposed 6 demands and the Sramik Sangha 8. Of these 14 demands, however, 5 were considered most vital by both the unions. These were: increase in wages by Rs. 1-11-6, three months' bonus for 1954; amendment of standing order; compensation for the period of closure of tea gardens in 1951-52; and increase in the scale of pay of staff. The Conciliation Officer, Darjeeling, met the representatives of the two unions and advised them that a general strike at this stage would be illegal, because the tribunal was considering the dispute over the Puja bonus and cloth bonus of the Darjeeling Tea Garden labourers. The Conciliation Officer met also the Chairman and the Secretary of the Darjeeling branch of the A. I. T. A.

The representatives of the Tea industry were prepared to revise the wages when the next meeting of the Minimum Wages Advisory Committee will be held on the 15th September, 1955, but as an interim measure they were prepared to grant an increase on the wages for the adults at the rate of 1 anna 6 pies per day and for children 3 pies per day with retrospective effect from 1st April, 1955, and an increase in the leaf price by 1 pice per seer from 1st June, 1955. The wages for adults were Re. 1-2-6 and 10 annas 6 pies per child. These two unions were advised by the Conciliation Officer to desist from the strike as the question of revision of the standing order would be taken up for conciliation and the question of further revision of the minimum wages would be discussed by the Minimum Wages Advisory Committee in September, 1955. He again pointed out to them that their strike would be an illegal strike. The other demands were not pressed for the time being but the two unions did not listen to the advice. The strike was ultimately resorted to on the 22nd June lasting till the 28th June. Out of a total of 89 tea gardens throughout the district including 6 of Kalimpong subdivision more than 50 working fully throughout the entire strike period and the rest—some were on full and some were on partial—strike. In the Kalimpong subdivision only one tea garden struck Kurseong started rather early but returned to normally soon But the worst affected area was the Sadar subdivision where the parties concentrated most of their efforts. The strike spread over 12 gardens in the subdivision and the police force had to be deployed in all the places to maintain law and order and to prevent intimidation of loyal workers by the strikers Such intimidation was going on in large scale. The terrain was hilly and difficult and the police force had to be kept scattered as movements were not easy The Darjeeling tea garden labourers are simple and unsophisticated hillmen whose feelings may be worked up easily Some owe allegiance to the All-India Gurkha League Organisation and the others are controlled by the C P I organisation. The strike was organised by both these unions working together. The attitude that some important members of the All-India Gurkha League took before the States Reorganisation Committee is well known. They wanted an independent State and their action in this matter might have been due to this feeling The C. P I union was wooing the hillmen labourers in suport of their demand for bonus and higher wages, etc. The situation was very delicate and perhaps explosive and precautions had to be taken against the outbreak of violence Large moving crowds were found exercising considerable intimidation by trying to over-awe the willing workers. The intention of the workers belonging to the two unions was to gather momentum as the strike rolled on and to paralyse the tea gardens throughout the whole subdivision of Darjeeling As I have stated the situation was rather dangerous and a careful watch had to be kept by the local authorities On the 22nd and 23rd June the authorities asked the police to protect particular areas exposed to trouble On the 24th of June the situation remained more or less uncertain On the 25th June the firing on the Margaret Tea Estate took place A large number of workers armed with *kukris*, sticks, etc., from the neighbouring gardens of the Sonada valley gathered and made a determined attempt to break through the police cordon at Margaret Hope Tea Garden on their way to Dilaram Tea Garden and stormed not only the Margaret Tea Garden but also the Dilaram Tea Estate where after considerable efforts the work had just started that very day. First of all the surrounded police force tried to disperse by tear gas, *lathi* charges were then resorted to but were not of much avail. When the police were in a tight-corner, they had to open fire in self-defence. The firing resulted in the loss of six lives and injury to 9 workers. Several members

of the police force received bleeding injuries caused by brickbatting—injuries to two policemen were serious and at this stage interested persons tried to pass a current story that the Bengali policemen had been firing and killing the Nepalese, although the police force who opened fire on the hillmen were from the Darjeeling Armed Police. There were great tensions in the town when the dead bodies were brought from the Sonada valley to Darjeeling and the injured were taken to the Victoria Hospital. On the evening of the 25th June, crowds of mischief-makers were seen in the town and the market place talking all sorts of rumours which raised communal passions. Information was received at night that in the office of the Sramik Sangha of the All-India Gurkha League secret parleys were being held to invite communal hatred and violence and on Sunday, the 26th, to organise a huge procession in the town in protest against the firing by the police.

[4-10—4-20 p.m.]

This office was raided by the police and 19 persons were arrested. They were found in possession of a large quantity of inflammatory literature and numerous posters some of which I possess here in my dossier.

Sj. Ganesh Ghosh: Can we see them?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Of course you can, but what use.

They were found in possession of a large quantity of inflammatory literature and numerous posters inciting violence. Some of the posters said, "We must give to the police a taste of the same. Why have the Police committed such atrocities on the people? They committed the acts without the least compunction. Now then are the people to sit silent? No, it cannot be. We must give them a taste of the same and retaliate for the exhibition of the bravery. This is the moment " This poster was in Gurkhali, and we have translated it Another poster which was taken charge of by the police was in English "Margaret Hope Tea Estate is the training ground of the police force. Blood will cry for blood." Orders under section 144 were promulgated in the Darjeeling town and the neighbouring tea gardens. A difficult and excited crowd in Darjeeling town were persuaded to disperse peacefully. On the same day the leaders of the town met the Deputy Commissioner and offered their co-operation to restore peace. On the 22nd June special permission was given to the leaders to take out the dead bodies on an assurance that they would maintain complete calm and peace. The peace and orderliness were maintained by the processionists. On the 28th June the strike was called off. The Deputy Commissioner gave an assurance that the Minimum Wages Committee would be convened in July instead of September to consider the question of increase of wages and the pay of the staff. The Deputy Commissioner also said that the question of bonus would be submitted to conciliation.

As the news of the settlement reached the gardens the workers resumed work one by one. By the 1st July all the workers were back to work and complete normalcy was restored. The Minimum Wages Committee had a few sittings in Calcutta last month. They made their recommendations to the Labour Department. Government have after considering their recommendations issued orders on the 30th August last raising the wages to Re. 1-6 per adult and 12 annas per child. An executive enquiry into the police firing in the Margaret Hope Tea Estate was made by the Sub-divisional Officer. Government are now awaiting the views of the Divisional Commissioner on the justifiability or otherwise of the firing.

Altogether 207 persons were arrested in connection with the strike and and firing. Of them so far 150 persons have been discharged. Of the remaining 57 one has been convicted and 5 are undergoing trial. The cases against 51 persons are still under investigation. They are alleged to have committed acts of violence. Thirty-nine of them have been granted bail by the Court; 38 have actually furnished bail; the remaining 13 are in custody.

It will be seen, therefore, that several cases in connection with the strike and firing are pending before the court and the cases are *sub judice*.

Sj. Jyoti Basu: Mr. Speaker, this highly provocative, malicious and in parts untruthful statement requires that we have a debate on it, because I myself have been to the spot and another congress member on the other side had also been there We could hear her and we should also like to place our views in the matter. If you fix a date two or three hours, it would be useful. Having heard one side of the story, what the other side has to say must be placed before the House; otherwise, I think our task will remain incomplete.

Mr. Speaker: Do the Government propose to give any date?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: No, we cannot.

Mr. Speaker: Then two courses are open to the Opposition. They can either have this matter ... .

Sj. Jyoti Basu: Will you circulate the statement to the House?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Not now

Sj. Jyoti Basu: The statement has been read. Press is there to take it down. It will appear in the Press. Why should we not have the full statement?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: If the statement is for the purpose of discussion, I would request you not to allow it

Mr. Speaker: I cannot shut out their right. The Opposition can table a non-official resolution to discuss it if they want to. Arising out of the statement the Opposition can table a resolution for discussion on a non-official day; if the Government do not want to discuss it, the Opposition can do so. That is the way open to the Opposition. Secondly, they can frame questions for clarification; if they are admissible they will be allowed. Or the Opposition can table a resolution for discussion of specific points subject to admissibility according to the rules.

There are three Fridays more. There is no sufficient business for these three days and you can table a resolution if you want clarification.

Sj. Jyoti Basu: Sir, I am grateful for this suggestion from you. I have thought you could yourself, even if Government did not, have allowed discussion.

Mr. Speaker: I cannot.

Sj. Bankim Mukherji: Sir, I fail to understand, if the cases be *sub judice*, how could a statement be made here and on that ground how can the Government object to a discussion?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: If there are any matters in the resolution which refer to the cases that are *sub judice*, the same will not be discussed; if there are other matters they will be discussed.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: We want a debate on what the Chief Minister has stated before us. If the Chief Minister could make a statement which is not affected by the rule of *sub judice*, we will confine ourselves to that portion of his statement that would not be *sub judice*. But when he has read a statement before the House, it should be circulated. In all fairness to us a copy should be given to us.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Let him not shout at me.

[Continued interruption and noise.]

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: I was speaking to the Chair.

Mr. Speaker: Please don't get excited. Be calm.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Sir, you allowed him to read out a statement. It is wholly unfair for us that a copy of that should not be given to us. What we were asking you was to ask the Leader of the House to supply us with a copy of the statement. It should be circulated. There cannot be any reason why we should be deprived of a copy.

Sj. Haripada Chatterjee:

মিঃ স্পীকার, স্যার, এই হাউসে প্রিসিডেণ্ট আছে, যদি কোন মিনিষ্টার স্টেটমেণ্ট দেন, তার কপি আপনার কাছে দেবেন এবং আমরাও সেটা পাব। এটা আপনি পুরাণো রীতি দেখলেই দেখবেন যে, মিনিষ্টার স্টেটমেণ্ট দিলে পর কপি আমাদের দেওয়া হয়।

[4-20—4-30 p.m.]

Mr. Speaker: There is no such precedent in this House Will you kindly give me that precedent?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I made a statement at the request of Mr. Jyoti Basu. I was not anxious to read the statement, but I said that it was not in the interest of justice that those portions which are affected by the cases before the court should be discussed and it has been agreed to.

Sj. Jyoti Basu: Sir, are there any rules by which we can be deprived of that statement? We have agreed with Dr. Roy that we shall certainly not discuss those portions.

Mr. Speaker: The whole thing will go into the Assembly proceedings.

Sj. Jyoti Basu: That will be one year afterwards. In the meantime what is the point in withholding that statement? I do not understand that.

Mr. Speaker: The solution is very easy This is part of the proceedings If it forms part of the proceedings, I can give you a copy. It will be available.

Sj. Jyoti Basu:

আমি আপনাকে জিজ্ঞাসা করি, এই জিদের মানে কি, এর কি কারণ থাকতে পারে?

Mr. Speaker: That is a matter for Government to decide.

Sj. Subodh Banerjee:

যদি কোন স্টেটমেণ্ট কেউ পড়েন, তখন that becomes a part of the proceedings.

Mr. Speaker:

সেটা তো নতুন কথা নয়।

Sj. Subodh Banerjee:

সেটা তখন হাউসের প্রপার্টি হয়ে গেল। গভর্নমেন্ট যখন বলছেন দেবেন না, আপনার কাছ থেকে এ্যাসিওর‍্যান্স হতে চাই যে, প্রসিডিংসগুলি গেলে আমরা যেন ২।১ দিনের মধ্যে সেটা পাই।

Mr. Speaker:

যে চাইবেন তাঁকে দেব।

I have already said that.

Sj. Haripada Chatterjee:

প্রিসিডেন্ট তো এই হাউসের অনেক আছে, কিন্তু মানবার সময় ....

Mr. Speaker:

আপনি দয়া করে চেয়ে দেখবেন।

GOVERNMENT BILL

The West Bengal Taxes on Entry of Goods in Local Areas Bill, 1955.

Mr. Speaker: Let us take up the clauses.

New Clause 23

Mr. Speaker: Dr. Narayan Ray, you have two amendments They are both of them of the same language You may move one of them. I think 60 is more comprehensive So you may move 60

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, on a point of order Is he moving 59 or 60? If it is 60, then there is no Act like West Bengal Cigarette Sales Tax Act. So I think 59 would be better

Mr. Speaker: All right. Then he may move 59

Dr. Narayan Chandra Ray: Sir, I beg to move that after clause 22, the following new clause be added, namely:—

> "23 Neither the Bengal Finance (Sales Tax) Act, 1941, nor the West Bengal Sales Tax Act, 1954, shall apply to the items mentioned in the Schedule."

মাননীয় স্পীকার মহাশয়, আমার অ্যামেন্ডমেন্টের মধ্যে একটা সোজা কথা হচ্ছে এই যে, "বেঙ্গল ফাইন্যান্স সেল্‌স ট্যাক্স এ্যাক্ট" কিম্বা ঐ "সিগারেট সেল্‌স ট্যাক্স এ্যাক্ট" এই দুইটা জিনিসের আওতা থেকে এটা বের ক'রে আনা হোক। এটা কেন, তাই বলি। আমি মাননীয় "মুভার অব দি বিল"কে বলছি, আমি যে পয়েন্ট অ্যামেন্ডমেন্ট দিয়েছি সেটা তিনি মন দিয়ে শুনুন। আপনার এই বিলটা হচ্ছে, আম, জাম, কাঁঠালের নামে নয়, এটা হচ্ছে "ট্যাক্সেস অন এনট্রি অব গুড্‌স্ ইন লোক্যাল এরিয়াস"। তার মানে আজ যে বিলটা আনছেন শুধু চা ও ফলের নাম ক'রে আনলেও আসলে তা নয়। আমি এজন্য ৫৯টায় বলছি—তার মানে আপনি ভবিষ্যতে সিডিউলে নূতন নূতন আইটেম দিয়ে কলেকশন অব ট্যাক্সটাকে আরো ব্যাপক করতে পারবেন—সেজন্যই প্রশ্ন এই যে, আপনাকে সেই অনুমতি দেব কিনা নূতন ট্যাক্স তো নিচ্ছেন। তা হলে সেল্‌স ট্যাক্স বা ফাইন্যান্স ট্যাক্স থেকে ওটাকে তুলে নেবেন কিনা। আগে

যখন সেল্‌স ট্যাক্সে সিগারেট এ্যান্ড আদার আইটেমস্‌ ব'লে দিয়েছিলেন তাতে কনক্রিটলী পরিষ্কার ক'রে দিয়েছিলেন এগুলো টেক্‌ন আউট অফ ফাইনান্স সেল্‌স ট্যাক্স এ্যাক্ট যাতে বাংলাদেশের লোক জানত—

They knew where they were.

কিন্তু আজ আপনি ঐ কথাটা বলতে চাচ্ছেন না। তাহলে আপনি দুটো ট্যাক্স করতে চাচ্ছেন। বারে বারে বলছেন, বাংলাদেশের লোক ট্যাক্স দেবার সীমায় এসে গিয়েছে, সেক্ষেত্রে তাহলে দুবার নেবার ব্যবস্থা কেন করছেন? এবং আরো কথা ব্যাপকভাবে নেবেন। আপনাকে তাই ক্যাটেগরিক্যালি জিজ্ঞাসা করি, ট্যাক্স লোকে যেখানে দিতে পারছে না, সেখানে তাদের উপর দুটো ট্যাক্স কেন করবেন? আপনি বলেছেন যে, সেল্‌স ট্যাক্স ইভেড্‌ করে। আপনি তাদের ধরুন না। বেঙ্গল ফাইনান্স সেল্‌স ট্যাক্সের ব্যাপারে বলেছেন—বিরোধীপক্ষ চেয়েছিল ট্যাক্সেশন এ্যাট দি সেন্টার, কিন্তু এটা কি তাই, না এ্যাডিশানাল ট্যাক্সেশান হচ্ছে? যদি বুঝতাম আর কোথাও নেই, হয়ত তাহলে এই আইটেমগুলির উপর বেঙ্গল ফাইন্যান্স সেল্‌স ট্যাক্সটা চলে যেত। আজকে তাই জিজ্ঞাসা করি, আজকে যখন এই আইটেম্‌সগুলি অত্যন্ত প্রয়োজনীয় জিনিস তাকে কেন দুই হাতে গলা টিপে ধরছেন? ক্যাটেগরিক্যালি জবাব দিন। যদি বলেন, দুটোই চালু থাকবে, পরে বিবেচনা করব বা যদি এরকমভাবে বলেন, দুটোই নিচ্ছি, বা বলেন ইন দি মিনটাইম এই এক্সপেরিমেন্টাল পিরিয়ডে ৬-৮ মাস পুরানোটা নেব না, তারপরে যেটাতে বেশী হয় সেটা রাখব তাহলে হয়। এজন্যে আমার অনুরোধ, এই অ্যামেন্ডমেন্টটা গ্রহণ করবেন, কারণ, আমাদের এই সন্দেহ হচ্ছে সেল্‌স ট্যাক্স যেটা রয়েছে তার উপরে নতুন জিনিস ইচ্ছা করলে আইটেম বাড়িয়ে বাড়িয়ে আরও নিতে পারেন। এজন্য সেন্টারের পারমিশন দেওয়া দরকার হবে না। আপনি ইচ্ছা করলে বাংলাদেশের সব জিনিসের উপর দুটো ট্যাক্স নিতে পারেন। এজন্যে বলি—একটা রাখুন, এই অনুরোধ করি।

Either Finance Sales Tax Act or West Bengal Sales Tax Act will not apply

এই অ্যামেন্ডমেন্ট গ্রহণ করুন।

Sj. Tarapada Bandopadhyay: I support this amendment. Now, Sir, in view of the fact that we consider the goods which have been mentioned in the schedule as very essential commodities for the common man, according to the spirit of the Constitution as also according to the exigencies of the situation that at present obtains in our country, our people being very poor, in all fairness it has also been our contention from the very beginning that these fruits should be absolved from sales tax even. Of course, Sir, we were out-voted and our proposal was never accepted and, therefore, up to the present time all these things continue to be assessed with sales tax. Now, what are things coming to? What will happen if the Bill comes into operation. Now, Dr. Roy has admitted that after the operation of this Act, for some time at least, these things would be subjected to two taxes, i.e., the ordinary sales tax as also the present Entry tax.

[4-30—4-40 p.m.]

Of course, he has very kindly stated that, if and when sufficient money is realised from this entry tax, he may consider whether he should retain the sales tax also in respect of these fruits or not. But, Sir, there is a big 'if' and there is an unknown "when". We do not know when he will be satisfied that from the operation of this Bill, when it will come as an Act, he will get sufficient fund; what fund would be deemed to be sufficient according to his consideration or according to his view—we do not know. But, Sir, this also goes to show that he is not sure of his mind as regards how this present Bill will work and how much tax it will realise. Certainly he knows our black-marketers; certainly he knows his own officers, and therefore there must be some misgivings in his mind that

when this Act will come into operation in full swing, because of the secret deals between these black-marketeers and his officers—although their pockets will be filled—public coffers would not be enriched correspondingly. Therefore, he has a shrewd suspicion in his mind, and it is perhaps for this reason that, for the present, he is keeping both the taxes. But I should say this is not wise, this is not tenable. How can we approach the people by saying to them "for the present you will have to pay taxes so far as a particular thing is concerned twice over". This is inequitable and this is unfair, and I must submit, Sir, this would certainly raise the prices of all these articles which are going to be assessed by this Bill very much, to an inordinate extent, so much so that all those things will be far beyond the reach of the common man—of the patient, of the diseased, of the deceased, of the deity—of course, if the deity includes the richer section of the people, those deities certainly will not be affected by the operation of this Bill, but the poorer deities, the *debatas*, the gods and goddesses, will certainly be affected. Therefore, I must submit there cannot be any sense in saying that for the present all these articles should be assessed twice over, once under the Sales Tax Act—the Bengal Finance (Sales Tax) Act—and another time under the operation of the present Bill which is on the legislative anvil and which is going to be passed into law very soon.

I should, therefore, request Dr. Roy to consider this point very well, feelingly and sympathetically and to accept this amendment.

Sj. Biren Banerjee:

সভাপাল মহাশয়, আমি ডাঃ নারায়ণ রায় মহাশয়ের এই সংশোধনী সমর্থন করছি। এইজন্য সমর্থন করছি যে, ডাঃ নারায়ণ রায় যে যুক্তি দেখিয়েছেন, সেই যুক্তিতে আছে একটা জিনিসের উপর দুবার ট্যাক্স হচ্ছে। অবশ্য মুখ্যমন্ত্রী মহাশয় বলতে পারেন যে, এমন বহু জায়গা আছে যেখানে একটা জিনিসের উপর দুবার কেন, দুবারের চেয়েও বেশীবার ট্যাক্স ধার্য করা হয়। কিন্তু যে জিনিসগুলির উপর ট্যাক্স ধার্য করা হচ্ছে সে জিনিসগুলি নিত্যব্যবহার্য জিনিস, এবং নিত্যব্যবহার্য বলে সবাইকে এই ট্যাক্সটা এ্যাফেক্ট করবে। সেইজন্য এদিককার যুক্তির যে সারবত্তা তা আরও বেশী করে অনুধাবন করা দরকার। ধরুন সামান্য ফল কিম্বা চায়ের উপর দুবার ট্যাক্স হচ্ছে, একবার সিডিউল অনুযায়ী আর একবার সেল্‌স ট্যাক্স অনুসারে। সভাপাল মহাশয়, যদি লক্ষ্য করেন তাহলে দেখতে পাবেন যে, যেসমস্ত ফলগুলি অত্যন্ত দামী দামী, সেই ধরনের ফল সিডিউলের মধ্যে খুব কমই আছে, এবং যে ফলগুলি সিডিউলের মধ্যে আছে, সেগুলি সাধারণ মধ্যবিত্ত বাঙ্গালী গরীব লোকরা কোন না কোন সময়, কিছু না কিছু ব্যবহার করে থাকেন। এখানে যে সমস্ত দুর্মূল্য ফল বিদেশ থেকে চালান আসে সেগুলির উপর যদি ট্যাক্স হ'ত, তাহলে ধর্তব্যের মধ্যে হ'ত না। কিন্তু এই রকম ধরনের সব ফল, যেমন আম, জাম, লিচু, নেশপাতি, পাতিলেবু, কমলালেবু প্রভৃতি যে সমস্ত আছে তাদের উপর দুবার করে কেন ট্যাক্স লাগাচ্ছেন? ডাঃ রায় কেন তাঁর এই জেদটা ছাড়তে পারছেন না, তা আমরা বেশ বুঝতে পারছি। তার কারণ, যে "চা" আগে থেকে কলকাতায় আসছে বা পরে আসবে তার উপর সেল্‌স ট্যাক্স কত আদায় হয়, সেটা উনি ওঁর সেক্রেটারীকে জিজ্ঞাসা করলে জানতে পারবেন। আমাদের ধারণামত এতে চার থেকে পাঁচ লাখ টাকার বেশী আদায় হয় না। হোয়্যারএজ তিনি এই নূতন ট্যাক্স বসিয়ে সেখানে প্রায় দুই কোটি টাকা পাবেন। অতএব তিনি দুই কোটি টাকা যখন পাচ্ছেন তখন এই চার লক্ষ টাকার মায়া কেন ছাড়তে পারছেন না? ঠিক তেমনি করে ফলের উপর সেল্‌স ট্যাক্সের বেলায়ও একথা খাটে। বহু লোক ফলের উপর সেল্‌স ট্যাক্স ফাঁকি দিয়েছে স্বীকার করি, কিন্তু আজ পর্যন্ত সমগ্র পশ্চিমবাংলায় ফলের উপর ঐ ট্যাক্স ম্যাক্সিমাম এ্যাসেসমেন্ট কত হয়েছে? এই লোক্যাল এরিয়া যেটা বলা হয়েছে, সেখানে কি পরিমাণ ফল এসেছে? অনুসন্ধান করলেই দেখা যাবে দেড় থেকে আড়াই লক্ষ টাকার বেশী কোনদিন এ্যাসেসমেন্ট হয় নি। কিন্তু এই নতুন ট্যাক্স লাগিয়ে ১২ থেকে ১৫ লক্ষ মিনিমাম টাকার ট্যাক্স পাবেন; অতএব সামান্য এই দুই লক্ষ টাকার মোহ কেন তিনি

ছাড়তে পারছেন না? এই ট্যাক্স আদায়ের জন্য তার পিছু পিছু ধাওয়া করতে হবে সত্যি সত্যি। এই সমস্ত জিনিসের উপর দুটো ট্যাক্স না রেখে একটা ট্যাক্স রাখুন, তাহলে সকলে তবু খানিকটা স্বস্তি পাবে, রিলিভড ফিল করবেন। কারণ জিনিসপত্রের দাম কিছুটা কম হবে। এবং সঙ্গে সঙ্গে আর একটা জিনিস হবে, যে সম্ভাবনা রয়েছে, যে এইটাই একমাত্র ট্যাক্সের বিল নয়, এর সঙ্গে সঙ্গে আমরা আরও দুটো বিল পেয়েছি। তাই তাঁর দৃষ্টি কোন্ দিকে সেটা আমরা বেশ বুঝতে পারছি। আর একটা সেকেন্ড এ্যামেন্ডমেন্ট বিল আমরা পেয়েছি, তাতে ম্যাচ্‌বাতির উপর, চিনির উপর, এবং সোনার গহনার উপর ট্যাক্স বসান হবে। অবশ্য, তিনি হয়ত বলতে পারেন সোনার উপর ট্যাক্স হলে তাতে আপনাদের আপত্তি করবার কি আছে? কিন্তু, সভাপাল মহাশয়, আপনি জানেন, গ্রাম্যদেশে বিয়ের ব্যাপারে কিছু না কিছু সোনার গহনা নিতান্ত গরীব গৃহস্থেরও দরকার হয়। অতএব কোন পারিবারিক কাজে সোনার গহনা প্রভৃতিতে বহু টাকা বানি হিসাবেই খরচ হয়ে যাবে। সুতরাং সেখানে সরকারের চিন্তা করা উচিত..............

Mr. Speaker:

যখন ঐ সম্বন্ধে সেল্‌স ট্যাক্স আসবে তখন বলবেন। এখন ও সম্বন্ধে আপনি বলতে পারেন না।

Sj. Biren Banerjee:

তারপর তৃতীয় এ্যামেন্ডমেন্ট বিল যেটা এনেছেন, সেখানে বলা হয়েছে, কেরোসিন ও অন্যান্য তেলের উপর ট্যাক্স বসান হবে...........

Mr. Speaker:

সেটা কি হবে বা না হবে, সে সম্পর্কে পরে বলবেন যখন সেই বিল আপনাদের সামনে আসবে। এই বিলের উপর এখন বলুন।

Sj. Biren Banerjee:

আমার এইগুলি বলার উদ্দেশ্য যে, তাঁদের দৃষ্টি যেটা, সেটা হচ্ছে এই সমস্ত এসেন্সিয়াল কমোডিটিজের উপর ট্যাক্স বসিয়ে কিছু টাকা তোলা। অন্য জিনিসের উপর ট্যাক্স বসান, তাতে আমাদের এত আপত্তি নেই। কিন্তু এসেন্সিয়াল থিংসের উপর ট্যাক্স বসাবেন না। আর যদি নেহাৎ বসাতেই হয়, তাহলে আমার বক্তব্য হচ্ছে এখানে দুটো ট্যাক্স লাগাবেন না। ঐ রকম জগাখিচুড়ি না করে, তিনি ক্যাটেগরিক্যালি বলুন যে, দুটো ট্যাক্স লাগাবেন না, একটা মাত্র ট্যাক্স থাকবে। এবং আশা করি শ্রীনারায়ণ রায়ের যে এ্যামেন্ডমেন্ট সেটা তিনি গ্রহণ করবেন। একটা ট্যাক্স হলে ক্রেতা-বিক্রেতা সকলেই স্বস্তির নিঃশ্বাস ফেলতে পারবে। আমার পুনরায় অনুরোধ, মন্ত্রী মহাশয় এই এ্যামেন্ডমেন্টটি গ্রহণ করে নিন।

Dr. Atindra Nath Bose:

স্পীকার মহাশয়, আমি ডাঃ নারায়ণচন্দ্র রায়ের সংশোধনী প্রস্তাব সমর্থন করছি এবং ডাঃ বিধানচন্দ্র রায়কে সেই সংশোধনী প্রস্তাব গ্রহণ করবার জন্য অনুরোধ করছি।

এই বিলের উদ্দেশ্য এবং কারণের যে বিবৃতি শেষের দিকে মুখ্যমন্ত্রী মহাশয় দিয়েছেন, তাতে বলেছেন যে, অধিকাংশ ক্ষেত্রেই টাটকা ফলের বিক্রয়কর ফাঁকি দেওয়া হয় বলে আজকে এই বিলটি আনবার প্রয়োজন হয়েছে। বিলের উদ্দেশ্যে বলা হয়েছে, টাটকা ফলের উপর যে বিক্রয়কর আছে সেটা বিক্রেতা ফাঁকি দেয়, অথচ আবার তিনি এখানে জোর করে সেই বিক্রয়কবটা চালু রাখছেন; এতে সরকারের খুব বেশী প্রেসটিজের পরিচয় দেয় না। আবার পক্ষান্তরে তিনি যে যুক্তি দিয়েছেন বিক্রয়কর কেন রাখবেন, তা কেন তুলে দেবেন না, সেই যুক্তিতে বলেছেন—এই যে ট্যাক্স অন এনট্রি, এটা ঠিকভাবে আদায় হবে কিনা সন্দেহ আছে, সে বিষয়ে তিনি নিশ্চিত নন। সুতরাং এটা কিরকমভাবে আদায় হয় সেটা দেখে তারপর ঠিক করবেন এটা তিনি রাখবেন কি রাখবেন না। তার মানে, তিনি দুটো করই রাখছেন, অথচ তিনি বলেছেন একটা আদায় করতে পারছেন না, আর দ্বিতীয়টায় আদায় হবে বলে তাঁর খুব বেশী আত্মবিশ্বাস নেই। আমার মনে হয়, এটা সরকারের পক্ষে খুব বেশী প্রেস্টিজের পরিচয় নয়।

[4-40—4-50 p.m.]

এ অবস্থায় সরকারের শক্তি যা আছে তা একটা কর আদায়ের দিকে নিযুক্ত করলে বেশী কার্যকরী হবে; তাতে বিক্রেতাদের উপর জোরজবরদস্তি জুলুম কমবে। পক্ষান্তরে সরকারের আয়ও তাতে বেশী হবে।

সেইজন্য আমি অনুরোধ করছি যে, এই সংশোধন প্রস্তাব গ্রহণ করুন, আর নিতান্তই যদি না করতে চান, যদি বিক্রয়কর রাখতেই চান, তাহলে গোটা বিল তুলে নিন এবং যাতে বিক্রয়কর ঠিকমত আদায় করা যায় তার ব্যবস্থা করুন।

Sj. Haripada Chatterjee:

মাননীয় সভাপাল মহাশয়, আমি জানি মুখ্যমন্ত্রী মহাশয় এটাকে উঠিয়ে নেবেন--আজ হোক, কাল হোক—তাঁর ইচ্ছা আছে। আমি বলি, তিনি এই "অকট্রই ট্যাক্স" উঠিয়ে দিন, নয় বিক্রয়কর থেকে রেহাই দিন। ও'র ভয় আছে এ বিল টিকবে না, আর ওযে টিকবে না, তা নিশ্চয়। কারণ, বিক্রয়কর থাকা উচিত নয়—এসেনসিয়াল গুড্স্এর উপর কোনরকম ট্যাক্স থাকা উচিত নয়। এই বিল আইনসিদ্ধ নয়; সেই ভয়ে উনি ভাবছেন যদি এটা যায় তো ওটা থাকবে। কাজেই এখন এটাও থাক, ওটাও থাক। আমি বলছি দুটোই যাবে। দেশের উন্নয়ন করতে হলে সর্বাগ্রে লোক যাতে এই সব জিনিস পায় তা করতে হবে। লোকের স্বাস্থ্যের উন্নতি হলে দেশের লোক বড় কাজ করতে পারবে। উনি ডাক্তার মানুষ, ওঁর কাছে আবেদন করছি এটা উঠিয়ে নিন। আরও বলব-উনিত আইন পাশ করাবেন ভোট বেশী আছে, কিন্তু আমরা বিরোধী দল যে সমালোচনা করি আমাদের কথাগুলো ভাল করে শোনা উচিত। আমি এখন সুবিধা পেলে বলতে পারি—২১ ধারার ইনডেমনিটি সম্বন্ধে গভর্নমেন্টকে ইনডেমনিটি দেওয়ার বিষয়ে...........

Mr. Speaker:

থার্ড রিডিংএ বলবেন।

You can speak on that point in the third reading.

Sj. Haripada Chatterjee:

বেশ, থার্ডরিডিংএই বলব। আমি বলব কোন্ জায়গায় গভর্নমেন্টকে ইনডেম্নিটি দেয় না। যা হোক, থার্ড রিডিংএই বলব।

Dr. Hirendra Kumar Chatterjee:

মিঃ স্পীকার স্যার, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যখন যুক্তি দেন তখন দৃঢ়ভাবেই যুক্তি দেন; কিন্তু তিনি যে যুক্তি দিয়েছিলেন, তা ভালভাবে চিন্তা করলে নিজেই স্বীকার করবেন যে, সেল্স ট্যাক্স বজায় রাখার ব্যাপারে তিনি "হাফ-হার্টেডলি" বলেছেন। তার কারণ, তিনি স্পষ্টভাবে বলতে পারতেন "তুলে দিলাম" বা "তুলে দিলাম না" কিন্তু তিনি নিজেরই মন স্থির করতে পারেন নি। তাই তিনি বলেছেন, "কিছুদিন পরে বিবেচনা করব।" এই যে দোনামনা ভাব—এটা তাঁর স্বভাববিরুদ্ধ, কারণ, আমরা জানি উনি হলেন, "ম্যান অব ডিসিসন"। যা তিনি করতে চান সেটা দৃঢ়ভাবেই করেন। তিনি যা বলেন, তা আমার মনোমত না হতে পারে, কিন্তু যা বলেন তা তিনি "ক্যাটেগরিক্যালি" বলেন। কিন্তু এই ট্যাক্স ব্যাপারে তিনি ক্যাটেগরিক্যালি বলতে পারেন নি এবং যে যুক্তি তাঁর কাছ থেকে বেরিয়ে এসেছে তাতে বোঝা যায় যে তিনি মনস্থির করতে পারেন নি। অতএব যেখানে মনস্থির করতে পারেন নি, তখন সেখানে বিরোধী দলের যদি একটা যুক্তিপূর্ণ সংশোধনী প্রস্তাব এসে থাকে তবে সেটা গ্রহণ করা উচিত। উনি জানেনও যে, বাহিরের জনসাধারণ এবং ব্যবসাদারেরা এই ট্যাক্স বসাবার প্রস্তাবে সন্তুষ্ট নয়। তাই সেই যে দুর্বলতা সেটা যুক্তির দুর্বলতা এবং যেখানে সন্দেহ আছে সেখানে সেটা স্বীকার করে নিলে দুর্বলতা প্রকাশ পায় না। সেখানে জনমতকে তিনি স্বীকার করছেন এই কথাটাই প্রকাশ পায়। ফলের উপর সেল্স ট্যাক্স সম্বন্ধে উনি বলেছিলেন যে, কয়েকজন বড় বড় ব্যবসাদার এসে বলেছিলেন যে, ছোট ব্যবসাদারেরা সেল্স ট্যাক্স ফাঁকি দেয়। আমি

কতকগুলি তথ্য সংগ্রহ করেছি যে, কারা সেলস্ ট্যাক্স ফাঁকি দিচ্ছে। তারা বড় ফলওয়ালা। কলিকাতার ফলের বাজারে তিনজন নামকরা বড় ফলওয়ালা আছে। তার মধ্যে একজন বাঙালী, একজন মুসলমান, আর একজন অবাঙালী—এই তিনজন আছেন এবং মুখ্যমন্ত্রী সম্ভবতঃ ওই তথ্য ও'দের কাছ থেকেই যোগাড় করেছেন। কিন্তু আমি বলি ও'রত পুলিস এ্যারেঞ্জমেন্ট আছে, ও'র হোম ডিপার্টমেন্টও রয়েছে, তাঁরা কি কোনও খবর রাখেন না? এদের মধ্যে অনেকে শুধু লক্ষ নয়, ২০।২৫ লাখ টাকার বেশী সেলস্ ট্যাক্স ব্যাপারীদের কাছ থেকে নিয়েছিলেন, কিন্তু গভর্নমেন্টের কাছে জমা দেন নি। তাঁরাই ও'র কাছে এসে যদি সাধু সেজে বলে থাকে যে ছোট ব্যবসাদারেরা ফাঁকি দিচ্ছে তাহলে তাঁদের এই ধারাটা পিকপকেটদের ধারার মত দেখায়। কলিকাতায় অনেক পিকপকেট আছে, তারা ধরা পড়লে নিজেকে বাঁচাবার জন্য অন্য লোককে দেখিয়ে বলে বসে—"ঐ, ঐ লোকটা নিয়েছে স্যার, আমি নয়"। এই বড় বড় ব্যবসাদারেরাও নিজেরা সেফ থাকার জন্য এই যুক্তি দেন। এক অতি বড় ব্যবসাদারের সেল ট্যাক্স ধরার ব্যাপারে এক বড় অফিসারের চাকরী গিয়েছে—একথা আপনারা জানেন। এই অবস্থার পরেও যদি ভাবেন যে, সেল্স ট্যাক্স থেকে এত পাওয়া যাবে, তবে সে আশা সফল হবে না। এই যে এ্যারেঞ্জমেন্ট সেলস্ ট্যাক্স আদায় করবার সেই মেশিনারী যদি ডিফেক্টিভ হয়ে থাকে, দুর্নীতিগ্রস্ত হয়ে থাকে, তার জন্য নূতন ট্যাক্স বসিয়ে সেটা পূরণ করতে হবে এ যুক্তি বুঝতে পারি না। কারণ, মুখ্যমন্ত্রী ভাবছেন, নূতন ট্যাক্স বসিয়ে অনাদায়ী সেলস্ ট্যাক্সের পূরণ করতে হবে। কিন্তু সেই দুর্নীতিপরায়ণ, অসাধু স্টাফ, সেই ডিফেক্টিভ মেশিনারীই যদি থেকে যায়—যে সরিষা দিয়ে ভূত ছাড়াবেন সেই সরিষার ভিতরই যদি ভূত থাকে—তাহলে ভূত ছাড়ান যাবে কি? কাজেই উনি যদি মনে করে থাকেন "সেলস্ ট্যাক্স কেন আদায় হবে না" তাহলে বলি সেটা কিভাবে আদায় হয় তা দেখুন, দেখে সেলস্ ট্যাক্স রাখা সম্বন্ধে বিবেচনা করুন। তিনি আগেই স্বীকার করেছেন যে, সেলস্ ট্যাক্স আদায় স্যাটিসফ্যাক্টরী হয় নি। কথায় আছে, এক ব্যক্তি বলেছিলেন পাওনাদারকে, "গত মাসে আপনাকে কিছুই দিতে পারি নি, এ মাসে বোধহয় তাও দিতে পারবো না"। এ যেন ঠিক তাই। এ্যাডমিনিস্ট্রেটিভ মেশিনারীতে যে ইনএফিসিয়েন্সী আছে সেইটার দিকে তিনি নজর দিন। তা না ক'রে ডাব্‌ল্ ট্যাক্সেশান যেন করা না হয়। আমি অনুরোধ করব তাঁর নিজের মনের ভিতর যখন অনিশ্চয়তা আছে, দ্বিধা আছে, তখন সেটাকে শ্রদ্ধা দেখিয়ে, বিরোধী দলের এবং এ্যাসেম্বলীর বাহিরে জনসাধারণের যা দাবী, সেটা শ্রদ্ধার সঙ্গে মেনে নিয়ে এই সংশোধনী প্রস্তাব গ্রহণ করুন।

Dr. Sudhir Chandra Ray Chaudhuri: Mr. Speaker, Sir, I rise to lend my support to the amendments of Dr. Narayan Chandra Ray. Government has taken a very irresponsible attitude in bringing out this fresh Bill for new taxation measure at the same time continuing the old sales tax on fruits. Sir, in the Statement of Objects and Reasons it was the desire of the Government that with a view to have effective taxation on fresh fruits this Bill is being enacted. They, therefore, admit that so far they could not realise the sales tax to the tune that they should have on fresh fruits. Sir, nothing has been placed before this House about the facts relating to such arrears and non-realisation and how could that happen. There is a statement that they are not able to realise it. We think, Sir, that we are entitled to know what are the reasons why they can't do it, if they can realise sales tax on other objects. If it is because some of the fruits are seasonal, they cannot do it, that stands to reason. If they have failed in this, they should take the House into confidence and state the reasons of their failure. So far as we are informed the lower cadre of traders have helped the Government in realising 75 per cent. of the arrear sales tax on assurance given to them by Dr. Roy that if that was done, there will be no imposition of fresh taxes on fruits. There are two or three cases involving big amounts pending before the Court of Law, and these are due from big traders as rightly pointed out by my previous speakers.

Because the Government have failed to realise taxes it is not proper that they should bring another machinery for realising fresh taxes and at the same time retain the old one. That would be very hard, very oppressive on the traders. They have already become panicky. They feel that after the promulgation of this law in addition to the existing law it would be impossible for them to trade in fruits. Dr. Roy is bringing about a situation in the country which will make fruits absolutely scarce. He will not get a copper as he is thinking. Unless he accommodates the traders, unless he allows them to trade freely and properly the question of taxation does not arise. He will not be able to realise anything if he kills the trade altogether. That would be dealing a death blow to the trade. Unless Dr. Roy at least at the present moment withdraws the sales tax on fruits it would not be possible for the traders perhaps to carry on further with the trade in fruits and fruits in Bengal will be wholly scarce. We, therefore, commend this amendment for the acceptance of the House.

[4-50—5 p.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, if I needed any argument against the acceptance of the proposal of Dr. Narayan Chandra Ray my friend Sj Sudhir Ray Chaudhuri has given me the arguments He said that this Act will not be allowed to function as we will not get any return from this. There is an old saying:

যো ধ্রুবানি পরিত্যজ্য অধ্রুবানি নিষেবতে,
ধ্রুবানি তস্য নশ্যন্তি, অধ্রুবং নষ্টমেব হি।

This sort of doubt which my friends are expressing I want to clear. As regards Dr. Chatterjee's remark I never used the expression big or small dealers in fruit. What I said was that there were two types of dealers—one was permanent dealer in fruit and the other was seasonal dealer. The permanent dealers complained that while they have got to maintain books and pay sales tax the seasonal dealers escape with the result that the permanent dealers are at a discount so far as the prices are concerned against the dealings of the seasonal dealers. I never used the word big or small. Sir, the reason why the two have to be kept is this: the method of assessment in the case of sales tax is different from the method of assessment of the entry into area tax—octroi tax. In one case it is on the price and in the other it is on the weight. I do say and I repeat again that we recognise the fact that these seasonal dealers in fruit have been responsible for evasion of a great deal of sales tax. We feel that by this new method we may be able to avoid at least in part this evasion that is now taking place. Sir, I said it before and I repeat again that if we find, so far as fruits are concerned, this new system—if অধ্রুবানি becomes ধ্রুব then the other one becomes অধ্রুব। Therefore, we have to wait and see whether this is really effective as against the other. As regards the argument which my friends have put forward I may say that there are, practically in every State wherever there is octroi duty sales taxes. My friends are talking in favour of the poor people who will not have fruits. May I tell them that the price of fruit which an ordinary man buys depends not upon the tax, on the wholesale dealers, but on the machination of the intervening middlemen? They raise the price according to the needs so that an addition of annas 8 a maund on mango which means about 80 mangoes would not make the price higher. The price will be higher due to some other factors which we have got to consider.

Sir, the question of tea has been raised. I have given you the figure that we can only tax on account of sales tax only a very small portion of the tea which passes through Calcutta or is used or consumed in Calcutta, because the sales tax is realised on the principle, when a particular commodity is sold and consumed in the Province. There is a very great difficulty in assessing the actual realisation from the sales tax on tea because the man who sells tea also sells other goods. We have not got any books to show how much sales tax will be realised from tea as against sales of other goods from the same shop. He gives the total sale on which the sales tax is assessed. Therefore, it is not possible for me to say how much we are realising from the sale of tea. But there is no doubt whatsoever that 2 hundred million pounds of tea which go through Calcutta, sold in Calcutta or blended in Calcutta, used in Calcutta in some form or other, that cannot be taxed under the present system. Therefore, Sir, we cannot at this stage agree to accept this amendment but I can give this assurance that so far as fruits are concerned it is not the intention of Government to tax the people twice. There should be rules and regulations to see that with regard to a particular goods the taxation may not be twice. So I cannot accept the amendment in this form.

[5—5-10 p.m.]

The motion of Dr. Narayan Chandra Ray that after clause 22, the following new clause be added, namely:—

"23. Neither the Bengal Finance (Sales Tax) Act, 1941, nor the West Bengal Sales Tax Act, 1954, shall apply to the items mentioned in the Schedule.",

was then put and a division taken with the following result:—

AYES - 54.

Baguli, Sj. Haripada
Bandopadhyay, Sj. Tarapada
Banerjee, Sj. Biren
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Ajit Kumar
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Hemanta Kumar
Basu, Sj. Jyoti
Bera, Sj. Sasabindu
Bhandari, Sj. Sudhir Chandra
Bhattacharjya, Sj. Mrigendra
Bhattacharya, Dr. Kanailal
Bhowmick, Sj. Kanai Lal
Bose, Dr. Atindra Nath
Chakrabarty, Sj. Ambica
Chatterjee, Sj. Haripada
Chatterjee, Dr. Hirendra Kumar
Chaudhury, Sj. Jnanendra Kumar
Choudhury, Sj. Subodh
Chowdhury, Sj. Benoy Krishna
Dal, Sj. Amulya Charan
Dalui, Sj. Nagendra
Das, Sj. Raipada
Das, Sj. Sudhir Chandra
Dey, Sj. Tarapada
Dutt, Sj. Probodh
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Sj. Bibhuti Bhushon
Ghose, Sj. Jyotish Chandra (Chinsurah)
Ghosh, Sj. Amulya Ratan
Ghosh, Sj. Ganesh
Ghosh, Dr. Jatish
Ghosh, Sj. Narendra Nath
Hazra, Sj. Monoranjan
Joarder, Sj. Jyotish
Kar, Sj. Dhananjoy
Khan, Sj. Madan Mohon
Mondal, Sj. Bijoy Bhuson
Mukherji, Sj. Bankim
Mullick Chowdhury, Sj. Suhrid Kumar
Naskar, Sj. Gangadhar
Pramanik, Sj. Surendra Nath
Ray, Dr. Narayan Chandra
Ray Chaudhuri, Sj. Sudhir Chandra
Roy, Sj. Jyotish Chandra (Falta)
Roy, Sj. Provash Chandra
Roy, Sj. Saroj
Saha, Sj. Madan Mohon
Saha, Dr. Saurendra Nath
Sarkar, Sj. Dharani Dhar
Satpathi, Dr. Krishna Chandra
Sen, Dr. Ranendra Nath
Sinha, Sj. Lalit Kumar
Tah, Sj. Dasarathi

NOES—131.

Abdus Shokur, Janab
Atawal Ghani, Janab Abul Barkat
Bandopadhaya, Sj. Khagendra Nath
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sj. Profulla
Banerjee, Dr. Srikumar
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Dr. Jatindra Nath
Basu, Sj. Satindra Nath
Basu, The Hon'ble Satyendra Kumar
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syama
Biswas, Sj. Raghunandan
Bose, The Hon'ble Pannalal
Brahmamandal, Sj. Debendra
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bijoylal
Chatterjee, Sj. Dhirendra Nath
Chattopadhya, Sj. Brindabon
Chattopadhyay, Sj. Sarojranjan
Das, Sj. Banamali
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Kanailal (Ausgram)
Das, Sj. Radhanath
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan
Digar, Sj. Kiran Chandra
Dutta Gupta, Sjkta. Mira
Gahatraj, Sj. Dalbahadur Singh
Garga, Kumar Deba Prasad
Gayen, Sj. Brindaban
Ghosh, Sj. Tarun Kanti
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Giasuddin, Janab Md.
Golam Hamidur Rahman, Janab
Goswamy, Sj. Bijoy Gopal
Gupta, Sj. Jogesh Chandra
Gupta, Sj. Nikunja Behari
Haldar, Sj. Kuber Chand
Halder, Sj. Jagadish Chandra
Hansdah, Sj. Bhusan
Hasda, Sj. Lakshan Chandra
Hasda, Sj. Loso
Hazra, Sj. Amrita Lal
Hazra, Sj. Parbati
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Prabir Chandra
Jha, Sj. Pashu Pati
Kar, Sj. Bankim Chandra
Kar, Sj. Sasadhar
Karan, Sj. Koustuv Kanti
Lahiri, Sj. Jitendra Nath
Let, Sj. Panchanon
Mahammad Ishaque, Janab
Mahata, Sj. Mahendra Nath
Maiti, Sj. Pulin Behari
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Nishapati
Mal, Sj. Basanta Kumar
Maliah, Sj. Pashupatinath
Mandal, Sj. Annada Prasad
Mandal, Sj. Umesh Chandra
Massey, Mr. Reginald Arthur
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Sankar Prasad
Modak, Sj. Niranjan
Mohammad Mumtaz, Maulana.
Mohammed Israil, Janab
Mojumder, Sj. Jagannath
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Mondal, Sj. Sudhir
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Ananda Gopal
Mukherjee, Sj. Sambhu Charan
Mukherji, The Hon'ble Ajoy Kumar
Mukherji, Sj. Pijush Kanti
Mukhopadhyay, Sjkta. Purabi
Mukhopadhyaya, Sj. Phanindranath
Murarka, Sj. Basant Lall
Murmu, Sj. Jadu Nath
Naskar, Sj. Ardhendu Sekhar
Naskar, The Hon'ble Hemohandra
Pal, Dr. Radhakrishna
Panigrahi, Sj. Basanta Kumar
Panja, The Hon'ble Jadabendra Nath
Paul, Sj. Suresh Chandra
Pramanik, Sj. Mrityunjoy
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Pramanik, Sj. Tarapada
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Jyotish Chandra (Haroa)
Ray, The Hon'ble Renuka
Roy, Sj. Arabinda
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Bijoyendu Narayan
Roy, Sj. Biswanath
Roy, Sj. Hanseswar
Roy, Sj. Nepal Chandra
Roy, Sj. Prafulla Chandra
Roy, The Hon'ble Radhagobinda
Roy, Sj. Ramhari
Roy, Sj. Surendra Nath
Roy Singh, Sj. Satish Chandra
Saha, Dr. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Saren, Sj. Mangal Chandra
Sarkar, Sj. Bejoy Krishna
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Priya Ranjan
Sen, Sj. Rashbehari
Sen Gupta, Sj. Gopika Bilas
Shaw, Sj. Kripa Sindhu
Shaw, Sj. Mahitosh
Sikder, Sj. Rabindra Nath
Singh, Sj. Ram Lagan
Sinha, Sj. Durgapada
Tafazzal Hossain, Janab
Tarkatirtna, Sj. Bimalananda
Tripathi, Sj. Hrishikesh
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Md.
Zainal Abedin, Janab Kazi

The Ayes being 54 and the Noes 131, the motion was lost.

The Schedule

Sj. Gopika Bilas Sen Gupta: Sir, I beg to move that for the Schedule, the following Schedule be substituted, namely:—

"The Schedule.

[*See* section 2.]

1	2	3
Taxable goods.	Local area.	Rate.
Tea, that is to say, the leaves, leaf-buds and stalks of *Camellia Thea* and also tea dust and tea waste.	Calcutta as described in Schedule I to the Calcutta Municipal Act, 1951 (West Ben. Act XXXIII of 1951), as deemed to have been amended by notification under section 594 of the said Act together with the districts of 24-Parganas and Howrah	One anna per pound avoirdupois.
Mango ..	Ditto	Six annas per maund
Orange .	Ditto	Eight annas per maund
Mossambio	Ditto	Eight annas per maund.
Grapes ..	Ditto	One rupee and eight annas per maund.
Bedana ..	Ditto	One rupee per maund.
Anar .	Ditto . .	Eight annas per maund.
Apples ..	Ditto ..	One rupee per maund
Pears ..	Ditto	Eight annas per maund.
Guava .	Ditto . ..	Eight annas per maund.
Custard Apple ..	Ditto	Four annas per maund.
Water-melon (Tarmuj). ..	Ditto	Two annas per maund.
Melons, i.e., Kharmuj Lablab.	Ditto	Eight annas per maund.
Plum ..	Ditto	Six annas per maund.
Lichi	Ditto ..	Eight annas per maund.
Lemon ..	Ditto	One rupee and eight annas per maund.
Cherry, Peac and Apricot.	Ditto	One rupee per maund.

Explanation.—In this Schedule, in calculating the weight, the weight of packing materials and containers shall be included.".

Dr. Ranendra Nath Sen: Sir, I beg to move that Schedule, as amended by Sj. Gopika Bilas Sen Gupta, be recast as follows, namely:—

"The Schedule.

[*See* section 2.]

1	2	3
Taxable goods.	Local area.	Rate.
Tea, that is to say, the leaves, leaf-buds and stalks of *Camellia Thea* and also tea dust and tea waste.	Calcutta as described in Schedule I to the Calcutta Municipal Act, 1951 (West Ben. Act XXXIII of 1951), as deemed to have been amended by notification under section 594 of the said Act together with the districts of 24-Parganas and Howrah.	One pie per pound avoirdupois.
Mango	Ditto	One pie per maund.
Orange	Ditto	
Mossambie	Ditto	One pie per maund."
Grapes	Ditto	
Bedana	Ditto	
Anar	Ditto	
Apples	Ditto	
Pears	Ditto	
Guava	Ditto	
Custard Apple	Ditto	
Water-melon (Tarmuj).	Ditto	
Melons, *i.e.*, Kharmuj Lablab.	Ditto	
Plum	Ditto	
Lichi	Ditto	
Lemon	Ditto	
Cherry, Peach, Apricot.	Ditto	

Dr. Narayan Chandra Ray: Sir, I beg to move that Schedule, as amended by Sj. Gopika Bilas Sen Gupta, be rewritten as follows, namely:—

"The Schedule.

[*See* section 2.]

1	2	3
Taxable goods.	Local area.	Rate.
Tea, that is to say, the leaves, leaf-buds and stalks of *Camellia Thea* and also tea dust and tea waste.	Calcutta as described in Schedule I to the Calcutta Municipal Act, 1951 (West Ben. Act XXXIII of 1951), as deemed to have been amended by notification under section 594 of the said Act together with the districts of 24-Parganas and Howrah.	One pie per pound avoirdupois."

Sj. Jogesh Chandra Gupta: Sir, I beg to move that in the Schedule proposed by Amendment No. 61 of Sj. Gopika Bilah Sen Gupta, in column 3, against the tenth item "Guava", for the words "Eight annas" the words "Four annas" be substituted.

Sj. Bankim Mukherji: Sir, I beg to move that in the Schedule proposed by Amendment No. 61 of Sj. Gopika Bilas Sen Gupta, the entries relating to "Lemon" be omitted.

Dr. Narayan Chandra Ray: Sir, I beg to move that for the Schedule, the following be substituted, namely:—

"The Schedule.

1	2	3
Taxable goods.	Local area.	Rate.
Tea, that is to say, the leaves, leaf-buds and stalks of *Thea Sinensis*.	Calcutta as described in Schedule I to the Calcutta Municipal Act, 1951(West Ben. Act XXXIII of 1951), as deemed to have been amended by notification under section 594 of the said Act together with the districts of 24-Parganas and Howrah.	One pie per pound avoirdupois."
Mango ..	Ditto ..	One pie per package.
Orange ..	Ditto ..	
Mossambie ..	Ditto ..	
Grapes ..	Ditto ..	
Bedana and Anar ..	Ditto ..	
Apples ..	Ditto ..	
Pears ..	Ditto ..	
Guava ..	Ditto ..	
Custard Apple ..	Ditto ..	
Water-melon (Tarmuj).	Ditto ..	One pie per dozen.
Melons, *i.e.*, Kharmuj Lablab.	Ditto ..	One pie per package.
Plum ..	Ditto ..	Ditto."

Sj. Ganesh Ghosh: Sir, I beg to move that for the Schedule, the following be substituted, namely:—

"The Schedule.

1 Taxable goods.	2 Local area.	3 Rate
Tea ..	Calcutta as defined in Schedule I to the Calcutta Municipal Act, 1951, as deemed to have been amended by notification under section 594 of the said Act together with the districts of 24-Parganas and Howrah.	Three pies per pound avoirdupois.
Grapes	Ditto	One pie per package
Bedana and Anar .	Ditto	Ditto
Apples .	Ditto	Ditto
Pears .	Ditto	Ditto
Guava ..	Ditto	Ditto.
Custard Apple	Ditto	Ditto.
Water-melon (Tarmuj). .	Ditto	One pie per dozen
Melons, *i.e.*, Kharmuj Lablab	Ditto	One pie per package
Plum .	Ditto ..	Ditto"

Sj. Biren Banerjee: Sir, I beg to move that for the Schedule, the following be substituted, namely:—

"The Schedule.

1 Taxable goods	2 Local area	3 Rate
Tea, that is to say, the leaves, leaf-buds and stalks of *Thea Sinensis*.	Calcutta as described in Schedule I to the Calcutta Municipal Act, 1951 (West Ben Act XXXIII of 1951), as deemed to have been amended by notification under section 594 of the said Act together with the districts of 24-Parganas and Howrah	One pie per pound avoirdupois."

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that for the Schedule, the following be substituted, namely:—

"The Schedule.

1 Taxable goods.	2 Local area	3 Rate.
Tea, that is to say, the leaves, leaf-buds and stalks of *Thea Sinensis*.	Calcutta as described in Schedule I to the Calcutta Municipal Act, 1951 (West Ben Act XXXIII of 1951), as deemed to have been amended by notification under section 594 of the said Act together with the districts of 24-Parganas and Howrah.	One pie per pound avoirdupois."

Sj. Madan Mohon Khan: Sir I beg to move that in the Schedule, under column 1, the following items be omitted, namely:—

"Mossambie, Grapes, Bedana, Apples, Pears".

Sir, I also beg to move that under column 3 of the Schedule, in line 8, after the words "wooden articles" the words "cane basket, bamboo-split basket and crumper basket and bags of any material or other things" be inserted.

Sj. Haripada Chatterjee:

সভাপাল মহাশয়, আমি সর্বাগ্রে প্রধানমন্ত্রীকে অনুরোধ করবো যে, এখনও সময় আছে বিলটা বন্ধ করে দিন। তার কারণ, তিনি যেভাবে করছেন ইন্ডিয়ান কনষ্টিটিউনের ৩০৪(এ)এর সুবিধা নিয়ে............

Mr. Speaker:

থার্ড রিডিংএ বলবেন।

Sj. Haripada Chatterjee:

বাকী যদি থাকে বলবো, না হয় বলতেই যে হবে এমন কিছু নয়। এ্যাসেমব্লীতে বলা দরকার বিলটা যাতে ভাল হয়। উনি শুনছেন কিনা জানি না, উনি যদি এই বিল পাশ করান তো বিপদে পড়বেন। উনি ভাবছেন ফাঁকি দেবেন। ২১নং বলবার সময় গভর্নরের কথা উনি বলেছেন। আমি তাঁকে বিশেষ ক'রে অনুরোধ করছি এইটা সুপ্রিম কোর্টে গেলে এই আইনটা বাতিল হয়ে যাবে। আইনটা যেটা নিয়ে এসেছেন তাতে যে সিডিউল আছে সেটা out of order and *ultra vires* altogether.

এই জিনিস নিলে সুপ্রীম কোর্টে তিনি হেরে যাবেন। কাজে কাজেই আমার পয়েন্ট হচ্ছে ৩০৪(এ) দ্বারা গভর্নরকে দিয়ে এটা চালু ক'রে নেবেন এই যদি তিনি ভেবে থাকেন তাহলে তিনি মহাভুল করেছেন। লাটসাহেবের কোন অধিকার নাই, ৩০৪(বি) ধারাতে এটা পড়বেই, কারণ ট্রেড ও কমার্সের উপর বাধা পড়ছে। অতএব প্রেসিডেন্টের স্যাংশন নিতেই হবে। এটা আমার কথা নয়, আইনের কথা।

Mr. Speaker: Please speak on the schedule.

Sj. Haripada Chatterjee:

সিডিউলের উপরেই বলছি। সিডিউল ইরেলেভ্যান্ট। তিনি হাওড়া, কলকাতা এবং ২৪-পরগণার মধ্যে কতগুলি কাজ করছেন—রেষ্ট্রিকশন করে দিচ্ছেন। সমস্ত বাংলাদেশে চালু করছেন না। এই যে রেষ্ট্রিকশন, এটা "*ultra vires* the Constitution"

Mr. Speaker: That is for third reading.

Sj. Haripada Chatterjee:

সিডিউলটা যে আলট্রাভায়ার্স, "জর্জ্জ ভার্সেস ষ্টেট", ত্রিবাংকুর হাইকোর্টের রায়ে তা সুস্পষ্ট। এই রায় আত্মারামের কেস যার সম্বন্ধে আপনি উল্লেখ করেছেন তার ওপরে দেওয়া হয়েছে। এই রায়ে আপনার আত্মারামের কথা উল্লেখ আছে। যেটা বলেছেন সেই রায় থেকে পড়ে দিচ্ছি, অল-ইন্ডিয়া রিপোর্টার থেকে পড়ছি—

> "There is no warrant for construing the expression "trade, commerce or intercourse within the territory of India", in the heading to Part 13 as being restricted to trade, commerce or intercourse between one State and another within the Indian Union. The expression is comprehensive enough to bring within its ambit

> trade, commerce or intercourse between such States as also trade, commerce or intercourse between different places within one State alone. In other words, the freedom of trade, commerce or intercourse referred to in article 301 covers freedom of inter-State trade, commerce or intercourse as well as freedom of intra-State trade".

Mark the word "intra-State"—intra-State trade, commerce or intercourse. Hence a State legislation imposing reasonable restrictions on the freedom of trade within the State itself is also controlled by the proviso to clause (*b*) of article 304.

Mr. Speaker:

সিডিউলএ এটা আসে না।

Sj. Haripada Chatterjee:

সিডিউলএ আসে এইজন্য যে, এই সিডিউল কনষ্টিটিউশন অনুযায়ী আনা যেতে পারে না, কেননা

Restrictions on the freedom of trade within the State itself is also controlled by the proviso to clause (*b*) of article 304.

ওয়েস্ট বেঙ্গলের মধ্যে মাত্র তিনটি জায়গায় কর ধার্য করছেন, অন্য জায়গায় করছেন না। সুতরাং গভর্নরকে দিয়ে তিনি পারবেন না, তাঁকে যেতে হবে প্রেসিডেন্টের কাছে। সেজন্য দেখছি প্রিসিডেন্ট রয়েছে, এখানে পূর্বে এই জাতীয় যেসব বিল আনা হয়েছে তার জন্য প্রেসিডেন্টের পারমিশন আগেই নেওয়া হয়েছে। যেমন

Boat Registration Bill, Molasses (Control) (Amendment) Bill, Emergency Powers (Amendment) Bill, Sales Tax (Amendment) Bill

ইত্যাদির বেলায়।

[5-10—5-20 p.m.]

তারপর এসেনসিয়াল গুড্‌স্ সম্বন্ধে দেখুন পার্লিয়ামেন্টের আইন -

Essential Goods (Declaration and Regulation of Tax on Sales and Purchases) Act.

এটা ৯ই আগষ্ট ১৯৫২ তারিখে এ্যাসেন্ট পেয়েছে। তাতে দেখুন

regulation of tax or sale and purchase of essential goods

এতে বলা হয়েছে—

> "no law made after the commencement of this Act by the Legislature of a State imposing or authorising the imposition of a tax on the sale or purchase of any goods declared by this Act to be essential for the life of the community shall have effect unless it has been reserved for the consideration of the President and has received his assent."

প্রেসিডেন্টের কাছে যেতে হবে। এখানে ২নং প্যারাতে তাই বলছে। এই বলছে দেখুন ফ্রেশ এ্যান্ড ড্রাইড ফ্রুটস এটা এসেনসিয়াল গুডসের মধ্যে। উনি যত বক্তৃতা করুন প্রেসিডেন্টের কাছে স্যাংশন নিতে ওঁকে যেতেই হবে।

Mr. Speaker:

ও পয়েন্টে তো বলা হয়েছে টিডিয়াস রিপিটিশন করে লাভ কি?

Sj. Haripada Chatterjee:

কনষ্টিটিউশন ২৮৬(৩) ধারা অনুযায়ী আপনি প্রেসিডেন্টের কাছে যেতে বাধ্য। কিন্তু পরে গেলেও তিনি স্যাংশন দেবেন না নিশ্চয়ই। কেননা পার্লিয়ামেন্ট এটা এসেনসিয়াল গুড্‌সে ফেলেছে।

Mr. Speaker:

ইরিলিভ্যাণ্ট বলবেন না। অনেক বলেছেন তো!

Sj. Haripada Chatterjee:

ইরিলিভ্যান্ট আদৌ বলছি না। দেখালাম সিডিউল আলট্রা ভায়ার্স অফ দি কনষ্টিটিউশন। এখন ভিটামিন সম্বন্ধে বলতে হবে।

Mr. Speaker:

সে তো ফার্ষ্ট রিডিংএ লম্বা "ডিসকোর্স অন ভিটামিন" বলেছেন। রিপিটিশনের দরকার নেই।

Sj. Haripada Chatterjee:

হেল্‌থের জন্যে কতকগুলি জিনিস দরকার। উনি ডাক্তার মানুষ সবই জানেন, কিন্তু জেগে ঘুমচ্ছেন। টাকা দরকার, কোথায় পাবেন, তাই পাগল হয়ে গেছেন। উনি তো প্রেসক্রিপশন করবেন এতগুলি লেবু খেতে হবে, কিন্তু কিনবে কি করে লোকে? সব থেকে বড় যে জিনিস লেবু—যা না খেলে ভিটামিন সি'এর অভাব ঘটে, স্কার্ভি হয়, তার উপর ট্যাক্স বসিয়ে তাকে মহার্ঘ করছেন। ভিটামিনগুলি রসায়নিক ঘটকালি করে—ক্যাটালিটিক এজেণ্টের কাজ করে। খাদ্যকে পরিপাক করে শরীরের শ্রীবৃদ্ধি করে। সস্তা ফলগুলি গরীবের একমাত্র খাদ্যপ্রাণযুক্ত খাদ্য। লেবুতে প্রায় চল্লিশ মাইক্রোগ্রাম ১০০ গ্রামএ ভিটামিন (সি) আছে। গ্রামের কথা আগে বলেছি। অরেঞ্জে তিনটি ভিটামিনই আছে। এই সমস্ত ফল যা একান্ত দরকার শরীর রক্ষার জন্য, যা আমাদের Essential Goods (Declaration and Regulation of Tax on Sales and Purchases) Act এ যা পার্লিয়ামেণ্টের আওতায় পড়েছে, তার উপর ট্যাক্স ধরা নিতান্ত অন্যায় ও আইনবিরুদ্ধ। যে হারে ট্যাক্স ধরেছেন, তাতে ১০০৲ টাকার কমলালেবুতে প্রায় সাড়ে সাত আনা করে পড়বে। একশত টাকায় আমে ৬ টাকা ৪ আনা, অর্থাৎ ১০০ টাকায় ৪ টাকা ১১ আনা বেশী। আঙ্গুর বড়লোকে খায়, সেখানে ১০০ টাকায় ট্যাক্স দেড় টাকা পড়ল। কাজেই অনুরোধ করছি, দেশের গরীবদের দিকে তাকিয়ে সস্তা ফলগুলি অন্ততঃ বাদ দিন।

Dr. Ranendra Nath Sen:

মাননীয় স্পীকার মহোদয়, আমার সংশোধনী প্রস্তাবে "সটান" বলে দেওয়া আছে যে এক পাই করে ট্যাক্স ধার্য করা হউক। এই "সটান" বলার অর্থ এই যে আমার "সটান" কথাটা উনি ধরে রেখেছেন। ডাঃ রায় যাই বলুন, এইমাত্র বল্লেন যে, 'হোলসেলার'দের উপরে ট্যাক্স যদি বসানো যায় তাহলে শেষ পর্যন্ত তলায় দাম বাড়ে। আমাদের দেশের বাজারের অবস্থা কি? হোলসেলাররা কখনও ফুটপাথে বসেন না। তাঁরা বিভিন্ন পাইকারী, ইনটারমিডিয়ারী মারফৎ বাজারে জিনিসপত্র আমাদের সামনে উপস্থিত করেন, ঐভাবে দাম বাড়ে। আমরা দেখেছি, যদি এক আনা মণে বাড়ে খরিদ্দার পান সেটা এক আনার ৪।৫।১০ গুণ বেশীতে। এটা আমাদের বাস্তব অভিজ্ঞতা। সুতরাং আমার এই সংশোধনীতে এই ভয়াবহ অভিজ্ঞতা যথাসম্ভব কমাবার চেষ্টা করা হয়েছে। সুতরাং আমি বলেছি যে, ১ পাই করা হউক। ডাঃ রায় বলবেন অবস্তব কথা উন্নয়নের জন্য টাকা দরকার বলে এটা করেছি। আমরা বলছি এই গভর্নমেণ্টের হাতে উন্নয়ন বাবদ আর কোন টাকা দিতে রাজী নই। আগেও দেখিয়েছি আজকেও স্মরণ করিয়ে দেবো। এই গভর্নমেণ্টের বাৎসরিক রাজস্ব খাতে মাথাপিছু ১৯৫৩-৫৪ সালে ১৯ টাকা লোকে দিয়েছে আর সরকার খরচ করেছে উন্নয়ন খাতে ৮॥ টাকা। যে সরকারের এই রেকর্ড সেই সরকারের উন্নয়ন খাতে আরও টাকা দরকার, সুতরাং ট্যাক্সেশান আরও বাড়াও এই যুক্তি মানতে আমরা রাজী নই। যদি দেখা যেত এই সরকারের যে ট্যাক্সেশন সেই টাকাতে দেশের উন্নয়ন কাজে খরচ হয়েছে, তাহলে পরে বলতে পারতাম, আমাদের দেশের লোক যেমন ট্যাক্স দিচ্ছে তাতে উন্নয়নের ফলে তাদের আয়ও বেড়েছে, তাদের জীবনের মান আরও উন্নত হয়েছে, সুতরাং তাদের আরও ট্যাক্স দেবার ক্ষমতা আছে। কিন্তু আসলে ট্যাক্স দেবার ক্ষমতা তাদের বাড়ে নি, বরং কমেছে। উন্নয়নকার্য বলে যা নেওয়া হয়েছে বা যা নেওয়া হয়, সেই ট্যাক্সের

বেশীর ভাগ এই সরকার অন্যত্র খরচ করে থাকেন। আমাদের ষ্টেটে যদি ১১ কোটি টাকা পুলিশের বাবদ এই বৎসর খরচ হয়, যে পুলিশের কাজ সম্পর্কে ডাঃ রায় সকালবেলা তাঁর বিবৃতিতে বল্লেন যে, মোট ৬ জন লোক হত্যা করলো, তার মধ্যে ২ জন মেয়েমানুষ আর একজন ১২ বৎসরের ছেলে। যে রাজত্বে এটা চলে, সেখানে উন্নয়নের কথা বলা অবান্তর। সুতরাং উন্নয়ন বাবদ ট্যাক্সেশন বাড়াবার কথা উঠলে আমরা তার বিরোধিতা করবো এবং বাধা দিয়ে যথাসম্ভব কমাবার চেষ্টা করবো। সেই ধারণাতেই আমি এখানে একথাই বলেছি। উন্নয়নের তাহলে কি হবে ডাঃ রায় বলবেন। আমি বলি ভারতবর্ষের মধ্যে, ডাঃ রায় জানেন কিনা জানি না, কংগ্রেস সরকারের আরও গভর্নমেন্ট আছে যাঁরা বৃটিশ পুঁজি জাতীয়করণের জন্য চেষ্টা করছে। যেমন মহীশূরের স্বর্ণখনি।

[5-20—5-30 p.m.]

তারপর যাতে তাদের ট্যাক্সেশন বোঝা লাঘব করা যায়, সেই দৃষ্টিতে আমি একথা বলছি। তা না হ'লে উন্নয়ন করে কিছু হবে না। এই ভারতবর্ষের মধ্যে এমন জায়গা আছে, ডাঃ বি. সি. রায় জানেন কি না জানি না, যেখানকার কংগ্রেস গভর্নমেন্ট বৃটিশ পুঁজি নিজেরা জাতীয় করণের চেষ্টা করছেন। মহীশূর রাজ্যে যেখানে সোনার খনি আছে, সেখানকার সরকার বলেছেন—যেহেতু বৃটিশেরা সব মুনাফা নিয়ে চলে যাচ্ছে, সেইজন্য আমরা এটাকে আমাদের জাতীয় সম্পত্তিতে পরিবর্তন করবো। তাই ইংরাজসাহেবরা দিল্লী দৌড়িয়েছিলেন এসেমব্লীর সদস্যদের জানাবার জন্য।

Mr. Speaker: Confine yourself to your amendment You are giving a roving speech on Planning Commission and budget

Dr. Ranendra Nath Sen: Nothing to do with the Planning Commission

এই ডেভেলপমেন্ট প্ল্যান মানে হচ্ছে টাকা। সেইজন্য আমি বলতে যাচ্ছি কোথ থেকে আমরা টাকা পেতে পারি।

Mr. Speaker:

মহীশূর গভর্নমেণ্টের কথা এখানে আনছেন কেন? সে তো বাংলা গভর্নমেণ্ট নয়।

Dr. Ranendra Nath Sen:

মহীশূরের ইংরেজ মালিকরা ছুটে গিয়েছিলেন দিল্লীতে কেন্দ্রীয় সরকারের কাছে। তাঁরা বলেছেন তোমাদের কথা শুনবো না।

Mr. Speaker:

থার্ড রিডিংএ বলবেন। এখন এটা অপ্রাসঙ্গিক।

Dr. Ranendra Nath Sen:

এটা যদি অপ্রাসঙ্গিক হয়, তাহলে বলবো পশ্চিমবঙ্গ সরকার এই এসেমব্লীর সঙ্গে পরামর্শ করে এক রায় নিয়ে কেন্দ্রীয় সরকারকে বলুন যে, তোমাদের টাকা আমদানী করবার যে সমস্ত বিভিন্ন খাত আছে সেখানথেকে আমাদের এই টাকা দেওয়া হোক। কেন্দ্রীয় সরকারের সেখানে যে আয় হবে সেই খাতের আয় থেকে আমাদের বেশী করে টাকা দেওয়া হোক এই পশ্চিম বাংলার উন্নয়নের জন্য।

Dr. Narayan Chandra Ray:

মাননীয় স্পীকার মহাশয়, আমার সিডিউলের উপর সমস্ত আইটেমগুলি দেবার উদ্দেশ্য অল্প—"ওয়ান পাই পার রুপি"। আজ যদি মুখ্যমন্ত্রী মহাশয়ের মুখ থেকে শুনতাম যে, সেলস্ ট্যাক্স তুলে নেওয়া হবে তাহলে আমি এই প্রশ্ন নিয়ে এগোতাম না। অতএব কিছু করতে লাগবে। যেহেতু সেটা দুদিকে রইলো, যেহেতু ও'র কথার কথা ধরে আমি বলছি, যদি এটা রাখাই হয়, তাহলে এটা এত নীচু করে রাখুন—যাতে সহজে বোঝা যেতে পারে যে, এই "প্রসেস অব কলেকশনে" কত কলেকশন হতে পারে। এক পাইএর জায়গায় চার পাই করবেন কিনা

সেটা পরে অংক কষে নিতে পারবেন। যদি বলেন যে, দেখবার জন্য রাখছি, তাহলে এই এক পাই রাখুন। লোভমাত্রই নিন্দনীয়, মন্ত্রীর লোভও নিন্দনীয়, রাষ্ট্রের লোভও সমানই নিন্দনীয়। মন্ত্রী মহাশয় রাষ্ট্র কর্তব্য হিসেবে যতটা করতে চান করুন। কিন্তু লোভটা কিছু সংযত করুন। পরে ওটা অংক কষে গুণ করে বাড়াবেন, এখন এক্সপেরিমেন্ট করে দেখে নিন। কিন্তু আমার এটা দেখার উদ্দেশ্য হচ্ছে as an experiment for experiments' sake, do not do it for collection.

Sj. Jogesh Chandra Gupta: Sir, this is a motion for reduction of the tax but I have just to refer to one remark that was made by Dr. Hirendra Kumar Chatterjee insinuating that perhaps I am interested in guava jelly industry and, therefore, this amendment has been moved. They say people judge others according to their own standard. Sir, I am not interested, but of course there is one interest. Some of my grand children like guava jelly and they being daughters of a member of that party possibly that has arisen in their mind at any rate.

What I want to say is this. You have put 8 annas as tax per maund on guava. It stands to common sense and reason that while mango is charged 6 annas guava ought not to be charged 8 annas. Guava is a fruit which is generally eaten by the poorer section who cannot afford to eat mangoes. I have, therefore, made the suggestion in the interest of the poorer masses and I am only sorry for Dr. Chatterjee's insinuation against me.

Sj. Bankim Mukherji:

স্যার, আমার বক্তব্য হচ্ছে এই ফ্রুটের মধ্যে লেমনটা ধরা একটু অন্যায় হয়ে গেছে এবং সেইজন্য আমি চাই যে, এই লেমনটা অমিট করে দেওয়া হোক। যেটা "মুভার অব দি বিল"এর কথায় বুঝেছিলাম যে, তাঁর তাতে আপত্তি নাই। কিন্তু জানিনা এখন তিনি কি বলবেন! কেননা এই লেমন—যাকে লেবু বলে, তাকে মোটেই ফ্রুট বলা যায় না। এই ফ্রুটের সায়েণ্টিফিক ডেফিনিশন কি আছে জানি না।

Mr. Speaker:

সেটা হরিপদবাবু বলতে পারবেন। এই সায়েণ্টিফিক ডেফিনিশন অব ফ্রুট তিনি থার্ড রিডিংএ বলবেন।

Sj. Bankim Mukherji:

আমার কমনসেন্স ডেফিনিশনে মনে হয় যেটা কাঁচা খাওয়া যায় এবং যাতে কিছুটা মিষ্টি আছে, যাতে

some sort of sugar or fructose.

আছে—এটা হয় ফ্রুট। কিন্তু এই লেবু হচ্ছে একেবারে অম্ল। যাতে সাইট্রিক এ্যাসিড আছে, সেটা কি করে ফ্রুট হয় জানি না।

আর একটা জিনিস আছে সেটা আমি দেইনি—সেটা নিয়ে নিলেও ভাল হয় এই সংগে। মুভার অব দি বিল সেটা কনসিডার করলে ভাল হয়। সেটা হচ্ছে কুল—প্লাম। ফ্রুট হিসেবে নারকেলী কুলকে ধরা যেতে পারে। পাটনা থেকে যে কুলগুলি আসে, সেটা দিয়ে অম্ল রাঁধতে পারেন, কিন্তু তাকে ফ্রুট বলা যায় না। জানি না ডিপার্টমেণ্টের কোন্ পণ্ডিত এই জিনিষগুলি ঢুকিয়ে দিয়েছেন এই তালিকার মধ্যে। বোধ হয় বাড়ীতে তিনি সাহেবী খানা খেয়ে থাকেন কোনও সময়ে অম্ল খাবার দরকার হয় না—এবং তাতে লেবুর রসও দেয় না।

গাছে যা ফলে তাই যদি ফ্রুট হয়, তাহলে ঢেঁড়স, ঝিঙা, আমড়া কেন বাদ গেল? কাঁচালংকা বা কেন বাদ গেল?

[হাস্যরোল]

আরও অনেক জিনিস আছে এই রকম ফ্রুট। এক বন্ধু বলেছেন বেগুনটাও ফ্রুটের মধ্যে আসতে পারে। কারণ ওটাও তো গাছে ফলে। কাজেই আমি বলবো—এই লেমনটা বাদ দেওয়া হোক। সুইট লাইমস্ যা স্পেন বা ব্রেজিল থেকে আসে, ভারতবর্ষে সেই সমস্তকে সরবতী লেবু বলা হয়, সেই সুইট লাইমস্ বেশী কলকাতায় দেখা যায় না। তাকে ধরলে আপত্তি নাই।

ইণ্ডিয়ান রেলওয়ে ট্যারিফের কতকগুলি জিনিসের যে রেট্ দেওয়া হয়েছে, তাতে দেখা যায়, ভেজিটেবল রেট হচ্ছে হাফ রেট, ফ্রুটস্ ওয়ান-ফোর্থ রেট। এই ভেজিটেবল্‌স সম্বন্ধে গভর্নমেণ্ট ট্যারিফ বলছে—

Chapter VII, page 167—"Vegetable, whether fresh or dry.

Note.—The term vegetable includes some lime, lime and tomato."

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

এটাকে ফ্রুট বললে তো সস্তায় আসবে।

Sj. Bankim Mukherji:

আপনি যদি রেলওয়ে বোর্ডকে দিয়ে সেটা করিয়ে নিতে পারেন তাহলে খুসী হব।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

অন্ততঃ আমরা যদি ডিক্লেয়ার করি ফ্রুট।

It will strengthen my hand.

Sj. Bankim Mukherji:

"লীডার অফ দি হাউস"এর মন্তব্য নিয়ে রেলওয়ে বোর্ড তা করবেন না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

তাতে রেলওয়ে বোর্ড ঈজিলি রাজী হবেন দ্যান ইওরসেল্‌ফ।

Sj. Bankim Mukherji:

সেটা করে নিন। তাহলে লেবু ব্যবসায়ীরা খুব খুসী হবেন। লেবু জিনিস যার মণ ২২৲ টাকা ২২৷৷০ টাকা, তার উপর আবার ট্যাক্স বসবে; আর অরেঞ্জ এর দাম অত্যন্ত বেশী; আর তার টেরিফ রেট হচ্ছে আট আনা। এই যে রেটের এতখানি পার্থক্য এটা একটু বিবেচনা করে দেখা উচিত।

মানে আট আনার জায়গায় দেড় টাকা এতখানি তফাৎ। আমার মনে হয় কোন রকম অসাবধানতায় এই জিনিসটা এসে গেছে। হয়ত মতলব ছিল সুইট লাইম। কারণ শুধু লাইম বল্লে—এই মিস্‌টেক হতে পারে। সুইট লাইম বল্লে পর পরিষ্কার হয়, আমার মনে হয় আমি যে এমেণ্ডমেণ্ট দিয়েছি সেটা গ্রহণ করলে ভাল হয় এবং লেমন জিনিসটা এমন একটা জিনিস যা সাধারণ লোকের নিত্য খাবার জন্য বিশেষ দরকার হয়, তা ছাড়া রোগীর জন্য জল সাবু, জল বার্লি করতে হলেও লেবুর দরকার হয়। এই রকম একটা জিনিস যা নাকি রোগী ও সুস্থ লোকের জন্য অত্যন্ত দরকার তার দাম কম থাকাই দরকার। তার উপর এই রকমের একটা ট্যাক্স, অত্যন্ত অযৌক্তিক হবে বলেই আমার মনে হয়। এই সামান্য একটা এ্যামেণ্ডমেণ্ট ডাঃ রায় গ্রহণ করবেন বলেই আশা করি।

[5-30—5-40 p.m.]

Sj. Ganesh Ghosh:

মিঃ স্পীকার, স্যার, এই প্রত্যেকটা ফলের উপর যেটা সরকার পক্ষ থেকে প্রথমে আনা হয়েছিল, তার বিরুদ্ধে আমরা প্রতিবাদ জানিয়েছি। তারপরে আরো চিন্তা করে, সেই সরকারী লিষ্ট বাড়িয়ে দেওয়া হয়েছে এবং লীচু, লেবু, চেরী, পিচ্, এপ্রিকট্ তার মধ্যে ধরা

হয়েছে। এই সব ফলের উপর ট্যাক্স ধরা অত্যন্ত অন্যায়। যা বহু যুক্তি দিয়ে বলা হলো আমরা তার আপত্তি করি। আমরা ফলের উপর ট্যাক্স বসানো না হয় এই চাই, এবং যদি বসানো হয় তার প্রতিবাদ করে এই এ্যামেন্ডমেন্ট আনা হয়েছে।

Sj. Biren Banerjee:

আমার বক্তব্য হলো—চায়ের উপর যে ট্যাক্স কম করতে বলেছি—তার যুক্তি আমি আগেই দিয়েছি। এখন চায়ের উপর যে ট্যাক্স পাওয়া যাচ্ছে সেটা কম নয়।

(The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY:

আপনি ক' পেয়ালা খান?)

অন্ততঃ আপনার চেয়ে কম খাই।

(The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY:

আমি প্রায় খাইই না।)

যাক, অর্থাৎ এর উপর এই নূতন ট্যাক্স এক আনা করে ধরলে বহু ট্যাক্স হয়। অর্থাৎ অন্ততঃ দু' কোটি টাকার কম হবে না। আগে যে পরিমাণ চা'য়ের উপর সেল্‌স ট্যাক্স ছিল তাতে আমি বলেছি ৪।৫ লক্ষ টাকা বড়জোর পাওয়া যেত। তিনি একটা যুক্তি দেখিয়েছেন, অবশ্য সে যুক্তি খন্ডন করে আমি বারবার বলবার চেষ্টা করেছি, উনি সে কথা বুঝছেন না। একটা কথা বলা হয়েছে যে, হোল-সেলারদের ক্ষতি হবে। কিন্তু উনি কি তলিয়ে দেখেছেন—এক পাউন্ড চা যা সাধারণতঃ তিন টাকা দিয়ে কেনা হয়, সেই চায়ের উপর ট্যাক্স আমাদের কত দিতে হয়! উনি ও'র সেক্রেটারীকে জিজ্ঞাসা করুন, তিনি বলবেন—এক পাউণ্ডে নয় আনা তিন পাই বিভিন্ন খাতে ট্যাক্স দিতে হয়। তার কতকটা ইণ্ডিয়া গভর্নমেন্ট, কতকটা আসাম গভর্নমেন্ট এবং কিছুটা ও'রা পান, কিছু করে সকলে ভাগাভাগি করে নেন। অতএব এখন এটার উপর এক আনা না করে যদি এক পয়সা করেন তাতেও ও'দের লোকসান হবে না।

তাছাড়া দ্বিতীয় কথা হচ্ছে—অন্যান্য ফ্রুটসের উপর যে ট্যাক্স ধার্য হয়েছে, সে সম্বন্ধে আমি দু'-একটা কথা বলতে চাই।

প্রথম কথা, এ সম্বন্ধে—যে ফলগুলির উপর ট্যাক্স ধরা হয়েছে সেগুলি মোটামুটি আমাদের দেশীয় ফল। পরে অবশ্য দু'-একটা জুড়ে দেওয়া হয়েছে, যথা গ্রেপ্‌স্‌, এপ্রিকট্‌ ইত্যাদি। তাছাড়া, আম, জাম, লেবু প্রভৃতি দেশীয় ফল, যা নিয়ে আমাদের ছোটখাট কারবারীরা কারবার করেন। এ ছাড়াও সব ফল আছে, যেমন পেস্তা; যেমন ধরুন, জাপান থেকে, অষ্ট্রেলিয়া থেকে, স্পেন থেকে বহু ফল আসে, তা টাচ করছেন না। আরও ধরুন পাকিস্থান থেকে বা ভারতবর্ষের অন্য জায়গা থেকে, কুলু থেকে লেবু আসে—দেশী ফলের তুলনায় এগুলো অনেক বেশী মূল্যবান। যদি দামের দিক থেকে তারতম্য বিচার করে দেখা যায় তাহলে দেখা যাবে ফল আমাদের কলকাতার বাজারে যা আমদানি হয়, তার মধ্যে বিদেশী ফল যদি ৬০ পারসেণ্ট হয়, তাহলে আমাদের দেশীয় ফল হবে ৪০ পারসেণ্ট।

এইজন্য আমার বক্তব্য হচ্ছে বিদেশ থেকে যে ফল আসে সেসব দামী ফল। যেমন আপেল আসে তার দাম বেশী, আঙ্গুর, বেদানা প্রভৃতির দর বেশী। অতএব সেগুলির উপর ট্যাক্স লাগান। যেগুলি বড়লোকে কেনে সেগুলির উপর ট্যাক্স লাগান। আর আমাদের দেশীয় যে ফল সেগুলি ছেড়ে দিন। যে সিডিউল করেছেন সেই সিডিউল যদি রাখেন তাহলে বিদেশ থেকে যে ফল আসে সেইগুলি তাতে রাখুন। তাতে আর্থিক কোন লোকসান হবে না, অথচ ব্যবসায়ীরাও বাঁচবে, সাধারণ লোকেরও অসুবিধা হবে না।

Sj. Subodh Banerjee:

আমার বক্তব্য হচ্ছে—সিডিউল গোটাটাই বাদ দেওয়ার দরকার, কিন্তু তা করতে গেলে সেটা নেগেটিভ এ্যামেণ্ডমেণ্ট হয়ে যাবে; তাই আমার সংশোধনী প্রস্তাবকে আইনসঙ্গত করার জন্য কেবল চায়ের উপর প্রবেশকর এক আনার স্থলে এক পাই করে দিয়েছি, আর সব

জিনিসের উপর কর তুলে দিতে বলেছি। আসলে আমার কথা হচ্ছে—গোটা সিডিউল বাদ দেওয়া হ'ক। ট্যাক্স বসাবার কোন দরকার নাই। আমি তাই সিডিউলের বিরোধিতা করি। গভর্নমেণ্ট বলছেন—টাকা নাই, পশ্চিমবঙ্গের টাকার দরকার। আমরাও বলছি পশ্চিমবঙ্গের টাকার দরকার। কিন্তু তার জন্য এইরকম কর চাপাবার কোন দরকার নাই। ডাঃ রায় সেদিন একটা হিসেব দিয়েছেন...........

Mr. Speaker:

থার্ড রিডিংএ এসব বলুন।

Sj. Subodh Banerjee: In the third reading I shall speak only on the applicability of the Bill

আমরা শুনেছি সিগারেট এবং বনস্পতির উপর "ট্যাক্স এ্যাট দি সোর্স" করায় এক কোটি টাকার উপর বাড়তি কর আদায় হয়েছে। যদি সরকার এ্যাট দি সোর্স ট্যাক্স ধরেন, তাহলে অনেক বেশী টাকা পাবেন, নতুন করে কর স্থাপন করতে হবে না। (কংগ্রেস দিকের জনৈক সদস্যঃ আপনার বক্তব্যটা কি? টাকা কোথায়?) একথা শুধু সমালোচনার জন্যই সমালোচনা করা নয়। যে কথা বলছিলাম—এই বাংলাদেশে ৫ কোটি টাকা আদায় করতে পারেন। টেক্সটাইল গুড্‌সে ফার্স্ট পয়েণ্টে ট্যাক্স ধরলে ৫ কোটি টাকা বেশী সেল্‌স ট্যাক্স ওঠে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Textile goods are now an essential commodity governed by the Government of India. We have no power.

Sj. Subodh Banerjee:

সেণ্টারকে মুভ করুন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

মুভ করেছি, কিন্তু

They refused to give us power.

[5-40—6-5 p.m.]

Sj. Subodh Banerjee:

আপনারা মুভ করুন, আমরা সমর্থন করব। যেসব জিনিসের উপর বিক্রয়কর আছে, সেগুলির উপর ফার্স্ট পয়েণ্টে কর ধরলে ম্যানুফ্যাকচারারদের ট্যাক্স দিতে হবে, ক্রেতাদের দিতে হবে না। অবশ্য শেষ পর্যন্ত ম্যানুফ্যাকচারাররা দাম বাড়িয়ে কনজিউমারদের ঘাড় দিয়ে উসুল করে নেবে। তবে এতে অনেক বেশী টাকা আদায় হবে।

তারপরে তৃতীয় কথা—ফলের উপর যে ট্যাক্স ধরা হচ্ছে এটা দেবে কারা? যারা ব্যবসা করে তাদেরই দেবার কথা। কিন্তু তারা দেবে না। ফলের দাম বেশী হবার জন্য দায়ী মিড্‌ল্‌ম্যান। কিন্তু ট্যাক্স যখন ধার্য হয় তখন তা ব্যবসায়ীরা এড়িয়ে যায়, শেষ পর্যন্ত তা গিয়ে পড়ে জনসাধারণের উপর।

৬ পয়সা চায়ের কাপ ছিল—আমি অবশ্য চা খাই না, কিন্তু আমার মেসের তলায় একটা রেস্তোরাঁ আছে, সেখানে ৬ পয়সার চা ইতিমধ্যে ৮ পয়সা হয়ে গেছে। যদিও এখনো ট্যাক্স চাপে নি, ট্যাক্স চাপলে হয়ত ১০ পয়সা হয়ে যাবে। সুতরাং ট্যাক্স যেটা চাপবে সেটা কনজিউমারদেরই দিতে হবে। এই অবস্থায় আমার বক্তব্য—যেগুলি খাবার জিনিস, বা নিত্য-নৈমিত্তিক ব্যবহার্য সেই সমস্ত জিনিসকে করের আওতা হতে বাদ দিন। বিলাসদ্রব্যের উপর ট্যাক্স করুন। বড়লোকেরা বেশী ট্যাক্স দিতে পারবে। ফলের মধ্যে যদি বিলাস দ্রব্য কিছু থাকে তাহলে তার উপর ট্যাক্স ধার্য করুন। তা না করে লেবুর উপর সবচেয়ে বেশী ট্যাক্স হয়েছে। এই রকম ছোটখাট জিনিস থেকে বেরিয়ে পড়ে সরকারের আসল রূপ।

Sj. Madan Mohon Khan:

মাননীয় স্পীকার মহাশয়, আমি গতবারে বলেছিলুম যে, আমাদের দেশে সিঙ্গাড়া, লুচি, মিষ্টি প্রভৃতির উপর থেকে যে সেল ট্যাক্স আদায় হয় সেটাকে উঠিয়ে দিন। তার উত্তরে প্রধান মন্ত্রী বলেছিলেন—আমাদের করবার কিছুই নেই, কারণ আইনে বাধা আছে। কিন্তু এখন উনি কি করে কমলালেবু, পাতিলেবু, আম, লিচু, পেয়ারা প্রভৃতির উপর ট্যাক্স বসাচ্ছেন। কমলালেবু, মুসাম্বী, পাতিলেবু, রোগীদের একটা প্রয়োজনীয় পথ্য এবং পাতিলেবু নিত্য-নৈমিত্তিক ব্যবহার্য জিনিস, আমাদের খেলার মাঠে, নিত্য খাইবার সময় প্রভৃতি জায়গায় ব্যবহৃত হয়। তারপর উনি বলছেন টাকার দরকার।

Mr. Speaker:

কমলালেবু ত আপনার এ্যামেণ্ডমেণ্টে বলেন নি।

Sj. Madan Mohon Khan:

তখন ছিল না। ইতিহাস যদি দেখি, তাহলে দেখতে পাই, আমাদের মুসলমান রাজত্বের দিনে গভর্নমেণ্টের টাকার দরকার হয়েছিল। সেইজন্য মুশ্লিম রাজত্বে মহম্মদ তোঘলগ টাকার অভাব মিটাবার জন্য, তামার পাতের উপর ইচ্ছামত অঙ্ক বসিয়ে বাজারে নোট প্রচলন করিয়াছিলেন। তার ফলভোগ দেশবাসীকে ভোগ করতে হয়েছিল। দেশের জনসাধারণকে তাঁর খেয়াল মেনে নিতে হয়েছিল। এবং বহু লোক কষ্টে পড়েছিল—এটা ডাক্তার রায় নিজেও জানেন এবং তাঁর দলও জানেন। কিন্তু আজকের দিনে যে ফল তিনি ডাক্তার হিসাবে রোগীদের খেতে বলেন, সেই সমস্ত ফলের উপরই কর চাপাচ্ছেন। রাজ্যের অভাব মেটাবার জন্য, রাজ্যের উন্নতিমূলক কার্যের জন্য যদি টাকার দরকার হয়, তাহলে আমি গত বৎসর যে কথা বলেছিলাম সেকথা আজও বলি—পাটজাত দ্রব্যের উপর, জুট গুড্‌সের উপর যদি সেল্‌স ট্যাক্স ধার্য করেন তাহলে ৭ কোটি টাকা সেল্‌স ট্যাক্স পেতে পারেন এবং এই ২ কোটি টাকার জন্য এত গরীব মধ্যবিত্ত লোকদের ফল না খাইয়ে কর ধার্য করার প্রয়োজন হতে পারে না।

[At this stage blue light was lit.]

শেষ করে নিই, স্যার। আমার আর একটা কথা বলার ছিল বাস্কেট, প্যাকেট সম্বন্ধে। সেটা বলার এখন প্রয়োজন নেই। কারণ সরকার পক্ষ তা জানতে পেরে ভুল সংশোধন করেছেন। আমি ডাক্তার রায়কে অনুরোধ করি, ডাক্তার হিসাবে তিনি রোগীদের যে সমস্ত ফল ব্যবহার করতে বলেন, সেগুলিকে অন্ততঃ ট্যাক্স থেকে বাদ দেবার ব্যবস্থা করুন যাতে গরীব রোগীরা অল্প মূল্যে ফল খেতে পায়।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[*After adjournment.*]

[6-5—6-15 p.m.]

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

মাননীয় স্পীকার, স্যার, ডাক্তার রণেন সেন যে সংশোধনী প্রস্তাব এনেছেন, আমি তার উপর বলতে চাই। আমাদের দেশের জনসাধারণের ওপর নতুন করে যে ট্যাক্সের বোঝা চাপানো হচ্ছে, সে সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে—ফলের উপর যে ট্যাক্স অথবা চায়ের উপর যে ট্যাক্স ধরা হয়েছে তাতে যে টাকা সরকারের আদায় করা যাবে আমি মনে করি যে, অন্য উপায়ে সেই টাকাটা আদায় করার রাস্তা রয়েছে। সেই রাস্তা হচ্ছে এই যে, নর্থ ইণ্ডিয়ায় যে চা উৎপন্ন হচ্ছে সেটা হচ্ছে ৫ শো মিলিয়ন পাউণ্ড ; তার মধ্যে কলকাতা থেকে সরাসরি লণ্ডনের অকসানে যায় ১৪০ মিলিয়ন পাউণ্ড, আর ৩৬০ মিলিয়ন পাউণ্ড কলকাতায় থাকে। তার ভেতর ২০০ মিলিয়ন পাউণ্ড কলকাতার অকসানে বিক্রি হয়ে ভারতের বাইরে রপ্তানী হয়। ১৬০ মিলিয়ন পাউণ্ড মাত্র আমাদের সারা ভারতের জন্য থাকে। এই হিসাব পেয়েছি গত বছরের চা আমদানী ও রপ্তানী সংক্রান্ত ব্যবসায়ে লিপ্ত কোনও ব্যবসায়ীর কাছ থেকে।

আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে, দু'কোটি টাকা তিনি কর আদায় করবেন প্রায় দুশো মিলিয়ন পাউন্ড চায়ের উপর থেকে। এই তথ্য ঠিক নয় বলে আমি বলছি। আমার কাছে আমার তথ্যের সমর্থনে যেসমস্ত প্রমাণ আছে তা থেকে দেখিয়ে দিতে পারি যে, আমার তথ্য করেক্ট। সেক্ষেত্রে আমার বক্তব্য হচ্ছে এই যে, ৫০০ মিলিয়ন পাউন্ড চায়ের ১৪০ মিলিয়ন পাউন্ড যেটা কেন্দ্রীয় গভর্নমেন্টের অনুমোদনে লন্ডন অকশনে চলে যায়, তার উপর যদি কর ধার্য না করেন—তা হলে আমাদের ৩৬০ মিলিয়ন পাউন্ড চা কলকাতার অকশনে বিক্রি হচ্ছে। সেক্ষেত্রে যদি এ থেকে ২০০ মিলিয়ন পাউন্ড চা যেটা এক্সপোর্ট হয়ে যায় সেটার উপর কর ধার্য করি এবং এক পয়সা বা দুই পয়সা করেও কর ধার্য করি, তাহলে এই ৩৬০ মিলিয়ন পাউন্ড চায়ের উপর থেকে আমরা প্রচুর টাকা রোজগার করতে পারি। সেখানে আমরা দেখতে পাচ্ছি, যেটা এক্সপোর্ট হয়ে যাবে সেটার উপর কোন কর ধার্য এ'রা করবেন না, এটা আমাদের মুখ্যমন্ত্রী স্টেটমেন্টে বলেছেন। আমার এখানে বক্তব্য হচ্ছে—এই ২০০ মিলিয়ন পাউন্ডের উপর কর ধার্য যদি করি এবং এক পয়সা বা দু'পয়সা হারেই কর ধার্য করি, তাহলে যে টাকাটা আমাদের দেশবাসীর উপর চাপান হচ্ছে তা লাঘব হয় এবং বিদেশীদের কাছ থেকে বেশীর ভাগ কর আদায় করা যায়। ১৪০ মিলিয়ন পাউন্ড চা, যা ডিরেক্ট চলে যায় এক্সপোর্ট হয়ে বিদেশে এই চা বিক্রী হচ্ছে এবং তারও উপর কর ধার্য করলে বিদেশীদেরই তা দিতে হচ্ছে। আমরা জানি যে, সর্বশুদ্ধ ৫০০ মিলিয়ন পাউন্ড চা কলকাতায় আসে সেটা কন্ট্রোল করছে মাত্র ৬ জন ব্রোকার্স—

J. Thomas & Co., Ltd., A. W. Davis Ltd., W. S. Groswell & Co., Ltd., Carritt Morgan & Co., Sudhir Chatterjee & Co., Ltd., S. K. Chakraborty & Co., Ltd.

শুধু এদের কাছ থেকেই সরকার ইচ্ছে করলে কর আদায়ের ব্যবস্থা করতে পারেন। জনসাধারণের দুর্ভোগ এতে অনেক কমে যাবে এবং এতে কর্মচারী নিয়োগজনিত ব্যয়ও সরকারের অনেক কমে যাবে। এই সম্পর্কে ১৬ই আগস্ট তারিখে আমাদের ফাইনান্স সেক্রেটারীর সঙ্গে কলকাতায় টি ডিলার্স এসোসিয়েশনের কর্তাদের একটা বৈঠক হয়েছে। সেখানে তাঁরা স্বীকৃতি দিয়েছিলেন যে, যদি পাউন্ড প্রতি ১ পয়সা বা ২ পয়সা করে কর ধার্য করা হয় তাহলে তাঁরা দিতে রাজী আছেন, কিন্তু তা সত্ত্বেও আমরা দেখতে পাচ্ছি, রহস্যজনক কোনও কারণে বিদেশে রপ্তানী চায়ের ওপর কর ধার্য হয় নি। তাঁদের উপর থেকে, কোন ট্যাক্স নেওয়া হল না, ট্যাক্স নেওয়া হচ্ছে ১৬০ মিলিয়ন পাউন্ড চায়ের উপর থেকে, যা আমাদের দেশেই ছড়িয়ে দেওয়া হচ্ছে—এটা আমাদের কাছে বিদেশী পুঁজিবাদীদের তোষণ করার চিরাচরিত সরকারী নীতির আরেকটি নিদর্শন বলে মনে হচ্ছে। ফাইনান্স সেক্রেটারীর সঙ্গে টি এসোসিয়েশনের প্রধানদের যে আলাপআলোচনা হয়েছিল তার সম্পূর্ণ রিপোর্ট আমার কাছে রয়েছে, সভাপাল মহাশয় যদি চান, আমি দিতে পারি। যেখানে আমাদের দেশের দেশবাসীকে আরো করভারগ্রস্থ না ক'রেও দুই কোটি টাকা আমরা পেতে পারতাম সে সুযোগ ছেড়ে দেওয়া হচ্ছে। সেক্ষেত্রে আমার বক্তব্য হচ্ছে—ডেভেলপমেন্ট তিনি যেমন চান আমরাও সে রকম চাই, কিন্তু সেজন্য বিদেশীদের ছেড়ে দিয়ে দেশের মানুষের উপর বেশী করে ট্যাক্স চাপান আমরা চাই না। আমরা মনে করি, সেই ট্যাক্স ধরলে ফলের উপর ট্যাক্স বসানোর দরকার হত না এবং ৪ পয়সা করেও যে ট্যাক্স হচ্ছে সেটাও নিতে হত না।

Sj. Hemanta Kumar Ghosal:

মাননীয় স্পীকার মহাশয়, আমি গণেশবাবুর এ্যামেন্ডমেন্ট সমর্থন করছি। এজন্য বিশেষ করে যে, লেবু, পেয়ারা এবং কুলের উপর যে ট্যাক্স বসাচ্ছেন সেই কুল এবং পেয়ারা বাংলাদেশে সবচেয়ে বেশী জন্মে ২৪-পরগণা ও হাওড়া এবং যারা এগুলি উৎপন্ন করে তাদের বেশীর ভাগই হচ্ছে সাধারণ গরীব কৃষক। বহু কৃষক পরিবার আছে যাদের এই ফল উৎপাদনের উপরই সংসারযাত্রা নির্বাহ হচ্ছে। কিন্তু অবস্থা যা দাঁড়াচ্ছে, ডেভেলপমেন্টের জন্য উনি যে টাকা তোলার ব্যবস্থা করছেন তাতে আজকে যে অবস্থা দাঁড়াচ্ছে তাতে দেখছি গ্রামের কৃষকরা যার উপর নির্ভরশীল, তাদের ডেভেলপ করবার আগে আর একটু ডেটেরিওরেট করবার

ব্যবস্থা হচ্ছে, তাদের অবস্থা আর একটু নীচে নামাবার ব্যবস্থা হচ্ছে। এই যেখানে অবস্থা, সেখানে ডেভেলপমেণ্টের যে মূল নীতি সেই নীতিই ব্যর্থ হবে। বরঞ্চ এখন যাদের আরও বেশী সাহায্য করা দরকার তাতো করা হলই না, তাদের উপর এই কর চাপিয়ে দেওয়ার দরুণ—বিশেষ করে তিনটি জিনিস—লেবু, পেয়ারা, কুল—যেটা সবচেয়ে বেশী উৎপন্ন হয় ২৪-পরগণা হাওড়ায় সেই জায়গায় উৎপাদনকারীরা আরও সঙ্গীন অবস্থায় পড়বে। আমের দিক থেকে, কুলের দিক থেকে কিংবা পেয়ারার দিক থেকে—যে দিক থেকেই হোক এর উপর বহু কৃষক পরিবার নির্ভরশীল। সুতরাং এটা বিশেষভাবে চিন্তা করা প্রয়োজন।

দ্বিতীয় কথা হচ্ছে—এই যে লেবুর উপর কর বসাচ্ছেন সে সম্বন্ধে বিশেষ করে বলি। বীরভূম, ২৪-পরগণার গরীব চাষীরা, গরীব লোকেরা সখ করে কোনদিন কমলালেবু খায় না, কিনে খাবার ক্ষমতাও নাই। কিন্তু অসুখ করলে, রোগ হলে যেখানে বাধ্য হয়ে ঐ কমলা-লেবু পথ্য হিসাবে দু'-একটা খেত, এই কর বসানোর পর সে ক্ষমতাও আর তাদের থাকবে না। আপনারা হাজার হাজার টাকা মেডিক্যাল গ্র্যাণ্টের জন্য সাহায্য করেন কিন্তু অন্যদিকে কি করছেন? সেজন্য আমার বক্তব্য সাধারণ গ্রামবাসীদের সাহায্যার্থে অন্ততঃ এই তিনটি জিনিস এই সিডিউল থেকে বাদ দেওয়া দরকার।

Sj. Ambica Chakrabarty:

মাননীয় স্পীকার মহাশয়, আমার কিছু বলবার আছে, এই যে সিডিউল, এটাতে একটা অসামঞ্জস্যপূর্ণ জিনিস দেখছি। এখানে এমন একটা জিনিস হতে যাচ্ছে, তাতে মনে হয় যেন মুড়ি মুড়কির এক দাম—সে রকম ব্যাপার। আম মণ প্রতি ছয় আনা, কমলালেবু মণে আট আনা, মেলন্সও মণে আট আনা, আবার খরমুজাও মণে আট আনা ধরা হচ্ছে। অথচ আম এক মণের যা দাম, কমলা এক মণের যা দাম কিংবা লিচু এক মণের যা দাম—তা এক নয়। এটা অত্যন্ত অসামঞ্জস্যপূর্ণ। এটা বিবেচনা করে দেখবার জন্য বলছি। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বিবেচনা করে দেখুন যে, এক মণ কুলের উপর ট্যাক্স ধরেছেন ছয় আনা, আবার এক মণ আমের উপরও ধরছেন ছয় আনা। এই সমস্ত জিনিস বিশেষ করে কমলা ও মোসাম্বীর বিষয়ে আরও দেখুন—এক জোড়া কমলালেবুর দাম আট আনা, হোয়্যারএজ মোসাম্বী টাকায় ৮।১০।১২টা পাওয়া যায়। সুতরাং মূল্যানুপাত না দেখে শুধু ওজনের উপর এইভাবে একই হারে ট্যাক্স বসানো কতটা অসামঞ্জস্যপূর্ণ সেটাই বিবেচনা করবার জন্য মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

[6-15—6-25 p.m.]

Dr. Atindra Nath Bose: Sir, in view of the official amendment of the Schedule which shifted over from packings to maunds I did not move my amendment. But I do not find much reason in the new Schedule as well. Sir, very little discrimination has been made between one variety of fruits and another, as pointed out by many of the members on this side. Poor men's fruits like custard apple, lemon, etc., have been taxed quite disproportionately along with other costly fruits like grapes, bedana, etc. Not merely that, there is inconsistency in the assessment of almost every single item. Mango, for instance, is assessed at six annas per maund but there are different varieties of mangoes, for instance, the Alphanso and the country variety like the Madras and the Bengal mango. Alphanso may come up to Rs. 100 per maund, while Bengal mangoes may be only Rs. 20 per maund. Both of these have been assessed at annas six. Similar is the case with grapes. There are sweet grapes and sour country grapes. The market price of sweet grapes is about four times or five times that of sour grapes. No proper discrimination is made about that. Previously in the system of assessment by packings there was some difference between mangoes of better variety and inferior variety and sweet grapes and sour grapes. At least some distinction might be made when assessment is done on the basis of maunds. It is pleasing to note that the mover has left out certain fruits like banana, pineapple, etc. At least these fruits will be

left for the consumption of the poor. I think if banana and pineapple are exempted, guava and custard apple may also deserve exemption, also plum and lemon. I request the mover at least to strike off these four items from the Schedule, namely, guava, custard apple (which means *atha*), plum and lemon. If you want to retain plum at all, please specify it as "narkelikool", plums coming from outside Bengal. Please strike these four varieties from the Schedule, which I have put in the same category.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I have listened earnestly to the speeches made on the Schedule. Neither the speeches nor the amendments give me any room for considering seriously any one because what they want to do is that they want to introduce such amendments as will make not only the Schedule but the whole Act infructuous. (SJ SUBODH BANERJEE: Exactly.) Mr. Subodh Banerjee says "exactly" and exactly for this reason I won't accept any of the amendments. Sir, we are here to administer something. We are not here to make a plaything of things. It seems to me that none of the members who have moved amendments have any sense of responsibility or seriousness worth the name. They simply say: "Well, I will go to the people and say 'Look at these wretched fellows, the administrators; the present Government, the Congress Government have been taxing you. We the representatives of the people have been protecting you.'' This sort of propaganda and canard will not be successful I can assure my friends on the other side. The only amendment that approaches something like a rational consideration of the schedule was that of Dr. Atin Bose but he did not move his amendment —because he was obliged not to run counter to the spirit of the other amendment which was trying to amend the Schedule which would make the whole thing infructuous. Therefore, I accept the amendments of Shri Gopika Bilas Sen Gupta as also Mr. J. C. Gupta who moved the amendment on guava on the instruction of the Congress Assembly Party, who also considered all these items carefully. I do not want to take the time of the House any longer except to say that we will watch very carefully both with regard to the tax on tea as well as on fruits as to how we can manage the two taxes and we shall give all consideration to see particularly with regard to fruit that the tax does not form a source of oppression on the people

With regard to the question of lemon about which my friend Shri Bankim Mukherji is so insistent, I may tell him that lemon was not originally in our list but it was on the insistence of big dealers they insisted that lemon should be also put into the list and they gave Re. 1-8 as the tax that should be levied for lemon--that we have put it. My friend says "it is a discrimination—tax on oranges 1 maund 6 annas; and mango one maund—6 annas, grapes or plum (*kul*) 6 annas How could that be?" May I ask him that you have to remember that one maund of plum means bigger quantity than one maund of mangoes, and if you go according to the maund there is bound to be a variation in quantity As regards the suggestion that has been made by Dr Atindra Nath Bose in his speech as well as in his amendment, I may tell him that our difficulty is that under section 304 we are not discriminating between Nagpur oranges and Darjeeling as he has done, and Madras and Bengal mangoes. Neither can we put any discriminatory tax in favour of Nagpur oranges or apples which come from, let us say, Australia and those which come from Kashmir. According to the Constitution which we have got to obey we have to levy the same tax.

With these words I oppose all the amendments except those of Shri Gopika Bilas Sen Gupta and Shri J. C. Gupta.

Sj. Bankim Mukherji: May I inform the mover that none of the wholesalers deal with lemon?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I do not agree with him. I have got here a letter.

Mr. Speaker: I shall put the amendment of Mr. J. C. Gupta No. 61D.

The motion of Sj. Jogesh Chandra Gupta that in the Schedule proposed by Amendment No. 61 of Sj. Gopika Bilas Sen Gupta, in column 3, against the ninth item "Guava", for the words "Eight annas" the words "Four annas" be substituted, was then put and agreed to.

[6-25—6-35 p.m.]

The motion of Dr. Ranendra Nath Sen that Schedule, as amended by Sj. Gopika Bilas Sen Gupta, be recast as follows, namely:—

"The Schedule.

[*See* section 2.]

1	2	3
Taxable goods.	Local area.	Rate.
Tea, that is to say, the leaves, leaf-buds and stalks of *Camellia Thea* and also tea dust and tea waste.	Calcutta as described in Schedule I to the Calcutta Municipal Act, 1951 (West Ben. Act XXXIII of 1951), as deemed to have been amended by notification under section 594 of the said Act together with the districts of 24-Parganas and Howrah.	One pie per pound avoirdupois.
Mango	Ditto	One pie per maund.
Orange ..	Ditto	
Mossambie ..	Ditto	One pie per maund."
Grapes ..	Ditto	
Bedana ..	Ditto ..	
Anar ..	Ditto	
Apples ..	Ditto	
Pears ..	Ditto	
Guava ..	Ditto	
Custard Apple ..	Ditto	
Water-melon (Tarmuj). ..	Ditto	
Melons, *i.e.*, Kharmuj Lablab.	Ditto	
Plum ..	Ditto	
Lichi ..	Ditto	
Lemon ..	Ditto	
Cherry, Peach, Apricot.	Ditto	

was then put and a division taken with the following result:—

AYES—46.

Baguli, Sj. Haripada
Bandopadhyay, Sj. Ta apada
Bane-jee, Sj. Biren
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Ajit Kumar
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Hemanta Kumar
Basu, Sj. Jyoti
Bera, Sj. Sasabindu
Bhandari, Sj. Sudhir Chandra
Bhattacharjya, Sj. Mrigendra
Bhattacharya, Dr. Kanailal
Bhowmick, Sj. Kanai Lal
Bose, Dr. Atindra Nath
Chakrabarty, Sj. Ambica
Chatterjee, Sj. Haripada
Chatterjee, Dr. Hirendra Kumar
Chaudhury, Sj. Jnanendra Kumar
Choudhury, Sj. Subodh
Das, Sj. Raipada
Das, Sj. Sudhir Chandra
Dey, Sj. Tarapada
Ghosal, Sj. Hemanta Kumar
Ghosc, Sj. Bibhuti Bhushon
Ghose, Sj. Jyotish Chandra (Chinsurah)
Ghosh, Sj. Ganesh
Ghosh, Dr. Jatish
Ghosh, Sj. Narendra Nath
Hazra, Sj. Monoranjan
Joarder, Sj. Jyotish
Kar, Sj. Dhananjoy
Khan, Sj. Madan Mohon
Mondal, Sj. Bijoy Bhuson
Mukherji, Sj. Bankim
Mulliok Chowdhury, Sj. Suhrid Kumar
Naskar, Sj. Gangadhar
Pramanik, Sj. Surendra Nath
Ray, Dr. Narayan Chandra
Roy, Sj. Jyotish Chandra (Falta)
Roy, Sj. Saroj
Saha, Sj. Madan Mohon
Sarkar, Sj. Dharani Dhar
Satpathi, Dr. Krishna Chandra
Sen, Dr. Ranendra Nath
Sinha, Sj. Lalit Kumar
Tah, Sj. Dasarathi

NOES—125.

Abdul Hameed, Janab Hajee Sk.
Abdus Shokur, Janab
Atawal Ghani, Janab Abdul Barkat
Bandopadhaya, Sj. Khagendra Nath
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sj. Profulla
Banerjee, Dr. Srikumar
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Sj. Satindra Nath
Basu, The Hon'ble Satyendra Kumar
Beri, Sj. Dayaram
Bhagat, Sj. Mangaldas
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syama
Biswas, Sj. Raghunandan
Bose, The Hon'ble Pannalal
Brahmamandal, Sj. Debendra
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bijoylal
Chattopadhya, Sj. Brindabon
Chattopadhyay, Sj. Sarojranjan
Chattopadhyaya, Sj. Ratanmoni
Das, Sj. Banamali
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Kanailal (Ausgram)
Das, Sj. Kanai Lal (Dum Dum)
Das, Sj. Radhanath
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan
Digar, Sj. Kiran Chandra
Garga, Kumar Deba Prasad
Gayen, Sj. Brindaban
Ghosh, Sj. Tarun Kanti
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Giasuddin, Janab Md.
Gupta, Sj. Jogesh Chandra
Gupta, Sj. Nikunja Behari
Haldar, Sj. Kuber Chand
Halder, Sj. Jagadish Chandra
Hansdah, Sj. Bhusan
Hasda, Sj. Lakshan Chandra
Hasda, Sj. Loso
Hazra, Sj. Amrita Lal
Hazra, Sj. Parbati
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Prabir Chandra
Jha, Sj. Pashu Pati
Kar, Sj. Sasadhar
Karan, Sj. Koustuv Kanti
Lahiri, Sj. Jitendra Nath
Let, Sj. Panchanon
Mahammad Ishaque, Janab
Maiti, Sj. Pulin Behari
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Nishapati
Mal, Sj. Basanta Kumar
Maliah, Sj. Pashupatinath
Mandal, Sj. Annada Prasad
Mandal, Sj. Umesh Chandra
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Sankar Prasad
Modak, Sj. Niranjan
Mohammed Israil, Janab
Mojumder, Sj. Jagannath
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Sishuram
Mondal, Sj. Sudhir
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Ananda Gopal
Mukherjee, Sj. Sambhu Charan
Mukherji, The Hon'ble Ajoy Kumar
Mukherji, Sj. Pijush Kanti
Mukhopadhyay, Sjkta. Purabi
Mukhopadhyaya, Sj. Phanindranath
Munda, Sj. Antoni Topno
Naskar, Sj. Ardhendu Sekhar
Naskar, The Hon'ble Hemchandra
Pal, Dr. Radhakrishna
Panigrahi, Sj. Basanta Kumar
Panja, The Hon'ble Jadabendra Nath
Paul, Sj. Suresh Chandra

Poddar, Sj. Anandilall
Pramanik, Sj. Mrityunjoy
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sa ada Prasad
Pramanik, Sj. Tarapada
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Jajneswar
Ray, Sj. Jyotish Chandra (Haroa)
Roy, Sj. Arabinda
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Bijoyendu Narayan
Roy, Sj. Biswanath
Roy, Sj. Hanseswar
Roy, Sj. Nepal Chandra
Roy, Sj. Prafulla Chandra
Roy, Sj. Ramhari
Roy, Sj. Surendra Nath
Roy Singh, Sj. Satish Chandra
Saha, Dr. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Saren, Sj. Mangal Chandra
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Rashbehari
Sen Gupta, Sj. Gopika Bilas
Sharma, Sj. Joynarayan
Shaw, Sj. Mahitosh
Shukla, Sj. Krishna Kumar
Sikder, Sj. Rabindra Nath
Singh, Sj. Ram Lagan
Singha Sarker, Sj. Jatindra Nath
Sinha, Sj. Durgapada
Tafazzal Hossain, Janab
Tarkatirtha, Sj. Bimalananda
Tripathi, Sj. Hrishikesh
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Md.
Zainal Abedin, Janab Kazi
Ziaul Haque, Janab M.

The Ayes being 46 and the Noes 125, the motion was lost.

The motion of Dr Narayan Chandra Ray that Schedule, as amended b Sj. Gopika Bilas Sen Gupta, be rewritten as follows, namely :—

"The Schedule

[*See* section 2.]

1	2	3
Taxable goods.	Local area	Rate.
Tea, that is to say, the leaves, leaf-buds and stalks of *Camellia Thea* and also tea dust and tea waste.	Calcutta as described in Schedule I to the Calcutta Municipal Act, 1951 (West Ben. Act XXXIII of 1951), as deemed to have been amended by notification under section 594 of the said Act together with the districts of 24-Parganas and Howrah.	One pie per pound avoirdupois."

was then put and lost.

The motion of Sj. Bankim Mukherji that in the Schedule proposed b amendment No. 61 of Sj. Gopika Bilas Sen Gupta, the entries relating t "Lemon" be omitted was then put and a division taken with the followin result :—

AYES 45.

Baguli, Sj. Haripada
Bandopadhyay, Sj. Tarapada
Banerjee, Sj. Biren
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Hemanta Kumar
Basu, Sj. Jyoti
Bera, Sj. Sasabindu
Bhandari, Sj. Sudhir Chandra
Bhattacharjya, Sj. Mrigendra
Bhattacharya, Dr. Kanailal
Bhowmick, Sj. Kanai Lal
Bose, Dr. Atindra Nath
Chakrabarty, Sj. Ambica
Chatterjee, Sj. Haripada
Chatterjee, Dr. Hirendra Kumar
Chaudhury, Sj. Jnanendra Kumar
Choudhury, Sj. Subodh
Das, Sj. Raipada
Das, Sj. Sudhir Chandra
Dey, Sj. Tarapada
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Sj. Bibhuti Bhushon
Ghose, Sj. Jyotish Chandra (Chinsurah)
Ghosh, Sj. Ganesh
Ghosh, Dr. Jatish
Ghosh, Sj. Narendra Nath
Hazra, Sj. Monoranjan
Joarder, Sj. Jyotish
Kar, Sj. Dhananjoy
Khan, Sj. Madan Mohon
Mondal, Sj. Bijoy Bhuson
Mukherji, Sj. Bankim
Mullick Chowdhury, Sj. Suhrid Kumar
Naskar, Sj. Gangadhar
Pramanik, Sj. Surendra Nath

Ray, Dr. Narayan Chandra
Roy, Sj. Jyotish Chandra (Falta)
Roy, Sj. Saroj
Saha, Sj. Madan Mohon
Sarkar, Sj. Dharani Dhar
Satpathi, Dr. Krishna Chandra
Sen, Dr. Ranendra Nath
Sinha, Sj. Lalit Kumar
Tah, Sj. Dasarathi

NOES—125

Abdul Hameed, Janab Hajee Sk.
Abdus Shokur, Janab
Atawal Ghani, Janab Abdul Barkat
Bandopadhaya, Sj. Khagendra Nath
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sj. Profulla
Banerjee, Dr. Srikumar
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Sj. Satindra Nath
Basu, The Hon'ble Satyendra Kumar
Beri, Sj. Dayaram
Bhagat, Sj. Mangaldas
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syama
Biswas, Sj. Raghunandan
Bose, The Hon'ble Pannalal
Brahmamandal, Sj. Debendra
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bijoylal
Chattopadhya, Sj. Brindabon
Chattopadhyay, Sj. Sarojranjan
Chattopadhyaya, Sj. Ratanmoni
Das, Sj. Banamali
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Kanailal (Ausgram)
Das, Sj. Kanai Lal (Dum Dum)
Das, Sj. Radhanath
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan
Digar, Sj. Kiran Chandra
Garga, Kumar Deba Prasad
Gayen, Sj. Brindaban
Ghosh, Sj. Tarun Kanti
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Giasuddin, Janab Md.
Gupta, Sj. Jogesh Chandra
Gupta, Sj. Nikunja Behari
Haldar, Sj. Kuber Chand
Halder, Sj. Jagadish Chandra
Hansdah, Sj. Bhusan
Hasda, Sj. Lakshan Chandra
Hasda, Sj. Loso
Hazra, Sj. Amrita Lal
Hazra, Sj. Parbati
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Prabir Chandra
Jha, Sj. Pashu Pati
Kar, Sj. Sasadhar
Karan, Sj. Koustuv Kanti
Lahiri, Sj. Jitendra Nath
Let, Sj. Panchanon
Mahammad Ishaque, Janab
Maiti, Sj. Pulin Behari
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Nishapati
Mal, Sj. Basanta Kumar
Maliah, Sj. Pashupatinath
Mandal, Sj. Annada Prasad
Mandal, Sj. Umesh Chandra
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Sankar Prasad
Modak, Sj. Niranjan
Mohammed Israil, Janab
Mojumder, Sj. Jagannath
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Sishuram
Mondal, Sj. Sudhir
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Ananda Gopal
Mukherjee, Sj. Sambhu Charan
Mukherji, The Hon'ble Ajoy Kumar*
Mukherji, Sj. Pijush Kanti
Mukhopadhyay, Sjkta. Purabi
Mukhopadhyaya, Sj. Phanindranath
Munda, Sj. Antoni Topno
Naskar, Sj. Ardhendu Sekhar
Naskar, The Hon'ble Hemchandra
Pal, Dr. Radhakrishna
Panigrahi, Sj. Basanta Kumar
Panja, The Hon'ble Jadabendra Nath
Paul, Sj. Suresh Chandra
Poddar, Sj. Anandilall
Pramanik, Sj. Mrityunjoy
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Pramanik, Sj. Tarapada
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Jajneswar
Ray, Sj. Jyotish Chandra (Haroa)
Roy, Sj. Arabinda
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Bijoyendu Narayan
Roy, Sj. Biswanath
Roy, Sj. Hanseswar
Roy, Sj. Nepal Chandra
Roy, Sj. Prafulla Chandra
Roy, Sj. Ramhari
Roy, Sj. Surendra Nath
Roy Singh, Sj. Satish Chandra
Saha, Dr. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Saren, Sj. Mangal Chandra
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Rashbehari
Sen Gupta, Sj. Gopika Bilas
Sharma, Sj. Joynarayan
Shaw, Sj. Mahitosh
Shukla, Sj. Krishna Kumar
Sikder, Sj. Rabindra Nath
Singh, Sj. Ram Lagan
Singha Sarker, Sj. Jatindra Nath
Sinha, Sj. Durgapada
Tafazzal Hossain, Janab
Tarkatirtha, Sj. Bimalananda
Tripathi, Sj. Hrishikesh
Wangdi, Sj Tenzing
Yeakub Hossain, Janab Md.
Zainal Abedin, Janab Kazi
Ziaul Haque, Janab M.

The Ayes being 45 and the Noes 125, the motion was lost.

The motion of Sj. Gopika Bilas Sen Gupta No. 61, as amended by amendment No. 61D of Sj. Jogesh Chandra Gupta, that for the Schedule, the following Schedule be substituted, namely:—

"The Schedule.

[*See* section 2.]

1	2	3
Taxable goods.	**Local area.**	**Rate.**
Tea, that is to say, the leaves, leaf-buds and stalks of *Camellia Thea* and also tea dust and tea waste.	Calcutta as described in Schedule I to the Calcutta Municipal Act, 1951 (West Ben. Act XXXIII of 1951), as deemed to have been amended by notification under section 594 of the said Act together with the districts of 24-Parganas and Howrah.	One anna per pound avoirdupois.
Mango	Ditto	Six annas per maund.
Orange	Ditto	Eight annas per maund.
Mossambie	Ditto	Eight annas per maund.
Grapes	Ditto	One rupee and eight annas per maund.
Bedana	Ditto	One rupee per maund.
Anar	Ditto	Eight annas per maund.
Apples	Ditto	One rupee per maund.
Pears	Ditto	Eight annas per maund.
Guava	Ditto	Four annas per maund.
Custard Apple	Ditto	Four annas per maund.
Water-melon (Tarmuj).	Ditto	Two annas per maund.
Melons, i.e., Kharmuj Lablab.	Ditto	Eight annas per maund.
Plum	Ditto	Six annas per maund.
Lichi	Ditto	Eight annas per maund.
Lemon	Ditto	One rupee and eight annas per maund
Cherry, Peach and Apricot.	Ditto	One rupee per maund.

Explanation.—In this Schedule, in calculating the weight, the weight of packing materials and containers shall be included.",

was then put and a division taken with the following result:—

AYES—124.

Abdul Hameed, Janab Hajee Sk.
Abdus Shokur, Janab
Atawal Ghani, Janab Abdul Barkat
Bandopadhaya, Sj. Khagendra Nath
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sj. Profulla
Banerjee, Dr. Srikumar
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Sj. Satindra Nath
Basu, The Hon'ble Satyendra Kumar
Beri, Sj. Dayaram
Bhagat, Sj. Mangaldas
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syama
Biswas, Sj. Raghunandan
Bose, The Hon'ble Pannalal
Brahmamandal, Sj. Debendra
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bijoylal
Chattopadhya, Sj. Brindabon
Chattopadhyay, Sj. Sarojranjan
Chattopadhyaya, Sj. Ratanmoni
Das, Sj. Banamali
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Kanailal (Ausgram)
Das, Sj. Kanai Lal (Dum Dum)
Das, Sj. Radhanath
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan
Digar, Sj. Kiran Chandra
Garga, Kumar Deba Prasad
Gayen, Sj. Brindaban
Ghosh, Sj. Tarun Kanti
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Giasuddin, Janab Md.
Gupta, Sj. Jogesh Chandra
Gupta, Sj. Nikunja Behari
Haidar, Sj. Kuber Chand
Halder, Sj. Jagadish Chandra
Hansdah, Sj. Bhusan
Hasda, Sj. Lakshan Chandra
Hasda, Sj. Loso
Hazra, Sj. Amrita Lal
Hazra, Sj. Parbati
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Prabir Chandra
Jha, Sj. Pashu Pati
Kar, Sj. Sasadhar
Karan, Sj. Koustuv Kanti
Lahiri, Sj. Jitendra Nath
Let, Sj. Panchanon
Mahammad Ishaque, Janab
Maiti, Sj. Pulin Behari
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Nishapati
Mal, Sj. Basanta Kumar
Maliah, Sj. Pashupatinath
Mandal, Sj. Annada Prasad
Mandal, Sj. Umesh Chandra
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Sankar Prasad
Modak, Sj. Niranjan
Mohammed Israil, Janab
Mojumder, Sj. Jagannath
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Sishuram
Mondal, Sj. Sudhir
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Ananda Gopal
Mukherjee, Sj. Sambhu Charan
Mukherji, The Hon'ble Ajoy Kumar
Mukherji, Sj. Pijush Kanti
Mukhopadhyay, Sjkta. Purabi
Mukhopadhyaya, Sj. Phanindranath
Munda, Sj. Antoni Topno
Naskar, Sj. Ardhendu Sekhar
Naskar, The Hon'ble Hemchandra
Pal, Dr. Radhakrishna
Panigrahi, Sj. Basanta Kumar
Panja, The Hon'ble Jadabendra Nath
Paul, Sj. Suresh Chandra
Poddar, Sj. Anandilall
Pramanik, Sj. Mrityunjoy
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Pramanik, Sj. Tarapada
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Jajneswar
Ray, Sj. Jyotish Chandra (Haroa)
Roy, Sj. Arabinda
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Bijoyendu Narayan
Roy, Sj. Biswanath
Roy, Sj. Hanseswar
Roy, Sj. Nepal Chandra
Roy, Sj. Prafulla Chandra
Roy, Sj. Ramhari
Roy, Sj. Surendra Nath
Roy Singh, Sj. Satish Chandra
Saha, Dr. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Saren, Sj. Mangal Chandra
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Rashbehari
Sen Gupta, Sj. Gopika Bilas
Sharma, Sj. Joynarayan
Shaw, Sj. Mahitosh
Shukla, Sj. Krishna Kumar
Singh, Sj. Ram Lagan
Singha Sarker, Sj. Jatindra Nath
Sinha, Sj. Durgapada
Tafazzal Hossain, Janab
Thakur, Sj. Bimalananda
Tripathi, Sj. Hrishikesh
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Md.
Zainal Abedin, Janab Kazi
Ziaul Haque, Janab M.

NOES—44.

Baguli, Sj. Haripada
Bandopadhyay, Sj. Tarapada
Banerjee, Sj. Biren
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Ajit Kumar
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Hemanta Kumar
Basu, Sj. Jyoti
Bera, Sj. Sasabindu
Bhandari, Sj. Sudhir Chandra
Bhattacharjya, Sj. Mrigendra
Bhattacharya, Dr. Kanailal
Bhowmick, Sj. Kanai Lal
Bose, Dr. Atindra Nath
Chakrabarty, Sj. Ambica
Chatterjee, Sj. Haripada
Chatterjee, Dr. Hirendra Kumar
Chaudhury, Sj. Jnanendra Kumar
Choudhury, Sj. Subodh
Das, Sj. Raipada
Das, Sj. Sudhir Chandra
Dey, Sj. Tarapada
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Sj. Bibhuti Bhushon
Ghosh, Sj. Ganesh
Ghosh, Dr. Jatish
Hazra, Sj. Monoranjan
Joarder, Sj. Jyotish
Kar, Sj. Dhananjoy
Khan, Sj. Madan Mohon
Mondal, Sj. Bijoy Bhuson
Mukherji, Sj. Bankim
Mullick Chowdhury, Sj. Suhrid Kumar
Naskar, Sj. Gangadhar
Pramanik, Sj. Surendra Nath
Ray, Dr. Narayan Chandra
Roy, Sj. Jyotish Chandra (Falta)
Roy, Sj. Saroj
Saha, Sj. Madan Mohon
Sarkar, Sj. Dharani Dhar
Satpathi, Dr. Krishna Chand a
Sen, Dr. Ranendra Nath
Sinha, Sj. Lalit Kumar
Tah, Sj. Dasarathi

The Ayes being 124 and the Noes 44, the motion was carried.

Mr. Speaker: The motion is carried and other amendments fall through

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to move that the West Bengal Taxes on Entry of Goods in Local Areas Bill, 1955, as settled in the Assembly, be passed.

Mr. Speaker: I hope, as the Bill has been discussed threadbare, the members in third reading will confine themselves to the relevant points হরিপদবাবু আর পুরানো পয়েণ্ট বলবেন না।

Sj. Haripada Chatterjee:

আমার একটা পয়েণ্ট বাকী আছে তার উপর বলবো। সভাপাল মহাশয়, আজকে সবচেয়ে বড় যে জিনিসটা দেখা দরকার ছিল সেটা হচ্ছে আজকে আমাদের দেশের মধ্যে কোন উন্নয়নমূলক কাজ করতে গেলে প্রথমে সেখানে বেকার সমস্যার সমাধান করা। কিন্তু তা না করে সেটার গোড়ায় কুড়ুল মারা হচ্ছে এই বিল আনয়ন করে। দেশে স্বাস্থ্যের দিক থেকে বিবেচনা করে আমরা যা বলেছি পুঙ্খানুপুঙ্খরূপে যে আমাদের জাতির সকলের স্বাস্থ্য ভাল করার কথা; কিন্তু এই বিলের দ্বারা তার কি রকম ব্যাঘাত সৃষ্টি করবে সেটা আমি পূর্বেই বলেছি। এখন দেখাবো এই বিল পাশ হলে বেকারত্ব কি রকম বেড়ে যাবে। কারণ বহু লোক এই বিল পাশ হবার পর যারা আমাদের দেশে ব্যবসা করে খাচ্ছিল, তারা যে খুব বড়লোক তা নয়, দরিদ্র লোক, তাদের ব্যবসা আজ বন্ধ হয়ে যাবে। অবশ্য ট্যাক্স আমাদের দরকার, এবং সেজন্য আমরা অনেকবার বলেছি যাতে সেল্‌স ট্যাক্স ফাঁকি না দেয় সেটা দেখা উচিত, এবং আমরা এটাও বলেছি যে, যখন মাদ্রাজে, বোম্বে ১৫।১৬ কোটি টাকা এই সেল্‌স ট্যাক্স থেকে পায় তখন বাংলাদেশও অক্লেশে সেই পরিমাণ টাকা পেতে পারে। কিন্তু সেদিকে একটুও চেষ্টা না করে, সমস্ত রকমে আমাদের দেশের গরীব ব্যবসায়ীদের হয়রাণী করা হচ্ছে। যদিও তাঁদের সেটা উদ্দেশ্য নয়, কিন্তু তাঁরা যেভাবে কাজ করছেন, তা থেকে এটা ঘটছে; এবং সেখানে তাঁদের নির্বুদ্ধিতা থাকায় দেখা যাচ্ছে, হিতে বিপরীত হচ্ছে। অবশ্য অনেক সময় এ রকম দেখা গিয়েছে যে, মানুষ সৎ উদ্দেশ্য নিয়েও মহা ভুল করে বসে। ধরুন আমাদের এখানে ইণ্ডিয়া গভর্নমেণ্ট থেকে কলকাতায় 'অল-ইণ্ডিয়া টি মার্ট' হবার কথা ছিল। আমাদের ভারতবর্ষে যে ৬০০ মিলিয়ন পাউণ্ডস চা উৎপন্ন হয় তার সমস্তটা এই অল-ইণ্ডিয়া টি মার্টে

কনসেনট্রেট বা কেন্দ্রীভূত হত। প্রায় ৪৩০ মিলিয়ন পাউণ্ড চা বিদেশে চালান যায়। কলিকাতায় এখানেই সেটা কেন্দ্রীভূত হবার কথা ছিল, এবং টি বোর্ড এখানে ওয়্যার-হাউস তৈরি করে বহু লোককে কাজ দেবার ব্যবস্থা করেছিলেন। কিন্তু এখন আর সেসব হবে না। মন্ত্রী মহাশয় যাই বলুন না কেন, উনি যে আইন এনেছেন সেটা টিকবে না, এ বিষয় আমি নিশ্চিত; কারণ তিনি একটু আগেই বলেছেন ৩০৪(এ) ধারা মতে গভর্নরের এ্যাসেণ্ট নিয়ে নেবেন। কিন্তু, এই আইন হাই কোর্ট বা সুপ্রীম কোর্টে গেলে পর নাকচ হয়ে যাবে। যদি ধরে নেওয়া যায়, এই আইন থাকবে তাহলে এর ফল হবে এই, কলকাতায় যে অল-ইণ্ডিয়া টি মার্ট হবার কথা ছিল সেটা আর এখানে হতে পারবে না। বর্তমান টি বোর্ডের অনেক মেম্বরের সংগে আমার আলাপ হয়েছে, তাঁরা অত্যন্ত আতঙ্কিত হয়ে উঠেছেন। তাঁরা বলছেন —"কলকাতায় আর ওয়্যারহাউস করা চলবে না। আপনাদের বহু বাঙ্গালী মধ্যবিত্ত শ্রেণীকে কাজ দিতে পারতাম যদি এখানে অল-ইণ্ডিয়া টি মার্ট হ'ত। কিন্তু তা আর সম্ভব হবে না।" এই ত গেল চায়ের ব্যাপার।

তারপর উনি বলেছেন, পাটনাতে পোর্ট নাই, কাজেই সেখানে চা যাবে না। কিন্তু কলকাতায় অকশন না হয়ে পাটনায় অকশন হয়ে ডিরেক্ট চা চালান যাবে। পাটনায় অকশন হলে ত তিনি ট্যাক্স পাবেন না। আমাদের কলকাতা থেকে একশো মিলিয়ন পাউণ্ড চা কনজিউমের জন্য বিক্রয় হয়, তাছাড়া অন্যান্য জায়গায়ও যাচ্ছে, যেমন ইউ পি'তে, বিহারে। সুতরাং আজকে এই আইন পাশ হলে, সব চা পাটনায় চলে যাবে, কিছুতেই এটা বন্ধ করতে পারবেন না। তার কারণ ডুয়ার্স ও জলপাইগুড়ি থেকে পাটনার ভাড়া কলকাতার ভাড়ার চেয়ে কম। কেন তারা এখানে এনে পণ্ডশ্রম করবে? কেন তারা মণকরা ৫ টাকা দেবে? কারণ, পাউণ্ডে এক আনা করে হ'লে তাই দিতে হয়। আর আসামও বোকার মত চুপ ক'রে বসে থাকবে না। পাটনায় চা পাঠালে তাদের ৩ টাকা বাঁচবে, তাছাড়া খোদ আসামেও চাএর বাজার বসিয়ে নিজেদের চা বিক্রী করবার চেষ্টা করবে। এ অবস্থায় কি কেউ চুপ ক'রে থাকবে?

[6-35—6-45 p.m.]

তারপর ফলের ব্যবসার কথা বলি। আমার বাড়ী নদীয়ায়। আমরা জানি এবং আপনিও জানেন, সভাপাল মহাশয়, যে কত লোক ফলের ব্যবসা করে। আমাদের ওখানে আমবাগান বিস্তর, আর নদীয়ার আমের প্রসিদ্ধিও আছে। সেখানকার এ্যালুভিয়েল সয়েল ব'লে উৎকৃষ্ট আম হয়। নদীয়া, মুর্শিদাবাদ, মালদহ, এসব আমের জায়গা। ওখানকার ঐ আমগুলো ট্রেণে করে এনে বহু লোক জীবিকার্জন করে। সেই আম কলকাতায় আসে, কেন না কলকাতা এর বড় বাজার তাই এখানেই আনে। আজ এই বিলের দ্বারা প্রত্যেক লোককেই হায়রাণ করবেন, কারণ কোন ব্যবসাদারের ক্ষমতা নাই যে, ওঁদের নির্দেশমত উপযুক্ত হিসাবপত্র রাখতে পারে। কয়েকজন অবাঙ্গালী অত্যন্ত ধনী ব্যবসাদারদের কথা আলাদা। তাছাড়া একথা নিশ্চিত যে, দরিদ্র ব্যবসাদারদের অযথা হায়রাণি বাড়বে। আমি দেখাই। তিনি এই যে ২৪-পরগণা, হাওড়া, কলিকাতার মধ্যে বাঁধাবাঁধি কোরেছেন এতে কি রকম হবে দেখুন: হুগলী বা গঙ্গা নদী দিয়ে বহু ফল আমদানী হয়, মালদহ থেকে, মুর্শিদাবাদ থেকে, নদীয়া থেকে কলিকাতার মধ্যে আসে। এখন ধরুন, আমি হাওড়ায় বা ২৪-পরগণায় কিছু ফল কিনলাম, হাওড়ায় বা ২৪-পরগণায় কিনে নৌকা করে কলকাতায় আনছি। আমাকে পথের মধ্যে ধ'রে যদি বলে, "তুমি এগুলো হুগলী থেকে আনছ, ট্যাক্স দাও।" তবে আমি কৈফিয়ত কি দেব? ডায়মণ্ডহারবার থেকে ফল আনব, বলবে ডায়মণ্ডহারবার থেকে আনি নি এই রকম হায়রাণি হবে। আমরা দেখেছি চাল যখন নিয়ে যেত গরুর গাড়ী করে তখন ২০ মণ নিচ্ছে, না, ৯ মণ নিচ্ছে এ প্রমাণ করা বড় মুস্কিল হ'ত, এতে বাংলাদেশের ও কলিকাতার গরীব ব্যবসাদারদের আঘাত করা হবে। এখন কলিকাতার অকশনে কিনে যা চালান যায়, তা এই ট্যাক্স ধার্যের দরুণ কলিকাতায় বেশী আমদানী হবে না। ফলে বাংলা ডিসএডভান্টেজাস অবস্থায় পড়বে। এই আইন যখন আমাদের দেশে চালু হবে তখন আমাদের দেশের জনসাধারণের কল্যাণ করবে না। উনি কত টাকাই বা পাবেন! সামান্য টাকা। কিন্তু উনি

কিছুতেই বুঝতে চাইছেন না। আমি তাই বলছি ও'র সামাজিক দরদ অন্য জায়গায়, সোসিয়েল ইন্টারেন্ট অন্য জায়গায়। তাই উনি কিছুতেই এটা বুঝতে পারছেন না। অন্য জায়গায়। তাই উনি কিছুতেই এটা বুঝতে পারছেন না। যুদ্ধের সময় দেখা গেছে ইংলন্ড তার লোককে সাবসিডি দিয়ে ফল খাইয়েছে, জার্মাণীও যুদ্ধে বিধ্বস্ত হওয়ার পরেও দেশের সকলকে এমন কি রেফিউজীদেরও ফল খাইয়েছে। আর এখানে উনি রেফিউজীদের ফল খাওয়াবেন ট্যাক্স করে। তবে বাঙালী যে বেঁচে আছে, দুরকমে বেঁচে আছে। তারা ভেজিটেবলএর মধ্য দিয়ে অনেকটা ভিটামিন পায়—সে একটা কারণ; আর সস্তা ফলে, যেমন আম, লেবু, পেয়ারা, লিচু, আতা—ইত্যাদি ফলেও ভাইটামিন আছে এবং তা অল্পবিস্তর খায় বলে। আবার চা আজকে এমন হয়ে দাঁড়িয়েছে যে তা না হলে চলে না। একটা কথা বাংলা-দেশে চলিত আছে—"তেল, তামাক, পান, এতেই বাঙালীর জান"—এখন সে জায়গায় চা হয়েছে। উনি হয়ত কফি খান—চা ছেড়ে দিয়েছেন—সেইজন্য কফিকে ট্যাক্সের আওতা থেকে মুক্তি দিয়েছেন। কিন্তু আসল ব্যাপার আমি বলছি যে, ওঁর বাঙালীর প্রতি মমত্ববোধ নাই। সেই কারণেই আমার মনে হয়—এই সামান্য টাকা তোলার জন্য এত কাণ্ড করছেন। যত লোকই এমপ্লয় করুন, কিছুতেই স্মাগলিং বন্ধ করতে পারবেন না। চেক পয়েন্ট কত জায়গায় করবেন? ২৪ পরগণা, হাওড়া, কলিকাতা, চারিদিক থেকে নানা জায়গা দিয়ে আমদানী হবে। কি করে আটকাবেন? এ আইন চালু করা চলবে না। দেশে এতে 'কেয়স' হবে, এই নিয়ে হাঙ্গামা হবে। পুলিস পাহারা, আইন আদালত এই সমস্ত নিয়েই ব্যস্ত হবেন, দেশের কাজ হবে না। তাই আমি বলছি যে, 'কোন কাজ নেই ত বাজে কাজ করে বেড়ান'—এই হবে। উন্নয়ন পরিকল্পনা তিনি চান, সকলেই চায়। আজকে দেশকে গঠনমূলক কাজ দিয়ে ছেয়ে ফেলা দরকার। সে সবের কিছুই নাই। আর গঠনমূলক কাজের কথা বলে এই যা আনছেন এই বিলে তার কোন কাজ হবে না। একটা কথা বলতে চাই, উনি বলেন—

suggestio falsi and suppressio veri

কিন্তু আসলে ও কাজটি উনি নিজেই করছেন। উনি যখন উত্তর দেন তখন আমার কথার উত্তর দেন না, কারণ আমি অকাট্য কথাই বলি, তার উত্তর নাই। যেটুকু উত্তর দেন তার মধ্যেই এই

suggestio falsi and suppressio veri

ইনডেমনিটি ক্লজএ গভর্ণমেন্টকে পর্যন্ত ইনডেমনিটি দেওয়া হয়েছে এটা আমি বলায়, উনি উত্তরে বললেন যে, সব এ্যাক্টেতেই ইনডেমনিটি ক্লজ আছে। এবং

Bengal Sales Tax Act, 1941, Income-tax Act,

ইত্যাদির কথা বললেন। কিন্তু এই সব কোন এ্যাক্টেতেই গভনর্ণমেন্টকে ইনডেমনিটি দেওয়া হয় নি। অফিসারদের দেওয়া হয়েছে। পৃথিবীর কোথাও কোন অ্যাক্টে গভর্ণমেন্টকে ইনডেমনিটি দেওয়া হয় না। অথচ তিনি

suppressio veri and suggestio falsi

করে এই কথা বললেন। এখানে বেঙ্গল সেলস ট্যাক্স থেকে আমি পড়ছি—

> "No suit, prosecution or other legal proceeding shall lie against any officer or servant of Government for anything which is in good faith done or intended to be done under this Act or the rules made thereunder."

কোথায় গভর্ণমেন্টের কথা আছে? অথচ আমাদের এই আইনে ২১নংএ গভর্ণমেন্টকে ইনডেমনিটি দেওয়া হয়েছে। এই রকম আইন হাই কোর্টে গেলে তাঁরা বলবেন অর্বাচীনের মত আইন পাশ করেছে। তাতে আমাদের এই হাউসেরই নিন্দা হবে। গভর্ণমেন্ট ইনডেমনিটি নেবে কি করে? আর অফিসারের জন্য 'ইন গুড ফেথ' কাজ করলে তাকে ইনডেমনিটি দিলেন, কিন্তু এখানে পরিষ্কার কথা গভর্ণমেন্ট, ইনডেমনিটি ক্লজে লেখা আছে উনি সেটা দিব্যি চেপে গেলেন। সেকশন ২১এ বলছে—

> "No suit, or other legal proceedings shall lie against Government and no suit, prosecution or other legal proceeding."

আমি ইনকাম-ট্যাক্সের বই এনেছি : সবগুলো পড়তে গেলে বলবেন সময় যায়। এখানেও ইনডেমনিটি ক্লজ রয়েছে। কোথায় গভর্ণমেন্টকে ইনডেমনিটি দেওয়া হয়েছে, কোথায় আইনে আছে দেখান যাঁরা ওঁর পিছনে বসে আছেন? এ সাংঘাতিক ব্যাপার—সমস্ত দেশে অরাজকতা আনবেন। আমরা চাই না তা। আজ সমস্ত পৃথিবীময় অহিংসার ধুয়া উঠেছে, আমাদেরও মত অহিংসা আনতে হবে। তাহলে 'স্টেটাস কো ভাওলেন্স'ও দূর করতে হবে। গরীবের উপর চিরদিন জুলুম চালান চলবে না। মহাত্মা গান্ধী পর্যন্ত বলতেন মৃতের শান্তি অপেক্ষা অরাজকতাও ভাল। এঁরা স্টেটাস কো মেনটেন করবার জন্য অহিংসার ধোঁকা দেন। কিন্তু দেশের ভিতর যেসমস্ত বুজরুকী আছে তা ভেঙে যাবে। গরীব ফলওয়ালার যথাসর্বস্ব ফল নষ্ট করে গভর্ণমেন্টকে ইনডেমনিটি দেওয়া চলবে না। অন্যায় জুলুম তার উপর হলে কেন ক্ষতিপূরণ দেওয়া হবে না?

[At this stage the red light was lit.]

সভাপাল মহাশয়, আমি শেষ করছি। আমি আপনার আদেশ মানি, আমি এই হাউসের ডিগনিটি চাই। কিন্তু আমরা হাউসের ডিগনিটি পাই না। উনি আণ্ডারগ্রাউণ্ড রেলওয়ের জন্য ৪ লক্ষ টাকা হাউসের স্যাংশনএর আগেই নিয়ে নিয়েছিলেন। এসব ত করবেনই। আর যা করছেন কমিউনিটি ডেভেলপমেণ্ট প্রজেক্ট দেখি আর ভাবি লাখ লাখ টাকার অপব্যয়। এখন সেজন্য দরিদ্রদের তাঁরা এইরকমভাবে পেষণ করবেন এবং বেকারী দেশে বাড়বে। তার জন্য ট্যাক্স দিতে হবে। আমি বলেছিলাম—বিপিনের মা এক মিনিটের জন্য ট্রেণ ফেল করল, আর কেডি সাহেবের লেডি খানা খাচ্ছেন তাঁর জন্য আধঘণ্টা ট্রেণ দাঁড়িয়ে রইল এ জিনিসের খেলা আর চলবে না। কিন্তু এখনও দেখছি, কালা সাহেব যিনি আগে পেতেন সাড়ে সাতশ টাকা, এখন পাচ্ছেন প্রায় ২,৭৫০, টাকা, আর এই রকম দরিদ্র পেষণকারী আইন তৈরীর যুক্তি দিচ্ছেন।

আমি প্রধানমন্ত্রীকে বলছি এখনও সময় আছে, আইনটি পাশ করাবেন না। নইলে এই আইন চ্যালেঞ্জ করে কেউ আদালতে গেলে আমাদের সকলকে কানমলা খেতে হবে। তাই কামনা করি, এখনও ওঁর সুবুদ্ধি হউক, এই আইনটা পাশ করা এখনও বন্ধ করুন।

[6-45—6-55 p.m.]

Sj. Bankim Mukherji:

সভামুখ্য মহাশয়, ফার্স্ট রিডিংএর উত্তর দেবার সময় ডাক্তার রায় বলেছিলেন যে, এই গভর্ণমেণ্টকে যাঁরা টাকা দিতে চান না বলে যেসমস্ত যুক্তি দিয়েছেন, তার উত্তর আমি দিতে চাই না, অথচ আমার মনে হয় এই বিলে সবচেয়ে বেশী রেলেভ্যাণ্ট পয়েণ্ট হচ্ছে, এটা একটা নূতন রকমের ট্যাক্সেশান, এবং এই বিলের অবজেক্টের মধ্যে দেওয়া হয়েছে যে, এটা সেকেণ্ড ফাইভ-ইয়ার প্ল্যানে অর্থ সংগ্রহের জন্য করা হচ্ছে। এই কারণে এই বিলের আলোচনায় সবচেয়ে রেলেভ্যান্ট পয়েন্ট দিয়েছেন যে, সেকেণ্ড ফাইভ-ইয়ার প্ল্যানের জন্য আজকে গভর্ণমেণ্টের যে ফাইন্যান্স, এ সম্বন্ধে আছে, সেটা আজ বোঝা যাচ্ছে যে, দিনের পর দিন যথেষ্ট নয়। তাঁরা একদিকে বলেছেন যে, ডেফিসিট ফাইন্যান্স খুব বেশী করা হবে না, উইদিন লিমিট এবং খুব গরীবের উপর ট্যাক্সেশান আরো বেশী ফ্রেম করা হবে না এবং আরো কতকগুলি আশা দিয়েছিলেন দ্বিতীয় পঞ্চ-বার্ষিকী প্ল্যানে। কিন্তু সম্প্রতি সেণ্ট্রাল প্ল্যানিং মিনিষ্টার মিষ্টার নন্দ যে সারকুলার দিয়েছেন কংগ্রেসী মেম্বারদের কাছে, তাতে তিনি পরিষ্কার জানিয়েছেন যে, আমাদের এখন থেকে লোককে প্রস্তুত করতে হবে। যে আশা আমরা করেছিলাম যে, ৫ পার সেণ্ট প্রোডাকশন বাড়বে পার এনাম, বেড়ে বেড়ে যাবে, তা সম্ভব হবে না এবং ইণ্ডাষ্ট্রীর খাতে বেশী টাকা দেওয়া সম্ভব হবে না এবং যেটা বলা হয়েছিল যে, ১০ থেকে ১২ মিলিয়ন লোকের চাকরী আমরা জুটিয়ে দেব প্রত্যেক বছরে সেটাও সম্ভব হবে না। অর্থাৎ যে কটা জিনিষ আমাদের সাধারণ লোককে আশা দেওয়া হয়েছিল সেই কটার কোনটাই সম্ভব হবে না। এ সম্বন্ধে তিনি জানিয়েছেন। এই যে অবস্থা এবং আরো ফারদার ট্যাক্স করতে হবে এবং সেই ট্যাক্সেশন আমরা অন্ততঃ মনে করেছিলুম যে, কেন্দ্রীয় সরকার তাদের যে

Then, Sir, Government has got power to nominate one-third of the total number of Gram Panchayat. Then again they can appoint two of the members of the Gram Panchayat to be its first Adhyaksha and Upadhyaksha. This is unnecessary. Then again, why should the Government have the power to remove the Adhyaksha and Upadhyaksha when there is provision for their removal by a majority vote of two-thirds? Why should Secretary be appointed by Government and not by Anchal Panchayat? Why should Government fix the pay and allowance of the Secretary? Why should he not be removed by the Anchal Panchayat? I know, when I was a member of the District Board of Midnapur, that the Chief Engineer was there. A Sub-Committee was appointed to report on his work. I was a member of that Sub-Committee. Our recommendation that he should be removed was not heeded to by the Government. This will happen here also. The Secertary will flout the members of the Anchal Panchayat. Why should not the Secretary be elected by the members of the Anchal Panchayat? I say that Secretary shall be a spy as was that gentleman the Chief Engineer in 1930. Why should Government suspend or cancel any resolution by a Gram Panchayat or a Joint Committee? This is highly arbitrary and should not happen in a democratic State. Why should Government in a democratic State suspend or cancel any resolution passed by a Gram Panchayat, Anchal Panchayat or a Joint Committee?

Then, Sir, this Nyaya Panchayat should not be established. This would be a failure as were the institutions like Union Courts and others. Sir, the object of this Bill is to give this Nyaya Panchayat power to try petty civil and criminal cases. As regards suit, Sir, it has been enacted in the Bill by a provision that the value of the suit should not exceed Rs. 100. Is it a petty amount? Rs. 100 is not a petty amount. After how many years is a Munsif given the power to try a suit of the value of Rs. 100? Here it should be Rs. 20 only, as in criminal cases the limit is fixed at twenty rupees worth of property. My honourable friends from the Congress Benches are laughing. I ask them: "After how many years' service a Munsif is given the power to try a small cause court case of the value of rupees hundred?" Let them answer this question.

Then, Sir, this Nyaya Panchayat should also be elected by ballot. There is no provision in this Bill as to how many will form the quorum. There is a provision of not less than three and not more than five, but it is not mentioned in the Bill as to how many members must be present to form the Bench. That is also a defect.

Then there is a provision for institution of suits orally or by petition. I submit, Sir, that oral institution would be most improper. The majority of our population cannot express their views properly, not to say of ladies. How can then oral petitions be made? The provision for oral petition should, therefore, be taken off. There is no provision for appeal against conviction. This will give rise to cliques and is highly dangerous. There is always friction, party politics, *daladali* which are common factors in the villages, and this will happen if this provision is made.

As regards Nyaya Panchayat it has been said that they will try cases and pass decrees as they will think just and equitable according to conscience and not according to law. Why should it not be written there that they should pass decree according to law?

Then as regards suits, provision should be made for appeal to the Munsif, and as regards criminal cases there should be provisions for appeal to the Subdivisional Officer.

Then as regards Anchal Panchayats how are they to be constituted? It is not mentioned in this Bill as to how many inhabitants they should consist of—how many inhabitants will form Anchal Panchayat, whether two thousand or three thousand or more I do not know.

There are other defects of the Bill. Why should not a member of the Gram Panchayat be a member of the Anchal Panchayat if he is so elected? Now, the Local Board members, when they become District Board members, they always retain their membership in the Local Board. Why should not a member of the Gram Panchayat retain his seat there if he be elected as a member of the Anchal Panchayat? There is no provision in the Bill that Gram Panchayat should be the channel through which the villagers should get loans from the Government. There is much complaint against the system of granting loans to the villagers. There is discrimination and there are corrupt practices prevailing. All this should be removed. Loans should be distributed through Gram Panchayats, and they should recommend the loans and distribute the loans to the needy.

Then, Sir, in this Bill the chaukidar has been given the power to arrest under clause 51(1)(ii), and clause 51(1)(ii)(d) has given very wide powers to the chaukidar. This should be curtailed.

The Hon'ble Iswar Das Jalan: It is already there.

Sj. Jnanendra Kumar Chaudhury: Then I find that there is no provision for the chaukidar to report on births and deaths. This is being done from a very long time by the village chaukidar under the Local Self-Government Act, but there is no provision in the Bill that he should report births and deaths to the Village Panchayat.

Then there is no provision for the chaukidar to assist the village defence party where they exist for night patrol.

Then comes the question of tax by Anchal Panchayat. It has been suggested that the value of the property will be the basis. I should suggest that the income of the property should be the basis. The value of the property may be much but there may be no income from it. The Hon'ble Minister should look into it.

Then as regards the registration of vehicles, there was a Bill for taxing the carts. It has again come under this head in this Bill (The Hon'ble ISWAR DAS JALAN: It is for the Panchayats to decide).

Then comes the question of tax for sanitary arrangements in *melas* and fairs and then there is the lighting rate. Why should you make provision for these taxes? These are the defects and drawbacks in this Bill and the main defect is the vote by ballot. This is not mentioned in this Bill. This must be adhered to.

[4-40—4-50 p.m.].

Sj. Benoy Krishna Chowdhury:

মাননীয় স্পীকার মহাশয়, এই পঞ্চায়েত বিলের উদ্দেশ্যে বলা হয়েছে যে, ভারতীয় সংবিধানের আর্টিকেল ৪০ এ যে নির্দেশ আছে তাকে বাস্তবে রূপ দেবার জন্য এই বিল আনা হচ্ছে। আর্টিকেল ৪০এর যে উদ্দেশ্য সেই উদ্দেশ্য সম্বন্ধে ভাল ধারণা থাকা দরকার, সেই উদ্দেশ্য প্রসঙ্গে বলা হয়েছে

"the State shall take steps to organise the Village Panchayat and endow it with such powers and authority as may be necessary to enable it to function as a unit of self-Government".

আমাদের দেশে লোকাল সেল্ফ-গভর্নমেন্ট প্রতিষ্ঠান বিকাশের যা ইতিহাস এবং এখানকার সাধারণ লোকের ধারণা যে লোকাল সেল্ফ-গভর্নমেন্ট শব্দটা যেভাবে জড়িত আছে, তাতে এটা খুব স্পষ্ট হওয়া দরকার। মনে রাখা দরকার যে, একদা বিদেশী শাসনের বিরুদ্ধে আমাদের দেশে যখন খুব প্রবল আন্দোলন হয়েছিল এবং আমাদের দেশের লোক তাদের জীবনের সমস্ত কিছু বিধানের ভার নিজেরাই নিতে চেয়েছিল, তখন কৃপণভাবে বিদেশী শাসক কোন কোন বিভাগের ক্ষমতা কিছুটা খর্ব ক'রে আমাদের হাতে তুলে দিয়েছিলেন ট্রান্সফারড সাবজেক্ট হিসেবে এবং সেগুলি আমাদের দেওয়া হ'ল। ১৯৪৭ সালের পর সমস্ত বিষয়ে যখন নিজেদের দ্বারা শাসনব্যবস্থা করা হয় তখন লোকাল সেল্ফ-গভর্নমেন্ট কথাটা এনাক্রোনিস্টিক কি না সেটা চিন্তা ক'রে দেখা দরকার। সেজন্য কনস্টিটিউশনে যদি কিছু ব'লে থাকে তার উদ্দেশ্য হওয়া উচিত শুধুমাত্র ইউনিট অব সেল্ফ গভর্নমেন্ট ইনস্টিটিউশন নয়, রিয়্যাল অরগ্যান অব লোকাল পাওয়ার গ'ড়ে তোলা এবং যদি গণতন্ত্রের কিছু অর্থ থাকে, আগের দিনে যা বলা হ'ত 'গভর্নমেন্ট অব দি পিপল, ফর দি পিপল এ্যান্ড বাই দি পিপল', তাহ'লে এর মানে এ কথা নয় যে, আপনাদের প্রেসক্রাইবড অথরিটি অথবা স্টেট গভর্নমেন্ট যতটা বিবেচনা করবেন, জনসাধারণের হাতে যতটুকু ক্ষমতা দেওয়া দরকার মনে করবেন ততটুকু দেবেন, তা নয়। আমাদের মনে রাখতে হবে, 'অল পাওয়ার বিলংগস্ টু দি পিপল'; তারাই সমস্ত ক্ষমতার উৎস, এবং তাদের কাছ থেকে ক্ষমতা ডেলিগেটেড হয়ে সেই ক্ষমতায় মসনদে আপনারা বসেছেন। আপনারা মালিক নন, পিপলই হচ্ছে সব। আজকে আমরা জানি যে, মুখ্যমন্ত্রী মহাশয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার

স্থলে ন্যাশন্যাল প্ল্যানিং কাউন্সিলে 'ফ্রম বিলোর' কথা বলেন, কিন্তু পরিকল্পনা ফ্রম বিলো হয় না যদি না সমস্ত সমাজজীবন এবং রাষ্ট্রের কাঠামো ফ্রম বিলো গঠন করা হয়—সেইজন্য সেদিক থেকে প্রয়োজন আছে। শুধু ইংরাজ আমলে সেল্ফ-গভর্নমেন্ট ইউনিট বলতে আমরা বুঝেছি রিয়্যাল 'অরগ্যান অব লোকাল পাওয়ার'। সেদিক থেকে বিল করা প্রয়োজন আছে এবং সেদিক দিয়ে আমরা এইদিকের প্রচেষ্টাকে অভিনন্দন জানাই। কিন্তু এখানে যে ব্যবস্থা করা হয়েছে তাতে একটার পর একটা ধারায় দেখছি সেই ইংরাজ আমলে যে ব্যবস্থা তাই—জনসাধারণের প্রতি সেই ধরণের উৎকণ্ঠা এবং উদ্বেগ এবং সেদিক থেকে ক্ষমতা দিতে চেয়েও নানারকম রক্ষাকবচ প্রতি পদে পদে রাখার চেষ্টা হয়েছে। আজকে কোনরকমে যাঁরা ক্ষমতায় অধিষ্ঠিত হয়েছেন তাঁরা কেমন ক'রে নিজেদের ক্ষমতা অটুট রাখার জন্য ফ্রম টপ বিভিন্ন লোকাল ইউনিট গঠন করতে পারেন তারই ব্যবস্থা এবং এটা বলা অপ্রাসঙ্গিক হবে না বেঙ্গল সেল্ফ-গভর্নমেন্ট এ্যাক্ট ১৮৮৫ সালে এসেছিল যে সময় বেঙ্গল টেনান্সী এ্যাক্ট হয়। সেইজন্য অর্থনৈতিক ক্ষেত্রে ল্যান্ড• লেজিসলেশন যেমন একটা দিক ছিল ঠিক তেমনি রাজনৈতিক ক্ষেত্রে লোকাল সেল্ফ-গভর্নমেন্ট ছিল অন্য দিক এবং সেদিক থেকে ডিস্ট্রিক্ট বোর্ডে আমরা জানি, আগেকার দিনে উত্তরপাড়ার মুখার্জি ফ্যামিলি, বর্ধমানের চকদীঘির ফ্যামিলি থেকে আরম্ভ ক'রে জমিদাররা কর্তৃত্ব করতেন এবং যাদের বিরুদ্ধে আন্দোলন হয়েছিল তারাই ক্ষমতায় আসীন হন। আজও তেমনি এখানে দুটো বিল একসঙ্গে আসছে—ল্যান্ড রিফর্ম বিল আর পঞ্চায়েত বিল—বর্তমান শাসক তাদের ক্ষমতা অক্ষুণ্ণ রাখার একটা পরিবেশের জন্য ফ্রম টপ। সেইজন্য কি ব্যবস্থা করছেন গ্রামসভা এ্যাডাল্ট ফ্র্যানচাইজের কথা উচ্চারণ করা হয় নি কারণ তারা এ্যাসেম্বলীতে ভোটার আছে। কিন্তু এ্যাসেম্বলীর ভোটার কারা আছে এবং কিভাবে সেখানে লিস্ট তৈরী হয়? কিছু লোক বাদ যায় এবং সেখানে নাম পূরণ করতে হ'লে কি করতে হয় তা আপনারা জানেন। সেখানে এডাল্ট ফ্র্যানচাইজ ক'বে এ্যাসেম্বলীর ভোটার তালিকার উপর, ইলেক্টোরাল রোলের উপর, গ্রামের একটা সামান্য ইউনিটের উপর নির্ভরশীল না হয়ে গ্রামের ইলেক্টোরাল রোল গ্রামে কেন তৈরী করা হ'ল না এই প্রশ্ন আমাদের সকলের মনে উঠে এবং এই প্রশ্নে একমাত্র মনে হচ্ছে উপর থেকে চাপ দিয়ে নিজেদের ক্ষমতা প্রতিষ্ঠিত করার জন্য এটা করা হয়েছে।

দ্বিতীয় বিষয় বলা হয়েছে, গ্রামসভার এলাকা ইচ্ছা করলে রদবদল করার ক্ষমতা রয়েছে। ডিলিমিটেশন কমিটিতে দেখেছি গত ইলেকশনে যে, এক একটা কনস্টিটিউয়েন্সীতে যে সমস্ত ইউনিয়নগুলিতে বিরোধীপক্ষের প্রভাব রয়েছে সেখানে সেগুলিকে খণ্ডিত ক'রে অন্য জায়গায় নিয়ে যাওয়ার এইরকম চেষ্টা করা হয়েছে। সেইজন্য এটা দেখি ইনোসেন্ট সুটিং, সেখানে গ্রামের এলাকা কি হবে না হবে এই ক্ষমতার ভার প্রেসক্রাইবড অর্থারিটির কাছে রাখা হয়েছে। এর পিছনে কোন উদ্দেশ্য নেই। কিন্তু যাঁরা ডিলিমিটেশন কমিশনের ব্যাপার জানেন, তাঁরা জানেন যে, যাদের প্রভাব আছে তারাই মেজরিটি করবে। সেদিক থেকে সেটাও দেখার দরকার আছে।

তৃতীয়তঃ এই গ্রামসভার ক্ষমতা বলতে কিছু নাই। বাজেট আলোচনা করবেন, ভোটের উপর নির্ভরশীল হবেন। তারা বাজেট পাশ করলেই বাজেট পাশ হবে না। এইসব কথার স্পষ্ট উল্লেখ এখানে নেই। তারা রিপোর্ট আলোচনা করবেন এবং যা ব্যবস্থা এতে করা হচ্ছে তাতে এদের কোন ক্ষমতা থাকবে না। তারপর গ্রামপঞ্চায়েতের ব্যাপারে যেটা সবচেয়ে প্রধান কথা সেটা হ'ল নমিনেশনের কথা। আজকের যুগে কি ক'রে নমিনেশনের কথা তাঁদের মনে এল। এবং বলা হয়েছে নয় থেকে পনের জন লোক নির্বাচিত হয়ে যাবে অর্থাৎ এক-তৃতীয়াংশ পর্যন্ত —তিন থেকে পাঁচ জন নমিনেটেড হবে। ইলেকশনের ব্যাপারে একটা বড় জিনিষ ছিল যে, সিক্রেট ব্যালট করতে হবে। কারণ তা না করলে পর আজ গ্রামাঞ্চলে এই সমস্ত যাদের এত প্রভাব তাদের উপস্থিতিতে, তাদের চোখের সামনে দাঁড়িয়ে ভোট দেবার ক্ষমতা অনেকের নেই। যদি তাদের সামনে ভোট দিতে হয় তাহলে তাদের উপস্থিতিতে শোষিত জনসাধারণ মন খুলে কোনরকম আলাপ-আলোচনা করতে পারে না। কারণ তারাই ডমিনেট করবে। তাই এই ব্যাক ডোর দিয়ে নমিনেসন দিয়ে এই সমস্ত লোকদের বসবার কোন যুক্তি নেই। তারপরে আনা হয়েছে অঞ্চল পঞ্চায়েত, সেটা আরো প্রতিক্রিয়াশীল ব্যবস্থা। ইনডাইরেক্ট ইলেকশনে ২৫০ জন

গ্রামসভার সদস্য হবেন। পার্লামেণ্টের যিনি মেম্বার হবেন, সদস্য হবেন, তিনি ভারতবর্ষের জন্য আইন রচনা করবেন। সেখানে ডাইরেক্ট ইলেকশন, আর গ্রামের ইলেকশনের ব্যাপারে ইনডাইরেক্ট ইলেকশন, কোন্ গণতান্ত্রিক নীতিতে এই ব্যবস্থা হয়েছে, এই জিনিষ আমাদের বুঝতে হবে। সেখানে তাঁরাই আসলে বাজেট করবেন।

[4-50—5 p.m.]

কিন্তু তা তাঁরা করেন নি। সেজন্য ট্যাক্স করবার ক্ষমতা তাঁদেরই আছে। তাঁরাই আসল বাজেট করবে এবং টাকা দেবে এই ব্যবস্থা রাখা হয়েছে। গ্রাম পঞ্চায়েত কি টাকা দেবে সে ব্যবস্থা রাখা হয়েছে। শুধু তাই নয়, সমস্ত ক্ষমতা সেক্রেটারীকে দেওয়া হচ্ছে তাকে বলা হচ্ছে একজিকিউটিভ অথরিটি। ভাষাটা দেখুন, স্পীকার মহাশয়, সমস্ত কিছু নিজেরা নানারকমে প্রচ্ছন্ন রেখেও, রক্ষাকবচ রেখেও আশ্বস্ত হতে পারছেন না, সেজন্য খোলাখুলিভাবে ক্লজ ৩৫এ বলেছেন—

"Nothing in sections 32, 33 and 34,"

যেখানে গ্রাম পঞ্চায়েতের ক্ষমতা আছে সেখানে বলেছেন—

> "shall be deemed to impose any duty or confer any power on the Gram Panchayat with respect to any matter which is under the direct administrative control of the Central or State Government".

এবং যে লিষ্টই করুন সেটা ষ্টেট গভর্নমেণ্ট এবং কেন্দ্রীয় গভর্নমেণ্ট যে কোন ক্ষমতা নিয়ে এবং সেক্রেটারী যেখানে

> "The Secretary shall be the executive authority of the Panchayat and shall be appointed by the State Government or any officer or authority empowered by the State Government in this behalf".

প্র্যাকটিক্যালি বলা যেতে পারে এডভাইসারি কমিটির মত। বিভিন্ন এ্যাডভাইসারি বোর্ডএ থাকবার সৌভাগ্যের ফলে আমরা দেখেছি শুধু যেখানে বসে থেকে স্যাংশন দেওয়া ছাড়া আর কোন ক্ষমতা নাই। এটাকে যদি বলা হয় 'অর্গান অফ লোক্যাল পাওয়ার' গড়ে তোলা হচ্ছে তাহলে আমি বলবো এটা চালাকি। ন্যায় পঞ্চায়েত সম্বন্ধে কিছু বলব না। স্বামী বিবেকানন্দ বলতেন চালাকি দ্বারা কোন মহৎকার্য হয় না। মন্ত্রীমহাশয়কে এটাই বলবো—ক্যাবিনেটএ বাহাদুরি করে গ্রামকে জানেন বলে দাবী করলেই চলবে না তাঁরাই একমাত্র গ্রামকে জানেন না, আরও বহু লোক আছেন যাঁরা গ্রামকে জানেন, সুতরাং চালাকি দ্বারা এটা হবে না, ইংরেজ আমলে এ রকম দ্বিধা ও সন্দেহ নিয়ে ক্ষমতা দেওয়ার এ রকম চেষ্টা হত না। তাই কংগ্রেস বন্ধুদের এ কথাই বলব যে, আজকে যদি ক্ষমতা না দেন তাহলে কোথায় কোন্ গ্রামে একটা রাস্তা তৈরী হবে তার জন্য দাশগুপ্ত মহাশয়ের দিকে তাকিয়ে থাকতে হবে। জেলা বোর্ড, লোকাল বোর্ডএর সমস্ত ক্ষমতা মনোপলি করে রেখে দেওয়া যেমন হচ্ছে এক্ষেত্রেও কংগ্রেসী গণতন্ত্র সেরকমই হবে। আজকে বাংলাদেশের বহু ইউনিয়নএ আপনারা সংখ্যাগরিষ্ঠতা লাভ করবেন, বহু পঞ্চায়েত হবে, সেখানেও কর্তৃত্ব করতে পারবেন, সে জায়গায় নির্ভরশীল থাকতে পারবেন, সেজন্য সেদিক থেকে এই দাবী সমর্থন করা উচিত।

Sj. Priya Ranjan Sen:

মাননীয় স্পীকার মহাশয়, গ্রাম পঞ্চায়েত বিল নামে যে বিল এখানে উপস্থিত করা হয়েছে তা এজন্য যে, আমাদের কনষ্টিটিউশনএর যে উদ্দেশ্য ছিল, সেখানে যে নির্দেশ দেওয়া হয়েছিল এতদিন পরে তার দিকে আমরা মন দিতে পেরেছি, তার ব্যবস্থা করতে পেরেছি। কি ব্যবস্থা আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় এনেছেন—এই ব্যবস্থামত কাজ হবে কি ব্যবস্থার রদবদল হবে তা এখনও স্থির হয়নি। যে বিল হয়েছে সেটা সিলেক্ট কমিটিতে দেওয়া হবে প্রথমতঃ এটাই স্থির করা হয়েছে। যাঁরা সিলেক্ট কমিটিতে যাবেন তাঁরা যেমন এ বিল সম্বন্ধে বলবেন

তেমনি যাঁরা বাইরে থাকবেন তাঁদেরও এই বিল সম্বন্ধে কিছু কিছু অদলবদল করা বিষয়ে চাইবার অধিকার আছে। গ্রাম পঞ্চায়েত হলে পর গ্রামে মামলা মোকদ্দমা কমে যাবে, অন্ততঃ বাড়বে না, এটা আমার বিশ্বাস। গ্রামের লোকেরা ওরাল পিটিশনএ নিজেরা নিজের কথা বলতে পারবে, লেখাপড়ার মধ্যে না গিয়েও তাদের গোলমাল মেটাবার চেষ্টা করবে, এই যদি হয় তাহলে আমাদের আপত্তি কি? আমাদের যদি এই আপত্তি থাকে যে, আমরা লোককে হুডউইঙ্ক করছি, ঠকাচ্ছি—এ বিশ্বাস যদি থাকে তাহলে সেই বিশ্বাস দিয়ে এই বিলকে বিচার করা মোটেই সঙ্গত হবে না। সরকার যাই করুন সবই 'ম্যালাফাইডি', 'বোনাফাইডি' কিছুই নয় এরূপ যদি মনে করি তাহলে আর কোন কথা বলা চলে না। এই বিলে কি কাজ করবেন, সেটা পরের কথা। বিলে যে ব্যবস্থা রয়েছে কোন্ কোন্ জায়গায় তার অদলবদল চাই মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চাইব। বিলটা যেভাবে ড্র আপ করেছেন তাতে সিলেক্ট কমিটির সদস্যরা যেমন সাজেশান দেবেন তেমনি বাইরে যাঁরা আছেন বিশেষভাবে বিলের ক্লিয়ার সঙ্গে যাঁরা সংশ্লিষ্ট তাঁদেরও যা বলবার আছে নিশ্চয়ই সে সব কথা বলা হবে এবং সেই সমস্ত মন্ত্রী মহাশয়ও শুনবেন এবং শুনে সিলেক্ট কমিটি আমাদের কাছে এই বিল আবার পেশ করবেন। এই সমস্ত বিল কার্যকরী করতে গেলে যে টাকা লাগে মন্ত্রী মহাশয় আশা প্রকাশ করেছেন সে টাকা আসবে, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা কার্যকরী করার জন্য যে অর্থ প্রয়োজন হবে সে অর্থ পাওয়া যাবে। এই বিলের পেছনে যদি সকলের সদিচ্ছা থাকে এবং দেশের সকলেরই সহযোগিতা পাওয়া যায়, গ্রামের সকলের সহযোগিতা পাওয়া যায় তাহলে এই বিল কার্যকরী না করার কোন কারণ নেই। এই বিল ইনট্রোডিউস করার সময় মন্ত্রী মহাশয় আবেদন জানিয়েছেন, আমরা যেন এই বিলকে দলগত মনোভাব নিয়ে না দেখি এবং তিনি আশা প্রকাশ করেছেন যে, আমরা সকলেই এই বিলের প্রতি সাহায্যের মনোভাব নিয়ে এগিয়ে আসব, আমিও মনে করি সকলে মিলে চেষ্টা করলে তা সম্ভব হবে, অসম্ভব হবে না। এই গ্রাম পঞ্চায়েত বাংলাদেশের কথা নয়, সমগ্র ভারতবর্ষের কথা এবং দুই-একটি জায়গায় যেখানে গ্রাম পঞ্চায়েত প্রতিষ্ঠা করার চেষ্টা হয়েছে সেখানে গ্রাম পঞ্চায়েত সার্থক হয়েছে। ১৯৪৭ সালে গ্রাম পঞ্চায়েত করার চেষ্টা হয়েছিল এবং বোম্বে প্রেসিডেন্সির একটি ক্ষুদ্র রাজ্যের রাজ্যাধিপতির চেষ্টায় গ্রাম পঞ্চায়েত প্রথম প্রতিষ্ঠিত হয়েছিল। অতএব গণতান্ত্রিক চিন্তা, গণতান্ত্রিক কর্ম নিশ্চয়ই আমাদের অভ্যাস করতে হবে, আমাদের এখানে পুরাপুরি গণতান্ত্রিকতা যদি না হয়ে থাকে, আমাদের কার্যে ও চিন্তায় অসামঞ্জস্য যদি কিছু থাকে এভাবে কাজ করতে করতেই সেই অসামঞ্জস্য দূর হবে, সুতরাং সর্বদিক দিয়ে এই বিল সমর্থন করি।

[5 5-10 p.m.]

Sj. Jyotish Joarder:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, এই বিলের প্রস্তাবক নিজেই এই বিলের সম্বন্ধে বলেছেন এটাকে সিলেক্ট কমিটিতে পাঠানো হউক। বিল রচনার সময় তিনি যদি আর একটু চিন্তা করতে পারতেন তাহলে নিশ্চয়ই একথা বলতে পারতেন না। এ বিলের প্রস্তাব যখন এনেছেন তাতে গলদ যা রয়েছে সেটা নিজে জেনে বুঝে প্রস্তাব উত্থাপনের সঙ্গে সঙ্গেই 'সিলেক্ট কমিটিতে পাঠানো হউক' একথা বলার মানে কি? এটা একটা সরকারী ফরমুলার মত দাঁড়িয়ে গিয়েছে। সিলেক্ট কমিটিতে গেলে কি হয়, সে ইতিহাস আমাদের জানা আছে। আমরা জানি সেখানে তাঁদের এ্যাবসলিউট মেজরিটি আছে এবং বিরোধী পক্ষের যাঁরা সেখানে যান তাঁদের একমাত্র অধিকার থাকে সেখানে লিখে দেওয়া, এতে আমরা আপত্তি জানাই। সেজন্য আমি বলি 'কমিটি অব দি হোল হাউস'এর কাছে বিলটা দেওয়া হউক এবং বিচার করে রিড্রাফ্‌টিং হউক, এবং তা করলে আশা করি সিলেক্ট কমিটিতে যাওয়া দরকার হবে না।

ডেপুটি স্পীকার মহোদয়, আপনি লক্ষ্য করেছেন এই বিলের মধ্যে একটা উদ্দেশ্যের অবতারণা করা হয়েছে যাকে সোনালী ফানুষ ছাড়া আর কিছুই বলা যায় না। একদিকে যেমন বলা হয়েছে গ্রাম্য স্বায়ত্তশাসন এবং তার জন্য যা ক্ষমতা তা সম্পূর্ণ গ্রাম পঞ্চায়েতের হাতে দেওয়া হয়েছে, তারপরে আবার আনা হচ্ছে একটা ডিক্‌টেটরশিপ যা হ'ল প্রেসক্রাইবড্

অথরিটীর কাজ। উনি যখনই খুসী প্রয়োজন হলে অর্থাৎ তাঁর যদি মনে হয় কোন কনষ্টি-টিউশনকে ভাগ করে দেওয়া দরকার তাহলে সেখানে তিনি তা করতে পারবেন, একটা করবেন কি দুটো করবেন কি চারটা করবেন সব তাঁর হাতে। তারপর সেখানে যদি তাঁর বিলে মনোমত কাজ হচ্ছে না মনে হয় তাহলে সেটা ভাগ করবেন বা সেটাকে অন্য কোথায়ও যুক্ত করবেন, প্রয়োজন হলে দুই-তিনটা উঠিয়ে ফেলবেন, প্রয়োজন হলে দুই-তিনটা নতুনও করবেন। তারপর প্রথমে যে গ্রাম পঞ্চায়েত কমিটি হবে সেখানে ব্যবস্থা আছে প্রথম পঞ্চায়েত তিনি নিজে করে দিতে পারবেন এবং সেটা দু' বছর ধরে কায়েম থাকবে। যদি ভুলক্রমে বিশেষ পঞ্চায়েত কমিটির আয়ুর কাল দু-বৎসরের কম করে থাকেন তাহ'লে তাকে দু' বৎসর পর্যন্ত বাড়িয়ে দিতে পারবেন। তারপর যাঁরা গ্রামসভা দ্বারা মনোনীত হবেন, তিনি যদি তাদেরকে মনোনয়ন-যোগ্য মনে না করেন তাহলে যেকোন অজুহাত দিয়ে তাদের বরখাস্ত করতে পারবেন। এমন কি বাহিরের লোককে একটা গ্রামের গ্রামসভার মধ্যে ঢুকিয়ে নিতে পারেন। এইভাবে ⅓ অংশ বাহিরের লোক নিতে পারেন যাদের সংগে সেই গ্রামের কোন সম্পর্ক নাই। এইভাবে ইলেক্টেড হয়ে যাঁরা আসবেন তাঁদের দ্বারা কাজ হচ্ছে না এটা যদি তিনি মনে করেন তাহলে তাঁদের সরিয়ে রেখে তিনি নিজে মনোনয়ন করে আপন খুশীমত কাজ চালিয়ে যাবেন এবং সেই কাজের খরচপত্র গ্রাম পঞ্চায়েতের উপর চাপবে। এই হ'ল আপনাদের গণতন্ত্রের কথা। ভারতবর্ষের গণতন্ত্রের কথা শুনলে একটা আদর্শের কথা মনে হয়। একদিন এই ভারতবর্ষের লোক পঞ্চায়েত সৃষ্টি করে পৃথিবীর মধ্যে গণতন্ত্রের একটা আদর্শ স্থাপন করেছিল। কত বড় বড় শাসক, আক্রমণকারী, দুর্দান্তপ্রতাপ রাজশক্তির কাছে ভারত বার বার হেরে গিয়েছে, কত কি নতুন নতুন কান্ড তার বুকের উপর ঘটে গিয়েছে কিন্তু এমন একটা আশ্চর্য শক্তি ভারতের ছিল যা সমস্ত বাধাবিঘ্ন, উত্থানপতনের মধ্যে অনির্বাণ ছিল, সেটা ছিল তার গ্রাম পঞ্চায়েত। সেই গ্রাম পঞ্চায়েত ভারতবর্ষের যে সনাতন সংস্কৃতি তারই পরিপূর্ণ ফল, তাকে ভারতবাসী সমস্ত বিপাক দুর্যোগের মধ্যেও প্রাণমন দিয়ে রক্ষা করে এসেছিল। সেই গ্রাম পঞ্চায়েত আবার সৃষ্টি করবার কথা হচ্ছে এটা তাই একটা গুরুত্বপূর্ণ ঘটনা এবং সেটা এমনভাবে করা দরকার যাতে প্রত্যেক লোক অনুভব করতে পারে তার সমাজে তার ন্যায্য সমস্ত কিছু পাবার অধিকার আছে, সে সমাজেরই একটা অংশ, সে তার আপন মতের ব্যাপারে নিজেই নিজের কর্তা। কিন্তু সে ভাব এই বিলের মধ্যে কোথাও নেই। আজ তো দেখছি কর্তৃপক্ষ যাকে খুসী, ইচ্ছামত জেলে পুরছেন, বিনা ওয়ারেন্টে গ্রেপ্তার করবার ক্ষমতা নিচ্ছেন। এই সমস্ত জেনে মনে একটা সন্দেহের ভাব আসে। কেন এত তাড়াতাড়ি এই বিল আনছেন? এতদিন যখন কাজটি করতে পারেন নি? এদিকে আবার দ্বিতীয় পঞ্চ-বার্ষিকী পরিকল্পনা এসে পড়েছে, তখন কেন কর্তৃপক্ষ উঠে পড়ে লাগলেন এখুনি এটাকে নিয়ে টানাটানি করতে? আর কিছুদিন পরেই তো আবার নতুন সরকার আসছে। এতদিন যখন করেন নি তখন ছয়মাসের জন্য তাড়াহুড়ো করে এমন একটা জিনিষকে নষ্ট করছেন কেন? তাই বলছি এটাকে একটা মৌলিক এ্যাপ্রোচ দেওয়া চাই সেজন্য প্রয়োজনীয় মনোভাব নিয়ে ধীরে সুস্থে বিল তৈরী করে দেশবাসীকে বিশ্বাস করে দেশবাসীর হাতে স্থানীয় সমস্ত ক্ষমতা তুলে যথার্থ গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে দিন, দেখবেন তাতে আপনাদের ভার লাঘব হয়ে যাবে। গ্রামের কাজ গ্রামসভার দ্বারাই হবে, গ্রামের কাজ যা নয় তাই সরকারের হাতে রাখা হবে এবং সরকার অনেক দিক থেকে নিশ্চিন্ত হয়ে কাজ করতে পারবেন। কিন্তু এইভাবে শুধু গালভরা নাম দিয়ে এত বড় একটা উদ্দেশ্যের কথা বলে সব কিছু দোষত্রুটি ঢেকে দেওয়ার অপচেষ্টা হচ্ছে। সেইজন্যে আমাদের আবেদন হচ্ছে বিলটাকে তাড়াহুড়া করে সিলেক্ট কমিটিতে না দিয়ে হোল হাউসএর কাছে দেওয়া হউক। এটা একটা অতি গুরুত্বপূর্ণ জিনিষ। যে ভারতবর্ষ একদিন এই গ্রাম পঞ্চায়েতের স্রষ্টা হিসাবে পৃথিবীর মধ্যে নিজেদের স্বাতন্ত্র্য প্রতিষ্ঠিত করেছিল, দিকে দিকে যার জয়নিনাদ ধ্বনিত হয়েছিল, সেই জিনিষ যখন আবার আনা হচ্ছে তখন তাকে এমনভাবে আনা উচিত যাতে তার পূর্ব গরিমা ক্ষুণ্ণ না হয়। এইজন্যই এটাকে নতুন করে ড্রাফটিংএর উদ্দেশ্যে কমিটি অফ দি হোল হাউসএ দেবার কথা বলছি।

[5-10—5-20 p.m.]

Sj. Dasarathi Tah:

মাননীয় সহ-অধ্যক্ষ মহোদয়, পর্বত মূষিক প্রসব করেছেন। আমাদের বহুদিনের আকাঙ্ক্ষিত এই গ্রাম পঞ্চায়েত বিল শুধু পঞ্চায়েত বিলরূপে এখানে এসেছে। আমাদের জালান সাহেবের হাতযশ বরাবরই আছে। এতদিন পরে, এত আরাধনা, এত সাধনা, এত পরামর্শের পরে তিনি এমন একটা দ্রব্য প্রসব করলেন; পুত্র প্রসব করলেন বটে, কিন্তু জীবন্মৃত, তার মাদুলী কবচে সর্বাঙ্গ ঘেরা এবং তার ভারেতেই সে হাঁপাচ্ছে। আমরা চেয়েছিলাম, অবশ্য সমাজতন্ত্র প্রতিষ্ঠার বুনিয়াদ এবং কংগ্রেসপক্ষও সমাজতান্ত্রিক ধাঁচের কথা বলেন, সত্যিকারের সমাজতান্ত্রিক রাষ্ট্রে সুষ্ঠু সমাজব্যবস্থা চাই। তা করতে গেলে বিকেন্দ্রীকরণ প্রয়োজন। তার জন্য গ্রাম পঞ্চায়েত করতে হবে। তাই সেদিন যখন 'স্পেশাল পুলিস আইন' এবং জাষ্টিসেস অব পিস আইন' হ'ল, তখন আমরা বলেছিলাম ঐ সমস্ত না করে নিয়ে আসুন সেখানে গ্রাম পঞ্চায়েত। মনে করেছিলাম, জালান সাহেব এবার গঙ্গাসাগর-টাগর আইনের ব্যাপার সব ভুলে গেছেন, এবার এখন বোধহয় স্থির বুদ্ধি ও সৎ উদ্দেশ্যে একটা নূতন কিছু এনেছেন। এখানে যা তিনি এনেছেন তাতে দেখুন স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রী মহাশয় এবার পল্লী সায়েস্তা ও ভাল করে শোষণ করবার ব্যবস্থা করছেন। এটাকে পল্লীশোষণ বিল বলা চলে। বর্তমানে যে ইউনিয়ন বোর্ড আছে, তার যারা সেক্রেটারী, তাঁরা প্রেসিডেণ্টকে দস্তুরমত ভয় করেন, মেম্বারদেরও ভয় করেন। কিছু করলে সাধারণেও চোখ রাঙিয়ে বলে দেখিয়ে দেন, এর পরে প্রেসিডেণ্ট পাল্টে গেলে কেমন করে চাকরী থাকে। এখানে প্রেসক্রাইবড্ অথরিটি নামক একটা অপদেবতার ভারে গ্রাম পঞ্চায়েত পা বাড়াতে পারবে না। এই অবস্থার যদি সম্পূর্ণ পরিবর্তন না করেন, তাহলে বরং বর্তমানের ইউনিয়ন বোর্ডই আমাদের ভাল। এর পরে যা করছেন, তা অদ্ভুত ব্যাপার। আপনারা পঞ্চ-বার্ষিক পরিকল্পনা, পাঁচসালা, দশসালা অনেক ব্যাপার দেখাচ্ছেন, সেই দৃষ্টিতে আপনারা যে অবস্থা সৃষ্টি করবেন, তাই দেখছি গ্রাম উন্নয়ন করবার জন্য টেবিল-চেয়ারের খুব তোড়জোড়, অফিসার সাহেবদের টুপিটাপির খুব আয়োজন। গ্রাম পঞ্চায়েত, গ্রাম সভা, অঞ্চল পঞ্চায়েত, ন্যায় পঞ্চায়েত আরও কত কি। এর সেক্রেটারী সেখানে নিয়োগ করবেন কারা? না, স্বয়ং সরকার। তার আশেপাশে আর যেসমস্ত কর্মচারী কেরাণী সব যারা থাকবে তাও নিয়োগ করবে সরকার। অর্থাৎ তোমরা সব গরু চালাও, গাছ আগলাও, রাস্তাঘাট যেখানে যা ভেঙ্গেছে তা ঠিক কর, রাস্তাঘাট ঝাড়ু দেও। এই সমস্ত তোমরা কর। আর কর্মচারী নিয়োগের ভার থাকুক আমাদের। তোমরা ট্যাক্স দাও। সুন্দর ব্যবস্থা! আমরা ভাত দেবার ভর্তা নই, কিল মারবার গোঁসাই। তোমরা পঞ্চায়েত হতে গ্রামবাসীর উপর নানারূপ কর বসাও, বসিয়ে আমাদের কর্মচারীদের বেতন যোগাও, কিন্তু আমরা সরকার হতে বিশেষ কিছু দেব না। অবশ্য দয়া করে চৌকিদার ও দফাদারদের বেতনের জন্য কিঞ্চিৎ দেব। আমরা বার বার বলেছি পুলিশের তহবিল থেকে এই চৌকিদার ও দফাদারদের বেতন দিতে। মেদিনীপুরের চৌকিদারী করবন্ধ আন্দোলনের সময় এ সম্পর্কে বর্তমানে যিনি ভারতের রাষ্ট্রপতি ডাঃ রাজেন্দ্র প্রসাদ তাঁর সভাপতির ভাষণে বলেছিলেন, চৌকিদারী ট্যাক্স—এ একটা পাপ, একটা অন্যায়। আজকে সেখানে পরিষ্কার করে আপনারা কেমন করে এটাকে হজম করছেন, সেটা আপনারা চিন্তা করুন। প্রিয়রঞ্জন বাবু বলেছেন—এই বিলের যা কিছু সংশোধন সিলেক্ট কমিটি সব করবে তখন আর বিরোধী পক্ষের এ নিয়ে আলোচনা করবার কি প্রয়োজন? তার উত্তরে আমার বক্তব্য আমরা কি সব কাঞ্চননগরের রথ দেখতে এখানে এসেছি? সিলেক্ট কমিটি কি করবে আমরা তা বুঝিয়ে দেব—এখানে সেখানে তোমরা এই কর। ভাল করবার সুবুদ্ধি হলে তো সরকার আগেও আমাদের সঙ্গে পরামর্শ করে এই বিলটা সর্বাঙ্গসুন্দর করে আনতে পারতেন। তবে জালান সাহেব সহরের লোক, হয়ত কোনকালে 'দেহাতি আদমী' ছিলেন, জানি না এখন শহরের লোক হয়ে তিনি সব ভুলে গেছেন পল্লীগ্রামের কথা। তবে তিনি যা করেন সদ্বুদ্ধিতেই করেন এই আমাদের ধারণা থাকা উচিত। যদিও তাঁর পার্টির দিক থেকে তাঁকে চাপ দিয়েই এইরূপ বিল আনানো হয়েছে, তবুও যেসমস্ত গলদ রয়েছে সেই সমস্ত তিনি এখনো সংশোধন করতে পারেন। এই আইনে তিনি গ্রামবাসীকে ক্ষমতা দিন। নতুবা ক্ষমতা না দিলে যা হয় তাই হবে। পঞ্চায়েতের ক্ষমতা সঙ্কুচিত করে দেবেন না—তাহলে ফল ভাল

হবে না। আগে গ্রামের যে অবস্থা ছিল সেই অবস্থাতেই থাকবে। আমরা মনে করেছিলাম সার্বজনীন গ্রামসভা যা হবে, যা তারা করবে, তাই হবে। মহাত্মা গান্ধীও সেই স্বপ্ন দেখেছিলেন। এই বিলে আমরা দেখছি গ্রাম সভায় কেবল গ্রামের লোক নয়, গ্রামের বাহিরের যাঁরা 'গুণধর' লোক অর্থাৎ কোয়ালিফাইড মেন, তাঁদের ঢোকান হচ্ছে। কারা তাঁরা? তাঁদের দলের বাস্তুঘুঘু সব—তাদের সেই জায়গা করে দেওয়া হবে। এরা সবই কংগ্রেসের লোক হবে। আমরা জানি জালান সাহেবের দৃষ্টি বরাবরই উদার। এখন কংগ্রেস গভর্নমেণ্টে আছেন, কংগ্রেসী হয়ে এসেছেন। তাঁর আগেকার যা বিচার দৃষ্টি ছিল, তাঁর কাছে সবই সমান অধিকার পেত আগের সেই পুরাণ মনোভাব এখানেও নিয়ে আসুন। যদিও তিনি বক্তৃতায় বলেছেন—এখানেও লেখা আছে—পঞ্চায়েতে যারা থাকবে তার কোন পলিটিক্যাল ম্যান থাকবেন না, ভাল ভাল লোক থাকবেন। কিন্তু পলিটিক্যাল ম্যান ছাড়া ভাল লোক এত কোথায় পাবেন? তবে এটা আমরা জানি যে, সেখানে পলিটিক্যাল ম্যান এবং পলিটিক্স ছাড়া আর কিছু থাকবে না। এঁরা কথায় বলেন—সদা সত্য কথা বলবেন, কিন্তু কাজের বেলায় দেখা যায় তাঁদের সব মিথ্যা কথা হয়ে গেছে। এখানেও তাই হবে। আমি বিশেষ করে এই কথা বলছি যে, আপনারা যে বিষয়টা করতে যাচ্ছেন ইলেকশন তো ঘাড়ের উপর এসেছে আর মাত্র এক বছর সময়, আপনারা বলছেন পঞ্চায়েত প্রবর্তনের প্রথমে এখন ইলেকশন না করে দু' বছরের জন্য নমিনেশন দিয়ে দেব। অর্থাৎ এ্যাড হক কমিটির মত। কিন্তু চরম দুর্ভোগটা ভুগে মরবে দেশের লোক। যেমন হয়েছিল এক সময়ে একদিকে হক সাহেবের সরকার ও কংগ্রেসের এ্যাড হক। এখানেও সেই এ্যাড হক করে তাই হচ্ছে। পঞ্চায়েত প্রবর্তন করবার জন্য যদি আপনারা তোড়জোড় না করতে পারেন, তাহলে ততদিন পর্যন্ত এই 'ইউনিয়ন বোর্ড'ই থাকুক। যখন আপনারা প্রস্তুত হয়ে সব করতে পারবেন, তখন সেখানে খাড়াখাড়ি ইলেকশন আরম্ভ করে পঞ্চায়েত প্রতিষ্ঠা করুন। জালান সাহেব বলেছেন, এ্যাডাল্ট ফ্রাঞ্চাইজ তো এখানে পাচ্ছেন। তার দ্বারা হবে। এটা খুব ভাল হবে। আগে যেরকম ছিল ইউনিয়ন বোর্ডে মহিলাদের স্থান ছিল না, এবার এখানে মহিলাদের স্থান থাকবে। যদি সব তাঁরা বিবেচনা করে করেন, তাহলে আর মন্দ কথা বলতে হয় না। আমরা মনে করলাম দেশ হতে জমিদারী গেল, উমেদারী গেল, এখন দু' হাত তুলে গৌরাঙ্গ বলে ভোট দিলেই সব চুকে যাবে। গণতন্ত্র প্রতিষ্ঠিত হবে। কিন্তু তাতে গণতন্ত্র টিকবে না, যেসব করে তাঁরা কতকগুলি লোককে খাড়া করে দেবার ব্যবস্থা করেছেন জাষ্টিস অব পিস করে, তাদের সামনে জনগণ বলিদানের পাঁঠার মত থর থর করে কাঁপবে। তাদের হাতে সত্যিকারের ভোটাধিকার দেওয়া হবে, তারা ভেবেছিল সত্যিকারের শাসনক্ষমতা পাবে। কিন্তু তার ব্যবস্থা এখানে নাই। যতদিন না মানুষের সৎসাহস হয়, তারা সচেতন হয়, অন্ততঃ ততদিনের জন্য, অন্ততঃ ২০ বছরের জন্য, এই গ্রাম পঞ্চায়েতের নির্বাচনের জন্য ব্যালট প্রথা প্রবর্তন করুন এই অনুরোধ করছি। যদি তা না করেন, তাহলে যা ছিল, তার চেয়ে আরও এক কাঠি পিছিয়ে যাবে দেশ এই বিলেতে।

তারপর গ্রাম সভা, গ্রাম পঞ্চায়েত, অঞ্চল পঞ্চায়েত ও ন্যায় পঞ্চায়েত এই চারিটি প্রতিষ্ঠানে কত খরচ লাগবে চিন্তা করুন। বর্তমান ইউনিয়ন বোর্ডে ট্যাক্স আদায় হয় এক হাজার টাকা থেকে দুই হাজার টাকা। ঐগুলি সেক্রেটারীর বেতন, চৌকিদারের পাগড়ি টাগড়ির জন্য এবং তাদের মাসিক বেতন ১০।১২৲ টাকা করে দিতেই সব শেষ হয়ে যায়। গ্রাম্য স্বায়ত্ত-শাসন আইনের ৩২(ক) ধারা মত এটা প্রথমে চাই-ই। তারপর কিছু উদ্বৃত্ত থাকলে (খ) ধারা মতে গ্রাম সংস্কারের জন্য ব্যয়িত হয়। কিন্তু এখন এসেছে চারটা প্রতিষ্ঠানের ব্যাপার। এসবের সেক্রেটারীর বেতন ১৪৲ টাকা ১৫৲ টাকা দিলে হবে না।

[At this stage the blue light was lit.]

স্যার, নীল আলোটা আর জ্বালাবেন না, নীল নিবান। আলো দেখলে ভয় পাই।

আমি বিশেষ করে বলছি—এই জিনিষগুলি নিয়ে আলোচনার জন্য যখন সিলেক্ট কমিটিতে বিলটি যাচ্ছে তখন সিলেক্ট কমিটির মাননীয় সদস্যদের সেসবগুলি ভালভাবে চিন্তা ও বিচার বিবেচনা করতে বলি। আটঘাট বেঁধে তাঁরা কাজটা করুন। নতুবা সর্বনাশ হয়ে যাবে।

আর একটা কথা। আমাদের খরচ হয়ত এতে অত্যন্ত বেড়ে যাবে। চৌকিদার দফাদারের বেতন দিতে দু' হাজার টাকা লাগবে, তারপর তো আবার সেক্রেটারী থাকবে। আমি শুনেছিলাম, সরকার ডিষ্ট্রিক্ট বোর্ডে একটা সার্কুলার পাঠিয়েছেন যে, পঞ্চায়েতের সেক্রেটারী যাকে সরকার নিয়োগ করবেন, তাঁকে মাসিক কমপক্ষে দেড়শো টাকা বেতন দিতে হবে এবং তিনি কমপক্ষে গ্রাজুয়েট হবেন। তার উপর বি-এ, বি-এল হলে ভাল হয়। এ ভিন্ন চলবে না। আমার পরিষ্কার কথা--যদি পঞ্চায়েত করেন তাহলে স্থানীয় লোককে সেখানে রাখতে হবে। সরকার নিয়োগ করবেন কেন? পঞ্চায়েতকেই তাদের নিয়োগ করবার ক্ষমতা দিতে হবে। তারা সমস্ত গ্রাম সভা ও অঞ্চল সভায় কাজ করবেন। ম্যাট্রিকুলেট হলেও সে কাজ তাঁরা করতে পারবেন। আমাদের গোপিকাবিলাস সেনের মত একজন লোক—একজন মন্ত্রী, তিনি কল্যাণীর বাজে খরচটা আলাদা করে দেখাতে পারলেন না, বা দেখাতে পারেন না। অথচ আমরা দেখছি পল্লীগ্রামের একজন সামান্য ম্যাট্রিকুলেট বা পাঠশালা পর্যন্ত পড়া যার বিদ্যা, তিনি ইউনিয়ন বোর্ডের সেক্রেটারী হলে গ্রামের তথ্যাদি ঠিকমত সংগ্রহ করতে পারবেন এবং চূড়ান্ত হিসাব রাখতে পারেন। এবং এমন কি তাঁরা সেই পাঠশালা পড়া বুদ্ধিতে একজন মন্ত্রীর দপ্তরের হিসাব পর্যন্ত ভাল করে চালাতে পারেন। সেই সমস্ত লোকদের আপনি তাড়াবেন না।

[5-20—5-30 p.m.]

সেই সমস্ত লোকের অন্ন খাবেন না। যারা আছে তাদেরই রাখুন। ইউনিয়ন বোর্ডের স্থানীয় এলাকার কর্মচারী যারা আছেন তাদের রাখুন এবং নূতন যাদের নিতে হবে তাদের সেই অঞ্চল থেকেই নিন। পঞ্চায়েতের সেক্রেটারী যারা হবেন, তাঁদিকেও জনসাধারণ কর্তৃক নির্বাচিত হতে হবে-এই আমাদের দাবী। এইরূপ ব্যবস্থা হলে, তবে তাঁরা সৎ হবেন ও কর্মঠ হবেন। সরকার যদি স্থানীয় অঞ্চলের কর্মচারী বা সেক্রেটারী না নিয়ে বাহির হতে লোক এনে জনসাধারণের মতের বিরুদ্ধে বসিয়ে দেন, তাহলে তারা কাকেও গ্রাহ্য করবে না। এঁরা এই বিলে পঞ্চায়েতের কর্মকর্তাদের কি নাম দিয়েছেন-ঐ উপাধ্যক্ষ না অধ্যক্ষ—আরও কি দুই-একটা নাম-প্রধান না মোড়ল ইত্যাদি, ঐ সরকার নিয়োজিত সেক্রেটারী থাকলে তাঁদের তারা চোখ রাঙিয়ে কাজ করে যাবেন। ওঁরা পাঠশালার মাষ্টারের মত হয়ে উঠবেন, যাকেই সরকার বসিয়ে দেবেন সেক্রেটারী হিসাবে। আমাদের প্রিয়রঞ্জনবাবু ভাল মানুষ, মামলা মোকদ্দমার কাছ দিয়ে যান না, হাইকোর্টের কাছ দিয়েও যান না, পাছে মামলার হাওয়া গায়ে লাগে তাই পিছন দিক দিয়ে আসেন, উনি বলেছেন প্রস্তাবিত পঞ্চায়েত বিলে পল্লীঅঞ্চলের মামলামোকদ্দমা সব চলে যাবে। আমি বলি মামলা একদমই যাবে না বরং বাড়বে। এখানে আমার অনেক সহকর্মী আছেন, যাঁরা ইংরাজ আমলের উকিল এবং এ আমলেও আছেন, তাঁরা নাকি ঐ পঞ্চায়েতে গিয়ে প্র্যাকটিস করতে পারবেন না, তাহলেই মামলা বন্ধ হয়ে যাবে। চমৎকার যুক্তি! আমি বলি আমাদের কৃষি মন্ত্রী ডাঃ আমেদ কি সীড স্টোর করেছেন, এই পঞ্চায়েতগুলি মামলার সীড ষ্টোর হবে। পঞ্চায়েতে যেরূপ সেক্রেটারী দেওয়া হবে ও বাহিরের লোককে পঞ্চায়েতে স্থান দেওয়া হবে, তারা এমন প্যাঁচালো যে তাদের মাথায় গজাল গেড়ে দিলে সে প্যাঁচযুক্ত স্কুতে পরিণত হয়। [হাস্যরোল।] এরা পঞ্চায়েতে থাকলে কি আর দেশের রক্ষা থাকবে? আমি যা হিসাব দিয়েছি তাতে দেখা যাচ্ছে চৌকিদার, দফাদারের বেতন আনুমানিক দু' হাজার, আর সেক্রেটারী কেরাণী প্রভৃতিতে দু' হাজার, আর তার উপর সুপারভাইজার ইত্যাদিও আছে। তারপরে অঞ্চল পঞ্চায়েতে যে বিচারের ব্যাপার আছে, সেখানে দেখছি ন্যায় পঞ্চায়েত বা ন্যায়চঞ্চু প্রভৃতি থাকবেন-এইসবের হিসাব ধ'রে অন্ততঃপক্ষে সেখানে ৭ হাজার সাড়ে ৭ হাজার টাকা বৎসরে খরচ হবে। আমাদের ইউনিয়ন বোর্ডে ২ হাজার টাকা আদায় করতেই গ্রামের অনেকের ঘটিবাটি বিক্রী হয়, এর পর পঞ্চায়েত ঐভাবে করলে গ্রামবাসী কি টিকবে? এবার চরম অবস্থা হবে পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায়। এখনকার চৌকিদারী ট্যাক্স দিতেই যেখানে মানুষকে হয়রাণ হ'তে হয়, এর পরে আবার নূতন করে যদি নানাবিধ কর বসাবার ফন্দি করেন তাহলে মানুষকে সোয়াস্তিতে থাকতে দেবেন না। জেলা বোর্ডকে যদি ভাল করতেন ত ভাল হ'ত, কিন্তু একেই ত জেলা বোর্ডকে কন্ধকাটা করেছেন, তার সব নিয়ে নিলেন--ওয়াটার সাপ্লাই নিয়ে নিলেন, তার টিকাটার গেল, দাতব্য চিকিৎসালয় গেল, এমন কি এম, ই, স্কুলগুলির সাহায্য দেবার ক্ষমতাও গেল, তবে এর জন্য

আর শুধু শুধু তার টেবিল, চেয়ার ও কর্মচারীর বেতন দিবার প্রয়োজন কি? হয় তার সব তুলে দিয়ে, সব গ্রাম পঞ্চায়েত হয়ে যাক, একমাত্র পঞ্চায়েতেতেই পল্লীঅঞ্চলের প্রতিনিধি হোক, শুধু শুধু জেলা বোর্ডের মত বড়কর্তা রেখে লাভ কি? গোপন প্রথায় ভোটের ব্যবস্থা করলে ভালো ভালো লোক গ্রাম পঞ্চায়েতে পাওয়া যাবে। এখন গ্রামে গ্রামে সাধারণ চাষীবাসীর মধ্যে বিচক্ষণ বিচারক রয়েছে আমার কনষ্টিটিউয়েন্সিতে একটা গ্রাম আছে উচালন বলে খুব বড় গ্রাম--অনেক বড়লোক আছে। সেখানে গত বিশ বৎসর কোন মামলা আদালতে যায় নি। একবার একটি লোক আদালতে গিয়েছিল কিন্তু সমস্ত লোক ধরে করে সেটা মিটিয়ে দিলে। পঞ্চায়েতে গ্রামের ভাল লোক যদি যেতে পারে তাহলে সত্যই মামলা কমবে। নাহলে সেক্রেটারী এমন প্যাঁচ কষবে যে, লিখতে জানে না কিন্তু কংগ্রেসে আছে এই হলধর, জলধর যাদের বাবা এমন নাম রেখেছে যা সহজে লেখা যায়--সেইরকম পঞ্চায়েতরা সরকারী কর্মচারীর হাতের পুতুল হয়ে থাকবে। যদি সত্যকারের পল্লী পঞ্চায়েত ভাল করে করতে হয় তাহলে তাদের উপরেই সমস্ত ক্ষমতা দিন, কোন ক্ষমতা অন্য দিকে দেবেন না। এখন যা করেছেন, যাতে এতে কেউ প্রগতিশীল লোক না যায় তার চমৎকার ব্যবস্থা রয়েছে। কেউ গিয়ে হয়ত এস ডি ও'র কাছে বা ম্যাজিষ্ট্রেটের কাছে গিয়ে কানে মন্ত্র দিলে যে, অমুক পঞ্চায়েত বা প্রধান ভাল লোক নয়, অমনি ম্যাজিষ্ট্রেট, এস, ডি, ও, তার নাম কেটে দেবেন বা তাকে অযোগ্য বলে দেবেন, অমনি তার পঞ্চায়েতে স্থান থাকবে না। এ ভয়ানক খারাপ ব্যবস্থা। আপনাদের কংগ্রেস রাজত্বে ইউ পি, গভর্ণমেন্টও 'গ্রামরাজ' আইন বলে যে আইন করেছেন তাতে পঞ্চায়েতদের বহু পরিমাণ স্বাধীনতা দেওয়া হয়েছে। যদি কোন পঞ্চায়েত বা প্রধান বা বিচারকের বিরুদ্ধে কোন অভিযোগ আছে, তবে সেটা একেবারে রাজ্য সরকার বিবেচনা করেন এবং তাঁদের সিদ্ধান্তই চূড়ান্ত হয়। আর আপনারা কথায় কথায় স্পষ্টবাদী ও স্বাধীনচেতা সদস্যদের নাকচ ও অপদস্থ করবার ব্যবস্থা করতে যাচ্ছেন। আপনারা আপনাদের দৃষ্টিভঙ্গী ভাল করুন, ঠুঁটো জগন্নাথ করবেন না এই গ্রাম পঞ্চায়েতকে। এইটাই বিশেষ করে বলবার কথা। এইবার খরচ খরচার কথা। এই বিলের ফর্দে দেখছি আপনারা সব করলেন নাচ হল, গান হল, জুতো সেলাই থেকে চণ্ডীপাঠ হল কিন্তু দক্ষিণা কোথায়? দক্ষিণা গ্রামবাসীর উপর ট্যাক্স না করেও হবে। জমিদারী প্রথা যখন উচ্ছেদ হয়ে গেল গভর্ণমেণ্ট যে পরিমাণ রেভিনিউ জমিদারের কাছ থেকে নিতেন মাত্র আপনারা সেইটা নিন, আর বাকী জমিদারী থেকে যে আদায় হবে, উদ্বৃত্ত হবে সেটা গ্রাম পঞ্চায়েতকে দিন। ঘরের টাকা ঘরেই থাক। আপনারা বলবেন পোঁটলা বেঁধে সব টাকা দিল্লী যাক। দুর্ভিক্ষ মন্ত্রী প্রফুল্লদার ইঁদুরে থলে কাটে, সেই সমস্ত পাহারা দিতে আর যাতায়াত করতে ঝড়তি পড়তি প্রভৃতিতে অনেক যায়, সেইরূপে পশ্চিমবাংলার আদায়ী খাজনা দিল্লী পর্যন্ত যেতে অনেক ঝড়তি পড়তি হতে পারে। যেমন আমের টুকরীর নমুনার ব্যবস্থা করেছেন ডাঃ রায় সাম্প্রতিক বিলে, সেই নমুনা নেবার মত সব ফাঁক হয়ে যাবে। আপনারা গ্রামবাসীদের সত্যকার পাওয়ার দিন, এবং তাদের যে টাকা আছে সেই টাকা তাদের হাতছাড়া করবেন না। সেই টাকা তাদের হাতেই দিন, তাদিগকে খাজনা আদায়ের ভার দিন। সিলেক্ট কমিটিতে যান, গিয়ে ভালভাবে আলোচনা করুন। দেখছি বিরোধী পক্ষের প্রত্যেক পার্টির মেম্বর এর সিলেক্ট কমিটিতে আছেন। তাঁরা ঠুঁটো জগন্নাথের মত প্রতি সিলেক্ট কমিটিতেই থাকেন। গ্রাম পঞ্চায়েত যখন করতে যাচ্ছেন, তখন এই ব্যবস্থার ব্যতিক্রম করুন। কেউ না বলে যে, আমাদের কথা নেয় না। অন্ততঃপক্ষে তাঁদের কথা ভালভাবে শুনুন। যদি তাঁরা অযৌক্তিক কথা বলেন, বা অসম্ভব বা অবাস্তব যুক্তি দেন তা নেবেন না। সিলেক্ট কমিটির মেম্বার ছাড়াও যাঁদের অভিজ্ঞতা আছে তাঁদের ডাকুন, তাঁদের ভাতা দিতে হবে না, তাঁদের পরামর্শ চান, সে পরামর্শ পাওয়া যাবে। আপনাদের উদ্দেশ্য কি সেইটাই আসল কথা, যদি আপনাদের উদ্দেশ্য হয় যে লোককে সত্যকার স্বাধীনতা দেব, তাহলে সেটা বিবেচনা করে এখানে প্রকাশ করুন এবং সেইভাবে কাজ করুন।

Sj. Monoranjan Hazra:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, যে বিল আমাদের সামনে উত্থাপিত হয়েছে এবং যা সিলেক্ট কমিটিতে দেওয়া হচ্ছে সে সম্পর্কে অনেক কথা হয়েছে। গোড়ার দিকে আমার মনে হয়েছিল যে, গ্রাম পঞ্চায়েত তৈরী করতে গিয়ে নিশ্চয় 'এ্যাডাল্ট ফ্রাঞ্চাইজ'এর কথা আমরা পাব। ঘুরিয়ে অবশ্য সে কথা বলা হয়েছে। কিন্তু দেখা যাচ্ছে যে, সেটা এ্যাসেমব্লীর রোলের উপরে

ভিত্তি করে এই এ্যাডাল্ট ফ্রাঞ্চাইজ হবে। এতে করে দুটো সর্বনাশ দেখতে পাচ্ছি। একটা সর্বনাশ হচ্ছে যে, এ্যাসেমব্লী ইলেক্‌টোরাল রোলে যাঁরা পড়বেন তাঁদের নাম অন্তর্ভুক্ত করে দেওয়ায় তাঁরা যে স্থানীয় ভোটার তা ঠিক করা যাবে না। এই একটা দিক। অন্য দিকটা হচ্ছে যে, এ্যাসেমব্লী ভোটার লিষ্টে বহু লোককে ভোটার করা হবে না—এই রকম একটা প্যাঁচ রয়েছে। ভারতীয় কনষ্টিটিউশনএ পরিষ্কারভাবে এ্যাডাল্ট ফ্রাঞ্চাইজএর কথা বলা হয়েছে, এবং এ্যাডাল্ট ফ্রাঞ্চাইজএর উপরে গত নির্বাচন হয়ে গেছে। কিন্তু তার যে অভিজ্ঞতা প্রতিক্রিয়াশীলেরা লাভ করেছে সেটা দেখে তাঁরা ভেবেছেন যে, ভোটার বাড়ান উচিত নয়। আজ এই প্রতিক্রিয়াশীল মনোভাব প্রয়োগ করবার চেষ্টা করা হয়েছে যে, এ্যাসেমব্লী ভোটার লিষ্ট কি করে কমান যায়। সেইজন্য যে ভিত্তির উপর এই বিল রচিত সেই ভিত্তিটাই আল্‌গা, কাঁচা ভিত্তি। আমরা দেখছি যে, ষ্টেট গভর্নমেণ্টই সমস্ত কিছু নিয়ন্ত্রণ করবেন, অর্থাৎ গ্রাম সভায় কাদের নেওয়া হবে একথা বন্ধুবর এবং সদস্য বিনয় চৌধুরী মহাশয় বলেছেন। সেইভাবে গ্রামে যেখানে হয়ত কোন রকম প্রতিক্রিয়াশীল দল বা সরকারী দল আছে যেখানে অন্য কোন দলের প্রভাব নাই, সেখানে জনসাধারণ জাগ্রত হ'লে সেখানে তাদের মাঝখানে ভেদনীতি প্রবিষ্ট করিয়ে দেবার অস্ত্র সরকার হাতে রেখেছেন। তাই রবীন্দ্রনাথের ভাষায় বলি, "তোমরা ভাগ করতে শিখেছ, যোগ করতে শেখ নি"। সেদিক থেকে এই সমস্ত বিষয়গুলি যা সন্নিবেশিত করা হয়েছে এগুলি তুলে দেওয়া উচিত।

[5-30—5-40 p.m.]

আর একটা কথা হচ্ছে, এই সমস্ত গ্রাম সভা, অঞ্চল পঞ্চায়েতে যেভাবে ইলেকশনের ব্যবস্থা আছে সেগুলি আগে আলোচনা হয়েছে, তাই আমি সেদিকে যাব না। কিন্তু আমি এদিকটা আনব যে, বিচারের একটা ক্ষমতা খুব ভয়ানকভাবে দেওয়া হয়েছে এবং এই ক্ষমতা নীচ থেকে দেওয়া উচিত। কেউ কেউ এতে হয়ত সোভিয়েট রাশিয়ার কথা উল্লেখ করে বলবেন যে সেখানকার পিপলস্‌ কোর্টের মত এখানে হচ্ছে। আমি সেদিক থেকে বলতে চাই যে, পিপল্‌স কোর্ট হয় নি। কেবল কতকগুলি লোককে বিচার করার ক্ষমতা দেওয়া হয়েছে এবং বিচার করতে গিয়ে তারা সেখানে গ্রামবাসীদের সামাজিক জীবনকে ডিসটার্ব করবে। সেখানে বিচারের যেসমস্ত ব্যাপার আছে সেটা যদি তন্ন তন্ন করে দেখা যায় তাহলে দেখা যাবে যে, ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট, এস. ডি. ও, মুনসেফ, এ'রা সমস্ত কেসের প্রোসিডিংস দেখবেন এবং তদন্ত করবেন এবং তাদের কাছে যা কিছু বক্তব্য তা বলা যাবে। সেখানে আদালতের একটা বৃহত্তর ক্ষমতা যে এপিল করা যেতে পারে, সেখানে যে বিক্ষুব্ধ মানুষ যেতে পারে, তার বিরোধিতা করা হচ্ছে এবং সেখানে সাবডিভিসনাল ম্যাজিষ্ট্রেট থেকে আরম্ভ করে ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট পর্যন্ত একটা কোটারী ফরম করা হবে। আর একটা দিক হচ্ছে, যখন এই ব্যবস্থাগুলি হচ্ছে তখন সঙ্গে সঙ্গে আমরা দেখতে পাচ্ছি যে, এর যে অর্থ, ফিনান্সের দিকটা এই বিলে এমন অব্যবস্থামূলক হয়ে আছে যে, গ্রাম্য পঞ্চায়েত কার্যকরী হলে দুটো খারাপ জিনিষ হতে পারে একটা দিক হচ্ছে গ্রামবাসীর জীবনকে আরো বেশী শোষণ করে ট্যাক্স আদায় হতে পারে; আর একটা দিক হচ্ছে গ্রাম্য পঞ্চায়েত অচল হয়ে যাবে এবং যদি কোন কল্যাণের পথ থাকত তার আর কোন সম্ভাবনা থাকবে না। অর্থনীতির দিক থেকে, ফিনান্সের দিক থেকে দেখতে গেলে এই কথাই বলতে হয়। দাশরথি বাবুও কয়েকটি কথা বলে গেছেন। আমাদের অভিজ্ঞতা আছে যে, ইউনিয়ন বোর্ডের একটা সীমাবদ্ধ আয় আছে এবং সেই সীমাবদ্ধ আয় চৌকিদারের মাহিনা দিতে, সেক্রেটারীর মাহিনা দিতে, সরকারের আদায়পত্রের জন্য এবং মিসলেনিয়াসে যে খরচ হয় তাতেই ফুরিয়ে যায়, এবং সার্কেল অফিসার, সাবডিভিসনাল অফিসার প্রভৃতিদের জয়নগরের মোয়া খাওয়াতেও ফুরিয়ে যায়। এখানে পরিষ্কার কথা হচ্ছে আমরা বৃটীশ যুগ থেকে দেখে আসছি যে কি আন্দোলন হয়ে আসছে। এখানে যারা আছেন তাঁরা প্রত্যেকেই এই কথা বলেছেন মঞ্চে দাঁড়িয়ে, কংগ্রেসের অধিবেশনে দাঁড়িয়ে যে চৌকিদারের টাকা, গভর্নমেণ্টের চৌকিদারের টাকা কেন গ্রামবাসীরা বহন করবে? মিউনিসিপ্যালিটির পুলিশ পোষা করদাতাদের খরচেই হয়; পুলিশ পোষার পেছনে কেন গ্রামের মানুষ, যারা দারিদ্র্যময় জীবনযাপন করে, তারা যে ট্যাক্স দেয় সেই ট্যাক্স থেকেই পুলিশ পোষার খরচ করা হবে, চৌকিদারের, দফাদারের পোষার খরচ চলে আসবে? এখানে যাঁরা উপস্থিত আছেন, যাঁরা আধুনিককালের কংগ্রেসী নন তাঁরা প্রত্যেকেই একদিন এর বিরোধিতা করে

এসেছেন। এই বিলের মধ্যে আমরা দেখতে পাচ্ছি এটা পরিষ্কারভাবে এর মধ্যে রয়েছে, এই-সবের খরচ আজ বহন করতে হবে তাদেরই। কাজেই এটা কিসের স্বায়ত্তশাসন, কিসের সেল্‌ফ-গভর্নমেণ্ট? উদার দৃষ্টিভঙ্গী নিয়ে যদি আমরা দেখি তাহলে দেখবো এই বিলের মধ্যে কি আছে। এই বিলের মধ্যে কোন স্বায়ত্তশাসনের কথা নেই, এই কথায় বলতে হয়। সেইজন্য এখনও সময় আছে, যদি সরকারী দল এবং মন্ত্রী মহাশয় একটু বাস্তব দৃষ্টিতে এটা বিচার করে দেখেন তাহলে ভাল হয়। আজকে বলবো যে, সেখানে ষ্টেট গভর্নমেণ্টের অন্ততঃ ৫০ পার সেণ্ট ফাইনান্স এই সমস্ত পঞ্চায়েতের মধ্যে দেওয়া উচিত যাতে সেখানকার এ্যাডমিনিষ্ট্রেশন ভালভাবে চলে, তা না হলে সেখানে যা কিছু উঠবে তা খরচ হয়ে যাবে, এই এ্যাডমিনিষ্ট্রেশন চালাতে, চৌকিদারের খরচ চালাতে, গ্রাম পঞ্চায়েতের খরচ চালাতেই সব খরচ হয়ে যাবে। গ্রামের কোন ডেভেলপমেণ্ট হবে না এবং গ্রামে যে ট্যাক্সেশন হবে, সেই ট্যাক্স দিতে গিয়ে লোকে আরো বেশী অতিষ্ঠ হয়ে উঠবে এবং যদি গ্রাম পঞ্চায়েতের ভেতর দিয়ে কোন ভালো কাজ করার প্রেরণা থাকে সেটা ব্যর্থ হয়ে যাবে, বানচাল হয়ে যাবে। আগে আমি যেকথা বলেছি সেটা বলছি যে, অনেকে মনে করবেন নীচের লোককে পাওয়ার দেওয়া হয়েছে, কিন্তু পাওয়ার দেওয়া হয় নি। ভোটের ব্যবস্থা যেভাবে হাতে রাখা হয়েছে--হাত তুলে ভোট দেবে-তাতে গ্রামের প্রতিক্রিয়াশীল দারোগা, স্পেশাল পুলিশ, জাষ্টিস অব পিস, এদের উপস্থিতিতে এবং প্রভাবে গ্রামের কোন লোক মুখ ফুটে কিছু বলতে পারবে না, সেখানে তারা স্বাধীনভাবে ভোট দিতে পারবে না। এইভাবে সেখানে আমরা দেখতে পাচ্ছি যে, ক্ষমতা বিশেষ কিছুই দেওয়া হয় নি এবং যা আগেকার দিনে ছিল তাইই রাখা হয়েছে। এখানে সেল্‌ফ-গভর্নমেণ্ট বলে যেটা আমাদের সামনে ধরা হয়েছে সেটা সেল্‌ফ-গভর্নমেণ্ট নয়, সেটা হচ্ছে পরিষ্কারভাবে একটা পার্টি গভর্নমেণ্ট এবং সেই পার্টি গভর্নমেণ্টকে চালাবার একটা ব্যবস্থা করা হয়েছে। কোন কোন কংগ্রেসী বন্ধু বলেছেন যে, নীচে ক্ষমতা দেওয়া হয়েছে, সোভিয়েট করা হচ্ছে—চীনের মত রেভলিউশন করে এখানে কমিউনিষ্ট গভর্নমেণ্ট করতে হবে না—সোভিয়েট হলে আপনারা পাওয়ার ক্যাপচার করতে পারবেন এবং এখানেও কমিউনিষ্ট গভর্নমেণ্ট হয়ে যাবে। এখানে আমি বলে রাখতে চাই যে, এটা সোভিয়েট নয়। সোভিয়েটের জনসাধারণ তাদের ক্ষমতা এক্‌জার্ট করেছে, সেখানে উপর থেকে চাপিয়ে দেওয়া হয় নি। সেখানে নীচের থেকে সংস্থা গড়ে তুলে সোভিয়েট গড়ে তুলেছে। পিপল্‌স কোর্টে বসে সেখানকার লোক গ্রামের ডেভেলপমেণ্টের কাজ করে, কিন্তু সেটা নীচের থেকে আসে, উপর থেকে চাপিয়ে দেওয়া হয় না। সেখানে কথায় কথায় ষ্টেট গভর্নমেণ্ট ইণ্টারফেয়ার করে না, সেক্রেটারী এইসব লোক থাকে না। আমি একথা বলতে চাই যে, আজকে এই বিল আনার সঙ্গে সঙ্গে একটা জিনিষ আমাদের চোখের সামনে ফুটে উঠেছে, আমরা দেখেছি অতীত ইতিহাস, অন্ততঃ পড়াশুনা করে বইপত্রে যা দেখতে পাই তাতে পরিষ্কারভাবে দেখতে পাওয়া যাচ্ছে, সেল্‌ফ-গভর্নমেণ্টের কথায় বলা হয়েছে, এটা তোমাদের দেশে চিরকালই ছিল, শুধু বৃটিশ পিরিয়াড়ে ছিল না। রাজা বদল হয়েছে কিন্তু দেশ, গ্রাম্য সামাজিক জীবনের কাঠামো ভেঙ্গে যায় নি। সেখানে সেল্‌ফ-গভর্নমেণ্ট বরাবরই ছিল, ইংরাজ এসে সেটা ভেঙ্গে দিয়েছে। কার্ল মার্ক্সের "ইষ্টার্ণ কোয়েশ্চেনস"এ এটা পরিষ্কারভাবে বলা আছে। ইংরেজের কথায় সেল্‌ফ-গভর্নমেণ্ট দেওয়া হচ্ছে, তার মানে হচ্ছে এই যে এই সেল্‌ফ-গভর্নমেণ্ট কথাটা ভারত-বর্ষের জাতীয়তার মধ্যে, সামাজিক জীবনের মধ্যে লুকিয়ে আছে এবং একদিন ছিল, এখনও তার পরিচয় যথেষ্ট পাওয়া যায়। আজকে কংগ্রেস গভর্নমেণ্ট—এখানকার সরকারী দল—এখন যা করতে যাচ্ছেন, সেল্‌ফ-গভর্নমেণ্ট দিতে যাচ্ছেন, সেটা ইংরাজের সেল্‌ফ-গভর্নমেণ্টের দৃষ্টিভঙ্গীতে যে সংকীর্ণতা ছিল তাই নিয়েই। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি যে, আজকে যদি জনসাধারণকে প্রকৃত ক্ষমতা দিতে হয়, প্রগতিমূলক হতে হয় তাহলে প্রকৃত সেল্‌ফ-গভর্নমেণ্টের ভিত্তি করেই এই পঞ্চায়েত বিল রচনা করতে হবে। এই পঞ্চায়েত বিলে যদি গ্রাম্য জীবনকে স্বাধীনভাবে পরিচালনার ব্যাপারে অগ্রাধিকার দেওয়া না হয় তাহলে দেশের জনসাধারণ এই পঞ্চায়েত বিলকে চোথা কাগজের মত ছুঁড়ে ফেলে দেবে।

[5-40—6-10 p.m.]

Sj. Bijoylal Chatterjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমি এই বিল সর্বান্তকরণে সমর্থন করছি। কারণ এই বিলের মধ্যে আমরা শুনতে পাচ্ছি গণতন্ত্রের পদধ্বনি। আমাদের দেশের শতকরা ৮৫ জন লোক গ্রামাঞ্চলে বাস করে এবং এই শতকরা ৮৫ জন গ্রামবাসীর স্বাস্থ্য, শক্তি, শিক্ষা ও সংস্কৃতির উপর সমগ্র জাতির কল্যাণ নির্ভর করে। আর যেকোন বিষয়ে বাদানুবাদের অবসর থাকতে পারে, কিন্তু দুইয়ে দুইয়ে চার হয়—এটা যেমন সত্য, সূর্য পূর্বদিকে উদিত হয়, অথবা রাত্রিকালে তারকারাজি দেখা যায়, অথবা বসন্তকালে গাছে গাছে নব পল্লবের উদ্গম হয়—এটা যেমন সত্য, অবিসম্বাদী সত্য, তেমনি এও সত্য যে, আমাদের গ্রামবাসীদের পরিশ্রমের উপরই আমাদের সমাজের সমস্ত স্বাস্থ্য, শক্তি, এমন কি অস্তিত্ব পর্যন্ত নির্ভর করে। আমাদের এই ভারতবর্ষে বোম্বাই, কলকাতা, মাদ্রাজ, এলাহাবাদ, পাটনা প্রভৃতি মুষ্টিমেয় কয়েকটি জনপূর্ণ সহরের অট্টালিকার উচ্চতার এবং সংখ্যাধিক্যের উপর জাতির মঙ্গল নির্ভর করে না; -জাতীয় মঙ্গল ওতপ্রোতভাবে জড়িয়ে আছে আমাদের গ্রামবাসীদের উন্নতির সহিত, যে গ্রামবাসীরা উদয়াস্ত পরিশ্রম ক'রে সমগ্র জাতির উদরান্নের ব্যবস্থা করছে। তাদের শারীরিক এবং মানসিক উন্নতির উপরই নির্ভর করছে জাতীয় কল্যাণ। যে জাতির চাষীরা সুস্থ, সবল এবং প্রাণশক্তিতে জীবন্ত নয়, সে জাতিকে কখনও সুস্থ বলা যেতে পারে না। যে জাতির কৃষিজীবীরা অসুস্থ, শারীরিক এবং মানসিক রোগে ব্যাধিগ্রস্ত সে জাতি যত বড় বড় শহর গড়ে তুলুক না কেন, যত বড় বড় স্কুল লাইব্রেরীই তৈরী করুক না কেন সে জাতিকে নিশ্চয়ই সুস্থ বলতে পারি না। সে জাতির অবস্থা হচ্ছে এমন একটা ফলের ন্যায় যার উপরটা টক্‌টকে লাল কিন্তু ভেতরটা পোকায় কুরে কুরে খেয়ে ফেলেছে। আমি এই বিলের মধ্যে যা দেখছি তাতে মনে হচ্ছে যে, আমাদের জাতি আজকে সচেতন হয়েছে, গভর্নমেণ্ট সচেতন হয়েছে ; জাতি উপলব্ধি করছে আজকে আমাদের সর্বাগ্রে গ্রামকে জাগাতে হবে। এই যে নবচেতনার একটা কল্যাণময় রূপ এই বিলের মধ্যে দেখতে পাচ্ছি এর মধ্যে যথেষ্ট আশার হেতু আছে। স্পীকার মহাশয়, আমাদের শতকরা ৮৫ জন গ্রামবাসীর কল্যাণের সঙ্গে আমাদের জাতীয় কল্যাণ ওতপ্রোতভাবে জড়িয়ে আছে। এই সত্য আলোচ্য বিলে সত্যিই রূপায়িত হয়েছে। আমাদের কনস্টিটিউশনএ গ্রাম পঞ্চায়েতের প্রসার মৌলিক নীতি হিসাবে গৃহীত হয়েছে। আমাদের দ্বিতীয় পঞ্চ-বার্ষিক পরিকল্পনারও প্রধান উদ্দেশ্য আমাদের গ্রামগুলিকে সর্বতোভাবে মনুষ্যবাসের যোগ্য করে তোলা এবং আপনারা সকলেই জানেন আমাদের প্রধান-মন্ত্রী তাঁর বক্তৃতায় পুনঃপুনঃ নানা জায়গায় বলেছেন, এবার বাংলাদেশে দ্বিতীয় পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় যে টাকা খরচ হবে তার শতকরা ৭০ ভাগ গ্রামোন্নয়নের জন্য এবং শতকরা ৩০ ভাগ মাত্র শহরের জন্য খরচ হবে। স্পীকার মহাশয়, আমাদের দেশের প্রায় ৬ লক্ষ গ্রাম মনুষ্যবাসের অযোগ্য হয়ে আছে—প্রায় গ্রামেই কোন শিল্প নেই, স্বাস্থ্য নেই, গ্রামের কোন সৌন্দর্য্য নেই। আজকে যুগের আহ্বানে, বিংশ শতাব্দীর অপরিহার্য প্রয়োজনের তাগিদে সমগ্র দেশে গ্রামবাসীদের জীবনকে কল্যাণময় ক'রে গড়ে তুলতে হবে। আজকে যদি গ্রাম-বাসীদের জীবনকে গড়ে তুলতে না পারি তাহলে অতীতে যেমন অতিকায় মহানগরীগুলি গ্রামাঞ্চলের চিতাভস্মের উপরে হুড়মুড় করে ভেঙে পড়েছে তেমনি এ যুগেও মহানগরীগুলি গ্রামাঞ্চলের সমাধিভূমিতে নিশ্চিহ্ন হয়ে যাবে। বাংলার গ্রামগুলিকে আমরা যদি প্রাণশক্তিতে জীবন্ত করে না তুলতে পারি তাহলে যেমন যে সুন্দরবন থেকে একদিন কলকাতার উৎপত্তি হয়েছিল সেই সুন্দরবনেই আবার কলকাতার সমাধি হবে। সেজন্য আমরা দেখতে পাচ্ছি মন্ত্রী মহাশয় যিনি এই বিল এনেছেন তিনি পরিষ্কার বুঝেছেন এবং কংগ্রেস গভর্নমেণ্টও পরিষ্কার করে বুঝেছেন যে, যে-নবলব্ধ স্বাধীনতা আমরা লাভ করেছি বৃটিশ সাম্রাজ্যবাদীদের সঙ্গে লড়াই ক'রে—সেই স্বাধীনতাকে যদি সর্বসাধারণের কল্যাণের বাহনে পরিণত করতে চাই তাহলে আমাদের পল্লীর মানুষগুলিকে দারিদ্র্য থেকে, অশিক্ষা থেকে, অজ্ঞতা থেকে সর্বাগ্রে মুক্ত করতে হবে। এবং সেটা করতে হলে গ্রাম পঞ্চায়েত প্রতিষ্ঠার অপরিসীম সার্থকতা আছে। সুদীর্ঘকাল ধরে ইংরেজ শহরগুলিকে বড় করে তুলেছে, শহরে আদালত, শহরে হাসপাতাল শহরে শিক্ষায়তন গড়ে উঠেছে এবং শহরের জীবনে এই সুখস্বাচ্ছন্দ্য থাকার ফলে দীর্ঘকাল ধরে গ্রামের শিক্ষিত এবং ধনী সম্প্রদায় গ্রাম ছেড়ে শহরে এসে আশ্রয় নিচ্ছে।

আজ, আমরা অনেকেই ভাবি এবং বিশ্বাস করি গ্রামের লোক অত্যন্ত গেঁয়ো এবং বুদ্ধিশুদ্ধি তাদের তেমন নাই।

[At this stage the blue light was lit.]

আমাকে আরও দু' মিনিট সময় দেবেন, স্যার। যেহেতু আজকে আমাদের গ্রামের শিক্ষিত সম্প্রদায় শহরে চলে এসেছে এবং গ্রামে কতকগুলি নিরক্ষর কৃষিজীবী লোক বাস করে, সেইহেতু গ্রামে ডিমোক্রেসী বা গণতন্ত্র সফল হতে পারে না—এরকম একটা ভ্রান্ত ধারণা ইংরেজ আমাদের মনের মধ্যে ঢুকিয়ে দিয়েছে। আজকে গ্রামের যে দুর্গতি, যে দুরবস্থা তার মূলে গ্রামবাসী-দের মজ্জাগত কোন চারিত্রিক দুর্বলতা নয়। আসলে শতাব্দীর পর শতাব্দী ধরে আমাদের গ্রামগুলিকে ইংরেজ শোষণ করেছে। তারা শুধু যে আমাদের গ্রামের সম্পত্তিই হরণ করেছে তা নয়, ইংরেজ আমাদিগকে সবচেয়ে আঘাত দিয়েছে আমাদের শিক্ষিত সম্প্রদায় থেকে গ্রামকে বঞ্চিত করে। আজকে আমাদের দেশে স্বাধীনতার নূতন বসন্ত এসেছে। আমরা নূতন স্বপ্ন দেখতে পাচ্ছি, আমরা নূতন করে শিখছি, আমাদের ভিতর একটা নূতন আশা জাগছে। আন্তর্জাতিক ক্ষেত্রে ভারতবর্ষ যেমন একটা নূতন প্রতিষ্ঠা লাভ করছে তেমনি আমাদের আভ্যন্তরীণ জীবনকেও আমরা গৌরবময় করতে পারব, আমাদের জাতীয় জীবনকে কল্যাণের মধ্যে প্রতিষ্ঠা করতে পারব—এটা শুধু আমাদের আশা নয়, এটা আমাদের মর্মের বিশ্বাস। সেই আশা ও বিশ্বাসের বশে এই পঞ্চায়েত বিলকে আমরা সমস্ত হৃদয় দিয়ে, মন দিয়ে, প্রাণ দিয়ে, আত্মা দিয়ে সমর্থন করছি।

[At this stage the House was adjourned for 20 minutes.]

[After adjournment.]

[6-10—6-20 p.m.].

Sj. Tarapada Bandopadhyay: Mr. Speaker, Sir, I am really at a loss to see whether to welcome this Bill or to oppose this Bill. I have received this Bill with a mixed feeling. Now, Sir, I am a great lover of the Indian culture, of the ancient Indian institutions, the Indian way of life which to me is synonymous with the way of life of the great Hindu nation, of the great Hindu people. Therefore, when it is seriously suggested, Sir, from any quarter that we are going to establish the Village Panchayat, the Gram Sabha or the Gram Panchayat which rendered so much brilliant service to the nation in ancient India and which stood the test of time so often, certainly, Sir, I cannot possibly raise any objection to that. But when I look at the other side of the shield—how we have lapsed from the moral standard and that also because of historical events, because of foreign domination, because of our poverty and especially because of the glamour of Western materialism, then we really shudder to think whether anything good will come out if we really go to establish these Village Panchayats and entrust them with so many important things. But, Sir, I must say, we cannot go on *ad infinitum* by abusing our people or by disbelieving our people—we have to believe our people and we have to make experiment with the help of our people. We cannot possibly take the aid of foreigners for our upliftment. Sir, so I should say that we should take courage in both hands and we should trust our own people and we should, within a limited sphere, very cautiously, entrust to our own people the execution of those duties which have been narrated within the body of this Bill. Now, Sir, I should say again that so many things have been entrusted to the care of the proposed Gram Panchayats and Anchal Panchayats. But, I must say that there is a vital omission. Now, Sir, there is no provision that these Gram Panchayats or Anchal Panchayats will do anything towards the moral upliftment or the moral rehabilitation of our people. Some such provision must be made because, Sir, as I was saying

the lacuna in our national character is there. We have lapsed from our moral habits. Therefore, these Gram Panchayats or Anchal Panchayats should be entrusted to do something in the way of establishing the moral standard that we possessed so much in ancient days. Now, Sir, here the Panchayats have been given power to see to the sanitation, to see to the management of places of worship. But, I should say, Sir, there should be given some power to these Village Panchayats and Anchal Panchayats to see that the mosques, the temples and other places of worship are kept under proper repair, and properly going, so that the moral atmosphere and religious atmosphere may be maintained in the village, which might go a long way in raising the moral standard of our people. We should also say, Sir, that these people, these Village Panchayats and Anchal Panchayats should be entrusted with the duty of enthusing the people to celebrate their national festivities, which are always religious festivities, such as Muharrum, Durga Puja, Diwali, and so on and so forth.

Mr. Speaker: You need not go into details. This Bill is going to a Select Committee. How much time will you take?

Sj. Tarapada Bandopadhyay: I will take seven or eight minutes more. Let us contribute as best as we can to the discussion.

Mr. Speaker: You see that you make no needless repetition.

Sj. Tarapada Bandopadhyay: Now, Sir, as the Bill has been framed, I cannot but oppose some of the provisions As I have stated, Government should take courage in both hands and should fully entrust the Gram Panchayat and the Anchal Panchayat with the execution of certain duties. Now, Sir, what reason can there be for the Government providing here in this Bill in clause 14 that for the next two years at least all the members of the Gram Panchayat and the Anchal Panchayat should be nominated? There can be no earthly reason for it There is another provision, Sir, which has been commented upon by the previous speakers . ...

Mr. Speaker: You need not go into details. When a motion is there for reference to a Select Committee, you can only discuss the principles of the Bill. Why do you discuss clause by clause? Please speak on principles. It is the established convention.

Sj. Tarapada Bandopadhyay: The Secretary is to be appointed by the Government. That should not be done.

Mr. Speaker: Speak on principles.

Sj. Tarapada Bandopadhyay: I think, Sir, the purpose of this discussion is that from our discussion the Select Committee may be benefited to some extent.

Mr. Speaker: You can speak on guiding principles.

Sj. Tarapada Bandopadhyay: The Secretary should be appointed by the Anchal Panchayat and not by the Government. None of the members of the Gram Panchayat should be appointed by the Government. All this would go to show that this is a move not in the right direction but there is a political string attached to it. No political string should be attached to this. Therefore, my submission is that all these obnoxious provisions should be done away with. Sufficient funds should also be placed at the disposal of the Anchal Panchayat and the Gram Panchayat

because, Sir, the failure of the Village Self-Government Act is due to sufficient funds not being available to the Union Boards for discharging their manifold duties. Therefore, sufficient funds should be made available to them.

Mr. Speaker: Mr. Sasabindu Bera. Speak on principles.

[6-20—6-30 p.m.]

Sj. Sasabindu Bera:

মাননীয় স্পীকার মহোদয়, আজকে যে পঞ্চায়েত বিল আমাদের সামনে এসেছে এর মধ্যে আমরা আশা করেছিলাম যা সেরকম কিছুই দেখতে পাচ্ছি না। এটা ইংরেজ আমলের ভিলেজ সেল্ফ-গভর্নমেণ্ট এ্যাক্টএর পরিবর্তিত সংস্করণ মাত্র। ভিলেজ সেল্ফ-গভর্নমেণ্ট এ্যাক্টএ সব চেয়ে অসুবিধার বিষয় লক্ষ্য করেছি এই যে, তাতে যে ইউনিয়ন বোর্ড গঠিত হয়েছিল, বাস্তবিক পক্ষে যেটুকু ক্ষমতা দেওয়া প্রয়োজন ছিল ইউনিয়ন বোর্ড মারফৎ দেশের কিছু ভাল করার জন্য, ভালভাবে কাজ করবার জন্য, তা সে আইনে দেওয়া নেই। এবং আজকে যে পঞ্চায়েত বিল এসেছে তাতেও দেখছি সেই ক্ষমতা আরও সংকুচিত করবার চেষ্টা করা হয়েছে। এর দ্বারা জনসাধারণের উপর এবং তাদের যারা প্রতিনিধি তাদের উপর সরকারের আস্থা না থাকার মনোভাব অত্যন্ত নগ্নভাবে প্রকাশ পেয়েছে। এবং সরকার তাদের সমস্ত কার্যকলাপ ইচ্ছামত নিয়ন্ত্রণ করে তাদের নিজেদের তাঁবেদার হিসেবে রাখতে চান। এই যে প্রেসক্রাইব্ড অথরিটি এর ব্যবস্থা ভিলেজ সেল্ফ-গভর্নমেণ্টএর মধ্যে নেই। সেখানে এস ডি. ও বা ম্যাজিস্ট্রেট বা কমিশনারদের হাতে ক্ষমতা। এখন দেখছি সরকার তাদের উপরে আবার একটা প্রেসক্রাইব্ড অথরিটি খাড়া করেছে এবং অধ্যক্ষ, উপাধ্যক্ষ প্রভৃতি নিয়োগের ক্ষমতা তাকে দিচ্ছেন।

যে কোন পঞ্চায়েত বা অঞ্চল পঞ্চায়েতের সদস্যদের অপসারিত করবার জন্য সমস্ত কিছু ক্ষমতা এই প্রেসক্রাইব্ড অথরিটির হাতে দিচ্ছেন। তারপর যদি কোন সদস্যের পদ খালি হয়, সে গ্রাম পঞ্চায়েতেই হোক বা অঞ্চল পঞ্চায়েতেই হোক, সেই পদ কিভাবে পূরণ হবে তা এই আইনের মধ্যে লেখা নেই। এখানে একদিকে যেমন সরকার সমস্ত ক্ষমতা প্রেসক্রাইবড অথরিটির হাতে রাখবার চেষ্টা করছেন, অন্যদিকে ঠিক তেমনি করে যেমন অন্যান্য বিলের বেলায় কতকগুলি 'রুল মেকিং পাওয়ার'এর মধ্যে দিয়ে সমস্ত ক্ষমতা নিজেদের হাতে রাখবার চেষ্টা করছেন। আমরা আশা করেছিলাম গ্রাম পঞ্চায়েতে জনসাধারণের যারা প্রতিনিধি হয়ে যাবেন তাদেরই হাতে পরিপূর্ণ ক্ষমতা দেওয়া হবে, স্বাধীনতার সঙ্গে সঙ্গে সমস্ত রকম কাজ করবার সুযোগ দেওয়া হবে, কিন্তু আমাদের সেই আশা নির্মূল হয়েছে। এই বিলটায় আর একটা জিনিষ দেখছি—আমাদের বর্তমানে যে ভিলেজ সেল্ফ-গভর্নমেণ্ট এ্যাক্ট আছে, তার চেয়েও এটা আরও মারাত্মক, এবং সেটা হচ্ছে পঞ্চায়েতে যিনি সেক্রেটারীরূপে নিযুক্ত হবেন তাঁর হাতে অপরিসীম ক্ষমতা থাকবে। জনসাধারণের প্রতিনিধিগণকে সম্পূর্ণরূপে নিয়ন্ত্রণ করবার ক্ষমতা তাঁর থাকবে। গ্রামের প্রতিনিধি যাঁরা পঞ্চায়েতে থাকবেন তাঁরা গ্রাম সংক্রান্ত ব্যাপারে সমস্ত কিছু তথ্য সংগ্রহ করবেন, অর্থের ব্যবস্থা করবেন, আর সমস্ত একজিকিউটিভ ক্ষমতা থাকবে এই সেক্রেটারীর হাতে। কাজেই দেখছি বাস্তবিক জনসাধারণের উপর যে আস্থা যে মনোভাব নিয়ে এই বিল আনা উচিত ছিল সেইভাবে আনা হয় নি। এই আইন যদি পাশ হয় তাহলে এ্যাডমিনিস্ট্রেটিভ ব্যাপারে বহু ডিফিকাল্টি আসবে। আমরা দেখছি গ্রাম সভা, আঞ্চলিক সভা বা পঞ্চায়েত প্রভৃতি নানা বডি থাকবে। এই অঞ্চল পঞ্চায়েত তারা সমস্ত অর্থনৈতিক দিক নিয়ন্ত্রণ করবেন আর সমস্ত কাজগুলি করবেন গ্রাম পঞ্চায়েতরা। গ্রাম পঞ্চায়েতের সঙ্গে যদি অঞ্চল পঞ্চায়েতের কোনরকম মিল না হয় তাহলে গ্রাম পঞ্চায়েত কি করে সুষ্ঠুভাবে কাজ করবে তা আমরা বুঝতে পারছি না। হয়ত এই মতের পার্থক্যের দরুণ অঞ্চল পঞ্চায়েতের কাছ থেকে উপযুক্ত পরিমাণ অর্থ গ্রাম পঞ্চায়েত পাবে না; কাজেই সেখানে অসুবিধা ও বাধা সৃষ্টি হবে। এখানে জনসাধারণের প্রতিনিধিত্বকে খুব বেশী সংকুচিত করা হয়েছে এই অঞ্চল পঞ্চায়েত গঠন ব্যাপারে। গ্রাম সভার যারা সভ্য, অর্থাৎ যাদের নাম ইলেক্টেড রোলএ স্থান পেয়েছে,

তাদের দ্বারাই অঞ্চল পঞ্চায়েত নির্বাচিত হওয়া উচিত ছিল বলে আমরা মনে করি। কিন্তু আমরা দেখছি অঞ্চল পঞ্চায়েত গঠিত হবে গ্রাম সভার দ্বারা নয়, এ্যাডাল্ট ফ্রান্‌চাইজএর দ্বারা নয়—এটা অত্যন্ত অগণতান্ত্রিক বলে আমি মনে করি। আজকে বাস্তবিক জনসাধারণের হাতে যদি ক্ষমতা দিতে হয় তাহলে সেই সমস্ত ক্ষমতা তাদের উপর ছেড়ে দিয়ে, তাদের উপর আস্থা প্রদর্শন করা আমাদের সরকারের উচিত ছিল। আমরা আশা করেছিলাম জনসাধারণের মধ্যে যারা বাস্তবিক ভাল লোক বলে মনে করা যায়, সেই সমস্ত ভাল ভাল লোকদের গ্রাম পঞ্চায়েত ও আঞ্চলিক পঞ্চায়েতের মধ্যে পাঠিয়ে গ্রামীণ সভ্যতার বিকাশের দিকে লক্ষ্য রেখে স্বায়ত্ত-শাসনের পুনঃপ্রবর্তনের ব্যবস্থা করা হবে। এর জন্য উচিত ছিল এমন একটা ব্যবস্থা করা, যাতে, এ্যাডাল্ট ফ্রাঞ্চাইজএর বেসিসএ ব্যালট ভোটে এই সকল পঞ্চায়েতগুলি গঠিত হতে পারে; তাহ'লেই যাঁরা বাস্তবিক ভাল মানুষ তাঁরা এই পঞ্চায়েতগুলির মধ্যে আসতে পারতেন এবং গ্রামের প্রতিনিধিত্ব করতেন ও জনসাধারণের যাতে কল্যাণ হয় সেদিকে দৃষ্টি রেখে গ্রামের কাজ করতেন। কিন্তু এই বিলের মধ্যে সেরকম কিছু ব্যবস্থা দেখছি না। এই গ্রাম পঞ্চায়েত ও অঞ্চল পঞ্চায়েতের মাধ্যমে নিজেদের ক্ষমতা বিস্তার করাই হচ্ছে সরকারের প্রকৃত উদ্দেশ্য। তাঁদের নিজেদের কতকগুলি তাঁবেদার প্রতিপালন করা এবং তার মধ্য দিয়ে জনসাধারণকে শোষণ ও শাসন করা—এই হচ্ছে সরকারের নীতি। তাই এই বিলটিকে জন-সাধারণের মধ্যে প্রচার করে, তাদের মতামত নিয়ে, একটা সুসমঞ্জস মতের ভিত্তিতে বিলটিকে পুনঃ সংস্কৃত করা হোক—এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Sj. Raipada Das: Mr. Speaker, Sir, the Panchayat Rule is certainly a very mouthful expression and I only wish there were as much substance in it as the expression would suggest. But unfortunately in some respects the Bill is extremely reactionary and cuts at the very root of democracy. As for example, in section 16, sub-section (2), it has been provided that if a person is or has been convicted by a criminal court of an offence punishable with imprisonment for a period of more than six months, he will be debarred from the membership of Gram Panchayat. Now, anything constitutes an offence now-a-days which is not pleasing to our Congress Government; and there are the police, the special police and the special constabulary to arrest and haul up people without any warrant. In the Panchayat Bill this power of arrest without warrant has been proposed to be given to the dafadars and chowkidars. This is not only reactionary but revolting to all our ideas of decency, democracy and elementary right of man. When the big men at the top of the administration stand charged with wanton misuse of power, what to think of these rustic illiterate dafadars and chaukidars exercising the power of arrest on flimsy or imaginary grounds? Can arrogance of governmental power go further?

Then, as regards the power of taxation given to the Gram Panchayat It can impose a tax on profession, trades or callings besides those on holdings of all denominations and descriptions. Taxing and policing seem to be the sole guiding policy of our present Government whose much-vaunted and solemnly professed creed is the establishment of a welfare State and a socialistic pattern of society. If this is not hypocricy, what else?

Sj. Janardan Sahu:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে যে বিলটি এসেছে এটি আমাদের সকলের বহুদিনের অভিপ্রেত, এটা খুব আনন্দের কথা। আজকে জানছি, যদিও পাশ্চাত্য দেশের ভাবে অনুপ্রাণিত হয়ে, অনেকে প্রাচীন ভারতের দৃষ্টিতে অনেক সমালোচনা করে দেখেন এবং এখনও দেখছেন। কিন্তু আজকে সকলেই এই বিলটি চাচ্ছেন,—যাতে ভারত যেভাবে বড় হয়েছিল, উন্নত হয়েছিল, সেই ধরনের বিল, গ্রাম পঞ্চায়েত বিল আজ আমাদের সামনে এসেছে; এটা আমাদের পক্ষে খুব আনন্দের বিষয়। একদিন এরই জন্য ভারত বড় ছিল, আবার ভারত বড়

হবে—যখন এই বিল এসেছে। আমি শুধু একটা কথা বলতে চাই—আমরা ভারতবাসী যখন সকলেই চাই এই বিলটাকে, তখন এই বিলের মধ্যে যে জিনিষগুলিকে খারাপ বোধ করছি, সেগুলিকে দেখে, বিলটি সংশোধন করবার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। দেশের মঙ্গলের জন্য যাতে ব্যালট প্রথায় ভোট রেকর্ড করা যায় তার ব্যবস্থা হওয়া উচিত। কারণ আমরা দেখেছি—গ্রামের সব লোকের সাহস নাই যে, তারা সবাইয়ের মত দু'-চার জনের সামনে এসে ভোট দিতে পারে। অতএব ব্যালট প্রথায় যাতে ভোট নেওয়া যায় তার ব্যবস্থা করুন।

তারপর মামলার কথা বলা হয়েছে। আজ প্রায় ১০।১৫ বছর আগে কংগ্রেসের তরফ থেকে এক সালিশী বোর্ডের ব্যবস্থা হয়েছিল। এই সালিশী বোর্ড গ্রামের মধ্যে নিকটে হওয়ায় কোর্টে যাওয়ার অতিরিক্ত খরচ না হওয়ায় প্রায়ই সাধারণ ব্যাপারে সালিশ বোর্ডে সাধারণ তুচ্ছ কথায়ও বিচার দিত; ইহাতে বিচারের পর বিচার সালিশ বোর্ডে আসিত এবং বহুদিন ধরে বিচার হতে লাগতো। এর ফলে, এর বিরুদ্ধে, ওর বিরুদ্ধে, পরস্পরের মধ্যে নানরকম হিংসা-দ্বেষ চলতো। এই ধরনের সালিশী বোর্ডের দ্বারা কোন গঠনমূলক কাজ হ'ত না। যদি এই বিচারকে আপনারা রাখতে চান তাহলে সেখানে প্রকৃত কর্মীরা যতই ভালভাবে কাজ বা বিচার করুক না কেন, সেই বিচারকে যে-কোন একপক্ষ খারাপ বলবেই। সারা ভারতে যে গ্রাম্য প্রথা চলেছিল, এখনও সেই প্রথা এখানে চলেছে। রাস্তাঘাট যা কিছু ছিল সব এই বিলে এসেছে এখন প্রতি গ্রামে পূর্বের মত গ্রামের গঠনমূলক কাজ চলেছে। এই পঞ্চায়েত বিলে, বিচার বিভাগ পৃথক করা হউক। যদি ভাল কর্মিগণ বিচারে যোগদান করেন, তবে তিনি যত ভাল বিচার করুন না কেন, একপক্ষের নিকট তাঁহাকে অপ্রিয় হইতে হইবে, ইহাতে গঠনমূলক কাজে বাধা পড়িবে।

[6-30 - 6-40 p.m.]

আর একটা জিনিষ আমি লক্ষ্য করেছি, পল্লীগ্রামের অবস্থা কিছুই ভাল হচ্ছে না। আমি স্ট্যাটিসটিক্স দিয়ে দেখাব পল্লীগ্রামের অবস্থা দিনের পর দিন খারাপ হচ্ছে। সেখানে ফসল হচ্ছে না করভার বেড়ে যাচ্ছে, এ অবস্থায় কি করে কাজ চলবে? আগে পল্লী পঞ্চায়েতে যারা ছিল তারা মাইনে না নিয়ে দেশের কাজ করত, সেইজন্য তারা ভালভাবে কাজ করত। আর এখন মাইনে প্রথায় কেরাণী বা সেক্রেটারী টাকা নিয়ে যা করবেন তা অপেক্ষাকৃত খারাপ হবেই, কেননা তারা সেবার জন্য করবেন না, টাকার জন্যই কাজ করবেন। সেইজন্য বলছি যদি অনারারী পোষ্ট করেন তাহলে অনেক ভাল কাজ হবে। তাদের উপর থেকে বিচারের ভারটা তুলে নিন, তুলে নিয়ে গঠনমূলক কাজ করতে দিন। একদল গেলে, আর একদল আসবে। গ্রামে গঠনমূলক কর্মীদের নেতা হতে দিন। আর প্রেসক্রাইব্‌ড অথরিটির হাতে অত্যন্ত বেশী ক্ষমতা দিলে পল্লীর সর্বনাশ হয়ে যাবে। ভাল লোককে সরিয়ে দিবে, তাহাতে কম খরচে হবে না। প্রেসক্রাইব্‌ড অথরিটির হাতে কম ক্ষমতা দিন। ভারতের কৃষ্টি যদি ফিরিয়ে এনে ভারতকে বড় করতে হয় তাহলে পল্লীগ্রামে সোসিয়েল ওয়ার্কার পাঠিয়ে দিন এই ব্যবস্থা করে পল্লীর লোকের মন ভাল করুন। সুদূর পল্লীগ্রামে আমার বাড়ী, আমি সারাজীবন পল্লীগ্রামেই কাটিয়েছি, আমি দেখেছি পল্লীগ্রামের মনোভাব পরিবর্তনের অত্যন্ত দরকার, সেইজন্য সোস্যাল ওয়ার্কার পাঠিয়ে দিন, তারা গিয়ে যদি ভাল শিক্ষা দেন তবেই সেখানে কাজ হবে। মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ এ কথাগুলি যেন বিবেচনা করেন।

তারপর আর একটা কথা ব্যালট প্রথা যদি প্রবর্তন না করেন তাহলে ফল খারাপ হবে। যদি দেশের উন্নতি চান, যদি দেশমাতৃকার মঙ্গল চান তাহলে উদার ভাব অবলম্বন করুন। আপনারা ব্যালট প্রথা সেখানে প্রচলন করুন, এই আমার বিশেষ অনুরোধ এবং মিউনিসি-প্যালিটিতেও ব্যালট প্রথা প্রবর্তন করুন।

Sj. Hemanta Kumar Ghosal:

মাননীয় স্পীকার মহাশয়, গ্রাম পঞ্চায়েত বিল যে দৃষ্টিভঙ্গীতে আনা হয়েছে সে সম্বন্ধে কিছু বলতে চাই। প্রথমতঃ আমরা গ্রামের যে সাধারণ অবস্থা দেখি এবং ইউনিয়ন বোর্ডের যা

স্টাকচার আছে এবং লোকে যা ট্যাক্স দেয় তাতে তার অধিকাংশ টাকাই চৌকিদার এবং দফাদারদের মাহিনা দিতেই চলে যায়। গ্রামের সাধারণ উন্নতির কোন কাজ সেই টাকা থেকে হওয়া সম্ভব হয় না। গ্রাম পঞ্চায়েত বিল আনবার পরে যে বোঝা চাপাচ্ছেন তার মধ্যে তিনটা জিনিষ আছে। একটা হচ্ছে—লোক্যাল এ্যাডমিনিস্ট্রেশন—চৌকিদার এবং যাঁরা ন্যায় পঞ্চায়েত হবেন তাঁদের খরচ বাদ দিয়ে যেটুকু থাকবে তা দিয়ে গ্রামের উন্নতি হবে। বর্তমানে যা অবস্থা সে অবস্থাতে গ্রামোন্নতি হিসাবে ইউনিয়ন বোর্ডের হাতে যে টাকাপয়সা আসে তা দিয়ে কোন জিনিষই হয় না।

তারপরে যে ব্যয় চাপাচ্ছেন—দাশরথিবাবু দেখিয়েছেন—যে টাকার বোঝা—তারপরে গ্রামের উন্নতির জন্য সাধারণভাবে কোন কাজ করবার আর সুযোগ থাকবে না। অথচ জনসাধারণ যে ট্যাক্স দেয়, সেই ট্যাক্সের একটা অংশ প্রাদেশিক সরকারের এবং একটা অংশ কেন্দ্রীয় সরকারের হাতে গিয়ে পড়ে। যদি এই গ্রাম পঞ্চায়েতের মধ্য দিয়ে গ্রামের সবচেয়ে যা বেশী প্রয়োজন—রাস্তাঘাট, টিউব-ওয়েল, হাসপাতাল, এই রকম সব জিনিস—গ্রামের উন্নতির জন্য, স্বাস্থ্যের জন্য গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে গ্রামকে নূতন করে গড়বার দৃষ্টিভঙ্গী থাকে তাহলে সাধারণ মানুষ যে ট্যাক্স দেয় তার একটা অংশ ষ্টেট বাজেট থেকে স্পেসিফাই করে দিয়ে গ্রাম পঞ্চায়েতের হাতে দিতে হবে যে গ্রামের উন্নতির জন্য সব চেয়ে বেশী প্রয়োজনীয় এই এই কাজের জন্য ব্যয় হবে। এখন যা অবস্থা আছে এই অবস্থার মধ্যে যদি গ্রামকে উন্নত করতে হয় তাহলে আবার নূতন করে ট্যাক্স দিতে হবে, তবেই উন্নতি হবে, তা না হলে উন্নতির অন্য কোন ব্যবস্থা নাই। আমরা দেখেছি যে, বিলাতে কাউন্টি কাউন্সিলের যে টাকা তার প্রায় ৫৫ পার সেন্ট ষ্টেট বাজেটের অংশ থেকে খরচ করতে দেওয়ার একটা প্রভিসান আছে। আজ গ্রামকে স্বায়ত্তশাসনের ভার দেওয়া হচ্ছে এবং তার যে ত্রুটিবিচ্যুতি—যা বিনয়বাবু দেখিয়েছেন—তার জন্য এই বিল যখন সিলেক্ট কমিটির কাছে যাচ্ছে তখন সবচেয়ে বেশী নজর দিতে হবে, সিলেক্ট কমিটির বিবেচনা করা উচিত যে, ষ্টেট বাজেটের একটা অংশ, একটা পারসেণ্টেজ গ্রামের সবচেয়ে প্রয়োজনীয় উন্নতির জন্য, তার নিম্নতম প্রয়োজন মেটানব জন্য দিতে হবে। এ ব্যবস্থা থাকা দরকার। এটার উপর বিশেষ করে জোর দেওয়া দরকার যাঁরা সিলেক্ট কমিটিতে যাবেন তাঁদের। সেখানে তাঁদের মাধ্যমে যে আলোচনা হবে এবং স্থির হবে তা পুনরায় আমাদের কাছে আসবে এবং তখন আমরা তার উপযুক্ততা বিচার করতে পারব। তা নাহলে অন্য কোনভাবে হ'লে গ্রামের সাধারণ লোকে কিছুই অনুভব করতে পাববে না। গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে গ্রামের দৈনন্দিন জীবনের যে প্রয়োজনগুলো তা দেখলেই বুঝতে পারব। দেখতে পাব যে, সেখানে একটা অন্ধকার পূতিগন্ধময় অবস্থা যাতে সাধারণ মানুষের জীবনের সুযোগসুবিধার কোন কিছু নাই; সেই সুযোগ সুবিধা দিতে গেলে তার উপর বিশেষ নজর দিতে হবে; নইলে এই বিলের কোন সার্থকতা থাকবে না। যতই তার ভিতর মনোমোহকর কথা থাক, কিন্তু আসলে তার দ্বারা কোন সুফলপ্রদ কাজ হবে না। তাই আমি মনে করি যে, ষ্টেট বাজেটের একটা অংশ বিশেষ একটা পয়েণ্টএর উপর ইয়ারমার্ক কোরে দেওয়া দরকাব যে সেই অংশ গ্রামের এই এই সাধারণ উন্নতিব জন্য ব্যয় কবতে হবে ঐ পঞ্চায়েতের মাধ্যমে।

তাছাড়া পঞ্চায়েতের যে চরিত্র সেটা কিরকমভাবে হওয়া উচিত, তার দৃষ্টিভঙ্গী কিভাবের হওয়া উচিত তা বিবেচনা করতে হবে। যে দৃষ্টিভঙ্গীতে ইংরাজ গ্রাম পঞ্চায়েত এনেছিল তাকে বাদ দিয়ে, ছেঁটে ফেলে গ্রামের সাধারণ মানুষই গ্রামের উন্নতি করবে সেই জাতীয় দৃষ্টিভঙ্গীর মধ্য দিয়ে যাতে এই পঞ্চায়েত করে দিতে পারেন তার চেষ্টা করা উচিত। সিলেক্ট কমিটির মধ্য দিয়ে এই সমস্ত বিষয় বিবেচনা করে, যাতে আমাদের জাতীয় জীবনে প্রত্যেকটি মানুষ তার সত্ত্বা উপলব্ধি করতে পারে, তার কর্ত্তব্য সম্বন্ধে সজাগ হয় সেই রকম দৃষ্টিভঙ্গী দিয়ে নিয়ে আসা দরকার। সেইভাবে সিলেক্ট কমিটির মাধ্যমে এখানে এলে পর তার যে ছবি এবং চেহারা আমরা দেখব তা দেখে আমরা বিচার করবার অবসর পাব। সেইজন্য আমাদের অভিমত হচ্ছে যে

some percentage of the State Revenue

গ্রামের প্রয়োজনীয় ব্যবস্থার জন্য ব্যয় করার অধিকার দিতে হবে, তা নাহলে কোন ব্যবস্থাই কার্যকরী হবে না।

[6-40—6-50 p.m.]

Sj. Gangapada Kuar:

মাননীয় স্পীকার মহোদয়, অত্যন্ত দেরীতে হলেও বহু প্রতীক্ষিত এই পঞ্চায়েত বিল আজ উত্থাপিত হয়েছে। আমরা আশা করেছিলাম যে, পল্লীবাসীর বহু আশাআকাঙ্ক্ষার বাণী এই বিলটি বয়ে নিয়ে আসবে। আমরা আশা করেছিলাম যে, ভারতীয় ঐতিহ্যের পুনঃপ্রতিষ্ঠা এবং পূর্ণ প্রতিষ্ঠা হবে এই বিলটি আইনে পরিণত হলে। আমরা আশা করেছিলাম গান্ধীজীর যে স্বপ্ন—গ্রাম রাজ্যের মাধ্যমে রাম রাজ্যের প্রতিষ্ঠা সেটা এই আইনের মাধ্যমে সম্ভব হবে। কিন্তু বিলটা যে আকারে আজ এসেছে আমাদের সামনে, এর মধ্যে যে সমস্ত ব্যবস্থা হয়েছে, তার দ্বারা আসলে গান্ধীজীর যে স্বপ্ন, গ্রাম রাজ্যের মাধ্যমে রাম রাজ্যের প্রতিষ্ঠা তা সম্পূর্ণ ব্যর্থ হবে, সম্পূর্ণ পর্যুদস্ত হবে। আমি এই বিলটা যতবার পড়েছি তাতে দেখেছি যে, সেখানে রাজনৈতিক ক্ষমতার যে বিকেন্দ্রীকরণ গ্রাম পঞ্চায়েতের বৈশিষ্ট্য হওয়া উচিত ছিল, তার পরিবর্তে প্রেসক্রাইব্ড অথরিটি বা গভর্নমেণ্টের যেসমস্ত আমলা............

Mr. Speaker:

এটা ত অনেকেই বলেছেন, নূতন পয়েণ্ট কিছু বলুন।

Sj. Gangapada Kuar:

যেসমস্ত আমলা রয়েছে তাদের আরো শক্তিমান করা হবে, এক কথায় বলতে গেলে এই আমলাতান্ত্রিক ক্ষমতাকে কেন্দ্রীকরণ করা হচ্ছে এই বিলের মাধ্যমে। আমরা দেখতে পাচ্ছি যে, গ্রাম্য পঞ্চায়েত ছাড়াও অঞ্চল পঞ্চায়েত প্রতিষ্ঠিত হচ্ছে। অথচ অঞ্চল পঞ্চায়েত পূর্বের বৃটীশ আমলের যে ইউনিয়ন বোর্ড তারই নূতনতর পরিবর্তিত রূপ ছাড়া আর কিছুই নয়। এর মধ্যে যেসমস্ত বৈশিষ্ট্য থাকা উচিত ছিল এবং এই হাউসের মধ্যে গ্রাম পঞ্চায়েত সম্পর্কে যে বেসরকারী প্রস্তাব একবার পাশ হয়ে গিয়েছিল তাতে মূল যে দাবী ছিল যে ব্যালট ভোটের ভিত্তিতে গ্রাম পঞ্চায়েত প্রতিষ্ঠিত হবে, সেই ব্যালটের কথা এখানে নেই। সেখানে আমরা দেখতে পাই, প্রেসক্রাইব্ড অথরিটিকে সেই ক্ষমতা দেওয়া হয়েছে, তারা নিয়মমাফিক গ্রাম পঞ্চায়েত বা অঞ্চল পঞ্চায়েত প্রতিষ্ঠা করবে। আমরা মনে করি আজকে যদি গোপন ভোটের ভিত্তিতে গ্রাম পঞ্চায়েত নির্বাচিত না হয় তাহলে আজকের দিনে ইউনিয়ন বোর্ডে যেরকমভাবে ক্ষমতার অপব্যবহার করা হয়, তারই পুনরাবৃত্তি করা হবে। আসলে প্রেসক্রাইব্ড অথরিটির সমস্ত কণ্ট্রোল থাকবে, আর গ্রামে যেসমস্ত ক্ষমতা দেওয়া হচ্ছে তাতে কেবল এক হাতে ক্ষমতা দেওয়া হবে আর অন্য হাতে কেড়ে নেওয়া হবে। গ্রাম পঞ্চায়েত প্রতিষ্ঠার সংগে সংগে যেসমস্ত কাজের ভার তাদের উপর দেওয়া হবে সেই সমস্ত কাজ তাদের পক্ষে সম্পন্ন করা সম্ভব হবে না যদি নাকি যথেষ্ট ফাইনান্সের ব্যবস্থা না করা যায়। আমরা সেজন্য মনে করি যে, আজকে যেমন ইউনিয়ন বোর্ডের যেখানে চৌকিদার এবং দফাদারদের বেতন দিতে এক একটা ইউনিয়ন বোর্ডের যা ট্যাক্স কালেকশন হয়, তা নিঃশেষিত হয়ে যায়, তেমনি আজকে যদি অঞ্চল পঞ্চায়েতের উপর যে সমস্ত ট্যাক্সেসানের বিশেষ দায়িত্ব দেওয়া হয়েছে, তার দ্বারা মানুষের ট্যাক্সের বোঝা বাড়বে কিন্তু আসলে ন্যস্ত দায়িত্বগুলি কাজে রূপায়িত হবে না। সেইজন্য আমরা মনে করি যে, এই অঞ্চল পঞ্চায়েতের যে পরিকল্পনা তা একেবারে বাতিল করা উচিত। তারপর এক একটা 'কমপ্যাক্ট গ্রুপ অব ভিলেজেস' বা বড় বড় গ্রাম নিয়ে একটা গ্রাম পঞ্চায়েত হবে, তাকে যথেষ্ট ফাইনান্স করবার ব্যবস্থা করা দরকার এবং মোট রাজস্ব যা আদায় হয় তার একটা বৃহত্তর অংশ তাদের হাতে তুলে দেওয়া উচিত। ন্যায় পঞ্চায়েতের উপর বিচারের যেসমস্ত ক্ষমতা দেওয়া হয়েছে তা শেষ পর্যন্ত ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট বা সাব-ডিভিসনাল ম্যাজিষ্ট্রেট বা মুনসেফএর কর্তৃত্ব প্রয়োগের অবকাশ থাকায় গ্রামে মীমাংসা হওয়ার আশা সুদূরপরাহত। আমরা দেখছি এখানে সিভিল সুটের ব্যাপারে একশ টাকা পর্যন্ত এবং ক্রিমিনাল সুটের ব্যাপারে ৫০ টাকা পর্যন্ত বিচারের ভার দেওয়া হয়েছে। কিন্তু অন্যান্য জায়গায় যেমন ইউ, পি,তে দেখা যায়, সেখানে পাঁচশ টাকা পর্যন্ত সিভিল সুটের বিচার গ্রাম পঞ্চায়েত করতে পারে। অতএব দেখা যাচ্ছে, যে আকারে বিলটি এসেছে, বিরোধী পক্ষ থেকে যেসমস্ত কনষ্ট্রাকটিভ সাজেসশান দিয়েছে সেইভাবে যদি এই বিলের সংস্কার করা না হয়,

তাহলে এর দ্বারা বাংলাদেশের বিশেষ করে পল্লীবাংলার আশাআকাঙ্ক্ষা ব্যাহত হবে, ব্যর্থ হবে। গান্ধীজীর যে স্বপ্ন তা সার্থক হবে না। এতে জনসাধারণকে আরো বেশী অত্যাচার করা হবে এবং তাদের আরো করভারাক্রান্ত করা হবে। এর দ্বারা মঙ্গলরাষ্ট্র প্রতিষ্ঠিত হওয়ার কোন সম্ভাবনা নেই।

Dr. Hirendra Kumar Chaterjee: Sir, I want to speak for three minutes.

Mr. Speaker: But your name has not been given by your party leader. Yes, Mr. Jalan.

The Hon'ble Iswar Das Jalan: Sir, I have heard my friends in the Opposition and have analysed very carefully the remarks made by them. It is difficult to convince a man who refuses to be convinced. Like a shrewd solicitor my friend Sj. Sudhir Chandra Ray Chaudhury after casting a fling has fled away. He takes one line from its context in order to support his case and leaves the rest. The position is that so far as this Bill is concerned we are discussing the principles. But what are the principles? The principles are that the election of the Gram Panchayat is to be on adult franchise basis. The Gram Panchayat will be given certain functions—judicial, police, executive, municipal and other functions—and the whole scheme of the Act is there to be considered by the Select Committee. It is for the Select Commitee to decide as to which provisions should be altered and which should be retained. It is difficult for me to give a detailed answer to all the remarks made by my friends in the Opposition, but I say that most of them, it appears, have either not read the Bill or have not been able to appreciate the implications of it. Therefore, many of the remarks are beyond the mark. Take for instance, the election method—election method has to be prescribed by rules. That is not prescribed here The election may be by ballot. I do not say that it will not be by ballot. It may be found that another method will be more suitable, more simpler. That is a matter which is nowhere provided in the Act itself. How the election has to be conducted is a matter to be provided for by the rules. When the Government makes rules my friends will get time to criticise all these rules, but so far as the Act is cencerned, they do not provide them. Take for instance the electoral rolls. My friends have suggested why are you taking the electoral rolls from the list of the Bengal Legislative Assembly? This is a very simple process which does not necesitate the preparation of the electoral rolls which takes at least 6 or 7 months before the electoral rolls can be prepared which means expense also. The preliminary electoral rolls have to be prepared, objections will have to be invited, the final electoral rolls will have to be prepared. All these processes take place every year while the preparation of the Assembly electoral roll is there. There will be another advantage. If my friends complain about the names being omitted in the Assembly electoral rolls then I should say if the Gram Panchayat election is also to take place on that very basis they will be much more careful about the preparation of electoral roll. Therefore, the electoral roll will be the real electoral roll and the villagers will be more interested in preparation of the Assembly electoral rolls than what they are today.

Now, the question is adult franchise. I wish to save the Gram Panchayat the trouble of preparing the electoral rolls, the preliminary electoral rolls, hearing of objection, the final electoral rolls, etc. Our objective is that so far as the Assembly electoral roll and other arrangements are concerned, they should be complete and the villagers should co-operate with them. There is nothing wrong about it. After all the Select Committee will have to consider them.

[6-50—7 p.m.].

The next question is about associate members. That is a recommendation of the Planning Commission itself. My friends should remember that the conception of these Panchayats is interlinked with the Development Department. The whole idea is that we should get the best out of it. We should associate with the Gram Panchayats the best people, if they do not come by election. But we are not giving them the right to vote; we are giving them the right to advise and the right to make suggestions. It is quite natural that we wish that the people of our villages should take a live interest in the affairs of the villages and should get the best assistance.

Then my friends have criticised about nomination in the incipient stage. So far as the Act is concerned it is not a compulsory affair Very often it happens that for some reason or other the election is delayed; in that case you can have a nominated Board consisting of people of the locality for a temporary period. That is provided in the Bengal Municipal Act. If we wish delay to be avoided, some method has to be found out for avoiding it. Therefore, there is nothing wrong about it. So far as the Act is concerned, it does not say that in every case it must be there, it may be there but it is not that it must be there Therefore, there should be no misapprehension about it.

It has been said that the period for nominated Board should not be two years The section is an enabling section You may have it for a shorter period or you may not have it at all That is a power which has been considered to be necessary If the Select Committee makes any suggestion about it, we shall consider it

Then there is the objection to setting up Anchal Panchayats by indirect election. There is the formation of Gram Panchayats by direct election on the basis of adult franchise. Now, if there is to be joint committee for certain purposes consisting of six or seven villages, how is that joint committee to be formed save and except that representatives on it should be chosen by the Gram Panchayats formed by direct election by the people. The moment you give this joint committee the right to collect taxes, the right to administer justice, the right to perform certain things, you have got to give a name to it. Otherwise, what is there in a name? Therefore, Anchal Committee is a joint committee elected by these villages and Gram Panchayats, and simply a name has been given to perform those functions which are performed not alone but jointly with several Gram Panchayats. Therefore, there is nothing wrong about it.

With regard to the functions my friend Sj. Sudhir Chandra Ray Chaudhuri mentioned only one or two of them. If my friends see the functions given in the Bill they will see that they are as exhaustive as possible. For instance, a Gram Panchayat will also perform such other functions as the State Government may assign to it—primary, social, technical or vocational education; irrigation; grow-more-food campaign; care of the infirm and the destitute; rehabilitation of displaced persons, improved breeding of cattle; acting as a channel through which Government assistance should reach the villages; bringing waste land under cultivation; arranging for cultivation of land lying fallow; arranging for co-operative management of land and other resources of the village; asisting in the implementation of land reform measures; implementation of such schemes as may be formulated; maintenance of lighting of public streets; introduction and promotion of co-operative

farming, co-operative stores and other co-operative enterprises, trades and callings; the promotion and encouragement of cottage industries; and so on and so forth. Now, you see why provision has been made that whatever authority the State or the local body has, this Act will not confer the authority unless it is specifically assigned. It is a salutary provision. Now, it it the duty of the State. Under the Primary Education Act, under the Secondary Education Act and under many other Acts certain duties have been entrusted to the State Government and under certain Acts duties have been entrusted to the District Board. Now, do you suggest that there should be no provision for preventing the overlapping of different duties? There must be definite assignment of duties in those cases. Therefore, we have provided for certain primary functions for these Panchayats. The other functions have to be delegated either by the District Board or by the State Government, or they should be asked to do those things; and then and then only they can perform them. But the sphere of activities of these Gram Panchayats is very extensive; practically it covers the entire life of the village. It is mentioned there. They can do "any other local work or service of public utility or which is likely to promote the health comfort, convenience or material prosperity of the public, not otherwise provided for in this Act". There cannot be a wider power than has been given in this Act to these Gram Panchayats. The Taxation Enquiry Commission did provide that they should be given only a few definite powers but not many. We have given them certain primary powers which must be performed and certain powers which can be given under certain circumstances; and there will be delegation of powers. So far as these powers are concerned they are quite extensive. There should be no misapprehension about it.

With regard to the appointment of the Secretary, a suggestion came that the Secretary should be appointed from among the persons who are inhabitants of the particular locality. There is no bar to that. As a matter of fact in Bihar a Board has been constituted; that Board appoints the Secretary of a Panchayat; and the man must be a person of the particular locality; he cannot be an outsider. That is a matter which will be provided for in the rules. We have provided that "The State Government shall make rules prescribing the method of recruitment, conditions of service, pay and allowances and the age of superannuation of the Secretary." We have provided that he should be the executive authority of the Panchayat, but we have not said that he has got power independently of the body itself,—the Anchal Panchayat has got the power. The Secretary is the executive authority but until powers are given to the Secretary independently of that body there should be no grievance. As a matter of fact he is entirely under the control of the body and he is bound to do what the body wants him to do. The only thing is that the appointment of the Secretary must be from a cadre of public servants who should be specially trained in order to do certain important work. When you are giving these Panchayats exclusive jurisdiction over certain classes of cases—records will have to be kept, records will have to be produced, minutes will have to be kept, notices will have to be served—all these things will have to be done—who will do that?—the Secretary. He must be a responsible person. Supposing you give to this body the work of land revenue collection, can you do it unless there is at least one statutory holder of office? He must be from the cadre. But he is completely under the control of the Anchal Panchayat. Of course, he is appointed under certain rules and regulations.

With regard to dafadars and chowkidars, we have provided that the cost of maintenance or any part thereof may be contributed by the State Government to the Anchal Panchayat Fund. At present it is not paid. But I cannot commit myself at this stage. It will all depend upon the financial position of the Government as to what should be done in what circumstances. Everything cannot be regulated by a statute.

With regard to taxation we have not provided for any taxation other than the present taxation which is there in the Union Boards. No other taxation is compulsory. Every other taxation is left to these bodies. If they do not want to have it, they may not have it. So far as the taxation is concerned, they are not being charged with any other tax which is not present now. Therefore, there should be no grievance.

With regard to the assignment of taxes, I may tell you that the Taxation Enquiry Commission is against it. It is of opinion that additional revenue should be made available to local bodies by way of grants-in-aid rather than by way of assignment of a share in the receipt of the taxes levied by the Government, firstly because revenue without responsibility would be demoralising and, secondly, because grants-in-aid can be determined on the basis of needs and be coupled with the maintenance of desirable standards. There are three sources of finance, one is the taxation by those Panchayats themselves; the other is the grant by the State Government; the third is the contribution, voluntary contribution in the shape of labour or in the shape of any material thing which may be contributed by the villagers themselves.

[7—7-5 p.m.].

As a mater of fact there are cerain States in which labour tax has been made practically compulsory. We have not done that because we feel that so far as labour tax is concerned, it should not be in the form of a tax at all. It should be of a voluntary nature in which people make their contribution for the welfare of their own villages. If everything is to be done by contractors instead of three wells we shall have one well. After all there is a limit to the finances and you must take into account that the whole conception of the Panchayat is based upon the voluntary co-operation of the people. If they do not come with their voluntary co-operation there will be less work, if they come there will be more work. Now, with regard to the grant-in-aid we have as a matter of fact made certain suggestions. It will be improper for me to deal with them until they are finalised. But once these bodies are formed it becomes the natural duty of the Government to see that they are able to function properly. With regard to the assignment of land revenue, it is quite possible that these Panchayats which may be entrusted with the duty of collecting revenue may be given a certain percentage and that percentage will be much higher than the percentage of mere collection. That will go for the augmentation of their resources. But you must remember that there must be effort on the part of Panchayats themselves in order to justify the grant by the Government itself. After all, the State Government cannot bring money from any other country save and except the people of West Bengal. The question is not what the State Government gives, the question is whether for a particular locality, the entire people of West Bengal should pay or people of a particular locality should pay. You cannot get the money from outside. You must pay by taxation whether the State Government levies it or whether the Local body levies it.

With regard to control sections, well, that is a provision which is found everywhere. That is a necessary provision in order to avoid a misuse of the office. Nobody can say that even if there be misuse, there should be nobody to control. That is not possible. After all we are having 15 to 16 thousand Village Panchayats and there will be 3 to 4 thousand Anchal Panchayats and there will be so many Nyaya Panchayats. After all there must be some control so that abuse may not take place.

With regard to autonomy, there cannot be a State within a State. The only sovereign authority in India is the Parliament. Parliament is the sovereign authority and every other authority is a subsidiary authority. Even a Provincial Government has not got all the powers that the Central Government possesses or the Parliament possesses. Similarly a Panchayat cannot be a State within a State and it cannot have all the powers which are vested in the State Government. Otherwise there would be a liquidation of the State Government and the Central Government. That stage has not arrived—that stage may arrive after some time, I don't know. It all depends upon the goodwill and good sense of the people who are entrusted with powers but it is not open to anybody to say that the control provisions should not be there. Then, there are the rule-making powers under which all the rules will be made

In the end I should say that after all this Bill is going to the Select Committee which is a big Select Committee. As a matter of fact I have given my friends on the opposite side whatever they wanted, and they will have ample opportunities to give us suggestions which we shall consider

With these words, Sir, I oppose the circulation motion and I commend my motion for the acceptance of the House.

The motion of Dr Jatish Ghosh that the West Bengal Panchayat Bill, 1955, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st January, 1956, was then put and lost.

Mr. Speaker: The next amendment falls through

The motion of Sj. Jyotish Joarder that the West Bengal Panchayat Bill, 1955, be referred to a Committee of the whole Assembly with instructions to submit their report by 30th December, 1955, was then put and lost.

The motion of the Hon'ble Iswar Das Jalan –

(i) that the West Bengal Panchayat Bill, 1955, be referred to a Joint Select Committee of the Houses consisting of 32 Members—25 Members from this House, namely: –

(1) Shri Dal Bahadur Singh Gahatraj, M.L.A.,
(2) Shri Rabindra Nath Sikdar, M.L.A.,
(3) Janab Maziruddin Ahmed, M.L.A.,
(4) Janab Gholam Hamidur Rahman, M.L.A.,
(5) Shri Nikunja Behari Gupta, M.L.A.,
(6) Dr. Sisir Kumar Saha, M.L.A.,
(7) Shri Durgapada Sinha, M.L.A.,
(8) Shri Bhabataran Chakrabarty, M.L.A.,
(9) Shri Mahendra Nath Mahata, M.L.A.,
(10) Shri Bimalananda Tarkatirtha, M.L.A.,
(11) Shri Parbati Hazra, M.L.A.,

(12) Shri Bibhuti Bhushon Ghose, M.L.A.,
(13) Shri Haridas De, M.L.A.,
(14) Shri Prafulla Banerjee, M.L.A.,
(15) Shri Sankar Prosad Mitra, M.L.A.,
(16) Shri Brindaban Gayen, M.L.A.,
(17) Shri J. C. Gupta, M.L.A.,
(18) Sjkta. Abha Maity, M.L.A.,
(19) Shri Bankim Mukherji, M.L.A.,
(20) Shri Basanta Kumar Mal, M.L.A.,
(21) Shri Sudhir Chandra Das, M.L.A.,
(22) Shri Rakhahari Chatterjee, M.L.A.,
(23) Dr Radhakrishna Pal, M.L.A.,
(24) Shri Ajit Kumar Basu, M.L.A.,
(25) the Minister-in-charge of the Local Self-Government Department, and

seven Members from the Council;

(ii) that in order to constitute a sitting of the Joint Select Committee, the quorum shall be one-third of the total number of Members of the Joint Select Committee;

(iii) that the Committee shall make a report to the House by the 15th February, 1956;

(iv) that in other respects the rules and procedure of this House relating to Committees will apply with such variations and modifications as the Speaker may make; and

(v) that this House recommends to the Council that the Council do join in the said Joint Select Committee and communicate to this House the names of the Members to be appointed by the Council to the Joint Select Committee;

was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 7-5 p.m. till 3 p.m. on Tuesday, the 6th September, 1955, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Tuesday, the 6th September, 1955, at 3 p.m.

PRESENT:

Mr. Speaker (The Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 16 Hon'ble Ministers, 11 Deputy Ministers and 194 members.

[3—3-10 p.m.]

STARRED QUESTION

(to which oral answer was given)

Bagjola-Chuni-Jatragachi Drainage Scheme

***182. Sj. Hemanta Kumar Ghosal:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigaiton Department be pleased to state—

(*a*) whether the work of the Bagjola Drainage Scheme in the 24-Parganas district has been started;

(*b*) if not, when it is going to be started;

(*c*) what is the detail of the scheme;

(*d*) what is the alignment laid down by Government;

(*e*) if it is a fact that on implementation of the said scheme about 1,000 families in 156 mouzas under four police-stations would be affected;

(*f*) whether Government received from the 24-Parganas District Krishak Samity an alternative alignment of the scheme which was designed to minimise the losses to the peasants; and

(*g*) if so, what action has been taken on that?

Minister-in-charge of the Irrigation Department (the Hon'ble Ajoy Kumar Mukherji): (*a*) Yes.

(*b*) Does not arise

(*c*) and (*d*) Statements are laid on the Table.

(*e*) Not 156 mouzas but in 54 mouzas 1,080·07 acres of land are being acquired. Ascertainment of exact number of families affected will take a long time and as such this figure cannot be furnished now.

(*f*) and (*g*) Yes, after a local inspection by the officers of the Irrigation Directorate the alternative suggestions were carefully considered by Government. It was found that while the alternative alignment would be less convenient from the engineering point of view, the loss of agricultural lands would be greater than in the case of the alignment proposed by the Department. The alternative suggestions could not, therefore, be accepted.

Besides the statements printed here I would like to add further:

Regarding clause (*a*) *of the question.*—The scheme is included in the First Five-Year Plan. It was held up for want of funds. The Government of India then agreed to finance the scheme partly from the Central Rehabilitation funds and partly from "Grow More Food" funds on condition that a part of the area reclaimed for cultivation should be

utilised for rehabilitation of refugees. The scheme has been taken up by the State Government on this undertaking. Work on the scheme started in January, 1954, but all operations including field survey had to be suspended for some months due to courts' injunction orders against proceeding with the work. The injunction orders were withdrawn when the rainy season of 1954 set in and hence work could not be resumed until the monsoon of 1954 was over. Progress of work has not, therefore, been satisfactory at the initial stage. In 1955 the Hon'ble High Court again issued injunction orders against proceeding with the work of a portion of the main canal. All efforts are being made to accelerate the progress of work on the remaining portion of the main canal and excavation of other channels. Up to June, 1955, physical performance of the scheme is about 25 per cent. and the amount spent up to that month on the work is Rs. 16·63 lakhs against the total estimated cost of Rs. 104 lakhs.

Regarding clause (c).—The scheme, when completed, will develop about 40 square miles or 25,600 acres of land for better agricultural use, raising the annual yield of paddy by 12,091 tons and of *rabi* crops by 1,619 tons. The area developed will also afford facilities of increased residential accommodation, rehabilitation of displaced agriculturists and development of cottage industries and will improve sanitation of the entire basin area. The scheme is likely to be completed by June, 1956.

Regarding clause (e) *of the question* —It is not the object of Government to create new landless cultivators in the developed area but to utilise for rehabilitation of refugees the area which has been in disuse for several years. The main canal alignment of the scheme passes through 38 mauzas, and land required for canal excavation work in all these mauzas has been acquired. The branch canal alignments pass through 48 mauzas, out of which lands in 16 mauzas are not likely to be further acquired, as the existing *khals* are being utilised for the purpose. Hence, land in 32 mauzas is being acquired for branch canals.

There are 16 Nos. mauzas through which both the main and branch canals are passing. Thus there are 54 mauzas in all in which lands are being acquired for the canal alignment and other works of the scheme. The total land in those 54 mauzas is 41,816.4771 acres against which only 1,080·07 acres are being acquired in connection with the scheme.

A thorough inspection of lands in 19 mauzas covering an area of 436.86 acres has been done jointly by the staff of the Land Acquisition Collector and the Bagjola Drainage Division. It has been found that lands of 470 persons have fallen within that portion of the canal alignment and that the entire lands of no individual party have been acquired and no houses have been affected. It has also been verified and found that houses of four families only in plot No. 923 of mauza Boroj, police-station Haroa, have fallen in the whole length of about 52 miles of canal alignment. The owners of the houses have been compensated. Ascertainment of the total number of families whose lands have been or will be acquired for the project will take a good long time, as this work requires plot-to-plot enquiry in the whole area. Such enquiry at the cost of time and labour is not worthwhile to be made. It would be correct to say that nobody has been adversely affected by the acquisition of lands. The people will on the the other hand derive great benefit from the scheme. The value of their land will be increased as a result of execution of the work. In view of the huge benefit that will be derived, the amount of land required for the scheme is not excessive.

Regarding clauses (f) and (g).—The purpose of the scheme was explained on different occasions before gatherings of the local people by high Government officials. Ultimately, the local people realised their mistake of misunderstanding the objects of the scheme and many of them later expressed regret in writing for opposing the work.

Statement referred to in reply to clause (c) of starred question No. 182

Bagjola-Ghuni-Jatragachi Scheme envisages drainage of 116 square miles of area comprising of 17 square miles of urban area and 99 square miles of rural areas within thanas Bhangore, Haroa, Rajarhat, Dum-Dum and Baranagore in 24-Parganas district. The area is divided into three parts—

(1) Part A is comprised of 43 square miles of rural area of thanas Rajarhat, Haroa and Bhangore and 17 square miles of urban area within the Baranagore, Dum-Dum, Kamarhati and Panihati Municipalities. This entire area of 43 square miles is proposed to be drained by a main channel of 18·25 miles in length and 9 Nos. of branch channels of a total length of 20 miles approximately. Other works consist of—

(i) construction of a main sluice at Kulti in police-station Haroa about ½ mile north of the existing Kulti sluice,

(ii) construction of a number of regulators or small sluices at the outfalls of branch channels and also of a number of bridges across the main and branch channels, and

(iii) construction of a service road from Krishnapore to Kulti along the bank of main channel.

(2) Part B is comprised of 31·5 square miles of rural areas in thanas Bhangore and Haroa. This area is proposed to be drained by a main channel of 6·25 miles in length and 4 Nos. of branch channels of a total length of 7 miles approximately and construction of a number of regulators or small sluices at the outfalls of branch channels and also of a number of bridges across the channels.

(3) Part C is comprised of 24·5 square miles of rural areas in thanas Rajarhat, Bhangore and Haroa. This area is proposed to be drained through the existing Krishnapore and Bhangore Kata Khals. The existing sluice will drain to its full capacity and the surplus water will be diverted through a diversion channel and a regulator to the proposed main sluice at Kulti in police-station Haroa.

The scheme in addition will provide facilities for rehabilitation of displaced people from East Pakistan on portions of the developed area.

Statement referred to in reply to clause (d) of starred question No. 182

(i) The main channel of Part A area referred to in reply to clause (c) of the question starts from Krishnapore in police-station Rajarhat and passes through mouzas Krishnapore, Jyangra, Chandiberia, Hatiara, Shulangari, Ghuni, Jatragachi, Chakpanchuria, Baligari, Patharghata, Chapra, Akandakesari, Bhagabanpore, Hatisala, Jirangachi, Pithapukuria, Bamunia, Nangalbeki, Saduli, Majerhat, Uttarkashipore, Sonepur, Bhogali, Bankachua, Raghunathpore, Jamirgachi, Radhanagar, Kumargati and ultimately falls into the Kulti river through a sluice about ½ mile north of the existing Kulti sluice.

(ii) The main channel for Part B area referred to in reply to clause (c) of the question starts from near the village Uttar Kashipore and passes through mouzas Uttar Kashipore, Joynagar, Chandihat, Garagacha, Talberia, Haripore, Kalianai, Kulgachi, Kalinagar, Jhujurgacha, Boroj and ultimately falls into the river Kulti through the recently constructed Box sluice at Kulgachi.

(iii) The different branch channels will pass through 48 mouzas including 16 out of 39 mouzas mentioned above under the thanas Rajarhat, Dum-Dum, Baranagore, Bhangore and Haroa.

The proposed alignment of the main and branch channels of the scheme is subject to slight modification, if necessary.

Sj. Hemanta Kumar Ghosal:

যে জমিগুলি এ্যাকোয়ার করা হয়েছে, সেই জমিগুলি কি চাষের জমি, না ফ্যালো ল্যাণ্ড?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

চাষের জমিও আছে, ফ্যালো ল্যাণ্ডও আছে।

Sj. Hemanta Kumar Ghosal:

যে জমিগুলি এ্যাকোয়ার করা হয়েছে, তার মধ্যে কত পার্সেণ্ট চাষের জমি আছে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

নোটীশ দিলে বলবো।

Sj. Hemanta Kumar Ghosal:

এই জমিগুলি যে চাষের জমি, এ সম্বন্ধে আপনাকে লিখিত দরখাস্তে জানান হয়েছিল, তা জানেন কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

সমস্ত চাষের জমি না হ'তে পারে। সে সম্পর্কে দরখাস্ত আসতে পারে।

Sj. Hemanta Kumar Ghosal:

মন্ত্রীমহাশয় কি জানেন, এই যে চাষের জমি যেগুলি কিছু কিছু চাষের হ'তে পারে ব'লে আপনি মনে করছেন, যেটা চাষের জমি এ্যাকোয়ার করা হয়েছে, তা ছেড়ে দেবার ব্যবস্থা হয়েছে কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

তা এ্যাকোয়ার করে তার মধ্য দিয়ে ক্যানাল চালান হয়েছে, সেটা ছেড়ে দেব কি করে?

Sj. Hemanta Kumar Ghosal:

একথা কি সত্য যে, ক্যানেল ছাড়াও আরও যেসমস্ত জমি এ্যাকোয়ার করা হয়েছে সেটা অন্য পার্পাসএ ব্যবহার হয়েছে কিনা?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

রিলিফ রিহ্যাবিলিটেসনের জন্য সে জমি ব্যবহার হ'তে পারে। সেটা আমাদের ডিপার্টমেন্টে নয়, রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্টে প্রশ্ন করবেন।

Sj. Hemanta Kumar Ghosal:

যে জমি ক্যানেলের জন্য নেওয়া হয়েছে, সে জমি সবটা ক্যানেলের জন্য লাগে নি, এ কথা সত্য কিনা?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

ক্যানেলের জন্য লাগে বলেই সেসব নেওয়া হয়েছে।

Sj. Hemanta Kumar Ghosal:

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানেন যে, তাঁর সংগে যখন এই সমস্ত ঘটনা নিয়ে দেখা করা হয়েছিল—জমি সম্বন্ধে দাগ নম্বর দিয়ে বলা হয়েছিল, আপনি কি একথা স্বীকার করেছিলেন যে——

Mr. Speaker:

যেহেতু আপনি ঘটনা জানেন, সেই হেতু মন্ত্রীমহাশয়ও জানবেন, "দ্যাট ইজ নট সাপ্লিমেন্টারী"। আপনার প্রশ্ন করুন, কি ঘটনা জানতে চান সেটা বলুন।

[3-10—3-20 p.m.]

Sj. Hemanta Kumar Ghosal:

মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন যে, 'এ্যাকোয়ার্ড' জমির মধ্যে হাইস্কুল এবং বাজার পড়েছে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

এরকম আমার কোন খবর নাই।

Sj. Hemanta Kumar Ghosal:

এই এ্যাকোয়ার্ড ল্যান্ড সম্বন্ধে তদন্ত করবার কোন ব্যবস্থা হয়েছিল?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

এগুলো চাষের না কি, প্রত্যেকটা কি রকম জমি এবং কি রকম কম্পেন্সেসন দেওয়া হবে তা নোট করা হবে।

Sj. Jyoti Basu: Arising out of the statement given later on whether the minority or the majority of the people have now realised their mistake in opposing the scheme?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

মাইনরিটি কি মেজরিটি তা বলতে পারি না, তবে quite a good number of people have given a written statement that they have realised their mistake. They were misled by some people.

Sj. Hemanta Kumar Ghosal:

এ কথা কি সত্য যে ওখানকার অধিক সংখ্যক লোক লিখিত দরখাস্ত করেছিল, যে এ জমি চাষের জমি বলে ছেড়ে দেওয়া হউক?

Mr. Speaker: That is for confirmation.

Sj. Hemanta Kumar Ghosal: Whether it is a fact or not?

Mr. Speaker: That is also for confirmation and not for eliciting facts arising out of the question.

Sj. Jyoti Basu: How many petitions has the Minister received?

The Hon'ble Ajoy Kumar Mukherji: I want notice.

Sj. Saroj Roy:

যেসমস্ত চাষের জমি একোয়ার করা হয়েছে সেই একোয়ার করা জমি থেকে যে চাষীরা উচ্ছেদ হয়েছে তাদের রিহ্যাবিলিটেসন-এর কি ব্যবস্থা করেন নি?

Mr. Speaker: That is a hypothetical question.

Sj. Ganesh Ghosh: Of the total estimated cost of Rs. 103 lakhs what percentage the India Government has agreed to give?

The Hon'ble Ajoy Kumar Mukherji: The whole is loan from the India Government.

Sj. Ganesh Ghosh: What is the amount of the loan please?

The Hon'ble Ajoy Kumar Mukherji: The whole amount.

Sj. Hemanta Kumar Ghosal:

মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে, হাড়োয়া থানার বরোজে যে বাড়ী দখল করা হয়েছে তার কম্পেন্সেসন দেওয়া হয়েছে; উনি দয়া করে জানাবেন কি যে কম্পেন্সেসন দেওয়া হয়েছে কি ভাবে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

টাকায়।

Sj. Hemanta Kumar Ghosal:

এই কম্পেন্সেসনএর্ পরিমাণ কত জানাবেন কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

সেটা কলেক্টর ঠিক করে দেন।

Sj. Hemanta Kumar Ghosal:

আপনার কি জানা আছে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

নোটিস চাই।

Sj. Hemanta Kumar Ghosal:

এ কথা কি সত্য যে, এক বিঘা বাস্তুবাটির জন্য ছ' আনা কম্পেন্সেসন দেওয়া হয়েছে?

Mr. Speaker:

একথা ত আপনি জানেন, তবে জিজ্ঞাসা করেন কেন? ঠিক না হ'লে ত কোর্ট আছে।

The Hon'ble Ajoy Kumar Mukherji:

বলতে পারি না।

Sj. Hemanta Kumar Ghosal:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে, এই জমি একুইজিশনএর ফলে কত কৃষক উচ্ছেদ হয়েছে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

কেউ পুরোপুরি উচ্ছেদ হয় নি; কিছু জমি গেলে উচ্ছেদ বলা চলে না।

Sj. Hemanta Kumar Ghosal:

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানেন পুরোপুরি, আধাআধি, সিকিসিকি কত হয়েছে?

Mr. Speaker:

ও কথা ত স্টেটমেন্টেই আছে, আপনি কি জেরা করছেন?

Sj. Hemanta Kumar Ghosal:

আমি জানি না, তাই জিজ্ঞাসা করছি।

Mr. Speaker:

উনি ত অনেক বড় স্টেটমেন্ট দিয়েছেন। আপনি স্টেটমেন্টটা নিয়ে আবার পড়ুন।

Sj. Hemanta Kumar Ghosal:

একথা কি সত্য, ওখানকার কৃষকের শতকরা ৬০ জন কৃষকের বাস্তুভিটার জমি ছাড়া আর সব জমি দখল করা হয়েছে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

আমাদের ইরিগেশন ডিপার্টমেন্ট থেকে হয় নি।

Sj. Hemanta Kumar Ghosal:

তাহলে আর কোন্ ডিপার্টমেন্ট থেকে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট থেকে কি করছে না করছে তাঁদের জিজ্ঞাসা করুন।

Sj. Hemanta Kumar Ghosal:

এ কথা কি সত্য যে, ইরিগেশন এবং রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট একত্র হয়ে জমি এ্যাকোয়ার করেছেন?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

না, সেভাবে এ্যাকোয়ার করা হয় নি।

Sj. Hemanta Kumar Ghosal:

এ কথা কি সত্য যে, পৃথকভাবে একুইজিশন করলেও জমির উপর দু'দিক থেকে আক্রমণ হয়েছে রিহ্যাবিলিটেশন এবং ইরিগেশন ডিপার্টমেন্ট একত্র হয়ে?

Mr. Speaker: Enough of questions.

Sj. Hemanta Kumar Ghosal:

রিহ্যাবিলিটেশন এবং ইরিগেশন একত্র হয়ে——

Mr. Speaker:

এ প্রশ্ন ওঠে না।

That question does not arise.

Sj. Hemanta Kumar Ghosal:

একথা কি সত্য যে, গেজেটে যে নোটিফিকেশন বেরিয়েছিল——

Mr. Speaker:

গেজেটে যা বেরোয় তা জানেন সকলেই; তার উপর প্রশ্ন হয় না।

You have put a similar question. That does not arise.

Sj. Hemanta Kumar Ghosal:

এ কথা কি সত্য যে, তিনটা থানায় যে নোটিফিকেশন হয় সেটা রিহ্যাবিলিটেশন এবং ইরিগেশন ডিপার্টমেন্ট থেকে এন্টায়ার জমির উপর সেই নোটিফিকেশন হয়েছিল?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

রিহ্যাবিলিটেশনএ কি হয়েছে তা আমি কি করে বলব, তাদের জিজ্ঞাসা করুন।

Sj. Jyoti Basu: Whilst acquiring some person's lands by different departments, did they not consult each other?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

না। ইরিগেশন ডিপার্টমেন্টএর ক্যানালএর জন্য যেটুকু দরকার সেইটার জন্য করা হয়েছে।

Sj. Hemanta Kumar Ghosal:

এ কথা কি সত্য যে, ঐ অঞ্চলের শতকরা ৮০ জন মুসলমান কৃষকের জমি টারগেট করে এ্যাকোয়ার করা হয়েছে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

সত্য নহে।

Sj. Hemanta Kumar Ghosal:

এ কথা কি সত্য যে, হাড়োয়ায় দশ হাজার লোকের সামনে মন্ত্রীমহাশয় কমিট করে এসেছিলেন?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

সত্য নহে।

Sj. Mrigendra Bhattacharjya:

ঐ যে (ই)এর উত্তর দিয়েছেন যে, not 156 mouzas but in 54 mouzas 1,080.07 acres of land are being acquired. এটা কি ইরিগেশন ডিপার্টমেণ্ট থেকে এ্যাকোয়ার করা হয়েছে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

হাঁ।

Sj. Mrigendra Bhattacharjya:

আপনি যে বললেন যে, বিহ্যাবিলিটেশন ডিপার্টমেণ্ট থেকে আরও জমি এ্যাকোয়ার করা হয়েছে, সেটা কি ঐ জমির বাহিরে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

হাঁ।

Sj. Hemanta Kumar Ghosal:

মাননীয় মন্ত্রীমহাশয়

Mr. Speaker:

আপনি ত অনেক প্রশ্ন করলেন; ও'দের কিছু দিন না।

Sj. Hemanta Kumar Ghosal:

এগুলো বাজে নয়, স্যার! ওখানকার লোকের পক্ষে জীবনমরণ সমস্যা।

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে, কোন্ তারিখে গেজেটে ইরিগেশন এবং রিহ্যাবিলিটেশন ডিপার্টমেণ্ট——

Mr. Speaker:

গেজেটে কোথায় কি বলেছে তাতে প্রশ্ন হয় না। "দ্যাট ইজ এভেলেবেল টু ইউ"।

Sj. Kanai Lal Bhowmick:

এই যে জমি—যে সমস্ত এ্যাকোয়ার করা হয়েছে তা থেকে আংশিকভাবে কি চাষীরা উচ্ছেদ হয়েছে—আপনি বলেছেন পুরা হয় নি।

The Hon'ble Ajoy Kumar Mukherji:

আংশিকভাবে উচ্ছেদ হয় না।

Sj. Kanai Lal Bhowmick:

তাদের কত কত জমি রয়েছে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

আমি ত বলেছি সব বার করতে পারি নি।

Sj. Hemanta Kumar Ghosal:

বসিরহাট মহকুমা কংগ্রেস কমিটির তরফ থেকে আপনার কাছে ৫ হাজার কৃষকের সহি করা দরখাস্ত করা হয়েছিল কি?

Mr. Speaker: That question does not arise out of this question. Put a specific question. I disallow this question.

Sj. Gangadhar Naskar:

দশ বিঘা জমির মধ্যে সাড়ে ন' কাঠা জমি এ্যাকোয়ার করলে সেটা কি আংশিক হয়?

Mr. Speaker: That is a big hypothetical question.

Sj. Hemanta Kumar Ghosal:

একথা কি সত্য যে, যে জমির একুইজিশন যা করা হয়েছে সে দশ বিঘা জমির মধ্যে সাড়ে ন' কাঠা জমি একুইজিশন করা হয়েছে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

হাজার বিঘা এ্যাকোয়ার করা হয়েছে, দশ বিঘা কি বলছেন?

Sj. Hemanta Kumar Ghosal:

ক'জন কৃষকের দশ বিঘার মধ্যে ঐভাবে নিয়েছেন?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

নোটিস না দিলে ক'জনের কথা বলা যায় না।

Sj. Hemanta Kumar Ghosal:

এ বিষয়ে কি তদন্ত করবেন?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

নোটিস দিলে ক'রব।

UNSTARRED QUESTION

(to which oral answer was given)

Jhargram Community Development Block

86. Sj. Kanai Lal Bhowmick: Will the Hon'ble Minister-in-charge of the Development Department be pleased to state—

(ক) ঝাড়গ্রাম কমিউনিটী প্রজেক্ট ব্লকের জন্য বিভিন্ন খাতে মোট কত টাকা বরাদ্দ করা হইয়াছে এবং আজ পর্য্যন্ত কোন্ খাতে কত টাকা খরচ করা হইয়াছে;

(খ) ১৯৫৪ সালের ডিসেম্বর পর্য্যন্ত কি কি কাজ কতটা সম্পন্ন করা হইয়াছে;

(গ) এই ব্লকে ১৯৫২ সাল হইতে আজ পর্য্যন্ত প্রতি বছর কত লোককে চাকুরী দেওয়া হইয়াছে; এবং

(ঘ) এই ব্লকের মধ্যে কতগুলি গ্রাম, কত লোক ও কত পরিবার রহিয়াছে?

Sj. Tarun Kanti Ghosh (on behalf of the Minister-in-charge of the Development Department, the Hon'ble Dr. Bidhan Chandra Roy):

(ক) বিবরণী এতৎসহ উপস্থাপিত হইল।

(খ) বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(গ) ১৯৫২ সালে ১৩ জন, ১৯৫৩ সালে ২৮ জন, ১৯৫৪ সালে ২০ জন এবং ১৯৫৫ সালের জুলাই মাস পর্যন্ত ৪ জন; সর্বসাকুল্যে ৬৫ জন।

(ঘ) ৫০০ গ্রাম, ৬৭,০৯৫ লোক এবং ১৩,৬৯৯ পরিবার।

Statement referred to in reply to clause (ক) of unstarred question No. 86

STATEMENT SHOWING THE AMOUNT PROVIDED IN THE BLOCK BUDGET FOR 3 YEARS AND THE AMOUNTS SPENT UP TO THE END OF MAY, 1955, UNDER DIFFERENT SCHEMES IN THE JHARGRAM COMMUNITY DEVELOPMENT BLOCK.

Serial No.	Major heads.	Total amount provided (in thousands of rupees).	Amount spent (in thousands of rupees).
1	State Headquarters	314.00	57.74
2	Project Headquarters		223.94
3	Animal Husbandry and Agricultural Extension.	224.50	87.50
4	Irrigation	190.00	122.05
5	Reclamation	312.00	117.12
6	Health and Rural Sanitation	403.60	68.64
7	Education	164.00	72.11
8	Social Education	173 00	70.70
9	Communications	337.00	281.70
10	Rural Arts, Crafts and Industries	816.00	137.56
11	Works	1,307.00	447.34
	Total	4,241.10	1,686.40

Sj. Madan Mohon Khan:

ঐ যে ৬৫ জনের চাকরী দিয়েছেন সে চাকরী স্থায়ী না অস্থায়ী?

Sj. Tarun Kanti Ghosh:

অস্থায়ী।

Sj. Madan Mohon Khan:

আপনি কি জানেন যে, কোন সাইকেল ব্যবসায়ী সাইকেল পার্টস তৈরী করবার জন্য সেখানে জায়গা চেয়েছিল?

Mr. Speaker: Please put a specific question.

Sj. Tarun Kanti Ghosh:

না, আমার জানা নাই।

Sj. Madan Mohon Khan:

এ সম্বন্ধে কি খোঁজ নেবেন?

Sj. Tarun Kanti Ghosh:

হ্যাঁ, নিতে পারি।

Sj. Kanai Lal Bhowmick:

এই যে ৬৫ জনকে চাকরী দেওয়া হয়েছে, তাদের কোন্ ডিপার্টমেণ্ট থেকে এনে চাকরী দেওয়া হয়েছে?

Sj. Tarun Kanti Ghosh:

নোটিশ দিলে বলতে পারব।

Sj. Kanai Lal Bhowmick:

ওরা টেম্পোরারী না পার্মানেন্ট?

Sj. Tarun Kanti Ghosh:

টেম্পোরারী।

Sj. Kanai Lal Bhowmick:

এখানে যে এমাউণ্ট দিয়েছেন তাতে ৩ বছরের যে বরাদ্দ ছিল তার চেয়ে অনেক কম খরচ করা হয়েছে কেন?

Sj. Tarun Kanti Ghosh:

তার কারণ এই যে, যদিও অক্টোবর ১৯৫২তে ওপেন করা হয়েছিল, কিন্তু আসলে ওয়ার্ক আরম্ভ করা হয়েছিল ১৯৫৩ এপ্রিল মাসে। এগ্রোনমিক সার্ভে এবং এ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভে করতে হয়েছিল। তার পরে কাজ আরম্ভ করতে দেরী হয়েছিল; সেইজন্য খরচ কম হয়েছে।

[3-20—3-30 p.m.]

Sj. Saroj Roy:

মন্ত্রীমহাশয় জানাবেন কি যে, হেল্‌থ এবং রুরাল স্যানিটেশন এবং এডুকেশন সম্পর্কে কনক্রীটলি কি কি কাজ করা হয়েছে?

Sj. Tarun Kanti Ghosh:

কনক্রীটলি কি কি কাজ হয়েছে তা জানতে গেলে নোটীশ দিলে জানাতে পারি। এখন ডিটেল দেওয়া সম্ভব নয়।

Sj. Kanai Lal Bhowmick:

এই যে টাকা খরচ করা হবে এর সঙ্গে পাবলিক ডোনেশন আছে, না সব সরকারের?

Sj. Tarun Kanti Ghosh:

যা খরচ করা হয়েছে তাছাড়া ২ লক্ষ ৯৯ হাজার ৩২০ টাকার মত পাবলিক ডোনেশন আছে।

Dr. Atindra Nath Bose: Sir, what about the questions held over from the tenth list?

Mr. Speaker: The Labour Minister will answer all the questions tomorrow.

Sj. Jyoti Basu: Sir, since the Labour Minister is present today we would like to have a statement from him with regard to the Dooars-Jalpaiguri tea gardens strike.

The Hon'ble Kali Pada Mookerjee: I will make a statement tomorrow.

GOVERNMENT BILL

The West Bengal Taxes on Entry of Goods in Local Areas Bill, 1955.

Mr. Speaker: Sj. Hemanta Kumar Basu.

Sj. Hemanta Kumar Basu:

মাননীয় স্পীকার মহোদয়, ওয়েস্ট বেঙ্গল ট্যাক্সেস অন এনট্রি অব গুড্‌স ইন লোকাল এরিয়াজ বিলে আমরা যথেষ্ট চেষ্টা করেছি বিরোধীপক্ষ থেকে যে, যে বিলটা আমাদের সামনে আনা হয়েছে, সেই বিলে নানারকম সংশোধনীর মধ্য দিয়ে তার উন্নতির ব্যবস্থা করতে। সরকার মাত্র ২।১টি মাইনর এমেন্ডমেন্ট, সংশোধনী প্রস্তাব নেওয়া ছাড়া এই বিলটাকে যেভাবে আমরা উন্নতি করতে চেষ্টা করেছিলাম, সে বিষয়ে কোনরকম দৃষ্টি দেন নি। বিরোধীপক্ষের প্রস্তাব-গুলি বরাবর যেভাবে দেখা হয়, দৃষ্টি দেওয়া হয়, সেইভাবে উপেক্ষার সহিত সরকার দৃষ্টি দিয়েছেন। এই বিলটা একটা বিশেষ বিল এবং এই বিলের সঙ্গে জনসাধারণের স্বার্থ বিশেষ-ভাবে জড়িত, কারণ জনসাধারণের কাছে বিশেষভাবে ট্যাক্স বসিয়ে অর্থ সংগ্রহের ব্যবস্থা করা হবে এবং প্রতিদিনই সরকার নূতন নূতন বিল আনছেন ডেভেলপমেন্টের নামে জনসাধারণের কাছে অর্থ আদায়ের জন্য। এবং যে সমস্ত এইরূপ বিল পাশ করা হচ্ছে সেই প্রত্যেক বিলই যাতে ঠিকমত কার্যে পরিণত হয় এবং তজ্জন্য যে অর্থ আদায় হ'তে পারে তার দ্বারা তা সম্ভব হচ্ছে না। বেঙ্গল ফাইনান্স সেল্‌স ট্যাক্স বিলে গত অধিবেশনে আনা হয়েছিল যে, অনেকেই সেল্‌স ট্যাক্স ফাঁকি দেয়। সেইজন্য সেই সেল্‌স ট্যাক্স বিলকে অনেকভাবে সংশোধন করা হ'ল যাতে কোনমতে কেউ টাকা ফাঁকি দিতে না পারে এবং সকলের কাছ থেকে যাতে সেল্‌স ট্যাক্স আদায় হয়। এই বিলে যেসমস্ত জিনিসের উপর ট্যাক্স, ফলের উপর যে ট্যাক্স বসানো হচ্ছে তার উপর সেল্‌স ট্যাক্স আছে। কাজেই সেল্‌স ট্যাক্স বিল বা আইন যদি ঠিকভাবে প্রয়োগ করা হ'ত তাহ'লে পরে তার ইভেসনের কথা উঠত না যে তাতে বহু লোক ইভেসন করে। কাজেই এই বিলটা আনা হয়েছে যাতে ফল এবং চায়ের উপর থেকে কেউ ট্যাক্স ফাঁকি দিতে না পারে এবং যাতে ঠিকমত ট্যাক্স আদায় হ'তে পারে। এই অজুহাতে এই বিলটি আনা হয়েছে। এটা কি সরকারের পক্ষে খুব লজ্জার কথা নয় যে গভর্ণমেন্টের মেসিনারী আছে, অফিসার আছে, এন্টিকোরাপসান ডিপার্টমেন্ট আছে, এই সব থাকা সত্ত্বেও সেল্‌স ট্যাক্স কি ক'রে ফাঁকি দেয়, সেটা বিশেষ করে বিবেচনার যোগ্য। যদি অনেষ্ট, সৎ অফিসার তার ব্যবস্থা করতে না পারেন তাহলে যে কোন আইন আনা হবে সেই আইনে ট্যাক্স ফাঁকি দেবার রাস্তা থাকবে, সে বিষয়ে সন্দেহ নেই। যদি অফিসাররা সৎ হয়, মেসিনারী যদি কড়া হয়, তাহ'লে পরে নিশ্চয় একটা আইনের দ্বারা, সেল্‌স ট্যাক্স আইনের দ্বারাই যথেষ্ট পরিমাণে অর্থ আদায় হতে পারে।

এই আইনে প্রেসক্রাইব্‌ড অথরিটির উপর যে ক্ষমতা দেওয়া হয়েছে, তাকে সর্বময় কর্তা করা হয়েছে, তার বিরুদ্ধে কোন আপীল বা কোর্টে কোন আবেদন চলবে না। তাঁরা যাই করবেন তাই হবে, তাই মেনে নিতে হবে। ফাইনান্স সেল্‌স ট্যাক্স এ্যাডমিনিস্ট্রেশন করবার জন্য সমস্ত কমিশনারস, এ্যাসিস্টেন্ট কমিশনারস, ইন্সপেক্টরস, প্রভৃতি বহু কর্মচারী আছে কিন্তু সেখানে কেন সেল্‌স ট্যাক্স ফাঁকি দেয়? সেখানে যতই কড়াকড়ি নিয়ম করা হোক, যাঁরা এ্যাডমিনিস্ট্রেশন চালাবেন তাঁদের কর্তব্যে তাঁরা যদি সৎ না হন তাহলে সেই ফাঁকি চলবেই। সেইজন্য আমরা বলেছিলাম যে, এই আইনের কোন প্রয়োজনীয়তা ছিল না। যদি বেঙ্গল ফাইনান্স সেল্‌স ট্যাক্সের এডমিনিস্ট্রেশন ভাল করে করা হোত এবং সেখানে সৎ লোক, ভাল ভাল কর্মচারী যারা ভাল কাজ করে থাকতো—গভর্ণমেন্টের মেসিনারীর মধ্যে ভালমন্দ দুই রকমেরই লোক আছে—কিন্তু যারা কাজে ভাল লোক তাদের বিশেষ কোন স্থান নেই, তারা বিশেষ কোন সম্মান বা তাদের কাজের জন্য আদর পায় না—সেই সমস্ত লোক যদি সরকারের কাছ থেকে সম্মান এবং আদর পায় তাহলে একটা বিলের দ্বারাই গভর্ণমেন্ট যথেষ্ট টাকা আয় করতে পারে। এইজন্য যেহেতু আমরা জনসাধারণের বিশেষ স্বার্থের সঙ্গে জড়িত সেইজন্য আমরা বিরোধী পক্ষ প্রথমেই বলেছিলুম, এটা জনমত সংগ্রহের জন্য দেওয়া হোক এবং অনেক রকমভাবে যুক্তি আমরা প্রয়োগ করেছি। গভর্ণমেন্ট যখন জনসাধারণের গভর্ণমেন্ট, তখন এই

গভর্নমেন্টের জনসাধারণের মত গ্রহণ করার বিপক্ষে কোন যুক্তি থাকতে পারে না। কিন্তু তাঁরা সেটা কোনমতেই সার্কুলেশনে দিলেন না। বিলটাকে ঠিক যেভাবে আমাদের সামনে উপস্থিত করা হয়েছে বিশেষ সংশোধন না করেই, সেইভাবেই গ্রহণ করা হ'ল। তারপরে যেসমস্ত মাল বা ফল বা চা যেগুলি নোটিফায়েড এরিয়াতে আসবে সেই নোটিফায়েড এরিয়ায় এলে পরে রেলওয়ে রিসিট হোক, এয়ার পোর্ট রিসিট হোক বা ষ্টীমার রিসিট হোক, তা দেখেই তখনই যে তাদের ট্রান্সপোর্ট পাশ দেওয়া হবে তা নয়, যদি সেটা দেখেই দেওয়া হত তাহ'লে পরে যারা ব্যবসাদার, ফল বিক্রয় করেন, তাদের পক্ষে কতকটা সুবিধা হ'ত। এই যে ট্রান্সপোর্ট রিসিট সেটা পাবার জন্য তাদের চেষ্টা করতে হবে, তার জন্য হয়ত মন্ত্রীমহাশয় বলেছেন যে সঙ্গে সঙ্গেই ব্যবস্থা করা হবে। আমরা ত দেখি অনেক জিনিস বা পার্সেল, বা অনেক ব্যাপারে গভর্ণমেন্টের দরজায় অনেকদিন পড়ে থাকে, অনেকভাবে টালবাহানা করতে হয়, অনেক চেষ্টা করতে হয়, কখনও কখনও খরচও করতে হয় তবে তার রসিদ পাওয়া যায়। কাজেই এই প্রেসক্রাইব্‌ড অথরিটির কাছ থেকে এই রসিদ পেতে কত অসুবিধা ভোগ করতে হবে।

[3-30—3-40 p.m.]

যদি রেলওয়ে রিসিট কিংবা ষ্টিমার রিসিট, এয়ারপোর্ট রিসিট দেখালে সংগে সংগে ট্রান্সপোর্ট পাশ দেওয়া হ'ত তাহ'লে পর এসেসমেণ্ট করতে আইনে যে অসুবিধা সৃষ্টি করছেন সেটা হ'ত না। এদিক থেকে আইনে একটা ফাঁক, একটা অসুবিধা রইল। •সেখান থেকে প্রেস্ক্রাইব্‌ড অথরিটি ফলওয়ালাদের উপর চাপিয়ে দেওয়া হচ্ছে এবং তাতে ফল অনেক নষ্ট হবে। তা ছাড়া, গভর্ণমেণ্ট নিজেও স্বীকার করেছেন সেল্‌স ট্যাক্স ইভেশন করে, কিন্তু কেন করে? এই ধরণের একটা এ্যামেণ্ডমেন্ট ছিল যে ইণ্টিগ্রিটি। এই রকম ধরণের লোক দেখে তারা প্রেসক্রাইব্‌ড অথরিটি হিসাবে নিয়োগ করবেন। কিন্তু দেখতে পাচ্ছি গভর্ণমেণ্ট মেসিনারীর মধ্যে নিশ্চয়ই যথেষ্ট অসৎ লোক রয়েছে, নইলে এত লোক ট্যাক্স ইভেশন করবে কেন? যেসমস্ত ফল আসে, ব্যক্তিগত ব্যবহারের জন্য নিয়ে আসে, পোস্ট পার্সেলই আনুক আর যেভাবেই আনুক তার উপর যাতে ট্যাক্স বসানো না হয় এবং তাকে ছেড়ে দেওয়া হয় সে বিষয়ে একটা সংশোধনী ছিল কিন্তু সে সংশোধনী প্রস্তাব গ্রহণ করা হ'ল না। কাজেই দেখা যাচ্ছে যেসমস্ত সংশোধনী গ্রহণ করলে জনসাধারণের কিছুটা সুবিধা হ'ত সেসব সংশোধনী গ্রহণ করা হ'ল না। যদিও আমরা এই বিলের বরাবর বিরোধিতা করছি তথাপি আমরা বলেছি যে অন্যান্য আইনের দ্বারা ট্যাক্স যদি পুরোপুরি ইভেসন না করতে পারে তাহ'লে যে দুই বা আড়াই কোটি টাকা আদায় হবে বলেছেন তার চেয়েও বেশী আদায় হবে।

তারপর যদি কোন মাল কোন ফল বা চা আসে তার উপর যে সর্ট লেভি করা হবে সে সমস্ত দায়িত্ব গিয়ে পড়বে ডিলারদের ঘাড়ে, কিন্তু কেন এটা করছেন? সে বিষয়ে প্রেসক্রাইব্‌ড অথরিটি যারা সর্ট লেভি করবে তাদের কেন কোন শাস্তির ব্যবস্থা নাই? এই রকমভাবে যদি কোন ব্যবস্থা না থাকে সরকারী ব্যবস্থার মধ্যে ত্রুটি এবং গলদ যা আছে তা থেকেই যাবে দেখতে পাচ্ছি। যারা সর্ট লেভি করবে তাদের উপর যেন বিশেষ নজর দেবার ব্যবস্থা•হয় এবং তার জন্য শাস্তিরও ব্যবস্থা হওয়া উচিত। তা নইলে পর কর্মচারীরা যারা অন্যায় করে যাবে তাদের উপর যদি কোন প্রভিশন না থাকে তাহ'লে মেসিনারীর মধ্যে গলদ ও ত্রুটি থাকবে এবং ট্যাক্স ফাঁকি দেবেই। সেদিক থেকে বিবেচনা করে এফেক্টিভ মেসিনারী দ্বারা সমস্ত এ্যাডমিনিষ্ট্রেসন যাতে চলে সে বিষয়ে চিন্তা করা উচিত এবং গভর্ণমেন্ট বিভিন্ন বিভাগে যেসমস্ত খরচ করেন সেগুলি যাতে অযথা ব্যয় না হয়, সে ব্যয় যাতে আরো কমে এবং ডেভেলপমেণ্ট খাতে খরচ করা যায় এবং অন্যান্য দিক থেকেও আয় করা যায় সে বিষয়ে চিন্তা না করে বিলের পর বিল আনলেই এবং জনসাধারণের উপর ট্যাক্স চাপালেই কোন কল্যাণ হবে না—এই কথা বলেই আমার বক্তব্য শেষ করছি।

Dr. Atindra Nath Bose: Mr. Speaker, Sir, this is a tax on the entry of certain fruits and tea in the districts of Howrah, 24-Parganas and the city of Calcutta. I suggested that only airports, railway stations and

steamer stations be fixed as points of entry to facilitate the work of collection. I thought that very little goods will percolate to other points because that won't be profitable to the smugglers to avoid the very little amounts of taxes which have been assessed. However, the mover of the Bill thought otherwise and apparently, he thought it necessary to seal the entire border of this area and to select as many entry points as possible. That will necessitate the arrangement to weigh the goods at every such point.

Well, even if that be possible, even if it be admitted that in order to realise this tax it is necessary to seal off the entire border of these areas, then let the tax be raised there and let the goods be off after they enter this area. But that is not done. The goods are not let off after they enter the area as fixed in this Bill. There is the system of transport pass to authorize the movement of commodities within this area even. So the clear assumption is there that there will be dodging of taxes on quite a large scale in spite of this arrangement to seal off the entire border. It is presumed that few collections will be made at the points of entry and goods will be smuggled in on quite a large scale. That is why the system of transport pass has been introduced and extensive powers have been given to the prescribed authority.

Sir, we have tried to show that these extensive powers will lead to the harassment not only of the dealers but also of the large number of people who are connected with the fruit trade and also of the public. This will also undermine the morale of the officials as well as of the traders. This will give a fillip to bribery and corruption. Sir, further than this, this will impose a fetter upon free movement of these commodities. Internal trade will be very severely restricted. I cited a few concrete hypothetical cases but unfortunately I did not find any answer from the mover of the Bill. I pointed out the case when after release of the goods they are sent to different destinations by the dealer. The mover of the Bill may reply that these goods will be covered by separate transport passes. But what if after dividing these goods to three different destinations they again subdivide them to other destinations? Sir, there is a long series of middlemen between the original dealer and the actual consumer of fruit. How will the transport pass be given to every dealer? What if one buys a basket of fruits at one place and takes it to another place? What if one gets a basket of fruits from his own garden in, say, Dum Dum and brings it to Calcutta? How will again the hawker be protected who is taking his goods to the market place?

So, it becomes necessary to establish a whole regiment of spies and watchers throughout the whole of the districts. Otherwise it is not conceivable how these smugglers will be tracked down and how honest dealers also will be verified. I do not know, Sir, how under the provisions of this Bill even an honest officer of the prescribed authority may function and challenge the *bona fides* of a fruit trader. Sir, I sought for a few specific cases when possibly a dealer might be challenged. What are the possible check posts and how a trader who is not a dealer or how an ordinary consumer will be protected against official interference? Will every man who carries a basket of fruits be given a transport pass? If so, how?

[3-40—3-50 p.m.].

It has been said that all these things will be decided by rules. Why then this Bill? Just put one clause. What is the necessity of these 22 clauses? Just put one clause that fruit and tea will be taxed and

leave all the rest to rules and the prescribed authority. But it passes our imagination how rules can remove these difficulties. We want to be sure of the working of this Bill. So the provisions must be clear, which will assure us about the proper functioning, about the efficient working of this Bill.

Sir, the Chief Minister assured us, when we raised the point that if fruits are detained for long hours or days they will be spoiled and they will inflict a loss upon the dealers, that by the rules it will be fixed that fruits will not be detained for more than two hours. The assurance is very good. But what is the remedy? If some prescribed authority detains fruits for more than two hours, will that aggrieved dealer go to the court or to the higher officers because a basket of fruit has been spoiled? What is the legal remedy against the infringement of rules? Moreover, we do not understand what is the point in what may be the contingency for detaining fruits. The fruits are taxed on the basis of weight. Sir, it is not at all difficult to distinguish between *mossambie* and mango and lemon. So what is the point in detaining them?

There is no remedy against abuses of the powers given to the prescribed authority. Sir, this right given to the prescribed authority to detain and seize fruits will give a death blow to the fruit trade. The Chief Minister said that the detention clauses are meant for tea. Sir, it so happens that some of the clauses are meant for tea and some of the clauses are meant for fruits That is why I wanted two separate Bills, one for tea and one for fruits. And it is never specifically mentioned that this clause is meant for tea and that clause is meant for fruit. It is not that we wanted an opportunity to repeat our tirades against the Government if there were two Bills It is not for that that we asked for two separate Bills for tea and fruit. It is just for convenience. Sir, let the mover of the Bill explain to us even at this late stage how will the system of transport pass work, how will the transit of goods from one place to another within this area be protected by the system of transport pass. What are the likely checking posts? Let us be given an indication as to the actual working of this Bill. I repeated this question, Sir, during first reading and second reading but the replies were not forthcoming and our misgivings are not yet removed.

Mr. Speaker: Will you repeat that question?

Dr. Atindra Nath Bose: My question is: how will the system of transport pass work? How will the transit of goods within this area from one place to another be protected by the system of transport pass? What are the likely checking points where a transport pass will be checked and how will private goods, fruits, which are personal property and which are being taken from one place to another be protected under the system of the transport pass? Sir, I submit that the tax by itself is not very heavy. I submit that the tax by itself will not destroy the fruit trade. But it is not merely the tax which will come upon the consumer. The working of the Bill will involve a huge amount of wastage, wastage due to detention, seizure, etc., of goods. The whole wastage will be thrown upon the consumer.

The working of the Bill will let loose corruption and bribery. The whole amount spent on corruption and bribery will be thrown upon the consumer. The burden of the two taxes, the sales tax and the entry tax, will both be thrown upon the consumer. So, I am afraid that this will create havoc upon the fruit trade as well as upon the consumption of fruits. Sir, I also agree with the mover of the Bill that it is not merely taxes

which increase the prices of goods, but it is primarily the machination of the dealers which is responsible for the inflation of prices. I agree to that. But my fear is that this Bill will let loose the machination of the dealers. This Bill will not only pass on the consumers the extra expenses on account of wastage, bribery, etc., this will also give a handle to dealers to impose upon the consumers the charges due to sales tax and entry tax even though these taxes may be evaded.

So, to sum up, my fears against this Bill are: firstly, the Government won't gain any money by this; whatever they will gain they will lose by way of maintaining this huge staff of the prescribed authority who are to seal the entire area and who are to maintain a network of watchers and spies to watch the transport of goods from one place to another. So, whatever will be taken by taxation will be lost by the administration and by the necessity to enforce this Bill. Secondly, this will give a free hand to dishonesty on all sides, dishonesty among officers, dishonesty among dealers, dishonesty among petty traders and hawkers and ultimately among the consumers themselves. And lastly also, it will destroy the fruit trade and it will hit hard the consumers of fruits. Sir, it is on these grounds that we have all along opposed the Bill, and I submit that the mover of the Bill did nothing to dispel our doubts and misgivings. And he himself is not sure of his own ground when he says that he will consider repealing the sales tax after seeing the working of this Bill. It clearly shows his mind that he is not sure of his own ground. He is not sure whether this huge paraphernalia will work, whether he will be able to collect the taxes properly and meet the expenses. That is why he keeps it open. He keeps both the taxes in his hands and he assures us that the sales tax will be withdrawn only after he is satisfied with the success of the present Bill.

Sir, I submit in the end let the mover of the Bill even at this late hour remove these misgivings which exist among us and, if he cannot, let him decide to withdraw this Bill.

Mr. Speaker: A very good third reading speech, I should say.

[3-50—4 p.m.]

Sj. Jyoti Basu:

স্পীকার মহোদয়, এই থার্ড রিডিংএ বলতে গিয়ে আমি গোড়ার কতকগুলি কথা প্রথমে বলতে চাই, কারণ, যিনি বিলটি এনেছেন অর্থাৎ যে মন্ত্রীমহাশয়ের নামে এটা এসেছে তিনি আমাদের অনেক কথার—এদিক থেকে যেগুলি বলা হয়েছে তার কিছু মূল কথার জবাব দিতে চান নি। যেখানে অন্যরকম অসুবিধা আছে যেগুলি অতীন বাবু বারবার তুলেছেন, বিভিন্ন সংশোধনী মারফৎ বিলটিকে কার্যকরী করার যে অসুবিধার কথা বলেছেন, সে সবই তিনি উড়িয়ে দিয়েছেন, কোনটা গ্রহণ করেন নি এবং কোনটার জবাব পর্যন্ত ঠিকমত দেন নি। সেজন্যে গোড়ার কতকগুলি কথা আমার বলতে হচ্ছে। আমরা এই বিলের সম্পূর্ণ বিরোধী এটা বহু বক্তা পূর্বে বলেছেন এবং তা আর একবার মনে করিয়ে দিতে চাই। তবুও এইভাবে যখন জনসাধারণ বা ছোট ছোট ব্যবসায়ী যারা করের ভার আর বইতে পারছে না, যাদের ক্রয়-ক্ষমতা বাড়েনি তাদের উপর যে কোন রকম নতুন কর যদি বসান হয় তাহলে তার বিরোধিতা এদিক থেকে হবে। এখানে বলা হয়েছে উন্নয়নমূলক কাজের জন্য এই করের বোঝা আমাদের নতুন করে চাপান হচ্ছে। আমি মনে করি এটা ভ্রান্ত কথা এবং আমরা মনে করি এজন্যে টাকা তিনি অন্য কোন কোন সোর্স থেকে পেতে পারেন তা আমরা তাঁকে দেখিয়েছি কিন্তু তার জবাব উনি দেবেন না। তবে আমরা বলি সেই জায়গায় টাকা আছে। কিন্তু তাদের গায়ে হাত দেওয়া একটু কঠিন ব্যাপার। সেইজন্যে ডাঃ বিধানচন্দ্র রায় তাঁদের দিকে তাকান। আর যেখানে ছোটখাট ব্যবসায়ী আছে এবং জনসাধারণও বটে তাদের উপর এই করের বোঝা চাপিয়ে দিয়ে তিনি নিষ্কৃতি পেতে চান। আমি ডাঃ বিধানচন্দ্র রায়কে এ বিষয়ে দোষারোপ করবো না,

কারণ, এটাই আমরা দেখছি কংগ্রেস সরকারের নীতি সমস্ত ভারতবর্ষের ক্ষেত্রে। তাদের দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার সম্বন্ধে এই হচ্ছে। তাঁদের মূল কথা এখন থেকে বলতে আরম্ভ করেছেন, যিনি ভারতবর্ষের প্রধানমন্ত্রী তিনি বলতে আরম্ভ করেছেন এর জন্য জনসাধারণকে প্রস্তুত হতে হবে। শুধু আমার এক এক সময় ইচ্ছা করে যে, ডাঃ রায়কে বলি আপনি সত্যই বাংলাদেশের নাম রেখেছেন—বাংলাদেশ আজ যা ভাবে বা করে, ভারতবর্ষের অন্যান্য জায়গায় কাল তা করে। অবশ্য এটা এতদিন ভাল ব্যাপারের উপর ছিল, এখন এটা খারাপ ব্যাপারেও দেখতে পাই, এঁরা নেতৃত্ব করছেন। এবং উনি দেখছেন যে, পণ্ডিত জওহরলাল নেহরু যখন বলছেন জনসাধারণকে প্রস্তুত হতে হবে, তখন উনিও সেই পথ বেছে নিচ্ছেন,—শুধু জনসাধারণকে প্রস্তুত হতে হবে তা নয়; বাংলাদেশের আইন সভায় এই দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা যখন আলোচনা হবে, তার পূর্বেই এই করের বোঝা আর একটু নূতন করে জনসাধারণের উপর এবং সাধারণ ব্যবসাদার যারা তাদের উপর চাপাচ্ছেন; সেইজন্য আমি তার প্রতিবাদ করছি। টাকা যদি না থাকত তাহ'লে না হয় বুঝতাম, কিন্তু যেখানে টাকা আছে সেখানে হাত দেবার মত ক্ষমতা বা সাহস ডাঃ রায়ের নেই। সেখানে তিনি হাত দিচ্ছেন না, কারণ, সেখানে যাঁদের টাকা আছে, তিনি তাঁদের লোক। তারপর আরও বলতে ইচ্ছা হচ্ছে, যখন এই বিল সম্বন্ধে আলোচনা হচ্ছিল তখন ভাবছিলাম কংগ্রেস বেঞ্চে যাঁরা বসে আছেন, তাঁরা সবাই নির্বাক, বিস্ময়ে তাকিয়ে আছেন, কেউ কিছু বলছেন না—আমরা মনে করলাম বোধহয় সামনে নির্বাচন আসছে তাই এই সমস্ত করের বোঝা যা জনসাধারণের উপর চাপান হচ্ছে, সে সম্বন্ধে কথা বলতে তাঁরা একটু ইতস্তত করছেন; এবং বঙ্কিম বাবু যখন আগের দিন বলতে উঠলেন, এবং তার কথা বলামাত্র, শ্রীশংকরপ্রসাদ মিত্র, তিনিও বলতে উঠলেন এই বিলকে সমর্থন করবার জন্য। তাঁর সাহায্য বিধান বাবু অনেকবার পেয়েছেন, আরও দু'একবার হয়ত পাবেন এবং এই যে বিল এসেছে তাতেও তাঁর সাহায্য নেওয়া প্রয়োজন হবে। এই রকমের কাজ হলেই তাঁর সাহায্য তিনি পেয়ে থাকেন। সিকিউরিটি বিল সম্পর্কে তিনি তাঁর সাহায্য পেয়েছেন, এই করের ব্যাপারেও তিনি তাঁর সাহায্য পাচ্ছেন। আমি আশ্চর্য হয়ে গেলাম তিনি শিক্ষার দিক, আইনের দিক বা অন্য দিক থেকে যা কিছু সঞ্চয় করেছেন, তার সবকিছু তিনি তাঁর সমস্ত যুক্তি ও তর্কে সব একদিকে কেন্দ্রীভূত করলেন। এবং যেটা হচ্ছে আরও গুরুতর ব্যাপার, সেটা হচ্ছে যে মুখ্যমন্ত্রী মহাশয় বললেন, এই আইন আনবার সময় তিনি থার্ড রিডিংএ উঠে এইটা বোঝাবার চেষ্টা করলেন আপনারা কিছুই বুঝতে পারছেন না, এতে খারাপ ত হবেই না, বরং হিসাবপত্র করে তিনি দেখিয়ে দিলেন এতে ভালই হবে। তিনি যুক্তির মারফৎ, হিসাবের মারফৎ দেখাবার চেষ্টা করলেন। এই রকম হয়ে থাকে যে, অনেক বাবু যত বলেন পারিষদ দল তার চেয়েও বেশী বলেন, এটা আমরা বরাবরই জানি। মিঃ স্পীকার মহাশয়, আমি আইনের কথার মধ্যে আর যাচ্ছি না, কারণ, সে সম্বন্ধে আপনি রুলিং দিয়েছেন, এবং সেই রুলিং সম্বন্ধে আইনের তর্ক এখানে তুলে কোন লাভ নেই, সেটা সংবিধানের বিরোধী হচ্ছে কি না হচ্ছে তার রুলিং আপনি দিয়েছেন। কিন্তু এটা যখন কোর্টে যাবে তখন চীফ জাষ্টিস এর কি রুলিং দেন, তখন তা দেখা যাবে। কিন্তু এখানে প্রশ্ন হচ্ছে, আইন আমাদের কাছে বড় জিনিষ নয়, কারণ এই আইন যদি হাই কোর্ট ও সুপ্রিম কোর্টএর রুলিংএ নাকচ হয়ে যায় তাহ'লে আবার সেটা নূতন করে ঘুরিয়ে ফিরিয়ে আনতে পারবেন। কিন্তু বড় কথা হচ্ছে, তিনি যুক্তি দিলেন এখন যে সেলস ট্যাক্স তার রেটটা অনেক বেশী; আর যে অকট্রয় ডিউটিতে নূতন যে ট্যাক্স বসান হচ্ছে এটার রেটটা কম। এবং তিনি বললেন ডাঃ রায় সলেম এ্যাস্যুরেন্স দিচ্ছেন এখানে দাঁড়িয়ে যে, "কিছুদিন দেখে, এই বিলটা কি রকম কার্যকরী হয়, তারপর যদি বোঝা যায় যে, করের বোঝা বেশী হচ্ছে তাহ'লে ঐ সেলস ট্যাক্সটা উঠিয়ে দেবেন"। চমৎকার লজিক প্রমাণ হয়ে গেল। কিন্তু তার এই লজিক কি তা আমরা বুঝতে পারলাম না। তার কারণ তিনি নিজেই বললেন, এখানে সেলস ট্যাক্স শুধু বড় বড় দোকানদাররা দেয়, আর বেশীর ভাগ আদায় করা যায় না। তাহ'লে তাঁর কথাই ধরে নিলাম যে, এখন অনেকেই সেলস ট্যাক্স দিচ্ছেন না। তিনি এখন আর একটা নূতন ডিউটি বসালেন, তাহ'লে তারা যে সেলস ট্যাক্স দেয় না, সেটা কি উঠিয়ে দিলেন? অথচ তিনি বললেন, এতে জনসাধারণের সুবিধা হয়ে গেল, কিছুই হ'ল না। এখন জনসাধারণের উপর দু'টা ট্যাক্স বসান হ'ল। এখন যে সেলস ট্যাক্স

আছে, সেটা ত কেউ দিতে পারছে না, তার উপর আবার আর একটা নূতন সেল্‌স ট্যাক্স বা অকট্রয় ডিউটি বসান হ'ল।

তারপর তিনি দ্বিতীয় কথা বললেন, আমরা এই রকম অন্যায় কি করে সইতে পারি? যে সেল্‌স ট্যাক্স আছে, তা কিছু লোক দিচ্ছে, আর অনেকেই ফাঁকি দিচ্ছে, এ কখনও চলতে পারে না। সেইজন্য এই যে অকট্রয় ডিউটি করলাম এর দ্বারা সেল্‌স ট্যাক্স আমরা আদায় করতে পারব—বড়রা দেবে, ছোটরাও দেবে। খুব ভাল কথা। কিন্তু আমরা বলেছিলাম, সামঞ্জস্য যদি করতে হয় তাহ'লে সেল্‌স ট্যাক্সটা উঠিয়ে দিলেই ত হয়, এবং সেই করে সামঞ্জস্য করা যায়। সামঞ্জস্য করের ভার আরও বাড়িয়ে করতে হবে, এটার কোন অর্থ নেই। সেইজন্য আমার এইটাই মনে হচ্ছে, আমাদের যে মূল কথা তার জবাব শ্রীশঙ্করপ্রসাদ মিত্র দিলেন না। তাঁর সলেম এ্যাস্যুরেন্সএর যদি কোন মূল্য থাকে, তার প্রকৃত কোন উত্তর তাঁর মুখ থেকে পেলাম না। আমরা জিজ্ঞাসা করেছিলাম, এর দ্বারা কি জিনিসের দাম বাড়বে? চায়ের কোয়ালিটি কি খারাপ হবে? ফলের দাম কি বাড়বে? হাজার হাজার লোক রেষ্টুরেণ্টে চা খান, সেই চায়ের কোয়ালিটি কি খারাপ হবে? এইগুলি আমরা জিজ্ঞাসা করেছিলাম। কিন্তু তার কোন এ্যাস্যুরেন্স মুখ্যমন্ত্রীমহাশয়ের কাছ থেকে পেলাম না। বিল এখন আলোচনা হচ্ছে, পাশ হয়ে, আইন হয়নি, আর এখনই শুনতে পাচ্ছি বাজারে লেবুর দাম বেড়ে গিয়েছে এর মধ্যে। তাদের যদি লেবুর মণ প্রতি দেড় টাকা করে দিতে হয়, তাহ'লে লেবুর দাম এক পয়সা করে বেড়ে যাবে, অর্থাৎ যেগুলি দু' পয়সা ছিল, সেগুলি তিন পয়সা হবে। এই জিনিষ আমরা খবর পাই বাজারে গিয়ে, যে পেয়ারার দাম বেড়ে গিয়েছে, শুনতে পাচ্ছি আঙ্গুর, আপেলের দামও বেড়ে গিয়েছে। সমস্ত রকম জিনিষের দাম বাড়ছে, এই হচ্ছে ঘটনা। কোথায় তাঁর এ্যাস্যুরেন্স? তাঁর এ্যাস্যুরেন্সএর মূল্য নাই। আমরা যা ভেবেছিলাম, এক্ষণি সেটা ফলে যাচ্ছে। অমনি ডাঃ রায় হয়ত বলবেন, "আমি কি করবো, আমি শুধু কর বসাবার জন্য দায়ী; আমি কি বেশী দিতে বলেছি? এ তো কতকগুলি দুষ্টলোক আছে, তারা যদি এই জিনিষ করে, তাহলে আমি কি করবো?" একথা তিনি নিশ্চয় বলবেন। আমি বলি, আপনি যখন সরকারের প্রধানমন্ত্রী হয়েছেন, তখন একথা আপনার কাছ থেকে শুনতে রাজী নই। এ্যাস্যুরেন্স যদি দিতে হয়, তাহ'লে এইভাবে এ্যাস্যুরেন্স দিন যে ব্যবসাদারদের করের বোঝায় ভারাক্রান্ত করবেন না, যারা ক্রেতা তাদের উপরও আর করের বোঝা চাপাবেন না। অন্ততঃ তিনি যদি এইটুকু বলতেন যে, ক্রেতাদের উপর কোন রকম কিছু হবে না, তাদের কিছু খারাপ হবে না, তাহ'লে না হয় বুঝতাম। কিন্তু কোন দিক থেকেই আমরা তার এ্যাস্যুরেন্স পেলাম না। আমরা জানি, তাঁর এ্যাস্যুরেন্সএর কোন মূল্য নাই। কারণ, তাঁর কোন ক্ষমতা নেই যে, মার্কেট কণ্ট্রোল করতে পারেন, মাছের বাজারকে কণ্ট্রোল করতে পারেন। আমরা দেখছি চায়ের দাম বেড়ে যাচ্ছে, তাকে তিনি কণ্ট্রোল করতে পারেন নি, সরষের তেলের দাম যখন বেড়ে যায়, তখনও তিনি তা কণ্ট্রোল করতে পারেন নি। তিনি হয়ত বলবেন, 'আপনারা যারা অপোজিশনএ আছেন, আপনারা ব্যবসা বোঝেন না, অতএব আমি আপনাদের কথা মানবো না'। অবশ্য আমি ব্যক্তিগতভাবে কোন ব্যবসা কোনদিন করিনি, জানিও না। বিধানবাবু অনেক ব্যবসা করেছেন, তিনি একজন ব্যবসায়ী বটে, তিনি নিশ্চয়ই সব জানেন। দুঃখের বিষয় এটা তাঁর জীবনের একটা বড় জিনিষ হয়ে দাঁড়িয়েছে, কিন্তু তবুও অপোজিশন থেকে অনেক জিনিষ দেখুন। তিনি ডাক্তার, তিনি ব্যবসা সম্পর্কে কি বোঝেন, তা আমি বুঝতে পারছি না।

[4—4-10 p.m.]

আমরা বলছি এই কথা—এই কর যদি চাপান তাহ'লে যারা করদাতা তাদের উপরই গিয়ে পড়বে, যা সমস্ত ক্ষেত্রেই হয়। একবার ছড়িয়ে পড়ার সঙ্গে সঙ্গেই এই আইনটা পাশ না হতেই এক পয়সা দু' পয়সা করে নানা জিনিষের দাম বেড়েছে, জিনিষপত্রের দর যদি বাড়ে তাতে জনসাধারণের কি রকম কষ্ট দুঃখ বাড়ে সেদিকে নজর দিলে এ জিনিষ এরকমভাবে করা ঠিক হবে না। ঐ যে এক পয়সা ট্রাম ভাড়া বেড়েছিল, তার জন্য কি আন্দোলন হয়েছিল, আপনারা জানেন। সে আন্দোলন আমরা যে করেছিলাম, তাতে জনসাধারণের কি উপকার হয়েছে, না অপকার হয়েছে? আমরা বলি জনসাধারণের উপকার হয়েছে। ট্রাম কোম্পানীরও যে লাভ কমেছে তা নয়, আরও বেশী লাভ করতে পারে নাই, এইটে ঠিক কথা। তাতে জনসাধারণের পক্ষে আন্দোলন

করে আমরা তাদের ভালই করেছি। সেইজন্য এই আইনটার যখন আমরা বিরোধিতা করছি, তখন আমরা মনে করি, জনসাধারণের ভালই করছি। উনি বলেছেন, দু'চার জন ফল ব্যবসায়ী নাকি ও'র কাছে এসেছেন, তাঁরা নাকি বলেছেন, আপনারা এই রকম করুন। কিন্তু তাঁরাই কি সব? অন্য কারও কথা শুনেছেন? আরও যে দলে দলে ব্যবসায়ীরা বলছে, আমরা আর কত কর দেব—কত টাকা দেব, এসব কি তাঁর কানে যায় না? এইটে হচ্ছে সবচেয়ে আশ্চর্যকর।

তারপর আমি যে কথাটা বলতে যাচ্ছি, সেটা হচ্ছে চায়ের ব্যাপার। চায়ের ব্যাপারে আমরা কাকে ট্যাক্স দিচ্ছি না? নানাভাবে এটা বর্তমানে আদায় হচ্ছে, তার উপর তিনি আবার কর চাপাচ্ছেন, তাতে তিনি কত টাকা পাবেন—এক কোটি কি দু' কোটি পাবেন ডাঃ অতীনবাবু বলেছেন, আমরাও বলি—এর হিসেবটা আমাদের দিচ্ছেন না কেন? এতে কত খরচ হবে, এই জিনিষ এনফোর্স করতে, এই জিনিষটা কার্যকরী করতে যে খরচ হবে সে খরচটা কত হবে? তাছাড়া লোকের হয়রানিরও একটা দিক রয়েছে। তখন তিনি বুঝবেন কেমন খরচ হবে। সরকার চালের ব্যাপারে কর্ডন করেছিলেন—প্রয়োজন তখন তার হয়েছিল, এইটে মনে করে যে জনসাধারণের ভালই করা হচ্ছে, কিন্তু এমন মানুষ কে আছে, আমি ত এমন মানুষ কেউ আছে বলে জানি না, যারা বলেছে কর্ডন থাক। আমরা জানি সমস্ত মানুষ তখন বলত কর্ডনের হাত থেকে আমাদের বাঁচান। রেশনিং হওয়ার আমাদের প্রয়োজন ছিল এবং হয়েছিল। কিন্তু পরে মানুষ অভিশাপ করেছে এবং আমাদের এই রেশনিং প্রথার হাত থেকে বাঁচাবার জন্য বলেছে।

এরকম ঘটনাও আমাদের বাংলাদেশে দেখেছি, দু'চার দিন আগে আমি বাড়ী ফিরছিলাম, গড়িয়াহাট রোডের মোড়ে দেখলাম সকালের দিকে দুপুরবেলায় একটা পুলিশ ট্রাক গড়িয়াহাট মার্কেটের কাছে এসে দাঁড়াল। সেখানে দাঁড়িয়ে কতকগুলি ফেরিওয়ালা ফল বিক্রী করছিল তাদের পুলিশ ধরলো, ধরে ট্রাকের মধ্যে ওঠালো। আমি ভাবলাম এই ফলগুলির কি হবে? ওরা হয়ত ফুটপাথে লোক চলাচলের অবষ্ট্রাকশন করেছিল, না কি করেছিল—সেইজন্য ওদের ধরল।

[At this stage the red light was lit.]

আরো সময় লাগবে। কিন্তু আমি ভাবলাম কি হবে এই ফলগুলির? পুলিশ ফলওয়ালাদের ধরেছে, যদি কোন আইনভঙ্গ করে থাকে, তাহ'লে ওদের হাজত হবে, সাজা হবে, কিন্তু ঐ ফলগুলির কি হবে? আমাদের এই স্বাধীন ভারতবর্ষে কলকাতা সহরের উপরে দিনের বেলায় পুলিশ লাঠি পেটা করে লোকদের ট্রাকে ধরে ধরে নিয়ে যাচ্ছে, তাদের মানুষের প্রতি সাধারণ ভদ্র ব্যবহারের ব্যতিক্রম দেখেও চুপ করেই দাঁড়িয়ে রইলাম, প্রতিবাদ করলেই বলবে, পুলিশ তার কাজ করছে তুমি অবষ্ট্রাকশন করছ। পুলিশ ভদ্রভাবে কিছু করেছে এ তো কখনো দেখলাম না। মানুষের এই রকম অপমান যদি কলকাতা সহরে হয়, তাহলে এই বিল যখন আইনে পরিণত হবে এবং যেভাবে তা ও'রা করবেন পারমিট ইত্যাদির ব্যবস্থা যা করা হচ্ছে, তখন ব্যবসায়ীদের কি অবস্থা হবে আমরা বুঝতে পারছি না। এবং এও বুঝতে পারছি, আর একটা সুযোগ হবে, এই আইনের মারফৎ অসংখ্য মানুষ ঘুষ নেবে এবং অসংখ্য মানুষ ঘুষ দেবে ;—এর থেকে পরিত্রাণ পাবার উপায় নাই।

তারপরে আমরা যেটা জানি সেটা হচ্ছে এই যে, ডাঃ রায় যদি আমাদের বলতেন, এই আইনের সম্পূর্ণ বিরোধিতা করেও আমি বলছি, এ থেকে 'এত' যদি আমার আয় হয়, যা আমি আশা করছি তাহলে ফল থেকে এবং চা থেকে, 'এত' যদি পাই তাহলে সেল্‌স ট্যাক্স সম্পূর্ণ তুলে দেব—একথা যদি বলতেন তাহলেও না হয় বুঝতাম, কিন্তু তিনি তা বলেন নি। শঙ্করপ্রসাদ মিত্রমহাশয় বলেছেন—যাকে সলেম এ্যাস্যুরেন্স সে হচ্ছে একটা ভেগ এ্যাস্যুরেন্স—তাঁর একথার মূল্য কি? কত আদায় হলে সেল্‌স ট্যাক্স উঠে যাবে তা বুঝছি না। কাজেই আমরা বলছি এটা হচ্ছে শুরু, এটা শেষ নয়। এবং অনিবার্য কারণে এই পথে এই সরকারকে যেতে হবে। যে পরিকল্পনা গ্রহণ করেছেন, যাদের চিন্তাধারা, যাদের মত গৃহীত হয়ে আজ পঞ্চবার্ষিক পরিকল্পনা এসেছে, আমি বলি না, তাঁরাই বলছেন, অনিবার্য কারণে এই হচ্ছে গভর্ণমেন্টের শুরু। এইভাবে বিভিন্ন কর বসিয়ে তাঁরা চলবেন উন্নয়নের নামে ডেভেলপমেন্টএর নামে, এবং বেটারমেন্ট হবার আগেই আসবে বেটারমেন্ট লেভি। এইভাবে সরষের তেলের উপর,

কেরোসিনের উপর, দেশলাইয়ের উপর, চিনির উপর, তাঁরা চাপাবেন, তা আমরা জানি। উপরের দিকে তাকাবার উপায় নাই, কারণ, টাটা বিড়লার গোষ্ঠী যারা, যারা ইংরেজ মালিক, যারা বড় বড় কারখানার মালিক, তাদের গায়ে হাত দেওয়া কঠিন। কারণ তাদেরই সরকার —ওঁরা তাদের প্রতিনিধি। তারপর বড় বড় জমিদার রাজা মহারাজা, যারা লক্ষ লক্ষ টাকা, আমরা জানি, তাদের যে খেসারৎ দিতে হবে, তার জন্য সাধারণ মানুষ যারা একটা ফল খাবে তাদের নিশ্চয়ই দিতে হবে এক পয়সা, দু' পয়সা, এক আনা বা দু' আনা করে। নৈলে টাকা আর কোথায় পাবেন? যাদের জমিদারী নেওয়া হয়েছে তাদের টাকা দেবার জন্যই এই জিনিষটি হচ্ছে। কারণ তাদের টাকা দেবার উপায় সরকারের আর কিছু নাই। বিধানবাবুকে শুধু শুধু দোষ দিয়ে লাভ নাই। আর কি তিনি করতে পারেন? যদি করেন—তাহ'লে হবে মিরাক্‌ল্‌ এবং মিরাক্‌ল্‌ আজকাল হয় না। সুতরাং তিনি যে শ্রেণীর মানুষ। শুরু ত হ'ল ফল নিয়ে, জানি না কোথায় শেষ হবে। কিন্তু আমরা বলে দিচ্ছি, প্রধানমন্ত্রী, মুখ্যমন্ত্রীকে আমরা আছি, আমরা আমাদের তরফ থেকে আপনাদের প্রাণপণে বাধা দেব। আপনারা যান না, যারা কোটি কোটি টাকার মালিক তাদের কাছ থেকে আদায় করুন, দু' কোটি কেন অনেক কোটি টাকা তাঁরা দিতে পারেন; ইংরেজ কোম্পানী যারা এখান থেকে বাইরে টাকা পাঠায়, তাদের সেই টাকা আটকান। কেন আমাদের টাকা বাইরে যাবে? এটা আমরা সহ্য করব না। একথা আমরা জানি, বাংলাদেশের মানুষেরা, বাংলাদেশের লোকেরা আমাদেরই দিকে, শেষ অবধি আমাদেরই জয় এবং আপনাদের পরাজয়।

Sj. Jogesh Chandra Cupta: Mr. Speaker, Sir, I was a bit amused when Sj. Jyoti Basu said jeeringly that Sj. Sankar Mitra stood up and supported Dr. Roy. Sir, from that side the complaint was that not a single member from this side was supporting Dr. Roy. But when the support came, they again turned round and said "Well, that support was commandeered and would not have otherwise been given." (Sj. JYOTI BASU: It was not commandeered. It was given willingly.)

Sir, a taxation measure is always unwelcome. (Sj. JYOTI BASU: No. Not on the rich.) But in an undeveloped State when you have got to develop your own resources, when you have got to attempt to increase the standard of life of the masses, and when particularly you have got to tackle the most baffling problems of unemployment, however unpalatable, taxation becomes inevitable.

[4-10—4-20 p.m.]

The other side has also ignored another fact while they have been trying bitterly to oppose this present Bill. They ignored the fact that there was already a sales tax there. In the operation of the sales tax so far as the fruit dealers are concerned in fact there is a good deal of evasion on the one hand lessening the Government revenue and also creating a prejudice in the business of the people who have to pay. The fruit-dealers themselves came forward with the alternative suggestion which the Chief Minister was pleased to accept as an experimental measure. That explains why there has not been a categorical provision that the sales tax on fruits is hereby repealed, because coming as it did from the fruit dealers Government has got to see how it works. My friends on the other side said "You have not said how much money you want". We know what was the realisation during these years from fruit tax and if as I believe as these fruit dealers have assured, in a month possibly, the Government will realise what they could not realise during the year. There is another ground, for not categorically repealing the Act, which has been furnished by the other side. They have held out a threat that this Bill will be killed by being taken to the court. Therefore, the Finance Minister is well advised not to repeal the sales tax on fruits at the present moment.

Sj. Jyoti Basu has said why the Chief Minister does not give an assurance that prices will not rise. I do not know if the other side wants that the Chief Minister should introduce control system in order to control price. I am sure it will not be done, as control carries with it many forms of oppression and corruption and therefore it is idle to ask the Chief Minister to control price. Control should be done by the public. They should be vigilant. The dealers should also try to give a fair deal with regard to the articles. There is another ground which calls for support of this measure. It is this: many of us have been advocating that taxation should be at the source which makes the taxation less irksome and the expenses for collection is less. Here by adopting the collection at source, we are giving a support to the policy of taxation at source. I have hopes that if the policy of taxation at source is steadily followed we shall have such a large amount collected from sales tax or these octroi duties that it will be possible for us in no time to do away with tax on fruits, sweets and school text books which most of us desire.

Sir, from the opposite benches it is always said that the Congress Party cannot possibly touch the richer section and always oppresses the poorer section. Sir, it is the Congress Party who have introduced the Estate Death Duty. I think that is not showing tenderness to the rich; it is the Congress Party which has introduced the slab system in income-tax imposition. Does it show that the Congress Party is showing tenderness to the rich? Sir, I want public opinion to be strong against persons who will, when a taxation is proposed and before it is levied, increase the price. Instead of organising some of the processions in order to interrupt the business of the House why my friends do not organise picketing to see that the dealers cannot take higher price......(Sj. JYOTI BASU: That can be done provided no arrests are made)... .They can go to the market and ask the dealers "Look here, you are charging 3 pice for a *pati lebu* when the price should be 2 pice"......If they have a programme like that, they need not ask permission for doing a right thing. But if they try to incite the people then of course the hand of law will stop them......(Sj. BANKIM MUKHERJI: No right thing can be done under this barbarous Government)......Did Hemanta Babu cease to act against the Portuguese Government because they were barbarous......You better follow that policy .. . [interruptions]. I do not want to take more time of the House as I have already given my opinion on the Bill.

Sj. Janardan Sahu:

মাননীয় স্পীকার মহাশয়, কয়েকদিন ধরে এই যে বিল আলোচনা হচ্ছে তার মধ্য থেকে আমি একটা জিনিষ আবিষ্কার করেছি, বুক ফাটে ত মুখ ফোটে না। আমরা যারা সদস্য হিসাবে এখানে এসেছি, আমাদের যখন বাইরের লোকেরা জিজ্ঞাসা করে, মহাশয়, আপানারা ফলের উপর ত ট্যাক্স করছেন, এটা আমরা কি করে সইতে পারি, কোনদিন ত এমন হয় নি। তখন আমরা আমতা আমতা করে মাথা চুলকাই এবং তাঁদের কথার ঠিক উত্তর দিতে পারি না। তখন হয়ত কেউ কেউ বলেন, কি করি মহাশয়, সরকার করছেন। কি করি, আমাদের কথা থাকে না, এই আমাদের জবাব দিতে হয়। এটা আমরা সকলেই জানি কলিকাতার একটা জিনিষের দাম এক টাকা হলে পল্লীগ্রামে ৫ টাকা হয়ে যায়। পল্লীগ্রামের কথা যদি খোঁজ করে দেখেন, ছোট ছোট সহরের কথা বলছি না, অনেক পল্লীর কথা বলছি, সেখানে দেখবেন যে, সেখানে কোন ভাল ফলের দোকান আছে বলে জানি না। ন্যাসপাতি, বেদানা, আঙ্গুর প্রভৃতি ভাল ভাল ফল, খুব কম দোকানে থাকে, খেতে পায় খুব কম লোক। একজন ডাক্তার হয়ত বলে দিলেন রোগীকে কমলালেবু খেতে দিতে। গরীব লোক পয়সা পায় না। বেগুন, সীম প্রভৃতি বেগুলি ২।৩।৪ আনা সের সেগুলিই তারা খেতে পারে না।

[4-20—4-30 p.m.]

একজন ডাঃ কোন এক রোগীকে বল্লেন কমলালেবু খেতে দিও। গরীব লোক পয়সা পায় না। ২-৪ পয়সার পালং শাক বা অন্য কিছু বিক্রী করে যা পায় তা দিয়ে খেতে হবে। কিন্তু যেহেতু ডাঃ বাবু বলেছেন কমলালেবু খেতে দিও সেইহেতু সে ভাবল, বোধহয় কমলালেবুতে এমন কিছু আছে যা খেলে রোগ সেরে যাবে। তাই অতি কষ্টে কোন রকমে সামান্য কয়েকটি পয়সা জোগাড় করে হয়ত একটি কমলালেবু কিনে আনল তারপর একটি দু'টি ক'রে ৭-৮ দিন ধরে সেই একটি লেবুর কোয়া কটি খেতে দিল। এই অবস্থায় আপনারা ফলের উপর ট্যাক্স বসাচ্ছেন। এই যদি হয় তাহলে গরীব ফল খেতে যে পারবে না, এটা কি জানেন না? আমি নিজের কথাই বলি—আমাকে জ্বরের সময় অনেকে ফল দিতে চায় কিন্তু আমি খাই না। কি করবো গরীবেরা খেতে পায় না—আমিও তো গরীব মানুষ তাদের মত! এই যে অবস্থা একে আমাদের গরীব ছেলেমেয়েরা ফল খেতে পায় না, সুতরাং চিন্তা করে দেখুন কোন ট্যাক্স বসানো উচিত কিনা? আপনারা খবরের কাগজেও হয়ত দেখে থাকবেন চারিদিকে আন্দোলন হচ্ছে এটা কি করলেন সরকার? কোনদিন শুনিনি, ফলের উপর কর বসেছে—আমাদের ছেলেরা কি খেতে পাবে না? এই কর আদায় করতে গিয়ে হয়তো যে খরচ হবে সেই খরচই উঠবে না। টাকার অভাব থাকে, টাকার দরকার হয়, যে সেল্‌স ট্যাক্স ফাঁকি দিচ্ছে সেই ফার্মকে ধরুন। আমি আমার এক একাউন্টেন্ট ছাত্রের নিকট শুনিয়াছি যে, অডিটের সময় দেখেছে যে, সে ফার্ম ১ লক্ষ ২০ হাজার টাকা ফাঁকি দিয়েছে। দার্জিলিংএ তার হেড অফিস আছে। ইভেসনএর কথা পরে তারাও স্বীকার করেছে। বহু টাকা তো এরকম আদায় হয় না, সে সব কেন চেষ্টা করছেন না। এসব কথা বহু বন্ধু এখানে বলে গেছেন, কাজেই ফলের উপর ট্যাক্স না বসালেই ভাল। এটা সকলের মনেই লাগবে। এটা দয়া করে বন্ধ করে দিন এই বিল উঠিয়ে নিন। যদি নিতান্ত টাকার দরকার হয় তাহলে বহু বড়লোক আছে তাদের উপর কর চাপান, আইন করুন, কিন্তু গরীবকে মারবেন না। আগে তো ভাল কাজের জন্য কত ডাকাতি হ'ত, হয়ত ডাকাতি করে ২০ হাজার টাকা আনল, কালী-পুজায় ৫ হাজার খরচা করে পাপস্খালন করল। ভাল কাজের জন্য টাকা দরকার হ'লে সে রকম ডাকাতি করে টাকা নিতে পারেন!! [হাস্য] আমার অনুরোধ মন্ত্রীমহাশয়কে এই যে, ফলের উপর কোন ট্যাক্স করবেন না।

Sj. Dasarathi Tah:

মাননীয় অধ্যক্ষমহোদয়, জীবনে যাদের ফুল ফুটল না এবং ফলও ফলল না তাদের হাত দিয়ে ফলহরণ আইন আসবে তাতে আশ্চর্য হবার কি আছে? তবে বিলের তৃতীয় পর্যায়ের আলোচনায় বক্তৃতা করতে যেয়ে এইকথা বলছি যে, এতগুলি বিলের উত্থাপনকারী ডাঃ রায় দিল্লী থেকে ঘুরে এলেন, সেখানে তিনি গোয়া সম্বন্ধে যে বক্তৃতা করেছেন তাতে আমাদের অহিংসার বাণী শুনিয়েছেন। আমরা আশা করি তাঁর চিত্তের পরিবর্তন হয়েছে। সেই আশা নিয়ে আমি তাঁকে এখনও বলতে চাই যে, এই বিল প্রত্যাহার করুন। এটা আমরা দেখে আসছি অহিংস যারা তারা নিরামিশাষী। অর্থাৎ শাকভোজন করে বা ফল আহার করে। কিন্তু যারা ঘাস ভোজন করে, এটা বিশ্লেষণ করলে দেখা যাবে, যারাই শাক খায় তারাই অহিংস হয় না। যেমন ষাঁড় ঘাস খায়, কিন্তু গুঁতিয়ে দেয়। [হাস্য।]

অতএব দেখা যায়—যাঁরা অহিংস তাঁরা শুধ ফলই খান। মহাত্মা গান্ধী শেষ জীবনে মোসাম্বী ফল খেতেন এবং তার রস গ্রহণ করতেন। আজ তিনি বেঁচে থাকলে বাংলাদেশের এই অপকর্মের জন্য সারা ভারতবর্ষে সত্যাগ্রহ আরম্ভ হয়ে যেত। অধ্যক্ষমহোদয়, এই ফলের উপর করের যে ব্যবস্থা হচ্ছে যা ডাঃ রায় এতে ফলের নমুনা সংগ্রহের যে পন্থা রাখছেন সেটা বড় চমৎকার। সেটা অসীম—আনলিমিটেড। তার কোন সীমা নাই। এটাই আতঙ্কের বিষয় যে, অপোজিশনএর ঝুড়ি থেকেই নমুনা বেশী নেওয়া হবে তার নমুনা আমরা পেয়েছি। এই হাউসে আম ফল চ্যুত ফলের আলোচনা চলতে চলতে আমরা দেখছি আমাদের অপোজিশনের ঝুড়ি থেকে আমাদের বন্ধু লুৎফুল হক সাহেবকে আমরা হারালাম। [হাস্য] সেজন্যই বলছিলাম অপোজিশনএর ঝুড়ি থেকে বেশী নমুনা নেবার ব্যবস্থা হচ্ছে। আমরা

ভেবেছিলাম দেশ স্বাধীনতা লাভ করার পর দেশকে যে সমাজতান্ত্রিক ধাঁচে গড়বার কথা হচ্ছে তাতে দেশে আমূল পরিবর্তন আসবে এবং আমাদের ব্রহ্মচারী মুখ্যমন্ত্রী ডাঃ রায় যে আইনের বিধান করছেন তাতে নিষিদ্ধ ফলের উপর যদি ট্যাক্স করতেন তাহ'লে বেশী কিছু আপত্তি হ'ত না। কিন্তু তা না করে তিনি আম, পেয়ারা, লেবু প্রভৃতির উপর ট্যাক্স করতে চলেছেন, হ্যাঁ, কলার উপর করেন নি—কলাটাকে বাদ দিয়েছেন, কারণ, ফলের উপর করের প্রতিবাদ করার উত্তরে কিছু বললেই ঐ কলাটাকে তিনি দেখিয়ে দেবেন। তার একটা কারণ আছে, যেহেতু রামরাজত্ব সৃষ্টি করতে হবে তাই কলার উপর ট্যাক্স বাদ দিচ্ছেন, কারণ, সেটা করলে খুব দোষ হবে। কিন্তু শেষ পর্যন্ত খুব দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, তিনি শেষ পর্যন্ত লেবু কচলাতে আরম্ভ করেছেন। লেবু যদি ফল হল তাহলে বার্তাকু, অলাবু, পলাণ্ডু, কাঁচালঙ্কা ফলের পর্যায়ে পড়বে কিনা জানি না ; তবে একথা বলি, এগুলি যদি ফলের পর্যায়ে না পড়বে তাহ'লে লেবু কেন ফলের পর্যায়ে পড়বে? অতএব অন্ততঃ লেবুকে দিল্লী থেকে এসে তিনি রেহাই দিন এই অনুরোধ করি। পূর্বকালে আমাদের দেশে ব্রাহ্মণ, বিশিষ্ট অতিথির ভোজনের জন্য ফলাহারের ব্যবস্থা ছিল। আজকাল সেটা 'ফলারে' এসে দাঁড়িয়েছে। ফলার থেকে ফল একেবারে বাদ গেছে। আজ 'ফলার' মানে হচ্ছে চিঁড়ে, মুড়কি ও কাঁচাগুড়। অর্থাৎ তার মধ্যে কোথাও ফলের নামগন্ধও নাই। দেশ স্বাধীন হবার পর আমরা আশা করেছিলাম, দেশে বুঝি পুনরায় ফলাহারের প্রবর্তন হবে, কিন্তু দেখছি দিনের পর দিন কর্তারা ফল হরণ করছেন। আমাদের পেয়ারাপ্রেমিক গুপ্তসাহেব ফলের উপর ট্যাক্স বন্ধ করতে আমাদের নূতন করে সত্যাগ্রহের জন্য উৎসাহিত করছেন। বাঃ, এ'রা আইন করবেন আর আমরা বেয়াকুবের মত সত্যাগ্রহ করতে যাব? [হাস্যরোল] বরং এটা হবে যে, যে আইন করবেন তার উপর সত্যাগ্রহ করবো। পেয়ারার দিকে এ'দের নজর পড়ল আর লেবুর দিকে নজর পড়ল না? এ'রা বলছেন চায়ের উপর কর বসাবেন, ইতিপূর্বেও ডাঃ রায় তৈয়ারী চায়ের উপর কর বসাতে চেয়েছিলেন, তখন দেশে খাদ্যসঙ্কট ছিল, তাই আমি এই যুক্তি দেখিয়েছিলাম যে, চায়ের উপর কর বসাবেন না, কারণ চা খেলে ক্ষুধার মন্দা হয়। দেশের মানুষকে যখন খাদ্য দিতে পারছেন না, তখন চা-ই খেতে দিন, চায়ের উপর কর বসাবেন না। তখন তিনি তা শুনেছিলেন কিন্তু তাঁর মনে কুমতলব আছে, তাই তিনি ঘুরে ফিরে আবার ঐ চায়ের উপরই কর বসাবার জন্য চেষ্টা করছেন। হয়ত তিনি যুক্তি দেবেন আপনারা বেয়াকুবের মত কেন বলছেন, আমি ত আপনার চাষীভাইয়ের কোন ক্ষতি করছি না। বর্ধমান, মেদিনীপুর প্রভৃতিকে বাদ দিয়ে কেবল হাওড়া, ২৪ পরগণা এবং কলকাতায় কর বসাচ্ছি। এটা খুব ভাল যুক্তি অর্থাৎ দেহের কোন জায়গায় কিছু ত করছি না কেবল গলা কেটে মাথাটা পৃথক করে দিচ্ছি। [হাস্য] অধ্যক্ষমহোদয়, ইয়োরোপে বিলাতে যখন জার্মাণীর যুদ্ধ হয় তার ঠেলায় আমাদের দেশে কলমী শাকের দাম বেড়ে যায়। ব্যবসার প্রাণকেন্দ্রে যদি আঘাত করা যায় তাহ'লে সমস্ত জায়গায় তার প্রতিক্রিয়া দেখা দেয়। আমি তাই একথা বলতে চাই যে, কলকাতা শহরের বুকে যদি আজ কর বসানো হয় তাহ'লে পল্লীগ্রামে সে জিনিষের দর বাড়বে না, এটা ঠিক নয়। তাছাড়া চায়ের বাজার চড়চড় করে বেড়ে যাচ্ছে, এটা আমরা দেখছি। আজকাল যে জিনিসটা দেখতে পাচ্ছি, সেটা হচ্ছে, ভদ্রলোকের কথার ঠিক থাকে না। চায়ের উপর কর বসাবেন না, সেকথা মুখ্যমন্ত্রীমহাশয় কিছুদিন পূর্বে মাত্র বলেছেন ; আজ ঘুরে ফিরে সেই চায়ের উপরই কর বসাচ্ছেন। তারপর আরও যে কি হবে, ঠিক কি? ডি, ভি, সি ক্যানেল কর যেখানে চার টাকা হ'তে বেড়ে সাড়ে পাঁচ টাকা ছিল, সেটা আজ পৌনে আট টাকা করে দিচ্ছেন।

[4-30—4-40 p.m.]

যত কিছু কর আছে দিনের পর দিন আবার আনছেন। চিনি, দিয়াশলাই, সরিষার তেল, সবকিছুর উপর কর বসাবার বিল আনবেন, এই মতলব। আমরা বিশেষ করে দেখতে পাচ্ছি যে, এখন ব্যাপার হচ্ছে, সেদিন ডাঃ রায় শ্লোক আওড়ালেন "যো ধ্রুবাণি পরিত্যজ্য অধ্রুবাণি নিষেবতে"—কিন্তু তিনি এ বিষয়টি নিজে হৃদয়ঙ্গম করতে পেরেছেন, কি? তাঁর হাতে সেল্‌স ট্যাক্স অস্ত্র রয়েছে, আবার তিনি নতুন ট্যাক্স করবার ক্ষমতা রাখছেন মতলব যেটাই কাজে লাগে লাগাতে পারেন। কিন্তু তিনি নিজেই বিশ্বাস করেন না যে, কোনটা সত্যই ধ্রুব আর কোনটা নয়, সেজন্যে কোটেশন দিয়ে বন্ধ করে দিয়েছেন। আমাদের নেপাল ভায়াকে

সেদিন তিনি মুখের মত জবাব দিতে গিয়ে যা বলেছেন ঠিকই। "রথ বলে আমি দেব, পথ বলে আমি, মূর্তি ভাবে আমি দেব, হাসে অন্তর্যামী।" তাই আমার বক্তব্য, তিনি নিজেই যখন অন্তর্যামী, তখন তিনি নিজগুণে এই কুখ্যাত 'ফলকর' আইন প্রত্যাহার করে নিন।

Sj. Sasabindu Bera:

এই যে বিলটা আমাদের সামনে আনা হয়েছে, এ সম্বন্ধে আমার বক্তব্য এই যে, ডেভেলপমেন্ট এর জন্য টাকার যদি প্রয়োজন হয় তার জন্য এই রকম বিল না আনাই উচিত ছিল। এই বিলটা যে আকারে এসেছে তাতে এটা আদৌ প্রয়োগ করা যাবে বলে আমি মনে করি না। দুটো বিশেষ দিক থেকে দেখাবো। একটা দিক হচ্ছে লোক্যাল এরিয়া বলে যে এরিয়াকে বলা হয়েছে তাতে প্রবেশ করলে চা ও কতকগুলি ফলের উপর ট্যাক্স বসান হবে। অথচ ঐ সমস্ত জিনিষের উপর ট্যাক্স নির্ধারণ করার জন্য লোক্যাল এরিয়ার মধ্যে কতকগুলি নোটিফাইড প্লেস নির্দিষ্ট করা হবে। সেই সমস্ত জায়গায় মাত্র ট্যাক্স নির্ধারণ করা হবে। এতে আমি মনে করি একটা গোলমালের সৃষ্টি হবে, যার ফলে এই আইনকে প্রয়োগ করা যাবে না। অপরদিক হচ্ছে এই যে, এর মধ্যে কতকগুলি ফলের উপর এনট্রি ট্যাক্স ধার্য করার ব্যবস্থা হয়েছে। এই সকল ফলের অধিকাংশ যেমন পেয়ারা, আম, কুল, বেদানা, আতা, নোনা, লেবু প্রভৃতি এই লোক্যাল এরিয়ার মধ্যে ২৪ পরগণা ও হাওড়া জেলায় হয়ে থাকে। কাজেই বাহিরের পেয়ারা, আম, কুল এর সংগে তাদের পার্থক্য কি কোরে করা হবে, আমি বুঝতে পারছি না। এবার এই পার্থক্য নির্ধারণ করতে না পারলে এই আইনকে কার্যকরী করা অসম্ভব হয়ে উঠবে। আমি বলছি এই যে, নোটিফাইড প্লেস এবং লোক্যাল এরিয়া তাদের উল্লেখ এই বিলের মধ্যে এমনভাবে রয়েছে যে, তার জন্য এই আইন কার্যকরী করা অসম্ভব। যদি বাহিরের থেকে যে সমস্ত ফল আসবে তার উপরে ট্যাক্স নির্ধারণ করতে হয় তাহলে এই যে, তিনটি জেলা হাওড়া, ২৪ পরগণা, কলকাতার বাউন্ডারী সমস্তটাকে নোটিফাইড বলে ডিক্লেয়ার করতে হবে। তা নাহলে যদি কয়েকটি মাত্র পয়েন্ট দিয়ে যে সমস্ত ফল আসবে সেই সমস্ত পয়েন্টএ সেই সমস্ত ফলের উপর ট্যাক্সের ব্যবস্থা হলে ব্যাপকভাবে স্মাগলিং হবে এবং তা ঠেকান যাবে না। এই আইনের মধ্যে যেখানে প্রেসক্রাইবড অথরিটি বা এই আইনে নিযুক্ত যে সমস্ত কর্মচারী তাদের যেখানে ১২নং ক্লজএ বিভিন্নপ্রকার ক্ষমতা দেওয়া হয়েছে সেই ক্ষমতার কথা এবং যে পেনাল ক্লজ সেক্সন ১৪ আছে সেখানে যে শাস্তির ব্যবস্থা আছে তা আলোচনা করলে দেখা যায়, স্মাগলিং করে কিভাবে সহজে সহজে পরিত্রাণ পাওয়া যাবে এবং স্মাগলারদের সরকার কোনপ্রকারে জব্দ করতে পারবেন না। কারণ আমরা দেখেছি, ঐ ১২ নম্বর ক্লজএ যেসমস্ত ক্ষমতা দেওয়া আছে প্যাকেট খোলা বা এক্সামিন করা কেবলমাত্র নোটিফাইড প্লেস ছাড়া করতে পারবেন না। স্যাম্পল নেওয়া সেটাও নোটিফাইড প্লেস ছাড়া নিতে পারবেন না। সার্চ করতে পারবেন "রোড ভেহিকেলস্, রিভার ক্রাফ্ট্স, লোড্স ক্যারেড বাই মেন", কিন্তু স্মাগল্ড হয়ে যদি কোনখানে জমা হয়, কেউ যদি লোক্যাল এরিয়ার মধ্যে স্মাগল্ড জিনিষ নিয়ে জমা করে বা বিক্রি করে তাকে ধরবেন কি করে তার ব্যবস্থা নাই। সিজ করার সম্বন্ধে বলা হয়েছে যে, সেকশন ৬এ যা রয়েছে, নোটিফাইড প্লেস মধ্যে যে ফল যাবে, তার জন্য ট্রান্সপোর্ট পাসএর ব্যবস্থা দেওয়া হবে। এই ট্রান্সপোর্ট পাস না থাকলে মাল সিজ করা যাবে। কিন্তু যে ফল নোটিফাইড প্লেসএর মধ্যে দিয়ে গেল না, তা সিজ করবার কোন ব্যবস্থা এই বিলের মধ্যে নাই। ডিটেন করা তাও নোটিফাইড প্লেস ছাড়া অন্য কোথাও করা যাবে না। যে ব্যক্তি ফলকে স্মাগলিং করে লোক্যাল এরিয়ার মধ্যে নিয়ে ফেলেছে তাকে পেনাল ক্লজএর আওতায় আনা যাচ্ছে না। কারণ, এতে দেখছি লোক্যাল এরিয়ায় এনট্রির জন্য যে বিল অফ এন্ট্রি সাবমিট করতে হয় তা সাবমিট না করার জন্য মাত্র তিনি অপরাধী হতে পারেন। পেনাল্টি ক্লজএর অন্য কোন ধারার আওতায় তিনি পড়বেন না। আর এই অপরাধের চার্জএ কাকেও দণ্ড দেওয়াও সহজ নয়। শুধু নোটিফায়েড প্লেস ছাড়া ট্রান্সপোর্ট পাস লাগবে না। কাজেই আইনের দিক থেকে এই আইন কার্যকরী করা মুস্কিল। বিলএর মুভার বলেছেন, ছোটখাট ডিলার্স সেল্স ট্যাক্স ফাঁকি দিচ্ছে তাই এই বিল এনেছেন। কিন্তু আমার মনে হয়, এই আইনের ট্যাক্স আরও বেশী ফাঁকি হবে। ডেভেলপমেন্টএর জন্য টাকা প্রয়োজন, তা এ বিলের মারফত আসবে না, কারণ এর

জন্য খরচাও অনেক বেশী হবে। একে সুষ্ঠুভাবে কার্যকরী করতে গেলে অনেক কর্ডোনিং অফিসার এবং পেট্রল অফিসার ইত্যাদি রাখতে হবে তাতে ব্যয় বেশী হবে, আয় বেশী হবে না। লোক্যাল এরিয়ার ফলের সঙ্গে বাহিরের যেসমস্ত ফল আসবে তা একবার মিশিয়ে ফেললে তা আলাদ করা মুস্কিল। তা এই আইনের আওতায় আনবার চেষ্টায় সরকারী কর্মচারীরা সব শ্রেণীর ডিলার্সদের অমানুষিকভাবে হ্যারাস করবে। এইজনাই আমি বলেছি এই আইনকে সুষ্ঠুভাবে কার্যকরী করা সম্ভব হবে না। এ আইনে কোন সুফল পাওয়া যাবে না। এই অবস্থায় আমি বলবো এই বিলটা ফিরিয়ে নিন।

[4-40—4-50 p.m.]

Sj. Amarendra Nath Basu:

মাননীয় অধ্যক্ষমহাশয়, এই বিলটি আলোচনাকালে আমার মনে এই ধারণাটা বদ্ধমূল হয়েছে যে, এই সভায় যুক্তির কোন মূল্য নাই। বিরোধীপক্ষ থেকে যেসব সংশোধনী প্রস্তাব আনা হয়েছিল তার উপর যেসব যুক্তি দিয়ে বোঝাবার চেষ্টা করেছিলেন আমার বন্ধু ডাঃ অতীন বসু, শ্রীবঙ্কিম মুখার্জী, ডাঃ নারায়ণ রায়, ডাঃ রণেন সেন, শ্রীগণেশ ঘোষ প্রভৃতি সেই সমস্ত যুক্তি ভেসে গিয়েছে। ভাঁটায় যেমন সব কিছু ভেসে যায়, ভোটের টানে এই সভায় সেই সমস্ত যুক্তি ভেসে গিয়েছে। কাজেই এক এক সময় মনে হয় যে, এখানে বলার আর কোন প্রয়োজন নেই। এই বিলটিও ডাঃ রায়, আমাদের মুখ্যমন্ত্রীমহাশয়, আনবার আগে পরামর্শ করলেন কাদের সঙ্গে—যারা ব্যবসাদার আর যারা ব্যবসায় বিক্রয়কর ফাঁকি দিয়েছেন এবং তাঁর সরকারী কর্মচারীর সঙ্গে, যাঁরা বিক্রয়কর আদায় করতে পারেন নি, অবহেলা করেছেন। যখন টাকা আদায় করা দরকার, যা আমার শ্রদ্ধেয় নেতা জ্যোতিবাবু বলে গিয়েছেন, সেই টাকা আদায়ের অনেক পথ ছিল, সেইদিকে না গিয়ে, যারা বিক্রয়কর ফাঁকি দিচ্ছেন জানেন, তাঁদের সঙ্গে পরামর্শ করে আর একটা নূতন কর ধার্য করবার চেষ্টা করছেন, এমন কতকগুলি জিনিষপত্রের উপর যা মানুষের অত্যন্ত প্রয়োজন। আমি প্রথমদিনই একথা জানিয়ে দিয়েছিলাম যে, ফল মানুষের নিত্য ব্যবহার করা উচিত। আর যদি এমন বুঝি যে, সরকারী চেষ্টায় বাংলাদেশে ফলের চাষ বেড়েছে, বাংলাদেশে প্রচুর আম হচ্ছে, কমলালেবু না হোক, অন্যান্য ফল, যে ফল বাংলাদেশে হতে পারে, অথবা দার্জিলিংএ কমলালেবু প্রচুর হচ্ছে, এবং যার জন্য বাংলার বাইরে থেকে ফল আনতে হলে বাংলার ব্যবসা ক্ষতিগ্রস্ত হবে, সেই সকল যদি তাঁরা চিন্তা করতেন তাহলে না হয় তাঁরা এটা করতে পারতেন। কিন্তু যখন বাইরে থেকে ফল আসে এবং বাংলাদেশের সাধারণ মানুষের রোগীদের জন্য দুর্বল লোকের জন্য, বৃদ্ধার জন্য ফল অত্যন্ত প্রয়োজন, সেই সময় যে ফলের উপর একটা বিক্রয়কর রয়েছে সেটা ত রাখলেন, এবং আর একটা নূতন কর বসালেন। এ সম্বন্ধে মাননীয় মন্ত্রীমহাশয়কে আমরা যুক্তি দিয়ে বোঝাবার চেষ্টা করে ব্যর্থ হয়েছি। এই কথাই আমরা জানাচ্ছি। মন্ত্রীমহাশয় একটা কথা বলেছেন, সে কথা হচ্ছে এই যে, আমরা তীব্রভাবে এই বিলটির উপর আলোচনা করছি, এর বিরোধিতা করছি, তার কারণ, আমরা এর পর বাইরে গিয়ে এটা প্রচার করব, এ সম্বন্ধে প্রোপাগান্ডা করব, জনসাধারণকে বলব, "দেখ, সরকার কি অন্যায় করছেন।" এটা কোন নূতন কথা নয়, সত্যিই আমরা তাই করব। আমরা যেমন এই সভায় এই বিলটা যাতে পাশ না হয় তার জন্য চেষ্টা করেছি ঠিক সেই রকম চেষ্টা বাইরেও আমরা করব যে, এই বিল চালু হ'লে যাতে সাধারণ মানুষ আন্দোলন করে তারা জানিয়ে দেয় সরকারকে যে, এর দ্বারা আমাদের সমূহ ক্ষতি হচ্ছে, আমরা এই বিলের বিরুদ্ধে।

আমি আর একটা কথা বলি, তিনি যখন সেই ব্যবসাদারদের সঙ্গে পরামর্শ করলেন, এই ব্যবসাদারদের সঙ্গে আরও যারা যুক্ত ছিল, যারা মাথায় করে ফল নিয়ে গিয়ে দরজায় দরজায় বিক্রয় করে আসে, সেই আট-দশ হাজার ফেরীওয়ালা, হিন্দু-মুসলমান ভাই যারা আছে, তাদের ইউনিয়ন আছে, সেই ইউনিয়নকে ডেকে জিজ্ঞাসা করতে পারতেন যে, ফলের উপর একটা কর রয়েছে, তার উপর আর একটা কর চাপালে ক্ষতি হবে কি না? কিন্তু সেখানে তিনি একবার গেলেন না, চুপ করে রইলেন, তাদের ডাকলেন না, তাদের কথা শুনলেন না। আজকে নিশ্চিত, এই বিল যে পাশ হয়ে যাবে তাতে সন্দেহ নাই। আমরা গোড়া থেকেই ব'লে আসছি, যখন

প্রথম বিক্রয়করের উপর আলোচনা হয় যে, ফলের উপর যেন বিক্রয়কর চাপান না হয়। কিন্তু তারপরেও এখন আবার নূতন করে আর একটা কর এল। এটা যদি বুঝতে পারতাম যে, এই সভা থেকে পরিষ্কারভাবে ঘোষণা করা হবে যে, যেদিন থেকে এই নূতন কর চালু হবে সেদিন থেকে আমরা বিক্রয়কর তুলে দেব, তাহ'লে ভাল হত। কিন্তু তা না হওয়ার ফলে আমাদের শ্রদ্ধেয় নেতা জ্যোতিবাবু যেকথা বলে গিয়েছেন, সেকথা অত্যন্ত সত্য। আজকে সমস্ত রকম ফলের উপর দর চড়তে সুরু হয়ে গিয়েছে। যাতে ফলের দাম হঠাৎ এইরকমভাবে বেড়ে না যায় এবং সেটা বন্ধ করবার জন্য আমরা কোন পথ দেখছি না। অতএব আদায়ের দিক দিয়ে বিক্রয়করের সময় যে অবস্থা হয়েছে, এখানেও কি হবে তা আমরা বলতে পারি না। তিনি বলছেন, আমরা ধ্রুবকে ত্যাগ করতে পারি না। বিক্রয়কর যদি তেমনি ধ্রুব হয়ে থাকে, তাহ'লে আবার আর একটা নূতন কর আনলেন কেন? সেইটাই চাপিয়ে রেখে আদায় করবার চেষ্টা করতে পারতেন। কোনটা তাঁর কাছে ধ্রুব সেটা আমার জানবার ইচ্ছা আছে।

আর একটা কথা, এই বিলের দ্বারা কত টাকা আদায় হবে সেটা আমরা যেমন বুঝতে পারছি না, কিন্তু কত টাকা এর জন্য খরচ হবে সেটা আমরা অনুমান করতে পারি। এই যে ব্যবস্থা হচ্ছে এর ভিতর দিয়ে যে ধরপাকড়ের ব্যবস্থা হবে, যার জন্য, সাধারণ ফেরিওয়ালার পক্ষে ফল মাথায় করে বিক্রয় করতে নিয়ে যাওয়া বিপন্ন হবে, সাধারণ মানুষ, গৃহস্থ তারা কোন ফল আনতে গেলে বিপন্ন হবে। তার জন্য নিশ্চয়ই ব্যবস্থা অবলম্বন করা হবে এবং আমরা নিশ্চয়ই অনুমান করতে পারি, আগামী পুলিশ বাজেটে আরও অন্তত দুই কোটি টাকা খরচ বাড়তি হবে।

যে অসুবিধার কথা অতীনবাবু এই সভাতে এক্ষণি বললেন, সেগুলির আর আমি পুনরুক্তি করতে চাই না। আমি শুধু একটি কথা তাঁকে জিজ্ঞাসা করি, যেসমস্ত ফল হাওড়া স্টেশনএ রেলে করে আসে, সেই সমস্ত ফল যা পচে নষ্ট হয়ে যায় রেল দেরী করে আসার ফলে, তখন রেলওয়ে কর্তৃপক্ষ তার খেসারৎ দেন, এবং সঙ্গে সঙ্গে তার রসিদ দিয়ে দেন—ফলের যে দাম তার শতকরা ৬০ থেকে ৭০ ভাগ। আমি জিজ্ঞাসা করি, যখন ওজন করে, এই ট্যাক্স আদায় করবেন, তখন সেই পচা ফলের উপর কি ব্যবস্থা হবে, যদি সেটা আগে থেকে ঠিক না করেন, তাহ'লে সেই পচা ফলের উপর কর আড়তদারদের দিয়ে আসতে হয় এবং শেষে ফেরিওয়ালা, যারা মাথায় করে ফল বিক্রয় করে, তাদের উপর এই করভার এসে যায়। কিংবা সেই পচা ফল সারা সহরে চলে আসবে।

আমি আর সামান্য একটি কথা বলব। আমি লেবুর কথা বলছি না, এক ঝুড়ি লিচুর ওজন যদি এক মণ হয়, তাহ'লে তার সাথে যে পাতা থাকে তার ওজন হবে অন্তত ২৫ সের, এবং এই পাতার জন্য সেই ব্যবসাদারকে ট্যাক্স দিয়ে আসতে হবে।

শেষ মুহূর্তে আমি তাঁকে আর একবার অনুরোধ করব, এই বিলটি প্রত্যাহার করে নেবার জন্য। আমরা যার উপর থেকে বিক্রয়কর তুলে দিতে বলেছিলাম, তার উপর আবার আর একটা নূতন কর চাপান কিছুতেই আমরা সমর্থন করতে পারি না।

[4-50—5 p.m.]

Sj. Balailal Das Mahapatra:

মাননীয় স্পীকার মহাশয়, পশ্চিম বাংলার কল্যাণ রাষ্ট্রের কর্ণধার একের পর এক যে বিল আমাদের সামনে উপস্থিত করছেন, তাতে সমগ্র পশ্চিমবাংলা সন্ত্রস্ত হয়ে উঠেছে। কলিকাতা পুলিশ এ্যাক্ট, ফৌজদারী কার্যবিধি আইন, তার উপর ফলের উপর ট্যাক্স। তারপর আবার আসছে কেরোসিন তেল ও সরষের তেলের উপর ট্যাক্স ধার্যের বিধান। এইসব ট্যাক্সের পরিকল্পনা যখন দেখি, তখন মনে হয়, ইংরেজ শাসনে আমরা বলতাম, প্রতি গ্রাসে আমাদের ট্যাক্স দিতে হচ্ছে, কিন্তু এখন প্রতি গ্রাসে দু'বার ট্যাক্স দিতে হবে সেই ভাবনা ভাবতে হচ্ছে আমাদের। আমরা আশ্চর্যই হচ্ছি কল্যাণরাষ্ট্রের শাসন ও শোষণের ব্যবস্থা দেখে। আজকে আমরা দেখছি যে, দরিদ্র জনসাধারণ বছরে একবার দু'বারের বেশী ফল খেতে পারে না, তাদের আর্থিক

অবস্থার জন্য এই যে ব্যবস্থা হল, এর পর তারা জীবনেও কোনদিন ফল খেতে পাবে কিনা সন্দেহ। তিনি যে আশ্বাস দিয়েছেন, তা সন্তোষজনক হলেও, যথা তিনি দুবার ফলের উপর ট্যাক্স ধার্য করবেন না অর্থাৎ প্রবেশ কর ও বিক্রয়কর দুবার ধার্য করবেন না—এই আশ্বাস দিলেও আমাদের যাদের বাস্তব জ্ঞান রয়েছে, তারা জানি এর দ্বারা সত্যিকারের জনসাধারণ উত্যক্ত হবে, অত্যাচারিত হবে এবং তাদের অযথা হয়রানী ভুগতে হবে।

প্রধান কথা হচ্ছে, তিনি বলতে চান, উন্নয়নের জনাই এই ট্যাক্স ধার্য। এখানে আমি একটা কথা তাঁকে স্মরণ করিয়ে দেব—গুলজারীলাল নন্দ মহাশয় কিছুদিন আগে দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার কথা বলতে গিয়ে বলেছেন, পঞ্চবার্ষিক পরিকল্পনার মূল উদ্দেশ্য হচ্ছে সমাজতান্ত্রিক রাষ্ট্র গঠন। সমাজতান্ত্রিক রাষ্ট্র গঠনের জনাই যদি দরিদ্রের উপর ট্যাক্স ধার্য হয় তাহ'লে আমি মনে করি, সমাজতন্ত্রের মূল কথাই হচ্ছে যে আর্থিক সাম্য, তা ব্যর্থ হবে। তাহ'লে কি তিনি চান দরিদ্র যারা তাদের শোষণের দ্বারা আর্থিক সাম্য প্রতিষ্ঠা করবেন? আমি একথার অর্থ বুঝি না। যদি তিনি সত্যিকারের আর্থিক সাম্য প্রতিষ্ঠা করতে চান, সমাজের প্রকৃত উন্নয়ন চান, তাহ'লে আমাদের পক্ষ থেকে যে অঙ্গুলিনির্দেশ করেছি সেদিকে চোখ ফেরান, দেখবেন বহু টাকা জমা আছে চটকলের মধ্যে, যারা কোটি কোটি টাকা মুনাফা লুটছে। বড় বড় দেশী বিদেশী কোম্পানী যারা মোটামোটা মুনাফার দ্বারা এই দেশের অর্থে ফেঁপে উঠছে, বড় বড় প্রাইভেট কার হাঁকিয়ে যারা ছুটে বেড়াচ্ছে, তাদের দিকে তাকান, তাহলে বহু কোটি টাকা সরকারের হাতে আসবে। দরিদ্র ফলওয়ালার উপর ট্যাক্স ধার্য করতে হবে না। কিন্তু আমাদের দরিদ্র ফলওয়ালাদের জীবিকা মারবার চেষ্টা করে যে দু' কোটি টাকা তুলতে পারবেন বলে সরকার আশা করছেন, সেই দু' কোটি টাকা আদায় করতে গিয়ে লক্ষ লক্ষ টাকা খরচ হবে পুলিশের পিছনে, প্রেসক্রাইব্‌ড অথরিটির পিছনে—দুর্নীতিপরায়ণ অফিসারদের পিছনে। আমরা বলি, তাতে সমস্যার সমাধান ত হবেই না, বরং আরো জটিল অবস্থার সৃষ্টি হবে।

তারপরে, দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় জাতির আয় বৃদ্ধির কথা বলা হয়েছে। ফলওয়ালারা বছরে ৩০০ টাকাও আয় করতে পারে কিনা সন্দেহ। যখন জাতির আয় বৃদ্ধির কথা পরিকল্পনার ভিতর আছে তখন কোন্ নীতির দিক দিয়ে তাদের উপর কর ধার্য করতে পারেন? পঞ্চবার্ষিক পরিকল্পনায় বেকারসমস্যা সমাধানের কথাও বলা হয়েছে। তাঁরা বলেছেন—পশ্চিমবাংলার বেকারের সংখ্যা ১০।১২ লক্ষ, কিন্তু প্রকৃত প্রস্তাবে সরকারী হিসাব ভুল। আমরা জানি, অর্ধ কোটির উপর আমাদের এই বাংলাদেশে বেকার, অর্ধবেকার লোকের সংখ্যা বর্তমান। অথচ যেখানে ১০।১২ হাজার লোক যারা ফল বিক্রী করে খায় তাদের মধ্যে আরও বেকারের সৃষ্টি হবে যদি তাদের উপর এই কর ধার্য করা হয়। এমন কি মন্ত্রীমহাশয় লেবুর উপরও ট্যাক্স ধার্য করার প্রস্তাব করেছেন। উনি বড়লোকের কথাই শোনেন, কারণ উনিও সেই শ্রেণীর একজন। কিন্তু ঐসব বড় বড় ব্যবসায়ীর কথা শুনে যদি ক্ষুদ্র ক্ষুদ্র ব্যবসায়ীদের সংহার করতে চান তাহ'লে বাংলাদেশের সমস্যা আরও জটিল হবে এবং বেকারের সংখ্যা আরও বৃদ্ধি হবে। আগেই আমি অনুরোধ করব, তিনি যেন এদিক দিয়ে চিন্তা করেন।

তারপর, আর একটি কথা। বাংলাদেশের স্বাস্থ্যসম্পদ দিনের পর দিন অবনতির দিকে যাচ্ছে। মাননীয় ডাঃ রায় জানেন এবং স্বাস্থ্যমন্ত্রীমহোদয়ও জানেন বাংলাদেশের প্রায় ১০ লক্ষ লোক টি, বি-তে ভোগে এবং প্রায় অর্ধেক লোক দাঁতের রোগে ও চোখের রোগে ভোগে; ডিসেন্ট্রি ত লেগেই আছে, সর্বোপরি নানা রোগে মৃত্যুর সংখ্যা বেড়ে যাচ্ছে। সুতরাং আমি মনে করি শুধু ফলের উপর কেন, কোন খাদ্যদ্রব্যের উপরই ট্যাক্স ধার্য করা উচিত নয়। বরং উচিত ছিল জনসাধারণকে ফল খাওয়ানোর জন্য গভর্ণমেন্টের পক্ষ থেকে উৎসাহ দেওয়া, যাতে লোকে বেশী ফল খেতে পারে তার জন্য তাদের 'সাবসিডি' দেওয়া গভর্ণমেন্টের উচিত ছিল যাতে সস্তায় গরীবেরা বিশুদ্ধ ঘি খেতে পারে, ফলমূল শাকসব্জী খেতে পারে তার ব্যবস্থা করা। ভাল খাদ্যের অভাবে মানুষ যদি মরেই যায়, তাহলে ভারতের উন্নয়ন দেখবার জন্য কে থাকবে এবং ভূগর্ভস্থ ট্রেণেই বা কে চড়বে? আজ সেইজন্য বলছি, একবার চিন্তা করুন, যে দুর্গতি ঘনিয়ে আসছে এই ট্যাক্স ধার্যের ফলে, সেটা চিন্তা করার এখনো সময় আছে। আজ কণ্ট্রোলটা উঠে যাবার ফলে সকলেই স্বস্তির নিঃশ্বাস ফেলেছে, আবার এই যে ব্যাপারটা

হচ্ছে এতে এ্যান্টি কোরাপসান বিভাগের উল্লাস সৃষ্টি হবে এবং আমরা জানি এরই মধ্যে তাদের উল্লাসের সৃষ্টিং হয়েছে। আমাদের খাদ্যমন্ত্রীমহাশয় যে খানিকটা উপকার করেছিলেন, ডাঃ রায় আবার এইটে বাঙালীর ঘাড়ে চাপিয়ে সর্বনাশের পথ সৃষ্টি করছেন।

আমি আর বেশী সময় নেব না। সর্বশেষে আমার বক্তব্য হ'ল ট্যাক্স ধার্যের জন্য যে ব্যবস্থাটা করা হচ্ছে, এতে ফল অনেক নষ্ট হবে এবং ব্যবসায়ীরাও হায়রাণ ও ক্ষতিগ্রস্ত হবে। সেইজন্য আমি অনুরোধ করছি, এখনো সময় আছে, লক্ষ লক্ষ লোকের পক্ষ থেকে ও'র কাছে আবেদন জানাচ্ছি—এটা প্রত্যাহার করবার ব্যবস্থা করুন।

Dr. Krishna Chandra Satpathi:

মিঃ স্পীকার, সমাজতান্ত্রিক ধরণের সমাজগঠনই আমাদের সরকারের লক্ষ্য এবং সেজন্য সাধারণের মনে একটা ঔৎসুক্য জেগেছিল। না জানি এর রূপ কি রকম হবে। কারণ পুরাপুরি সমাজতন্ত্র নয়, সমাজতান্ত্রিক ধরণের রাষ্ট্র হবে!! আর, আমরা এখন কি দেখছি, পশ্চিমবঙ্গ রাজ্যে সমাজতান্ত্রিক ধরণে রাষ্ট্র গঠনের প্রথম পদক্ষেপের প্রথমেই সন্ত্রাস দেখা দিয়েছে। ফল বিশুদ্ধ খাদ্যদ্রব্য, সেই ফলের উপর আমদানীকর চাপান হচ্ছে—যার মধ্যে কোন ভেজাল দেওয়া চলে না। তার উপর প্রথমেই কামড় বসেছে। তাও আবার দুরকমের কামড়। আগে আমরা বলেছিলাম, ফল এমন একটা জিনিষ, এর উপর থেকে সেল্‌স ট্যাক্স তুলে দেওয়া হোক, সেটা ত রহিত করলেনই না, উল্টো তার উপর আমদানীকর ধার্য করছেন!!

এই বিলের প্রথম ও দ্বিতীয় দফার আলোচনা শেষ হয়ে গেছে। এখন তৃতীয় দফার আলোচনা চলছে। তার মধ্যে এই বিলের মধ্যে কয়েকটা সন্দেহজনক ধারা রয়ে গেছে, তার সম্বন্ধে আমি কয়েকটা কথা জিজ্ঞাসা করব। ঐ যে জনৈক সদস্যমহাশয় বলেছেন যে, আটক করা, নমুনা দেওয়ার পর পরীক্ষা করা সময়ের মধ্যে ফল যদি কোন গতিকে নষ্ট হয়ে যায়, পচে লোকসান হয়, তার জন্য ক্ষতিপূরণ কে দেবে? তার কোন ব্যবস্থা এই বিলের মধ্যে নাই।

দ্বিতীয়তঃ, পাওনা আদায়ের জন্য নিলাম বিক্রী হবে, কোন নিলাম বিক্রীতে যদি টাকা কম পড়ে যায় এবং তার বাবদ যদি পাওনা টাকার পরিমাণ বেশী হয়, তাহলে সে টাকা কম পড়লেই বা কে দেবে? প্রাপ্য বেশী হলেই বা কাকে দায়ী করা হবে?

তারপরে এখানে দণ্ডের সম্বন্ধে যে জেলের ব্যবস্থা আছে, জেলের একটা সীমানির্দেশ আছে ৬ মাস হতে পারে। কিন্তু জরিমানার সীমা সম্বন্ধে কোন নির্দেশ নাই। তার ব্যবস্থাটা কি হবে, কত টাকা পর্যন্ত হবে? তারপরে, স্যার, আর একটা কথা হচ্ছে সবচেয়ে সাংঘাতিক, আমার মনে হয়—এটা একটা ল'লেস ল'। স্যার, সেখানে ইনডেমনিটির ব্যাপার রয়েছে, সেজন্য কোর্টে যাবার প্রয়োজন বাদ দিয়ে রাখার ব্যবস্থা করা হয়েছে। সেখানে ডাঃ রায়, পক্ষীমাতা বক্ষপুটে শাবককে রক্ষা করবার জন্য যেমন পক্ষবিস্তার করে থাকে, সেইরকমভাবে অসাধু কর্মচারী যারা আছে, অবশ্য সবাই অসাধু নয়, তাদের রক্ষা করবার জনাই পূর্ণ ব্যবস্থা করেছেন, এটা কি ন্যায়সঙ্গত?

[5—5-10 p.m.]

স্যার, আর একটা কথা এ'রা বলেছেন যে, এইসব কর আদায়ের জন্য, সেটা সুষ্ঠুভাবে হচ্ছে কি না, বিশেষ ক'রে এই ট্যাক্স যারা ফাঁকি দিচ্ছে, সেগুলিকে যদি——

[At this stage the blue light was lit.]

আমার আর একটু সময় লাগবে, স্যার। সেগুলি যদি ধরতে হয় তাহ'লে সেখানে এ্যান্টি-করাপশন ডিপার্টমেন্টের মত, এনফোর্সমেন্ট ডিপার্টমেন্টের মত, সেই সমস্ত লোককে সেখানে কর্মচারী নিয়োগ করতে হবে। তার কথা অনেকে বলেছেন, আমি সে সম্বন্ধে বলবো না। আমরা চাই, ডাক্তার রায়ের কাছ থেকে জানতে যে এই এ্যান্টি-করাপশন বিভাগে এবং এনফোর্সমেন্ট বিভাগে গোপন সার্কুলার দেওয়া হয়েছে কি না যে, যদি কোন "ভি.আই.পি." মানে "ভেরি ইমপরট্যান্ট পার্সন"কে বা কোন অফিসারকে এ্যারেস্ট করার দরকার হয় সেখানে তার বিরুদ্ধে

চার্জ গঠন করবার সময় উপরিতন কর্তৃপক্ষের হুকুম নিতে হবে? বিনা হুকুমে সেখানে চার্জ গঠন করতে পারে না, এইরকম গোপন সার্কুলার জারী হয়েছে কি না? হয়ে থাকলে উদ্দেশ্য বৃথা হবে মাত্র।

স্যার, আর একটা কথা বলবো। এখানে উদ্দেশ্যের মধ্যে বলা হয়েছে যে, একটা হচ্ছে "ডেভেলপমেন্টের" জন্য টাকা চাই, দ্বিতীয় বলা হচ্ছে "এফেক্টিভ ট্যাক্সেশন"। এটা অতি সত্য যে ট্যাক্সেশন এফেক্টিভ হবে সে বিষয়ে সন্দেহ নাই।

It will be effective to all sections of people whether he is a child, he is an infant, he is a patient or invalid or rich and poor.

এদিক থেকে সমাজতান্ত্রিক ধরণের রাষ্ট্রের স্টীম রোলার সমানভাবে চালানো হয়েছে একথা অবশ্য স্বীকার্য।

স্যার, আর একটা কথা বলবো যে চায়ের উপর ট্যাক্স ধার্য ক'রে এই কংগ্রেস-সরকার প্রাতঃস্মরণীয় হতে চলেছে! দরিদ্রের একমাত্র বিলাস যে পানীয়, যে চা সকালবেলায় না হ'লে চলে না, তাতে তারা প্রত্যেক চুমুকে চুমুকে অনুভব করবে যে কংগ্রেস-সরকারের সমাজতান্ত্রিক ধরণ শাসনের কি পরিণাম। প্রত্যহ প্রাতঃকালে তাদের একথা স্মরণ করতেই হবে। স্যার, সরকার ভোটের সংখ্যাধিক্যের জোরে এই হাউসের মধ্যে এ'রা কত বড় জবরদস্ত হয়ত প্রমাণ ক'রে দিতে পারবেন। এই অতিনিন্দিত বিল, তাকে এনএ্যাক্টমেন্ট ক'রে এ'রা বুঝিয়ে দিতে চাচ্ছেন যে - "দেখ, আমরা কি শক্তিমান! আমরা যা ইচ্ছে তাই করতে পারি, অর্থাৎ আমরা কি যাচ্ছেতাই না করতে পারি!" ফলের উপর ট্যাক্স ধার্য করার পর এই হতে চলেছে!

[At this stage the red light was lit.]

আর একটু সময় লাগবে। আর একটা কথা হচ্ছে--

Not only a dreamer but also a builder of Bengal.

এই কথা ডাঃ রায় খুব জোর গলায় বলেছেন। কিন্তু এই বিলটাতে অত্যাবশ্যক আহার্য দ্রব্যের উপর, ফলের উপর যে কর ধার্য ক'রে যে বাধা সৃষ্টি করতে চলেছেন, তা তিনি চিন্তা ক'রে দেখেছেন কি না জানি না এবং তারপরে আবার যেসব ফাইনান্স ডিপার্টমেন্ট থেকে নূতন নূতন বিল উপস্থিত করা হয়েছে, তার ফলে সমাজে কি বিক্ষোভ উপস্থিত হবে সেটা তিনি বোধ হয় এখনও কল্পনা করতে পারেন নি।

তারপর আমি আর একটা কথা বলবো। আমার শেষ কথা যে, এই বিল যদি আইনরূপে গৃহীত হয় তাহ'লে গণতন্ত্রের ছদ্মবেশে এই যে প্রজা-সমাজতান্ত্রিক রাষ্ট্র এবং সমাজতান্ত্রিক ধরণের রাষ্ট্র গঠন করতে যাচ্ছেন সেটা একটা স্বেচ্ছাচারী শাসনতন্ত্রে এবং স্বৈরাচারী রাষ্ট্রে পরিণত হবে। সুতরাং আমি এই কথাই বলবো যে, এই বিলটা এনএ্যাক্টমেন্ট না ক'রে প্রত্যাহার করুন, তা না হ'লে সমাজের চক্ষে রেহাই পেতে পারবেন না।

Sj. Ganesh Ghosh:

মিস্টার স্পীকার, স্যার, ফলের উপর ট্যাক্স বসানো হচ্ছে। নীতির দিক দিয়ে এই ট্যাক্স বসানো অন্যায় এবং নীতিবিগর্হিত। অবশ্য ডাঃ রায় বলেছেন যে, সেকেন্ড সিডিউলের সেকেন্ড লিস্টে অর্থাৎ স্টেট লিস্টের ৫২ ধারায় আছে যে সরকার ইচ্ছা করলেই ট্যাক্স বসাতে পারেন এবং তারই সুযোগ উনি নিয়েছেন। আবার সংবিধানে, আমাদের কনস্টিটিউশনে ২৮৬ ধারার ৩নং উপ-ধারায় আছে যে, কোন এসেন্সিয়াল গুডসের উপর ট্যাক্স বসাতে হ'লে, অর্থাৎ পারচেজ বা সেলস ট্যাক্স বসাতে হ'লে, প্রেসিডেন্টের আগে সম্মতি নেওয়া দরকার। সংবিধানে আছে পারচেজ এবং সেলস ট্যাক্স বসানো যায় না প্রেসিডেন্টের সম্মতি না নিয়ে। এর মানে এই যে, অপরিহার্য প্রয়োজনীয় দ্রব্যের উপর, এমন কি সেলস ট্যাক্সের মত সামান্য ট্যাক্সও বসানো উচিত নয় প্রেসিডেন্টের সম্মতি না নিয়ে। ডাঃ রায় সেটি আইনের মারপ্যাঁচে, ওকালতি চালে, বাই-পাশ ক'রে গিয়ে "সেলস ট্যাক্স" বসালেন না, পারচেজ এবং সেলের পরিবর্তে "এন্ট্রি ট্যাক্স" বসালেন। নীতির দিক দিয়ে আমরা এটা অন্যায় এবং নীতিবিগর্হিত ব'লে মনে করি।

কারণ, সংবিধানে যে কথা বলা আছে তার অন্তর্নিহিত অর্থ হচ্ছে যে, যেগুলি অত্যাবশ্যক জিনিষ তার উপর ট্যাক্স বসানো উচিত নয়। এমন কি ১৯৫২ সালে পার্লামেন্টে যে আইন পাশ হয়েছে এবং যেগুলি জনসাধারণের দৈনন্দিন জীবনের অত্যাবশ্যক জিনিষ ব'লে ঘোষণা করা হয়েছে তার মধ্যে ড্রায়েড এবং ফ্রেশ ফ্রুটস আছে। তার উপর যদি ট্যাক্স বসে তাহ'লে এটাকে জুলুম ছাড়া আর কি বলবো। অনেকে বলেছেন, ট্যাক্স বসে নি, বসতে যাচ্ছে; তা যদি হয় তবে দাম বাড়ে কেন? ফলের দাম বেড়ে গেছে। সেদিন শ্রীশঙ্কর মিত্রমহাশয় দীর্ঘ বক্তৃতা দিয়ে বললেন যে, এক মণের উপর এত হ'লে সেরের উপর সামান্যই হবে, সেটা কিছুই নয়। ৬ পয়সা, ৯ পয়সা ইত্যাদি তিনি ব'লে গেলেন। এখনই শুনলেন, এক জোড়া পেয়ারার দাম, লেবুর দাম বেড়ে গেছে। এ সম্পর্কে কি বলবেন? হয়ত কংগ্রেস মেম্বারদের বা মন্ত্রী-সভার সদস্যদের বেশী দাম দিতে হয় না। আর এদিকে যাঁরা ব'সে আছেন, আমরা সব তুচ্ছ ব্যক্তি, জনসাধারণ, আমাদের ট্যাক্স বসার আগেই বেশী দাম দিতে হচ্ছে। এই হ'ল একটা কথা। দ্বিতীয় কথা, আমাদের আর ট্যাক্স দেবার সামর্থ কি আছে? পশ্চিম বাংলার জনসাধারণের উপর যা ট্যাক্স আছে তার উপর কি বেশী ট্যাক্স দেবার সামর্থ তাদের আছে? খুব গুরুত্ব দিয়ে একথা বিবেচনা করা উচিত নূতন ট্যাক্স বসাবার আগে। ভারতবর্ষের ভেতর যত রাজ্য আছে তার মধ্যে একমাত্র বোম্বে ছাড়া পশ্চিমবাংলার জনসাধারণ সবচেয়ে বেশী ট্যাক্স দেয়। একথা আমার একার নয়, কম্যুনিস্ট পার্টির প্রোপাগান্ডা নয়, একথা ডাক্তার রায় নিজেই বলেছেন—

"It is worth knowing that the incidence of such taxation is already higher in West Bengal than in any other State in India barring Bombay.

কিন্তু ডেভেলপমেন্টের জন্য টাকার দরকার। এই ডেভেলপমেন্টের জন্য সেদিন ডাঃ রায় ১৪০ লক্ষ না কত লক্ষ টাকার হিসাব দিলেন, আমি জানি না আমার মনে নেই। এই ট্যাক্স বসালে কত পাওয়া যাবে তারও হিসাব ডাঃ রায় দিলেন। এই যে স্ট্যাটিসটিকস, এই স্ট্যাটিসটিকস দিয়ে এইভাবে মেকানিকাল এ্যাপ্রোচ করাটা যুক্তিসঙ্গত নয়, বিজ্ঞজনোচিত নয়। কারণ, কোথায় পয়সা তারা পাবে, যাদের উপর ট্যাক্স বসছে? এটা অবৈজ্ঞানিক এবং অবিবেচনাপ্রসূত। এটা আমার কথা নয়, শুনুন কার কথা। ডাঃ রায়ই বলেছেন—

"A mere statistical mechanical approach is basically unwise and unsuitable, also perhaps dangerous".

[5-10—5-20 p.m.]

সেইজন্য জাতির ভবিষ্যৎ চিন্তা না ক'রে ডেঞ্জার-এর পথে ডাক্তার রায় দেশকে নিয়ে যেতে চাচ্ছেন। ট্যাক্স বসাবার পূর্বে আমাদের বিচার করতে হবে যে জনসাধারণের আর ট্যাক্স দেবার সামর্থ আছে কি না। আমাদের বাংলার জনসাধারণের আর নেই। এটা শুধু আমি মনে করি তা নয়, ডাক্তার রায়ও মনে করেন। ডাক্তার রায়ের কথাই বলছি—

"What matters is the extent of the existing resources and our ability to pay them".

আছে কি আমাদের রিসোর্সেস, যা থেকে আমরা পে করতে পারি? এখানে ডাঃ রায় দেখিয়েছেন "What matters is our ability to pay".

এটা ডাক্তার রায়ও মনে করেন, আমরাও মনে করি যে, বাংলার জনসাধারণ আর পে করতে পারে না। তিনি দেখিয়েছেন এবং আরো বলেছেন যে, বাংলাদেশের অবস্থা কি। ডাক্তার রায় বলেছেন

"The margin of saving left after meeting the requirements of essential consumption at the moment must be very narrow. Most of our resources are used up to barely support life".

বেঁচে থাকবার জন্য

"If we take away a large part of them there must be danger of damage through overstraining".

এর উপর যদি আরও কিছু নিয়ে নেওয়া হয় এই ট্যাক্স বসিয়ে—সে যত সামান্যই হোক, শ্রদ্ধেয় শঙ্কর মিত্রমহাশয় যত হিসাব ক'রেই দেখান না কেন—ডাক্তার রায় বলেছেন এ থেকে নিয়ে নিলে ডেঞ্জার হবে ওভারস্ট্রেন-এর ফলে। ডাক্তার রায় আরো বলেছেন—দি টোটাল•স্ট্রেন ইনভল্ভড্" তার উপর নূতন ট্যাক্স বসালে পশ্চিমবঙ্গের জনসাধারণের পক্ষে কি হবে—

"The total strain involved will be beyond our present capacity to bear."

আমরা বেয়ার করতে পারবো না। এখানে সের প্রতি ছয় পয়সা হবে কি চার পয়সা হবে তা নয়। এটা কম্যুনিস্ট পার্টির প্রচার নয়। পশ্চিমবঙ্গের জনসাধারণের আর ট্যাক্স দেবার সামর্থ আছে কি? ডাক্তার রায়ই বলছেন। ডাক্তার রায়ই প্রশ্ন করেছেন—

"Is there any room for increased taxation?"

আছে কি ইনক্রিজড ট্যাক্সের স্থান? শ্রদ্ধেয় মিত্রমহাশয়ের যুক্তি চলে না। ডাঃ রায়ই তাঁর নিজের প্রশ্নের উত্তর দিচ্ছেন। আমি প'ড়ে শোনাচ্ছি—

"So far as State subjects are concerned it is almost impossible to increase the sources of taxation much less to attempt taxing essential supplies like foodstuffs"

পশ্চিমবঙ্গে নূতন ট্যাক্স বসানোর আগে নিশ্চয়ই বিশেষ চিন্তা ক'রে এই কথা তিনি বলেছেন এবং তিনিই শেষ সিদ্ধান্ত করেছেন ট্যাক্স সম্পর্কে যে পশ্চিমবঙ্গের জনসাধারণের উপর ট্যাক্স বসানো উচিত কি না,

"If we take away a part of the present standard of living it will be further depressed. Therefore, there cannot be a curtailment of present consumption which is already very low".

এই হচ্ছে বর্তমান অবস্থা। ডাক্তার রায় যা বলেছেন তা ভার্বেটিম প'ড়ে দিলাম। যদি তার ভিতর যুক্তি না থাকে তবে তিনি প্রমাণ ক'রে দিন যে তিনি যা বলেছেন তা মিথ্যা, তা ভুল; কিম্বা প্রমাণ ক'রে দিন যে দুইমাসের মধ্যে এই পশ্চিমবঙ্গের জনসাধারণের ট্যাক্স দেবার ক্ষমতা বেড়ে গিয়েছে। আর যদি তাঁর কথা যুক্তিপূর্ণ হয় তাহ'লে বলুন যে নিশ্চয়ই এই কর উঠে যাবে। শ্রদ্ধেয় শঙ্কর মিত্র অঙ্ক কষে দেখিয়েছেন এবং ডাক্তার রায় সেসব যোগ ক'রে ব'লে দিলেন যে, দুই কোটি দশ লক্ষ টাকা ট্যাক্স হবে। এখানে দুই কোটি আটচল্লিশ লক্ষ লোক বাস করে এবং সারা বাংলা অন্যান্য রাজ্যের চেয়ে কর দেয় বেশী, তার উপর এই ট্যাক্স হ'লে মাথাপিছু এক টাকা ক'রে ট্যাক্স পড়বে। এই ট্যাক্স খুব চিন্তা ক'রে বসান। এবং বলুন যে, যে যুক্তি আগে দিয়েছিলেন তা ভুল। এই ফলের উপর ট্যাক্স নিয়ে বিভিন্ন ফলওয়ালারা প্রতিবাদ করেছে। বড় বড় ফলওয়ালারা, যারা ওঁকে সমর্থন করে, তাদের কথায় ট্যাক্স বসাচ্ছেন, কিন্তু সাধারণ দ্রব্যবসায়ী, তারা আপত্তি করছে, তারা মিটিং ক'রে প্রস্তাব পাশ করছে, হাইকোর্টে তারা লড়বে ব'লে টাকা যোগাড় করছে। ছোট একটা প্রতিবাদের কথা আমি এখানে বলছি। বালিগঞ্জের সম্ভ্রান্ত মহিলারা একটা প্রস্তাব ক'রে এর প্রতিবাদ জানিয়েছেন এবং এটা ডাক্তার রায়ের কাছে পাঠিয়ে দিয়েছেন। তিনি এটা চিন্তা করুন এবং তিনি যে যুক্তি দিয়েছেন সেই যুক্তির জবাব দিলে সুখী হব।

Sj. Madan Mohon Khan:

মাননীয় স্পীকারমহাশয়, তিনি যে কয়েকটি জিনিষের উপর ট্যাক্স বসিয়েছেন, আর কয়েকটির উপর বসালেই সম্পূর্ণ হয়ে যেত। ভাত, দুধ এবং রুটির উপর ট্যাক্স বসালে ভাল হোত। তার কারণ যেগুলি বাকী আছে সেগুলির উপর ট্যাক্স বসালে আমাদের হয়ত আর এক টাকা বা দু' টাকা বেশী ট্যাক্স দিতে হোত, কিন্তু লোককে বুঝতে পারতো যে আর ট্যাক্স বাড়াবার কিছু নেই। তিনি অবশ্য বলেছেন যে, চায়ের উপর বেশী ক'রে চাপ দেবেন কিন্তু তাঁরা যে কথা বলেন সে কথা রক্ষা করেন না। গত বাজেট সেশনে এক্সাইজ মন্ত্রীমহাশয় বলেছিলেন যে, মহুয়ার উপর কোন কর ধার্য করবেন না, কিন্তু স্যার, আমাদের মেদিনীপুর জেলায় মহুয়ার উপর

ট্যাক্স ধার্য করা হয়েছে। এখানে বর্ষার সময় বহু লোকে মহুয়া মজুত ক'রে রাখে গরুকে খাওয়ানোর জন্য কিন্তু সেখানে বলা হয়েছে দশ সেরের বেশী কেউ রাখতে পারবেন না। তাই ব'লে দিন যে, এই যে আইন হবে এতে ফলের উপর কর ধার্য হবে না, চায়ের উপর হবে। এই আমার বক্তব্য।

[5-20—5-30 p.m.]

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

মাননীয় স্পীকার, স্যার, এই বিলটা নিয়ে অনেক আলোচনা হ'ল, সকলের দৃষ্টি যখন ফলের উপর, আমি তখন আপনার দৃষ্টি চায়ের উপর নিয়ে যেতে চাই। আমি দেখতে পাচ্ছি, ফল থেকে এদের আয় হবে বছরে ছ' লক্ষ টাকা। কিন্তু এই যে এন্ট্রি ট্যাক্স আমাদের দেশের কয়েকটি অঞ্চলে আসছে, সেদিকে চায়ের ব্যাপারে আপনার দৃষ্টিটা একটু ফিরিয়ে নিতে চাই। আমি দেখাতে চাই, এই চা-ব্যবসায়ীদের স্বার্থ, বিশেষ ক'রে বিদেশী ট্রেডার্স, যারা কোটি কোটি টাকা ব্যবসা করেন, তাদের স্বার্থ সংরক্ষণের জন্য আমাদের ফাইনান্স সেক্রেটারীর মাধ্যমে মন্ত্রী-মহাশয় এই বিলটা এনেছেন। সি,টি,টি,এ,র কমিটি সার্কুলার, প্রাইভেট এ্যান্ড কনফিডেনশিয়াল একটি রিপোর্ট আমার কাছে আছে; সেখানে দেখতে পাওয়া যায়, আমাদের যিনি সেলস ট্যাক্স কমিশনার——

Mr. Speaker: You cannot refer here to a private and confidential document.

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

যিনি ফাইনান্স সেক্রেটারী তাদের সঙ্গে Representation of the Calcutta Tea Merchants' Association এবং ইন্ডিয়ান টি এ্যাসোসিয়েশন সকলে মিলিত হয়েছিলেন এবং সেখানে বহু জিনিষ আলোচনা হয়েছিল এবং সেখানে দেখা যায় গভর্নমেন্ট চা-ব্যবসায়ীদের কাছে প্রতিশ্রুতি দিয়েছেন যে, এদেশে তাঁদের চা ব্যবসা যাতে কোন রকমে ক্ষতিগ্রস্ত না হয় এটা এ'রা দেখবেন। এখানে যে Thomas Lamp & Co., Ltd., 8, Mission Row, Calcutta, থেকে যে স্ট্যাটিসটিকস বের হয় সেখানে দেখা যাচ্ছে আমাদের এখানে ১৯৫৩-৫৪ সালে নর্থ ইন্ডিয়া অঞ্চল থেকে যে চা পান তা হ'ল ৪৮৪·৯ মিলিয়ন পাউন্ড ইন ১৯৫৩-৫৪ এবং সাউথ ইন্ডিয়া থেকে হ'ল ১২০·৯ মিলিয়ন পাউন্ড এর ভিতরে এক্সপোর্ট হচ্ছে ৩৮৯·৪ আর সাউথ ইন্ডিয়া থেকে ৭৬·৬। ১৯৫৪এ নর্থ ইন্ডিয়াতে চা হয়েছে ৫০৮·০ মিলিয়ন পাউন্ড এবং এক্সপোর্ট হয়েছে ৩৬৯·৬; সাউথ ইন্ডিয়াতে চা হয়েছে ১২৮·৫ মিলিয়ন পাউন্ড, এক্সপোর্ট হয়েছে ৬৮·৬ মিলিয়ন পাউন্ড। তাহ'লে দেখা যাচ্ছে, ব্যালান্স যেটা রয়েছে ১৯৫৩-৫৪—৯৫·৫ মিলিয়ন পাউন্ড এবং সাউথ ইন্ডিয়া ৪৪·৩ মিলিয়ন পাউন্ড, তারপরে ১৯৫৪-৫৫তে দেখা যাচ্ছে নর্থ ইন্ডিয়ার ব্যালান্স হচ্ছে ১৩৮·৪ মিলিয়ন পাউন্ড, সাউথ ইন্ডিয়া ৫৯·৯ মিলিয়ন পাউন্ড।

Mr. Speaker: What is the point? They do not explain the effect of the Bill.

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

দেখতে পাওয়া যায় ১৯২৬ সালে নর্থ ইন্ডিয়া থেকে যা এক্সপোর্ট হচ্ছে, ৪০ পারসেন্ট যেটা ছিল, সেটা ৭৬ পারসেন্টএ উঠে গিয়েছে। তাহ'লে দেখা যাবে, আমাদের দেশে চা যা উৎপন্ন হচ্ছে তা আমাদের জন্যে নয়, সমস্ত যাচ্ছে বিদেশে। স্ট্যাটিসটিকস ১৯৫৪তে দেখা যাবে টি-কে মনোপলাইজ করবার জন্য, এটা নিজেদের কন্ট্রোল করবার জন্য, বিদেশী ব্যবসায়ীরা কিভাবে চেষ্টা করছে। আমাদের ইন্ডিয়া-সরকারকে শুল্ক ফাঁকি দেবার জন্য তারা অন্যায়ভাবে চেষ্টা করেন। ভারত-সরকারকে পাউন্ড প্রতি যে দশ আনা ক'রে তাদের এক্সপোর্ট ডিউটি দিতে হোত সেখানে তারা একটা স্ল্যাব সিস্টেম-এ নিয়ে যেতে ভারত-সরকারকে বাধ্য করে।

এখানে দেখতে পাওয়া যাবে আর একটা জিনিষ যা ইন্ডিয়ান প্রেস সার্ভিস কতকগুলি টি সম্পর্কে পয়েন্টস দিয়েছেন। তাতে দেখা যাচ্ছে, ইন্টারন্যাশন্যাল্ টি ট্রেডার্স, তারা সিলোন-এর চা, ভারতের সমস্ত চা, পাকিস্তানের চা, ইন্দোনেশিয়ার চা--সমস্ত তারা কন্ট্রোল করে। এখান থেকে কত চা যাবে তা তারাই সেটল করে। লাস্ট ফাইভ ইয়ার্সের জন্য তাদের মধ্যে একটা এগ্রিমেন্ট হয়েছিল। তার মেয়াদ এই বৎসরে ফুরিয়ে যাচ্ছে।

Mr. Speaker: You are developing an argument applicable to the slab system. What is its effect on the Bill?

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

সেখানেই আসছি। সেখানে দেখতে পাচ্ছি, চায়ের ব্যবসা বিদেশীরা মনোপলাইজ ক'রে আমাদের দেশ থেকে আরও বেশী চা নেবার চেষ্টা করছে। আমাদের বক্তব্য যে, নর্থ ইন্ডিয়া আমাদের দেশ থেকে আরও বেশী চা নেবার চেষ্টা করছে। আমাদের বক্তব্য যে, নর্থ ইন্ডিয়া থেকে যে চা আগে ডাইরেক্ট লন্ডনে যেত আমাদের ভারত-সরকার তাকে কমিয়ে দিয়ে ঠিক করেছেন ১৪০ মিলিয়ন পাউন্ড ভারতের বাইরে বিদেশীরা নিয়ে যেতে পারবে। সুতরাং বিদেশীদের এখন থেকে বাকী চা নিয়ে যেতে হ'লে ক্যালকাটা অকশনের ওপর নির্ভর করতে হবে। এই সময় এই বিল আনবার প্রয়োজন কেন দেখা দিল? সেন্ট্রাল গভর্নমেন্ট যখন বাধা দিচ্ছে এই সমস্ত ফরেন ট্রেডার্সদের বিদেশে এক্সপোর্ট করবার কাজে, তখন তারা বাধ্য হচ্ছে কলকাতায় যে অকশন হচ্ছে সেখানে তাদের অকশনের মাধ্যমে সেগুলি এক্সপোর্ট করবার। এই বিল সেই বিদেশীদের কুচক্রান্তকে সাহায্য করছে। এদেশের চা-ব্যবসায়ীরা ট্যাক্সের ফলে অকশনে যে দাম ডাকবে তার চেয়ে এন্ট্রি ট্যাক্সের আওতায় না পড়ায় বিদেশী চা-ব্যবসায়ীরা বেশী দরে চা কিনতে পারবে। এই সরকারের নন-রেসিডেন্ট ব্যবসায়ীদের উপর সেলস ট্যাক্স বসানোর ব্যবস্থাও নেই। সুতরাং ট্যাক্স থেকে বিদেশীদের বাঁচিয়ে দিয়ে আমাদের দেশের জনসাধারণের ওপর ট্যাক্সের বোঝা চাপিয়ে এদেশের চা ব্যবসাকে ধ্বংশ করতেই এই বিল আনা হয়েছে।

Mr. Speaker: We are discussing in the third reading. You are wasting the time of the House.

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

ট্যাক্সেশন এনকোয়ারী কমিশন রিপোর্ট, ১৯৫৩তে আছে -

"On the basis that the right to levy the tax accrues to the State where the goods are delivered for consumption, the importing States have held themselves entitled to collect the tax from non-resident dealers With Bengal as one of the notable exceptions practically all States have started levying taxes on non-resident dealers".

আমাদের এখানে দেখা যায়, নন-রেসিডেন্ট ডিলার যারা তাদের উপর ট্যাক্স বসাবার সাহস এই সরকারের নেই। "হ্যান্ড বুক অফ সেলস ট্যাক্স" যেটা

Federation of Indian Chambers of Commerce and Industry.

তার ১৩৭ পৃষ্ঠায় আছে এ্যাসেসমেন্ট অন নন-রেসিডেন্ট ডিলারস সম্পর্কে সেখানে আছে -

"Although under article 286 State Government is entitled to levy tax on non-resident dealers selling or supplying goods to consumers or to unregistered dealers in that State, West Bengal have not so far thought it fit to actually tax the non-resident dealers on such transactions".

আমার বক্তব্য হচ্ছে, নন-রেসিডেন্ট ডিলারদের ট্যাক্স থেকে বাদ দিয়ে এর দ্বারা বিদেশীদের চা ব্যবসায়ে সাহায্য করা হচ্ছে। আমাদের দেশের চা-ব্যবসায়ীদের কাছ থেকে শুধু ট্যাক্সের ভার চাপিয়ে দেওয়ার অর্থই হচ্ছে বিদেশী চা-ব্যবসায়ীদের সঙ্গে প্রতিযোগিতায় যাতে এদেশের চা-ব্যবসায়ীরা হটে যায়, এদেশের চা-ব্যবসায়ীরা যাতে সরকারের ট্যাক্স আদায়ের অত্যাচারমূলক ব্যবস্থায় চা ব্যবসা বন্ধ করতে বাধ্য হয়, তা করাই হচ্ছে এই সরকারের নীতি এবং নীতির পরিপোষক হিসাবেই এই বিল আনার প্রয়োজনীয়তা। বিদেশী চা-ব্যবসায়ীদের স্বার্থে তাদের নিরঙ্কুশ শোষণের সহায়তা করাই এই বিলের উদ্দেশ্য। তা ছাড়া এদেশের জনসাধারণের

প্রয়োজনের তুলনায় চায়ের যতটুকু অংশ এদেশে থাকে তা যথেষ্ট নয়। যদি ক্যালকাটা অকশন থেকে বিদেশী চা-ব্যবসায়ীরা বেশী চা খরিদের আর রপ্তানীর সুযোগ পায়, তবে এদেশের জনসাধারণ চা পানের সুযোগ থেকেও বঞ্চিত হবে। এদেশে চায়ের সংগে ইতিমধ্যে নানা রকম ভেজাল চালানো হচ্ছে, তার অন্যতম কারণ চায়ের দুষ্প্রাপ্যতা। চা যতই বিদেশে রপ্তানী হবে ততই এদেশে চায়ের দুষ্প্রাপ্যতা বাড়তে থাকবে। ভাল চা দেশের জনসাধারণ পাবে না। চায়ে ভেজাল জিনিষ মিশ্রিত হওয়ার সম্ভাবনা ক্রমশই বাড়বে। তা ছাড়া, চায়ের উপর নূতন ট্যাক্স বৃদ্ধির সংগে সংগে চায়ের দামও অনেক বাড়বে। বর্তমানে যে চা পাওয়া যায় সেই দামে ভেজালমিশ্রিত চা জনসাধারণকে খেতে বাধ্য করা হবে।

[5-30—5-40 p.m.]

আর আমি চারটি পয়েন্ট দিচ্ছি যেখানে দেখা যাবে———

Mr. Speaker: Your party has given a list of seven speakers, but other parties have given lists of two speakers. You have all along been irrelevant.

Sj. Surhid Kumar Mullick Chowdhury:

আমি এখানে যেটা বলছি———

Mr. Speaker: No, I won't allow you. I have given you 15 minutes. I have given you enough time. You could not explain your point to the House. You have all along been irrelevant.

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

আমার বক্তব্যটা শুনুন। আমি অকট্রয় ট্যাক্স সম্বন্ধে বলছি। অকট্রয় ট্যাক্স সম্বন্ধে ট্যাক্সেশন এনকোয়ারী কমিটির রিপোর্টে কি বলা হচ্ছে?

Mr. Speaker: All right I will give you one minute more.

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

এখানে অকট্রয় ট্যাক্স সম্বন্ধে বলা হয়েছে এবং কতকগুলি রেকমেন্ডেশন করা হয়েছে কিভাবে অকট্রয় ট্যাক্স বসতে পারে। কমিশন সুপারিশ ক'রে বলেছেন--

"Octroi should ordinarily be levied on the basis of weight and not *ad valorem* since the latter adds to delay and harassment. A model schedule should be prescribed by State Governments in all the States. This schedule should omit articles which involve undue harassment to small vendors. The collection of octroi should not, as it is at present in many municipalities, be virtually left in the hands of subordinate staff but should be supervised frequently and effectively by the higher executives with a view to checking corruption and preventing harassment".

আমার বলবার কথা হচ্ছে, এই যে ট্যাক্স করেছেন, সেখানে কর্মচারীদের উপর ব্যাপক ক্ষমতা দিয়েছেন যাঁরা ট্যাক্স আদায় করবেন। সেখানে দেখা যাচ্ছে, ট্যাক্স এনকোয়ারী কমিটির যে রিপোর্টএ তাঁরাও স্বীকার ক'রে নিচ্ছেন যে, অহেতুক ট্যাক্স আদায়ের ব্যাপারে অনেকেই হ্যারাসড হতে পারে, অনেক অসুবিধাও এ ব্যাপারে দেখা দিতে পারে। পরিশেষে আমি বলবো এইদিকে সজাগ দৃষ্টি রাখা হোক এবং নন-রেসিডেন্টদের উপর ট্যাক্স করার ব্যবস্থা হোক এবং বিদেশে যে চা রপ্তানী করা হবে তা কলিকাতায় ঢোকার সংগে সংগেই তার উপরও অকট্রয় ট্যাক্স বসানো হোক। বিদেশী চা-ব্যবসায়ীদের স্বার্থরক্ষার অভিসন্ধি এই সরকার যাতে না করেন তার জন্যই ট্যাক্স আদায়ের ব্যাপারে বিদেশে রপ্তানী চায়ের উপরও ট্যাক্স আদায়ের ব্যবস্থা করা হোক।

Sj. Saroj Roy:

মাননীয় স্পীকারমহাশয়, বাংলাদেশের জনস্বার্থবিরোধী বিভিন্ন ধারাসমন্বিত এই বিলটি ডাঃ রায় তাঁর ব্রুট মেজরিটির ভোটের জোরে শেষ পর্যন্ত পাশ করবেন। তাঁর জানা দরকার পশ্চিমবঙ্গের জনসাধারণ এই অতিরিক্ত ট্যাক্সের আইনটাকে তাঁদের সামনে একটি বিরাট বিপদ এসে উপস্থিত হয়েছে ব'লেই মনে ক'রে তারা আতঙ্কিত হয়ে উঠেছে। বাংলাদেশের সাধারণ মানুষ এখনো আশা রাখে শেষ মুহূর্তেও যদি অবস্থার গুরুত্ব তিনি বুঝে থাকেন এবং বুঝে যদি তাঁর জিদ পরিত্যাগ করেন, তাহ'লে বাংলাদেশের মানুষ অন্তত চিন্তা করতে পারবেন যে, তাঁরা যাঁকে তাঁদের প্রধানমন্ত্রী ব'লে মনে করেন, যাঁর সম্পর্কে প্রচার হয় তিনি বাংলাদেশের ভাল করতে চান, সত্যই তিনি তাদের ভাল প্রধানমন্ত্রী, এবং সে বিষয়ে তাঁর উপর কিছু আস্থা থাকবে। এখানে বলা হয়েছে, যে সমস্ত ডেভেলপমেন্ট প্ল্যান হবে তার জন্য ডাঃ রায়ের টাকার দরকার। এখানে একটা কথা তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই যে গত বাজেট অধিবেশনে আলোচনার সময়, যখন ট্যাক্সেশন নিয়ে আলোচনা হয়, তখন তাঁর মুখ থেকে একটি কথা শুনতে পেয়েছিলাম। সেটা হচ্ছে এই: এর পরে যদি ট্যাক্সেশন করতে হয়, তাহ'লে যে সমস্ত লাকসারি গুডস আছে, যেমন গ্রামোফোন, রেডিও ইত্যাদি জিনিষের উপর দরকার হ'লে ট্যাক্সেশন করতে পারবেন। সেই সমস্ত জিনিষ আজ কোথায় গেল? তাঁর যে সমস্ত কথা ছিল তা বাদ দিয়ে অন্য জিনিষ যেগুলি অতি সাধারণ মানুষের দৈনন্দিন জীবনের অতি প্রয়োজনীয় জিনিষ তার উপর কেন ট্যাক্স চাপানো হচ্ছে? এই নিয়ে অনেক আলোচনা হয়েছে, অবশ্য আলোচনার জন্যই এখানে আলোচনা হয় নাই। বাংলাদেশের বিভিন্ন জায়গায় এ বিল নিয়ে যথেষ্ট সাড়া প'ড়ে গেছে, বাইরের মানুষেরাও অনেক আলোচনা করছেন। আমরা বিরোধী পক্ষরা তারই ভিত্তিতে যেসব আলোচনা এখানে করেছি, সে বিষয়ে সরকারের একটু চিন্তা করা দরকার।

আমি গ্রামাঞ্চল থেকে একটা চিঠি পেয়েছি যেটা আমি খুব গুরুত্বপূর্ণ ব'লে মনে করি। ডাঃ রায়ের সে সম্পর্কে চিন্তা করা দরকার। এখানে তিনি শুধু তাঁর পক্ষীয় লোকের প্রধানমন্ত্রী নন, তিনি সারা বাংলাদেশের সাধারণ মানুষেরও মন্ত্রী, যেজন্য এই বিলের সংগে যাদের সম্পর্ক আছে তাদের বিষয়েও তাঁর চিন্তা করা দরকার। সুদূর পল্লী থেকে আমার নিকট একটি চিঠি এসেছে। গ্রামের ২৬।২৭ জন মেয়ে এই চিঠি পাঠিয়েছেন, তাঁরা চিঠিতে জানিয়েছেন যে, এই বিল সম্পর্কে আমরা খবরের কাগজে আলোচনা পড়লাম। এই আইনের পরিণাম যে কোথায় গিয়ে দাঁড়াবে তা ভেবে যথেষ্ট ভয় পেয়েছি। সাধারণ রোগীকে এবং আমাদের ছেলেপিলেকে প্রয়োজনমত যে কোন প্রকার ফলই খাওয়ানো যাবে না তাই হ'ল এই আইনের উদ্দেশ্য। তাই আমরা খুব সন্ত্রস্ত হয়ে পড়েছি। তাই আমরা আপনার মারফৎ অনুরোধ করছি যে, আইনসভায় যে সমস্ত মাননীয় সভ্যেরা আছেন তাঁদের, এবং ডাঃ রায়, যিনি একজন বড় ডাক্তার, তাঁদের কাছে আমাদের আশঙ্কার কথাটা আপনি জানান। একথা দরকার হয়েছে ব'লে মনে করি। মোটমুটি এই কথা ব'লে তাঁরা আপনাদের কাছে, বিশেষ ক'রে ডাঃ রায়ের কাছে, এই চিঠিটি আমার মাধ্যমে দিয়েছেন। ডাঃ রায়কে এই জরুরী খবরটা জানাচ্ছি। এই চিঠিটি ডাঃ রায়ের হাতেই দিয়ে দোব।

ডেভেলপমেন্টের জন্য তিনি ট্যাক্স করছেন। এই ডেভেলপমেন্ট কাদের জন্য? তাঁর নিজের জন্য নিশ্চয়ই নয়। যদি বাংলাদেশের সাধারণ মানুষের জন্য ডেভেলপমেন্ট করতে হয়, তাহ'লে তাদের উচিত ছিল এই জাতীয় বিল আনবার পূর্বে বাংলাদেশের সাধারণ মানুষের মতামত নেওয়া। যখন তিনি তাদের কোন মতামত নেন নাই, এখন সেরকম অবস্থাও পেরিয়ে গেছে, তখন আজ বিরোধী পক্ষ থেকে আমরা যা বলছি তার দিকে একটু নজর দিন।

কয়েকদিন আগে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা সম্পর্কে জনৈক লেখক সমালোচনা করতে গিয়ে বলেছেন যে, এই দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাকে কার্যে পরিণত করতে সরকার যে রাস্তা নিয়েছেন সে রাস্তা হচ্ছে "এ্যাট দি কস্ট অফ দি কমন পিপল", অর্থাৎ সাধারণ মানুষের ঘাড়ের উপর ট্যাক্সের উপর ট্যাক্স চাপিয়ে তাঁদের প্ল্যানকে তাঁরা কার্যকরী করতে যাচ্ছেন।

এরকভাবে কোন দেশে কখনো ন্যাশন্যাল ডেভেলপমেন্ট হয় নি, এদেশেও তা হ'তে পারবে না। সাধারণ মানুষের অবস্থা ভাল না ক'রে, তাদের ক্রয়ক্ষমতা না বাড়ালে কোন প্রকারেই জাতীয় উন্নতি হ'তে পারে না। এতে ক'রে তাঁদের ভবিষ্যতের প্ল্যানের ধাপগুলি ভেঙ্গে পড়বে। প্রকৃত জাতীয় উন্নতির জন্য যে সমস্ত টাকার দরকার বিভিন্ন পক্ষ থেকে তার বহু সোর্স দেখানো হয়েছে। তিনি সেদিকে নজর দিন, টাকা তিনি পাবেন এবং বাংলাদেশের সাধারণ মানুষকেও বাঁচাতে পারবেন। তা না ক'রে যদি তিনি এই পথে চলেন, অর্থাৎ এ্যাট দি কস্ট অফ দি কমন পিপল, তাহ'লে তিনি যার উপর দাঁড়িয়ে স্বপ্নসৌধ তৈরী করছেন, সেই স্বপ্নসৌধ তাঁর ভেঙ্গে পড়বে।

Sj. Madan Mohon Saha:

আজকে থার্ড রিডিংয়ে এই বিলের উপর বহু বক্তৃতা হয়ে গেছে। এর আগে বহু বক্তা যুক্তিতর্ক দিয়ে ডাঃ বিধানচন্দ্র রায়কে বুঝিয়েছেন যে, এই সর্বনাশা বিলটা পাশ না করিয়ে প্রত্যাহার ক'রে নিন। কিন্তু তিনি বিরোধী পক্ষের যুক্তিগুলিকে মোটেই সুযুক্তি ব'লে মনে করছেন না। ডাঃ রায় বলেছেন, একটা সমাজতান্ত্রিক রাষ্ট্র তৈরী করতে হবে। এই বিল হচ্ছে তার একটা ধাপ। তিনি আরও বলেছেন যে, এটা একটা ওয়েলফেয়ার স্টেট। এই ওয়েলফেয়ার স্টেটে সকল মানুষের সমান অধিকার। এই বিল এনে তাদের উন্নতির ব্যবস্থা করছেন। সেই উন্নতির তো কিছু এতে দেখতে পাচ্ছি না। তাই যদি হবে তাহ'লে বিরোধী পক্ষের বিভিন্ন বক্তার বারবার গলা ফাটিয়ে বক্তৃতা দেবার কি প্রয়োজন ছিল? তাই বলছি, এই বিলটি আপনি তুলে নিন। এই বিল যদি পাশ হয়ে যায়, অবশ্য শীঘ্রই পাশ হয়ে যাবে, তাহ'লে সাধারণ মানুষের অশেষ দুঃখ-কষ্ট-দুর্গতি আসবে, অনেক ব্যবসায় নষ্ট হয়ে যাবে। আম, আতা, কমলা, ন্যাসপাতি, চেরী-পিচ প্রভৃতি ফলের উপর ট্যাক্স বসবে। তার ফলে ডিলারদের উপরও কর চাপবে এবং তার মাধ্যমে জনসাধারণের উপরও কর চাপবে। আর জনসাধারণের এই করভার বহন করবার সাধ্য নাই। ডাঃ রায় বলেছেন, তাঁর ডেভেলপমেন্ট প্ল্যানের জন্য টাকার দরকার। বর্তমান কংগ্রেস-সরকার বাংলার দরিদ্র জনসাধারণের উপর আজ পর্যন্ত বহু ট্যাক্স বসিয়েছেন। তাঁরা বহু ডেভেলপমেন্ট প্ল্যান করেছেন। কিন্তু তাতে তো বেকার সমস্যার সমাধান হয় নাই। এমন কি সাধারণ মধ্যবিত্ত শ্রেণীরও কোন উন্নতি হয় নাই। তাই বলবো, এই বিলটি তিনি তুলে নিন।

[5-40—6-5 p.m.]

এই বিলের দ্বারা আমরা স্পষ্টই বুঝতে পারছি, ফলের দোকানদারগণের নানারকম হয়রানী হবে। এবং বিলের মাধ্যমে পার্টির কাজের জন্য টাকা তুলে খরচপত্র করবেন, তা ছাড়া ডাঃ রায় যে বলেছেন, এর সমস্ত টাকা দেশের উন্নয়নের বাবদ খরচ করবেন তা কিছুই হবে না।

Sj. Subodh Banerjee:

মিঃ স্পীকার, স্যার, এই বিল প্রয়োগকালে কি অসুবিধা হতে পারে এবং এই বিলের বিভিন্ন ধারা কিভাবে পরিবর্তন করলে জনসাধারণের অসুবিধা কমতো সেই সম্পর্কে বক্তব্য——

Mr. Speaker:

আপনি কি শেষ ক'রে দিচ্ছেন ৬টার মধ্যে?

Sj. Subodh Banerjee:

আমার কিছু সময়ের দরকার হবে।

Mr. Speaker:

তাহ'লে রিসেসের পরেই হবে।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[*After adjournment.*]

[6-5—6-15 p.m.]

Sj. Subodh Banerjee:

মিঃ স্পীকার, স্যার, বিলের প্রথম পর্যায় আলোচনার সময় অনেকভাবে বিলের ত্রুটিবিচ্যুতি আমরা সরকার পক্ষকে দেখিয়ে দিয়েছি। দ্বিতীয় দফা আলোচনার সময় বিভিন্ন সংশোধন প্রস্তাবের মারফৎ সরকারকে একথা বোঝাবার চেষ্টা করেছিলাম যে, অন্তত বিলের ধারাগুলো এমনভাবে পরিবর্তিত করা হোক যাতে বিলের কুফল সাধারণ মানুষের উপর তেমন তীব্রভাবে না পড়ে। আমাদের সেসব যুক্তি সরকার গ্রহণ করেন নি। একথা অবশ্য ঠিক যে, এই বিল যেভাবেই গৃহীত হউক না কেন তার কুফল—জনসাধারণের উপর নূতন করের বোঝা—সব সময়েই থেকে যাবে। কিন্তু সেই কুফল যাতে তীব্রভাবে জনসাধারণকে আঘাত না করে, যাতে সাধারণ ব্যবসাদারেরা নূতন করের দ্বারা ক্ষতিগ্রস্ত না হয় তার ব্যবস্থা অন্তত করা যেত যদি আমাদের সংশোধন প্রস্তাবগুলি গৃহীত হোত। এ পন্থা সরকার পক্ষ গ্রহণ করেন নি; আমাদের সংশোধন প্রস্তাবের একটিও গৃহীত হয় নি। পরে সরকার পক্ষ থেকে নূতন সংশোধন প্রস্তাব আনা হয়েছে, সেগুলি গৃহীতও হয়েছে। এর ফলে বিলকে আরও প্রতিক্রিয়াশীল ক'রে তোলা হয়েছে। বিল আইনে পরিণত হবার পর কার্যক্ষেত্রে প্রয়োগের ক্ষেত্রে কি অসুবিধা দেখা দিতে পারে সেই বিষয়ে তৃতীয় পর্যায়ে আলোচনা করতে হবে। আমি সেদিক দিয়ে দেখাব যে, এ বিল কার্যকরী হতে পারে না।

প্রথম কথা, এই বিলটি ইনট্রোডাকশনের সময় আমি দেখিয়েছি যে, এটা সংবিধানবিরোধী। এ বিল বিধানসভায় আনার আগে রাষ্ট্রপতির অনুমতি নেওয়ার দরকার ছিল এ বিষয়ে কোন সন্দেহ নাই। নিয়মমত কাজ না ক'রে এ বিল আনার জন্য নিঃসন্দেহে বহু মামলা দায়ের হবে এবং তার জন্য যে সাধারণ ব্যবসাদারেরা বহুল পরিমাণে ক্ষতিগ্রস্ত হবে সে বিষয়ে কোন সন্দেহ নাই। শুধু তাই নয়, সাথে সাথে যতদিন আদালতে এই মামলা চলবে ততদিন আইনকে কার্যকরীও করা যাবে না।

দ্বিতীয় কথা, এই বিলে মারাত্মক একটা ভুল আছে। সরকার পক্ষ এই বিলের মাঝখানে একটা জায়গায় বলেছেন যে, ইউজ কথার অর্থ ব্লেণ্ড করা। ডাঃ রায়ের ভাবনা মত শব্দের মানে হবে না। 'র‍্যাম' কথার মানে ভেড়া; ডাঃ রায় 'র‍্যাম' কথার মানে গরু—একথা বললে কেউ তা মানতে পারে না, মানবেও না। ইংরাজী অভিধানে 'ইউজ' কথার একটা বিশেষ মানে আছে; ইংরাজী ভাষায় 'ইউজ' কথাটা একটি বিশেষ অর্থে ব্যবহৃত হয়। আইনবিদ ও আদালত সেই অর্থের দ্বারাই চালিত হ'তে বাধ্য। সরকার এই বিলে ইউজ কথার মানে ব্লেণ্ড ধরলেই ইউজ কথার অর্থ ব্লেণ্ড হবে না এবং আদালতও সেই অর্থ গ্রহণ করবে না। আইনে কোথাও ব্লেণ্ড করাকে ইউজ করা বলে না।

Blending is processing, quite distinct from using; use means consuming.

সুতরাং আইনে ইউজ শব্দটির অর্থ ভোগ করা বা ব্যবহার করা না ধ'রে যদি ব্লেণ্ড করা ধরা হয় তাহ'লে সে ব্যাখ্যা আদালতে টিকবে না। আইন এই কথাই বলে, অতএব এই কারণে আইন নাকচ হয়ে যাবার সম্ভাবনা আছে। তাহ'লে অবস্থা দাঁড়াল এই যে, যে উদ্দেশ্য নিয়ে এই বিল আনা তার সমস্তই বানচাল হয়ে যাচ্ছে।

ডাঃ রায় বলেছেন, ফলের উপর কর ধার্য ক'রে ছ' লাখ টাকার মত রোজগার করবেন। আমি ডাঃ রায়কে বলি, ছ' লাখ টাকার জন্য ফলের উপর কর ধার্য করার কোন দরকার নেই। তিনি অনেকগুলি বুড়ো-হাবড়া অফিসার পুষছেন। এ'রা শুধু সুপার-এ্যানুয়েটেড নন; সুপার, সুপার, সুপার-এ্যানুয়েটেড। এদের কেউ স্পেশ্যাল অফিসার, কেউ অন্য কিছু হয়ে ব'সে আছেন। এই সব পিঁজরাপোলের জীবদের বিদায় দিলে ছ' লাখ টাকার বেশী বেঁচে যাবে, কাজও দ্রুত ও ভাল হবে। তাহ'লে এ দিক থেকে কর ধার্য করার দরকার নাই।

তারপর ডাঃ রায় বলেছেন, দু' কোটির মত টাকা চায়ের উপর কর ধার্য ক'রে পাবেন। এ টাকাও তিনি পাবেন না। এখান থেকে যে চা গ্রেটব্রিটেনে রপ্তানী হয় তার উপর কর ধরতে

পারবেন না। যে সমস্ত চা-ব্যবসায়ী এখানে চা ব্লেণ্ডিং করে, সেই চায়ের উপর কর ধার্য তিনি করতে চান। একথা তিনি স্বীকার করেছেন। অথচ তা তিনি পারবেন না। সংবিধানের যে ধারার জোরে এই বিল আনা হয়েছে সেখানে আছে--

Taxes on the entry of goods into a local area for consumption, use or sale therein.

যে চা এখানে ব্লেণ্ড করার পর বিদেশে বা অন্য রাজ্যে রপ্তানী হয়ে যায় তার উপর কর তাই ধার্য করা যাবে না। ইউজ মানে ব্লেণ্ড বললে তো চলবে না। তাই যে টাকা তোলার জন্য এই বিল আনা হয়েছে সে টাকা তোলা যাবে না। আমি ডাঃ রায়কে বলি যে, যে সমস্ত বড় বড় চা-বাগান আছে সেখানে উৎপাদনের উপর আপনি কর ধরুন। কিন্তু এমনভাবে কর ধরবেন না যাতে সাধারণের উপর তার চাপ পড়ে। এই বিল চালু করলে ব্যবসার ক্ষতি হবে। আপনারা জানেন ইতিমধ্যে পাটনায় টি মার্কেট করার জন্য বড় বড় চা-ব্যবসায়ীরা চেষ্টা আরম্ভ ক'রে দিয়েছে। সমস্ত চা গিয়ে পাটনায় জমবে।

Mr. Speaker:

ওকথা ত আগে বলা হয়ে গেছে।

Sj. Subodh Banerjee:

সব কথা পরিষ্কার হয় নি। তাই বলছি। চা পাটনায় যাবে। তার ফল হবে কি?

যতটুকু বিদেশে রপ্তানী হবার তা কলিকাতার ভিতর দিয়েই যাবে, কারণ পাটনায় রপ্তানীবন্দর নেই কিন্তু তার উপর কোন কর ধরতে পারবেন না সংবিধান অনুসারে, যেহেতু রপ্তানী দ্রব্যের উপর ট্যাক্স ধরার ক্ষমতা রাজ্য-সরকারের নাই। সংবিধান চালু হবার আগে যদি করতেন তাহ'লে পাট ও চায়ের রপ্তানী থেকে ৯।১০ কোটি টাকা পেয়ে যেতেন। কিন্তু ডাঃ রায় তা করেন নি। তা করতে পারতেন এই সংবিধান চালু হওয়ার আগে, এখন আর তা হয় না। কাজেই সে জিনিষ ডাঃ রায়ের হাত থেকে বেরিয়ে গেছে। তিনি এখন টাকা পাওয়ার জন্য যে পথ চিন্তা করছেন তাতে টাকা আসবে না। চা ছাড়াও অন্য ব্যবসা ক্ষতিগ্রস্ত হবে। মালদহ আমের কথাই ধরুন। মালদহ আমের বাজার আগে ছিল পাকিস্তানে। এখন পাকিস্তানে ব্যবসায়ীরা আম পাঠাতে পারছে না। তারপর সেগুলো যে আসামে যাবে তারও উপায় নেই বন্যার জন্য। তাই সেখানেও যাচ্ছে না। বাকি রইল কলকাতা। কিন্তু কলিকাতায় এমন ট্যাক্স করছেন যে এখানে আম আনারও সুবিধা হবে না। ফলে কি হবে? এই আমগুলো মালদহ থেকে বাইরে বেরোবে না। ফলে সেখানকার জনসাধারণের জীবনধারণের যে উপায় ছিল তা থেকে তারা বঞ্চিত হবে এবং বেকারের সংখ্যা বাড়বে। সুতরাং এই বিল কার্যকরী হ'লে বিশেষ ক'রে এইসব অসুবিধা এসে যাবে। তা ছাড়া, ছোট ছোট ব্যবসাদারেরা চূড়ান্ত ক্ষতিগ্রস্ত হবে এবং বড় বড় ব্যবসাদারেরা মুনাফা করবে। ডাঃ রায় বলেছেন যে, তিনি ফলওয়ালাদের সঙ্গে আলোচনা ক'রে এই বিল এনেছেন। আমি জানি এই ফলওয়ালারা কারা। এ ফলওয়ালারা যারা ছোট ছোট ঝুড়ি ক'রে বাজারে ফল নিয়ে আসে তারা নয়। এরা বড় বড় আড়তদার, যারা মিডলমেন। ডাঃ রায় তাদের সঙ্গে আলোচনা করেছেন। এই ট্যাক্সের ব্যাপারে ছোট ছোট ব্যবসাদারদের, যারা ৫,০০০৲ টাকা জমা রাখতে পারে না, তাদের সঙ্গে তিনি কথা বলেন নাই। ট্যাক্স দেবার ক্ষেত্রে যেসব বায়না করা আছে তা পালন করতে গিয়ে ছোট ছোট ফল ব্যবসায়ীরা ধীরে ধীরে ব্যবসায়ের বাজার থেকে হটে যাবে এবং সমস্ত ফলের বাজার কব্জা করবে জনকতক একচেটে ফলব্যবসায়ী।

[6-15—6-25 p.m.]

সুতরাং পরিষ্কার বোঝা যাচ্ছে যে, এই আইন যদি চালু হয় তাহ'লে ছোট ছোট ব্যবসাদারেরা মারা যাবে এবং বড় বড় ব্যবসাদারদের আরও মুনাফা লোটার সুবিধা হবে। বড় বড় ফল-ব্যবসায়ীদের আরও বেশী মুনাফা যাতে হয় সেই উদ্দেশ্যেই এই বিল এসেছে একথা ডাঃ রায়ের স্বীকৃতি থেকে বোঝা যায়। তারপরে আর একটা কথা। আমার বন্ধু শঙ্কর মিত্রমহাশয় গতকাল অনেক হিসাব দিয়েছেন। তাঁকে বাজারে ঘুরতে হয় কি না জানি না। ধনীর দুলাল তিনি,

তাঁকে হয়ত ঘুরতে হয় না। আমাদের নিজেদের বাজারে ঘুরতে হয়। আমি বিভিন্ন বাজার ঘুরে যে পরিসংখ্যান সংগ্রহ করেছি সেগুলি দিচ্ছি। সরকার পক্ষের যদি ক্ষমতা থাকে সেগুলি ভুল প্রমাণ করুন।

Mr. Speaker: Please do not make any reflection on any individual member.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: We are proud of him.

Sj. Subodh Banerjee:

Sir, I will only refer to one section which is being modified by the present Amending Bill, and it relates to meetings. This is section 19. Previously the State Government could by a general or special order prohibit, restrict or impose conditions upon the holding of or taking part in processions, meetings and assemblies which, in its opinion, were likely to disturb the communal peace or to endanger the safety or stability of the State. Sir, one could understand this war-time measure that if there was the question of safety or stability of the State, if a meeting or a procession was called for endangering the same, Government was entitled to take steps against that, but now the Government is modifying it because they know that such a state of things do not today exist. This law, Sir, they were so far applying to prevent meetings being held by their adversaries. In

holding a meeting, Sir, the permission had to be taken from the Commissioner of Police or the Deputy Commissioner of Police even if it be a meeting on a social problem or political problem. This law was so far utilised for that purpose though the provision read contrary to that. Now this amendment has been brought in because the Government can no longer stop any further any meetings on that basis. And what is the amendment? The words "communal harmony or public order or tranquillity" replace the words "the safety or stability of the State". Now, Sir, what will this come to? Any meeting under this law, any legal or lawful meeting for any lawful object can be prevented by the Government under the present amendment and for that purpose a very wide power has been given to the Police. Any Police Officer, be it an electioneering meeting or any other public meeting, if it is held without the permission of the Police—any poilce officer may take such steps and use such force as may be required for securing compliance with any order made under this section. Sir, to break a meeting which has been lawfully called for a lawful object, the police has been given the wide power and they can apply any force that they like for that purpose. Sir, there is no justification for the continuance of this Act. I do say, Sir, that the present Penal Code is sufficient to meet any ordinary crime, be it a crime against the State, or against property or against a person or against public tranquillity. The war-time measures should not be extended in normal times. That does not speak well of the Government. That only betrays that things are not such as are represnted by the Government in their statements from time to time. Sir, we would, therefore, ask the Government to carefully consider what they are going to do. They cannot stifle the Opposition for all times in this manner. The more stringent, Sir, the measures, they will be faced with more difficulties and more opposition, and it will be they who would be bringing about chaos in the country, if they proceed in the way they are doing. Anyone, Sir, should feel ashamed that in normal times the country should be governed through measures as this, but the Congress is not.

Sj. Rakhahari Chatterjee:

মিঃ স্পীকার, স্যার,—

(Sj. Kali Mukherjee: বাখ হরি না মার হরি?)

(Janab A. M. A. Zaman: মার হরি।)

আমার বক্তব্য আরম্ভ করবার পূর্বেই কংগ্রেস পক্ষের দু'জন সদস্য আমার নামের প্রতি ইঙ্গিত ক'রে রাখহরির পরিবর্তে 'মার হরি' উচ্চারণ করেছেন। এর দ্বারা কংগ্রেসের যে স্বরূপ কি এবং আজ বাংলাদেশের একচ্ছত্রাধিপতি, দাম্ভিকচূড়ামণি (হাস্য) ডাঃ বিধানচন্দ্র রায়ের পক্ষপুট অবলম্বন ক'রে কংগ্রেস দল কি পর্যায়ে উপনীত হয়েছে সেইটে সুস্পষ্ট প্রতীয়মান হ'ল।

সিকিউরিটি এ্যাক্টের সেকেন্ড এ্যামেন্ডমেন্টের এমন কি প্রয়োজন হয়েছে? এর দ্বারা তাঁরা দেশকে আজ কোথায় নিয়ে যাচ্ছেন তাঁদের স্মরণ করা উচিত। জনৈক সদস্য বলেছেন (অতীত অত্যাচার স্মরণ ক'রে) কংগ্রেসই ত ভোট পায়। পায় কেন? একধারে ভীতি ও সন্ত্রাসের রাজত্ব, অন্যধারে ঘুষ, উমেদারী, চাকরী; এর মধ্য দিয়েই তাঁরা কংগ্রেসরাজত্ব কায়েম করতে চান। এখন পর্যন্ত ঠিক তাই অবস্থা। আমরা ভেবেছিলাম ডাঃ রায় বয়োবৃদ্ধির সঙ্গে সঙ্গে অতীত ইতিহাস একটু আলোচনা করবেন। কিন্তু তা হবার নয়। তিনি দিল্লী যেয়ে যা করেছেন তা সংবাদপত্রে প্রকাশিত হবার পর দেখা যাচ্ছে তিনি সমগ্র ভারতের অধিবাসীদের কলঙ্কিত করেছেন, বাংলাকে কলঙ্ককালিমা লিপ্ত করেছেন গোয়া-সমস্যা সমাধান করবার প্রশ্নে! আজ বাংলার মুখ্যমন্ত্রী তাঁর নিজের দেশের মুষ্টিমেয় লোকদের সিকিউরিটি এ্যাক্টের সাহায্য ছাড়া শাসন করতে পারেন না। শাসনই করতে হয় মাত্র, যেখানে পালনের কোন বালাই নাই

সে শাসন হচ্ছে দুর্যোধনের রাজত্ব, জরাসন্ধ ও শিশুপালের রাজত্ব বা কংসের রাজত্বের মতন। বর্তমানের কংগ্রেসরাজত্ব অতীতের কংসের রাজত্বেরই সমান।

মাননীয় স্পীকারমহাশয়, আমার উচিত ছিল না এইসব উক্তি করবার, কিন্তু তারা নিজেরাই এটা ইনভাইট করেছে, তাই তাদের এইরূপ উত্তর পাওয়াই উচিত। দুঃখের কথা, সর্বপ্রথম যখন তিনি গদীতে আসীন হয়েছিলেন, আমরা তখন এ্যাসেম্বলীতে ছিলাম না, সংবাদপত্রে দেখেছিলাম কি প্রয়োজনে, তিনিই ভাল জানেন, সিকিউরিটি এ্যাক্ট করবার আবশ্যকতা ছিল, যদিও তেমন কিছু প্রয়োজন ছিল না, তবু এটা পাশ হয়ে গেল, টেম্পোরারী হিসেবেই হচ্ছে, তখন বলেছিলেন। তারপর থেকে দিনের পর দিন ইনস্টলমেন্ট এ্যান্ড ইনস্টলমেন্টএ এর কাজ চলছে। তার একমাত্র কারণ, তাঁদের নিজেদের দুর্বলতা ঢাকবার জন্য এই সমস্ত আইনের আশ্রয় গ্রহণ ক'রে অগ্রসর হওয়া ছাড়া ওঁদের উপায় নাই। এতকাল যখন ভারতবর্ষ বিদেশীর শাসনাধীন ছিল তখন কোন একটা আইনের কাজ ইমার্জেন্সি হিসেবে সাময়িকভাবে, যুদ্ধের সময় বিশেষ কারণে অর্ডিনান্স প্রমালগেশনের দ্বারা হ'ত। কিন্তু তা সত্ত্বেও তার বিরুদ্ধে তুমুল আন্দোলন হ'ত। কিন্তু দেশে স্বাভাবিক অবস্থা থাকা সত্ত্বেও আজ এ আইনের কি প্রয়োজন? আজ এখানে কোন গোলমাল নাই, সিকিউরিটি অফ স্টেট নষ্ট হবার কোন সম্ভাবনা নাই, তৎসত্ত্বেও আজ দেখতে পাচ্ছি, অতীতে যারা আন্দোলন করেছেন, তাঁদের মধ্যে যদিও এখানে অনেকেই অনুপস্থিত, কেউ কেউ এখানে আছেন, থাকলেও তাঁরা নিশ্চয়ই দুঃখিত হচ্ছেন, কিন্তু দুঃখের সঙ্গে দেখতে পাচ্ছি, ইংরেজের অসাধ্য কার্য, আজ সাদা চামড়ার পরিবর্তে, সাদা টুপির শাসন প্রবর্তিত হয়ে, ইংরেজের অনুসৃত নীতি নব নব ভাবে সম্পাদিত হতে চলেছে, তাই এই সিকিউরিটি এ্যাক্ট, সেন্ট্রাল গভর্নমেন্টের প্রিভেনটিভ ডিটেনশন এ্যাক্ট, আরো অনেক কিছু।

দুঃখের কথা, মুখ্যমন্ত্রী মহাশয় বাংলাদেশের সর্বপ্রথম ও সর্বপ্রধান কর্তা থাকা সত্ত্বেও তিনি যে আরম্ভ করেছেন এমন কতকগুলি স্পেশালাইজড ল, যা প্রকৃতপক্ষে আইন নয়। এই ধরণের ল এদেশ শাসন করবার জন্য আড়াই শো বছরে ইংরেজের যা প্রয়োজন ছিল না, হঠাৎ বাংলাদেশে স্পেশালাইজড কংগ্রেস গভর্নমেন্ট স্থাপিত হবার সঙ্গে সঙ্গে দেশের লোককে দমন করবার জন্য এই স্পেশালাইজড আইনের প্রয়োজন হয়েছে!! একবার দয়া ক'রে ইন্ডিয়ান পেনাল কোডের সমস্ত পাতা যদি পড়ে দেখেন, ক্রিমিনাল প্রসিডিওর কোডটী যদি পড়ে দেখেন, তাহ'লে দেখবেন তাতে সমস্তই আছে। নূতন ক'রে এটা করবার কোনই প্রয়োজন নাই। তবে হ্যাঁ, এর প্রয়োজন আছে এইজন্য যে, এক্সটার্নমেন্ট ও ইন্টার্নমেন্টএর ক্ষেত্রে তার মধ্য দিয়ে যেতে গেলে বিপদের কথা। সুতরাং ঐ সেকশন টুয়েন্টি ওয়ানএর নিশ্চয়ই প্রয়োজন, সঙ্গে সঙ্গে সেকশন থার্টি ওয়ানএরও সবগুলি ক্লজের প্রয়োজন।

যাঁরা গণতান্ত্রিক রাষ্ট্রের কথা বলেন, যাঁরা সকলের সমান অধিকারের কথা বলেন, এই আইনের দ্বারা দেশবাসীর সেই অধিকার সম্পূর্ণ অপহরণ করায় তাঁদের অন্তর্নিহিত ভন্ডামী প্রকাশিত হয়ে গেল। মানুষ অপরাধ করলে তার শাস্তি হয় এতে বলবার কিছু নাই।

[5-30—5 p.m.]

এখানে তিনি অপরাধ করুন বা না করুন সঙ্গে সঙ্গে এই বেদব্যাসের দল তাঁরা এমনই অন্তর্যামী যে মানুষের মনের মধ্যে কি গোপন কথা আছে সেকথা তাঁরা অবিলম্বে জানতে পারেন এবং সঙ্গে সঙ্গে সেকশন ৩১এর বন্দোবস্ত হয়েছে। আমি অনুরোধ করি এখানে যাঁরা কংগ্রেসের সদস্য রয়েছেন তাঁদেরও একটা দায়িত্ব রয়েছে এ সম্বন্ধে। সুতরাং সেকশন ৩১ সম্বন্ধে তাঁদের মতবাদ নিশ্চয় প্রকাশ করা উচিত। তা যদি না করেন তাহ'লে তাঁদের কর্তব্যচ্যুতি হচ্ছে ব'লে আমরা মনে করবো। এই সেকশনের ভেতর দিয়ে আর একটা জিনিষ—প্রথম প্রথম বলেছিলেন দু-এক বছরের জন্য, কিন্তু এখন এটাকে পাঁচ বছরের জন্য বাড়াবার ব্যবস্থা হচ্ছে। যদি কোন ইমার্জেন্সি থাকতো তাহ'লে না হয় আমরা বুঝতাম, কিন্তু তেমন কোন অবস্থা আজকে নেই, ডাঃ রায়ও এই কথা বলেছেন। কিন্তু তবুও কেন এর প্রয়োজন হ'ল? সেইজন্য এর কারণ অতি সুস্পষ্ট। সাধারণ মানুষ বুঝতে পারবে না যে এটা কি কারণে হচ্ছে, কিন্তু এটা করা হচ্ছে বহুক্ষেত্রে

তাঁদের স্বার্থের সুবিধার জন্য এবং তাঁদের দলকে পুষ্ট রাখার জন্য এবং বিরোধী দলকে অস্বাভাবিক এবং অহেতুক দুঃখকষ্টের মধ্যে ফেলবার জন্য—এইভাবে এই আইনের অপপ্রয়োগ বহুক্ষেত্রে করাও হয়েছে এবং নির্বাচন আর হয়ত এক-দেড় বছরের পরেই হবে, সুতরাং এই আইনের মেয়াদ আবার পাঁচ বৎসর করা দরকার। এটাই জনসাধারণের মধ্যে দেখা দিয়েছে। তাঁরা বলছেন, এসেন্সিয়াল কমোডিটিজএর কথা- এসেন্সিয়াল কমোডিটিজ সম্বন্ধে কোন বালাই নেই এবং আমরা যখন বাংলাদেশের মানুষ না খেতে পেয়ে মরেছি, তখন বাংলাদেশের এসেন্সিয়াল কমোডিটিজ সাপ্লাই সম্বন্ধে কি ব্যবস্থা দেখেছি? কিছুই দেখতে পাওয়া যায় নি। আজ বাংলাদেশে বহু বিদেশী, বহু অভারতবাসী আছে, যারা বাংলাদেশের ভেতর দিয়ে বিভিন্ন রকমের কাজ করছে, তাদের মধ্যে বিভিন্ন রকমের লোক রয়েছে। কিন্তু আমরা আজ পর্যন্ত কিছু দেখতে পায় নি বাংলাদেশের, পশ্চিম বঙ্গের জননিরাপত্তা আইনের কোনরকম প্রয়োগ ঘটেছে তাদের বিরুদ্ধে, কোন এ্যাকশন বা অভিযোগ নেওয়া হয়েছে, তা নেওয়া হয় নি। তাই হবে কি যেকথা শ্রীজ্যোতি বসু বলেছেন, কলেজে স্ট্রাইক চলুক বা না চলুক লয়টার করলেই ক্রিমিনাল প্রোসিডিওর কোডের আইনে ৫৪তে এ্যারেস্ট করা যায়, কিন্তু তাতে নির্দেশ নেই, লয়টার করবার সঙ্গে একটা স্পেশাল প্রভিশন ক'রে দেবার ব্যবস্থা করা হয়ে গেল যেটা ১৯৫০ সালের সিকিউরিটি আইনে ছিল না। সুতরাং শুধু এ্যামেন্ডমেন্ট নয়, এ্যামেন্ডমেন্ট এবং এ্যাডিশন যেখানে যেটা প্রয়োজন তাই করছেন। সুতরাং আমার বক্তব্য হচ্ছে, এই আইন সম্পূর্ণ অনাবশ্যক। প্রচলিত আমাদের দেশে যে আইন রয়েছে সেই আইনটা যথেষ্ট আমাদের দেশকে শাসন করবার এবং প্রতিপালন করবার পক্ষে। কিন্তু এই আইনের দ্বারা এটাই বলবো যে, দেশের দুঃখদারিদ্র্য আরো বাড়বে এই আশংকা সকলের মনে হয়েছে এবং হওয়াটাই স্বাভাবিক। বিপক্ষ দলকে অহেতুক বিপর্যস্ত করার জন্য এই আইনের মেয়াদকে পুনঃপুনঃ বৃদ্ধি করা হচ্ছে। সুতরাং এই কথাই বলবো যে, এই আইনের যে মেয়াদ রয়েছে ১৯৫৬ সালের ২৬এ জানুয়ারি পর্যন্ত তা বাড়ানো উচিত নয় এবং এতে সবচেয়ে আপত্তিজনক ধারা হচ্ছে আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো সেকশন ৩১ হওয়া উচিত নয়, সেকশন ২৯এর এ্যাপ্লিকেশন যখন তাঁরা করেন নি, সে সম্বন্ধে পুনর্বিবেচনা করা দরকার এবং সেকশন ২১, যেটা সবচেয়ে মারাত্মক কথা, সেটাকে তুলে দেওয়া উচিত। তার কারণ দেশে যদি কেউ অপরাধ করে তার ফ্যাক্টসে বিচার হবে, অপরাধীর দণ্ড হবে। কিন্তু তাকে কোনরকম সুযোগ না দিয়ে গতিবিধি নিয়ন্ত্রিত করা হবে অথচ তার বিপক্ষে কোন ব্যবস্থা করা চলবে না, এটা অতি অদ্ভুত ব্যাপার। সিকিউরিটি এ্যাক্টের প্রভিশন অনুসারে সঙ্গে সঙ্গে আদেশ দিলে তাকে চ'লে যেতে হবে, যদি তিনি না যান তাহ'লে তাঁকে ফিজিক্যালি লিফ্ট ক'রে নিয়ে যাওয়া হবে, স্বেচ্ছায় যদি না যান তবে জোর ক'রে নিয়ে যাওয়া হবে, কিন্তু তার কোন ব্যবস্থা করা হবে না কোথায় যাবে। এটা অতি স্ট্রিনজেন্ট মেজার। সুতরাং এর প্রত্যেকটা জিনিষের প্রিন্সিপ্যালি নীতির দিক থেকে আমরা বিরোধিতা করছি এবং এই আইন কিছুতেই হওয়া উচিত নয়—এই মতই আমরা প্রকাশ করি।

Deputation of Kishans

Sj. Bankim Mukherjee:

স্যার, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি একটা বিষয়ের প্রতি যে, এই হাউসে ল্যান্ড রিফর্মস বিল সম্বন্ধে আলোচনা হবে শুনে বহু কৃষক বাংলাদেশ থেকে তারা একটা ডেপুটেশন এ্যাসেম্বলীর কাছে নিয়ে আসছেন এবং সেই হিসাবে তাঁরা বিভিন্ন পার্টির কাছে, বহু মিনিস্টারের কাছে নিমন্ত্রণ পত্র পাঠিয়েছেন তাদের দাবী জানিয়ে; এবং আজ প্রায় ১০ সহস্র বিভিন্ন জেলা থেকে কৃষক এসেছেন এবং এখন তাঁদের সব মিলে প্রায় ১৫ হাজার লোক এ্যাসেম্বলীর কাছে ডেপুটেশন নিয়ে আসবার জন্য চেয়েছিলেন। অবশ্য এ্যাসেম্বলীতে তাঁরা আসতে পারেন নি, তাঁরা পথের মাঝখানে আটক আছেন ; কিন্তু তাঁরা আশা করেন বিভিন্ন পার্টির নেতাগণ যাতে তাঁদের সামনে আসুন, এসে কিছু বলুন এবং এটা ঠিক যে, এই ডেপুটেশন শুধু গভর্নমেন্টের কাছেই নয়, এই ডেপুটেশন হচ্ছে বিশেষ ক'রে এই এ্যাসেম্বলীর কাছে এবং সেই হিসাবে লীডার অফ দি হাউস, যিনি বাংলাদেশের মুখ্যমন্ত্রী, তিনি এবং বিভিন্ন পার্টির নেতৃবৃন্দ যদি সেখানে যান তাহ'লে অত্যন্ত ভাল হয়। সেই হিসাবে আমি আপনার

কাছে অনুরোধ করছি যে অন্ততঃ যদি আধ ঘণ্টার জন্য হাউস এ্যাডজোর্ন করেন তাহ'লে খুব সুবিধা হয় যাতে বিভিন্ন পার্টির নেতারা সেখানে যেতে পারেন, তাদের সঙ্গে কথা বলতে পারেন। বিশেষ ক'রে রেভেনিউ মিনিস্টার, তাঁকে আমি বিশেষ ক'রে আমন্ত্রণ করছি সেখানে গিয়ে কিছু বলবার জন্য।

Mr. Speaker: What the Chief Minister will do and what the Revenue Minister will do is not my concern, but I may adjourn the House early to meet at 6 p.m.

[At this stage the House was adjourned till 6 p.m.]

[*After adjournment.*]

The West Bengal Security (Amendment) Bill, 1955.

[6—6-10 p.m.]

Sj. Hemanta Kumar Basu:

মাননীয় স্পীকারমহাশয়, ওয়েস্ট বেঙ্গল সিকিউরিটি এ্যাক্টের যখন প্রথম পরিকল্পনা করা হয় তখন যে অবস্থায় এর পরিকল্পনা করা হয়েছিল দেশের অবস্থা ঠিক সেরকম ছিল না। একদল লোককে - সৌম্যেন ঠাকুর প্রভৃতি এবং তার দলকে গ্রেপ্তার করা হ'ল এবং এমন জায়গায় পাঠিয়ে দেওয়া হ'ল যে, তাদের খবর পাওয়া দুষ্কর। অথচ তাদের বিরুদ্ধে এমন কোন অভিযোগ গভর্নমেন্ট দিতে পারলো না বা আনতে পারলো না। কিন্তু তাদের একটা ভীষণ বৈপ্লবিক কাজ, গোপনীয় কাজ, মারাত্মক কাজ, তারা করবে বা করতে যাচ্ছে এই অপরাধে নির্বাসিত করা হ'ল এবং তাদের বিষয়ে কেউ কিছু জানতে পারলো না, এমন কি সৌম্যেনবাবুর স্ত্রী এসে তাঁর কাপড়চোপড় দিতে চাইলে পরও তাঁকে কিছু জানতে দেওয়া হ'ল না। এরকম অবস্থায় এই বিল আনা হয়েছিল। এই বিল যখন আসে তখন দেশময় দেশের জনসাধারণ ঘোরতর প্রতিবাদ জানান, তা সত্ত্বেও এই বিল আনা হয়েছে। আভ্যন্তরীণ অবস্থায়, বিশেষত সাম্প্রদায়িক গোলযোগ যাতে না ঘটে এবং দেশে যাতে সাবভার্সিভ এ্যাক্টিভিটি না হতে পারে, তাকে বাধা দেবার জনাই কিছুদিনের জন্য টেম্পোরারী মেজার হিসাবে এই আইন পাশ করা হয়েছিল। দেশের জনসাধারণের যে সাধারণ অধিকার—স্বাধীনভাবে চলাফেরা করা, নিজের সংসারযাত্রা নির্বাহ করা, সভাসমিতি করা, তাদের দাবী, তাদের মনের আকাঙ্ক্ষা প্রকাশ করা, এই সমস্তই এই বিল দ্বারা ক্ষুন্ন করা হয়েছে। কাজেই এই বিলকে একটি স্থায়ী আইন হিসাবে গ্রহণ করা যেতে পারে না। কিন্তু আজকে দেখছি যে, বিলটাকে একটা স্থায়ী আইন হিসাবে বছরের পর বছর এর জীবন, পরমায়ু বাড়িয়ে দেওয়া হচ্ছে এবং বিলকে একটা স্থায়ী রূপ দেওয়া হচ্ছে। কাজেই এরকম যে বিলে জনসাধারণের আবশ্যিক অধিকার, সভাসমিতি প্রভৃতি করবার অধিকার ক্ষুন্ন করা হয় সেই বিলকে একটা সাধারণ বিল বলা চলে না। এরকম একটা অসাধারণ বিলের প্রয়োজন কখনও কখনও দেশে কিছু সময়ের জন্য হতে পারে কিন্তু বেশী দিনের জন্য নয়। আপনারা সকলেই জানেন, এই বিল, এই আইন যেভাবে প্রয়োগ হবার কথা সেভাবে প্রয়োগ হয় নি। দেশের জনসাধারণের শান্তিপূর্ণভাবে মনোভাব প্রকাশের বিরুদ্ধে, বিক্ষোভ প্রকাশের বিরুদ্ধে এবং তাদের দাবীদাওয়ার দমন করবার জনাই এই আইন বিশেষভাবে লাগানো হয়েছে। আপনারা জানেন, ট্রামভাড়ার যখন আন্দোলন হয় তখন জনতা ট্রামভাড়া বৃদ্ধির বিরুদ্ধে বিক্ষোভ প্রকাশ করে। গভর্নমেন্ট যদি সময় থাকতে সেই বিক্ষোভ মেনে নিতেন তাদের দাবী স্বীকার ক'রে নিতেন, তাহ'লে দেশে এরকম একটা বিরাট বিক্ষোভ সৃষ্টি হ'ত না। যারা তখন শান্তিপূর্ণভাবে বিক্ষোভ প্রকাশ করেছিল তাদের উপর এই সিকিউরিটি এ্যাক্ট প্রয়োগ করা হয় এবং তাদের অনেককে গ্রেপ্তার করা হয়। তারপর যে শিক্ষক আন্দোলন হয় তাতে আমাদের এই এ্যাসেম্বলীর সভ্য ডাঃ কানাইলাল ভট্টাচার্য মহাশয়কে সিকিউরিটি এ্যাক্টে গ্রেপ্তার করা হয় এবং আরও অনেক শিক্ষককেও গ্রেপ্তার করা হয়। কানাইবাবুর সেই আন্দোলনের সঙ্গে কতখানি যোগ ছিল সেটা না জেনেও তাঁকে শুধু গ্রেপ্তারই করা হ'ল না, তাকে ১০ হাজার টাকার জামিনে মুক্তি দেওয়া হ'ল।

Mr. Speaker: Mr. Basu, there is a convention; you can mention the name but please do not make an extensive speech on a member of this House.

Sj. Hemanta Kumar Basu:

কাজেই যেভাবে এই আইনের জীবন, পরমায়ু বাড়াবার চেষ্টা হচ্ছে আজকে দেশে ঠিক সে অবস্থা নাই। আজকে দেশের লোক এমন কোন কাজ করছে না যাতে বাস্তবিক রাষ্ট্রের কোন ক্ষতি হতে পারে। আজকে এমন কোন সাবভার্সিভ এ্যাক্টিভিটি তারা করছে না যাতে সেফটি এ্যান্ড স্টেবেলিটি অফ দি স্টেট বিপন্ন হতে পারে।

[6-10—6-20 p.m.]

এমন কাজ কেউ করছে না যাতে সেফটি অর স্টেবিলিটি অফ দি স্টেট বিপন্ন হয়। সিকিউরিটি এ্যাক্ট রাখার জন্য সাধারণভাবে মনে একটা সন্দেহ উপস্থিত হয় যে, দেশের মানুষের যে ক্ষোভ তা তারা প্রকাশ করতে যাতে না পারে সেজন্য বাধা সৃষ্টি করা। দেশের বর্তমান অবস্থায় দেখা যায় এক জায়গায় ধর্মঘট, এক জায়গায় বিক্ষোভ, যেমন আজ ১৫ হাজার কৃষক এসেছে তাদের দাবীদাওয়া আছে, শ্রমিকদের তাদেরও দাবীদাওয়া আছে, তাদেরও দুঃখ আছে, তারা যদি তা প্রকাশ করবার সুযোগ না পায়, যাদের জন্য এই বিক্ষোভ সৃষ্টি হচ্ছে সেই মালিকেরা মোটা টাকা লাভ করছেন অথচ শ্রমিকদের প্রাপ্য বেতন দিতে কুণ্ঠিত; সেখানে স্বতঃস্ফূর্তভাবে বিপ্লবের সৃষ্টি হয় কিন্তু সেখানে এই আইন সেই মালিকদের, জমিদারদের বিরুদ্ধে প্রয়োগ হচ্ছে না, হচ্ছে ঐ কৃষক-শ্রমিকদের ন্যায়সংগত আন্দোলন দমন করবার জন্য। তারপরে যদি কারো বাড়ীঘর নিতে হয় সাধারণভাবে গভর্নমেন্ট তা নিতে পারেন, সিকিউরিটি আইনের ভয় দেখিয়ে, লোককে ব্যতিব্যস্ত ক'রে সেই বাড়ীঘর দখল করা এবং সেই বাড়ীঘরদুয়ার ফেরৎ দেবার সময় যদি কোন ড্যামেজ হয় তাহ'লে সেই ড্যামেজএর জন্য সরকার দায়ী নয় এবং সরকারের বিরুদ্ধে কোন মামলা করা যেতে পারে না। সেকশন ৩৭এ বলা হয়েছে —

"no suit or other legal proceedings shall lie against the Government for any damage caused or likely to be caused by anything which is or is deemed to have been in good faith done or indended to be done in pursuance of the Act or any other deed or act deemed to have been made thereunder".

'ইন গুড ফেথ' এই কথা ব'লে গভর্নমেন্টকে আত্মরক্ষার কবচ দেওয়া হয়েছে। এটা একটা সময় হতে পারে কিন্তু স্থায়ীভাবে এটা হওয়া উচিত নয়। সেকশন ২৭-এ, যদিও সেখানে বলা হয়েছে

"without prejudice to any special provisions contained in this Act, the State Government may by order require any person to furnish or produce to any specified authority or person any such information or article in his possession as may be specified in the order, being information, or an article which the State Government considers it necessary or expedient in the interest of the prevention or suppression of subversive acts to obtain or examine".

যদিও এডিটর অর পাবলিশার অর নিউজপেপারকে এই আইন থেকে অব্যাহতি দেওয়া হয়েছে কিন্তু এটা ঠিক এই প্রথম যে প্রভিশন এর মধ্যে পাবলিশারকে, এডিটরকে ফেলা যেতে পারে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: May I point out to Hemanta Babu that sections 11, 12 etc. are omitted? They are Sections covered by the Press (Objectionable Matters) Act.

Sj. Hemanta Kumar Basu:

হয়ত বিলের কিছু কিছু ধারা পরিবর্তন করা হয়েছে, কিন্তু সাধারণভাবে যে সমস্ত ধারা রয়েছে সেগুলি জনস্বার্থের বিরোধী। যে বিশেষ অবস্থায় এই আইন আনা হয়েছিল আজকে তা নেই। এই অবস্থায় আবার যখন সেইসব ধারা পুনরায় প্রবর্তন করার চেষ্টা হচ্ছে সেখানে জনসাধারণের অধিকার হিসাবে তাদের এ বিষয়ে মত সরকারের গ্রহণ করা উচিত। কারণ, তাদের ভোট পেয়েই এই সরকার নির্বাচিত হয়ে এসেছেন, সুতরাং জনসাধারণের কাছে এই বিল নিয়ে যাওয়ার পক্ষে তাদের কি আপত্তি থাকতে পারে? দুইবার এই বিলের তারা

লাইফ এক্সটেনশন করেছেন; এই থার্ড টাইম, যে সময় এমন কোন জটিল অবস্থা নেই, যখন এই বিলের সার্কুলেশন বা জনমত গ্রহণের জন্য দেওয়া উচিত ছিল তা না ক'রে জোর ক'রে পাশ করবার চেষ্টা হচ্ছে। কাজেই একটা সন্দেহ মনে আসে যে, দেশে যে সমস্ত আন্দোলন গড়ে উঠছে বা গড়ে উঠবে বা যে সমস্ত নতুন নতুন ট্যাক্স ক'রে সেকেন্ড ফাইভ ইয়ার প্ল্যানএর কাজ পরিচালনা করা হবে দেশের জনসাধারণের মধ্যে, ফলের উপরে ট্যাক্স, তেলের উপরে ট্যাক্স, চিনির উপরে ট্যাক্স ইত্যাদি যা করা হবে সেই সমস্ত ট্যাক্স যাতে সহজে আদায় হয় গভর্নমেন্ট সেজন্য এই আইন আনার প্রয়োজন অনুভব করেছেন। দেশের জনসাধারণকে আইন দিয়ে দাবিয়ে রেখে জোর ক'রে তাদের কাছ থেকে ট্যাক্স আদায় ক'রে দেশের কোন মঙ্গল বা উন্নয়নমূলক কাজ হতে পারে না। যদি জনসাধারণের স্বতঃস্ফূর্ত সমর্থন থাকে তাহ'লে কাজ চলতে পারে। এই কথা ব'লে আমি এই বিলের তীব্র প্রতিবাদ করি।

[6-20—6-30 p.m.]

Sj. Bankim Chandra Kar: Mr. Speaker, Sir, I am afraid I cannot agree to the motions of circulation. I shall try to meet the points which have been raised by my friends opposite. Sir, the West Bengal Security Act came into existence in its proper shape in the year 1950. Thereafter there have been two amendments in 1951 and 1952. In 1950 the life of the Act was extended first of all for three years and in 1953 the Life of the Act was extended for another three years, and this is another amendment mainly for the purpose of extending the life of this Act. Now, Sir, if we do not forget, we know what was the condition of this State in 1950.

You are aware that in that year there had been communal riots and there had been dacoities and robberies and many such acts perpetrated by people who have no regard for law and order and the Government had to bring this Act into existence for the stability of the State. Then intially the section, which has been mostly touched in 1953 is section 21A. My friends may know that under section 21 there was a board of three Judges who used to receive representation from the persons detained and also papers from the Government. After perusing those papers and the representation, they used to come to a decision. Previously there was very little time given to the board; they were given only two days' time; subsequently this has been increased to seven days and 15 days were given for submitting representation by the person concerned and 7 days to the authorities concerned to submit their papers. Sir, besides section 21 another section which is going to be amended is section 11 Here it has been said only those persons who commit subversive acts are to be punished under section 11 of the West Bengal Security Act. My friends who have said many times that it is a lawless law, it is a law of a Police State and so on, ought to know that under sections 10 and 11 of the West Bengal Security Act, offenders are tried ordinarily in a criminal court of law under the procedure laid down in the Criminal Procedure Code and these cases are warrant cases. They plead like an ordinary accused, and have all the rights and privileges of a criminal trial. My friends have said that the Act is not at all necessary and was never necessary. I would just remind them that this Act is essentially necessary for the safety of the people living in the State. Sir, there is nothing to fear from the peaceful people, and peaceful gentlemen who do not take recourse to subversive acts, who do not incite people to commit rioting, or to commit dacoities and robberies; these gentlemen have nothing to fear even if this Act exists and is extended for another five years. I am afraid I do not understand why there is such a serious and vehement objection to this. [Interruption]. I do not name anybody but if my friends provoke me I may be provoked to name somebody who committed the offence. All my friends are gentlemen like myself. I do not say they are not gentlemen. I am speaking of those persons who are outside this House.

Sj. Bibhuti Bhushon Ghose:

আমরা যারা সাবভার্সিভ এ্যাক্টিভিটিজ করেছিলাম, তাহলে আমরা তো সব ডাকাত! হেমন্তবাবুও করেছিলেন, তিনিও ডাকাত।

Sj. Bankim Chandra Kar: If any of my friends was arrested in connection with subversive activities there must have been some evidence against him, but all persons who were arrested were not convicted. Even in criminal courts 75 per cent. of offenders under penal code get acquittal. That does not mean that they actually did not commit an offence or there was no evidence against them. Sir, my friends here ought to know that the principle of criminal law is even 99 per cent. of guilty persons ought to be acquitted instead of one innocent person being convicted. That is the principle of British Jurisprudence and that is the reason why these gentlemen who had been arrested have been acquitted in a court of law, but their acquittal does not prove that they are completely innocent. [Interruption by Dr. Kanailal Bhattacharjee and Sj Bibhuti Bhuson Ghose. কখনো তো জেলটেল্ খাটতে হয় নি। গ্যুতোটা বোঝ নি তো?]

Mr. Speaker: Why interrupt him? You can speak in reply.

Sj. Bankim Chandra Kar: Sir, people who take recourse to anti-social and anti-State activities are the persons who mainly come under the provisions or the purview of this Act; they are the people who have reasons to oppose the present enactment. Sir, my submission is that nobody need be afraid of this enactment if he is not concerned in it. I also say, Sir, there are thousands and thousands of people who just want to live in peace in city areas as also in rural areas. They do not want that there would be rioting; nobody wants that the Howrah roads and Calcutta roads would be blocked by putting all sorts of lorries and vehicles and people would not be allowed to move. What I say is this. People do not want that when their young girls will go to school, those cowards, those antisocial elements will insult them My friends know this and knowing this they suppress that thing. Simply because this has been brought in by the Government they are opposing it. Sir, I am against it, I do not want that such things should continue. Look at the history of the last two years when there were armed hold-ups, dacoities in broad daylight on the streets of Calcutta. We have seen there have been dacoities and robberies; we have seen people have been murdered in broad daylight; but on account of the existence of this law, this stringent and extreme measure of the Government, these people do not dare to do such things now; some of them who did these are behind the prison bars.

Sir, certain motions have been tabled by Shri Subodh Banerjee regarding sections 10 and 11 of the Act. These are punishable sections for doing subversive acts and doing some other things. Now, Sir, I also remind him that this is not a lawless law; these are ordinary Penal laws like section for assault as under section 323 I.P.C. or a section for theft as under section 379 I.P.C. They are ordinary Penal laws and the accused have been given all privileges. So I do not find any sense in tabling these amendments

Mr. Speaker: We are not concerned with amendments now.

[6-30—6-40 p.m.]

Sj. Bankim Chandra Kar: Sir, this Act was passed before the last general election. My friend Sj. Jyoti Basu gave certain figures showing the percentage of votes received by the Congress and other parties. Sir, my friends also took the advantage of this Act and all parties tried their best to capture the imagination of the electorate and of the general public.

What I say is this: We have seen what the people said and what the people thought, and what is the verdict they gave. What my friends utter here is not the voice of the people. It is the voice of certain gentlemen who are here. What I say is the verdict given by the people. Let us see what percentage of people voted for them. (Cries of " we got 61 per cent." [Uproar]. No amount of shouting will help you. There are instances where you have not got even 5 per cent. of votes. Even now some of my friends who were on the other side of the Chamber only the other day, have also come over to this side of the House. Let them consider this fact also. Instead of criticising each and every Bill that is brought by the Government let them probe into the matter and come to a definite understanding before they venture to speak anything. Sir, it is certainly the duty of the State to try to ensure the safety and stability of the people and in order to do that, I must say, this measure is necessary. When attempts were made to impair the peace and tranquillity of the public, this measure was necessary, this measure was called for and the West Bengal Government had brought about this enactment. Sir, if they can manage to collect a few people, five hundred or so and announce here that 15,000 people are waiting outside [uproar] protesting against this Bill, that will not mean that the representatives of the people have come. It is not that.

[At this stage the member reached his time-limit but was allowed to speak for 2 minutes more.]

Sir, this Act is needed to take into task those persons who would break the law, who would take recourse to goondaism and other anti-social activities, as also those persons who would be behind those subversive activities. A statement has been made here that this Act is against the interests of the people of West Bengal. I contradict my friend Shri Jyoti Basu and say that it is in the interests of the people of the State who are living in peace under the present circumstances that the life of this Act has got to be extended. Sir, my friends also attacked the Advisory Board which look into the representations of the persons arrested. Sir, this Board consists of three Judges of the High Court and other Courts. Even these High Court Judges have not been spared. Then, Sir, in Section 19 for the words "safety or stability" the words "public order or tranquillity" have been substituted. Sir, it is only to clarify the whole position that these words have been introduced.

Sir, I need not go into all these details. All that I should say is that I am a peace-loving person. I am one of those who want to remain in peace and therefore I want this Act to remain in the Statute Book. Those who want to discontinue this Act are persons who want to impair the peace and tranquillity of the public.

With these words, Sir, I support the Bill.

Sj. Haripada Chatterjee:

সভাপালমহাশয়, আমি এতক্ষণ ভাবছিলাম লীগ আমলে যখন এখানে নাজিমুদ্দীন সাহেব বক্তৃতা দিতেন বোধ হয় তাই শুনছিলাম। তখন আমরা এদিকেই ছিলাম, কংগ্রেস বেঞ্চেও বসতাম। এখন ওঁরা ওদিক থেকে যে ধরণের বিনা বিচারে নাগরিক স্বাধীনতা হরণ করার, বন্দী করার কথা সমর্থন তারা করছেন, তাতে সেই নাজিমুদ্দীনের আমলের, ম্যাক্সওয়েলের আমলের ব্যাপারই ওঁরা আবার এখানে দেখালেন। বিনা বিচারে নাগরিক স্বাধীনতা হরণ করার, বন্দী করার নিন্দা তীব্রভাবে এখান থেকে, সেই আমলের জোরালো বিরোধী পক্ষ কংগ্রেস বেঞ্চ থেকে করা হয়েছে আর সেই কংগ্রেস এখন করছেন কি না [কংগ্রেস বেঞ্চ হইতে—বসে পড়ুন, আর শুনতে চাই না, ইত্যাদি।]—

সভাপালমহাশয়, আমাদের প্রধানমন্ত্রী, আমাদের দেশের নেতা—এই হাউসের নেতা, তিনি দিব্যি বুঝিয়ে গেলেন, যেমন সব কাজের মধ্যে ধোঁকার সৃষ্টি করেন, তেমনি দিব্যি বুঝিয়ে গেলেন—এ ত কোর্টের বিচার!! এটা কোন্ জাতীয় কোর্ট? এ কোর্ট হিটলারের দ্বিতীয় নমুনা; হিটলার, মুসোলিনীর শাসন ছাড়া দুনিয়ার কোথাও মিলে না, আর খুঁজলে পাওয়া যাবে রাশিয়ার জারের আমলে। এ কোর্ট সে কোর্ট নয় যেখানে ক্রস এক্সামিনেশন হয়। এ কোর্ট সে কোর্ট নয় যেখানে কেউ আসামী হয়ে পরে তার বিরুদ্ধে যে সাক্ষী দেয় তাকে জেরা করতে দেওয়া হয়। এ কোর্ট তাঁর নিজের ধরণের কোর্ট, অবাধ ক্ষমতায় তৈরী।

সভাপালমহাশয়, এখান থেকে দেখাই [একখানা পুঁথি গ্রহণ। কংগ্রেস বেঞ্চ হইতেঃ ওসব ত অনেকবার দেখিয়েছেন, ব'সে পড়ুন, আর কেন?]। চেঁচামেচিতে কোন লাভ হবে না। অসভ্যর মত চেঁচিয়ে কেউ আমার বলা বন্ধ করতে পারবেন না। সভাপালমহাশয়, আমি অনেক কিছু জানি। আমি ওদিকে [কংগ্রেস বেঞ্চ নির্দেশ করিয়া] সেই কারণেই যাই না। কংগ্রেসীরা পূর্বে বিরোধী পক্ষ থেকে অনেক অন্যায় কার্যের নিন্দা করেছেন। এখন সরকার হাতে নিয়ে সেসব কথা বেমালুম ভুলে গিয়েছেন। আমি সেই কথাই বলছি, তাই ওঁরা চেঁচিয়ে আমার মুখ বন্ধ করতে চান। আপনি আমাকে জানেন, সুতরাং ওঁদের চেঁচামেচি ক'রে আমাকে বাধা দিলেও নিরস্ত করতে পারবেন না। যাক, প্রথমে দেখুন, নিজেরাই স্বীকার করছেন, পাঁচ বছর আনকনস্টিটিউশনাল কাজ ওঁরা করেছেন। এবং এই এ্যাক্টে আর কাজ হবে না, তাই এ্যামেন্ড করছেন। কনস্টিটিউশনের বিরুদ্ধে কিরকমভাবে ছিলেন পাঁচ বছর সেইটে দেখুন!! এতদিন পরে কর্তাদের খেয়াল হ'ল কনস্টিটিউশন অনুযায়ী আইনগুলি ঠিক করতে হবে। তাহ'লে পাঁচ বছর এমন আইন স্ট্যাটিউটএ রেখেছিলেন কেন? বোধ হয় কোর্টে গিয়ে কেউ ফাইট করে নাই, কিন্তু প্রত্যেকটা জায়গায় প্রত্যেকটা ক্লজ আনকনস্টিটিউশনাল। এখন তাকে কনস্টিটিউশনাল করছেন। ক্লজ ৬-এ এখানে বলছেন

"The restrictions imposed under the provisions of section 6(1) should be in the public interest or in the interest of the places protected and must not be unreasonable Hence the amendment".

তাহ'লে পাঁচ বছর ধ'রে এটাকে আনএ্যামেন্ডেড রেখেছেন কেন? পাবলিক ইন্টারেস্টএর কথা ছিল না কেন? অর্থাৎ কনস্টিটিউশনএর সেকশন ১৯(১)-এ আমাদের কিছু স্বাধীনতা দিয়েছে। এই কনস্টিটিউশন করেছেন ভেস্টেড ইন্টারেস্টএর মালিক যারা তারাই, কিন্তু নাগরিকদের যেটুকু স্বাধীনতা তারা দিয়েছেন সেটুকুও এর দ্বারা উনি হরণ করছেন।

সভাপালমহাশয়, এই বিলের যে সেকশন দ্বারা আমাদের স্বাধীনতা হরণ করছেন সেই সেকশনটা দেখুন। তারপর কনস্টিটিউশনের ১৯(১) ধারায় আসুন। এখানে আমাদের কতকগুলি ফান্ডামেন্টাল রাইট দিয়েছে, যেমন—

"to assemble peaceably and without arms; to form associations or unions; to move freely throughout the territory of India; to reside and settle in any part of the territory of India; to acquire, hold and dispose of property; and to practise any profession, or to carry on any occupation, trade or business".

এখন টু মুভ থ্রুআউট দি টেরিটোরি অফ ইন্ডিয়া সেটা বন্ধ করছেন। একটা এরিয়াকে ডিক্লেয়ার করেছেন যে সেখানে কেউ যেতে পারবে না। বলবেন, বাধানিষেধ করেছি, কিন্তু সেটা যে ক্লজএ করেছেন সেই ৫নং উপ-ধারাতে বলছে, এই কাজ পাবলিক ইন্টারেস্টএ হওয়া চাই, রিজনেবল হওয়া চাই। তার দিক দিয়ে যান নাই। এরকম একটা নয়, কতগুলি এ্যামেন্ড করেছেন সেইটে দেখুন। প্রথম যে আইন নীতিবিরোধী সেই আইনের পাঁচ বছর মেয়াদ বাড়ানো মানে তিনি এই দেশ গঠনতন্ত্রের মূলনীতি মেনে চালাতে পারেন না, তাতে গভর্নমেন্টের পরাজয় স্বীকার হ'ল। এটা ওয়েলফেয়ার স্টেট নয়, এটা জনসাধারণের প্রিয় সরকার নয়। এখানে কিছু বলতে গেলে আমাদের অপরাধ হয়। আমের উপর ট্যাক্স বাড়াবেন, ফলের উপর ট্যাক্স, এইসব ক'রে করছেন কি না, গত পাঁচ বছরের যে পরিকল্পনা তাতে কোটি কোটি টাকা অপব্যয় করেছেন। এই গরীব দেশের কোটি কোটি টাকা অপব্যয় করেছেন, আরো করবেন।

রাতদিন মহা তোলপাড় কাণ্ড; [মুখ্যমন্ত্রী মহাশয়ের দিকে তাকাইয়া] খালি পরিশ্রম করলেই হয় না, আসল কাজ করতে হবে। আমি একটা একটা ক'রে যদি দেখাই তাহ'লে দেখবেন প্রত্যেক জায়গায় আনকনস্টিটিউশনাল পদ্ধতি অনুসরণ করা হচ্ছে। এতদিন এটা এ্যামেন্ড করা হয় নাই কিন্তু এখন কি রকম তাড়াতাড়ি করা হচ্ছে দেখুন। আর উনি যে এ্যামেন্ডমেন্ট এনেছেন, আমি খালি একটা দেখাই, দেখুন কি কাণ্ড করেছেন—

"no person shall without the permission of the State Government or of any person in authority connected with the protected place duly authorised by the State Government in this behalf or of the District Magistrate or of the Subdivisional Magistrate having jurisdiction, enter, or be on or in or pass over, any protected place and no person shall loiter in the vicinity of any such place".

[6-40—6-50 p.m.]

গতবারে ৬ নম্বরের ৬ সেকশনে যেটা ছিল সেটাকে মডিফাই ক'রে কি করছেন দেখুন। এটা ভাববার জিনিষ, এটা হয়ত উনি খেয়াল করেন নি—

"if any person is in a protected place in contravention of any provisions of this section he shall be punished with imprisonment for a term which may extend to 3 years or with fine or with both".

অর্থাৎ প্রোটেকটেড প্লেসে যদি কেউ থাকে, তাঁর আদেশ না শোনে, তাহ'লে তিন বছর জেল এবং ফাইন হবে, সেটাকে মডিফাই করতে গিয়ে কি করছেন—

"is in a protected place in contravention of any of the provisions."

এটি উঠিয়ে দিলেন, উঠিয়ে দিয়ে বললেন—

"if any person under sub-section (6) for the words 'is in a protected place in contravention of' the word 'contravenes' shall be substituted".

তার মানেটা হয়ে গেল অন্য রকম—

"if any person contravenes the provisions of the section".

মানে ৬ নম্বরে যে কোন ধারার বিরুদ্ধাচরণ ক'রে তাহ'লেই তিন বছর জেল হবে, জরিমানা হবে ইত্যাদি। তার মানে এই ৬ নম্বরের ২ উপ-ধারাও এসে গেল, অর্থাৎ যদি কেউ লয়টার করে ভিসিনিটিতে তারও জেল, জরিমানা হবে। ধরুন গভর্নমেন্ট মিন্ট, তাকে প্রোটেকটেড প্লেস ঘোষণা করা হ'ল। তার পাশ দিয়ে রাস্তা আছে। ভিসিনিটি মানে কি সেটা ডিফাইন করেন নি। শুধু বলেছেন, প্রোটেকটেড প্লেস ভিসিনিটি। অতএব তার পাশ দিয়ে যে রাস্তা আছে সেই রাস্তা দিয়ে চলতে গেলেও তিন বৎসর জেল ও জরিমানা দুইই হবে। বেহালার বীরেন রায়মহাশয় আছেন। তাঁকে তাঁর বাড়ী থেকে ধ'রে এনে জেল দেওয়া যেতে পারে, কেন না, বেহালা মিন্টের ভিসিনিটিতে। ভিসিনিটি ডিফাইন করা নেই।

Mr. Speaker:

এইগুলি এ্যামেন্ডমেন্টের সময় বলবেন।

Please mention this when we come to the clauses.

Sj. Haripada Chatterjee:

আগে যা ছিল সেটা বদলাচ্ছেন পাঁচ বছরের জন্য পাঁচ বছর পরে। কিন্তু কনস্টিটিউশন অনুযায়ী করতে গিয়ে ভিসিনিটি সম্বন্ধে যা করছেন তাতে এ ধারা কনস্টিটিউশনবিরোধী হচ্ছে। এটা থটলেস, আনকনস্টিটিউশনাল এ্যাক্ট হচ্ছে। মূলনীতির ১৯ ধারার সম্পূর্ণ বিরোধী হচ্ছে। তিনি এটা কারোর সাপোর্ট পাবেন না। যেখানেই যান, হাইকোর্টে যান বা যেখানেই যান, এটা আলট্রা ভাইরিস অফ দি কনস্টিটিউশন ব'লে গণ্য হবে। এটা অচল হয়ে যাবে। ভিসিনিটিতে থাকলেও তিন বছর জেল হবে। আগেকার সেকশনে ছিল না। স্টিল ওয়ার্স করছেন। উনি বলছেন যে, উনি এ্যাক্টটিকে ভাল করতে চাইছেন, কিন্তু উনি ওয়ার্স্ট করছেন।

প্রধানমন্ত্রীকে দেখাচ্ছি তিনি কি কাজ করছেন। তিনি লেজিসলেচারে আইন করতে যাচ্ছেন, তাঁর যে সমস্ত লোক আছে তারা আইন ক'রে দেয় আর তিনি এখানে এসে সেগুলি পাশ করিয়ে নেন। ভোট বেশী আছে। ভোট বেশী থাকলেই পুরুষ মানুষকে মেয়েমানুষ করা যায় না [লাফটার]। [এ ভয়েসঃ কেন, তাও ত হয় (লাউড লাফটার)।] দুইকে চার করা যায় না। সেকশন ১৯-এতে ফান্ডামেন্টাল রাইট দিয়েছে। এইরকম আইন তিনি কি ক'রে পাশ করছেন। প্রোটেকটেড্ প্লেসের ভিসিনিটি যে কোন স্থানে থাকলে তিন বছর জেল দিয়ে দেবেন। এটা আশ্চর্য্য ব্যাপার। এই জিনিষ তিনি পাশ করছেন। এটা তিনি হয়ত দেখেন নি, তাই কনট্রাভিন করছেন। আগে এই সেকশন ছিল না। আমরা সেকশন বাই সেকশন যদি দেখি, আমি এখন দেখাবো না, পরে দেখাবো, তাহ'লে অনেক গলদ বার হবে। আমি একটাই দেখালাম।

আমি সর্বশেষে বলছি, উনি এই আইন না ক'রে যদি দেশ চালাতে না পারেন, আমি বলবো তিনি শক্তিমত্তা দেখান, শারীরিক শক্তি তাঁর অনেক বেশী, বলছিলেন বঙ্কিম মুখার্জিকে তিনি পরাস্ত ক'রে দিতে পারেন। আমাকে কিন্তু পারবেন না, আমার গায়ের জোর আছে, আমি ওঁকে হারিয়ে দিতে পারি। [লাফ্‌টার]। যা হোক, এসব কথা বলবো না। কিন্তু তিনি যদি বাস্তবিকই এই রকম নেচারএর আইন ছাড়া দেশ শাসন করতে না পারেন, বিনা বিচারে বন্দী না ক'রে, নাগরিকের গঠনতন্ত্রে দেওয়া স্বাধীনতা হরণ না ক'রে——

[At this stage the blue light was lit.]

দুই মিনিট, স্যার যেটা বলছি সেটা শেষ করতে দিন। বিনা বিচারে বন্দী না ক'রে, এত কান্ড না ক'রে যদি বলতেন যাকে ইচ্ছা এক বছর কয়েদ রাখব তা বরং ভাল হ'ত। সেইমত একটা আইন বরং পাশ করিয়ে নিন। সেন্টারএর প্রিভেনটিভ ডিটেনশন এ্যাক্টএ বিনা বিচারে বন্দী করার ক্ষমতাও ওঁর হাতেই আছে। সভাপালমহাশয়, আমি এই কথাই বলি যে, আমি বিনা বিচারে বন্দী থেকেছি, জেলে থেকেছি। সাজা পেয়ে জেলে থাকার চেয়েও বিনা বিচারে বন্দী থাকা আরও পীড়াদায়ক। আজকে যাঁরা কোনদিন জেলে যান নি, অর্থাৎ তথাকথিত কংগ্রেসী ও গভর্ণমেন্টের কর্মচারী যাঁরা, তাঁরাই আজ স্বরাজের মালিক হয়েছেন। এই স্বরাজের জন্য আমরাই জেল খেটেছি, তখন ওঁদের কোথাও দেখি নি। সভাপালমহাশয়, বিনা বিচারে বন্দী থাকলে মানুষের মন একেবারে ভেঙ্গে যায়। বিনা বিচারে বন্দী থাকা যে কি সাংঘাতিক তা আমরা জানি। কোন মানুষের স্বাধীনতা হরণ ক'রে, সাজা দিয়ে জেলখানায় যদি রাখা হয় তাহ'লে সে জানে একদিন ছাড়া পাবে, সে দিন গুণতে পাবে। কিন্তু বিনা বিচারে কাউকে আটক করলে সে বলতে পারে না কবে ছাড়া পাবে। সে মুক্তির দিন পর্য্যন্ত গুণতে পারে না। সে আরও প্রাণঘাতী। মুশ্লিম লীগের আমলে আমি কংগ্রেসে ছিলাম, আমরা যখন এরকম বলতাম তখন তারা হা হা ক'রে হাসতো, যেমন আজ এ'রা হা হা ক'রে হাসছেন। আমি দেখেছি, সভাপালমহাশয়, বিনা বিচারে বন্দী হয়ে আমার জেলার একটা ছেলে তারাদাস মুখোপাধ্যায়, তার মাথা খারাপ হয়ে গেল। তখন শরৎ বসুমহাশয় এখানে কংগ্রেসের নেতা বিনা বিচারে বন্দী করা নীতির কত নিন্দা করেছেন। তারাদাস মুখোপাধ্যায়ের কথা বলতে গিয়ে বলা হয়েছিল—

"His wails broke in upon the silence of night and rang on the corridor which is still ringing in my ears"

তারাদাস মুখোপাধ্যায়ের কথা, শোভারাণী দত্তের কথা ইত্যাদি কতজনের কথা ব'লে তখন কত আপীল কংগ্রেসীরা করেছেন, সেইসব কথা আজ তাঁরা ভুলে গেছেন। বিনা বিচারে কাউকে আটক ক'রে রাখা উচিত নয়। নীতির দিক থেকে এটার আমরা প্রতিবাদ করছি। দেশের বহু ছেলেমেয়ে উন্মাদ হয়ে গেছে, পাগল হয়ে গেছে বিনা বিচারে আটক থেকে। আর আজকে এ'রা হাসিতে হাসিতে শত বিধিনিষেধভরা স্বাধীনতা হরণকারী এই আইন পাশ করছেন। ধ্বংস হয়ে যাবে এই সরকার, এই রকম জিনিষ তাঁরা করছেন। ফলের উপর, চায়ের উপর এ'রা ট্যাক্স করছেন, আর সেই টাকা নিয়ে তাঁরা কি করছেন? ইলেকশনএর সময় ভুয়ো টেস্ট রিলিফএর নামে লক্ষ লক্ষ টাকা খরচ করেছেন। আমরা জানি, টেস্ট রিলিফএর কাজ কিরকমভাবে হয়। এসব কথা বলতে গেলে হাটে হাঁড়ি ভেঙ্গে যাবে। মহাত্মা গান্ধী একটা

কথা শিখিয়ে গেছেন—ভোটের জোরে সত্য গোপন করা যায় না। এ'দেরই যে আদর্শ, যে মূলনীতি "সত্যমেব জয়তে", সেদিক থেকে অন্তিম বলছি, এই যে এ'রা যদি হেসে হেসে নাগরিক স্বাধীনতা হরণকারী বিনা বিচারে বহিষ্কার ও বন্দী করার আইন পাশ করিয়ে নেন তাহ'লে সব ধ্বংস হয়ে যাবে এবং এ'রা অচিরেই কুপোকাৎ হবেন [প্রচুর হাস্য]।

Sj. Ambica Chakrabarty:

মাননীয় স্পীকারমহাশয়, এই এ্যাক্টএর জন্ম থেকে জনসাধারণ এর সম্বন্ধে আপত্তি ক'রে আসছে। এটা একটা সমাজবিরোধী আইন এবং একে কালা কানুন বলা হয়। কিন্তু বারবার এই আইনের মেয়াদ বৃদ্ধি ক'রে এটাকে জিইয়ে রাখা হচ্ছে। কেন রাখা হচ্ছে এর কোন কারণ দেখাতে ডাঃ রায় পারেন নি। এখানে যা বলা হয়েছে ও যে সমস্ত কারণ দেখানো হয়েছে বর্তমান অবস্থায় তার একটিও যুক্তিসঙ্গত নয়। আমি প্রধানমন্ত্রীকে এবং কংগ্রেস পক্ষের সদস্যগণকে জিজ্ঞাসা করছি যে, বর্তমান অবস্থাতে আবার এই আইনকে পুনর্জীবিত ক'রে বাড়িয়ে রাখবার কি কারণ আছে; এই এ্যাক্টএ বলা হয়েছে যে, স্টেটের নিরাপত্তার জন্য, স্টেবিলিটির জন্য এই আইনটা করার উদ্দেশ্য। আমি জিজ্ঞাসা করছি যে, গত তিন বৎসরের মধ্যে কোথাও কোন বিদ্রোহ হয়েছে কি; এবং এমন কোন ঘটনার একটি উদাহরণও প্রধানমন্ত্রী মহাশয় দিতে পারবেন কি? দ্বিতীয়ত, তিন বৎসর আগে যখন এই এ্যাক্টএর মেয়াদ বাড়াবার জন্য প্রধানমন্ত্রী মহাশয় উপস্থিত করেছিলেন তখন তিনি বলেছিলেন যে, এই এ্যাক্টএর বলে বিরোধী দলের এবং কোন পলিটিক্যাল পার্টির সদস্যদের উপর এই আইন প্রয়োগ করা হবে না। অথচ এই আইন বিরোধীদের উপর প্রয়োগ করা হয়েছে এবং এ বিষয়ে যথেষ্ট প্রমাণ আছে।

[6-50—7 p.m.]

এখানে শংকর মিত্রমহাশয় তাঁর বক্তৃতায় বললেন যে, প্রধানমন্ত্রী মহাশয় যখন বলছেন বিরোধী পক্ষের কোন সদস্যদের উপর এই আইন প্রয়োগ করা হবে না তখন ভয়ের কি কারণ আছে? কিন্তু আমি বলছি, এই আইন প্রয়োগ করা তো বিরোধী দলের উপরই হচ্ছে। এই আইনে এ্যারেস্ট করা হয়েছে এরকম কয়েকজনের নাম আমার পূর্ববর্তী বক্তা বলেছেন। সে নামগুলির সঙ্গে আমি আরও দু'-একটি নাম বলছি। ডক ইউনিয়নের মহম্মদ শহীদ ও মহম্মদ জিলানীকে এই এ্যাক্ট অনুসারে এ্যারেস্ট করা হয়েছিল এবং আমার আগে হেমন্তবাবু, জ্যোতিবাবু, ওঁরা কয়েক জনের নাম বলেছেন। কাজেই এই এ্যাক্ট যে বিরোধী দলের সদস্যদের বিরুদ্ধে প্রয়োগ করা হবে না ব'লে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সে প্রতিশ্রুতি তাঁরা ভঙ্গ করছেন। আমার কথা হচ্ছে, বিরোধী দলের সদস্যদের বিরুদ্ধে এই আইন প্রয়োগ করা হোক বা না হোক তা আমার প্রশ্ন নয়। বিরোধী দল আপনাদের আইনকে ভয় করে না। তারা ন্যায়সঙ্গত আন্দোলন ক'রে কাজ ক'রে যাবে, এই শক্তি তাদের সব সময় আছে। কাজেই ভয়ের কারণ নাই। আপনারা বলবেন স্টেট বিপন্ন হয়, কিন্তু আমরা মনে করি না যে, স্টেট বিপন্ন হবার সম্ভাবনাকে এই আইন দ্বারা নিরোধ করা যায়। চোর, ডাকাতদের জন্য যদি এই আইন হয় তাহ'লে চোর, ডাকাত এবং গুণ্ডার সংখ্যা কিছুই কমে নি কেন? এই সমস্তই আছে। পলিটিক্যাল ওয়ার্কারদের জন্য প্রিভেনটিভ ডিটেনশন এ্যাক্ট রয়ে গেছে, ক্রিমিন্যাল প্রসিডিওর কোডের বিভিন্ন ধারা রয়ে গেছে। চুরি, ডাকাতি এবং কোন শান্তিভঙ্গ হ'লে সেই শান্তিভঙ্গের জন্য তার বিরুদ্ধে এইসব আইন রয়ে গেছে। কাজেই এই আইনের প্রয়োজনীয়তা কোথায়? এ সম্বন্ধে প্রধানমন্ত্রী কোন যুক্তি দিতে পারেন নি। ডাঃ রায় বলেছেন যে, এর একমাত্র উদ্দেশ্য হচ্ছে এটাকে আমাদের অস্ত্র হিসাবে রাখতে হবে, তাদের ভয়ের কারণ কি? তিনিও তাঁহার দল ত ঠিকই আছেন। কিন্তু কি অবস্থাতে তিনি আমাদের রাখতে চান। বিশেষ কোন পরিস্থিতি যদি দেখা যায় এবং আমরা যদি বুঝি যে স্টেট বিপন্ন হচ্ছে তখন আমরা এই আইনকে সমর্থন করব। কিন্তু যতক্ষণ পর্যন্ত তিনি সে যুক্তি দিতে পারবেন না ততক্ষণ পর্যন্ত এইভাবে একটি প্রতিক্রিয়াশীল আইনকে আমরা সমর্থন করতে পারি না এবং যে সমস্ত ধারা এই আইনে রাখা হয়েছে তাহা অত্যন্ত মারাত্মক। বর্তমানে কমিউন্যাল ডিস্টারব্যান্সএর কোন কারণ হয়েছে বা হওয়ার সম্ভাবনা রয়েছে ব'লেও আমরা বলতে পারি না। যদি 'সাবভার্সিভ এ্যাক্টিভিটিজ' হয় তাহ'লে তার জন্য যথেষ্ট আইনকানুন রয়েছে এবং সেরকম কোন 'এ্যাক্টিভিটিজ' কোথাও হয়েছে ব'লে আমরা জানি না। আমরা দেখছি চা-বাগানে, কলকারখানাতে বা ক্ষেতখামারে কৃষকেরা যখন কোন আন্দোলন ক'রে থাকে তাদের

দাবী নিয়ে সেটাই হয় সরকারের নিকট সাবভার্সিভ এ্যাক্টিভিটিজ। এ যদি হয় কোন গণতান্ত্রিক আন্দোলন কোথাও হ'তে পারবে না। এই আন্দোলনকে দমাবার জন্য যদি এই আইন হয় তাহ'লে লজ্জার কোন কারণ নাই, স্পষ্ট ক'রে বলুন—কৃষককে, শ্রমিককে, মধ্যবিত্তকে এবং শিক্ষকদের দাবীকে দমাবার জন্য আমরা এই আইন করছি এবং বলুন যে, আমাদের রাষ্ট্রে কোনরকম গণতান্ত্রিক আন্দোলন হ'তে পারবে না। অন্যদিক দিয়ে আপনারা যে সোশিয়ালিস্টিক প্যাটার্নের রাষ্ট্র, সমাজতান্ত্রিক প্যাটার্নএর যে রাষ্ট্রের কথা বলছেন, সেই রাষ্ট্রে এইভাবে আইন ক'রে যদি শাসনব্যবস্থা চালান তাহ'লে তা সমাজতান্ত্রিক রাষ্ট্র না হয়ে পুলিশী রাষ্ট্রই হবে।

Mr. Speaker: Please speak something which is not a repetition It is a Bengali translation of Sj. Jyoti Basu's speech.

Sj. Jyoti Basu: It may be that one or two points may be a repetition but even that is necessary because some of them may not have understood my English.

Sj. Gopika Bilas Sen Gupta: Such a bad English it was.

Sj. Ananda Gopal Mukherjee: He is only a translator and not a member.

Sj. Ambica Chakrabarty:

যে ধারাগুলি এখানে রয়েছে তার প্রত্যেকটি সম্বন্ধে আমার আপত্তি আছে। বিশেষ ক'রে এই আইনে যে ধারাগুলি সন্নিবেশ করা হয়েছে সে সম্বন্ধে আমি বলতে চাই যে, ৬, ৭, ৮, ৯, ১৫, ২১ এবং ২৩ এই যে ধারাগুলি এই ধারাগুলি অত্যন্ত প্রতিক্রিয়াশীল ধারা এবং এই ধারার যে মর্মার্থ সেগুলি এক্সিস্টিং ল-এ যেগুলি আছে সে ল-এর দ্বারা এখানে ধারাগুলি কার্যকরী করতে পারেন। এক্সিস্টিং ল-এতে যে ধারাগুলি আছে আবার সেই ধারাগুলি এই আইনের মধ্যে নিয়ে এসে পাঁচ বৎসরের জন্য জিইয়ে রাখার কি কারণ আছে, এই ধারাগুলি সম্বন্ধে প্রধানমন্ত্রী যে বিবৃতি দিয়েছেন তাতে তিনি কিছুই বলেন নি। ২১নং ধারাতে যে মারাত্মক কথাগুলি আছে সেগুলি মাননীয় স্পীকারমহাশয়, আমি আপনাকে প'ড়ে শুনাচ্ছি।

Mr. Speaker: Please speak on them when the Bill is taken up clause by clause.

Sj. Ambica Chakrabarty:

আচ্ছা, সেখানে কোন কাজ করতে যাচ্ছে বা করতে যাওয়ার সম্ভাবনা আছে দেখবে সেই অবস্থায় তাকে এ্যারেস্ট ক'রে নিয়ে যেতে পারবে। আমি বলছি, এই যে মনস্তত্ত্ববিদ সে লোকটি আন্দাজ ক'রে কি ক'রে ঠিক করবেন যে, সে কি করবে না করবে। অবশ্য যদি বলেন যে, আমাদের মনস্তত্ত্ববিদ আছে তাহ'লে সে কথা আলাদা। আর তা না হ'লে এই মনস্তত্ত্ববিদরা কোনরকমে একটা তার বিরুদ্ধে রিপোর্ট খাড়া ক'রে তাকে এ্যারেস্ট করে। প্রধানমন্ত্রী মহাশয় বলেছেন যে, বার জনকে এর মধ্যে এ্যারেস্ট করা হয়েছে এবং ১।২ জন তারা কমিটির কাছে গিয়ে ছাড় পেয়েছে। আমি বলছি যে, এই যদি আইনের অবস্থা হয় তাহ'লে সিকিউরিটি আইন রাখার প্রয়োজন কি? জনসাধারণের সিকিউরিটি না মন্ত্রীত্বের সিকিউরিটি তা আমি বুঝতে পারছি না। কাজেই এই আইন সম্বন্ধে জনমত গ্রহণ করা উচিত এবং তাদের মত শুনে তবে এই প্রতিক্রিয়াশীল আইন চালু করা দরকার। আর পাঁচ বৎসরের জন্য এই আইনের প্রয়োজনীয়তা কি সে সম্বন্ধে কোন যুক্তি দেখান নি। আমি এ সম্বন্ধে বলছি যে, দু' বছর পরে নূতন ইলেকশন হবে। এই ইলেকশনের পর কি হবে বলা যায় না। অতএব তাঁরা দু' বছরের জন্য এই আইন না ক'রে পাঁচ বৎসরের জন্য এই আইন করবার কি কারণ রয়েছে? না হয় মনে করতাম যে, মন্ত্রীত্বের সিকিউরিটির জন্য দু' বছরের জন্য চালু করতে চাচ্ছেন, তাহ'লে একটা যুক্তি পেতাম। কিন্তু সে যুক্তি তাঁরা দেখান নি। সেজন্য আমি পুনরায় জানাতে চাই যে, এই আইনকে বাড়িয়ে নেবার কোন যুক্তিসঙ্গত কারণ নাই।

বর্তমান পরিস্থিতিতে মূলত তিনটি কারণে আমি এই বিলকে বাধা দিচ্ছি। একটি হচ্ছে বর্তমান পরিস্থিতি সম্বন্ধে। দ্বিতীয় কারণ হচ্ছে, এ'রা যে সমাজতান্ত্রিক ধাঁচে রাষ্ট্র গঠন

করতে যাচ্ছেন সেই রাষ্ট্রে এইভাবে আইন তৈরী ক'রে জনসাধারণের ক্ষমতা কেড়ে নিয়ে যদি রাষ্ট্র পরিচালনা করেন তাহ'লে সমাজতান্ত্রিক ধাঁচের রাষ্ট্র পরিচালনা করবার যে ব্যবস্থা সেটা হ'তে পারে না। তৃতীয়ত, জনসাধারণের মত না নিয়ে এইরকম প্রতিক্রিয়াশীল একটা আইন করবার কি কারণ আছে? আমি এখানে প্রধানমন্ত্রীকে বলছি যে, আইনটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই আইনটি কালা কানুন নামে অভিহিত। এই আইনটি সাধারণের মত সংগ্রহের জন্য প্রচার করবার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

Mr. Speaker: Sj. Sudhir Chandra Das may now speak.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri:

৭টার পরও চালাবেন এটা অন্যায় কথা।

Sj. Jyoti Basu:

আপনি আস্তে আস্তে এটা বেশ চালু করে দিচ্ছেন।

Mr. Speaker: If you want me to accommodate so many members we have to sit just half an hour more; otherwise you can cut down your speakers. I am accommodating so many speakers.

Sj. Jyoti Basu:

এত তাড়াতাড়ি করার দরকার কি?

Mr. Speaker: Let us sit for half an hour more.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: We have listened one hour to his speech. Let us wait and hear somebody else.

Sj. Jyoti Basu:

আপনার এত তাড়াতাড়ি করার কি আছে বুঝতে পারি না।

Sj. Sudhir Chandra Ray Chaudhuri:

আমরা এখানে বলতে এসেছি, আপনি বলতে দেবেন না কেন?

Sj. Jyoti Basu:

শুনেছি হাউস নভেম্বর পর্যন্ত চলবে। তবে তাড়াতাড়ি করার কি আছে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আমি বলতে চাই নভেম্বর কেন দরকার হলে ডিসেম্বর পর্যন্ত চলবে। কিন্তু সুধীরবাবু ত ৩টার সময় আসেন নি, তিনি ৪টার সময় এসেছেন।

Sj. Sudhir Chandra Ray Chaudhuri:

বাজে কথা বলবেন না। আমি ৩-১৫ মিনিটে এখানে এসেছি। [লাফটার।]

[7—7-10 p.m.]

Mr. Speaker: The House in this session has sat for 18 days, and out of 18 days for nearly 10 days it has sat less than three hours. Only for two days the House has sat for five or ten minutes more and for only two days it has sat longer. Do you mean to say that the Speaker cannot ask the House to carry on the business for a few minutes longer? I won't listen to you.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri:

আমরা চাইছি আজকে দয়া করে ৭টার সময় হাউস বন্ধ করুন।

Mr. Speaker: There is no question of "daya". As a leader of party you know the facts and figures.

Sj. Jyoti Basu: No one will be speaking from this side of the House...

Mr. Speaker: If they don't want to speak, I will call others. You don't keep my request for one day. I have kept your request for seventeen days, and you don't keep my request.

Sj. Jyoti Basu: In that case it is impossible for us to continue like that. We speak tomorrow Let the Congress members speak.

Mr. Speaker: Sj. Kali Mukherjee.

Sj. Kali Mukherjee:

মাননীয় স্পীকারমহোদয়, আজকে যে ওয়েস্ট বেঙ্গল সিকিউরিটি এ্যাক্ট এসেছে সে সম্পর্কে আপনার মাধ্যমে কিছু বলতে চাই।

Sj. Jyoti Basu On a point of order, Mr. Speaker. [Interruptions.]

Mr. Speaker: What is your point of order? This is purely obstructionist tactics and nothing else.

Sj. Jyoti Basu: Mr. Speaker, I have raised a point of order. Will you please ask him to sit down?

Mr. Speaker: What is your point of order? Is your point of order on his speech?

Sj. Jyoti Basu: Yes At that time we were requesting you to adjourn the House.

Mr. Speaker: That is not a point of order.

Sj. Jyoti Basu: Suddenly instead of calling a member from this side you switched on to another member from that side without deciding as to who should speak You have not answered my question. I would like to know from you—of course your discretion is there and I know it—whether this practice will go on that everyday we have to sit till 7-30 I would also like to know before you give your ruling whether this First Reading will go on till tomorrow

Mr. Speaker: I have given my ruling times without number. If Mr. Basu has not followed it, I cannot help it. But I can tell him that the practice of Parliament is, so far as the time of adjournment of the House is concerned, it is entirely at the discretion of the Speaker only. So, if the Speaker considers that the House ought to continue for half an hour more or half an hour less, nobody can say anything to that. That is my ruling.

Sj. Jyoti Basu: You have not answered my point. [Interruptions]. I want to know whether the First Reading will continue tomorrow.

Mr. Speaker: Nobody can assure you about that. It depends upon the speakers. I have got to see who are going to speak. I have got to see that the opposition gets enough opportunity of discussion and debate. That principle I have followed and I will follow the same principle.

Sj. Kali Mukherjee:

স্যার, আমি আপনার মাধ্যমে এই বিলের সমর্থনে কিছু বলতে চাই। ১৯৫০ সালে জানুয়ারি মাসে এই এ্যাক্ট গৃহীত হ'ল এবং গৃহীত হবার পরে [ডিস্টার্বান্স] এই বিল গৃহীত হবার সময়

যারা এতে সাহায্য করেছিলেন তারাও আজ এর বিরুদ্ধে জোর গলায় বক্তৃতা দিচ্ছেন। এই বিল যে এ্যাক্টএর উপর আনা হচ্ছে এটা ৫০ সালে পাস হয়েছিল তারপর দুই-একটা এ্যামেন্ডমেন্ট এসেছে এবং যে এ্যামেন্ডমেন্ট আজ আমরা আলোচনা করছি এ হচ্ছে
only to liberalise the act in some of the items.

এক নম্বর হচ্ছে কন্সিকোয়েন্সিয়াল অর্থাৎ যেসব এ্যাক্ট পাস হয়েছে, যথা সেন্ট্রাল প্রেস (অবজেক্সনাল ম্যাটার্স) এ্যাক্ট, এরজন্য সেকসন ২, ১২, ১৩ ডিলিটেড হচ্ছে। দুই নম্বর এ্যামেন্ডমেন্টএর উদ্দেশ্য এই যে আমাদের কনস্টিটিউসনএর সঙ্গে সমতা রক্ষা। এবং গণতান্ত্রিক উপায়ে সম্পূর্ণভাবে প্রত্যেক ব্যক্তির স্বাধীনতা দেবার উদ্দেশ্যে এই এ্যাক্টএর উপর যে এ্যামেন্ডমেন্ট আনা হয়েছে- যেমন
section (6) that is with regard to protected place regarding curfew.

পূর্বে কোন রেস্ট্রিকসন ছিল না এখন নানারকমে রেস্ট্রিক্ট করা হয়েছে, এ ছাড়া সেকসন ২১ রিগার্ডিং ইনটার্নমেন্ট যাতে আগে এমপ্লয়মেন্টএর জায়গা থেকে উৎখাত করা যেতো সেখানে লিবারালাইজ করা হয়েছে। অনেক শব্দ যা বার বার ব্যবহৃত হয়েছে এবং অনেক শব্দ যার প্রয়োজন নেই এবং যেসমস্ত কথা সুটেব্‌ল প্লেস্‌ড নয় তা বদলান হয়েছে।

[Disturbances and noises from the opposition benches.]

যেমন একটা হ'ল সাবস্ট্যান্স অর লিকুয়িড আছে অথচ সাবস্ট্যান্স ইনক্লুডস্‌ লিকুয়িড তাই লিকুয়িড ডিলিট করা হয়েছে। এখানে মোটামুটি উদ্দেশ্য
to liberalise the act in keeping with our Constitution and in keeping with the democracy that is being enjoyed by this country.

১৯৫০ সালে যখন এই এ্যাক্ট গৃহীত হয় তখন আমাদের কনস্টিটিউসন পাস হয় নি। প্রেস (অবজেকসনেবল্‌ ম্যাটার্স) এ্যাক্ট গৃহীত হবার সঙ্গে সঙ্গে আমাদের কয়েকটা ধারা উপধারা লিবেরালাইজ করতে হয়েছে। ওয়েস্ট বেঙ্গল সিকিউরিটি এ্যাক্ট যখন পাস হয় তখনকার অবস্থা আমাদের জানা দরকার। এবং আবহাওয়া যদি আমরা বুঝতে না পারি তাহ'লে পরে আমরা এই এ্যাক্টকে বুঝতে পারব না। ১৯৪৭ সালে স্বাধীনতালাভের পর যখন এই আমাদের কাছে আসে তখন হরিপদ দা আজ যিনি খুব বেশি চীৎকার করছেন——

Dr. Kanailal Bhattacharjee: Sir, he is only translating the speech of Dr. Roy. We take objection to that.

Sj. Haripada Chatterjee:

আমি পার্সোনাল এক্সপ্লানেশনএ কিছু বলতে চাই।

Mr. Speaker:

আপনার পার্সোনাল এক্সপ্লানেশন দেবার যথেষ্ট অপর্চুনিটি আছে, পরে আপনি পাবেন।

Sj. Kali Mukherjee:

পি, এস, পি, লিডার বলেছেন ১৯৪৭ সালে আই উয়িল ওয়াক ওভার ডেড বডিজ। ত্রিবাঙ্কুরে সেফটি এ্যাক্ট পাস করতে দেখেছি, তাদের নেতারা গুলি ক'রে লোক মেরেছেন তাও দেখেছি। তা ছাড়া আর যারা এর বিরুদ্ধে বেশী চিৎকার করেছেন আমি তাদের কথা বলি। ১৯৪৮-৪৯ সালে কলকাতা শহরে মানুষ শান্তিপূর্ণভাবে কাজে যেতে পারত না এবং কাজ থেকে ফিরে আসতে পারত না। যখন রানেডিভএর নেতৃত্বে কমিউনিস্ট পার্টি দেখতে পেলে ভারতবর্ষ সিদিং উয়িথ ডিসকন্টেন্ট এবং রিভলিউশন ইজ ইমিনেন্ট তখন বাংলা দেশের সাংঘাতিক ঘটনা এত শীঘ্র ভুললে চলবে না। তখন এ্যাসিড বাল্বস্‌ ওয়ার ফ্রীলি ইউজড অন দি স্ট্রীট। লোককে প্রতিদিন একটা আতঙ্কের মধ্যে কাটাতে হয়েছে। ৪৮এর শেষ থেকে আরম্ভ ক'রে প্রায় ৪৯ সালে সমগ্র কলকাতা একটা বিভীষিকার অবস্থায় ছিল, শুধু শান্তির প্রশ্ন নয় এমন কি স্ত্রীলোক পর্যন্ত এদের হাত থেকে রক্ষা পায় নি। বহু মেয়ে ট্রামে বাসে বসে এ্যাসিড বাল্বএ পুড়েছে।

[7-10—7-20 p.m.]

১৯৪৯ সালের এই ঘটনার পর যখন বাংলাদেশে এইরকম বিভীষিকার রাজত্ব চলেছে, কোনরকম আইনকানুনে যখন কাউকে ধরা যায় না, কমিউনিস্ট পার্টির পলাতক বহু নেতা পিছন থেকে উস্কানি দিচ্ছে বহু লোককে এবং নানারকম আর্মস, এ্যামিউনিশন গুপ্তভাবে রেখে সাবভার্সিভ এ্যাক্টিভিটিজ চালাচ্ছে—

[disturbances and noise from Opposition benches.]

সেই পরিস্থিতির মধ্যে, সেই সমস্ত ঘটনার মধ্যে প্রথম এই ওয়েস্ট বেঙ্গল সিকিউরিটি এ্যাক্ট তৈরি হয়েছিল এবং তখন জনসাধারণ ধন্য ধন্য করে উঠলো। আজকে বিরোধী পক্ষের এক বন্ধু আঙ্গুল দেখিয়ে বলেছিলেন দাম্ভিক বিধানচন্দ্র রায়; আর সেই বিধানচন্দ্র রায়কে লোকে তখন ধন্য, ধন্য করেছিল, এইজন্য যে বাংলার শান্তি তিনি ফিরিয়ে আনলেন, এইজন্য করেছিল যে গুন্ডার রাজত্ব থেকে কলিকাতাকে তিনি বাঁচিয়েছিলেন, এইজন্য করেছিলেন যে একটা পলিটিক্যাল পার্টি, কমিউনিস্ট পার্টি যারা ফ্রম দেয়ার একস্ট্রা-টেরিটোরিয়াল লয়ালটি বাইরে থেকে বিদেশীর দ্বারা পরিচালিত হয়ে, বাংলাদেশকে ধ্বংস করছিল, লুণ্ঠন করছিল, তাদের হাত থেকে বাঁচাবার জন্য এই এ্যাক্ট পাস হয়েছিল। আজ সেই আবহাওয়া, সেই পরিপ্রেক্ষিতে এই আইন গৃহীত হয়েছে। সেই অবস্থা ভুলে গেলে চলবে না।

আজকে সেই এ্যাক্ট সম্বন্ধে উল্লেখ ক'রে বিরোধী পক্ষের অনেক বন্ধু বলেছেন যদি এইরকম লোককে এখন ধরবার প্রয়োজন না হয়ে থাকে, তাহ'লে এই এ্যাক্টকে কেন রাখা হচ্ছে? তার জবাবে আমি বলব। আজ যুদ্ধ যদি না হয়, তাহ'লে ভারতবর্ষে এত সৈন্য কেন? প্রশ্ন হচ্ছে, যুদ্ধ যদি না হয়, তাহ'লে রুশদেশে সৈন্যের সংখ্যা লক্ষ থেকে কোটিতে পরিণত করা হ'ল কেন? তার প্রশ্ন হচ্ছে, দেশে শান্তি রাখতে হ'লে আমাদের এই আইন রাখতে হয়, এবং যে আইনের ভয়ে লোক শান্ত হয়ে থাকে। আমাদের সামনে উত্তেজিতভাবে বক্তৃতা দিয়েছিলেন হিন্দুসভার নেতা, কলঙ্কিত যাদের হাত গান্ধী হত্যায়; এবং আজকেও তাঁরা বাইরে আছেন ভারতবর্ষ বলে, পাকিস্তানে তা সম্ভব হয় নি। পাকিস্তানে লিয়াকৎ আলি মার্ডার এরপর যে ব্যক্তিরা তার পিছনে ছিল, তাদের বংশের অংশ খুঁজে পাওয়া যায় কিনা সন্দেহ। আর আমাদের এখানে গান্ধী হত্যার পিছনে যারা ছিল, তাদের সাজা হবার আগে, বৎসরের পর বৎসর বাইরে ছিল, তারপর বহুদিন ধ'রে কোর্টে কেস্ হয়েছে, তার ডিফেন্স হয়েছে, অনেক কিছু হয়েছে। অন্য দেশ হ'লে আজকে তাঁদের স্বাধীন হয়ে এইরকমভাবে বাইরে ঘুরে বেড়াতে হ'ত না, আর আজ তাঁরই মুখ থেকে শুনলাম দাম্ভিক বিধানচন্দ্র রায়, এরকম উক্তি করা তাঁর পক্ষে অত্যন্ত লজ্জার কথা। আমি বলি হিন্দুসভা হচ্ছে একটা কমিউনাল অর্গানিজেসন এবং এই হিন্দুসভায় যাঁরা আছেন তাঁদের একমাত্র স্লোগান হচ্ছে কম্যুনাল এবং দেশে কম্যুনাল হারমনি নষ্ট করাই তাদের একমাত্র কাজ, তাঁদের জন্য প্রয়োজন আছে এই এ্যাক্টএর। এবং এই এ্যাক্টএর প্রয়োজন বিশেষ ক'রে কম্যুনাল রায়ট বন্ধ করার জন্য, এই এ্যাক্টএর প্রয়োজন, যারা সাবোটেজ করবে, তাদের বাধা দেবার জন্য। ভারত স্বাধীন হবার পর, বিশেষ ক'রে পশ্চিমবাংলা যখন পাকিস্তানের পার্শ্বে, তখন তার অনেক গুরু দায়িত্ব সরকারের আছে, এবং এর জন্য বুঝতে হবে বাইরে থেকে কোন উস্কানী আছে কিনা? এটাও বুঝতে হবে যে, যেসমস্ত গভর্নমেন্টের অত্যন্ত আবশ্যকীয় জিনিস, যেমন ইলেকট্রিসিটি ইনস্টলেশনস্, যেমন কর্পোরেশনের জল যেখান থেকে আসে, যেমন বিশেষ বিশেষ স্থান পেট্রোলিয়াম ইন্ডাস্ট্রি প্রভৃতি এইরকম নানা জায়গা আছে, সেই সমস্ত জায়গা রক্ষা করা সরকারের প্রয়োজন অর্থাৎ এই সমস্ত প্রোটেকটেড এরিয়াকে রক্ষা করার জন্য এই এ্যাক্টএর প্রয়োজন। সঙ্গে সঙ্গে এটা শুধু ক্ষেত্র বা এরিয়ার প্রশ্ন নয়, এখানে যদি কেউ সাবোটেজ করবার চেষ্টা করে তাহ'লে তা থেকে তাকে রক্ষা করবার জন্য অর্থাৎ স্টেটএর স্ট্যাবিলিটির জন্য কয়েকটা ধারা এই বিলের মধ্যে আছে। আমি দেখলাম বেছে বেছে বিরোধীরা এই কয়েকটা ধারা আক্রমণ করেছেন। বিশেষ ক'রে মাননীয় সদস্য জ্যোতিবাবু। বিশেষ ক'রে যে কয়টি ধারা না হ'লে কোন গভর্নমেন্ট, কোন স্টেট তার স্ট্যাবিলিটি রাখতে পারে না এবং জনসাধারণকে বাঁচাতে পারে না। এইগুলি তাঁরা আক্রমণ করেছেন। তাঁরা আপত্তি করেছেন (৬) নম্বর ধারায়, (১০) নম্বর ধারায়, (২১) নম্বর ও (২৩) নম্বর ধারায়। ছয় ও সাত নম্বর ধারায় আছে যে, যে স্থান বিশেষ-ভাবে প্রয়োজনীয় কাজে জড়িত, সেই সমস্ত জায়গা যেমন ইলেকট্রিসিটি, পেট্রোলিয়াম, এসেন্সিয়াল

সাপ্লাইজ প্রভৃতি, এই সমস্ত জায়গা প্রোটেকটেড এরিয়া ব'লে ঘোষণা করা হয়েছে। তারপর তিনি (১০) নম্বর ধারায় আপত্তি করেছেন। এই (১০) নম্বর ধারায় আছে সাবোটেজএর প্রশ্ন। আজ ইন্ডাস্ট্রিকে সাবোটেজ করবার নির্দেশ একমাত্র কমিউনিস্ট পার্টি পেয়ে থাকে [এ ভয়েস্ ফ্রম অপোজিসন—তোমার মাথায় গাঁট্টা মারা উচিত]

sabotage telephone, sabotage electricity, and water reservoir. [uproars, noise and disturbances] sabotage essential things, sabotage railway, sabotage waterworks

প্রভৃতি করবার জন্য কমিউনিস্ট পার্টি ইনস্ট্রাকসন দিয়ে থাকে। যদি কোন গভর্নমেন্টকে এই প্রকার ধ্বংসের হাত থেকে রক্ষা করতে হয়, তাহ'লে নিশ্চয়ই এই সিকিউরিটি এ্যাক্টএর প্রয়োজন আছে। জ্যোতিবাবু, তাঁর পার্টির উদ্দেশ্য সফল করবার জন্যই এই সিকিউরিটি এ্যাক্টএর বিরুদ্ধে এত তীব্র সমালোচনা ও আক্রমণ করেছেন। তিনি আজ শান্তির নামে কুড়িয়ে কুড়িয়ে সাদা পায়রা ছাড়ছেন। কিন্তু রুশ দেশ থেকে যদি বিপ্লবের নির্দেশ আসে যে 'তোমরা লড়াইতে লেগে যাও'; তাহ'লে এ'রা সাবোটেজএর জন্য উদগ্রীব হবেন, এবং প্রটেকটিভ প্লেসে, প্রতিটি ইনস্টলেশনস্ ধ্বংস করবেন। যাদের নীতি, যাদের বিচার এ দেশের পরিপ্রেক্ষিতে নয়, যাদের নীতি এ দেশের সঙ্গে খাপ খায় না, যাদের আইডিওলজি হচ্ছে রুশীয়; যাদের থিওরি হচ্ছে ভায়োলেন্স, যাদের কৃষ্টি বিদেশী, তাদের কথার জন্য নিশ্চয়ই ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টকে চিন্তা করতে হবে। অনেকে বলেছেন ওয়েস্ট বেঙ্গল সিকিউরিটি এ্যাক্ট আর প্রিভেন্টিভ ডিটেনসন এ্যাক্ট দু'টোই সমপর্যায়ের। হরিপদ দা দেখলাম বিনা বিচারে আটক করা হচ্ছে ব'লে চাঁচাচ্ছেন। উনি ১৯৩৭ সালে যা করতেন, ১৯৪৭ সালে যা করতেন, ১৯৫৫ সালেও তাই করছেন এবং ১৯৬৫ সালেও তাই করবেন; এমন কি তাঁর মৃত্যুকাল পর্যন্তও তিনি তাই করবেন। দেশের পরিবর্তন ও সমাজের পরিবর্তিত অবস্থা দেখবার মত মানসিক অবস্থা তাঁর নাই। বিলের মধ্যে যেসমস্ত ধারা আছে তা অত্যন্ত নর্ম্যাল। ম্যাজিস্ট্রেটের সামনে প্রত্যেকটি ক্ষেত্রে বিচার হবে এক্সসেপ্ট ওয়ান সেটা হচ্ছে এক্সটার্নমেন্ট ইন্টার্নমেন্টএর ব্যাপার যেটা ২১ নম্বর ধারায় আছে। অত্যন্ত পরিস্ফুটভাবে বলা হয়েছে অতিরিক্ত জজের সামনে বিচার হয়, বিচার হ'লেও তা লিবেরালাইজ করা হচ্ছে এই এ্যামেন্ডমেন্ট দিয়ে। যে-কোন ক্ষেত্রে যে যেখান থেকে ক'রে খায়, চাকরী ক'রে বা ব্যবসায় ক'রে খায় তা যাতে ক্ষতিগ্রস্ত না হয়, জনসাধারণের ক্ষতি যাতে না হয়, শুধু সেইটুকু পরিমাণ সাবধানতার সঙ্গে রেস্ট্রিক্ট করা হবে। এখানে এই যে লিবেরালাইজ করবার যে এ্যামেন্ডমেন্ট দেওয়া হয়েছে, তার উপর তাদের বক্তৃতা দেবার কিছু ছিল না। এ ছাড়া বিশেষ একটা কথা তাঁরা বলেছেন—এই সিকিউরিটি এ্যাক্ট যদি ইমপ্লিমেন্টেড হয়, তাহ'লে ডেমোক্রেটিক মুভমেন্ট ক্ষতিগ্রস্ত হবে। কিন্তু দুঃখের বিষয় এইরকম কোন ইন্সটান্সেস তাঁরা দিতে পারে নাই। জ্যোতিবাবুর কোন এক বন্ধু এসেমব্লীতে যখন আসছিলেন, তখন রাস্তায় কি হয়েছিল এই রকম একটা গালগল্প তিনি করেছেন। কিন্তু কোন পার্টিকুলার ইনস্ট্যান্স তাঁর কাছ থেকে পাই নি। অম্বিকাবাবু যেমন বলেছেন যদি এই এক বছর দু' বছরের মধ্যে মাত্র দশ জনকে ধরা হয়ে থাকে, তাহ'লে এই এ্যাক্টের দরকার কি? তাহ'লে এতেই প্রমাণ হয় যে এ্যাবিউজ অফ দিস এ্যাক্ট হয় নি, এমন কোন প্রমাণ বিরোধীপক্ষ থেকে আসে নি। একমাত্র ফান্ডামেন্টালি নীতিগতভাবে এর বিরুদ্ধে যাওয়া ছাড়া বিশেষ কোন ক্ষেত্রে আর কিছু তাঁরা দেখাতে পারেন নি। দু'টো ক্ষেত্রে তাঁরা উল্লেখ করতে চেষ্টা করেছেন, কিন্তু পার্টিকুলারলি কোন ধারা সে সম্বন্ধে কিছু বলেন নি।

[7-20—7-27 p.m.]

তাঁরা দেখিয়েছেন তরাইএর একটা কেস, এবং দার্জিলিংএর একটা কেসও দেখিয়েছেন, কিন্তু আমি উল্লেখ করতে চাই যে ট্রেড ইউনিয়ন মুভমেন্ট যদি ডেমোক্রেটিক লেবার মুভমেন্ট হয় ইট মাস্ট বি নন-ভায়োলেন্ট ট্রেড ইউনিয়ন মুভমেন্টের সঙ্গে ডেমোক্রেটিক ও নন-ভায়লেন্স ওতঃপ্রোতভাবে জড়িত। যদি ট্রেড ইউনিয়ন মুভমেন্টকে ডেমোক্রেটিক করতে হয় এবং তার সঙ্গে যদি ভায়লেন্স থাকে, তার সঙ্গে যদি মার্ডার থাকে, আর্সন থাকে, এ্যাসল্ট থাকে, ইন্টিমিডেশন থাকে, তাহ'লে সেই ট্রেড ইউনিয়ন মুভমেন্ট ডেমোক্রেটিক নয়। আমি দেখেছি এবং হিসাব নিয়ে আপনাদের বলতে পারি যে কিভাবে ট্রেড ইউনিয়নের নাম ক'রে লোককে বিপদে ফেলা হচ্ছে। কলিকাতায় ডকের শ্রমিক আন্দোলনে অনুসন্ধান ক'রে রিপোর্টে বলা হয়েছে

৩৪৭টা কেস অব এ্যাসল্ট ইনক্লুডিং মার্ডার ট্রেড ইউনিয়নের নামে হয়েছে। তার মধ্যে ৬৭ কেস সেন্ট টু হস্পিটাল যেখানে একটা ডকএ ট্রেড ইউনিয়নএর ব্যাপারে ৩৪৭টা লোক উন্ডেড হ'তে পারে, ২টা লোক মার্ডার হ'তে পারে, ৬৭টা লোককে হস্পিটালে পাঠান হ'তে পারে সেখানে বুঝতে পারি ডেমোক্রেটিক ট্রেড ইউনিয়নের নাম ক'রে কি সাংঘাতিক বিভীষিকার রাজত্ব এই বিরোধী পক্ষের লোকেরা পরিচালন করবার চেষ্টা করছেন, এবং এখানে যদি সিকিউরিটি এ্যাক্ট না হয় তাহ'লে বাংলাদেশকে যে কথা আমাদের বন্ধুবর বলেছেন যে বিধান রায় ধ্বংসের পথে নিয়ে যাচ্ছে সেই কথায় আমি বলি যে বাংলাদেশের ইন্ডাস্ট্রি, বাংলাদেশের পীস, বাংলাদেশের স্বাধীনতা সব হরণ করা হবে, এজন্য সাবধান হওয়া প্রয়োজন। আমরা দেখেছি ইরিসপন্সিবিল অপোজিসন কিরকম হয়। অপোজিসন পার্টির ডাঃ রণেন সেন সেন্ট্রাল ও প্রভিন্সিয়াল স্টেট ইন্সিওরেন্সের মেম্বরদের এক দিকে দিল্লীতে বলছিলেন শ্রমিক' তোমাদের টাকা কাটা হউক, তোমরা মেডিকাল রিলিফ পাবে, আবার সেই লোকই কলেজ স্কোয়ারে মিটিং ক'রে বলছেন এক পয়সাও দেবে না, তার বিরুদ্ধে তীব্র আন্দোলন চালিয়ে যাও। এই দুমুখো নীতি, এই দুমুখো পলিসি যদি পলিসি অফ এ পার্টিকুলার পার্টি হয় এবং তা থেকে যদি দেশকে বাঁচাতে হয় তবে সিকিউরিটি এ্যাক্টএর অত্যন্ত প্রয়োজন আছে। ডেমোক্রেটিক দেশ ব'লেই সিকিউরিটি এ্যাক্ট এখানে আনতে হয়। এর কারণ, যেমন ফাঁসী আছে, মানুষকে খুন করলে ফাঁসী হয়, কিন্তু এই এ্যাক্ট আছে ব'লেই দেশে বিচারের মাধ্যমে এই জিনিস হ'তে পারে ব'লে খুনের সংখ্যা ক'মে যায়, এটা রেস্ট্রিক্টেড হয়। আজ সিকিউরিটি এ্যাক্টে ক'জন ধরা পড়ল সেটা বড় কথা নয়, বড় কথা হচ্ছে এর প্রয়োজনীয়তা আছে কিনা। যদি থাকে তবে আমরা মনে করি প্রতিটি ক্ষেত্রেই আছে। বাংলার শান্তি রক্ষার জন্য প্রয়োজন আছে, বাংলার শিল্প রক্ষার জন্য প্রয়োজন আছে, সুষ্ঠু ট্রেড ইউনিয়ন পরিচালন করবার জন্য প্রয়োজন আছে, ইন্ডাস্ট্রিয়াল বেল্টএর রক্ষার ও প্রোডাক্সনএর জন্য এর আবশ্যকতা আছে, সাধারণ জীবন যাপন যারা করে, যারা খেটে খায়, যারা পরিশ্রম ক'রে জীবন যাপন করে, তাদের দৈনন্দিন জীবন যাপন করবার জন্য এর প্রয়োজন আছে। আজ বহু ক্ষেত্রে গুণ্ডা এ্যাক্ট প্রয়োগ করা সম্ভব নয়। বহু ক্ষেত্রে যে ঘটনা সংঘটিত হয় তাতে এ্যাপ্রিহেনসন করে প্রোহিবিট করবার ব্যবস্থা নাই, কিন্তু এই এ্যাক্ট সেই দিক দিয়ে আমাদের হাতে যাতে অতি শীঘ্র এই ধরণের অকাজ কুকাজ ঠেকান যায়। দুর্বৃত্তদের অন্ততঃ কুকাণ্ড বন্ধ করবার জন্য বা তাদের রুখবার জন্য এই এ্যাক্ট অত্যন্ত কার্যকরী হবে। তাই আমি আপনার মাধ্যমে এটা বিচার করতে বলি, আপনার মাধ্যমে সারা দেশবাসীকে বলতে চাই যে যাঁরা ১৯৪৮।৪৯ সালের ঘটনা দেখেছেন, যাঁদের সব রকম অভিজ্ঞতা আছে, তাঁরা ঐ যারা সব এলোমেলো ক'রে দিয়ে, সব লুটে পুটে খাবে এই চেষ্টায় ঘুরে বেড়ায় এবং ট্রেড ইউনিয়নের নাম ক'রে বাহিরে গিয়ে লোকের মাথা নেবার জন্য হিংসাত্মক প্রচার করে, ডেমোক্রেসীর নাম ক'রে মানুষকে খুন পর্যন্ত করতে দ্বিধাবোধ করে না, তাদের রুখবার জন্য এই প্রকার আইনের আমাদের দেশে প্রয়োজন আছে। এ কথা কেবল যে আমরা বলছি তা না, এ কথা বলছে সারা দেশের জনসাধারণ। সেই জনসাধারণের প্রাণের ভাষা, সেই ভাষা আজ ডাঃ বিধান চন্দ্র রায় এই আইনের মাধ্যমে আপনাদের সামনে উপস্থাপিত করেছেন, এবং আজকে যে এ্যামেন্ডমেন্ট আনা হয়েছে এই এ্যামেন্ডমেন্টের বিরুদ্ধে বলবার নেই এই কারণে যে এই এ্যামেন্ডমেন্ট হচ্ছে টু লিবেরালাইজ দি এ্যাক্ট, যে আইন প্রণীত করেছিলেন ১৯৫০ সালে এবং যে আইন এ্যামেন্ডেড হয়েছিল ১৯৫২ সালে সেই আইনকে আরও কঠোর না ক'রে, আরও বেশি নরম, আরও ডেমোক্রেটিক, আরও গণতান্ত্রিক যাতে হ'তে পারে—হাজার হাজার দোষী খালাস পাক, কিন্তু নির্দোষ একজনও যেন ধরা না পড়ে এই নীতির জন্য নানা রকমভাবে চেষ্টা ক'রে এটা আনা হয়েছে। আমি আশা করি যাঁরা দেশবাসীর শান্তিরক্ষা করতে চান, যাঁরা দেশের মঙ্গল চান তাঁরা এই এ্যামেন্ডমেন্টের প্রতিটি ছত্র সমর্থন করবেন।

Adjournment

The House was then adjourned at 7-27 p.m. till 3 p.m. on Thursday, the 8th September, 1955, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Thursday, the 8th September, 1955, at 3 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 15 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 195 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[3—3-10 p.m.]

Acquisition of lands for health resort at Digha

*187. **Sj. Saroj Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Development Department be pleased to state—

(*a*) how many acres of land have been acquired by the Government in connection with the construction of a health resort at Digha;

(*b*) at what price per acre such land has been purchased;

(*c*) total amount of money spent for the purpose;

(*d*) who are the owners of such land;

(*e*) how many acres of land, if any, have been sold to individual persons for building houses, etc.;

(*f*) names of the individual persons who have acquired land for building houses, etc.; and

(*g*) how many acres of land and at what price per acre have been purchased by each such person?

Sj. Tarun Kanti Ghosh (on behalf of the Minister-in-charge of the Development Department, the Hon'ble Dr. Bidhan Chandra Roy): (*a*) No land has yet been acquired by Government for the construction of a health resort at Digha.

(*b*) to (*g*) Do not arise.

Sj. Saroj Roy:

হেলথ রেসর্ট করার কি কোন পরিকল্পনা সরকারের আছে?

Sj. Tarun Kanti Ghosh:

আছে।

Sj. Saroj Roy:

পরিকল্পনাটা কি?

Sj. Tarun Kanti Ghosh:

হেলথ রেসর্ট করবার পরিকল্পনা।

Sj. Saroj Roy:

তারজন্য কোন জায়গা টায়গা নেওয়া হয়েছে কি?

Sj. Tarun Kanti Ghosh:

না।

Sj. Saroj Roy:
জায়গা নেওয়ার কোন ব্যবস্থা করা হচ্ছে কি?

Sj. Tarun Kanti Ghosh:
পরিকল্পনা আছে নেওয়া হবে।

Sj. Saroj Roy:
যে জায়গাটা নেওয়া হবে সেখানকার ওনার অব দি ল্যান্ড কে?

Mr. Speaker:
নেওয়া হবে ত বলছেন।

Sj. Kanai Lal Bhowmick:
এ পরিকল্পনায় কত টাকা বরাদ্দ করা হয়েছে?

Mr. Speaker:
উনি বললেন পরিকল্পনা করা হয়েছে এখন বরাদ্দ হয় নি।

Sj. Kanai Lal Bhowmick:
কত টাকা পরিকল্পনায় আছে?

Sj. Tarun Kanti Ghosh: It is under the consideration of Government to establish a health resort there.
মাত্র হেলথ রিসর্টের পরিকল্পনা হয়েছে, অতএব এখন কোন জমি নেওয়া হয় নি বা কত টাকা খরচ হবে তা ঠিক করা হয় নি।
It is under the consideration of Government.

Sj. Balailal Das Mahapatra:
মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি সরকারের পক্ষ থেকে কোন হোটেল করা হয়েছে কিনা?

Mr. Speaker:
এটা হোটেলের প্রশ্ন নয়।

Sj. Tarun Kanti Ghosh:
না।

Sj. Sudhir Chandra Das:
স্বাস্থ্য নিবাসের পরিকল্পনার সংগে কোন হোটেল করবার পরিকল্পনা আছে কিনা?

Mr. Speaker:
এ প্রশ্ন উঠে না।

Sj. Sudhir Chandra Das:
উঠে স্যার, উনি বলেছেন স্বাস্থ্য নিবাসের পরিকল্পনা আছে, আমি জিজ্ঞাসা করছি সেই পরিকল্পনার সংগে হোটেল তৈরি করবার কোন পরিকল্পনা আছে কিনা?

Sj. Tarun Kanti Ghosh: Detailed plan has not yet been prepared.

Sj. Subodh Banerjee:
ল্যান্ড নেবার কোন প্ল্যান করা হয়েছে কি?

Sj. Tarun Kanti Ghosh: It is under the consideration of Government and no plan has been finalised yet. It is not possible to tell the House at the present moment what has been done or will be done. You can think yourself what will be done.

Sj. Subodh Banerjee:

এটা কি সত্য যে সেখানে কে কে জমি পাবে তা ইতিমধ্যে কালনেমী ভাগ হয়ে গিয়েছে?

Sj. Tarun Kanti Ghosh:

না।

Sj. Balailal Das Mahapatra:

দীঘার উন্নয়ন সম্পর্কে সরকারের কোন পরিকল্পনা আছে কি?

Sj. Tarun Kanti Ghosh: It is under the consideration of Government.

Realisation of Takavi Tax in Bhagabanpur police-station, Midnapore district

***188. Sj. Sudhir Chandra Das:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(ক) টাকাভি ট্যাক্স বাবদ ভগবানপুর থানায় কত টাকা এখনও অনাদায় আছে;

(খ) টাকাভি ট্যাক্স আইনানুসারে কোন্ সাল হইতে আদায়যোগ্য ছিল এবং কোন্ সাল হইতে আদায় আরম্ভ হইয়াছে,

(গ) ইহা কি সত্য যে, ভগবানপুর থানায় উক্ত টাকাভি ট্যাক্স ও অনাদায়জনিত ট্যাক্সের সুদ একসঙ্গে পাঁচ বছরের আদায় করা হইয়াছে;

(ঘ) ইহা সত্য হইলে, কত টাকা ট্যাক্স বাবদ এবং কত টাকা সুদ বাবদ ঐ থানায় এ পর্যন্ত আদায় হইয়াছে;

(ঙ) যে বাঁধগুলি নির্মাণজন্য টাকাভি ট্যাক্স আদায় হইতেছে সেই বাঁধগুলির নির্মাণকার্য কোন্ সালে শেষ হইয়াছে,

(চ) কেলেঘাই-বন্যা নিবারণকল্পে নির্মিত বাঁধের জন্য কোন্ কোন্ থানার কোন্ কোন্ অঞ্চলে কি পরিমাণ টাকাভি ট্যাক্স ধার্য হইয়াছে; এবং

(ছ) উক্ত টাকাভি ট্যাক্সের একরপ্রতি হার কি এবং উহা কত দিন ধরিয়া আদায় হইবে?

The Hon'ble Minister-in-charge of the Irrigation and Waterways Department (the Hon'ble Ajoy Kumar Mukherji):

(ক) হিসাব তৌজীওয়ারীভাবে রক্ষা করা হয় বলিয়া থানাওয়ারী হিসাব সঠিকভাবে দেওয়া সম্ভবপর নহে। তবে হিসাব করিয়া দেখা যায় যে, ১-৭-৫৫ তারিখ পর্যন্ত ভগবানপুর থানায় প্রায় ২,৮৭,৮৪১ টাকা টাকাভি ট্যাক্স অনাদায় আছে।

(খ) ১৯৪৯-৫০ সন হইতে আদায়যোগ্য ছিল এবং ১৯৫১-৫২ সন হইতে আদায় আরম্ভ হইয়াছে।

(গ)) সার্টিফিকেট জারী করিবার সময় এষ্টেটের সর্বসমেত দেয় বকেয়া টাকার হিসাব ধরা হয়। যে এষ্টেটেই ৫ বৎসরের দেয় টাকা অনাদায় ছিল সেখানেই সুদ সমেত দেয় বকেয়া টাকা আদায়ের জন্য সার্টিফিকেট জারী করা হইয়াছিল। অবশ্য যে ক্ষেত্রেই সার্টিফিকেট জারীভুক্ত দেয় বকেয়া টাকা কিস্তিবন্দীতে পরিশোধ করার প্রার্থনা করা হয় সে ক্ষেত্রেই ন্যায়সঙ্গত কিস্তিবন্দী মঞ্জুর করা হইয়াছে।

(ঘ) ৩০-৬-৫৫ তারিখ পর্যন্ত প্রায় ৬৩,৭০১ টাকা ট্যাক্স বাবদ ও ৪,৬৬৯ টাকা সুদ বাবদ আদায় হইয়াছে।

(ঙ) নির্মাণকার্য শেষ হওয়ার তারিখ বলা সম্ভবপর নহে। কারণ বাঁধগুলি সরকার কর্তৃক নির্মিত হয় নাই। ১৯৪৯-৫০ সালের সংস্কারকার্যের জন্য ট্যাক্স আদায় হইতেছে।

(চ) কেলেঘাই-বন্যা নিবারণকল্পে নির্মিত বাঁধগুলির দ্বারা হুড়া নং XVI এবং হুড়া নং XVII-এর জমি উপকৃত হয়। পটাশপুর থানার কিছু অংশভুক্ত হুড়া নং XVI অঞ্চলে বাৎসরিক দেয় ট্যাক্স মোট ১,৬৫৫ টাকা ধার্য হইয়াছে। পটাশপুর থানার কিছু অংশ, নন্দীগ্রাম থানার কিছু অংশ, খেজুরী থানার কিছু অংশ এবং ভগবানপুর থানার অধিকাংশ লইয়া হুড়া নং XVII অঞ্চল গঠিত। এই অঞ্চলে বাৎসরিক দেয় ট্যাক্স মোট ১,৩৫,২৩৪ টাকা ধার্য হইয়াছে। (ক) প্রশ্নের উত্তরে বর্ণিত কারণের জন্য থানাওয়ারীভাবে পৃথক্ হিসাব দেওয়া সম্ভবপর নহে।

(ছ) একরপ্রতি হার ১/• এবং ১৯৪৯-৫০ সন হইতে ৩০ বৎসর ধরিয়া উহা আদায় হইবে।

Sj. Sudhir Chandra Das:

আপনার খ-এর উত্তরে বলেছেন ১৯৪৯-৫০ সন হইতে আদায়যোগ্য ছিল, আমার প্রশ্ন হচ্ছে কোন্ সালে ঐ ট্যাক্স ধার্য হয়েছিল?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

১৯৫১-৫২ সন হইতে আদায় আরম্ভ হয়েছে, লেখাই আছে।

Sj. Sudhir Chandra Das:

আমার প্রশ্নটা হচ্ছে কোন্ সালে ঐ ট্যাক্স ধার্য হয়েছিল?

Mr. Speaker:

আপনার প্রশ্ন ছিল কোন্ সাল থেকে আদায়যোগ্য ছিল?

Sj. Sudhir Chandra Das:

আমি জানতে চাচ্ছি, অনুগ্রহ করে মন্ত্রীমহাশয় জানাবেন কি ঐ ট্যাক্স কোন্ সালে ধার্য হয়েছিল?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

ঐ ট্যাক্স ১লা এপ্রিল ১৯৪৯ তারিখ থেকে ৩০ বছরের জন্য জমিদারের সঙ্গে কন্ট্রাক্ট হয়েছিল, তাতে বছরে ৩ লক্ষ ৬৮ হাজার ৫৪৫ টাকা আদায় হবে, ৩০ বছরের ১ কোটি ২০ লক্ষ ২৫০ টাকা আদায় হবে।

Sj. Sudhir Chandra Das:

তাহলে আপনার উত্তর হচ্ছে ১৯৪৯ সালে ধার্য হয়েছিল।

The Hon'ble Ajoy Kumar Mukherji:

হ্যাঁ, ১৯৪৯ সাল থেকে।

Sj. Sudhir Chandra Das:

আপনি (ঙ)তে বলেছেন বাঁধগুলি সরকার কর্তৃক নির্মিত হয় নাই। ১৯৪৯-৫০ সালের সংস্কার কার্যের জন্য ট্যাক্স আদায় হইতেছে। আমার প্রশ্ন হচ্ছে, মন্ত্রীমহাশয় অনুগ্রহ ক'রে জানাবেন কি কোন্ সালে ঐ বাঁধ সংস্কারের কাজ শেষ হয়েছে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

বাঁধ সংস্কার প্রতি বছর হয়।

Sj. Sudhir Chandra Das:

আপনি এটা জানাবেন কি যে ঐ ৫ বছরের ট্যাক্স একসংগে আদায় করবার চেষ্টা হয়েছে, ৪ বছরের মধ্যে কোন নোটিশ না দিয়ে একেবারে ৫ বছর একসংগে টাকা আদায় করবার চেষ্টা হয়েছে?

Mr. Speaker:

এ প্রশ্নটাত আপনি করেন নি।

Sj. Sudhir Chandra Das:

হ্যাঁ, (গ)-এর প্রশ্নে রয়েছে—তার উত্তরে বলেছেন সার্টিফিকেট জারী করবার জন্য এস্টেটের সর্বসমেত দেয় টাকার হিসাব ধরা হয়, যে এস্টেটে ৫ বছরের দেয় টাকা অনাদায় ছিল সেখানে সুদসমেত দেয় বকেয়া আদায়ের জন্য সার্টিফিকেট জারী করা হয়েছিল। আমি এটা সাপ্লিমেন্টারি করছি যে এই ৪ বছরের মধ্যে কোন প্রকার নোটিশ না দিয়ে শুধু পঞ্চম বৎসরের নোটিশ দিয়ে এককালীন এবং তার সুদ আদায়ের চেষ্টা করা হয়েছে এটা সত্য কিনা?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

না, তা হয় নি। আমি একটা কথা বলে দিই ১৩ই মে ১৯৫৩ তারিখে গভর্নমেন্ট আবার একটা নোটিফিকেশন দেন, তাতে ৮৭ হাজার টাকার জন্য ডিমান্ড ছিল, ১৯৫১-৫২ এবং ১৯৫২-৫৩ সালের জন্য। যাঁরা নোটিশ সময়মত পান নি বলে বলেছেন, কিম্বা যাঁরা নোটিশ দেরিতে পেয়েছেন বলেছেন তাঁদের কিস্তিবন্দীর ব্যবস্থা করে দেওয়া হয়েছে এবং তাঁদের সুদ মকুব করে দেওয়া হয়েছে।

Sj. Sudhir Chandra Das:

নোটিশ দেওয়া হয় নি, চার বছরের একসংগে নোটিশ দেওয়া হয়েছিল জানেন কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

নোটিশ দেওয়া হয়েছে, সাধারণভাবে সবাই নোটিশ পেয়েছেন। যে যে পায় নি বলে দেখিয়েছে তাদের কিস্তিবন্দী করে দেওয়া হয়েছে, সুদ মকুব করে দেওয়া হয়েছে।

Sj. Sudhir Chandra Das:

(ঘ) প্রশ্নের উত্তরে বলেছেন ৩০শে জুন ১৯৫৫ তারিখ পর্যন্ত প্রায় ৬৩,৭৩১ টাকা ট্যাক্স বাবদ ও ৪,৪৪৯ টাকা সুদ বাবদ আদায় হইয়াছে। এই সুদের হার শতকরা কত ছিল জানাবেন কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

নোটিশ চাই—বলতে পারি না।

Sj. Sudhir Chandra Das:

(ছ) প্রশ্নোত্তরে বলেছেন একরপ্রতি হার ১/° এবং ১৯৪৯-৫০ সন হইতে ৩০ বৎসর ধরিয়া উহা আদায় হইবে। দয়া করে মন্ত্রীমহাশয় জানাবেন কি পূর্বে আরও অনেক কম হারে এই হার ধার্য ছিল কিনা?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

হতে পারে—

Sj. Sudhir Chandra Das:

অনুগ্রহ করে জানাবেন কি কত হার ছিল ২০-২৫ বছর আগে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

নোটিশ দিলে বলে দেব।

Sj. Kanai Lal Bhowmick:

এই যে ৩০ বছর ধরে আদায় হবে স্টেট একুইজিসন বিল হওয়ার পরেও কি এটা কার্যকরী থাকবে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

না, গত ১লা বৈশাখের পর থেকে থাকবে না।

Sj. Kanai Lal Bhowmick:

এই ট্যাক্স আদায় করবার জন্য কতজনের উপর সার্টিফিকেট জারী করা হয়েছিল?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

নোটিশ চাই।

Sj. Kanai Lal Bhowmick:

এই যে ১/০ হার এবার ধরা হয়েছে এটা খুব বেশি এই মর্মে স্থানীয় লোকদের কাছ থেকে কোন দরখাস্ত পেয়েছেন কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

ট্যাক্সের হার কালেক্টর ঠিক করেন—কালেক্টরের কাছে দরখাস্ত আসতে পারে। অনেক মামলা মোকদ্দমা হচ্ছে, অবশেষে কালেক্টর এই হার ধার্য করেছেন।

Sj. Kanai Lal Bhowmick:

এই যে হার এটা এবার বাড়ান যে হয়েছে এর কারণ কি?

Mr. Speaker: That is a hypothetical question.

The Hon'ble Ajoy Kumar Mukherji:

কালেক্টরই সব ঠিক করে দেন, কি রকম খরচ হল এটা দেখে তিনি ট্যাক্স ধার্য করেন।

Sj. Sudhir Chandra Das:

৩০শে বৈশাখ এটা ধরা হবে না—এই নির্দেশ পাঠিয়েছেন কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

৩০শে বৈশাখের পর যা খরচ হবে তার জন্য ট্যাক্স ধার্য হবে না।

Sj. Natendra Nath Das:

(ঙ) প্রশ্নে বলেছেন বাঁধগুলি সরকার কর্তৃক নির্মিত হয় নাই। ১৯৪৯-৫০ সালের সংস্কার কার্যের জন্য ট্যাক্স আদায় হইতেছে। কত টাকা সংস্কার কার্যে সরকার ব্যয় করেছিলেন?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

নোটিশ চাই।

Sj. Saroj Roy:

যে সমস্ত বাঁধ সংস্কার করার জন্য এই ট্যাক্স আদায় হয় বহু ক্ষেত্রে বাঁধ সংস্কার করা সত্ত্বেও বন্যা প্রতিরোধ করা হয় না, অথচ সেইসব জায়গায় ট্যাক্স আদায় হচ্ছে কি?

Mr. Speaker: That question does not arise.

Sj. Sudhir Chandra Das:

যে টাকা খরচ হয়েছে ৩০ বছর ধরে আদায় হতে পারবে এটা এস্টিমেট করে করা হয়েছে কিনা?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

কন্ট্রাক্ট যা করা হয় সেটা এ্যাডভান্স করা হয়। আগামী ৩০ বছর ধরে টাকা দেবেন আমরা বাঁধ মেরামত করে দেব, জমিদারের বাঁধ এটা।

Sj. Sudhir Chandra Das:

এখন কি অনুগ্রহ করে ৩০ বছরের মেয়াদ বাতিল করে একেবারে রেহাই করবার কথা বিবেচনা করবেন?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

যে সময়ে খরচ হয়ে গিয়েছে সে সময়ে এই সব বাঁধ জমিদারের ছিল। রেহাই করার প্রশ্ন কি করে উঠে।

[3-10—3-20 p.m.]

Sj. Janardan Sahu:

কোন্ বছর গভর্নমেন্ট জমিদারদের বাঁধ মেনটেন করবার জন্য ভার নিলেন?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

এক এক বার ২০ বছর, ৩০ বছরের কন্ট্রাক্ট হয়। প্রথম কন্ট্রাক্ট ১৮৭৪ সালের ১লা এপ্রিল হয়েছিল।

Sj. Janardan Sahu:

কন্ট্রাক্ট ইঞ্জিনিয়াররা যা ধার্য করবেন সেটাই গ্রহণ করবেন কিনা?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

আইনে যা বলে তাই হবে।

Sj. Janardan Sahu:

আপনি কি জানেন যে ইঞ্জিনিয়াররা যেটা শেষবার ধার্য করেছিলেন ।৴৮ পাই ফ্ল্যাট রেট হিসাবে সেটা কালেক্টর জোর করে বাড়িয়ে দিয়েছেন?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

ইঞ্জিনিয়াররা ধার্য করেন না কালেক্টরই কর ধার্য করেন।

Sj. Janardan Sahu:

জোর করে কালেক্টর সেই ফ্ল্যাট রেট বাড়িয়ে দিয়েছেন এটা ঠিক কিনা?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

বলেছি তো কর ধার্য করেন কালেক্টর, ইঞ্জিনিয়ার নয়।

Sj. Balailal Das Mahapatra:

জমিদারের সংগে কি কন্ট্রাক্ট ছিল সরকার জমিদারী নেবার পর এদের কাছ থেকে আদায় হবে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

আর আদায় হবে না।

Sj. Kanai Lal Bhowmick:

এই যে আপনি উত্তরে বলেছেন পটাশপুর থানার কিছু অংশ নন্দীগ্রাম থানার কিছু অংশ, খেজুরী থানার কিছু অংশ ইত্যাদি অঞ্চলে বাৎসরিক দেয় ট্যাক্স ১,৩৫,২৩৪ টাকা ধার্য হইয়াছে, এস্টেট একুইজিসন চালু হবার পরেও কি এই টাকা আদায় হবে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

এটা বকেয়া টাকা কিনা তাই আদায় হতে পারে, গভর্নমেন্ট এ সম্বন্ধে এখনও কিছু ঠিক করেন নি।

Sj. Kanai Lal Bhowmick:

এই ১/০এর সবটাই প্রজাদের কাছ থেকে আদায় হবে না জমিদারদের কাছ থেকে আদায় হবে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

আমরা সবটাই জমিদারদের কাছ থেকে আদায় করবো, জমিদার কিছুটা পোরসান প্রজাদের কাছ থেকে আদায় করতে পারেন।

Sj. Janardan Sahu:

এটা কি সত্য যে টাকা ১৫ বছরের একসঙ্গে নেওয়া হচ্ছে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

১৫ বছর নয় বছর বছর নেওয়া হচ্ছে।

Sj. Janardan Sahu:

১৫ বছরের টাকা একসঙ্গে নেওয়া হচ্ছে কিনা?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

কেন এরূপ মনে করছেন। ৫ বছরের টাকা এক সঙ্গে নেওয়া হচ্ছে।

Mr. Speaker: Question is over.

Point of information.

Sj. Subodh Banerjee:

আজকে কাজ আরম্ভ হওয়ার আগে একটি জিনিষ স্পীকার মহাশয়কে ঠিক করবার জন্য অনুরোধ করি। গত বৃহস্পতিবার বলেছিলেন যে নন-অফিসিয়াল ডে হবে না। কাল শুক্রবার নন-অফিসিয়াল ডে হবে কিনা এবং হলে কতক্ষণ হবে জানতে চাইছি।

Mr. Speaker: Tomorrow will be the non-official day first two hours and there will be no question tomorrow.

Presentation of Petition on the West Bengal Land Reforms Bill, 1955

[Secretary reported that one petition under rule 88 of the West Bengal Legislative Assembly Procedure Rules has been received relating to the West Bengal Land Reforms Bill, 1955.]

GOVERNMENT BILL

The West Bengal Security (Amendment) Bill, 1955.

Sj. Jyotish Joarder:

মাননীয় স্পীকার মহাশয় আমরা কাল সিকিউরিটি এ্যামেন্ডমেন্ট বিল এর আলোচনায় আমাদের এদিক থেকে যুক্তিসংগতভাবে যা আলোচনা করবার তা কিছু করেছি। এখন আমি এক কথায় সিকিউরিটি এ্যামেন্ডমেন্ট বিল সম্পর্কে বলবো যে একটা অনাচারের অচলায়তনকে নিরঙ্কুশ করবার চেষ্টাতে এ বিল ডাঃ রায় এনেছেন, যেখানে প্রথমই দেখতে পাওয়া যায় একটা মানুষকে যদি ধরতে হয় তাহলে তার চরণ বাঁকা থেকে সুরু করে যা কিছু ন্যায়সংগত কাজ সে করে বা করতে যাচ্ছে বা করবার সম্ভাবনা আছে, যা কিছু হোক না কেন তাকে এই বিলের আওতায় নিয়ে আসা যাবে। তাকে গুন্ডা বলে এখানে চালান যাবে, তার মতবাদ প্রকাশ করতে

যদি যায় তাহলে তার উপর জুলুম করা যাবে, তার মুখের সামনেকার মাইক্রোফোন আটকে নিয়ে যাওয়া যাবে—যা আমরা আগে অনেক দেখেছি। সাধারণ মানুষের হাতিয়ারের কথা নয়, সাধারণ মানুষ ড্রিল করবে—ডিসিপ্লিন অভ্যাস করা দরকার সেটা এই বৈজ্ঞানিক যুগে সারা ভারতে বিশেষতঃ এই যুদ্ধ বিগ্রহের আশংকার দিনে প্রয়োজন, কাজ কর্ম উপযুক্তভাবে করতে গেলে সমগ্র ভারতে প্রত্যেক মানুষের—ছাত্র, যুবক, শ্রমিকের শিক্ষা করা উচিত, সেটা এ আইনে বন্ধ আছে। আজকে যে ড্রিল এত প্রয়োজন যে ডিসিপ্লিন অভ্যাস করা কমপালসরী হওয়া দরকার সেদিকে ডাঃ রায়ের নজর পড়ল না, সাধারণ মানুষকে সে অধিকার দেওয়া হচ্ছে না। বিশেষ করে সর্ত অনুযায়ী ড্রিল শিক্ষার যে সুযোগটুকু সংশ্লিষ্ট ২৪নং ধারার ২নং উপ-ধারার আওতায় ছিল তাও কেড়ে নেওয়া হল।

[3-20—3-30 p.m.]

সভা সমিতি শোভাযাত্রার নিয়ন্ত্রণ ব্যাপারে আগে ছিল অর্থাৎ ১৯নং ক্লজএ ছিল "সেফটি এ্যান্ড স্টেবিলিটি অফ দি স্টেট" যদি বিপন্ন হয়, কিন্তু এখন সেই পুরান ব্রিটিশ আমলের কথাটি আনা হয়েছে—পাবলিক অর্ডার এ্যান্ড ট্রানকুইলিটি, এতে যখন তখন খুসীমত এদের আটক করা সম্ভব হবে, বিচার আচার তার পরের কথা। একটা জিনিষ পরিষ্কার যে আজ যখন সাধারণ নির্বাচন সামনে আসছে সেখানে স্বভাবতই শান্তিপূর্ণ নির্বাচনের পথেই গণমনের প্রকাশ হবে, এবং শান্তিভংগের কোন কারণ নেই। তাই আটকটা আপন গৌরবে গুরুত্বপূর্ণ এবং বর্তমানে এমন কোন জরুরী অবস্থা নেই। সেখানে এই কথাটা যদি জুড়ে দিতেন যে যদি কোন জরুরী অবস্থার সৃষ্টি হয় তাহলে জরুরী অবস্থা ঘোষণা করে নিয়ে এই আইন প্রয়োগ করবেন তাহলেও বুঝা যেত। তা না করে কোন জরুরী অবস্থা না থাকা সত্ত্বেও বছরের পর বছর এর মেয়াদ বৃদ্ধি হচ্ছে। আর একটা সরকার যারা নির্বাচনের পর আসবেন তারা দেশের লোক ভোট পেয়ে ক্ষমতায় আসবেন তারা তখন অবস্থা নির্ধারণ করে ব্যবস্থা করতে পারবেন। আর গভর্নর বাহাদুর তো দেশ ছেড়ে চলে যাচ্ছেন না, অন্তবর্তীকালে তার শাসন যখন চলে তখন দরকার মনে করলে তিনি অর্ডিনান্স জারী করে কিছু করতে পারবেন। কোন জরুরী অবস্থা নেই। তারপর গভর্নরের শাসনের মধ্যে সমস্ত কিছু রয়েছে, সাধারণ নির্বাচন চোখের সামনে, ইতিমধ্যে এরকম একটা বিল আনবার কোন যুক্তি থাকতে পারে না। কর্তৃপক্ষ হয়ত ভয় করছেন স্বাধীনভাবে জনসাধারণ মতামত প্রকাশ করতে পারলে তাঁদের নির্বাচনে সুবিধা হবে না তাই এরকম একটা আইনের মেয়াদ বৃদ্ধি করে রাখছেন। আমি মনে করি সারা দেশকে বিশ্বাস করে সাধারণ নির্বাচনে অগ্রসর হওয়া উচিত, তাহলে বুঝা যাবে এরা ডেমোক্র্যাসীর সম্মান করছেন। কিন্তু এ'রা যে "বিল" আনছেন তার মধ্যে কোথাও একটু রিলাক্সেসন নেই, সমস্ত জায়গায় অপপ্রয়োগের সুযোগ আরও বাড়ান হচ্ছে। একটা সাধারণ ব্যাপার লয়টারিং ইন দি ভিসিনিটি অফ দি প্রোটেকটেড এরিয়া—কাছাকাছি কেউ যদি পায়চারী করতে যান তিনি চুরিডাকাতি কিছু করলেন বা না করলেন শুধু প্রেসক্রাইবড অথরিটি যদি মিছিমিছিও মনে করেন তাঁকে ধরে আটকাতে পারবেন, তাঁকে সাজা পর্যন্ত দিতে পারেন, অথচ আগে এই সাজার ব্যবস্থা ছিল না। যে কোন মানুষ এই রাস্তা দিয়ে যাবে কখন তিনি যে ভিসিনিটির মধ্যে পড়বেন তা কেউ বলতে পারে না, কারণ, এই ভিসিনিটির এরিয়া কতটা—এক মাইল বা দশ মাইল ফ্রম দি প্রোটেকটেড এরিয়া তার কিছু বলা নেই। তাঁরা আমাদের চোখে ধুলা দেওয়ার জন্যে "সংরক্ষার" ব্যাপারে পাবলিক ইন্টারেস্ট কথাটা এখানে এনেছেন- পাবলিক ইন্টারেস্ট কথাটার অপব্যবহার কি করে হয় তা আমাদের সকলের জানা আছে। পুরান যে ব্যবস্থা তা এখানে ষোল আনা থাকবে তারপর যখন তাদের ইচ্ছে হয় পাবলিক ইন্টারেস্ট ইন ডেনজার বলে একটা লেবেল মেরে যা খুসী করবেন। সভাপাল মহাশয় আপনি চিন্তা করে দেখুন একটা লোক ঘাড়ে করে একটা মাইক্রোফোন নিয়ে আসছে সে মাইক্রোফোন-এর সাহায্যে কিছু না বললেও তাকে ধরে নিয়ে তার জিনিষ বাজেয়াপ্ত করা এমন কি তাকে পর্যন্ত ধরে নিয়ে যাবার ব্যবস্থা হচ্ছে। শেষ পর্যন্ত তাকে নিরাপরাধ মনে করলে ছেড়ে দেওয়া হবে। চিন্তা করে দেখুন এই অবস্থাটা কি একটা সভায় যদি মাইক্রোফোন-এ কেউ দুয়েকটা কথা বলেই ফেলে, তাতে এটা এমন কি এক্সপ্লোসিভ ব্যাপার ঘটতে পারে যাতে মুহূর্তে সমস্ত শাসন ব্যবস্থায় গোলমাল দেখা দেবে। আপত্তিজনক কিছু বলার সংগে সংগে ধরবার কথা থাকত, তাহলেও বোঝা যেত।

তাত নয়? এইভাবে মানুষের ফ্রিডম অফ থট এ্যান্ড এক্সপ্রেশন বন্ধ করে দেওয়ার কি অর্থ হয়? রাষ্ট্রের বিপদের কিছু নেই শুধু পাবলিক অর্ডার এ্যান্ড ট্রানকুইলিটির কথা বলেই যা খুসী করতে পারবেন। এই সমস্ত আইনের বলে সিকিউরিটি নামে সমস্ত জাতিকে ইনসিকিউর করে ফেলে সমস্ত দেশকে আতঙ্কগ্রস্ত করে রাখা, এর পিছনে কি যুক্তি থাকতে পারে? ফ্রিডম অফ থট নানাভাবে ক্ষুন্ন করা হয়েছে এতেও এঁরা সন্তুষ্ট নয়, আরও তাকে জব্দ করতে হবে। কবিগুরুর "অচলায়তন" বইখানির কথা মনে পড়ছে, তার থেকে একটা লাইন আমি আপনাদের পড়ে শুনাব। এ বইখানি পড়েন নি বাংলাদেশে এমন লোক খুব কম আছে, ডাঃ রায়ও পড়েছেন। ডঃ রায়ের নিশ্চয়ই মনে আছে এই বইয়ের মর্ম কথা। মানুষের সামনে অচলায়তন খাড়া করে তার আশা, আকাঙ্খা আশাভরসা যা কিছু সুন্দর সমস্ত কিছু বিকাশের পথে যত প্রাচীর এনে [illegible] করা যায়, ততই মানুষের মনপ্রাণ আর্তনাদ করতে থাকে। এমনি করেই রাখা হয়েছিল কবিগুরুর অচলায়তনে শিশুদের। সেই অন্ধকার ঘরের চারিদিকে জানালা দরজা বন্ধ। হঠাৎ কেউ আলো দেখলে তাকে মহাপঞ্চক, পাতক ইত্যাদির নির্দেশে ভয়ঙ্কর প্রায়শ্চিত্ত করতে হবে। তাকে জল পর্যন্ত দেওয়া হবে না, তাকে জলের জন্য ছট্‌ফট্‌ করে মরতে হবে। এমনি করে যখন একটি দুটি করে শিশুদের উপর এই ভয়ঙ্কর নিপীড়ন চলতে থাকল তখন শেষ পর্যন্ত সেখানকার আচার্য, উপাচার্য যাঁরা এইসব ভয়াবহ প্রায়শ্চিত্তের নিষ্ঠুর বিধান এবং অনুষ্ঠান নিয়ন্ত্রণ করতেন তাঁদেরও প্রাণ কেঁদে উঠল। তাঁরা বললেন—ভেঙ্গে ফেল এই অচলায়তনের প্রাচীর, বেরিয়ে এস সব বাইরের আলোতে। যখন এই পুস্তকের নানারকম কমেন্টারী বাজারে বের হচ্ছিল তখন কবি নিজে একদিন তাঁর অচলায়তনের ব্যাখ্যা করে দিলেন, তা থেকেই আমি একটু পড়ে শুনাব।

[3-30—3-40 p.m.]

বইখানি পড়লে প্রথমত একখানি নাটক বলেই মনে হয় বা উপাখ্যান বলেই মনে হয়। কিন্তু কবিগুরুর আপন সমালোচনা শুনলে সে ধারণা একেবারে বদলে যায়। তিনি বলেছেন—

"আমাদের সমস্ত দেশব্যাপী এই বন্দীশালাকে একদিন আমিও নানা মিষ্ট নাম দিয়ে ভালবাসিতে চেষ্টা করিয়াছি। কিন্তু তাহাতে অন্তরাত্মা তৃপ্তি পায় নি—পাষাণ প্রাচীরের চারিদিকে তাহারা মাথা ঠেকাইয়া যে কোন আশার পথ দেখিতেছে না, বাস্তবে, এমন নিরন্ধ্র বেষ্টন, এমন আশ্চর্য পাকা গাথুনি! বাহির্ব্বার আছে বটে, কিন্তু শ্রেয় আছে কি? চারিদিকে তাকাইয়া শ্রেয় কোনখানে দেখা যাইতেছে না। ঘরে বাইরে কোথায় সে আছে? অচলায়তনে আমার সেই বেদনা প্রকাশ পাইয়াছে।"

তাই বলছি বর্তমান সিকিউরিটি বিলএর বিরুদ্ধে জনসাধারণের অন্তরাত্মা কবিগুরুর এ বাণীর মধ্যেই আজ আবার পাচ্ছে তার বেদনার প্রতিধ্বনি। এ সিকিউরিটি বিলের বিরুদ্ধে বাংলার সমস্ত মানুষের ক্রন্দন পাচ্ছে ভাষণ। এই সিকিউরিটি বিল এখানেই প্রত্যাহার করুন; এ রাজ্যের তাই দাবী। আর এই বিলের এক্সটেনশন তিনি চাইবেন না; এই হচ্ছে আমার অনুরোধ প্রধানমন্ত্রী মহাশয়ের কাছে।

Sj. Subodh Banerjee:

মিষ্টার স্পীকার স্যার, এই সিকিউরিটি আইনের স্বপক্ষে কংগ্রেসপক্ষীয়দের বলতে শুনে আমার লজ্জা হল। মনে হচ্ছে বাংলাদেশে মিরজাফরের মত দেশদ্রোহীর অভাব এখনো নাই। ইংরেজের আমলে যারা ইংরেজের পদলেহন করে জাতির সর্বনাশ করার ঘৃণ্য ষড়যন্ত্র করেছিল তাদের বংশধররা আজও এদেশে বিরাজ করছে এটা বোঝা গেল। নিরাপত্তা আইনের সপক্ষে অনেক কথা শোনা গেছে। কেউ কেউ বলেছেন যে, ১৯৪৮ সালে সারা বাংলা দেশ বিপ্লবী কার্যে ভেসে গিয়েছিল, শান্তিকামী মানুষ তখন ছট্‌ফট্‌ করেছিল; তাই সিকিউরিটি এ্যাক্ট যখন এলো, তখন দু-হাত তুলে ডাঃ রায়কে নাকি দেশবাসী আশীর্বাদ করেছে। এই কথা প্রমাণ করে যে, ভণ্ডামি ও মিথ্যাচারিতার সীমা থাকে না। বাংলাদেশে এই রকম বিপ্লব ঘটে গেল কিন্তু বাঙ্গালী টের পেল না, ধন্য কল্পনাশক্তি। আর আশীর্বাদ যদি কেউ করে থাকে তাহলে তা করেছে তারা, যাদের মন্ত্রিত্বের লোভ ছিল, যারা চোরাকারবারে লিপ্ত ছিল, যারা জনসাধারণের বুকের রক্তে নিজেদের মুনাফার পাহাড় গড়তে চাচ্ছিল তাদেরই নিরাপত্তার জন্য এই আইন করা

হয়েছে। বাংলাদেশের লোক ডাঃ রায়কে আশীর্বাদ করে নাই এই সিকিউরিটি এ্যাক্ট আনার জন্য; তারা এই আইনকে রোধ করার জন্য প্রাণ দিয়েছে। ভুলে যাবেন না—১৯৪৮ সালে এই কালাকানুনের বিরুদ্ধে বিপুল গণ আন্দোলন দেশময় গড়ে উঠেছিল। তারজন্য বহু লোক প্রাণ পর্যন্ত দিয়েছে। এই যদি আশীর্বাদের লক্ষণ হয় তাহলে ঘৃণার প্রকাশ কাকে বলে? এই আইন এনে ডাঃ রায় সারা দেশের অভিশাপ কুড়িয়েছেন। এই কালাকানুনের ফলে হাজার হাজার ছেলে বিনা বিচারে বন্দী হয়েছে, নৃশংস অত্যাচার সহ্য করেছে, প্রাণ দিয়েছে কংগ্রেসী সরকারের জেলে। তাদের আত্মীয়স্বজন ডাঃ রায়কে এই সিকিউরিটি এ্যাক্ট করার জন্য ঘৃণা করে। তিনি বাংলাদেশের স্বাধীনতার ইতিহাসে, গণ আন্দোলনের ইতিহাসে এক বিরাট অশুভ ধূমকেতুরূপে চিহ্নিত হয়ে থাকবেন। কোন স্বাধীনতাকামী মানুষই তাঁকে এর জন্য আশীর্বাদ করবে না, তারা তাঁর ধ্বংস কামনা করে। সরকার পক্ষে ব্রুট মেজরিটি থাকার জন্য সাধারণ মানুষের উপর এই কালাকানুন সরকার জোর করে চাপিয়ে দিতে পারেন। কিন্তু একদিন জনসাধারণের রুদ্ররোষ এর বিরুদ্ধে ফেটে পড়বেই। তা দমন করার ক্ষমতা এই ব্রুট মেজরিটির নেই। ইতিহাস সেই দিনের নির্দেশ দেয়। ব্যাস্টিলের ভয় ফরাসী জনতাকে পংগু করতে পারে নি। জারের নির্মম অত্যাচার রুশ জনসাধারণের মনোবলকে ইস্পাৎ কঠিন করেছে। চিয়াং কাইশেকের পৈশাচিকতা চৈনিক চাষীমজুরদের অভিযান রুদ্ধ করতে পারে নি। এন্ডারসনের দমননীতি বাংগালীর বিপ্লবীকর্মধারাকে স্তব্ধ করতে পারে নি। আপনার নিরপত্তা আইনও গণ মুক্ত আন্দোলনের গতিকে প্রতিরোধ করতে পারবে না।

[চেঁচামেচি ও গোলমাল।]

সরকার পক্ষের লোকের মুখ হতে বার বার শুনেছি—১৯৪৮ সালের অরাজকতা দমন করবার জন্য এই সিকিউরিটি এ্যাক্ট প্রয়োজন হয়েছিল। তাকে তাই জিইয়ে রাখা দরকার। আমি জিজ্ঞাসা করি—এটা কি সেই ১৯৪৮ সাল? গত ১৯৪৮ সালে যদি কিছু ঘটেই থাকে এখন কি তা আছে? আমি যদি তর্কের খাতিরে মেনেও নেই যে, তখন এই আইনের প্রয়োজন ছিল—যদিও সেইভাবে ধরা ভুল—তাহলেও প্রশ্ন থাকে এখন এর কি প্রয়োজন? আজকে ১৯৫৫ সালে ১৯৪৮ সালের সেই অবস্থা নাই। এখনো কি প্রয়োজন আছে এই সিকিউরিটি এ্যাক্ট-এর? ডাঃ রায় যদি তথ্য দিয়ে প্রমাণ করতেন যে, পশ্চিম বাংলায় এখনো সেই ১৯৪৮ সালের মত চুরি-ডাকাতি, খুন, রাহাজানি চলেছে, পশ্চিম বাংলার সাধারণ মানুষের জীবন ধনসম্পত্তি নষ্ট হচ্ছে, বা হবার উপক্রম হয়েছে সাধারণ আইন দিয়ে তাকে ঠেকান যাচ্ছে না তাহলে না হয় বুঝতে পারতাম এই সিকিউরিটি এ্যাক্ট-এর প্রয়োজন আছে। কিন্তু অরাজকতা এখন কোথায়? আর অরাজকতা বলতেই বা কি বোঝায়? ধনিক শ্রেণীর শোষণের বিরুদ্ধে শ্রমজীবী মানুষের সংগ্রামের নাম অরাজকতা?

কাল হরিপদ চ্যাটার্জি সম্পর্কে কালী মুখার্জি ব্যংগ করে বলেছেন—"ইংরেজের আমলে তিনি ইংরেজকে গালাগালি দিয়েছেন; অবস্থার পরিবর্তন হয়েছে তবুও এখনো তিনি সরকারকে গালাগালি দিচ্ছেন। হয়ত মৃত্যুর দিন পর্যন্ত তিনি এই গালাগালি দিয়ে যাবেন, তাঁর কোন পরিবর্তন হবে না।" কালীবাবুর এই কথার সারমর্ম হল—অবস্থার পরিবর্তন হলেও যারা সেই পরিবর্তিত অবস্থা স্বীকার না করে আগের দোহাই দেয় তারা বুদ্ধিহীন জীব। আমিও কালীবাবুর নেতা ডাঃ রায়কে সেই কথাই বলি। ১৯৫৫ সালের পরিবর্তিত অবস্থাকে অস্বীকার করে ১৯৪৮ সালের অজুহাত দিয়ে যারা এই আইনের মেয়াদ বৃদ্ধি করতে চায় তারা হয় বাতুল না হয় ভণ্ড ও দেশদ্রোহী। তাঁরা বাস্তবিকই নিন্দার্হ। সমগ্র জাতি তাদের ঘৃণায় মাড়িয়ে চলে যাবে। এটা তাদের বোঝা দরকার। ফ্রি এ্যান্ড ডেমোক্রেটিক ট্রেড ইউনিয়ন মুভমেন্ট-এর কথায় কালীবাবু কাল অনেক কিছু বলেছেন। তাঁর এই ফ্রি এ্যান্ড ডেমোক্রেটিক ট্রেড ইউনিয়ন মুভমেন্টএর ইতিহাস আমি কিছু কিছু জানি। এই ফ্রি এ্যান্ড ডেমোক্রেটিভ ট্রেড ইউনিয়ন মুভমেন্টএর মানে যদি হয় বিদেশী পেট্রোলিয়াম কোম্পানীর ডিরেক্টরের ঘরে বসে শ্রমিকদের সর্বনাশকর চুক্তি করে আসা তা হলে, সে রকম তথাকথিত গণতান্ত্রিক ট্রেড ইউনিয়ন আন্দোলন আমরা করতে চাই না।

[Shame, shame from the Opposition bench.]

এই ফ্রি ট্রেড ইউনিয়ন মুভমেন্টের মানে যদি হয় ডকের মজুর জোগান দেবার সর্দারদের কাছ থেকে টাকা খেয়ে শ্রমিকদের স্বার্থ বিসর্জন দেওয়া, এক দল শ্রমিকদের অন্য শ্রমিকের বিরুদ্ধে প্ররোচিত করে দাঙ্গা বাধান এবং তার সুযোগ নিয়ে টাকা কামান তাহলে আমি সে রকম ট্রেড ইউনিয়ন আন্দোলনকে ঘৃণা করি, পায় মাড়িয়ে দেই।

Free and democratic trade union movement

এর নামে তাঁরা এই কাজ করছেন। তাই তো দেখি থানার অফিসাররা টাকা ভাগাভাগিতে ওদের সঙ্গে সহযোগিতা করে ; তাই তো দেখি ইংরেজ বার্ড কোম্পানীর মালিক এসে কালীবাবুর পিঠ চাপড়ে বলেন ভাল করে লাগান। আমার এই কথার প্রমাণ চান? আপনাদেরই কংগ্রেসের সম্পাদক বিজয় সিং নাহারকে জিজ্ঞাসা করবেন ; নবজ্যোতি বর্মণকে জিজ্ঞাসা করবেন। তাঁরা আমার এ কথার সাক্ষ্য দেবেন। এর পরেও ফ্রি এ্যান্ড ডেমোক্রেটিক ট্রেড ইউনিয়ন মুভমেন্ট-এর কথা বলেন! কালীবাবুর জাতের লোকেরা কি জাতীয় ট্রেড ইউনিয়ন মুভমেন্ট করছেন, সেটা আমরা জানি। যারা সত্যিকার গরীব মানুষের স্বার্থের জন্য লড়ছে, যারা শ্রমিক চাষীর জন্য লড়ছে, তাদের বিরুদ্ধে এই আইন আপনারা প্রয়োগ করেছেন ও করছেন। বলুন সংগ্রামী চাষী মজুরকে আটক করার জন্য এই কালাকানুন করছেন ; বড় বড় কথা বলবেন না। বঙ্কিম কর মহাশয় বলেছেন যাঁরা শান্তিকামী লোক, তাঁরা এই সিকিউরিটি এ্যাক্ট চান ; সরকার শান্তি-শৃঙ্খলা রক্ষা করবার জন্য এই সিকিউরিটি এ্যাক্ট আনছেন। কিন্তু এই শান্তি ও শৃঙ্খলা বলতে কি বোঝায়? কাদের শান্তি? কায়েমী স্বার্থরক্ষার জন্য এই শান্তির বুলি। কায়েমী স্বার্থ রক্ষার জন্য শৃঙ্খলার কথা আপনারা বলেন। যখন গরীব চাষীর জমি কেড়ে নেয় জমিদার জোতদার, তখন তাদের বিরুদ্ধে একটা কড়ে আঙ্গুলও নড়ে না আপনাদের। অত্যাচারে অতিষ্ট হয়ে চাষী যখন জমিদারের বিরুদ্ধে লড়তে নামে, শ্রমিক যখন তাদের দাবী নিয়ে মালিকের বিরুদ্ধে আন্দোলন করতে যায়, তখন তাঁদের বিরুদ্ধে আপনারা যান শান্তি ও শৃঙ্খলা রক্ষার নাম করে। এই শান্তি ও শৃঙ্খলা বলতে আপনারা বোঝেন পুঁজিপতি শ্রেণীর শাসন ও শোষণ, তাদের কায়েমী স্বার্থকে জিইয়ে রাখার সমস্ত রকম প্রচেষ্টা। কিন্তু সাধারণ মানুষ তা চায় না। সাধারণ মানুষ চায় শোষণ থেকে মুক্তি ; সাধারণ মানুষ চায় শোষণ ভেঙ্গে সাম্য আনতে, শোষণহীন সমাজ গড়তে। আর আপনারা হচ্ছেন ধনিক শ্রেণীর স্বার্থের রক্ষক। তাই সাধারণ মানুষের শোষণ হতে মুক্ত হবার আন্দোলনকে আপনারা উচ্ছৃঙ্খলতা বলেন, তাই শান্তি ও শৃঙ্খলা রক্ষার নামে সাধারণ মানুষের আন্দোলনকে পিষে মারবার জন্য এই অগণতান্ত্রিক আইন আপনারা নিয়ে এসেছেন।

ডাঃ রায় যে কথা বলেছেন, তিনি যদি কোন বিশেষ দলকে লক্ষ্য করে সে কথা বলে থাকেন তাহলে যেহেতু, আমি সেই দলের লোক নই তাই তার উত্তর আমি দেব না। তার জবাব দেবেন সেই দলের সভ্যরা। কিন্তু তিনি তা বলেন নি। তাঁর জানা দরকার, সোভিয়েটের কথা বলে নয়াচীনের কথা বলে এই সিকিউরিটি এ্যাক্ট সমর্থন করা চলে না। কারণ সেখানে প্রতিষ্ঠিত হয়েছে গণরাষ্ট্র, শোষণকে সেখান হতে উচ্ছেদ করা হয়েছে ও হচ্ছে। তাই সেখানে রাষ্ট্রের বিরুদ্ধে লড়ার অর্থ জনসাধারণের প্রতি বিশ্বাসঘাতকতা করা। আর আমাদের এখানে? এখানে প্রতিষ্ঠিত হয়েছে পুঁজিবাদী রাষ্ট্র ব্যবস্থা যার লক্ষ্য হচ্ছে ধনিক শ্রেণীর মুনাফার জন্য জনতাকে শোষণ করা। এই দুই রাষ্ট্রের মধ্যে মূলগত প্রভেদ আছে। যাক ওকথা। আমি এই দেশের ছেলে, এই দেশের জল বাতাসে গড়ে উঠেছে আমার দেহ, এই দেশের পরিবেশে গড়ে উঠেছে আমার মন। [ও হো, হো, ফ্রম দি কংগ্রেস বেঞ্চেস] এই দেশের জনসাধারণের কথাই আমি বলে যাব। এই দেশের সাধারণ মানুষের যতদিন না মুক্তি হচ্ছে ততদিন আমি তারজন্য সংগ্রাম করে যাব। এবং যতদিন না সাম্যবাদ প্রতিষ্ঠা হচ্ছে ততদিন মুক্তিও মিলবে না। এদেশে সাম্যবাদ প্রতিষ্ঠার জন্য গণসংগ্রাম পরিচালনার অর্থ এই নয় যে, আমি সোভিয়েট থেকে পরিচালিত হচ্ছি। সোভিয়েট একটা নূতন আদর্শ প্রতিষ্ঠিত করেছে। সেই আদর্শ আমাদের আকর্ষণ করে; আমাদের দেশের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ সেই আদর্শ আমরা এখানে কায়েম করতে চাই। তার মানে এই নয় যে, আমরা দেশকে ভালবাসি না। দেশের লোককে আমরা ভালবাসি বলেই আমরা শোষণমুক্ত সমাজ গড়তে এগিয়ে এসেছি ; সমাজ প্রগতির পথে যা অন্তরায় হয়ে

দাঁড়িয়ে আছে তাকে ভাঙবার জন্য কাজে নেমেছি। যেহেতু আমরা সোভিয়েটের আদর্শে অনুপ্রাণিত হয়ে আমাদের দেশে শোষণমুক্ত সমাজ গড়তে চাই সেইহেতু আমাদের গলা টিপে মারা হবে—এই যুক্তি যদি এই কালাকানুন আনার সপক্ষে দেন তা দিন, তার অর্থ আমি বুঝি। বড় বড় কথার আড়ালে দেবেন না। আমাদের দেশে যে ফরমাল ডেমোক্রেসি চালু আছে আদতে সমাজনৈতিক পরিভাষায় যাকে বলে ডিকটেটরশিপ অফ ক্যাপিটাল তা ত্যাগ করে নির্লজ্জ স্বৈরতন্ত্র চালাতে চান তো তা বলুন। আমরাও জনসাধারণকে তাই বলবো। গণতন্ত্রের নামে স্বৈরতন্ত্র চালানোই হচ্ছে এই সিকিউরিটি অ্যাক্ট-এর লক্ষ্য। সেটা এই আইনের ছত্রে ছত্রে ফুটে উঠেছে। তাকিয়ে দেখুন এখনে সবভার্বসিভ এ্যাকটিভিটিজ-এর সংজ্ঞা কি দেওয়া হয়েছে। পৃথিবীতে এমন কোন কাজ নাই যা সাবভারসিভ এ্যাকটিভিটির মধ্যে পড়ে না।

[3-40—3-50 p.m.]

এই যে কালাকানুন এর শিকার ঐ দলের [কংগ্রেস দলকে নির্দেশ করিয়া] লোকেরা হয় না, হয় আমাদের মতন লোক, যারা সাধারণ মানুষের জন্য লড়াই করে। একটা দুটো নয়, এর হাজার হাজার উদাহরণ দিতে পারি। ব্যক্তিগতভাবে আমরা এখানে যারা আছি বিধানসভার সভ্য হিসাবে তাঁদের অনেকেই সিকিউরিটি এ্যাক্ট বা প্রিভেনটিভ ডিটেনসন এ্যাক্ট-এ আটক পড়েছি। একটা জায়গায়ও দেখি না—ওদিকের একজন কেউ এতে আটক পড়েছেন। শুধু তাই নয়, এই আইন কেমনভাবে প্রযুক্ত হচ্ছে দেখুন। সরকার নিযুক্ত লেবার ট্রাইবুনাল রায় দিলেন শ্রমিকদের সপক্ষে। সে রায়ের বিরুদ্ধে মালিক এপীল করলে সেখানেও মজুর জিতল। তারপর গেল সুপ্রীম কোর্টে। সুপ্রীম কোর্টও মজুরদের পক্ষে রায় দিলেন। তারপরও দু বছর কেটে গেল। মালিক সুপ্রীম কোর্ট-এর রায় মানলই না, পরন্তু আরো শ্রমিক ছাটাই করে তছনছ করে দিল। শ্রমিকরা যেই একটু প্রতিবাদ করতে এগিয়ে এল, অমনি সিকিউরিটি এ্যাক্ট-এর খাড়া নেমে এল শ্রমিকদের উপর মালিকের উপর নয়। এর পরও বড় গলা করে বলেন শান্তি এবং শৃংখলার জন্য এই আইন প্রযুক্ত হচ্ছে। শান্তি ও শৃংখলার নামে কি হচ্ছে তা জনসাধারণ জানে। ইতিহাস প্রমাণ করবে যে কল কারখানার মালিক বা জমিদার যারা তাদের একটিরও বিরুদ্ধে এই সিকিউরিটি এ্যাক্ট প্রযুক্ত হয় নাই অথচ প্রযুক্ত হয়েছে সমস্ত সাধারণ মানুষের উপর, যারা লড়াই করে তাদেরই বিরুদ্ধে।

তা ছাড়া, এই আইনকে কিভাবে দলীয় কাজে লাগানো হচ্ছে তাও দেখুন। আমরা যখন একটা সভা করতে কমিশনার অফ পুলিশের কাছে অনুমতি নিতে যাই মাইক ব্যবহার করবার জন্য আমরা যখন কোন গাড়ীতে লাউড স্পীকার ব্যবহারের জন্য দরখাস্ত করি তখন অনুমতি পাওয়া যায় না। অথচ কংগ্রেস তরফ হতে এই উপায়ে প্রচার একদিন নয়, বহুদিন চলেছে, ডাঃ রায় আমাদের বোঝাতে চান যে, এই সরকারের বিরুদ্ধে আন্দোলন রাষ্ট্রের বিরুদ্ধে আন্দোলন। (জনৈক সদস্যঃ আর কত?) ও'রা কিছুই জানেন না তবু চিৎকার করেন। শুধু চেঁচাতেই শিখেছেন, কোন দেশের ইতিহাস এমন কি নিজের দেশের ইতিহাসও পড়েন নি। রাষ্ট্রবিজ্ঞানের কোন বইএর একটি পাতাও বোধ হয় ওল্টান নি। রাষ্ট্র এবং সরকারের মধ্যে একটা আকাশ পাতাল ফাঁক আছে।

সরকারের বিরুদ্ধে আন্দোলন করবার অধিকার তথাকথিত গণতান্ত্রিক রাষ্ট্রে, আমাদের দেশের সংবিধানেও স্বীকৃত হয়েছে। সরকারকে উচ্ছেদ করবার অধিকার, তারজন্য সভা সমিতি করবার, প্রশ্ন করবার অধিকার প্রত্যেকটি নাগরিকের আছে। সেই অধিকার হরণ করবার জন্য এই সরকার এই কালাকানুন করছেন। এবং তাঁদের ব্যবহারে প্রতিদিন তা প্রমাণিত হচ্ছে। তাঁদের বিরুদ্ধে যে কথা বলে তার বিরুদ্ধেই এই আইন তাঁরা প্রয়োগ করেন। সুতরাং আমি এই কথা বলব—এই আইনের সংশোধন নয়, এ আইনকে কাগজের টুকরো করে, কুটি কুটি করে ছিঁড়ে ফেলে দেওয়া দরকার এবং জনসাধারণ তা করবেই। আজ না পারুক, দশ বছর বাদে হোক, বিশ বছর বাদে হোক, এ তারা করবেই সে বিষয়ে কোন সন্দেহ নাই।

Janab A. M. A. Zaman:

মাননীয় স্পীকার স্যার ;

Sj. Hemanta Kumar Ghosal:

নূন চুরির হিসেবে——

Janab A. M. A. Zaman:

তোমার বাবার হিসাব দিব, তোমার দাদার হিসাব দিব, তোমার গোষ্ঠীর হিসাব দিয়ে তোমার শ্রাদ্ধ করে [হাস্য রোল] সব হিসাব দিব। বড় বাহাদুরী নিচ্ছ, তোমার সমস্ত গোষ্ঠী দিয়ে আজ আমি বক্তৃতা আরম্ভ করছি।

যারা চুরি করে, ডাকাতি করে, গুণ্ডামী করে, বদমায়েসী করে, যারা ভদ্রলোকদের শান্তিপ্রিয় জনসাধারণের পিছনে শ্রমিক গুণ্ডা লেলিয়ে দিয়ে মারতে চায় তারাই চিৎকার করে, এই আইনকে ভয় করে। সেইজন্য তারা এ আইনকে চায় না। যারা কাঁটার মধ্যে যায় না তারা কাঁটাকে ভয় করেন, যারা কাঁটার মধ্যে যায় তারাই কাঁটার ভয় পায় না। এ আইন হচ্ছে বাংলাদেশের যারা শান্ত নিরীহ, যারা চায় শান্তিতে বাস করতে, যারা চায় না গুণ্ডামী করতে, যার চায় না ট্রামবাস পোড়াতে, যারা চায় না পকেট মারতে, যারা চায় না লোককে মারতে, যারা চায় না আট আনা পয়সা দিয়ে লোক এনে বেকার প্রশেশন করতে। যখন সেদিন আমি মোটর করে আসছিলাম—দেখলাম আট আনা করে পয়সা দিয়ে এখানে ওখানে বেকার এনে দাঁড় করিয়েছে।

আমরা জানি এখন ভারতবর্ষে ও বাংলাদেশে চুরির সংখ্যা বৃদ্ধি পায় নাই। এখনো সাধুর সংখ্যাই বেশী রয়েছে। সেই জন্য আমাদের নেতা এই যে আইন এনেছেন সংশোধিত আকারে, ভদ্র আকারে সে জন্য জনসাধারণের পক্ষ থেকে ও লেবার ভাইদের পক্ষ থেকে ডাঃ রায়কে আমি ধন্যবাদ জানাচ্ছি।

বন্ধুগণ, রাখহরিবাবু কালকে বলেছেন—ইংরেজ নাই, তার সে জিনিস নাই, তার আইন রইল কেন? আমি বলব ইংরেজের সময় কাউন্সিল ছিল তাহলে সেটাও তুলে দেওয়া হোক, তাহলে এই এসেম্বলি রাখার কি দরকার? ইংরেজের সময় মিনিষ্টার ছিল, তাহলে মিনিষ্টার রাখার কি দরকার? ইংরেজের সময় যেভাবে চুরি করেছে, ডাকাতি করেছে এখন কি সেই চুরি ডাকাতি বন্ধ হয়েছে? ইংরেজ চলে গেছে; কিন্তু যেমন একটা কথা আছে সাধু সচ্চরিত্র লোকের কথা, নবদ্বীপে অনেক লোক পুণ্য করতে যায় আমাদের যেমন নাকি মক্কায় যায়, যাবার সময় জেদ্দায় অনেক শয়তান নেমে থাকে—নবদ্বীপেও সেই রকম শয়তান, নবদ্বীপ থেকে ফেরবার সময় দেখা যায়, ভাল লোকের কাঁধে তারা চাপতে পারে না। শয়তান যারা তাদের কাঁধেই তারা চাপে। আমাদের এই এসেম্বলির ভিতরকার লোকের মধ্যে কয়েকটা শয়তান আছে, তাদের কাঁধে আবার হাজার শয়তান চেপে আছে। যারা মাষ্টারদের নিয়ে, যারা শ্রমিকদের লেলিয়ে দেয়—

Mr. Speaker: You cannot say Assembly তে শয়তান আছে। That is a reflection on the members.

Janab A. M. A. Zaman:

স্যার, আমি বলছি এরকম অনেক চোর আছে যারা এসেম্বলির ধারে ঘুরে বেড়াচ্ছে।

Mr. Speaker: Listen to me please. If you have said those words "Assembly তে শয়তান আছে" you must withdraw that expression.

Janab A. M. A. Zaman:

আচ্ছা স্যার, আমি উইথড্র করছি।

Sj. Biren Banerjee:

এই যে বক্তৃতা হচ্ছে স্যার, আপনি ও'র সব কথা শোনেন নি। এসেম্বলিতে শয়তান আছে আরো সব গর্হিত কথা বলেছেন, আমার মনে হয় ও'র সম্পূর্ণ বক্তৃতাটাই এক্সপাঞ্জ করা উচিত।

Mr. Speaker: I always do that. If there is any unparliamentary expression I always expunge that. Here I have drawn his attention to the unparliamentary expression and he has withdrawn that.

Sj. Jyoti Basu: What I want to say is that if that gentleman over there who is speaking, if he feels that
এখানে শয়তান আছে, এতে এটাও হতে পারে যে ঐ দলেই শয়তান আছে, উনি বলেন নি—কারা। তাই আমি বলি এক্সপাঞ্জ করবার প্রয়োজন নাই। শয়তান যারা আছে উনি তাদের জানেন। উনি কারো নাম করেন নি। হতে পারে ওদিকেও শয়তান আছে। ইফ হি ফিলস দ্যাট, তাহলে পর আই সে এক্সপাঞ্জ করবেন না।

[3-50—4 p.m.]

Janab A. M. A. Zaman:

মিঃ স্পীকার স্যার, আমি যে কথা বলছিলাম যে, সমস্ত শ্রমিক, কৃষক যাবার পরে ওদের এখন সম্বল হয়েছে গুণ্ডা

[Noise and interruptions]

কিছুক্ষণ আগে সুবোধবাবু বলে গেছেন এই গুণ্ডা দমন আইন দ্বারা কি হচ্ছে? যদি কিছু না হয়ে থাকে তবে গুণ্ডা দমন আইন দ্বারা এত হাজার হাজার গুণ্ডা ধরা হচ্ছে কেন? আর যদি কিছু নাও হয়ে থাকে তাহলে এই আইন হলে তাদের এত ভয়েরই বা কি কারণ আছে? ইঁদুরের জন্যই ফাঁদ পাতা হয় কিন্তু তাই বলে ইঁদুর যদি ফাঁদে না যায়, ফাঁদটাত আর লাফিয়ে এসে ইঁদুর ধরে না। এগুলি এই সমস্ত শয়তানদের জানা উচিত। সুবোধবাবু ট্রেড ইউনিয়নের সম্বন্ধে বললেন। আমি তাঁকে জিজ্ঞাসা করি কবে তিনি ট্রেড ইউনিয়ানিষ্ট হলেন, ইউনিয়ন মানে কি, ইউনিয়নে কটা লোক থাকে, তার কটা রুল আছে, তাদের কি অধিকার আছে, এই সমস্ত উনি জানেন কি, চীৎকার করে ত বলে দিলেন।

[Loud noise and interruptions]

মিঃ স্পীকার স্যার, এখানে শ্রমিকদের সম্বন্ধে অনেক কিছু বলতে শুনেছি। দু' একটা কথা আমি, নজির দিয়ে দেখাতে চাই, দালাল কারা। আমাকে একটু সময় দিতে হবে। আমার একটা ইউনিয়ন মেটাল বক্সে ছিল। সেই ইউনিয়নের লোকজনকে কিভাবে তারা পিটিয়েছে সেটা হয়ত আপনি জানেন না। জি, ই, সিতেও আমাদের একটা ইউনিয়ন রয়েছে সেটা আই, এন, টি, ইউ, সির এফিলিয়েটেড। সেখানে কম্যুনিস্ট চালিতও আর একটি ইউনিয়ন আছে। সেই ইউনিয়ন চার্টার অব ডিমান্ডস করে তাদের কতকগুলি দাবী আদায় করার জন্য ৯ই তারিখে স্ট্রাইক ডিক্লেয়ার করে, কিন্তু সেই স্ট্রাইক ফেল করে—

[Loud noise and interruptions]

সেখানে অমিতাভ রায় বলে একজন ওয়ার্কার কাজে আসছিল বলে তাকে মারধোর করা হয়। [নয়েজ] ২০শে জুন আমাদের সঙ্গে একটা এগ্রিমেন্ট হয়, এইসব দাবী নিয়ে, চার্টার অব ডিমান্ডসের উপর। তারপর কম্যুনিষ্ট ইউনিয়ন তারা স্ট্রাইক ডিক্লেয়ার করে, আমরা করি নি, [নয়েজ] তারা একটা চিঠি দিয়েছিল কোম্পানীর কাছে এবং ৫ই জুলাই স্ট্রাইক করার কথা ছিল। কিন্তু আমরা তখন একটা এগ্রিমেন্ট করি কোম্পানীর সঙ্গে। তখন লোকেরা জানলো যে আই, এন, টি, ইউ, সির ইউনিয়নই কাজ করতে পারে এবং তখন সকলে এসে এর মেম্বার হতে লাগলো। তখন তারা গুণ্ডা লাগিয়ে ছিল। ৬ই তারিখ থেকে একটা স্ট্রাইক হয়। আমার একটা লিস্ট আছে সেটা আপনার কাছে সাবমিট করব [লাউড নয়েজ] তারা ৭৫ জনকে মারধোর করেছে। অনেকে হাসপাতালে গেছে, তাদের মধ্যে একজনের অবস্থা এমন যে বেঁচে ছিল কিনা জানতাম না। তার অবস্থা খুবই সঙ্গীন। থানায় ডায়েরীও করা হয়েছিল, জি, ডি, নম্বর ৮৪৯ ১১ই জুলাই ১৯৫৫। কে, এস, রায় ডায়েরী করেছেন। এরা গিয়ে আবার তাদের শ্রমিকদের শাসাচ্ছে। তাদের সেক্রেটারী ডাঃ রনেন সেন, পি, কে, দাস, অসীম কুমার মিত্র, তারা বলেছিল তোমরা গেলে তোমাদের হাড়গোড় গুঁড়ো করে দেবো।

Sj. Biren Banerjee: On a point of order, Sir,
মেম্বার রনেন সেন যিনি এখানে উপস্থিত নেই তার সম্পর্কে অযথা, অসত্য কথা, খাটি জাজ্জ্বল্যমান অসত্য কথা উনি বলতে পারেন না।

Mr. Speaker: He can refer to members who are not present but you can reply to the charges made by him. He cannot refer to persons, which he has done, who are not members of this House.

Sj. Byomkesh Majumder: Sj. Subodh Banerjee uttered something objectionable but you did not pull him up.

Janab A. M. A. Zaman:

মিঃ স্পীকার স্যার, আমি যে কথা বলছিলাম যে এই হচ্ছে এ'দের নীতি। কিছুদিন আগে আমি এসেমব্লির মেম্বারদের কাছে কেস নম্বর দিয়ে চিঠি দিয়েছি, হ্যাণ্ড বিল দিয়েছি। সমস্ত মিনিস্টারদের কাছে, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কাছে পাঠানো হয়েছে, লেবার মিনিস্টারের কাছেও পাঠানো হয়েছে, কেস নম্বর ডায়েরী নম্বর দিয়ে, কোর্টে কেসও হচ্ছে।

[Noise and interruptions]

গত ২৭শে তারিখে সবচেয়ে একটা বড় জিনিষ হয়েছে। ২৭শে তারিখে ৩ জন মুসলমান ৩ দিক দিয়ে আসছিল, তাদের বলা হল কোথায় যাবে, কাজে যাওয়া হবে না, তাদের বলা হল আমাদের সঙ্গে মিটমাট্ কর, আমাদের ইউনিয়নে যোগ দাও এবং তাদের একজনকে রাস্তা থেকে ধরে নিয়ে যাওয়া হল। সে কেসের নম্বরটা এখনও রয়েছে। যদি স্পীকার মহাশয় আপনি দেখেন আমি দেখাতে পারি। তারা ৩ জনকে বেদম মেরেছে এবং বলেছে শালা কোথায় যাবে?

[Loud noise and interruptions]

তারা এখনও হাসপাতালে রয়েছে। হাওড়ায় তারা লোকজন মারফতে গুণ্ডামী রাজত্ব চালিয়েছে, সেখানে প্যানিকের সৃষ্টি হয়েছে। এমনকি আমার মোটর গেলেও তারা ঘেরাও করবার চেষ্টা করে। তারা বহু লোককে বাইরের থেকে নিয়ে আসে, এই রকমভাবে তারা গুণ্ডা রাজত্ব করে যাচ্ছে। (এ ভয়েসঃ এবার তোমারও মাথা ভাঙ্গবে) তোমাদেরও মাথা থাকবে না। যখন তোমাদের বিরুদ্ধে ধুয়া উঠবে, জেনে রেখো তোমাদেরও মাথা সেদিন আর থাকবে না, হাড়গোড় ভেঙ্গে যাবে। প্রত্যেকটি জিনিষ আমার কাছে আছে, কোর্টের কেস নাম্বারও আমার কাছে আছে।

[Loud noise and interruptions]

ইউনিয়নের নাম করে তারা এইসব গুণ্ডামী করছে। বিশেষ করে আমি ডাক্তার রায়কে বলবো কালকে যে কৃষকরা এসেছিল, তাদের মিথ্যা প্রলোভন দেখিয়ে এখানে নিয়ে আসা হয়েছিল, তাতে পেপারে দেওয়া হয়েছে যে ওদের ভয়ে নাকি এসেম্বেলি ২৫ মিনিট বন্ধ হয়ে গিয়েছিল। তাদের নাম কিনবার জন্য। আমাদের চেষ্টায় যথেষ্ট ফল হয়েছে, এইভাবেই চলছে। সেইজন্য আমি যে কথা বলছিলাম এই রকমভাবে গুণ্ডামী করে নানারকমভাবে সর্বসাধারণকে তারা উত্তেজিত করছে। আমাদের দেশ স্বাধীন এখানে যার ইচ্ছা হয় কাজ করবে, না হয় কাজ করবে না। এই স্টেটে আমরা ইচ্ছামত কাজ করবো। তা না, লোকজনকে আটকে রাখা হচ্ছে, হয়রানি করা হচ্ছে। তাই আমি গভর্নমেন্টকে এপিল করছি এই অবস্থায় সিকিউরিটি এ্যাক্ট আরো কড়াকড়ি হওয়া উচিত ছিল। এই সমস্ত গুণ্ডাদের ধরপাকড় করবার জন্য আরো যদি কিছু করতে হয় কোন এরিয়ায় তাহলে সেটা করার দরকার ছিল। এখন আমি একটা কথা বলে শেষ করব।

(Sj. BENOY KRISHNA CHOWDHURY: Bring amendments)

এ্যামেন্ডমেন্ট আনতে হবে না, এইটাই এ্যামেন্ড হয়ে যাবে। আমি আর একটা কথা বলে শেষ করবো। হাওড়ার নবগ্রামের একটি ভদ্রলোক—প্রফুল্লদা জানেন তাঁর কাছে এসেছিল—তাঁর হাজার হাজার মণ ধান গোলা থেকে পুড়িয়ে দেওয়া হোল, এইরকম বহু কেস আছে। এসবে কাদের ক্ষতি হয়? যেসব লোক করছে তাঁদের গুণ্ডামীর বিরুদ্ধে যদি কিছু বলতে যায়, তারা বলে এ শালা দালাল হ্যায়।

[Loud noise and interruptions]

এই ধরনের যারা লোক এরা হাজার হাজার মণ ধান পুড়িয়ে দিয়েছে, হাজার হাজার লক্ষ লক্ষ টাকার সম্পত্তি নষ্ট করেছে। এরজন্য আগে আমি একবার বলেছিলাম এদের এরেষ্ট করা দরকার, এদের জেলে দেওয়া দরকার।

[4—4-10 p.m.]

আজকে দেশে যে অবস্থা তাতে জনসাধারণের ভাল করার নামে, শ্রমিকদের ভাল করার নামে যারা দেশের সর্বনাশ করছে তাদেরই জন্য আমাদের আইন করতে হয়। এই ভদ্রলোকেরা যদি তাদের একটু ভদ্র করে দিতেন তাহলে কোন ভাবনা থাকত না; ইংরেজতো চলে গিয়েছে কিন্তু আমাদের কেন আজকে এরকম আইন করতে হয়? আমার শেষ বক্তব্য হচ্ছে এই বিল যিনি এনেছেন তাকে আমি অশেষ ধন্যবাদ দিচ্ছি কারণ যারা চুরি, ডাকাতি, গুণ্ডামি করে না, শান্তিপূর্ণভাবে বাস করে তারা মুষ্টিমেয় নয় তারা আড়াই কোটি, বাংলাদেশের অধিবাসীদের বেশীর ভাগ যাতে রাজ্যের শান্তি ভঙ্গ না হয় তার জন্য যে বিল এসেছে তাকে সম্পূর্ণ সমর্থন করছি এবং সেজন্য ডাঃ রায়কে ধন্যবাদ দিচ্ছি।

Sj. Jnanendra Kumar Choudhury:

স্পীকার মহাশয়, কালকের সভা সম্বন্ধে জামান সাহেব যা বললেন সেটা সত্য নয়। কাল আমিও সভায় নিমন্ত্রিত হয়ে গিয়েছিলাম এবং আপনি দয়া করে ২৫ মিনিট হাউস বন্ধ রেখেছিলেন সেই কথাই বলেছিলাম—হি ওয়াজ গুড এনাফ, আপনাকে কোন এ্যাটাক করে কোন কিছু বলি নি। আর বলেছিলাম যে আপনারা যেসব আপত্তি করছেন তা সভায় গিয়ে জানবো।

Sj. Byomkes Mojumdar:

জামান সাহেব যে কথা বলেন নি সেই কথা বলতে গিয়ে উনি নিজের কথাই বলে গেলেন। জামান সাহেবের বলবার ছিল............

Sj. Gangapada Kuar:

মাননীয় স্পীকার মহাশয়, আমি এই বর্তমান যে বিল এসেছে, আমি এই বিলের বিরোধিতা করতে উঠেছি। আমরা জানি আমাদের এই দেশে দীর্ঘ আড়াই শত বৎসর ধরে ইংরাজরা শাসন চালিয়েছিল এবং ইংরাজ শাসনের বিরুদ্ধে সারা দেশব্যাপী আন্দোলন হয়েছিল।

Mr. Speaker: Speak new thing.

Sj. Rakhahari Chatterjee: Sir, I think Mr. Zaman was very much irrelevant, but whenever a member of the Opposition speaks he is interfered with.

Mr. Speaker: Are you on a point of order? What is your point, Mr. Chatterjee?

Sj. Rakhahari Chatterjee: You say "speak new thing". Whenever any member on the Opposition benches wants to speak, I find interference from the Chair but when a member from the Congress side speaks there is no interference. Was Mr. Zaman relevant?

Mr. Speaker: Mr. Rakhahari Chatterjee has just now remarked that whenever an Opposition member speaks there is interference from the Chair. Firstly, I would request the member to go through the proceedings of this session and of every session. I would request him to point out a case where there has been an interference with the speeches of the Opposition. In this view of the matter I consider his speech highly unparliamentary and reflection on the impartiality of the Chair. I would, therefore, request him to withdraw that remark.

Sj. Rakhahari Chatterjee: It is not unparliamentary. If you see the proceedings——

Mr. Speaker: I have asked him to see the proceedings and I would again request him to withdraw that remark. Will you kindly withdraw it, Mr. Chatterjee?

Sj. Rakhahari Chatterjee: I have not passed a remark which is unparliamentary.

Mr. Speaker: You have said that whenever an Opposition member speaks there is interference from the Chair. That is a very serious reflection on the Chair and I would request you to withdraw it.

Sj. Rakhahari Chatterjee: I will not withdraw it.... [Interruption and noise.]

[At this stage Sj. Rakhahari Chatterjee withdrew from the Chamber.]

Sj. Jyoti Basu: It is true that the remark became general when he said that whenever members on this side speak there is interference from the Chair, but the point at issue was that when you called upon one speaker from the other bench to speak, immediately he started his speech you said, speak new thing—immediately he uttered the first sentence.

Mr. Speaker: He went on for some time.

Sj. Jyoti Basu: I would request you to consider the point he has raised that when, for instance, Mr. Zaman was speaking from the other side you did not for once say that whatever he said was irrelevant; nothing to do with the Security Act; but yet not for one moment was he pulled up. That is why it also struck some of us that why was the other gentleman being pulled up suddenly. That was the only thing. I do not think there was cause for annoyance and asking the member to withdraw.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: He did not even complete the sentence. It is not a fact that he spoke for some time

Mr. Speaker: You kindly refer to the record

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Let the record be seen.

Mr. Speaker: I will see the record.

Questions relating to repetition and matters of irrelevancy are entirely at the discretion of the Speaker.

Sj. Jyoti Basu: If the other side is irrelevant you do not say anything and the difficulty arises.

Mr. Speaker: Whenever I find a matter repeated and irrelevant, it is in my discretion to stop it.

Dr. Kanailal Bhattacharya: It ought to be done on both sides.

Mr. Speaker: Go through the proceedings and you will see.

Janab A. M. A. Zaman:

স্যার, ও'রা বলছেন যে আমি ভুল বলেছি—জ্যোতিবাবু এখানে যে কথা বলেছেন তাঁকে আমি ডকুমেন্ট দিয়ে দেখিয়ে দিয়েছি।

Mr. Speaker: You need not make a speech.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: We are aggrieved that a member has been very unnecessarily driven out.

Mr. Speaker: He has himself withdrawn in anticipation of my order.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: As a protest we will be walking out for five minutes.

[At this stage the Opposition members withdrew from the Chamber.]

Mr. Speaker: Is there any other member on this side?

[4-10—4-20 p.m.]

Sj. Ananda Gopal Mukherjee:

মাননীয় স্পীকার মহোদয়, এই বিলের আলোচনা কালে বিরোধী পক্ষের যে মনোভাব আমরা লক্ষ্য করেছি, তা থেকে সুস্পষ্টভাবে এই কথা জানাই যে সারা দেশের স্বার্থ এর সঙ্গে জড়িত আছে, যেখানে দেশের মধ্যে শান্তি ও শৃঙ্খলার প্রশ্ন জড়িয়ে আছে, এবং যেখানে অন্যায়ভাবে এই বিল কোথায়ও প্রয়োগ করা হয় নি—সেই বিল বিরোধিতা করতে এসে বিরোধী পক্ষের সদস্যরা যে অহেতুক উত্তেজনার সৃষ্টি করেছেন সেদিকে আমি সকলের দৃষ্টি আকর্ষণ করতে চাই। তারা বলেছেন এতদিন পর্যন্ত এই বিল থাকা সত্ত্বেও এমন কি অবস্থা হলো যে এই বিল আরও রাখার প্রয়োজন হয়েছে। এই বিল থাকার কি ভয় আছে তা তারা দেখাতে পারেন নি। দেশের শাসনের দিক থেকে এটাকে যদি সরকার প্রয়োজনীয় মনে করেন এবং তার অপব্যবহার যদি না হয়ে থাকে তাহলে কেন থাকবে না তা আমি বুঝতে পারছি না। বিরোধী পক্ষ বারে বারে এই উক্তি করেছেন যে বাংলার ভাগ্যাকাশে ধূমকেতু। আমি বলছি তারা বাংলাদেশের ধ্রুবতারা, ঐ বিশ্বাসে থাকুন। অনেকে বলেছেন যে এতে শ্রমিক আন্দোলন ব্যর্থ হবে, আমি বিরোধী পক্ষের সদস্যদের জিজ্ঞাসা করি শ্রমিক এলাকা থেকে কয়টা জায়গায় তারা নির্বাচিত হয়েছেন। আগামী নির্বাচনীর সময় বিরোধী পক্ষের কণ্ঠরোধ করা হবে—নির্বাচনের কথা দূরে থাকুক কংগ্রেস শাসন ব্যবস্থায় যারা দেশেব সাধারণ নির্বাচনের প্রাক্কালে জেলে আটকা ছিলেন তাড়াতাড়ি এই সরকারই তাদের মুক্ত করে দিয়েছিলেন, যাতে জনসাধারণ তাদের ইচ্ছামতন তাদের ভোট দিতে পারেন। কিন্তু লক্ষ লক্ষ কোটি কোটি জনসাধারণ ভারতবর্ষে প্রমাণিত করে দিয়েছে যারা বিদেশীব দালালী করতে এসে জনস্বার্থের গালভরা কথা বলেন তাদের জনসাধারণ বিশ্বাস করে না। আমি সুবোধবাবুকে জিজ্ঞাসা করতে চাই কতজন শ্রমিক আছে আপনাদের সঙ্গে আর কতজন আছে কংগ্রেসের সঙ্গে, সে কথা খোলা মাঠে বক্তৃতা করে জাহির করুন গিয়ে, কিন্তু দেশের শাসনভার রক্ষার জন্য শৃঙ্খলা বজায় রাখার জন্য, বিদেশী সরকাবের নির্দেশে যারা কার্য-কলাপ চালান তাদেব জব্দ করবার জন্য জনগণের একজন প্রতিনিধি হিসাবে আমি উপলব্ধি করি এই বিলের প্রয়োজন আছে।

[At this stage the Opposition members returned to the Chamber.]

Sj. Bankim Mukherji: Mr. Speaker, may we know what connection or what reference the speech just now made by Ananda Babu has to the Bill which we are considering?

Mr. Speaker: Well, it is in reply to the points raised by other speakers—you take it like that.

Sj. Tarapada Bandopadhyay: We feel, Sir, that we are not getting justice.

Mr. Speaker: Mr. Raipada Das.

Sj. Raipada Das: Sir, nothing is dearer to an individual than freedom of thought, freedom of speech and freedom of movement. A life without these is not worth living. Bereft of freedom life becomes an unbearable burden. India groaned under this burden for centuries together before she succeeded in wresting her freedom from the unwilling hands of an alien

rules. India became free, at least politically, eight years back. The people believed after the achievement of independence that under the fostering care of a popular government the country would soon recover her economic independence and would once more smile with plenty and peace. But the eight years of Congress rule has belied their expectations. Plenty has not flowed in the country. Instead, the people have become poorer and are steadily moving towards still greater poverty. Their hard-earned liberty is dwindling and is in danger of being still further curbed and curtailed. The Congress Government, specially in the unfortunate State of West Bengal, has impoverished the people, economically, culturally as well as politically. Unable to retrieve the position and in order to make their own position secure, they have come upon the people, denying to them even the most elementary things of life by taxing them beyond the capacity of people to purchase them. And, in order that the people may not agitate, they are out to extend the life of the West Bengal Security Act by five years. The people, as their policy would suggest, must learn to take things lying down, no matter if they starve, no matter if they are treated like beasts and are fleeced to feed the pampered few. They must move as the Government desires, they must talk as the Government desires them to talk, they must eat what the Government doles out to or prescribes for them. And, if they agitate to get their just grievances redressed, they must be hunted down and killed or put into prison to rot there and die.

Is this independence for which the people fought and struggled through ages and regarded no sacrifice too great to achieve it? The answer is an emphatic "no". They must feel the thrill of independence, they must have freedom of every kind—of thought, of expression, of movement—and must have enough to eat, so that being self-sufficient, they can address themselves to constructive work to build up their country which is no less, if not more, dear to them than the small coterie of men and women running the administration. These men should understand once for all that no amount of repression can coerce a newly awakened people into abject submission. On the other hand, their selfish and short-sighted policy, if pursued further, will inevitably lead on to a civil war, endangering the hard-earned freedom and plunging the country into endless misery. It is time the Government cried halt to their thoughtless and ruinous policy and took the people into confidence. It is only then that their idea of building a welfare State can materialise. Trust begets trust. If the Government trust the people, the people cannot but reciprocate. And, when people's confidence is secured, progress becomes easy and the combined efforts of the Government and the people will intensify and accelerate the country's progress towards perfection which is but another name for a Welfare State or a State modelled after socialistic pattern.

Mr. Speaker: Sj. Biren Banerjee.

Sj. Gangapada Kuar: Sir, I want to speak.

Mr. Speaker: You must know the procedure. You went away of your own accord. Your turn will come later.

Sj. Biren Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, এই বিল নিয়ে এ্যাসেম্বলিতে বহু ঝড় বয়ে গিয়েছে। এবং শুধু ঝড় বওয়া নয় এপক্ষ এবং ওপক্ষ দুই পক্ষেই যুক্তি দেখাবার চেষ্টা করেছেন। কংগ্রেস পক্ষের সভ্যরা যে কথাগুলি বলেছেন গতকাল দুইজন আর আজকে দুইজন—তারমধ্যে যুক্তির বিশেষ

কিছু অন্ততঃ আমি দেখতে পাই নি। গতকাল শেষ বক্তা অনেক কথা বলেছেন এবং তাঁর বক্তব্যের মধ্যে তিনি একটা দিকে বা দুটো দিকে লক্ষ্য রেখে যেন শুধু গালাগালি দিতে উঠেছেন এই রকম ধরনের কথাবার্তা বলেছেন।

[4-20—4-30 p.m.]

আমি বলবো সর্বদেশে, সর্বকালে, সমস্ত জায়গায়, যারা কোন পার্টি থেকে বিতাড়িত হন, তাদের কাছ থেকে এরচেয়ে আর কোন শোভন আচরণ কখনও আশা করা যায় না। উনি সত্য, মিথ্যা সংযোজিত করে যেভাবে কথা বলেছেন তার প্রতি কথার জবাব দেওয়ার প্রয়োজন বা যৌক্তিকতা খুঁজে পাই না। শুধু একটা কথার জবাব আমি দেবো, সেটা হচ্ছে এই—তিনি অত্যন্ত অন্যায় করেছেন, এই এ্যাসেম্বলি হাউসের মেম্বর হিসাবে তিনি যা করেছেন, সেই আচরণ অত্যন্ত নিন্দার্হ বলে আমি মনে করি। যেটা তিনি শ্রীরনেন সেন মহাশয়ের সম্বন্ধে বলেছেন "স্টেট ইন্সিওরেন্স স্কীম"এ তিনি নাকি সই করে এসে, আবার শ্রমিকদের কাছে গিয়ে বললেন, এর বিরুদ্ধে আন্দোলন করো, মাথা ফাটাও।

Mr. Speaker: If it is a personal explanation, there is a rule that Dr. Ranen Sen can always give that personal explanation

Sj. Biren Banerjee: Dr. Ranen Sen is absent. Therefore, I am speaking about that.

Mr. Speaker: Any day he may come and give a reply You can meet the point, but Dr. Ranen Sen has the right to give a personal explanation whenever he comes

Sj. Biren Banerjee:

আমি শুধু ঘটনাটা উল্লেখ করছি। ডাঃ রনেন সেন যখন আসবেন তখন তিনি এর জবাব দেবেন। আমি শুধু এই কথা বলছি তিনি যে কথা বলেছেন যে "ডাঃ রনেন সেন একজন সদস্য হিসাবে ঐ স্টেট ইন্সিউরেন্স স্কীম"এ সই করেন এবং বাইরে গিয়ে সবাইকে বলেন তোমরা এদের মাথা ফাটিয়ে রক্ত গঙ্গা করো—এটা অত্যন্ত অন্যায় এবং সম্পূর্ণ মিথ্যা।

তারপর তিনি আরও বহু কথা বলেছেন, তার মধ্যে তিনি বলেছেন সিকিউরিটি এ্যাক্ট থাকা দরকার, এই সিকিউরিটি এ্যাক্টকে ভাল করে চালু রাখা দরকার এবং তার কি যুক্তি দেখিয়েছেন? তিনি সেই ১৯৪৮-৪৯ সালের সেই পুরাণ যুক্তিগুলি উত্থাপন করেছেন। কিন্তু বর্তমানে সেই সমস্ত যুক্তি দাঁড়ায় না।

আর একজন সভ্য বলেছেন দেশে চুরি, ডাকাতি, রাহাজানি ইত্যাদি খুব বেশী পরিমাণে দেখা দিয়েছে, সেইজন্য এই সিকিউরিটি এ্যাক্ট থাকা দরকার। আমি বলবো চুরি ডাকাতি ধরবার জন্য সিকিউরিটি এ্যাক্টএর প্রয়োজন কি হয়েছে? তার জন্য ত অর্ডিনারী ল রয়েছে, দেশের নানা রকম আইনকানুন রয়েছে তাই দিয়ে চোর ডাকাত ধরুন। আমি কতকগুলো ঘটনা উল্লেখ করতে পারি, এবং প্রমাণ করতে পারি যে যেখানে চুরি ডাকাতি ধরবার জন্য সিকিউরিটি এ্যাক্ট কখনও প্রযোজ্য হয় নি। তা যদি হতো তাহলে দেখতাম যে দেশে চুরি, ডাকাতি কমেছে, কিন্তু তাত কমে নি, এবং জামান সাহেব যেভাবে, যে ভাষায় এখানে বক্তৃতা দিলেন তাতে ত মনে হয়, এই সিকিউরিটি এ্যাক্ট কোন্ অপরাধের জন্য বা কোন জিনিষকে রদ করবার জন্য তৈরী হয়েছে তা বোধহয় এই সিকিউরিটি এ্যাক্ট খানি একটু উলটেও খুঁজে দেখেন নি।

এইজন্য আমি বলছি আমাদের হাওড়া কোর্টের লিগ্যাল ব্রেন, যাঁর ওকালতিতে যথেষ্ট নাম আছে, তিনিও এখানে বলেছেন এই সিকিউরিটি এ্যাক্ট বর্তমানে রাখা প্রয়োজন; কারণ, দেশের মধ্যে চুরি, ডাকাতি, গুণ্ডার উপদ্রব বেড়ে গিয়েছে। স্পীকার মহোদয়, আমি আপনার মাধ্যমে তাঁকে জিজ্ঞাসা করতে চাই তাঁর বাড়ীর পাশে বা পাড়াতে যে সমস্ত গুণ্ডারা রয়েছে তাদের কি এই সিকিউরিটি এ্যাক্টএ ধরা হয়েছে? তাঁর বাড়ীর পাশে দিনদুপুরে ষষ্ঠী মণ্ডলকে খুন করা হল, তাতে কি সিকিউরিটি এ্যাক্টএ কাকেও ধরা হয়েছে? তা হয় নি। আমি বলবো সভাপাল

মহাশয় আপনি যে জায়গার লোক আমিও সেই জায়গার লোক (ভয়েসেস্—হ্যা, হ্যা—) গ্র্যান্ড ট্রাঙ্ক রোড ও বেনারস রোড ক্রসিং, সেখানে মরমচাঁদ গোপে বলে একজন প্রখ্যাত গুন্ডা থাকে, সবাই তাকে জানে। সবাই জানে যে সে মদ চোলাই করে, এবং অন্য জায়গা থেকে মদ এনে বিক্রয় করে। সেখানকার ছোট ছোট ছেলেদের এক টাকা, পাঁচ সিকা দিয়ে, তাদের সাহায্যে সে মদ বিক্রয় করে ঐখানকার চার পাঁচটা চায়ের দোকানে এবং সেখানে যে পারিজাত সিনেমা আছে, সেই সিনেমায় কোন মেয়েছেলে বা ভদ্রলোকের যাবার উপায় নেই, এবং এমন কি দিন-দুপুরে লোককে রাস্তা থেকে টেনে নিয়ে গিয়ে খুন করবার ভয় দেখায়; কোথায় সেখানে সিকিউরিটি এ্যাক্ট? আমরা জানতে চাই সেই গুন্ডাকে ধরবার জন্য কি সিকিউরিটি এ্যাক্ট হয় নি? আমরা যখন সেখানকার পুলিসকে বলি এই গুন্ডাকে সিকিউরিটি এ্যাক্টএ ধরা হচ্ছে না কেন—

Mr. Speaker: What is the name you mentioned?

Sj. Biren Banerjee: Maramchand Gope.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: May I ask Biren Babu why he did not inform me? As Home Minister I might have personally looked into it. This is the first time I hear of him. I never heard about him.

Mr. Speaker: At the start, you referred to me as belonging to the same district. You have on so many occasions seen me. Why did you not refer this matter to me?

Sj. Biren Banerjee:

শুধু তাই নয়, অদ্ভুত ব্যাপার হচ্ছে যে তিনি কখনও কখনও আবার কংগ্রেসেরও সদস্য হিসাবে প্রতিভাত হন। অবশ্য আমি এ কথা বলি না যে তিনি কংগ্রেসের একজন ভাল সভ্য, কিন্তু তিনি জান বাঁচাবার জন্য কংগ্রেসের নাম নিয়ে, কংগ্রেসের সভ্য হয়ে খদ্দরের টুপি পরে থাকেন। এবং অত্যন্ত লজ্জা ও ঘৃণার কথা যে তাঁকে সব সুযোগ সুবিধা দেওয়া হয়। কোথায় সেই সিকিউরিটি এ্যাক্ট যা নাকি এই রকম গুন্ডাদের দমন করবার জন্যই তৈরী হয়েছিল? সভাপাল মহাশয়, আপনার মাধ্যমে আমি প্রধান মন্ত্রী মহাশয়কে বলতে চাই, আপনার বোধহয় স্মরণ আছে একটা মাস পিটিসন হয়েছিল এবং আমার যতদূর মনে পড়ে তাতে স্বয়ং আপনার রেকমেন্ডেসন ছিল ঐ গোপের বিরুদ্ধে। আমি প্রধান মন্ত্রীমহাশয়কে আরও বলি সেখানকার পুলিস সুপারিটেন্ডেন্ট, ডি, এস, পি, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট তাঁরা সকলেই এ বিষয় অবগত আছেন, এবং বহুবার তাঁর বিরুদ্ধে আবেদন নিবেদন করা হয়েছে, মাস পিটিসন করা হয়েছে, কিন্তু যেহেতু তার সঙ্গে পুলিশের অঙ্গাঙ্গী ভাব, তাই বোধহয় তার বিরুদ্ধে হাত দেওয়া সম্ভব হয় নি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Was he always a Congressman or did he belong to some other party?

Sj. Biren Banerjee:

তার কোন পলিটিক্যাল কলার নেই, তার আছে গুন্ডা কলার। কিন্তু সে নিজের জান বাঁচাবার জন্য কংগ্রেসের টুপি ধরে এবং কোন কোন কংগ্রেস মেম্বর তাঁকে সেইভাবে ইউটিলাইজ করেন।

Sj. Bankim Chandra Kar: A 148 case is pending against him for unlawful assembly, rioting and being armed with deadly weapons.

Sj. Biren Banerjee:

এই হচ্ছে কথা। তারপর সেখানে একটা ঘটনা নিয়ে গন্ডগোল হয় এবং সেখানে পুলিশের আচরণ দেখুন। গন্ডগোল হওয়ার পরে থানায় পুলিশের কাছে যাঁরা মরমচাঁদ গোপের বিরুদ্ধে অভিযোগ করতে গেলেন, তাঁরাই এ্যারেস্টেড হলেন এবং পুলিস সেখানে নিঃস্বার্থভাবে এপক্ষের ১৮ জন ও ওপক্ষের ১৮ জনকে ধরে আসামী করে চালান দিয়ে দিলেন। কি চমৎকার আইন! কি চমৎকার বিচার! পুলিস নিরীহ লোকদের ধরে, তাদের বিরুদ্ধে অভিযোগ দিল এরা রায়ট

করেছে, বোমা ফেলেছে। আর যারা কলকাতা থেকে গুণ্ডা নিয়ে গিয়ে গুণ্ডামী করলো, তারা এ্যারেস্টেড হল নাকো, কি চমৎকার আইন! যাঁরা গুণ্ডার বিরুদ্ধে পুলিসের কাছে অভিযোগ করতে গেল, তাদের মধ্যে ১৮ জন, আর যারা গুণ্ডামী করলো, তাদের ১৮ জনকে এ্যারেস্ট করা হল, এটা বোধহয় তাঁদের ডেমোক্রেসি? কি চমৎকার নিরপেক্ষতা! তারপর আর একটি ঘটনা দেখুন। আপনারা হয়ত অনেকেই জানেন ঐ "অন্নপূর্ণা ব্যায়াম সমিতি"—তার অপজিট ফুটপাতে যে হাওড়া পোষ্ট অফিস আছে, সেই পোষ্ট অফিস দিনদুপুর বেলায় গুণ্ডারা পুড়িয়ে দেয়, সেখানে রাস্তার মধ্যে ব্যারিকেড করে রাস্তা বন্ধ করা হ'ল—এই খবর পুলিশকে জানান হল। কিন্তু আমি জিজ্ঞাসা করি সেই লোকগুলিকে কি এই সিকিউরিটি এ্যাক্টএ এ্যারেস্ট করা হয়েছিল?

Sj. Bankim Chandra Kar: He belongs to the leftist group.

[Noise and interruptions from both sides.]

Sj. Bibhuti Bhusan Ghose: That is not the correct information. He belongs to your group.

(Voice: shame, shame)

Sj. Biren Banerjee:

যখন সেখানে প্রায় শতাধিক লোক এ্যারেস্ট হ'ল, তখন হাওড়া বারে একটা কমোসন পড়ে গেল—তখন এই স্বনামধন্য ব্যবহারজীবিটাই সেই গুণ্ডাদের জামীন করাবার জন্য সেখানে গিয়েছিলেন। (ভয়েস্ঃ সেম্, সেম্।) যখন সিকিউরিটি এ্যাক্ট এর সপক্ষে তিনি বাণী উচ্চারণ করেন, আমি তাকে জিজ্ঞাসা করতে চাই আপনার বাড়ীর পাশে গুণ্ডাদের বিরুদ্ধে এই সিকিউরিটি এ্যাক্ট কি প্রয়োগ করেছেন? আপনার পাড়ার গুণ্ডা দমন করবার জন্য সিকিউরিটি এ্যাক্ট লাগাবার কি চেষ্টা করেছেন?

[4-30—4-40 p.m.]

আমি জানি ওঁর পক্ষ থেকে একথার কোন জবাব নাই। তাই সভাপাল মহাশয়, আমি বলতে চাই সিকিউরিটি এ্যাক্ট গুণ্ডা দমন আইন যাকে বলা হচ্ছে সাবভার্সিভ এ্যাক্টিভিটি দমন করবার জন্য, এসিড বালব চুরি করে নিয়ে যাচ্ছে তাদের দমন করবার আইন। আমরা যা দেখতে পাই তাতে দেখি কি? আমি আপনার কাছে ফিগার দিই। গত তিন বছরের ফিগার থেকে কি দেখি? দেখতে পাই এই যে ১৯৪৯ সাল থেকে ১৯৫৩ সাল পর্যন্ত এই সিকিউরিটি এ্যাক্টে ১,০৯৫ জন লোককে ধরা হয়েছে। তারা কারা? তারা হয় ট্রেড ইউনিয়ন ওয়ার্কার, নয় কিষাণ ওয়ার্কার—

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

এ কে দিয়েছে? আমরা?

Sj. Biren Banerjee:

আজ্ঞে হ্যাঁ, আপনারই দেওয়া। আপনি এখানে যা প্রশ্ন দেওয়া হয়েছিল তার উত্তরে বলেছিলেন, আমি তা থেকেই বলছি। এতে যদি যোগে ভুল থাকে সে ভুল আমার। আমি আপনার কাছে ফিগার এবং প্রিন্টেড ফর্মএর বই দেব।

আপনি দেখুন সেপ্টেম্বর-অক্টোবর ১৯৫৩তে ২৪৩ জনকে ধরা হয়েছে; তারা সবই ওয়ার্কারস মুভমেন্টের লোক। তাদের বিরুদ্ধে চার্জ ঐ subversive activity acting in a manner prejudicial to the maintenance of public order.

তারপর ১০ই ফেব্রুয়ারী থেকে ২০শে ফেব্রুয়ারী ১৯৫৫ পর্যন্ত টিচারস স্ট্রাইকএ ১৬২ জনকে ধরা হয়েছে। ২৮শে সেপ্টেম্বর ১৯৫৩ সালের ওখানেও ঐ ফুড ডেমনস্ট্রেসনএর মধ্যে ৩২৭ জন লোককে ধরা হয়েছে। তারপর ২২শে থেকে ২৯শে জুন ১৯৫৫ সালে—এরমধ্যে ২১ জন টি গার্ডেন ওয়ার্কারসকে এই আইনের কবলে কবলিত করা হয়েছে। সভাপাল মহাশয় এর মধ্যে আমি জিজ্ঞাসা করতে চাই প্রধান মন্ত্রীমহাশয় এবং আমাদের হোম মিনিস্টার মহাশয় যদি যুক্তি

দেখান যে এর মধ্যে তিনি কতকগুলি গুণ্ডা দমন করেছেন তাহলে তিনি এই কয়েক বৎসরের মধ্যে কতগুলি গুণ্ডার বিরুদ্ধে এটা প্রয়োগ করেছেন? কতগুলি ডাকাতি এই সিকিউরিটি এ্যাক্ট এর মাধ্যমে'রদ করা হয়েছে? তাহলে আমরা না হয় বুঝতে পারি। কিন্তু আমার কাছে যা ফিগার আছে তাতে আমি দেখতে পাই যে প্রত্যেক ক্ষেত্রে জনসাধারণের যে ডেমোক্রাটিক মুভমেন্ট সেইটা যাঁরা করতে যান তাঁদের একটা না একটা অজুহাতে এই সিকিউরিটি এ্যাক্টে ধরে বন্দী কোরে রাখা হয়েছে। এ পক্ষের সভ্যেরা বলেছেন যে ডাকাতি বেড়ে যাচ্ছে, চুরি বেড়ে যাচ্ছে, এবং আমরা দেখি কি? ১৯৫৩-৫৪এর মধ্যে কলিকাতার ক্রাইম পজিসন যদি দেখি তাহলে দেখব চুরি ডাকাতি বেড়েছে না কমেছে? আমি আপনাকে ফিগার দিই—

There was no significant change in Calcutta's crime position during 1954 compared with the year before, i.e., 1953-54—cases of murder in the city total 62 against 57 in the year before; burglary cases 1,310 against 1,402 in the preceding year.

শুধু বারগ্লারীই কমেছে।

During the year under review 58 cases of robbery and dacoity occurred in the city against 59 in 1953; cases of theft were 1,230 as against 1,223 in the previous year. Thefts of various nature totalled 5,341 against 5,223 in the year 1953.

অর্থাৎ ১৯৫৩ সালে মাত্র ধারগ্লারী ছাড়া আর সব অপরাধ বেড়েছে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: May I point out to my honourable friend that all these offences which are mentioned are not covered by this Act?

Sj. Biren Banerjee:

আমি জানি, মন্ত্রীমহোদয়। আপনার বন্ধুবর্গীয় সভ্যেরা জানেন না, তাই তাঁদের সেটা ব'লে দিচ্ছি। আমি জানি না আইনজীবী হয়ে শ্রীবঙ্কিম কর মহাশয় কেন এ কথা বলেন। চোর ডাকাত যদি এই সিকিউরিটি এ্যাক্টএ ধরা হত তাহলে কলিকাতায় ক্রাইমস কেন বাড়ছে? দিনে দুপুরে রাহাজানি, চুরি হচ্ছে; সে কেন হয়? তাদের সিকিউরিটি এ্যাক্টে ধরা হয় না। তা না হলে প্রখ্যাত গুণ্ডারা প্রচ্ছন্নভাবে এখনও কলিকাতা ও হাওড়াব ইনডাস্ট্রিয়াল এরিয়ায় ঘুরে বেড়াতে পারতো না। এই সিকিউরিটি এ্যাক্টের আর একটা মাবাত্মক দিক আছে। মাইক্রোফোন বন্ধ করাব বিষয়ে এটা কিভাবে প্রযুক্ত হচ্ছে তা দেখুন। গত এন্টালি ইলেকশনে এই মাইক্রোফোন ব্যবহার করা হয়েছিল। আমি শুধু সেটার উল্লেখ করতে চাই এইজন্য যে আপনারা জানেন যেদিন কংগ্রেস প্রেসিডেন্ট আসেন এবং ঐ অঞ্চলে সফর করেন সেদিন মাইক্রোফোনের কোন পারমিশন নেওয়া হয় নি, অথচ মাইক্রোফোন ব্যবহৃত হয়েছে, হাজার হাজার লোক দেখেছে, তাকে এই আইন ভঙ্গ করবার জন্য উদ্বুদ্ধ করা হয়েছে, সেখানে সিকিউরিটি এ্যাক্টের বালাই তাঁদের ছিল না। সেখানে কংগ্রেস প্রেসিডেন্টকে রাস্তা দিয়ে মাইকের সঙ্গে নিয়ে যাওয়া হয়েছে এলাকায় ১৪৪ ধারা প্রযুক্ত থাকা অবস্থায়- তাতে কোন আপত্তি নেই, অথচ ইলেকশনের জন্য আমরা মাইকের পারমিশন চেয়েছি কিন্তু পারমিশন পাই নি এবং পেলেও অত্যন্ত দেরীতে দেওয়া হয়েছে এবং যেখানে পেয়েছি তাও অত্যন্ত বাধা প্রতিবন্ধকের মধ্য দিয়ে। তাই আমি বলব যে এই সিকিউরিটি এ্যাক্ট রাখার প্রয়োজনীয়তা যদি থাকে--শুধু গলাবাজী করলে হবে না যে যুক্তি দিয়েছেন যে একে অনেক লিবারালাইজ করা হয়েছে তাহলে আমি বলব সভাপাল মহাশয়, লিবারাইজড কোথায় করা হচ্ছে? কিছু কম করা বা নরম করা হয়েছে কোথায়? নরম করেছেন দুটো জায়গায় —যদি সেটা নরম বলা যায় আমি বলব আরও কড়া করা হয় নি, অর্থাৎ সেন্ট্রাল এ্যাক্ট থাকা সত্ত্বেও কিছু কিছু আইনের ধারা এখান থেকে বাদ দেওয়া হয়েছে, তার মানে যেগুলি গুটিয়ে নিয়েছেন, সেগুলি সেন্ট্রাল এ্যাক্টে আছে বলে সেগুলো এখানে রাখার আর প্রয়োজন হয় নি। আর নরম করেছেন যেখানে তাঁরা ধাক্কা খেয়েছেন অর্থাৎ এই পুলিশ পার্সনেল এর এরেস্ট এবং দেশান্তর

করবার জন্য যেটা সেকশন ২১তে তাঁরা লাগিয়েছিলেন অন্ততঃ ৫০।৬০ জনের বিরুদ্ধে হাই কোর্টে কেস করার ফলে তাঁদের চোখ খুলল যে এটা কনস্টিটিউসন বিরোধী কাজ, বিরোধী ধারা এখানে আছে—

[At this stage the red light was lit.]

আমার আর একটু বলার আছে। যেখানে ঐরকম ভাবে কনস্টিটিউসন বিরোধী সেখানে একটু অদলবদল করেছেন, নরম করেন নি। নরম নয়, আরও কড়া করা হয়েছে। কোথায়? এক ত বরাবর ছিল ৩ বৎসর কোরে, এবার তাকে ৫ বৎসরের মেয়াদ দেওয়া হচ্ছে, এটা কি নরম? দ্বিতীয় কথা, আগে ছিল ঐ প্রটেকটেড প্লেস বা প্রটেকটেড এরিয়া তার ভিতর থাকলে দণ্ডার্হ হত, এখন হচ্ছে সেখানে যদি কেউ লয়টার করে অর্থাৎ সেখানে যদি কেউ উঁকিঝুঁকি মারে তাকে ধরবেন—ইন দি ভিসিনিটি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
আগেও ছিল।

Sj. Biren Banerjee:
আমার কিছুদিন পূর্বে দুর্গাপুর ব্যারাজ দেখতে যাবার সৌভাগ্য হয়েছিল। যখন গেলাম —সেটা শনিবার না রবিবার এ রকম দিন ছিল যে আমি দেখলাম গ্রামের লোকেরা সেই দুর্গাপুর ব্যারাজ দেখতে এসেছিল। প্রকাণ্ড নদী, সেই নদীতে বাঁধ দেওয়া হয়েছে, নদীতে জল হয়েছে, আর একদিকে ইলেকট্রিসিটি হচ্ছে। তখন শ্রদ্ধেয় রাধাকৃষ্ণণ আসবেন বোলে তারজন্য তোড়জোড় হচ্ছিল। সেইসময় বহুলোক গ্রাম থেকে এসেছে ; এখন গাঁয়ের লোকদের সেই ধাবায় লয়টারিং-এর কথায় যদি এ্যারেস্ট করা হয় তাহলে সেখানে তার অপপ্রয়োগ হয় যেভাবে সিকিউরিটি এ্যাক্ট-এর বরাবর অপপ্রয়োগ হয়েছে, তাহলে সেখানে কি হবে? আজকে তাঁরা এটা হয়ত স্বীকার করবেন না।

[4-40—4-50 p.m.]

এঁরা হয়ত স্বীকার করবেন না যে চিত্তরঞ্জনে যখন স্ট্রাইক হয় তখন একজন ভদ্রলোককে বাইরে থেকে পুলিস পাঁজাকোলা করে এরিয়ার মধ্যে নিয়ে গিয়ে বলে ইউ আর আণ্ডার এরেস্ট। এ খবর ও'রা রাখেন কি? না। সভামহোদয়গণের সেই খবর রাখবার দরকার নেই। কারণ তাঁরা সিকিউরিটি এ্যাক্ট চালু করতে চান। তাই সভাপাল মহাশয়, আমার বক্তব্য হচ্ছে যে এই এ্যাক্ট রাখবার আর কোন যৌক্তিকতা নেই। যদি এই এ্যাক্ট রাখা হয় তাহলে সত্যসত্যই বাংলাদেশের গণতন্ত্রকে টুঁটি চেপে ধরা হবে। এই এ্যাক্ট গত ৩ বছরের মধ্যে কিভাবে প্রযুক্ত হয়েছে তা আমি আপনার মাধ্যমে বলেছি। এই এ্যাক্ট প্রযুক্ত হতে যাবার উদ্দেশ্য হচ্ছে প্রত্যেকটি জায়গায় দেখি গণতান্ত্রিক অভিযান যখন হয়, গণতান্ত্রিক আন্দোলন যখন হয় -আবোল তাবোল যুক্তি দেখিয়ে লাভ নেই- তখনই এই সিকিউরিটি এ্যাক্ট খড়্গস্বরূপ সেখানে প্রয়োগ করবার প্রশ্ন উঠে এবং শতকরা ৯৯টি ক্ষেত্রে আপনারা দেখবেন যে কোর্টে যেসমস্ত কেসগুলি করা হয় সেগুলি কিছুদিন চলে, তারপরে হয় উইথড্রন হয়, আর না হয় কোন সাজা হয় না অথচ আমরা দেখেছি যে গণতান্ত্রিক শক্তিকে, গণতান্ত্রিক আন্দোলনকে বন্ধ করবার জন্য সিকিউরিটি এ্যাক্ট প্রযুক্ত হয়। তাই আমি মুখ্য মন্ত্রীমহাশয়কে, হোম মিনিষ্টার মহাশয়কে বলবো তিনি দেখান এই আইনের দ্বারা কতগুলি ক্রাইম প্রতিরোধ করেছেন। কতগুলি এ্যারেস্ট করেছেন, কতগুলি এর মধ্যে ধরেছেন, সেটা আমাদের উনি দেখান তা নাহলে আমরা এটা সত্যসত্যই অনুভব করবো যে আজকে বাংলাদেশের গণতন্ত্রের বিকাশের মুখে যদি এইভাবে একটার পর একটা আইন আনা হয়—বিশেষ করে সিকিউরিটি এ্যাক্টের মত কুখ্যাত আইন, তাহলে দেশের সর্বনাশ হবে এবং আমরা এই এ্যাক্টকে প্রতি ইঞ্চে প্রতিরোধ করবো। এই আমার বক্তব্য।

Sj. Janardan Sahu:

স্পীকার মহাশয়, আজ আমি অবস্থা দেখিয়া এই সিকিউরিটি বিল সম্বন্ধে কি বলিব তাহা স্থির করিয়া উঠিতে পারিতেছি না। স্কুলের পন্ডিতমহাশয়ের একটি শ্লোকের কথা মনে পড়িল—

একা ভার্যা প্রকৃতিমুখরা চঞ্চলা চ দ্বিতীয়া

পুত্রোপ্যেকো ভুবনবিজয়ী মন্মথো দুর্নিবারঃ

শেষঃ শয্যা শয়নমুদধৌ বাহনঃ পন্নগারিঃ

স্মারং স্মারম্ স্বগৃহচরিতং দারুভূতো মুরারিঃ।

একজন ভক্ত পুরীধামে গিয়া জগন্নাথদেবের দারুমূর্তি দেখিয়া, কেন জগন্নাথদেব দারুমূর্তি হইলেন, সেই সম্বন্ধে চিন্তা করিতে লাগিলেন এবং ৪-৫ দিন উপবাসী হইয়া তাঁহার চিন্তার বিষয়ের উত্তরের জন্য জগন্নাথ দেবের নাম করিতে করিতে ধন্না দেন। তিনি স্বপ্নে জানিতে পারিলেন ঐ শ্লোক, অর্থাৎ ভগবানের সাংসারিক অবস্থা অত্যন্ত বিশৃঙ্খলাময়, তাঁহার এক স্ত্রী দেবী সরস্বতী সর্বদা বক্ বক্ করেন, দ্বিতীয়া স্ত্রী লক্ষ্মী সদা চঞ্চলা, একমাত্র পুত্র কামদেব সংসারের সমস্ত প্রাণিকুলকে জ্বালাতন করেন, তাঁহার শয্যা সর্পের উপর, গৃহ নাই, সমুদ্রে শয়ন। তাঁহার বাহন গরুড়, সে আবার শেষসর্পের শত্রু। এই সমুদয় সাংসারিক বিশৃঙ্খল অবস্থায় কথা স্মরণ করিতে করিতে তিনি দারুমূর্তি হইয়াছেন। আমিও সেইরূপ এই হাউসের অবস্থা দেখিয়া দারুময় ও নির্বাকমত হইয়াছি।

আমরা এখানে সকলে আসিয়াছি দেশমাতৃকার মঙ্গল চিন্তার জন্য। রাষ্ট্রের কল্যাণের জন্য আমাদের সকলেরই একযোগে ভারতের কৃষ্টি ও বৈশিষ্ট্যের দিকে লক্ষ্য করিয়া কাজ করা উচিত। ভারতের কৃষ্টি "সত্যমেব জয়তে" -ভারতের কৃষ্টি ও' শান্তিঃ, শান্তিঃ, শান্তিঃ। এই শান্তির জন্য বর্তমানে চেষ্টা করিতেছেন পন্ডিত নেহরুজী, তিনি বিশ্বশান্তির বাণী চারিদিকে প্রচার করিতেছেন। শান্তির জন্য আজ চেষ্টা করিতেছেন সন্ত বিনোবাজী। ইহার কিছু পূর্বে মহাত্মা গান্ধী এই কৃষ্টির আদর্শ দেখাইয়া গিয়াছেন। যে সুরাবর্দীর কুকর্মের ফলস্বরূপ ভারত দ্বিধা বিভক্ত হইয়াছে এবং যাহা মহাত্মা গান্ধীর প্রাণে ভীষণ আঘাত দিয়াছিল, সেই সুরাবর্দীকে তাঁহার বিপন্ন অবস্থায় মহাত্মা গান্ধী উদারপ্রাণে বেলিয়াঘাটায় তাঁহাকে নির্ভয় দিলেন। উন্মত্ত তান্ডবলীলার ক্ষেত্র নোয়াখালিতে নির্ভীক মহাত্মা গান্ধী-একাকী পায়ে হাঁটিতে লাগিলেন ইহাই ত ভারতের কৃষ্টি।

শ্রীযুক্ত গণেশচন্দ্র মুখোপাধ্যায়ের জীবনী সংগ্রহে পর্বতের উপর তৈলঙ্গ স্বামী উপবেশন করছেন- নেপালের সেনাপতি শিকারের জন্য তীর হস্তে ব্যাঘ্রের পিছনে ধাওয়া করছেন। ভীত ব্যাঘ্র দৌড়াইয়া গিয়া তৈলঙ্গ স্বামীর পায়ে বিড়ালের মত মাথা ঘসিতে লাগিল। নেপালের সেনাপতি দেখিয়া অবাক হইলেন, তৈলঙ্গ স্বামীর পায়ে তাঁহার মাথা নামিয়া পড়িল ও তাঁহার শিষ্যত্ব গ্রহণ করিলেন। এইরূপ প্রেমই ভারতের কৃষ্টি।

মধ্য ইংরাজী স্কুলে পন্ডিতমহাশয় এক গল্প বলেছিলেন। এক পাগলা সারাজীবন পাপ করিয়াছিল, মাত্র একদিন এক বিস্তীর্ণ প্রান্তরে সে একটা গর্ত খুঁড়িয়াছিল, বৃষ্টির জলে সেই গর্ত জলপূর্ণ ছিল। একদিন এক অতি তৃষ্ণার্ত ষাঁড় ঐ গর্তের জল পান করিয়া জীবন লাভ করে। তাহাই তাঁহার জীবনের সৎকাজ। তাঁহার মৃত্যুর পর যমের নিকট চিত্রগুপ্ত তাঁহার ঐ অল্প মাত্র পুণ্য ও সমস্ত কার্যের কথা জানাইলেন। স্থির হইল, পুণ্যের জন্য সেই ষাঁড়ের উপর চড়িয়া মাত্র চারদিন সে ষাঁড়কে যাহা আদেশ করিবে, ষাঁড় সেই আদেশ পালন করিবে, আর তাহার বাকি পাপ কার্যের জন্য সে অনন্ত নরকভোগ করিবে। পাগল প্রথমে পুণ্য ফল-ভোগ করিতে স্বীকৃত হইয়া ষাঁড়ের উপর চড়িয়া তাহাকে আদেশ করিল যম, চিত্রগুপ্ত প্রভৃতি সকলকে গুঁতাইয়া মারিতে। যম প্রভৃতি ভীত হইয়া ইন্দ্রের নিকট আশ্রয় লইল এবং সমস্ত জানাইল। বজ্রহস্তে ক্রুদ্ধ ইন্দ্রাদি দেবগণ, বরের জন্য কিছু বাধা দিতে অসমর্থ হইয়া ভয়ে দৌড়াইয়া কৈলাসে মহাদেবের নিকট আশ্রয় গ্রহণ করিলেন। সমস্ত বৃত্তান্ত শুনিয়া ক্রুদ্ধ

ত্রিশূল হস্তে মহাদেবও শুধু বরের জন্য এই পরিস্থিতিতে অপারগ হইয়া বৈকুণ্ঠে নারায়ণের নিকট গিয়া সমস্ত নিবেদন করিলেন। ধীরস্থির শান্তমূর্তি নারায়ণ প্রেমভরে পাগলকে শান্ত করিলেন, সমস্ত ভয় উদ্বেগ দূরীভূত হইল। নারায়ণের স্পর্শে পাপী সমস্ত পাপমুক্ত হইল। এইখানেই ভারতের কৃষ্টি ও বৈশিষ্ট্য।

মহাত্মা গান্ধী চাহিয়াছিলেন প্রেমের রাজ্য গড়িতে- শাসন করবে সেই, শাসন করতে জানে যে। ভারত বহুদিন পরাধীন ছিল। এই স্বাধীনতার পর বহু পশ্চাত্য দেশের লোক কিভাবে সত্য, অহিংসা ও প্রেমের বলে ভারত স্বাধীন হইল, তাহা দেখিবার ও জানিবার আবেগে ভারতবর্ষে আগমন করিতেছে। ভারতবর্ষ বহুদিন পরাধীন ছিল, তবুও তাহার কৃষ্টি ও বৈশিষ্ট্যের জন্য সকলদেশে ভারতবর্ষ আদৃত ছিল। এখন আসুন না কেন কোয়ালিসন মিনিস্ট্রি গঠন করিয়া সকলে একযোগে প্রেমরাজ্য গঠন করি ভারতবর্ষের যশ ও গৌরব চারিদিকে ছড়িয়ে পড়ুক। আমাদের কর্তব্য প্রেমের বলে সকলকে বশে আনিয়া এক সুখের প্রেমরাজ্য গড়িয়া তুলিব, এই আমার বক্তব্য।

[4-50—5 p.m.]

Sj. Dhananjoy Kar:

মাননীয় অধ্যক্ষমহাশয়, এই সিকিউরিটি বিলএর বিরোধিতা না করে পারছি না। কারণ যে অবস্থায় এই সিকিউরিটি বিল প্রথমে আইনে পরিণত করার প্রয়োজন হয়েছিল বা যে অবস্থার অজুহাত দেখিয়ে এর আয়ু বৃদ্ধি করার প্রয়োজন হয়েছিল সেই অবস্থা বর্তমানে নেই। সম্প্রতি রাজনৈতিক অশান্তি দেশে বর্তমান নেই, রাষ্ট্র নিরাপত্তারও এমন কোন জরুরী অবস্থা সৃষ্টি হয় নি যার জন্য এই আইনের আয়ু বৃদ্ধি করার প্রয়োজন আছে, সেইজন্য এই আইনের বিরোধিতা করছি। যদি বহু দেশে চুরি ডাকাতি প্রভৃতি সাধারণ কোন ব্যাপার থেকে থাকে তারজন্য সরকারের সাধারণ বহু প্রকার আইন আছে যাতে এই সমস্ত অশান্তি দূর করা যেতে পারে। এক্ষেত্রে মানুষের মৌলিক অধিকার থেকে বঞ্চিত করে সিকিউরিটি আইনে তাদের শাস্তি দেবার প্রয়োজন নেই। তবুও এই আইন বর্তমানে প্রয়োজন হচ্ছে কেন? তবে কি ইহা ভবিষ্যতের প্রস্তুতি? তাই ত আমার মনে হয় সরকার জনস্বার্থ বিরোধী যেসব আইন দিনের পর দিন পাশ করছেন জনসাধারণ তা কিছুতেই সহ্য করবে না, হয়ত এর প্রতিবাদ করবে, তাই তাদের কণ্ঠরোধ করবার জন্যই এই সিকিউরিটি বিল- এই রক্ষা কবচের প্রয়োজন। তাই সিকিউরিটি বিলের আয়ু বৃদ্ধি করবার তারা চেষ্টা করছেন। ফল কর, চা কর, সরিষার তেলে কর, কেরোসিন তেলে কর ইত্যাদি দরিদ্র মানুষের নিত্য প্রয়োজনীয় জিনিসের উপর, এই যেসব কর চাপিয়ে দেবার ব্যবস্থা হচ্ছে সাধারণ মানুষ তা কিছুতেই সহ্য করবে না। সরকারও এটা জানেন, সেই জন্যই এই সিকিউরিটি বিলের আয়ু বৃদ্ধি করে এই আন্দোলনকে দমিয়ে দেবার জন্য সরকার উঠে পড়ে লেগেছেন। আমরা এই আইন কিছুতেই যাতে পাশ না হয় তার চেষ্টা করবো যথাসাধ্য দিয়ে। স্পীকার-মহাশয় এই সরকারের দৈনন্দিন যে কার্যকলাপ আমরা দেখছি তাতে দেখছি যে এই সরকার কোন গণতান্ত্রিক দাবী বা আন্দোলনকে তারা কিছুতেই মেনে নিতে চান না। গণতন্ত্রের কণ্ঠরোধ করাই এই সরকারের একমাত্র কাজ হয়ে দাঁড়িয়েছে। কারণ জনসাধারণ তাদের অভাব অভিযোগ নিয়ে এই যে সরকারের কাছে জানাচ্ছে, তাদের অভাব অভিযোগ নিয়ে আন্দোলন করছে, সরকার তা বরদাস্ত করতে পারছেন না। সরকার এটা জানেন যে, তাদের অভিযোগের যদি প্রতিকার না হয় তাহলে একদিন এমন অবস্থার সৃষ্টি হবে যাতে এই সরকারের অস্তিত্ব রক্ষা করা অসম্ভব ব্যাপার হয়ে দাঁড়াবে, তাই সরকারের এই সিকিউরিটি আইনের প্রয়োজন হয়েছে।

স্পীকার মহাশয় আজকে সরকার এই সিকিউরিটি আইন করে জনসাধারণের দাবী দাওয়াকে দাবীয়ে রাখতে চেষ্টা করছেন এটা বুঝা যায়। কিন্তু জনসাধারণ তাদের অধিকার সম্বন্ধে আজ সচেতন। সরকার যত প্রকার আইনই করুন না কেন, জনসাধারণ তাদের সে অধিকার অর্জন করবেই এবং অধিকার অর্জনের জন্য যেসমস্ত আন্দোলন করা প্রয়োজন তারা তা করবেই। আজ সরকার এই আইনের দ্বারা কি করতে যাচ্ছেন? এই আইনের দ্বারা তাঁরা যেকোন রাজনৈতিক আন্দোলনকে দাবিয়ে রাখার ব্যবস্থা করছেন। কমিউনাল হারমনী, পাবলিক অর্ডার, ট্রানকুইলিটি ইত্যাদির অজুহাত দিয়ে যেকোন প্রকারের আন্দোলনকে তাঁরা পিষে মারবেন তার প্রচেষ্টা

এই আইনের মধ্যে দেখছি। সেই কারণে কিছুতেই এই আইন পাশ হতে দিতে চাই না। আজকে চুরি ডাকাতি, খুন প্রভৃতির জন্য ইহা করা হচ্ছে, যা অপর পক্ষের বন্ধুরা বলেছেন তাহা ঠিক নয়, কারণ আমার একটি প্রশ্নের উত্তরে প্রধানমন্ত্রী মহাশয় বলেছিলেন যে চারশত চুরি ডাকাতির মধ্যে ১৮টি ক্ষেত্রে শাস্তি হয়েছে; ২০টি খুনের মধ্যে ৩টি জায়গায় শাস্তি হয়েছে। বাকী সমস্ত চোর ডাকাতকে এই সিকিউরিটি আইনে আবদ্ধ করে রাখা হয়েছে কি? হয় নাই। তাই দেখছি যে এই সিকিউরিটি আইন কেবল গণতান্ত্রিক আন্দোলনকেই পিষে মারবার জন্য করছেন। এই সিকিউরিটি আইন কিভাবে প্রয়োগ হয় তা আমরা হাড়ে হাড়ে উপলব্ধি করেছি। এই আইন কিভাবে ব্রিটিশ আমলে প্রয়োগ হয়েছে, বন্ধুরা তা ভালভাবেই জানেন। সেইজন্যই আজ ব্রিটিশের এই সিকিউরিটি আইন তারা নিজেদের হাতে রেখে সমস্ত গণতন্ত্রকে পিষে মারতে চেষ্টা করছেন। সেই কারণে আজকে যাতে এই আইন পাশ না হয় তার চেষ্টা করছি। আমরা আপ্রাণ চেষ্টা করবো যাতে এই আইন পাশ কিছুতেই না হয়। স্পীকারমহাশয়, আমাদের সরকার পক্ষের কালিবাবু কাল বলে গেলেন, প্রধানমন্ত্রী মহাশয় বলেছেন যে রাজনৈতিক কোন আন্দোলন বা কোন গণতান্ত্রিক আন্দোলনকে পিষে মারবার উদ্দেশ্যে এই আইন নয়। কিন্তু কালিবাবু এবং জামান সাহেবের বক্তৃতায় পরিষ্কার বোঝা গেল যে এর আয়ু বৃদ্ধি করার আসল উদ্দেশ্যই তাই। আসল উদ্দেশ্য হচ্ছে আগামী নির্বাচনে বিরোধী দলের সমস্ত প্রকার প্রচার কার্যে বাধা দিয়ে নির্বাচন বৈতরণী পার হওয়া। সেই উদ্দেশ্য ছাড়া আর কিছুই নয়।

Sj. Tarapada Bandopadhyay:

স্পীকার মহাশয়, এই যে বিল—বেআইনী বা কালাকানুন, এই আইন অনাবশ্যক, অযৌক্তিক এবং ক্ষতিকর ত বটেই আমি বলবো এটা মধ্য যুগের বর্বরতার নিদর্শন, তাছাড়া আর কিছুই নয়। কোন সভ্য দেশের গভর্নমেন্ট আজকে এই বিংশশতাব্দীতে ১৯৫৫ সালে এই প্রকার আইন প্রণয়ন করবার জন্য, এই প্রকার বেআইনী, অন্যায় আইনের আয়ুষ্কাল বর্ধিত করবার জন্য এই বিধান সভায় প্রস্তাব আনতে পারে—এটা খুবই লজ্জার বিষয়। এটা কি গণতান্ত্রিক যুগে হতে পারে? কিন্তু আমাদের সরকার গণতান্ত্রিক নয়। এখনও তাদের গণতন্ত্রের হাতে খড়ি হয় নি; তারা হচ্ছে স্বৈরাচারী। বড়ই দুঃখের বিষয় বাংলা দেশের সরকারের নীতি নির্ধারিত হয় সমগ্র দেশবাসীর কল্যাণের দিক থেকে নয়, কি করে নিজেদের রুজি রোজগার বাড়বে, গদি বজায় থাকবে, কি করে বিপক্ষদের দমন করা যাবে, বিপক্ষদের ন্যায়সঙ্গত আন্দোলনকে দমন করে কি করে নিজেদের গতি বজায় থাকবে এই প্রচেষ্টাই চলছে। আজকে দেশের যে অবস্থা তাতে আমাদের সরকার প্রাণ রাখতেই প্রাণান্ত। সেইজন্য এই প্রকার আইন মাঝে মাঝে আসে এবং আমাদেরও তীব্র প্রতিবাদ জানান হয়। ইংরাজ আমলে এই সমস্ত আইনের বিরুদ্ধে তাঁরাও ঘোরতর আপত্তি তুলতেন -এইসব আইনকে চোখা চোখা বিশেষণে বিশেষিত করতেন।

[5—5-10 p.m.]

এখন এই আইনের কোন প্রয়োজন হয় নি। এই যে আমাদের সংবিধান রয়েছে, নিয়মতান্ত্রিক-পন্থায় সমস্ত রাজনৈতিকদল তাদের আন্দোলন চালাচ্ছে যার যার আদর্শ অনুযায়ী। সেখানে বুলেটের দরকার নাই, ব্যালট ত রয়েছে ৫ বছর অন্তর। এমন কোন শিমপটম কি দেখেছেন যাতে বুঝায় যে ষ্টেটএর নিরাপত্তা নষ্ট হচ্ছে, যাতে বুঝায় যে তার বিরুদ্ধে কোন কমোসন, কোন রাইজিং হচ্ছে যার জন্য এই আইনের প্রয়োজন হবে? আমার এক বন্ধুবর দেখিয়েছেন—এবং এই সম্বন্ধে বেশী বলারও নাই যে এই আইন চোর, বদমায়েস, ডাকাতের বিরুদ্ধে প্রয়োগ হয় নাই, হয়েছে কেবল বিরোধী রাজনৈতিকগুলির উপর। কৃষক আন্দোলনের, শ্রমিক আন্দোলনের বিরুদ্ধে, সমাজসেবীদের বিরুদ্ধে, সমাজসংস্কার আন্দোলনের বিরুদ্ধে এবং গোহত্যা নিবারণ আন্দোলনের বিরুদ্ধে, টিচারসদের নিজেদের ন্যায্য পাওনার জন্য আন্দোলনের বিরুদ্ধে। শুধু তাই নয়, এই আইন দ্বারা যেসব ক্ষেত্রে ডিটেনসন করা হয়েছে এক্সটারনমেন্ট করা হয়েছে, যখন সেসব কেস হাই কোর্টএ গিয়েছে হাই কোর্ট বলে দিয়েছেন অন্যায় করে এদের ধরা হয়েছে। তখনই সরকারকে পিছন ফিরতে হয়েছে। তাই বলছি এঁরা অবৈধভাবে নিজের স্বার্থ বজায় রাখতে এই আইন প্রয়োগ করেছেন।

একটা জিনিষ আমরা দেখেছি যখনই ডাঃ রায় একটা অন্যায় প্রস্তাব আমাদের সামনে আনেন, সেটা সমর্থন করেন আমাদের মাননীয় ছোট কালীবাবু—তিনি তখনই ডাঃ রায়ের রক্ষাকালীরূপে আবির্ভূত হন। তিনি তাঁর রাসভবিনিন্দিত কণ্ঠে, বিকট মুখভঙ্গিমা সহকারে, দন্তরুচি-কৌমুদীবিকশিত করিয়া কাটা কাটা কথায় অশ্রাব্য ভাষায় ডাঃ রায়ের সমর্থন করেন নানা কথা বলে। কিন্তু ডাঃ রায় নিজের মুখে বলেছেন যে, রাজনৈতিকদলের ভয় নাই তোমাদের বিরুদ্ধে এ আইন কাজে লাগান হবে না। কিন্তু রক্ষাকালী যিনি কোনদিন শ্মশানকালীতে পরিণত হবেন—তিনি কিন্তু বল্লেন সোসালিস্ট পার্টি ত্রিবাঙ্কুর-কোচিনে গুলি করে মেরেছে আর হিন্দুমহাসভা—গান্ধীজীর রক্তে তোমাদের হাত রঞ্জিত, আর কম্যুনিস্ট পার্টি তোমরা চোর, ডাকাত তোমাদের সকলের জন্যই এই আইনের প্রয়োজন। দুঃখের কথা, লজ্জার কথা। যে কথা বিধানবাবু বলেন নি বা বলতে চান নি আমাদের ছোটকালীবাবু সে কথা বলে সব ফাঁস করে দিয়েছেন।

The cat has come out of the bag from what Choto Kali Babu has said তিনি ডাঃ রায়ের পক্ষে ওকালতি করতে এসে তাঁর কেস খারাপ করে দিয়েছেন। আরো লজ্জার কথা, তিনি হিন্দুমহাসভাকে কমিউনাল বলেছেন, কিন্তু কমিউনাল কথাটার কি অর্থ সেটা আজ পর্যন্ত কেউ খোলাখুলিভাবে বলে নি। এটা যেন গালাগালির একটা সিনোনিম হয়ে দাঁড়িয়েছে।

He has accused my holy organisation which I have the honour to belong to গান্ধীজীকে এমন একটা লোক হত্যা করেছিল যে হয়তঃ হিন্দুমহাসভার সভ্য ছিল, কিন্তু তাঁর কার্যের সমর্থন আমরা কেউ করি নি। একটা লোক গান্ধীজীকে মেরেছিল, তাই ব'লে সমগ্র হিন্দুমহাসভা ঐ ষড়যন্ত্রে লিপ্ত ছিল বা হিন্দুমহাসভার হাত গান্ধীজীর রক্তে রঞ্জিত এটা কত বড় মিথ্যা কথা আপনারাই বিবেচনা করবেন। কিন্তু সেই লোক মিথ্যাবাদী নয়, সে সত্য কথাই বলেছিল—"আমি মেরেছি"। তাঁর সাহসের অভাব ছিল না। কংগ্রেসের ভিতর কত লোক খারাপ আছে, কিন্তু অন্যায় করে তা স্বীকার করার সাহস তাদের নাই। কিন্তু সত্য কথা বলে সে ফাঁসিকাষ্ঠে গিয়েছিল। স্বয়ং জওহরলাল নেহরুজী পর্যন্ত সেদিন গান্ধীজীর হত্যার পর প্রথম যে বেতার বক্তৃতা করেন তখন তিনি তাকে "পাগলা নওজোয়ান" বলে অভিহিত করেন। সত্যিই সে একটা পাগলা নওজোয়ান। যখন লক্ষ লক্ষ নরনারী দেশবিভাগের পর গৃহহারা হয়ে এখানে আসছিল, যখন তাদের অন্নবস্ত্র বাসস্থানের ব্যবস্থা হচ্ছিল না, তাদের মধ্যে কেহ কেহ দিল্লীতে মসজিদে আশ্রয় নিয়েছিল। তাদের মধ্যে রুগ্ন, পীড়িত, গর্ভিণী, আসন্নপ্রসবা, সদ্যপ্রসবা অনেকে ছিল। কিন্তু গান্ধীজী বললেন মসজিদ থেকে এদের বের হয়ে যেতে হবে। এইজন্য পুলিস দিয়ে তাদের তাড়ান হচ্ছিল এবং সেই অবস্থায় পাকিস্থানকে ৫৫ কোটি টাকাও দেওয়া হচ্ছিল, যে টাকা গোলাগুলির আকারে কাশ্মীরে ফিরে এলো এইরকম অবস্থায় যদি কোন নওজোয়ান "পাগলা" হয়ে যায়, কোন ধর্মপ্রাণ দেশপ্রেমিক যদি মাথা খারাপ করে একটা অপকর্ম করে ফেলে তারজন্য সমগ্র মহাসভা খারাপ হয়ে যায় না। অথচ কংগ্রেসী লোকরা ষড়যন্ত্র করেছিল বীর সভারকারকে এই হত্যাকাণ্ডে জড়িত করতে। এত বড় একটা লোকের পক্ষে দেশের অন্যতম এই শ্রেষ্ঠ সন্তানের পক্ষে গান্ধীজীর হত্যার ব্যাপারে লিপ্ত হওয়া কল্পনার অতীত। গান্ধীজীকে আমরা সম্মান করেছি। কিন্তু তিনি চিরজীবন যাঁদের পূজা করতেন—সেই শ্রীকৃষ্ণ, শ্রীরামচন্দ্রকে আমরা আরও শ্রদ্ধা করি।

স্পীকার মহাশয়, কংগ্রেসের মধ্যে অনেক লম্পট আছে এখানে আছে বলছি না তাই বলে কি কংগ্রেসকে লম্পটের প্রতিষ্ঠান বলা যায়—বল্লে কি সেটা ঠিক হবে? অন্ততঃ একজন কংগ্রেস এম.এল.সি. ও একজন কংগ্রেস এম.এল.এ. রেপ কেসের আসামী হয়েছিলেন। তাই বলে যদি বলি কংগ্রেসের সমস্ত মেম্বরও রেপ কেসের আসামী সেটা কি ঠিক হবে? গডসে হিন্দুমহাসভার মেম্বার ছিল, গান্ধীজীকে হত্যা করেছিল। সুতরাং সমগ্র মহাসভাই এই হত্যার জন্য দায়ী একথা কি বলা যায়? শতকরা ৮৭ জন হিন্দুর পক্ষ থেকে যারা কথা বলতে চায়, অহিন্দুকে যারা হিন্দুর মতই সম্মান করে, তাদের যারা সাম্প্রদায়িক বলে তারাই সাম্প্রদায়িক। যারা শতকরা ১৩ জন অহিন্দুর অন্যায় দাবীর জন্য পাকিস্তান সৃষ্টি করল, লক্ষ লক্ষ নরনারীর সর্বনাশ যারা করল, তারা সাম্প্রদায়িক নয়, যারা পাকিস্থানের বিরোধিতা করল তারাই হবে সাম্প্রদায়িক? স্পীকার মহাশয়, মানসিংহের দল চিরকাল এইভাবেই প্রতাপসিংহের নিন্দা করে, কিন্তু ইতিহাসের শিক্ষা ভুল্লে

চলবে না। প্রতাপসিংহ, মানসিংহের কাহিনী এই দেশেরই কাহিনী। মানসিংহের স্মৃতি কোন অতলে তলিয়ে গিয়েছে, কিন্তু জাতি এখনো প্রতাপসিংহের স্মৃতি মাথায় করে রেখেছে। [ডিস্টারবান্সেস] কিন্তু তবুও দুঃখের সঙ্গে স্বীকার করতে হয়, those who have been the greatest friends of Hindudom, the Hindus have gone against them always.

[5-10—5-20 p.m.]

Sj. Surhid Kumar Mullick Chowdhury:

মাননীয় স্পীকার মহাশয়, এই সিকিউরিটি বিল আমাদের সামনে এসেছে। এটা আসার সঙ্গে সঙ্গে দেশের সমস্ত জনসাধারণ আমাদের জিজ্ঞাসা করেছেন এই সিকিউরিটি বিল কাদের জন্য?, ষ্টেটের? যদি ষ্টেটের বলা হয়, তাহলে ষ্টেট বলতে আমরা কি মনে করবো এই কংগ্রেস যাঁরা আজকে শাসন পরিচালনা করছেন তাঁরা? এই ষ্টেট বলতে আজকে যারা দেশের ভেতর ব্যাপক ত্রাসের সৃষ্টি করেছে—সেই পুলিস? আমরা সেই ষ্টেট বলতে এ কথা কি মনে করবো যে ষ্টেট হচ্ছে তাদের যারা আজকে দেশের সমস্ত কিছু সম্পদকে লুণ্ঠন করছে, দেশের সমস্ত কিছু সংস্কৃতি যা কিছু রয়েছে, তাকে নিয়ে তারা ছিনিমিনি খেলছে—তাদের নিয়েই কি ষ্টেট? আমরা দেখতে পাচ্ছি এই ওয়েষ্ট বেঙ্গল সিকিউরিটি এ্যাক্ট যেটা এসেছে আমাদের সামনে শুধু সেটা এমন একদল মানুষের জন্য তৈরী হচ্ছে, যারা আমাদের দেশের মানুষের মুখের গ্রাস কেড়ে নিয়েছে, যারা আমাদের দেশের মানুষকে বস্ত্রশূন্য করেছে, যারা আমাদের দেশের মানুষের সমস্ত রকম সুখশান্তিকে কেড়ে নিয়েছে, তারা এই দেশের শাসন পরিচালনা করছে। আজকের দিনে আমরা সর্বত্র দেখতে পাচ্ছি সমস্ত দেশের কোণে কোণে, দিকে দিকে, আমাদের দেশের মানুষেরা "ম্যায় ভুখা হুঁ"—বলে চীৎকার করছে। কেন? তার কারণ হচ্ছে ব্যাপক বেকারী। এই বেকারীর ফলে দেশের মানুষ দিনের পর দিন মৃত্যুকে আলিঙ্গন করছে। মানুষ আজ জানে না তার ভবিষ্যৎ কি? তাই আমরা দেখতে পাচ্ছি অর্থনৈতিক বৈষম্যের সঙ্গে সঙ্গে শাসকের কুশাসনে দেশের বুকে মানুষের মধ্যে অসামাজিক সমস্ত রকম ব্যাপার ঘটে চলেছে। তার জন্য দেখতে পাচ্ছি গুণ্ডা সৃষ্টি হচ্ছে, তার জন্য দেখতে পাচ্ছি চুরি ডাকাতি চলছে, তার জন্য মানুষ নারীদেহ নিয়ে ব্যবসা করছে, তার জন্য দেখছি মাতৃজাতির অবমাননা সারা বাংলা জুড়ে চলেছে। আর তার জন্য দেখতে পাচ্ছি আজ বাংলাদেশের সংবাদপত্র—মাতৃ গর্ভের লজ্জা বলে সেই সমস্ত ত্রাস সৃষ্টিকারীদের সম্বন্ধে নিন্দা প্রকাশ করছে। যখন সেই অবস্থা, তখন তাদের হাতে তুলে দেওয়া হচ্ছে এই ব্যাপক ক্ষমতা এখানে এই আইনের মাধ্যমে। তাই আমরা বিরোধিতা করি এই আইনকে। এর ভেতরে যে ক্ষমতা দেওয়া হচ্ছে, সেই ক্ষমতা এত ব্যাপক—যা সমস্ত মানুষের সমস্ত শান্তিকে বিঘ্নিত করবে। সেইজন্য আমরা বিরোধিতা করছি এই আইনকে। কিন্তু এই আইনের প্রশংসা করে কংগ্রেস পক্ষ থেকে আমার বন্ধুরা অনেক কথা বলেছেন।

(Sj. NEPAL CH. ROY:

আমিও বলবো।)

কিন্তু কথা হচ্ছে এই আইনকে তারা কি করে সমর্থন করে? মনে পড়ে সেদিনের সে কথা, যেদিন ১৯৪২ সালে এদেশে বৃটিশ সাম্রাজ্যবাদ পূর্ণভাবে কর্তৃত্ব করতো, সে দিনের সংবাদপত্রে বিজ্ঞাপন দিয়ে সেদিনকার শাসন যারা পরিচালনা করতো, তারা রটনা করিয়েছিল, প্রচার করিয়েছিল ১৯৪২ সালের আন্দোলন যেখানে বলা হয় "ব্রিটীশ সাম্রাজ্যবাদ ভারত ছাড়"—সেই আন্দোলনকে যাঁরা সমর্থন করেছিলেন, তাঁরা হচ্ছেন গুণ্ডা, তাঁরা হচ্ছেন দুর্বৃত্ত, তাঁরা হচ্ছেন ডাকাত, তাঁরা হচ্ছেন তস্কর, তারা হচ্ছেন খুনী। সেই আন্দোলনেও কংগ্রেস দল ছিল। সেই কংগ্রেস আজকে শাসনের পুরোভাগে এসেছে, যারা সেইদিন নেতৃত্ব নিয়েছিল। তারপর কি এমন রহস্যজনক কারণ ঘটলো যাদের হাতে তাদের নিগৃহীত হতে হয়েছিল সেই পুলিসের হাতে সেই ক্ষমতা তুলে দেবার জন্য তারা আজ বদ্ধ্য হয়ে উঠেছেন। স্পীকার মহাশয়, আমি কংগ্রেসকে একটু ধীরস্থিরভাবে চিন্তা করতে বলি। তারা আজ কি সর্বনাশ করতে যাচ্ছেন। এই বিলের মাধ্যমে যে সমস্ত ব্যাপক ক্ষমতা পুলিসের হাতে তুলে দেওয়া হচ্ছে, সেই ক্ষমতার হাত থেকে ঐ পক্ষের

যে এম,এল,এ, যিনি বক্তৃতা দিতে চাচ্ছেন, তিনিও বাঁচেন নাই। তাদের হাতে হ্যারাস্‌ড হয়েছেন যথেষ্ট, এই কথা তিনিও এই সভায় স্বীকার করেছেন। শ্রীকালী মুখার্জী মহাশয়ও তারস্বরে বলে গেছেন—এই বিলের প্রয়োজন আছে। আমি জিজ্ঞাসা করি কিসের জন্য তাঁকে বার্ণপুরে ঢুকতে দেওয়া হয় নাই সে কথা এত তাড়াতাড়ি তিনি ভুলে গেলেন কেমন করে? আমি জিজ্ঞাসা করি শ্রীজামান সাহেবকে তিনি যেখান থেকে এম,এল,এ, নির্বাচিত হয়েছেন সেই জলঙ্গীর কথা বলছি। জলঙ্গী নদীর ওপারে পাকিস্তান, আর এপারে হচ্ছে হিন্দুস্থান। সেখানে কারা সেই দেশ থেকে এদেশে মাল আমদানী করছে এবং এদেশ থেকে গরুছাগল চুরি করে নিয়ে যায় পাকিস্তানে? কাদের পরিপোষকতায় এই ভয়াবহ অবস্থার সৃষ্টি সেখানে হয়েছে? লোকে সন্দেহ করে এই ব্যাপারে তাঁরও যোগাযোগ আছে। তিনি সেটা ভালভাবে জানেন। যে ব্যাপার আজ পর্যন্তও চেকড হয় নাই কেন? কেন সেখানে একটা সন্ত্রাসের রাজত্ব চলছে? সেখানকার মানুষের বহু চিঠি আমার কাছে আছে। তারা বলছে এ ব্যাপার সরকারের কাছে বার বার বিবৃত করেও আমরা তার কোন প্রতিকার পাচ্ছি না। সংবাদপত্রে কোন সংবাদ পাঠিয়েও আমরা সেখান থেকে কোন রকম সমর্থন পাচ্ছি না। এই অবস্থার মধ্যে সেখানকার মানুষকে আজও চলতে হচ্ছে। সেখানে পুলিস জামান সাহেবের দলকে সহযোগিতা করছে। সেই জন্যেই কি তিনি বলেন সমস্ত তস্করদের সমস্ত ডাকাতদের আমরা এই আইনের মাধ্যমে বন্ধ করে দেব? তিনি ভুলে যাচ্ছেন তাঁর সমস্ত অতীতের ইতিহাস।

আমি আর একটা কথা বলতে চাই-সেটা হচ্ছে আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন তাঁর কাছে জানিয়ে দিলে অনেক ঘটনার প্রতিকার হয়। সত্যিই হয়তঃ কতকগুলি ব্যাপারে প্রতিকার হয়।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
প্রতিকার হবে কিনা বলতে পারি না। তবে খবর পাওয়া উচিত ছিল।

Sj. Surhid Kumar Mullick Chowdhury:
আমি পুলিস সম্পর্কে দেখেছি, তাকে জানিয়ে দিলে তিনি অর্ডার দিলেও সেই অর্ডার ক্যারী আউট করা পুলিস কর্তব্য বলে মনে করেন না, যার জন্য কিছুদিন আগে চিংড়িঘাটায় বোন মিলে যে ভয়াবহ অবস্থার সৃষ্টি করা হয়েছিল, সেখানকার শত শত সাধারণ মানুষের বাড়ীঘর পুড়িয়ে দেওয়া হয়েছে, সেখানে বাড়ী লুট করা হয়েছে, সেখানে এসিড্‌ বাল্‌ব ছোঁড়া হয়েছে। তার সম্পর্কে তাঁর কাছে লিখেছিলাম। তারপর কিছুদিনের মধ্যে দেখতে পেলাম যারা এই ঘটনা করেছে, তারা পুলিস সঙ্গে করে নিয়ে রাত্রি একটায় উপস্থিত হয়েছে এবং মেয়েদের ঘরে ঢুকেছে, ঘর খুঁড়েছে। এই রকম ত্রাসের রাজত্ব তারা সেখানে সৃষ্টি করেছে। তাঁর এবং শ্রমমন্ত্রী শ্রীকালি মুখার্জীর নাম উল্লেখ করে সেইসব সমাজ বিরোধীরা বলে বেড়াচ্ছে যে, আমরা কংগ্রেসের লোক। পুলিসকে কালিবাবু ফোন করেছেন। আমাদের কেউ কিছু করতে পারবে না। ছয় মাস ধরে ষ্ট্রাইক চলেছে। সেখানে লক্‌-আউট হয়েছে একই মালিকের সাইকেল ফ্যাক্টরীও বন্ধ হয়েছে। শ্রমমন্ত্রীর জন্যেই এই অবাঞ্ছিত ষ্ট্রাইক চলতে বাধ্য হয়েছে। •সেই ষ্ট্রাইক সম্পর্কে মাননীয় লেবার মন্ত্রী তুষ্ণীভাব নিয়ে রয়ে গেছেন। তার পেছনে যে রহস্য রয়েছে সেটা আপনিও জানেন এবং মাননীয় জে, সি, গুপ্ত মহাশয়ও জানেন। এই রকমভাবে যদি শাসনযন্ত্র চলতে থাকে, তাহলে দেশের জনসাধারণ এই শাসনযন্ত্রের উপর ভরসা রাখতে পারে না। সিকিউরিটি এ্যাক্টে আছে সরকারী প্রতীক ব্যবহার কল্লে দণ্ডনীয় অপরাধ হবে। আমার কাছে একটা ফটো আছে। আপনাদের কংগ্রেসের পক্ষ থেকে এই রকম অশোকচক্র নিয়ে সেখানে বিবিধ প্রকার ব্যবসা চালানো হচ্ছে।

[At this stage the red right was lit but the speaker continued his speech.]

Mr. Speaker: Your time is up.

Sj. Surhid Kumar Mullick Chowdhury: I am sorry, Sir.

Mr. Speaker: Do not forget the elementary etiquette. Everybody asked for time when his time was up. You did not even ask for it. You should respect the Chair.

Sj. Suhrid Kumar Mullick Chowdhury: I am sorry.

Mr. Speaker: I can tell you that your speech is absolutely irrelevant.

Sj. Surhid Kumar Mullick Chowdhury:

ইররেলিভ্যান্ট তো আপনিও বলছেন, আমি তেমন কিছু বেশী বলছি না। আমি বলতে চাই সেখানে কোন ব্যবস্থা নেওয়া হয় নাই।

[5-20—5-30 p.m.]

Mr. Speaker: Two minutes more.

Sj. Surhid Kumar Mullick Chowdhury:

আমি বলতে চাই যে সেখানে কোন ব্যবস্থা নেওয়া হয় নাই। তারপরে আরও ঘটনা আছে। আমার কেন্দ্রে কংগ্রেসসেবাদলের কর্মী নাসিম বোলে একজন কংগ্রেসের টুপি পরে ঘুরতো—একজন খুনে আসামী কিন্তু তারও পক্ষ অবলম্বন করে কংগ্রেস সম্পাদক শ্রীযুত নাহার মহাশয়কে দেখা গেছে। এই ধরণের অদ্ভুত ঘটনা যদি চলে, তবে এই সিকিউরিটি এই এ্যাক্টে দেশের জনসাধারণ শান্তিতে বাস করবে কি করে? আমি মনে করি যে, অর্থনৈতিক কারণের অর্থনৈতিক অসাম্যের সঙ্গে সঙ্গে দেশে নানাভাবে এই সমস্ত উপদ্রবের সৃষ্টি হবে তারজন্য প্রয়োজন এমন অবস্থা যাতে অর্থনৈতিক অসাম্য দূর হয়। রাজনৈতিক প্রচেষ্টা আপনারা যতই করুন না কেন, অর্থনৈতিক অসাম্য যতক্ষণ না দূর হবে, ততক্ষণ পর্যন্ত এই সমস্ত আইন করে কিছুই করা যাবে না। আইন যদি জনসাধারণ না মানতে চায়, তাকে জোর কোরে আপনারা মানাতে পারবেন না। সেই দিক থেকে বলব যাতে এই দেশ সত্যিকারের ওয়েলফেয়ার ষ্টেট হয়, তার ব্যবস্থা করুন, এই ধরনের যে সমস্ত আইন তাকে বন্ধ করুন। এমন আইন আনুন যা জনকল্যাণের জন্য ব্যবহার করতে হবে। তা যদি করেন তাহলে বুঝব যে আপনাদের উদ্দেশ্যের পিছনে একটা দেশসেবার মনোভাব আছে। পুলিসের হাতে ব্যাপক ক্ষমতা তুলে দেওয়ার জন্যে যে আইন আনা হয়, তাকে দেশদ্রোহী আইন ছাড়া আর কিছু বলা যায় না।

Sj. Raipada Das: Mr. Speaker, Sir, the House is very much hot today. Let there be a recess.

Mr. Speaker: I have called Sj. Sudhir Chandra Das.

Sj. Sudhir Chandra Das:

মাননীয় স্পীকার মহাশয়! আজকে এই যে সিকিউরিটি বিলের মেয়াদ বাড়াবার কথা উত্থাপন করা হয়েছে আমি তাতে আপত্তি জানাবার জন্য দাঁড়িয়েছি। কংগ্রেস পক্ষ থেকে যে যুক্তিগুলি দেখান হয়েছে এর মেয়াদ বাড়াবার পক্ষে সে যুক্তিগুলি বিচার বুদ্ধির বাহিরে বোলে আমি একটি একটি কোরে বিশ্লেষণ কোরে দেখাতে চাই।

কংগ্রেসের পক্ষের কয়েক জন বক্তা যে যুক্তি দেখিয়েছেন তাতে একথা প্রমাণ করতে তাঁরা পারেন নি যে এখানে সেই অবস্থার সৃষ্টি হয়েছে, অথবা এমন অশান্তি বা গোলমাল হয়েছে—এমন জরুরী অবস্থা যার জন্য এটা করা দরকার। তার কোন প্রমাণ দিতে পারেন নি। বরং উলটো প্রমাণ বিরোধী পক্ষ থেকে বীরেনবাবু দেখিয়েছেন যে সিকিউরিটি বিলের প্রয়োগ ক্ষেত্র অনেক কম হয়ে গিয়েছে। অনেক ক্ষেত্রেই যে সিকিউরিটি এ্যাক্টের কোন আবশ্যকতা নাই এ জিনিস প্রমাণিত হয়েছে। সুতরাং অবস্থার দিক বিবেচনা কোরে এটা পরিষ্কার হয়ে গেছে যে এখন এই বিলের আবশ্যকতা নাই। কিন্তু কংগ্রেস পক্ষের একটা যুক্তি দেখান হয়েছে যে এতে আমাদের কিছু ভয় আছে। সে ভয় একটা অজানা ভয়। সেই অজানা ভয়ের কথার উল্লেখ করতে গিয়ে ছোট কালীবাবু যে বক্তৃতা করেছেন এবং তার ভিতরকার যে মর্মার্থতা প্রকাশ পেয়েছে তার প্রতিবাদ করা দরকার বোলে আমি দাঁড়িয়েছি। তিনি প্রথমতঃ নজীর দিয়েছেন যে কমিউনিষ্ট

পার্টির বন্ধুরা নাকি ধ্বংসমূলক কাজ করেন, তাঁরা বহু প্রকারের শ্রমিক নিয়ে হাঙ্গামার সৃষ্টি করেন। এমন খারাপ কাজ করেছে ১৯৫০-৫১ সালে আজ ৫ বৎসর পূর্বে যে ঘটনা ঘটেছিল, কোথায় তার প্রমাণ আছে? কোথাও প্রমাণ নাই, জ্যোতিবাবু অনেক কেস দেখিয়েছেন যেখানে তারা নির্দোষ প্রমাণিত হয়েছে। সুতরাং সেই সমস্ত ঘটনার উল্লেখ কোরে, তাদের পক্ষে এই আইনকে বলবৎ করবার যুক্তি অত্যন্ত নির্লজ্জকর যুক্তি বোলেই মনে করি। বিশেষ কোরে আজ যখন কংগ্রেস দলের প্রধানমন্ত্রী জওহরলাল নেহরু বুলগানিনের সঙ্গে সৌখ্য স্থাপন কোরে তাকে আমন্ত্রণ জানিয়ে এসেছেন, তাঁকে বলেছেন যে "তুমি ভারতবর্ষে এস"—সেখানে আবার কমিউনিস্ট পার্টির আত্মঘাতী কাজ কোথা থেকে হবে তা কল্পনা করতে পারছি না। একদিক দিয়ে বলেন তারা রুশিয়ার অনুগত পার্টি, আবার অন্য দিকে বুলগানিনের সঙ্গে মিত্রতাস্থাপন কোরে তাঁকে ভারতবর্ষে আসতে নিমন্ত্রণ কোরে শান্তিপূর্ণ আবহাওয়ার সৃষ্টি করার চেষ্টা হচ্ছে। এই অবস্থায় ঐ কমিউনিস্ট পার্টির উপর আবার অবিশ্বাস কেন? সুতরাং যেমন কংগ্রেসের ভয় হয়েছিল এবং গভীর রাত্রে যারা পাহারা দিত তাদের বলেছিল দেখ, আজ গভীর রাত্রে কৃষ্ণ জন্মাবে, তোমরা সতর্ক থাকবে তথাপি রাত্রিতে কৃষ্ণ জন্মগ্রহণ করেছিল এবং কংসের রাজত্ব ছারখার করেছিল। কাজেই এত ভয় কোরে কোন লাভ নাই। সিকিউরিটি আইন থাকা সত্ত্বেও জোতদার জমি থেকে গরীব চাষীকে হাজার হাজার উচ্ছেদ কোরে দিয়েছে কাঁথি মহকুমায়, তমলুক মহকুমায়, ২৪-পরগণায়। এস্টেট একুইজিসন বিল যখন পাশ করা হল তখন ভাগচাষী উচ্ছেদের জন্য সরকারকে জানান হয়েছে এবং তখন তাঁরা অর্ডিন্যান্স করেছিলেন। অর্ডিন্যান্সের পর তাঁরা বলতে পারবেন কি কোন জোতদার কোন দণ্ড পেয়েছেন, অথবা কোন জোতদারকে আটক কোরে রাখার চেষ্টা করেছেন? তার উল্লেখ একটা জায়গায়ও করতে পারেন কি? কোথাও করতে পারেন না, কারণ তা হয় নি। সুতরাং তাঁরা এই আইনকে বড়লোকের রক্ষাকবচ কোরে রাখছেন। যেখানে মিল মালিকের সঙ্গে শ্রমিকদের ঝগড়া হয়েছে, সেখানেই দেখেছি শ্রমিকেরা যখনই চেষ্টা করেছে তখন শ্রমিকদেরই দমন করা হয়েছে কিন্তু মিল মালিকদের গুণ্ডা যারা তাদের দমন করবার চেষ্টা হয় নি। সুতরাং আমরা দেখছি কেবল বড়লোকের রক্ষা কবচ হিসাবে এটা রাখবার চেষ্টা হয়েছে এবং তা প্রমাণিত হয়েছে বলে আজ প্রতিবাদ করছি। তাঁরা আর একটা অজুহাত দেখিয়েছেন যে ঘোষ মন্ত্রিসভা এবং ডাঃ ঘোষ এটা প্রবর্তন কোরে, এবং চালু কোরে গিয়েছেন। কি অদ্ভুত যুক্তি! কবেকার অবস্থার সঙ্গে আজকে তুলনা দিচ্ছেন। তখন তাঁরাই কংগ্রেস দলের লোক ছিলেন! প্রজাসমাজতন্ত্রী দল মাত্র দুবছর পূর্বে গঠিত হয়েছে। অতএব এটার সঙ্গে প্রজাসমাজতন্ত্রী দলের কি সম্পর্ক থাকতে পারে বুঝতে পারি না।

তৃতীয়তঃ আজ আমরা আরও জানি যে শান্তিরক্ষার জন্য পুলিসের ব্যয় বাড়িয়ে দিয়েছেন। আগে অবিভক্ত বাংলায় পুলিসের জন্য খরচ আড়াই কোটি টাকা, এখন খরচ করছেন ছয় কোটি টাকা। কতরকম আইন রাখছেন—ফৌজদারী সংশোধনী বিধান ধারা জাস্টিস্ অব দি পীস্ পাশ কোরে—খবরদারী করবার ব্যবস্থা করেছেন, আবার সিকিউরিটি আইন পাশ করাতে চান অথচ প্রিভেনটিভ ডিটেনসন এ্যাক্ট রয়েছে, সবকিছু আইন থাকা সত্ত্বেও এই আইনের কি দরকার তা বুঝতে পারি না। আমার মূল বক্তব্য হচ্ছে যে অবস্থায় এটা হয়েছিল এখন তা নাই, সেইজন্য এটার কোন কারণ নাই।

[At this stage the blue light was lit.]

একটু সময় দেবেন।

Mr. Speaker:

কিছু নূতন পয়েন্ট বলুন।

Sj. Sudhir Chandra Das:

নূতন পয়েন্ট বলছি। সুতরাং এই আইন সম্বন্ধে নূতন পয়েন্ট না হলেও এবং আজ আমাদের পুনরুক্তি হলেও বলব বিরোধীপক্ষ কোন রকম যুক্তি দেখাতে পারেন নি। সুতরাং আমি তার প্রতিবাদ জানাবার জন্য দাঁড়িয়েছি এ কথা বলতে পারা যায়। যথেষ্ট টাকা ব্যয় করা হচ্ছে নিরাপত্তার জন্য, তিনগুণ বেশী টাকা বাড়িয়ে দিয়েছেন এবং অফুরন্ত আইন হাতে

রাখা সত্ত্বেও নিরাপত্তা নষ্ট অজুহাত দেখান হচ্ছে। বড়লোকের নিরাপত্তা নষ্ট হবে, দলের নিরাপত্তা নষ্ট হবে এই আশঙ্কাই দেখতে পাচ্ছি। সুতরাং এ কথার আলোচনা করতে গেলে একই কথার পুনরাবৃত্তি হয়ে যায়। আসন্ন নির্বাচনের প্রস্তুতিস্বরূপ তাঁরা এটা রক্ষা করতে চান এবং ব্যবহার করতে চান, এ ছাড়া আর কোন কারণ নাই। নূতন ট্যাক্স বাড়িয়ে যে অত্যাচার হবে বলে মনে করছেন তার বিরুদ্ধে যদি জনসাধারণ প্রতিবাদ করে তবে তাকে দমিয়ে দেবার জন্য এটার দরকার—এই একটা কারণ আমরা অনুমান করি।

আজ আমরা বলবো যদি সরকারপক্ষ প্রমাণ করতে পারতেন যে এই আইনের যথেষ্ট প্রয়োজনীয়তা এখন রয়েছে, তাহলে হয়ত কিছু বিবেচনার অবকাশ থাকত। সেজন্য আমরা বলেছিলাম জনসাধারণের পক্ষ থেকে যে এটা জনসাধারণের মত সংগ্রহার্থে প্রচার করা হোক, এটাই আমাদের প্রস্তাব ছিল। এটা জনসাধারণ সমর্থন করেন কিনা জানা হোক। কংগ্রেস পক্ষকে আমি আহ্বান করছি, তাঁরা কাঁথি অঞ্চলে গিয়ে কোন সভা করে এই জনমত গঠন করুন যে, এই সিকিউরিটি আইনের দ্বারা আমরা লোকের উপকার করতে পারবো। আমি বিশ্বাস করি তাঁরা এই রকম একটা সভা করে এই রকম জনমত গঠন করতে পারবেন না। আমি আমার পক্ষ থেকে জানাচ্ছি যে এবং এটা আমরা মনে করি যে, বাংলাদেশের যেখানেই তাঁরা জনসভা করুন না কেন, বাংলার জনতা একবাক্যে এই সিকিউরিটি বিলের প্রতিবাদ করবে। এটা গণ-তন্ত্র বিরোধী এবং জনস্বার্থ বিরোধী। রাজনৈতিক দুরভিসন্ধি নিয়েই এটার প্রয়োগ করা হচ্ছে। এর পূর্বেও আমরা এইজন্য প্রতিবাদ জানিয়েছিলাম এবং এটার সার্কুলেসনের জন্য অনুরোধ করছি।

[5-30—5-40 p.m.]

Sj. Sasabindu Bera:

মাননীয় স্পীকার মহাশয়, আমি এই বিলের বিরোধিতা করি। সিকিউরিটি এ্যাক্টের আয়ু বাড়িয়ে দেবার জন্য এই যে বিল এসেছে, এই বিলের স্বপক্ষে এমন কোন যুক্তি নেই যার জন্য সেই বিলের আয়ু বাড়িয়ে দেওয়া যেতে পারে। এই যে এমেন্ডিং বিলটি এসেছে একে দুই অংশে ভাগ করা যায় একটা অংশে সিকিউরিটি এ্যাক্টের আয়ুটুকু বাড়িয়ে দেওয়া হচ্ছে ৫ বছরের জন্য, আর অন্য অংশে সেই এ্যাক্টের ভেতর কিছু কিছু পরিবর্তন করা হচ্ছে। এই বিলটির অবজেকটস এ্যান্ড রিজিন্সের মধ্যে এমন একটা বিস্তারিত বিবরণ আমরা পেয়েছি। যা এতদিন এই হাউসে অন্য কোন বিলের পেছনে অবজেকটস এ্যান্ড রিজিন্সে এ আমরা পাই নি। কিন্তু সবচেয়ে মজার কথা এই যে, এই বিস্তারিত বিবরণীতে প্রত্যেকটি ক্লজের পেছনে কারণ দেখানো হয়েছে, কিন্তু যে ক্লজটিতে আমাদের সবচেয়ে বেশী আপত্তি রয়েছে, অর্থাৎ ১নং ক্লজ যাতে ১৯৫০ সালের সিকিউরিটি এ্যাক্টের পরমায়ু পাঁচ বছর বাড়ান হচ্ছে—সেই মারাত্মক ক্লজের স্বপক্ষে এতে কোন যুক্তি নেই। এর দ্বারা বোঝা যায় যে, সরকার পক্ষ কোন ভুল যুক্তি বা বিশেষ উদ্দেশ্যের উপর ভিত্তি করে এই আইনের পরমায়ু বৃদ্ধি করবার চেষ্টা করছেন। সরকার বিরোধী দলগুলির বিরুদ্ধে এই আইনটিকে কাজে লাগাবার আসল উদ্দেশ্য, এ থেকে স্পষ্টই প্রমাণিত হয়। বিলের আলোচনা কালে সরকার পক্ষীয় সদস্য মহোদয়গণ অনেকেই আলোচনা করেছেন এবং তাতে কেউ কেউ বলেছেন যে মূল আইনটিকে কনস্টিটিউসনের সংগে খাপ খাওয়ানর জন্য কতকগুলি সংশোধনী আনা হয়েছে, আবার কেউ কেউ বলেছেন যে এই বিলটাকে আরো লিবারালাইজ করবার চেষ্টা করা হয়েছে এবং কোথাও কোথাও ডেমোক্রেসির নাম উল্লেখও করা হয়েছে। আমরা তা শুনে বিস্মিত হলাম। আমরা বুঝতে পারলাম না যে, এই আইন কি করে কনস্টিটিউসন অনুসারে হয়েছে এবং কিভাবে ডেমোক্রাসির আদর্শ এতে স্থান পেয়েছে। কারণ, কনস্টিটিউসনে ফান্ডামেন্টাল রাইটস-এর মধ্যে যে সমস্ত রাইটস টু ফ্রিডম আছে তার প্রত্যেকটিকে দমন করবার ব্যবস্থা করা হয়েছে, এই ১৯৫০ সালের সিকিউরিটি আইনে। কনস্টিটিউসনে অবশ্য সিকিউরিটি অব স্টেটের জন্য আইনের মারফৎ রিজনেবল রেস্ট্রিকেসন ইমপোজ করবার ক্ষমতা কেন্দ্রীয় এবং প্রাদেশিক সরকারকে দেওয়া হয়েছে; তাহলেও আসলে কনস্টিটিউসনের স্পিরিট হচ্ছে যে ফ্রিডম বাড়িয়ে দেওয়া হবে, কতকগুলি ফান্ডামেন্টাল রাইটস, কতকগুলি ফান্ডামেন্টাল ফ্রিডম মানুষের বাড়িয়ে দেওয়া হবে। যদিও কোন কোন ক্ষেত্রে

সেগুলিকে সংকুচিত করার প্রয়োজন হতে পারে কিন্তু আসলে ফ্রিডম বাড়িয়ে দেওয়া হবে। আমাদের এই স্টেটকে একটা ডেমোক্রাটিক রিপাব্লিক বলে আখ্যা দেওয়া হয়েছে। ডেমোক্রাসি বলতে আমরা একথাই বুঝি যে ডেমোক্রাসি ফ্রিডম আনে ফ্রিডম বাড়িয়ে দেয়! কাজেই এই সিকিউরিটি এ্যাক্টের দ্বারা স্বাধীনতা হরণের যে ব্যবস্থা করা হয়েছে, স্বাধীনতাকে যেভাবে ক্ষুন্ন করা হয়েছে ১৯৫০ সালের আইনে এবং তারপর যে তিনবার সংশোধন হয়েছে, তারমধ্যে এগুলো পড়লে বিস্মিত হতে হয়, যে স্বাধীন দেশের মানুষের উপর এই রকম নিয়ন্ত্রণ ব্যবস্থা কিভাবে করা হয়েছে এই আইনের মারফৎ। বিভিন্ন ধারার মধ্যে নানাভাবে স্বাধীনতা সংকোচনের ব্যবস্থা হয়েছে। যেকোন এরিয়াকে প্রোটেকটেড এরিয়া বলে ঘোষণা করা তার ভিতরে বা তার কাছাকাছি যাওয়ার অপরাধে লোকদের এ্যারেষ্ট করা, আটক রাখা ও নানাভাবে হয়রান করা, যখন ইচ্ছা যেকোন লোকের থাম্ব ইমপ্রেসন নেওয়া, স্পেসিমেন সিগনেচার নেওয়া, হ্যান্ডরাইটিং নেওয়া ইত্যাদি - এসব জঘন্য ব্যবস্থা এই আইনের মারফত সরকার করেছেন। মানুষের স্বাধীনতার উপর এমনভাবে হস্তক্ষেপ করতে কোন স্বাধীন দেশের সরকার পারে বলে আমরা ভাবতে পারি না। স্টেটের নিরাপত্তার নাম করে যে বিশেষ দল সরকার পরিচালনা করছেন, সেই দলের নিরাপত্তার দিকে লক্ষ্য রাখবার জন্য এই আইন করা হয়েছে। গতকাল ধরে এই হাউসে যে আলোচনা চলছে তা থেকে এই ধারনা স্পষ্ট হয়েছে যে, এই আইনটির পরমায়ু বিশেষ উদ্দেশ্যে বাড়িয়ে দেওয়া হচ্ছে।

[At this stage the blue light was lit.]

একটু সময় দিন স্যার। এখন নাকি এই আইনের বিশেষ প্রয়োজন কিছুকালের জন্য আছে। যে বিশেষ পরিস্থিতির মধ্যে এই আইনটা তৈরী করা হয় সেই পরিস্থিতি বর্তমানে আছে কিনা সেটা দেখা দরকার।

আমি অপর পক্ষ থেকে আলোচনা শুনলাম যে এই সিকিউরিটি এ্যাক্ট যদি না থাকে তাহলে দেশের নিরাপত্তা রক্ষা হবে না, দেশের শান্তিশৃংখলা রক্ষা হবে না। ১৯৫০ সালে পশ্চিম বাংলায় সিকিউরিটি, পশ্চিম বাংলার লোকদের নিরাপত্তা কিভাবে বিপন্ন হয়েছিল, তা আমার জানা নেই। দেশে এত আইন রয়েছে, ইণ্ডিয়ান পেনাল কোডের মারফৎ সর্বপ্রকার অপরাধীর জন্য শাস্তির ব্যবস্থা রয়েছে। তা সত্ত্বেও এই রকম একটা বিশেষ আইন আনবার কি প্রয়োজনীয়তা থাকতে পারে তাও আমরা বুঝতে পারি না। দেশের যেসমস্ত সাধারণ আইন আছে সেই আইনগুলির সাহায্যে সরকার যদি শাসনব্যবস্থা চালু রাখতে পারেন তাহলেই সরকারকে সুস্থ ও সক্ষম সরকার বলা যায়। যে সরকার তা না পারেন, যে সরকারকে এই রকম বিশেষ আইনের আশ্রয় নিতে হয় রাজ্যের শাসনের জন্য, সে সরকারের মধ্যে অক্ষমতা এসেছে, সে সরকার স্বাভাবিক পথে দেশের শান্তি ও শৃংখলা রক্ষা করতে পারেন না এইটেই প্রমাণিত হয়। কাজেই আমি বলছি যে এই আইন যার দ্বারা সংবিধানে জনসাধারণকে যেসমস্ত অধিকার, যেসমস্ত ডেমোক্রাটিক রাইটস দেওয়া হয়েছে, তার উপর হস্তক্ষেপ করা হচ্ছে, যে আইনের দ্বারা সরকারের পঙ্গুত্বের প্রকাশ হয় এই আইন আর বেশীদিন বজায় রাখা উচিত নয়। এই আইন প্রত্যাহার করা উচিত। এই বলে আমি এই বিলের বিরোধিতা করছি।

Janab Mahmmad Ishaque:

মাননীয় স্পীকার মহাশয়, আজ দুদিন ধরে নিরাপত্তা আইনের সম্বন্ধে যেসমস্ত আলোচনা হল তাতে আমার যতদূর মনে হয় যে এই আইনের বিশেষ প্রয়োজন আছে, এমন সব ঘটনা অনেক সময় ঘটে যাতে দেশ বিপন্ন হবার সম্ভাবনা ঘটে। সেই বিভীষিকা আমরা চোখের সামনে দেখেছি। অনেকে অনেক কথা এ সম্বন্ধে বলেছেন, কিন্তু আমার পূর্বে এক বন্ধু বলেছেন যে এটা গণতন্ত্রের বিরোধী। তাঁরা নাকি জানেন না যে, ১৯৫০ সালে আমাদের শান্তিশৃংখলা বিপন্ন হয়েছিল এবং সিকিউরিটি এ্যাক্টের বাস্তবিকই প্রয়োজন ছিল। সেটা তাঁরা ভুলে গেছেন। আমি শুধুমাত্র এইটুকুই বলতে চাই যে ১৯৫০ সালে দাঙ্গার সময় আমি চব্বিশপরগণা জেলা বোর্ডের মেম্বার ছিলাম, তখন কলিকাতার উপর দিয়া আলিপুরে যাওয়াটা আমার পক্ষে বিপজ্জনক ছিল, এবং বেলগাছিয়ায় যেতে হলে লুঙ্গি পরে আমাদের যেতে হোত। এইরকমভাবে একবারে বিপদাপন্ন ছিলাম। তা ছাড়াও সভাসমিতিও এক মাসের জন্য বন্ধ করে দেওয়া হয়েছিল।

এইভাবে রাস্তাঘাটে বেআইনীভাবে বোমা, হাত বোমা, বন্দুক, ছোরা, ছুরি, ছোঁড়া এবং নিয়ে যাওয়ার ফলে সাধারণভাবে জীবনযাত্রা দুর্বিসহ হয়ে উঠেছিল। সেই অবস্থায় বাস্তবিকই এমন একটা আইনের দরকার ছিল। যেমন মরার সময়ও প্রিভেনটিভ মেজার হিসাবে ইনজেকসন দেওয়ার দরকার হয়, তেমনি বিপদের যখন একটা আশঙ্কা হয় তখন এই রকম সিকিউরিটি এ্যাক্ট আনার দরকার হয়। সেইজন্য সিকিউরিটি এ্যাক্ট করার দরকার নেই এ কথা বলা যায় না।

[5-40—6-5 p.m.]

১৯৫০ সালে এই সিকিউরিটি এ্যাক্ট পাস করা হয়েছিল এবং আপনারা জানেন যে, তখন দমনমূলক আইনের প্রয়োজন ছিল। তখন মানুষ বিপন্ন হয়ে পড়েছিল। তাদের দৈনন্দিন জীবনযাত্রার ব্যাঘাত হচ্ছিল, সেই সময় এই এ্যাক্ট-এর প্রয়োজন ছিল। এইসব কথা যদি আমার বিপক্ষের বন্ধুরা মনে করেন তাহলে এই আইনকে বিভীষিকার চক্ষে দেখবেন না। তখন যে সমস্ত অবস্থা হয়েছিল, লোকের বাড়ীঘর পুড়ে গিয়েছিল, রাস্তায় লোক বেরুতে পারতো না। সেইজন্য শান্তিশৃঙ্খলা বজায় রাখার জন্য এই রকম একটা আইন যদি রাখা যায় তাহলে কি ক্ষতি হবে তা আমি বুঝতে পারি না। অবশ্য দমনমূলক আইন একটু কড়াই হয়ে থাকে। আমরা জানি কেউ কেউ এখানে রয়েছেন তাঁরাই প্রফুল্ল ঘোষ যখন প্রধানমন্ত্রী ছিলেন তখন ১৯৪৮ সালে এই বিল পাশ করান। আজকে শুধু এই বিলের মেয়াদ বাড়িয়ে দেওয়া হচ্ছে, এতে আপত্তির কি কারণ থাকতে পারে? এখানে ২-১টি ক্লজ হয়ত একটু কড়াই হয়েছে। সেটা যখন পাশ করা হবে তখন এ্যামেন্ডমেন্ট দেওয়া যেতে পারে এবং তা সংশোধন করার চেষ্টা করা যেতে পারে। এখন ডিসকাসান হচ্ছে ফার্স্ট রিডিংএ সুতরাং এখন থেকেই সর্বনাশ হয়ে যাবে এটা ভাববার কোন কারণ নেই। এই আইন নিশ্চয়ই থাকবে এবং পাশ হওয়া দরকার। এই বলে এই আইন আমি সমর্থন করছি।

[At this stage the House was adjourned till 6-5 p.m.]

[After adjournment.]

[6-5—6-15 p.m.]

Sj. Manoranjan Hazra:

মাননীয় স্পীকার মহাশয়, এই যে বিলটা আনা হয়েছে এই বিলটা আজ নূতন নয়। বহুদিনের পুরাণো বিল। বার বার আসছে এবং এটার মেয়াদ পাঁচ বছর করার যৌক্তিকতা কি সে সম্বন্ধে বহু সদস্য বলেছেন। আমি প্রথমেই আনতে চাই একেবারে নূতন কথা বলি।

In the vicinity, protected area

বলে যে কথা রাখা হয়েছে, তাতে যেখানে প্রটেকটেড এরিয়া যেখানে আছে তার কাছাকাছি ইন দি ভিসিনিটিতে যদি কেউ যায় তাহলে তার কি অবস্থা হচ্ছে সেটা আমাদের অজানা নাই। আজকে বার্ণপুর-এর হিন্দ মটর ফ্যাক্টরীকে প্রটেকটেড এরিয়া করে রাখা হয়েছে। মাননীয় স্পীকার মহাশয় আপনি জানেন আমাদের দেশে বেকার সমস্যা কি ভয়াবহ আকার ধারণ করেছে। প্রতিদিন ফ্যাক্টরীর সামনে হাজারে হাজারে কাতারে কাতারে লোক আসে চাকরির জন্য। আজ সেই সমস্ত লোকের কেউ যদি খাদ্য মন্ত্রী প্রফুল্ল সেন মহাশয়ের চিঠি নিয়ে যায় কিংবা শ্রম মন্ত্রীর চিঠি নিয়ে যায় তাহলে তাকেই সেখানে ঢুকতে দেওয়া হয় এবং বাকী লোককে ঢুকতে দেওয়া হয় না। ফলে মানুষের বেঁচে থাকতে যে অধিকার আছে চাকুরিবাকুরি করে যে নিজের জীবিকার্জন করবে সে অধিকার তারা পায় না। এখন ফ্যাক্টরী এলেকাকে যদি প্রটেকটেড এরিয়া করে রাখা হয় এবং বেঁচে থাকার জন্য খাওয়াপরার রোজগারের জন্য যদি কোন মানুষ ইন ভিসিনিটিতে যায় তাহলে পুলিস তাঁদের সরিয়ে দেবে বা তাদের গ্রেপ্তার করতে পারে। যে সমস্ত অঞ্চল প্রটেকটেড এরিয়া বলে ডিক্লেয়ার করা আছে তাদের সম্বন্ধে বলি। বার্ণপুর অঞ্চলকে ১৯৫৩ সালে প্রটেকটেড এরিয়া বলে ঘোষণা করা হয়েছিল, সেখানে মালিক ও ওয়ারকারসদের মধ্যে কোন গোলের সুযোগ নিয়ে বহু ওয়ারকারসদের জবাব দিয়ে দেওয়া হয় এবং ওয়ারকারস পাস কেড়ে নেওয়া হয়। সেখানকার ঘটনা আশা করি কারও অজানা নয়। তারপর হিন্দ মটর

ফ্যাক্টরীর ব্যাপার মাননীয় সদস্য কালী মুখার্জি সেখানে কোম্পানীর তরফ থেকে প্রেসিডেন্ট। আমি শ্রমিক ইউনিয়ন-এর প্রেসিডেন্ট। তিনিও জানেন যে ওয়ারকারসরা আমার কথা শোনে। ১৯৫৩ সালে সমস্ত শ্রমিকরা লেবার কমিশনার থেকে আরম্ভ করে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট পর্যন্ত বেলা সাতটা থেকে চারটা পর্যন্ত আটক রেখেছিল, তাদের বাইরে বেরুতে দেয় নি। এ থেকে বোঝা যায় শ্রমিকদের উপর আমার প্রভাব আছে, সেটা কালীবাবুও জানেন। তিনি সেখানে লাঠিবাজী করে যেভাবে টাকা তোলেন সেসব শুনলে আপনি অবাক হবেন। তিনি সেখানে প্রটেকটেড এরিয়ার ঘটনা না বলে, যেভাবে ট্রেড ইউনিয়ন-এর প্রতি কটূক্তি করে গেলেন তার জবাব দিতেও ঘৃণা হয়। পুলিসের যেভাবে তিনি সাফাই করলেন যেভাবে ফলাও করে বলে গেলেন তাতে প্রকৃত ঘটনার যে কতখানি বিকৃত করলেন সেটা শুনলেও লজ্জা হয়। কিন্তু সেইসব উক্তির জবাব যখন জনসাধারণ চেয়েছে তা দেবার সাহস হয় নি। আমি জানি ট্রেড ইউনিয়ন মুভমেন্ট করতে গিয়ে কংগ্রেস হত্যাকান্ড চালিয়ে থাকে, মারপিট চালায়। হিন্দ মজদুর ইউনিয়ন-এর ব্যাপারে মুখ্যমন্ত্রী মহাশয় জানেন গুলি চালান হয়, সেখানে কয়েকজনের জন্য গ্রাচুইসাস রিলিফ, এক্স-গ্রাসিয়া পেমেন্ট-এর ব্যবস্থা হয়। তারপর তাদের আই, এন, টি, ইউ, সির বিষ্টুবাবুর কীর্তি জানি কি করে একজন লোককে মার্ডার করিয়েছেন, তারা এইভাবে ট্রেড ইউনিয়ন মুভমেন্ট করেন আর কমিউনিস্ট পার্টির নিন্দা করেন। ফটিক সাহাকে এই বিষ্টু ব্যানার্জী মার্ডার করিয়েছেন।

Mr. Speaker:

মেম্বরদের যা হয় বলুন, কিন্তু একজন বাইরের লোক তিনি মার্ডার করিয়েছেন একথা বলবেন না।

Sj. Jyoti Basu: Mr. Speaker, Sir, why not, may I ask? Yesterday while Shri Kali Mukherjee was speaking he said referring to, not an outsider, but to Dr Ranen Sen, a member on this side of the House, who was absent He said that in Wellington Square—

তিনি বলেছেন খুন খারাবী হয়ে যাক্।

Mr. Speaker: That is what I am saying. You should not refer to outsiders.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: He also referred to outsiders.

Mr. Jyoti Basu: When Mr Zaman was speaking yesterday at that time he referred to innumerable *sub judice* cases. He himself said that these cases were before the Court. But you did not pull him up then.

Mr. Speaker: I pulled him up.

Sj. Jyoti Basu: When members on this side of the House make a reference to somebody outside you are pulling them up. It is a good thing that they should be pulled up in this way. But justice should be on both sides.

Mr. Speaker: As Mr. Jyoti Basu knows it is always done.

Sj. Subodh Banerjee:

এটা তো আপনি জানেন জামান সাহেব বলেছিলেন, তোমার ফিরিস্তি দেব, তোমার বাবার ফিরিস্তি দেব, তোমার গোষ্ঠির ফিরিস্তি দেব।

Mr. Speaker: Before any of the members asked him to withdraw, I pulled him up first and asked him to withdraw.

Sj. Kali Mukherjee: As he mentioned my name I had to mention.

[Interruptions.]

Mr. Speaker: What I objected to, and Mr. Jyoti Basu agreed to that, was outsiders being mentioned.

Sj. Jyoti Basu: It was not done in the case of Kali Babu.

Mr. Speaker: You do not remember. Whenever Kali Babu referred to outsiders I also pulled him up.

Sj. Kali Mukherjee: I did not mention any outsider.

Sj. Bankim Mukherji: I may just refresh your memory, Sir. Yesterday he spoke about Randive who is not a member of this House.

Sj. Kali Mukherjee: Only Randive's policy I mentioned.

Sj. Bankim Mukherji: He said a reign of terror and murder was set up in Randive's regime. Nobody pulled him up.

Mr. Speaker: That is a general statement. He spoke about his regime.

Sj. Kali Mukherjee: They refer to Jawaharlal Nehru several times.

Sj. Manoranjan Hazra:

যে কথা বলছিলাম ফটিক সাহা তাদের ইউনিয়ন বিরোধী বলে তাকে মার্ডার করা হল, তার সাক্ষীসাবুদ নষ্ট করা হল। শ্রীরামপুরের এস. ডি. ও. একটু ভাল লোক ছিলেন বলে তিনি ওয়েরলেস করে সাক্ষীদের ধরে এনেছিলেন কিন্তু তখন সমস্ত কেসটা এমন সাজান হয়ে যায় যে, নষ্ট হয়ে গেল। ৬ই অক্টোবর ১৯৫৩ সালে, রামপুরিয়া মিল-এর সামনে আই. এন. টি. ইউ. সির অফিস-এর কাছে ফটিক সাহাকে মার্ডার করা হয়

[noises and disturbances from the Congress Benches]

রাত্রি দুটোর সময়। আমাকেও হত্যা করতে এসেছিল। এর পরেই রাইটার্স বিল্ডিংস থেকে আমাকে গ্রেপ্তার করা হয়।

[cries of "shame" from the Opposition Benches]

এইভাবে তারা ট্রেড ইউনিয়ন মুভমেন্ট করেন। লিষ্ট বাড়াতে চাই নে। কালীবাবু বলেছেন এ্যাসিড বালব্-এর কথা। আমি তাঁকে জিজ্ঞাসা করি সারা বাংলাদেশে কজন কমিউনিস্ট পার্টির লোকের এ্যাসিড বালব্ ছোঁড়ার ব্যাপারে কনভিকসন হয়েছে? শ্রীরামপুর কংগ্রেস অফিস-এ এ্যাসিড বালব্ ছোঁড়া হয়েছে বলে ২০জন কমিউনিষ্টকে গ্রেপ্তার করা হয়েছিল, দুই বছর তাদের হাজতে পচিয়ে তাদের ছেড়ে দেওয়া হল, অপরাধ প্রমাণ করতে পারলেন না। স্পীকার মহোদয়, আপনি যদি এখানে দেখেন, ক্লজ ১৯, সেকসন ২৭, অরিজিনাল এ্যাক্ট যেটার পরিবর্তন করা হয়েছে এর মধ্যে কি সাংঘাতিক জিনিষ রাখা হচ্ছে, যদি কেউ খবর দেয়, সে খবর ডিসক্লোজ করা হবে না। আমরা জানি গত টিচার্স স্ট্রাইক-এর সময় এদেরই এজেন্ট প্রভোকেচাররা ট্রামের তার কেটেছে।

[noises and disturbances]

ইলেকট্রিক তার কেটেছে যার জন্যে মিলিটারি ডাকতে হয়েছিল। আজকে কালী মুখার্জী মহাশয় বলেছেন, কমিউনিস্ট পার্টি আর্মস এ্যান্ড এমোনিসনস-এর কারবার করে, হ্যাঁ, আমরা চাই আর্মস এ্যান্ড এমোনিসনস, সেটা আমরা সাপোর্ট করি, কিন্তু নন-ভায়োলান্স-এর কথা একদিকে বলে আর একদিকে গুলি করে মারা এরকম হিপোক্রিটস আমরা নই। আমরা চাই হাতিয়ার—আর্মস এ্যান্ড এ্যামোনিসনস এবং সেটা হল ভারতের জনসাধারণের ঐক্য। আমরা ঐক্যবদ্ধ শক্তি চাই —সেই হল আমাদের আর্মস এ্যান্ড এ্যামোনিসনস। মাননীয় মন্ত্রীমহাশয়, আপনি শুনে থাকবেন যে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী শ্রীগোবিন্দ বল্লভ পন্থ সেকেন্ড ফাইভ-ইয়ার প্লান সম্পর্কে বলেছেন যে পুলিসের জন্য এই সেকেন্ড ফাইভ ইয়ার প্লেন-এ বহু টাকা ব্যয় হবে তা না হলে তারা চালাতে পারবেন না। কিন্তু সেজন্যে চাষীর ঘর থেকে, আমার মত গরীব মধ্যবিত্তের ঘর

থেকে আজ টাকা দিতে হবে, কেন? আজ তাদের জীবিকার ব্যবস্থা দরকার, বেতন বৃদ্ধির দরকার, শিক্ষা দরকার, তার ব্যবস্থা না করে আজ পুলিসের হাতে বেশী বন্দুকের ব্যবস্থা করে তাদের জব্দ করতে এ'রা চান। অপজিসনের কণ্ঠরোধ করতে চান। কয়েকদিন বাদে ইলেকসন হবে, যাতে সেখানে এ'রা পার হতে পারেন তার জন্যে এই বিল নূতন করে আনছেন। আমি যদি এম.এল.এ. না হোতাম আমি যদি সাধারণ জনসাধারণের একজন হোতাম তাহলে যেসব হিপোক্রিটস পুলিসের রাজত্বে বাংলাদেশকে পরিণত করতে চায় তাহলে রাস্তার উপর আমি তাদের গুলি করে মারতাম। এই সিকিউরিটি বিল-এর এই হচ্ছে আমার জবাব।

[6-15—6-25 p.m.]

Sj. Gangapada Kuar:

মাননীয় স্পীকার মহোদয়, আজকে সিকিউরিটি এ্যাক্ট-এর আয়ু বৃদ্ধির জন্য যে বিলটি এসেছে, সেই সংশোধনী বিলের আমি আপত্তি করি, তার কারণ, এই সেকিউরিটি এ্যাক্ট প্রথম যখন পাশ হয়, তখন দেশে যে পরিস্থিতি ছিল এখন সেই পরিস্থিতি নাই; এবং সেই পরিস্থিতি নাই বলে এর প্রয়োজনও শেষ হয়ে গিয়েছে, সুতরাং এই বিল আনায় আমি আপত্তি করছি।

কংগ্রেস পক্ষ থেকেও মুভার অফ দি বিল এর পক্ষ থেকে যে সমস্ত যুক্তির অবতারণা করা হয়েছে সেই সমস্ত যুক্তি আমাদের বিরোধী পক্ষকে কনভিন্স করতে পারে নি। তার মধ্যে প্রধান ও মূলতঃ যে সমস্ত কারণে সিকিউরিটি এ্যাক্ট-এর উদ্ভব হয়েছিল, আজকে সেই সমস্ত কারণের মধ্যে একটাও দেখতে পাচ্ছি না। সশস্ত্র বিপ্লব, বহিরাক্রমণের আশঙ্কা, বে-আইনীভাবে, গুপ্ত অস্ত্রসম্ভ সংগ্রহ, বেআইনী সেনা ইত্যাদি যে সমস্ত কারণের জন্য সেটা সৃষ্টি হয়েছিল আজকে সেই সমস্ত কারণ নাই, সেইজন্য সেইদিক দিয়ে বর্তমান অবস্থায় এই আইনের সার্থকতা আছে বলে আমি মনে করি না। আমরা দেখতে পাই, প্রথম থেকে আজ পর্যন্ত যে সমস্ত জায়গায় এই আইন প্রয়োগ হয়েছে, তার প্রত্যেকটি ক্ষেত্রেই এই আইনের যথা প্রয়োগ হয় নাই। বিশেষ করে আমাদের এই পক্ষ থেকে বহু বহু বলেছেন প্রতিটি ক্ষেত্রে দাবিদ্র আন্দোলনকারী জন-সাধারণকে দমন করবার জন্য এই আইন প্রয়োগ করা হয়েছিল। কিন্তু কোন অবস্থায়ই কারখানার মালিক বা জোতদার, জমিদার, অত্যাচারী ধনিককে সাজা দেবার জন্য এই আইনের প্রয়োগ হতে দেখি নি। কংগ্রেস পক্ষের বহু বক্তা বক্তৃতা প্রসঙ্গে গলাবাজী করে খুব গালমন্দ করেছেন, কিন্তু বিরোধী পক্ষের যে চ্যালেঞ্জ কোন সময় অত্যাচারী জমিদার জোতদারদের বিরুদ্ধে এই আইন প্রয়োগ করা হয় নি, এই সম্পর্কে তাঁরা কোন কথা বলতে পারেন নি। আমি বলতে চাই প্রিভেনটিভ ডিটেনসন এ্যাক্ট বা সিকিউরিটি এ্যাক্ট, বা আইনের পর আইন পাশ করে দেশে কখনও শান্তি ও শৃঙ্খলা বজায় রাখা যায় না। এর দ্বারা শেষে এই পরিণাম দাঁড়াবে যে লোকের প্রতি একটা অবিশ্বাস অশ্রদ্ধা সরকারের মনে বদ্ধমূল হবে এবং তার অনিবার্য পরিণতিস্বরূপ বর্তমান শাসকগোষ্ঠীর কবর খোঁড়া হবে বলে আমি মনে করি। আমরা মনে করি যে যতক্ষণ পর্যন্ত দেশে শান্তি ও শৃঙ্খলা গুরুতররূপে বিপন্ন হয়ে পড়ে, ততক্ষণ পর্যন্ত এই ধরনের আইন রাখা উচিত। বর্তমানে সেই পরিস্থিতি নাই অতএব এই আইনের আর প্রয়োজন থাকতে পারে না। অবশ্য একটা মাত্র কারণ আমরা শুনতে পেলাম, যা মাননীয় কালীবাবু উল্লেখ করেছেন বিরোধী দলকে, আমাদের মত পলিটিক্যাল অপোনেন্টসকে দমন করবার জন্য এই আইন প্রয়োগ করা হবে। আমরা মনে করি কালীবাবু যে কথা উল্লেখ করেছেন, সেটা সত্য কথা, সেটাই আসল কারণ। তিনি বক্তৃতা প্রসঙ্গে বলতে গিয়ে কমিউনিস্ট পার্টি ও অন্যান্য বিরোধী দলের কথা উল্লেখ করেছেন। কিন্তু আমি তাঁকে জিজ্ঞাসা করতে চাই বৃটিশ এদেশে প্রায় দুশো বছর ধরে আমাদের উপর অত্যাচার করেছিল এবং তাদের বিরুদ্ধে আমাদের দেশের ৩৬ কোটি নরনারী আন্দোলন করেছিল, তখন এই ধরনের বিশেষ আইনের প্রয়োজন হয় নি। আর আজকে দেশে কি এমন পরিস্থিতির উদ্ভব হল, বা দেশে সাম্প্রদায়িক দাঙ্গাহাঙ্গামা উপস্থিত হয়েছে যার জন্য এই আইনকে বজায় রাখতে হবে? যে সমস্ত আইন সাধারণভাবে প্রচলিত আছে, সেই সমস্ত আইনের দ্বারা আমাদের দেশের শান্তি ও শৃঙ্খলা প্রতিষ্ঠা হতে পারে। এই ধরণের অবাঞ্ছিত আইনকে এক দিনের জন্যও বাঁচিয়ে রাখা উচিত নয়; আমরা এই আইনের তীব্র বিরোধিতা করি, এবং শেষ পর্যন্ত বিরোধিতা করবো।

একটা কথা আছে "ক্ষমতা হাতে থাকলে, প্রায়ই তার অপপ্রয়োগ করা হয়"। এই আইন কি রকমভাবে অপপ্রয়োগ করা হয়েছে তা বহু বক্তা এখানে বলে গিয়েছেন। মাননীয় সদস্য অতীনবাবু কিছু দিন পূর্বে একটা মিটিং করতে আসানসোলে গিয়েছিলেন, সেখানে তিনি মাইক ব্যবহারের অনুমতি চেয়ে পাঠিয়েছিলেন, কিন্তু তিনি তা পান নি। এই রকমভাবে প্রত্যেকটি ক্ষেত্রে যেখানে গণতান্ত্রিক আন্দোলন চলেছে সেখানে এই আইন তার বিরুদ্ধে প্রয়োগ করা হয়েছে। তাই সেদিন ফল এবং চায়ের "প্রবেশ কর" নিয়ে যে আলোচনা হয়েছিল, তখন আমরা বলেছিলাম যে যদি জিনিষের দাম বৃদ্ধি হয় তাহলে সরকার কি ব্যবস্থা অবলম্বন করবেন? তার উত্তরে, মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছ থেকে প্রেসক্রিপসন পেয়েছিলাম "আপনারা পিকেটিং করুন"। তাঁদের হাতে আইন আছে, তাঁরা আইন করতে পারেন। কিন্তু অন্যায়ভাবে যারা "চা" বা ফলের দাম বাড়াবে, তাদের বিরুদ্ধে আইন প্রয়োগ করতে ভয় পান। তাই আমি বলবো এই যে আইনের আয়ু বৃদ্ধি করতে যাচ্ছেন, এর দ্বারা দেশে শান্তি ও শৃংখলা প্রতিষ্ঠিত হবে না; এর দ্বারা হবে গণতন্ত্রের যে শ্রেষ্ঠতম আশীর্বাদ ব্যক্তিস্বাধীনতা তাকে বলি দেওয়া। আপনারা কি এই কথা বলতে চান যে, যতদিন দেশে কংগ্রেস শাসন চলবে, ততদিন পর্যন্ত এখানে এই আইন থাকবে? তাহলে সেটা স্পষ্টভাবে বলুন।

কিন্তু, এইভাবে দেশ কোনদিন শাসন করা যায় না, এবং পুরাণ ইতিহাসে আমরা তার প্রমাণ পাই কংস আপ্রাণ চেষ্টা করেছিল তার চিরশত্রু কৃষ্ণকে নাশ করবার জন্য। সে কৃষ্ণের ভয়ে সব সময়ই আতংকগ্রস্ত হয়ে থাকত; এবং আত্মরক্ষার জন্য নানা রকম সান্ত্রী পাহারা দিয়ে নিজেকে ঘিরে রাখতো। কিন্তু শেষ পর্যন্ত সে নিজেকে তার শত্রুর হাত থেকে বাঁচাতে পারলো না। সুতরাং গণতান্ত্রিক আন্দোলনকে এইভাবে নষ্ট করবার জন্য, দেশের শান্তিময় পরিবেশেও এই আইন জিইয়ে রাখায়, কংসের যা পরিণাম ঘটেছিল, এই কংগ্রেস সরকারেরও সেই পরিণাম ঘটবে—এইটাই আমার দৃঢ় বিশ্বাস।

Sj. Haripada Chatterjee:

সভাপাল মহোদয়, আমার একটা পারসোনাল এক্সপ্লানেশন আছে।

গতকাল মাননীয় সদস্য কালী মুখার্জী মহাশয় তাঁর বক্তৃতা প্রসঙ্গে আমার নাম উল্লেখ করে বলেছেন যে আমি পূর্বে এই সিকিউরিটি বিলকে সমর্থন করেছিলাম। কিন্তু আমি আপনার মাধ্যমে হাউসকে জানাতে চাই উনি যে বলেছেন, ১৯৪৮ সালে প্রথম যখন এই সিকিউরিটি বিল পাশ হয়, এটা আমি সমর্থন করেছিলাম, এটা সর্বৈব অসত্য। কারণ অখণ্ড নদীয়ায় আমার যে কনস্টিটিউয়েন্সী ছিল, সেটা বিভক্ত হয়ে যাওয়ায়, আমার আর এখানে প্রবেশাধিকার ছিল না, যতক্ষণ পর্যন্ত না কেন্দ্রীয় সরকার ঠিক করেছিলেন আমি পুনরায় এম.এল.এ. হয়ে আসতে পারি। আমি সাত মাস এসেম্বলি হাউসে আসতে পারি নি—সেই সময় আমার এখানে আসবার অধিকার ছিল না। ১৯৪৮ সালে যখন প্রথম সিকিউরিটি এ্যাক্ট পাশ হয়, তখন আমি এখানে ছিলাম না, কাজেই তখন আমি এটা সমর্থন করি নি এবং ১৯৫০ সালে যখন আবার এই বিল হাউসের সামনে আসে তখনও আমি শেষ পর্যন্ত এর সমর্থন করি নি। সুতরাং কালী মুখুর্জে মহাশয় যে কথা বললেন এটা সম্পূর্ণ অসত্য।

Sj. Subodh Chowdhury:

মাননীয় স্পীকার মহাশয়, পাঁচ বছর পূর্বে শিশু রাষ্ট্রের দোহাই দিয়ে সিকিউরিটি বিল পাশ করা হয়, আজ পাঁচ বছর চলে গিয়েছে আবার নূতন করে এই বিল নিয়ে আসবার কি প্রয়োজন হয়েছে? কংগ্রেস ঘোষণা করেছে যে, বর্তমানে দেশের অবস্থার উন্নতি হয়েছে; কিন্তু পশ্চিম বাংলার সর্বত্র খাদ্যাভাব, বস্ত্রাভাব রয়েছে, তা সত্ত্বেও সিকিউরিটি বিলকে নূতন আকারে কেন নিয়ে আসছেন? এই সিকিউরিটি বিল-এর দ্বারা সাধারণ মানুষের, কৃষকের, মজুরের কি কোন উপকার হয়েছে? রিফিউজিদের রক্ষা করবার জন্য সত্যিকার কোন ব্যবস্থা করা এই বিলের দ্বারা কি কখনও সম্ভব হয়েছে? না, তা হয় নি।

জমিদারী ক্রয়ের ফলে আজ হাজার হাজার কৃষক, মজুর তাদের জমি থেকে উচ্ছেদ হয়ে গেল। জোতদার, জমিদারদের গুণ্ডারা তাদের উপর জুলুম, জবরদস্তি, মারধর করে, কৃষকদের জমি থেকে তাড়িয়ে দিল, তাদের অন্যায়ভাবে জমি থেকে উচ্ছেদ করে দিল, তখনত এই সিকিউরিটি এ্যাক্ট-এর দ্বারা তাদের রক্ষা করা হয় নি ; এবং এর কারণ খুঁজে পাওয়া যায় না।

আমাদের সরকার শুধু যে জমিদার ও বড়লোকদের সমর্থক, তাদের রক্ষাকর্তা তা নয়, এমনকি তাঁদের যে গুণ্ডা তাদেরও সায়েস্তা করতে পারেন না। কারণ, একথা পরিষ্কার যে আমাদের সরকারী নেতা মন্ত্রী সভায় অনেক গুণ্ডা পোষণ করেন, যে গুণ্ডারা তাঁদের সমর্থন করেন এবং ভিন্ন ভিন্ন স্থানে, বিভিন্ন জায়গায় সাধারণ লোকের উপর হামলা, অত্যাচার করে। সুতরাং গুণ্ডা দমনের নাম করে এই বিলকে সমর্থন করবার কোন যৌক্তিকতা আছে বলে আমি মনে করি না।

[6-25—6-35 p.m.]

মাননীয় স্পীকার মহাশয়, ওঁরা বলে থাকেন সাম্প্রদায়িক কোন হাঙ্গামা হলে পরে তা থেকে দেশকে বাঁচাবার জন্য, যাতে বিভিন্ন কমিউনিটির লোকেরা পরস্পরের উপর হামলা না করতে পারে তার জন্য এই আইন করছেন। সত্যই কি তার জন্য করেছেন? আমার ব্যক্তিগত অভিজ্ঞতা আছে সাম্প্রদায়িক হাঙ্গামা মেটাতে চান না, বরং সাম্প্রদায়িক হাঙ্গামার উস্কানি দেওয়া হয় এই আমরা জানি। আমরা জানি যে পুলিস দাঁড়িয়ে থাকে যখন, তখন ঘর পোড়ে, বাড়ী লুণ্ঠন হয়, এ কথা কারো অবিদিত নয়। এবং প্রত্যেকটি ক্ষেত্রে পরিষ্কারভাবে প্রথম যখন সাম্প্রদায়িক হাঙ্গামা হয়েছে পুলিস থামায় নাই, থামিয়েছে সেখানকার জনসাধারণ, তারাই শান্তিরক্ষা করেছে। এবং তারাই শান্তির জন্য প্রচার করেছে, এবং তারাই হাঙ্গামা থামিয়েছে।

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলের মধ্যে আছে যে, যেকোন এলেকাকে প্রটেকটেড এলেকা বলে ঘোষণা করতে পারেন। আমরা জানি বাংলাদেশের মধ্যে বহু জায়গা আছে যাকে বহুকাল ধরে প্রটেকটেড এলেকা বলে ঘোষণা করা হয়েছে। আমরা জানি আবহমান কাল ধরে শুধু চিত্তরঞ্জন নয়, আরো বহু জায়গা জুড়ে প্রটেকটেড এলেকা ঘোষণা করা হয়েছে। সেখানে শুধু লোককেই নয়, যানবাহনকে নিয়ন্ত্রণ করেছেন, সেখানে যারা যায় তাদের ধরে নিয়ে যাওয়া হয়, আইন ভঙ্গ করেছে বলে তাদের সাজা দেওয়া হয়। সেখানে, মানুষের উপর জুলুম করবার জন্য তাদের সিকিউরিটি রক্ষা করছেন। বার্ণপুরের ঘটনার কথা নিশ্চয়ই আপনারা জানেন তবু আপনার সাম্নে বলতে চাই যে, ১৯৫৩ সালের পর থেকে আজ পর্যন্ত প্রটেকটেড এরিয়া ঘোষণা করা হয়েছে, কি কারণে? সেখানে সংগ্রামশীল মজুরেরা সংগ্রাম করতে গেলে, সেই মজুরদের বাঁচাবার জন্য তাদের প্রটেকশন যে দিচ্ছেন তা নয়। আমাদের প্রধান মন্ত্রীর কথা উপেক্ষা করে মজুরদের সাহায্য করেন নাই। তাদের বাঁচাবার জন্য কোন চেষ্টা করেন নি, বরং দিনের পর দিন প্রটেকটেড প্লেস বলে ঘোষণা করা হয়েছে। সেখানে শ্রমিকরা নূতন ইউনিয়ন গঠন করে এক্সন কমিটি গঠন করেছিল, সেটা ভাঙ্গবার জন্য কত প্রচেষ্টা করেছিল, সে কথা জানি।

তারপর রাণীগঞ্জ ফ্যাক্টরীর কথা, ১৯৫৪ সাল থেকে আজ পর্যন্ত সেখানে প্রোটেকটেড এরিয়া ঘোষণা করা হয়েছে, তারা যে দাবী করেছিল, এবং সে দাবী মজুর ইউনিয়ন করেছিল, তাতে তাদের সমস্ত চিকিৎসার ব্যয় দেবার জন্য বলেছিল। তাতে কোম্পানী রাজী হয়েছিল, তাদের নূনতম বেতন ইত্যাদি সম্পর্কে তাদের সেই দাবী নিয়ে লেবার মিনিষ্টারের কাছে আসা হয়, লেবার মিনিষ্টারও সে দাবী ন্যায়সঙ্গত বলে স্বীকার করেন, কিন্তু তা সত্ত্বেও স্যার বীরেন তাদের কথা উপেক্ষা করলেন। তারপর যখন ডাঃ রায়, স্যার বীরেনকে ডাকলেন লেবার মিনিষ্টারও তাঁর কাছে গিয়েছিলেন, তখনও তিনি তাদের কথায় ভ্রূক্ষেপ করেন নি। এবং তার ত কোন প্রতিকার হলই না উল্টো সেই মজুর আন্দোলন ভাঙ্গবার জন্য সিকিউরিটি এ্যাক্ট ব্যবহার করা হয়েছে। সুতরাং যদি বলেন যে না, আজকে শান্তির জন্য আমাদের দেশকে রক্ষা করার

জন্য এটা হচ্ছে, তা নয়। দেশকে রক্ষা করবার জন্য নয়, মুষ্টিমেয় লোককে বাঁচাবার জন্য, কোটি-পতিদের বাঁচাবার জন্য ; যেমন কোটিপতিদের স্বার্থ বরাবরই রক্ষা করেন, সেই কাজ করবার জন্য। সুতরাং আমি এই বিলের তীব্র প্রতিবাদ করি, এবং মনে করি এ বিল উইথড্র করা দরকার।

Sj. Saroj Roy:

মাননীয় সভাপাল মহাশয়, কংগ্রেস বেঞ্চের জনৈক সদস্য মহম্মদ ইসাক তাঁর বক্তৃতায় কিছুক্ষণ পূর্বে বলেছেন "দৈনন্দিন জীবন যখন অচল হয়ে যায়, তখন এই আইনের প্রয়োজন হয়"। আজকে আমরাও সেই একই কথাই বলছি এবং প্রশ্নও করছি, আজকে এই সিকিউরিটি বিলের কি প্রয়োজন? বিরোধী পক্ষের সদস্য হিসাবে আমরাই যে শুধু প্রশ্ন করছি তা নয়, বাইরেও এবিষয়ে, মানুষের মনে প্রশ্ন জেগেছে—এই আট বছর পার হয়ে গেল, তারপরেও আজ সিকিউরিটি বিল কেন এলো? কোথায় এমন অচল অবস্থার সৃষ্টি হচ্ছে? সত্যই কোথাও যদি অচল অবস্থার সৃষ্টি হয়, তখন প্রয়োজন হতে পারে সিকিউরিটি আইনের।

বর্তমানে বাংলাদেশের কংগ্রেস সরকার জানেন, আজকে সহরে ও গ্রামে বেকারের সংখ্যা বেড়ে চলেছে এবং ক্রমশঃ আরো বাড়বে। দেশের জনসাধারণের উপর তাঁদের ট্যাক্সের পর ট্যাক্স চাপাতেই হবে ন্যাশনাল ডিভেলপমেন্টের নামে। সেই জন্যই দরকার হয়েছে এই সিকিউরিটি আইনের, যাতে জনসাধারণকে দমন করে রাখা যায়, যাতে তারা তাদের বেকারীর বিরুদ্ধে, অতিরিক্ত ট্যাক্সের বিরুদ্ধে ন্যায়সঙ্গত আন্দোলন না করতে পারে এবং তাদের দমন করে না রাখলে বাংলাদেশের বড়লোক শ্রেণীও তাদেরই সরকার এই কংগ্রেস সরকারেরই অচল অবস্থা সৃষ্টি হবে, এবং সেই অবস্থা আসছে বলে আজ তাঁদের প্রয়োজন হয়েছে এই আইনের, এবং তাঁরা যদি মনে করে থাকেন এই আইনের দ্বারাই, বাংলাদেশের আর্থিক অবস্থা যখন আরো গুরুতর হতে চলেছে, তখন বেকার মানুষের উপর আরো ট্যাক্স বসিয়ে যাবেন, অত্যাচার করে যাবেন আর সিকিউরিটি এ্যাক্ট দিয়ে তাদের ঠাণ্ডা করে রাখবেন, তাহলে সেটা দিবা স্বপ্ন ছাড়া আর কিছুই নয়।

দ্বিতীয় প্রশ্ন, তাঁরা আর একটা কথা তুলেছেন—পিস এ্যাণ্ড ট্রানকুইলিটি অফ দি স্টেট—এখানে পিস এ্যাণ্ড ট্রানকুইলিটি অফ কংগ্রেস বললেই ভাল হোত। একটা ঘটনা জানাচ্ছি—যা প্রমাণ করবে যে এরা স্টেট-এর পিস এ্যাণ্ড ট্রানকুইলিটি প্রকৃতপক্ষে চায় না, কয়েকদিন আগেকার ঘটনা, এই কলকাতার উপর বাংলার কংগ্রেসের সভাপতি মহাশয় যে স্পীচ দিয়েছিলেন ১৫ই অগাস্ট, সেই স্পিচএ বলেছেন—যদি কারো হাতে লাল ঝাণ্ডা দেখ, তার হাত ঠেঙ্গিয়ে ভেঙ্গে দাও। একথা সংবাদপত্রে বেরিয়েছে। প্রধানমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি, লাল ঝাণ্ডা যখন বেআইনী হয় নাই, এবং লাল ঝাণ্ডা যদি বেআইনী না হয় এবং কংগ্রেস সভাপতি যদি এই রকম কথা বলে উত্তেজনা সৃষ্টি করেন, যে যদি কারো হাতে লাল ঝাণ্ডা থাকে তবে তার হাত ঠেঙ্গিয়ে ভেঙ্গে দাও, তারজন্য তাঁকে কেন সিকিউরিটি এ্যাক্ট এ ধরা হয় নাই? এইভাবে উত্তেজনামূলক কথা বললে কি সমাজের পিস এ্যাণ্ড ট্রানকুইলিটি নষ্ট করা হয় না? যদি সমাজের পিস এ্যাণ্ড ট্রানকুইলিটিকেই রক্ষা করা কংগ্রেস সরকারের প্রকৃত উদ্দেশ্য হয়, তবে কংগ্রেস সভাপতিকে তাঁর ১৫ই আগস্ট-এর এই উত্তেজনা সৃষ্টিমূলক কথার জন্য যা তাঁর মুখ থেকে খোলাখুলি বেরিয়েছে যে কারো হাতে লাল ঝাণ্ডা দেখলে তার হাত ঠেঙ্গিয়ে ভেঙ্গে দাও। (ভয়েসেসঃ বস, বস, ঢের শুনেছি)—[নয়েজ অ্যাণ্ড আপরোর] এইভাবে উত্তেজনা সৃষ্টি করার জন্য এই উত্তেজনা সৃষ্টিকারী মানুষটিকে কেন সিকিউরিটি এ্যাক্ট অনুযায়ী এরেস্ট করা হয় নাই? তিনি টেমপার ঠিক রাখতে পারেন নাই বলে তার মুখ দিয়ে তার দলীয় যে মত তারই কতকগুলি সত্য কথাই বেরিয়েছে। এর থেকেই বোঝা যায় যে এই সিকিউরিটি আইনের প্রকৃত উদ্দেশ্য কী।

Mr. Speaker: Stop, Mr. Ghosal, it is very bad. You just now raised your shoes. Don't do it again.

Sj. Hemanta Kumar Ghosal:

আমি কাকে কি দেখিয়েছি স্যার? আমি আমার হাতে জুতোটা নিয়ে দেখছিলাম আর ত কিছু করি নি।

Mr. Speaker: You deny it. All right.

Sj. Saroj Roy:

তারপর যে কথা আরো অনেকে বলে গেছেন, বারে বারে আমরাও অনেক কথা জানিয়েছি; তা সত্ত্বেও এই জমিদারী এ্যাকুইজিসন এ্যাক্ট পাশ হবার পরে গ্রামের সমস্ত সমাজের মধ্যে যে অশান্তি, যে বিশৃংখলা সৃষ্টি হয়েছে, যা নাকি বড় বড় জমিদার ও জোতদাররা সৃষ্টি করছে, আশ্চর্যের বিষয় তাদের একজনের প্রতিও কিন্তু এই সিকিউরিটি এ্যাক্ট প্রয়োগ করা হয় নাই। গড়বেতা অঞ্চল থেকে বার বার খবর পাঠান হয়েছে, যে মঙ্গলাপ্রসাদ পাণ্ডে সেখানে দুচারশো কৃষককে উচ্ছেদ করেছে। বন্দুক নিয়ে লোকের ঘরে বে-আইনীভাবে হামলা করেছে, নারীর উপর পর্যন্ত অত্যাচার করেছে, তার প্রতি যদি সিকিউরিটি এ্যাক্ট প্রয়োগের কথা বলা হয়, সেক্ষেত্রে সেটা প্রয়োগ করা হবে না। কোন কেস তার বিরুদ্ধে করা হলে পুলিস রিপোর্ট দেবে মিসটেক অফ ল এবং তাদিগকে স-সম্মানে মুক্তি দেবে। কারণ তারাই হচ্ছে কংগ্রেসের সমর্থক, এখানে ওদিকের জনৈক সভ্য কালীবাবু বলেছেন যে ৪৮-৪৯ সালে কলকাতার রাস্তায় মেয়েদের বেরুনো মুস্কিল হত যেহেতু কমিউনিস্টরা এ্যাসিড বাল্‌ব্ নিয়ে ঘুরে বেড়াত। আমি জিজ্ঞাসা করি ১৯৪৯ সালে কি হয়েছিল বৌবাজারে? কি হয়েছিল এই ২৪-পরগণায়? ১৯৫০ সালে কি হয়েছিল, আর আজ কি হচ্ছে কুচবিহারে? এই ১৯৫৫ সালে দার্জিলিংএ? হিসাব করে দেখতে বলি যে কতগুলি নারী হত্যা করা হয়েছে এই কয় বছরে? তারা নিজেদের বুকে হাত দিয়ে চিন্তা করুন, কাদের স্বার্থে তারা এই রকম আইন পাস করতে যাচ্ছেন। গণতন্ত্রের নামে তাঁরা মুষ্টিমেয়েরই সিকিউরিটি চান। যদি কংগ্রেস চান আগামী যেদিন এগিয়ে আসছে সেদিনের সমস্যাগুলির সমাধান না করে দরিদ্র জনসাধারণ বেকার জনসাধারণকে ঠাণ্ডা রাখবার জন্যই এই সিকিউরিটি এ্যাক্ট-এর দরকার তাহলে তারা সে আশা নিয়ে কিছু দিন থাকতে পারেন বটে, কিন্তু তাদের সে আশা সাধারণ মানুষের কঠিন আঘাতে অচিরে ভেঙ্গে পড়বে।

[6-35—6-45 p.m.]

ডাঃ রায়কে বিশেষভাবে জানাই যে, যদি কোন সময়ে এই রকম হয়, যখন মানুষের জীবন সাধারণভাবে আর চলতে পারে না তখন সেই অবস্থায় সিকিউরিটি আইনের দরকার হতে পারে এবং যদি সেই অবস্থা হয় তাহলে আমরা সকলেই এই সিকিউরিটি আইনটিকে সমর্থন করবো। সেই রকম অবস্থা যখন এখনও আসে নি তখন এই জঘন্য আইনকে তিনি প্রত্যাহার করুন। তবে যদি তারা মনে করেন যে, দীর্ঘ পাঁচ বছরের জন্য এই আইন করে তারা আগামী ইলেকসান তরী পার হবেন তাহলে এই সিকিউরিটি এ্যাক্টের লাঠি, গুলি, জেলের দ্বারা হয়ত এবারের মতনও ইলেকসন তরী পার হতে পারবেন, কিন্তু ইলেকসন ছাড়াও ত জনসাধারণের সামনে আরো অন্যরকম পথ আছে সে কথা যেন প্রধানমন্ত্রী মহাশয় ভুলে না যান।

Sj. Provash Chandra Roy:

মাননীয় সভাপতিমহাশয়, আমার এই বিল দেখে বেঙ্গল ক্রিমিনাল ল এমেণ্ডমেণ্টের কথা মনে পড়ছে। সেই সময় বৃটিশ সরকার সেই আইন করবার সময় একথা বলেছিলেন যে দেশের শান্তি, শৃংখলা এবং নিরাপত্তা রক্ষার জন্য তাঁরা সেই আইন করছেন। তখন দেশের জনসাধারণ সেই আইনের প্রতিবাদ করেছিলেন। কেননা দেশের মানুষ তখন জানতেন যে দেশের স্বাধীনতার জন্য যারা দেশে আন্দোলন করছেন, তাঁদের আটক রাখার জন্যই ইংরাজ সরকার সেই আইন করেছিলেন এবং তখনকার দেশের শ্রেষ্ঠ দেশভক্ত যাঁরা ছিলেন, তাঁদের সেই আইনে আটক করা হয়েছিল। আমরা জানতাম যে ইংরেজ সরকার বিদেশী শাসক বিদেশী শাসন বজায় রাখার জন্য এবং ভারতবর্ষে যে বিদেশী ধনিক শ্রেণী রয়েছে, বিদেশী মিলওয়ালা রয়েছে, তাদের স্বার্থ বজায় রাখার জন্য দেশের শান্তি শৃংখলার নাম দিয়ে সেই আইন তাঁরা করেছিলেন। তেমনি আজকের এই যে সিকিউরিটি বিল হাজির করা হয়েছে, এই সেসনে আমরা দেখেছি, দেশের জনসাধারণকে দাবিয়ে রাখার জন্য, দেশের যারা গণ আন্দোলন করতে চায় তাদের এবং কৃষক ও মধ্যবিত্তের আন্দোলন দমন করার জন্যই এই সেসনে আরো দুটো আইন পাশ করা হয়েছে এবং সেদিক থেকে যে স্পেশাল কনস্টেবল বা স্পেশাল পুলিস অফিসার নিয়োগের যে আইন কয়েক-দিন আগে মাননীয় প্রধানমন্ত্রী মহাশয় পাশ করিয়ে নিয়েছেন, জাষ্টিস অব পিসের নাম দিয়া

যে আইন তিনি পাশ করিয়ে নিয়েছেন, তার মধ্য দিয়ে তাঁরা বহু ব্যবস্থা করেছেন গণ আন্দোলনকে দাবিয়ে রাখবার জন্য। আজকে আবার আর একটা আইন উপস্থিত করেছেন দেশের শান্তি শৃঙ্খলা বজায় রাখবার অজুহাত দিয়ে। আমরা দেখছি যে ইংরাজ যেমন তাদের শাসনশক্তি বজায় রাখবার জন্য এবং তাদের শাসক শ্রেণীর ক্ষমতা অটুট রাখার জন্য সেই আইন করেছিলেন, তেমনি আজকে কংগ্রেস সরকারও দেশের ধনীক শ্রেণীর স্বার্থ বজায় রাখার জন্য এবং তাদের নিজেদের শাসনকার্য অব্যাহত রাখার উদ্দেশ্যে এই আইন উপস্থিত করেছেন। কেননা তাঁরা জানেন যে তাহলে পরে যেসমস্ত মজুর শ্রেণী, তাদের দাবীদাওয়ার জন্য যখন আন্দোলন করতে যাবে তাঁরা তখন সেই আন্দোলনকে এই আইনের দ্বারা দমন এবং স্তব্ধ করতে পারবেন। তেমন যখন কৃষকরা তাদের দাবী আদায়ের জন্য আন্দোলন করতে চাইবে তখন এই আইনের সাহায্যে সেই আন্দোলনকে দমন করার জন্য এটাকে তাঁরা হাতিয়াররূপে কাজে লাগাবেন। তেমনি মধ্যবিত্ত সমাজ তারা যখন তাদের দাবীর জন্য আন্দোলন করতে চাইবে তখন এই আইনের সাহায্যে তাদের দমন করার ব্যবস্থা তাঁরা করবেন। আমি জানি, আমি দেখেছি আমি যখন প্রেসিডেন্সী জেলে ছিলাম তখন সিকিউরিটি এ্যাক্টের মধ্য দিয়ে চোরাকারবারীদের গ্রেপ্তার করা হয় নি, যারা গুণ্ডা তাদের গ্রেপ্তার করা হয় নি, যারা সেই সময় সাম্প্রদায়িক দাঙ্গা লাগিয়েছিল তাদেরও গ্রেপ্তার করা হয় নি। আমি তখন প্রেসিডেন্সী জেলে দেখেছি, যেসমস্ত বিধবা বা ছোট ছোট ছেলেমেয়ে অল্প চাল নিয়ে হয়ত কলকাতার মধ্যে ঢুকেছে তাদের তখন ২-৩ মাস করে জেল দেওয়া হয়েছে, প্রকিওরমেন্ট আইন ভঙ্গ করার জন্য, কর্ডন ভঙ্গ করার জন্য। কিন্তু যারা বড় বড় চোরাকারবারী, যারা বড় বড় সাম্প্রদায়িক দাঙ্গাবাজ, যারা বড় বড় নেতা, তাদের তখন জেলে পুরতে আমরা দেখি নি। যারা তখন বড় বড় গুণ্ডামি করে বেড়াত তাদের এই আইনের বলে আটক করে জেলে পুরবার, তাদের শাস্তি সাজা দেবার ব্যবস্থা ডাঃ রায় করেন নি। সেইজন্য আমাদের কাছে এটা পরিষ্কার যে আজকে গণ আন্দোলনকে দমন করার জন্য এবং তাঁদের শাসন ক্ষমতা বজায় রাখার জন্য এবং যে ধনীক শ্রেণীর প্রতিনিধিত্ব তাঁরা করেন সেই ধনীক শ্রেণীর স্বার্থ কায়েম করবার জন্য এবং আগামী যে নির্বাচন আসছে সেই নির্বাচনে বিরোধী পক্ষকে ও তাঁদের সমর্থকদের যাতে এই আইনের বলে আটক করতে পারেন, তাঁদের বিরুদ্ধে মিথ্যা বিভিন্ন অজুহাত দিয়ে, বিভিন্ন মামলা মোকদ্দমা সাজিয়ে, যাতে তাদের জেলে পুরতে পারেন সেই উদ্দেশ্যেই এই আইন রাখা হয়েছে। সেইজন্য আমি এই আইন করার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ করছি এবং আপনার মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীকে এ কথাই বলতে চাই যখন বৃটিশ সরকার এই আইন করেছিলেন তখন সকলেই এই আইনে বাধা দিয়েছিলেন, তখন দেশের মানুষ একবাক্যে বলেছিল যে, এই আইনের প্রতিবাদ হওয়া উচিত। আজকে কংগ্রেস পক্ষে যাঁরা বসে আছেন, তখনকার দিনের সেই আন্দোলনে যাঁরা ছিলেন আমি আশা করি অন্ততঃ এই বিল প্রধানমন্ত্রী যাতে প্রত্যাহার করতে বাধ্য হন, তারজন্য তাঁরা চেষ্টা করবেন। একথা আমরা জানি, আজকে যাঁরা কংগ্রেস পক্ষে আছেন, যাঁরা তখন ইংরেজকে সাহায্য করেছিলেন, তাঁরা আজ এই বিলকে অন্ধভাবে সমর্থন করবেন। কোনদিন দেশের স্বাধীনতার জন্য তাঁরা আন্দোলন করেন নি। কিন্তু তখন যাঁরা দেশের স্বাধীনতার জন্য আন্দোলন করেছিলেন, তাঁরা এটাকে সমর্থন করবেন না। আমি মাননীয় সদস্যদের এবং প্রধানমন্ত্রীকে এই বিলটি প্রত্যাহার করার জন্য অনুরোধ করছি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-45—6-55 p.m.]

Sj. Bankim Mukherji:

স্পীকার মহোদয়, এই বিল উত্থাপন করবার সময় উত্থাপক যে কথা বলেছেন সেটা বড়ই আশ্চর্যের কথা যে, সাধারণ আইন যা আছে তাতে স্টেট-এর সেফটি এ্যান্ড সিকিউরিটি রক্ষা করা যায় না এবং আরো কতকগুলি কাজ আছে, কতকগুলি অপরাধ আছে যার জন্য কোন সাধারণ আইন নেই। গতকল্য সুধীর রায় চৌধুরী মহাশয় দেখিয়েছেন যে এমন কোন অপরাধ নেই যা পেনাল কোড ও ক্রিমিনাল প্রসিডিওর কোড-এর মধ্যে নেই। এ সম্বন্ধে উল্লেখ করতে চাই না। আমি ভাবছি শুধু বাংলাদেশে নয়, ভারতবর্ষের রাষ্ট্রনায়করা কি এতই অমনোযোগী এবং অপারগ হয়ে পড়েছে যে, রাষ্ট্রে সাধারণত নিরাপত্তা থাকে সেটাই হচ্ছে সর্বপ্রথম এলিমেন্টারী

ফান্ডামেন্টাল থিং, সেটা সম্বন্ধে কোন আইনই স্থির করতে পারেন নি এবং সেটা ঠেকা দিয়ে কাজ করছেন ২-৩ বছরের জন্য সিকিউরিটি আইন করে রাখা হচ্ছে, এই পরম আশ্চর্যকর বক্তৃতা এর পূর্বে শুনিনি। এই হল গিয়ে বিল আনবার সময় ডাক্তার রায় এই কথা বলেছিলেন যে, ষ্টেট-এর সেফটি সিকিউরিটি রাখবার জন্য সাধারণ আইন নেই। এই যে আইন এসেছে, এতে খুটিনাটি যা আছে তা বিশেষ কিছু নয়। কতকগুলি প্রেস এ্যাক্ট হবার পর কতকগুলি জিনিষ এই পুরাতন বিলে থাকবার প্রয়োজন নেইই, এটা হটিয়ে দেওয়া হয়েছে, কতকগুলি ভাষা এর ভেতর থেকে গিয়েছিল, ছেলে মানুষদের মত ধারণা নিয়ে যে অনেকগুলি এ্যাডজেকটিভ লাগালেই জিনিষটার উপর যথেষ্ট জোর দেওয়া হল সেই রকম বিল রচনা করবার সময় আরো জোর, এমফাসাইজ দেবার চেষ্টা হয়েছিল, সেগুলি তুলে দেওয় হল। তৃতীয়তঃ কতকগুলি জিনিষ যেগুলি তাঁরা জেনেছেন বিভিন্ন কোর্ট-এর রায় থেকে যা আলট্রা ভাইয়াবস হবার সম্ভাবনা আছে, সেগুলি তুলে দিলেন এই রকম খুটিনাটি ব্যাপার হচ্ছে। এই যে সংশোধনী বিল মূলতঃ ৪ই মাস আগে এই এ্যাক্ট শেষ হয়ে গিয়েছিল। এই ৪ই মাস বাংলার সাধারণ লোক বিশেষ করে দরিদ্র লোকরা নিঃশ্বাস ফেলে বাঁচতে পেরেছিল। সেই বিলের পরমায়ু আরো ৫ বৎসর বাড়িয়ে দেওয়া হচ্ছে এইটাই হল সংশোধনী বিলের প্রধান কথা। আরো পাঁচ বৎসর এই সিকিউরিটি বিল চলবে এবং আমরা শুনতে পাচ্ছি এই সিকিউরিটি বিলের প্রয়োজন আছে নানা প্রকারে। এ পর্যন্ত কংগ্রেসের পক্ষ থেকে যে কয়েকজন বক্তৃতা দিলেন তা শুনে শুনে আমার মনে হল অর্থাৎ দেশে যে অশান্তি হচ্ছে বিরোধী যেসমস্ত রাজনৈতিক দল আছে, কংগ্রেস পক্ষ তাদেরই এই সমস্ত দুর্ঘটনার জন্য দায়ী করছেন। এই যুক্তি দেখিয়ে বলেছেন যে সিকিউরিটি বিলের প্রয়োজন আছে। অর্থাৎ কিনা যেটা আমরা আশংকা করি সেটাই এরা প্রমাণ করে দিলেন। আমরা আশংকা করি এই সিকিউরিটি বিল প্রয়োগ করা হবে যেকোন বিরোধী দলের উপর যখন এইসব বিরোধী দল তাদের আইন সংগত দাবী করবে সেইগুলি দমন করবার জন্যই এই সিকিউরিটি বিল তাঁরা সমর্থন করছেন তাদের বক্তৃতার ভিতর দিয়ে। অর্থাৎ বিশৃংখলার জন্য আমরাই দায়ী। স্পীকার মহাশয়, এই বিল এনে এর আরো পাঁচ বৎসরের মেয়াদ বাড়িয়ে দেওয়া হচ্ছে। এতে সরকার পক্ষের স্বীকারোক্তি থেকে বুঝা যায় যে তাঁরা সর্বপ্রকারে বিফল হয়েছেন রাজত্ব চালাতে। এই স্বীকারোক্তি থেকে বলা যায় যে, তাঁরা কমপ্লিট ফেলিওর হয়েছেন গভর্ন-মেন্ট চালাতে। এই কনফেসন করেই তাঁরা এই বিল নিয়ে এসেছেন। সাধারণতঃ রাজ্য কিসে চলে? সাধারণতঃ যেকোন দেশের আইন রচনা হয়, এইজন্য যাতে কেউ দুষ্কার্য না করতে পারে, কিন্তু সংগে সংগে এটা থাকা দরকার যাতে নিরপরাধ লোককে, কর্তৃপক্ষ কোন প্রকার সাজা দিতে না পারে। এই হল আইনের মানদন্ড। এর ভিতর দেখতে হবে যাতে কোন অপরাধী পরিত্রাণ না পায়, কিন্তু তার চেয়েও বেশী জোর দেওয়া হয়েছে যাতে কোন নিরপরাধ লোক সাজা না পায়। এই হ'ল সাধারণ আইন। আইনের সিকিউরিটি এবং সেফগার্ডস হচ্ছে নাগরিক স্বাধীনতা, যাতে স্বাধীন নাগরিকদের সম্মান বজায় থাকে। সাধারণতঃ এই সমস্ত জিনিষগুলিই আইনে থাকে যে একটি মানুষের যতক্ষণ পর্যন্ত অপরাধ প্রমাণ না হয়, ততক্ষণ পর্যন্ত তাকে সর্ব প্রকার সুযোগ এবং সুবিধা দেওয়া হয়। কিন্তু যখন শাসক সম্প্রদায় অধৈর্য হয়ে উঠে, অকর্মণ্য হয়ে পড়ে অর্থাৎ যখন তাদের কর্মের ভিতর দিয়ে তারা অপরাধ প্রমাণ করতে পারে না, যখন তারা অপারগ হয়ে পড়ে, অপরাধ কোর্ট-এ প্রমাণ করতে পারে না, তখন তাদের অকর্মণ্যতা ইনএফিসিয়েন্সী ঢাকবার জন্য এই রকম জুলুমের ভিতর দিয়ে শাসন কার্য চালাতে হয়। সাধারণ এভিডেন্স এ্যাক্ট-এ আসামীদের যেসমস্ত সুবিধা দেওয়া হয়, সেই সমস্ত সুবিধা না দেবার জন্যই এই বিল নিয়ে আসা হচ্ছে। এই রকম কি কোন সভ্য দেশে আছে? যখন দেশ সত্যিকারের বিদেশের সঙ্গে লড়াই করছে তখন সমস্ত জাতিকে রক্ষা করবার জন্য এসব হতে পারে, কিন্তু এখন যদি এই আইন আসে, তবে সরকারের পক্ষে এটা চরম লজ্জার কথা। এটা পাশ করানই বড় কথা নয়, এটা যেকোন গভর্নমেন্ট-এর পক্ষেই চরম লজ্জার কথা। সাধারণতঃ যে আইন যা সভ্য পদ্ধতিতে আছে তাতে কোথাও নেই যে, জুলুমের ভিতর দিয়ে বিনা ওয়ারেন্ট-এ লোককে গ্রেপ্তার করে, বিনা ওয়ারেন্ট-এ খানাতালাশ করে স্পেশাল কোর্ট-এ সাজা দেয় ও আটকে রাখে। এই সমস্ত আইনের প্রশ্রয় তারাই দেয়, যারা শাসন কার্যে অপারগ। আজকে কি বিশেষ অবস্থা বাংলাদেশে হয়েছে, যার জন্য এই এ্যাক্ট-এর প্রয়োজন। আজকে অন্তত এইটে দেখতে পাচ্ছি, যে সংবিধান রচনা করেছেন সেটা ভারতবর্ষের জনসাধারণদের সম্পূর্ণ মনঃপূত হক বা

না হক্‌ ভারতবর্ষের সমস্ত রাজনৈতিক দল এই সংবিধান অনুসারে কার্য করতে স্বীকৃত হয়েছেন এবং প্রত্যেক রাজনৈতিক দলই আজ ল এ্যান্ড অর্ডার অর্থাৎ গণতান্ত্রিক পদ্ধতিতে কার্য করতে স্বীকৃত হয়েছে। এই অবস্থার ভিতর এমন কি প্রয়োজন হয়েছে এই বিলের। সাম্প্রদায়িকতার কথা বলা হয়। আজকে পূর্ব পাকিস্থানের অবস্থা দেখুন এবং আপনারা ভাল রকমই জানেন যে সেখানকার জনসাধারণ কি নিয়ে আন্দোলন করছে। সেখানে আজকে কোন প্রকার সাম্প্রদায়িকতার সম্ভাবনা নেই। এছাড়া রাজনৈতিক এমন কি জটিল অবস্থা হয়েছে যার জন্য এই আইনের প্রয়োজন হচ্ছে এবং এটা ছয় মাস এক বৎসরের জন্য নয়, পাঁচ বৎসরের মেয়াদ বাড়িয়ে নেওয়া হচ্ছে। সুতরাং এর প্রয়োজন দেখি না। এখানে রাজনৈতিক কারণ নয়, সাম্প্রদায়িক কারণ নয়। বেকারীর জন্য চুরি, ডাকাতি এই রকম সাধারণ অপরাধ ব্যাপক হয়েছে কিন্তু সেখানেও প্রশ্ন করলে পর আমরা গভর্নমেন্টের তরফ থেকে শুনতে পাই যে, অশান্তি, বিশৃংখলা, অপরাধ বাড়ে নি, এখানে এমন কোন অবস্থা হয় নি তবুও তিনি বলেছেন হাতে অস্ত্র থাকতে ক্ষতি কি?

[6-55—7-5 p.m.]

তাঁর দিক থেকে কোন ক্ষতি নেই কারণ, লাঠি তার মাথায় পড়বেনা, কিন্তু আমি যদি লাঠি নিয়ে তাঁর পিছনে দাঁড়াই এরই জন্য মনে করেন থাক না একটা হাতিয়ার, আমরা এই হাতিয়ারের তলায় বসে কি প্রতিদিন অনুভব করি? আমরা প্রতিদিন অনুভব করি এর যে আক্রমণ, এর ভিতরে আমরা এসে পড়ব। দেখতে পাই এই সরকার তার অপদার্থতা, তার ভিকটিমাইজেশন, তার পারসিয়ালিটি দিয়ে দেশে অশান্তি নিয়ে আসবে। এখানে প্রশ্ন উঠেছে ট্রেড ইউনিয়ন, তার পূর্বে আমি একটা কথা বলি এই বিলের আলোচনায় আমি দেখলাম সরকার পক্ষ থেকে বলবার লোক তারা যা নির্বাচন করে দিলেন তা থেকে অনুভব করতে পারি যে, কি মনোভাব এর পিছনে কাজ করছে। এমন বক্তা তারা দিলেন যাতে করে সমস্ত হাউস-এর ডিগনিটি তার ভিতর দিয়ে নষ্ট হয়ে গেল। সবচেয়ে আশ্চর্য হয়ে দেখলাম তাদের বক্তৃতা লিডার অফ দি হাউস পর্যন্ত উপভোগ করছেন। এই সমস্ত আনডিগনিফায়েড মিথ্যা সমস্ত আটারেন্স এবং যা এখানে বলা উচিত নয়, যেমন মহাত্মা গান্ধীর হত্যা যা আলোচনার ক্ষেত্র না তা এখানে উপস্থিত করা কতখানি শোভনীয় সেটা বলতে হবে না। এর জবাব শুধু হিন্দু মহাসভার পক্ষ থেকে নয়, যেকোন নিরপেক্ষ ব্যক্তি বলবেন যে, গডসের কেস এ কোর্ট এ প্রমাণ হয়েছে এবং তিনি নিজেও বলেছেন যখন ওই কার্য করেন তখন হিন্দু মহাসভার মেম্বর তিনি ছিলেন না। সাভারকর মুক্তি পেয়েছেন। গান্ধীজী যখন আঘাত পান, তার কিছুদিন আগে একটা এ্যাক্সিডেন্ট ঘটেছিল। কেন্দ্রীয় হোম মিনিস্টার তারপরেও কোন প্রতিবিধান করেন নি। বরং সেই সময় আর.এস.এস যাদের সে সময় আটক করে রাখা হয়েছিল, তদানীন্তন হোম মিনিস্টার সেই আর. এস. এস-এর মুক্তির চেষ্টা করছিলেন, তাদের সঙ্গে একযোগে ইউনাইটেড ফ্রন্ট করার চেষ্টা করছিলেন এবং মহাত্মা গান্ধী মৃত্যুর পাঁচ মিনিট পূর্বে আলোচনাতে শেষ পর্যন্ত হতাশ হয়ে বলেছিলেন আর কোন কিছু হবে না। এর পরে তিনি প্রার্থনা সভায় যান এবং নিহত হন। "স্বাধীনতা" যখন এই কথা বলেছিল যে মহাত্মা গান্ধীর প্রাণ রক্ষার জন্য পরিপূর্ণ চেষ্টা করেন নি———

Sj. Kali Mukherjee: Are you defending the Hindu Mahasabha.

Sj. Bankim Mukherji:

ডিফেন্স করছি। যা সত্য এবং যা এরপর ইতিহাসে ভারতবর্ষের নিরপেক্ষ ইতিহাসে— লিখিত হবে তাই বলে যাচ্ছি। "স্বাধীনতা" যখন এই কথা বলল, তখন এখানকার গভর্নমেন্টের প্রথম কাজ হল "স্বাধীনতা"কে ব্যান করা, অর্থাৎ লোকের কণ্ঠরোধ। তারপর কমিউনিষ্ট পার্টিকে ব্যান করার কথা আসে, যেটা সুপ্রীম কোর্ট-এ ঠিক হল অবৈধ। আপনারা মনে করেন যেহেতু গভর্নমেন্টের আসন দখল করে বসে আছেন, সেইহেতু জনসাধারণ আপনাদের বিরুদ্ধে কোন অন্যায়ের প্রতিবাদ করবে না। আপনারা তাদের বলছেন, তোমরা চুপ করে মার খাও। আমি কোন দিন সে উপদেশ জনসাধারণকে দেব না। যদি তার মুখ খুলতে না দেওয়া হয়, ভিতর থেকে তাদের যে সমস্ত আন্দোলন আসে তা যদি না হতে দেওয়া হয় এবং বৈধভাবে সাধারণ আইনের মধ্যে তাদের যদি না রাখা হয়, তাহলে সাধারণ যে কোন মানুষের বিদ্রোহী হবার

অধিকার আছে। নাগরিক হবার আগে সে মানুষ এবং মানুষ হিসাবে তার বিদ্রোহী হবার অধিকার আছে। এইসব আইন সে মানুষকে কোনদিন আটকাতে পারে নি। ইংরাজ শাসনকে সে এদেশে চিরস্থায়ী হতে দেয় নি। আমি যেহেতু চাই না কংগ্রেস সেই পথে যায়, আমি যেহেতু চাই বাংলাদেশের সেফটি এ্যান্ড সিকিউরিটি, সেজন্য চিন্তা করি সেটা কিসের উপর আসতে পারে। আসতে পারে যখন বাংলার মানুষের ঘরে ঘরে শান্তি ও স্বস্তি বিদ্যমান। আমি চাই সেই সেফটি এ্যান্ড সিকিউরিটি, যাতে বাংলা ও সারা ভারতবর্ষের মানুষ অগ্রগতির পথে দিনের পর দিন এগিয়ে যায় এবং তারই জন্য চাই না, যারা দেশ শাসন করবেন তাঁরা এমন কোন আইন আনুন যাতে করে মানুষকে তারা খ্‌্‌চিয়ে খ্‌্‌চিয়ে তোলেন। ওয়েলফেয়ার ষ্টেট-এর যা কার্য তা করবার সামর্থ্য তাদের নেই। সাধারণ মানুষ শতকরা ৮০-৯০ ভাগ তারা রাস্তাঘাটে রাজনীতি আলোচনা করে, কিন্তু তারা আন্দোলন করতে চায় না। তারা চায় শান্তি, নিরাপদ গৃহনীড় রচনা করতে, তার জীবনের লক্ষ্য হচ্ছে মেহনৎ করে নিজের পরিবারের গ্রাসাচ্ছাদনের ব্যবস্থা করা এবং ওয়েলফেয়ার ষ্টেট মানে প্রত্যেক নাগরিকের সেই সুবিধা করে দেওয়া। নতুবা শান্তিশৃঙ্খলা রক্ষা করা সেটা তো বর্বর যুগ থেকে আজ পর্যন্ত যেকোন রাষ্ট্র করে এসেছে, সেটা তো রাষ্ট্রের কর্তব্য, এই রাষ্ট্র তারচেয়ে বেশী কি কর্তব্য করেছে? এই রাষ্ট্র নাগরিকের প্রধান যে অধিকার—খাবার যে অধিকার, কাজ করবার যে অধিকার তা দিতে পারছেন কি? প্রাণপণে সেই চেষ্টা করা উচিত, সহযোগিতা চাওয়া উচিত, প্রত্যেক দলের কাছ থেকে। আসুন আমাদের যে বহু সমস্যা পীড়িত করছে একযোগে তার সমাধান করি। তাহলে পরে সেই দেশের নাগরিক সাধারণতঃ আইন মেনে চলে এবং গভর্নমেন্টের পক্ষে এই সমস্ত স্পেশাল এ্যাক্ট ইত্যাদির প্রয়োজন হয় না। যেকোন সভ্য দেশেই দেখা যায় সাধারণতঃ নাগরিকদের শতকরা ৮০ ভাগই আইন শৃঙ্খলার পক্ষে থাকে। যতক্ষণ পর্যন্ত না তাদের ভিতরে এমন কিছু একটা বিরাগ রাষ্ট্রের বিরুদ্ধে না আসে, যতক্ষণ না তাদের জীবন বিপন্ন হয় ততক্ষণ পর্যন্ত সেই সাধারণ নাগরিক রাষ্ট্রের অনুগত থাকে।

এবং সেই অবস্থায় সেই আবহাওয়ার ভেতর যদি কেউ কোন রকম এই ধরনের বিভীষিকাপূর্ণ কাজ করতে থাকে, তাহলে পরে সাধারণ লোক তাকে থামিয়ে দেয়।

[7-5—7-15 p.m.]

মিষ্টার স্পীকার স্যার, আমাদের বহু নেতা যারা মরাল এর কথা বলেছেন, তাদের সবগুলিকে আমরা পুলিসের পাহারা দিয়ে রক্ষা করি। সমাজে যা চলছে, সমাজের ভেতর যে নানারকম দুর্নীতি হতে পারে না, বহু অপরাধ হতে পারে না সে শুধু পুলিসের রাষ্ট্রের অধ্যক্ষতায়। সুতরাং সমাজের লোকেরা সচেতন হয়ে সেই সমস্ত কাজকর্ম থেকে তাকে নিবৃত্ত করে। সমাজে বেশী যেগুলি প্রয়োজন সে হচ্ছে এই ধরনের শাসক যারা দেশবাসীকে সেইভাবে গড়ে তুলবে। যদি দেশের সাধারণ লোক তাদের প্রতি অনুরাগী থাকে, সাধারণতঃ দেশের লোক খুসী থাকে, যদি দেশের লোকের মন তাদের প্রতি বিষাক্ত না থাকে, তাহলে ল এ্যান্ড অর্ডার দেশের লোকেরাই রক্ষা করে। যেকোন শাসক যারা সেল্ফ-কমপ্লাসেন্ট তাদের আত্মবিশ্লেষণ করতে হয়, দেখতে হয়, যে আইনগুলি দেশে চালু আছে, সেটা দেশবাসী সমর্থন করে কিনা।

আমি শুনতে পেলাম ত্রিবাঙ্কুর-কোচিনের গুলি চালনার কথা। সে তো হিমশীতল হয়ে গেছে। অতদূর যেতে হল কেন? এই আমাদের বাড়ীর পাশে দার্জিলিং সেখানে বারুদের গন্ধ এখনোও পাওয়া যাচ্ছে, তাদের বন্দুকের চোঙ্গা এখনো গরম আছে, শীতল হয় নি। তারপর বাড়ীর পাশে পাটনা, সমস্ত বিহারে যা উচ্ছৃঙ্খলা চলেছে, সেখানেতে না গিয়ে চলে গেলেন কোথায়, কোন সুদূরে! কথাটা হল কংগ্রেসের পক্ষে কনসিসটান্ট লাইন এই হল ত্রিবাঙ্কুর-কোচিন? সেখানে যারা উৎপাত করেছে, তাদের গুলি করা হয়েছে, তেমনি আমরাও এখানে গুলি করেছি। এটা বললে ঠিক হত, একটা কনসিসটান্ট লাইন হতো! ত্রিবাঙ্কুর-কোচিনে গুলি করা হয়েছে খারাপ! কেন, সেখানে কাদের সমর্থন ছিল? ত্রিবাঙ্কুর-কোচিনে যে গভর্নমেন্ট ছিল, সেই গভর্নমেন্ট কংগ্রেসের দ্বারা সমর্থিত। লোক মারবার পরেও তাঁরা উইথড্র করেন নি। তারপর কংগ্রেস বুদ্ধিমানের মত বেট দিয়ে ইউনাইটেড ফ্রন্ট ভেঙ্গে নিয়ে এলেন। যে মুহূর্তে ওদের লোকায়ত্ত কমে গেল, সেই মুহূর্তে তারা ষড়যন্ত্র করে নিজেরা গদী দখল করলেন।

এই যে জঘন্য ষড়যন্ত্র, দল রাখবার চেষ্টা, তারজন্য যেকোন মিথ্যাভাষণ ও মিথ্যাচারেও তাঁদের কোন প্রকার লজ্জা নাই। তাঁরা এইভাবে দেশের শান্তি শৃংখলা কোনদিন নিরাপদ রাখতে পারবেন না, এইভাবে দেশের সমৃদ্ধি হবে না। হয়তঃ আরও দু-চার, পাঁচ বছর লোক ভুলবে, হয়তঃ আরও দু-চার পাঁচ বছর লোককে জবরদস্ত জুলুম দিয়ে শাসনে রাখবেন। কিন্তু যে অবস্থার সৃষ্টি করা হয়েছে, তাতে আর বেশী দিন চালানো সম্ভব হবে না। সেটা বড় কথা নয়, বড় কথা হলো এইভাবে সারা দেশের মধ্যে কি একটা বিশ্রী মনোভাব তাঁরা নিয়ে আসবেন। একটা বিপ্লবের মনোভাব নিয়ে আসবেন। দেশের ভেতর যে কার্যক্রম নিয়ে আসবেন, তাতে সাধারণ আইন দিয়ে আর শাসন তাঁরা করতে পারবেন না।

যা হোক-যেটা আরম্ভ করেছিলাম—এই ট্রেড ইউনিয়ন আন্দোলনকে দমন করবার জন্য শুধু নয়, এই সিকিউরিটি এ্যাক্ট কখন আসবে? যেকোন আন্দোলন করেন জনসাধারণ, তারা যেকোন চিঠি লিখে দরখাস্ত করেন, ডেপুটেশন নিয়ে এসে হতাশ হয়ে যায়, মন্ত্রীদের সাক্ষাৎ মেলে না, সেখানে এই ব্রুট মেজরিটির মন্ত্রীরা এ বিষয়ে নিশ্চিন্তে আসনে বসে থাকেন, যেন অনুগ্রহ করে কথা বলেন কি বলেন না, তাঁরা যে সে ব্যাপারে একটু তৎপর হয়েছেন, তা তাদের বসে থাকবার ভাব দেখলে বোঝা যায় না। তাঁরা দিব্যি আরামে বসে থাকেন। এরপর যদি জনসাধারণের অভিযোগের কোন প্রতিকার না হয়, বার বার আসা যাওয়া করেও দু-চার মাস এইভাবে যাবার পর মানুষ তখন আন্দোলনের পথে নামে। প্রথমে সে আন্দোলন শান্তিপূর্ণভাবে শৃঙ্খলার ভেতর দিয়ে চলে। কিন্তু সেই আন্দোলন যখন এ্যাকটিভ কার্যকরী হয়ে ওঠে, তখনও তারা শান্ত, বৈধ থাকে, কোন অন্যায় কাজ করে না। তারপর যদি অন্যায় করে, তাহলে তো তারজন্য কোর্ট রয়েছে। অন্যায় তখন করে, যখন তারা দেখে গভর্নমেন্ট যারা বড় বড় সমৃদ্ধ ঐশ্বর্যবান লোক, তাদের ঐশ্বর্যহানি না হয়, তার জন্য এই ল এ্যান্ড অর্ডার রক্ষা করছেন। কিন্তু দেশের সমাজের অর্ডার হচ্ছে মাথার উপর বৈদেশিক সমস্ত ব্যবসায়ী কোটিপতি, যারা বাংলার সমস্ত লুণ্ঠন করে যাচ্ছে, তারা হচ্ছে মাথার উপরের চূড়া। তাদের নীচে ধাপে ধাপে হচ্ছে নিম্নমধ্যবিত্ত শ্রেণী চাষী মজুর। এই যে অর্ডার তা রক্ষার জন্য হচ্ছে এই সিকিউরিটি এ্যাক্ট। আমরা এই অর্ডার চূর্ণ করবো, আমরা নূতন অর্ডার আনতে চাই, নূতন সামাজিক অর্ডার আনবো, যে অর্ডারে মাথার উপর চূড়ার উপর এই কোটিপতিরা থাকবে না, যে অর্ডারে পরিশ্রম করে তাঁরা অন্ততঃ বেঁচে থাকতে পারে, আর দুমুঠো খেতে পায়, লজ্জা নিবারণের বস্ত্র পায়, মাথা গুজবার মত একটু আশ্রয় পায়। কিন্তু এর উল্টো অর্ডার রাখতে চায়, তারজন্য সাধারণ আইন বাদ দিয়ে এই রকম আইন করতে হয়। এই যে সাধারণ আন্দোলন হয়, টিচার্স স্ট্রাইক হয়, ব্যাঙ্কারস ব্যাঙ্কে আন্দোলন হয়, ছাত্রদের আন্দোলন, যেকোন আন্দোলনই হোক—সেই আন্দোলনে একটুখানি যখন সমাবেশ জড় করে, তখন তারা দুষ্কার্য করে না, তবু সেখানে গিয়ে হাজির হয় সিকিউরিটি এ্যাক্ট। তার মানে গভর্নমেন্ট মাসেসকে আমন্ত্রণ জানায়—এসো তোমরা বিশৃংখলা কর। নেতাহীন মাসকে ডাঃ রায়ের গভর্নমেন্ট ইনভিটেশন পাঠান, চেলেঞ্জ পাঠান, তোমরা এসো বিশৃংখলা কর। তাঁরা চান না সিকিউরিটি, তাঁরা চান না অর্ডার। তাঁরা চান দেশে বিশৃংখলতা আসুক। সেই বিশৃংখলা এলে পর তাঁর পোষা কুত্তার দল বন্দুকের মুখ দিয়ে তখন ধোয়া ছাড়বে। পৃথিবীর কোন সভ্য দেশে এ ব্যাপার দেখা যাবে না। প্রতিদিন আমরা খবরের কাগজে দেখতে পাই—সাধারণ লোক মারা যাচ্ছে, অহিংসা রাষ্ট্রের পুলিসের গুলিতে। আর সাম্রাজ্যবাদীর কাছে বেড়াল শক্ত মাটি আঁচড়ায় না, ভিজা মাটি আঁচড়ায়। আর নিজের দেশের নিরীহ দরিদ্র চাষী মজুরের উপর চলে মুহুর্মুহু গুলি।

সমস্ত দেশে বেকারী, অন্নাভাব ; তারজন্য যখন তারা ট্রেড ইউনিয়ন আন্দোলন করে, তখন গুলি চলে কেন? ইংল্যান্ডে তারাও ট্রেড ইউনিয়ন মুভমেন্ট করে। সেখানে ট্রেড ইউনিয়ন মুভমেন্টকে অস্বীকার করেও স্ট্রাইক চলে। সেখানে কখনো গুলি চলেছে শুনতে পান? মিষ্টার স্পীকার স্যার, আপনিও পৃথিবীর সংবাদ রাখেন, কোন সভ্য দেশে কি এই রকম গুলি চলে? অথচ তাঁরা নিজেদের মহাত্মা গান্ধীর শিষ্য বলতে লজ্জা অনুভব করেন না। যারা অহিংসার কথা বলে এই রকমভাবে, সেই দেশেতে প্রতিদিন খবরের কাগজে দেখতে পাই নির্বিচারে শিশু হত্যা, নারী হত্যা! এদের অতীত ইতিহাস দেখুন, নূতন শাসনতন্ত্রের ইতিহাস

দেখুন, এখানে জেলের ভেতর খুন করা হয়েছে, নারী হত্যা হয়েছে, শিশু হত্যা হয়েছে। এ রকম জঘন্য ব্যাপার পৃথিবীর অন্য কোন রাষ্ট্রে হয় নাই। প্রত্যেক দেশে দেখতে পাওয়া যায়, রাষ্ট্রের উপর যদি আঘাত হয়, তাহলে পুলিসের অপ্রেসন হয় না। যারা সেখানে আসবে, তারা রাষ্ট্রের সেনা। ট্রেড ইউনিয়ন আন্দোলন সবচেয়ে বেশী আশংকা পায়। স্যার, ট্রেড ইউনিয়ন আন্দোলন অন্য আন্দোলনের চেয়ে প্রায় সব সময় কিছু-না-কিছু আছে। কিন্তু সেখানে এই গভর্নমেন্ট প্রতিশ্রুতি ভংগ করে বড় বড় মনিব্যাগদের রক্ষা করেন ল এ্যান্ড অর্ডার রক্ষার নামে। জুটে যখন বোনাস চেয়েছে, ডাঃ রায় আগে প্রতিশ্রুতি দিয়েছেন—অর্ধেক মিল তাদের প্রফিট থেকে দিবেন। আমিও সেখানে ছিলাম। ভাবলে আমাদের পক্ষেও স্বীকার করা কষ্ট হবে। আমি তখন স্বীকার করেছিলাম। আজ পর্যন্ত তা কেউ করতে পারে না। বোনাস পাস হয়ে গেল। তারপর ট্রিবিউনাল এল। তারপর আবার শোনান হল ইনডাস্ট্রিয়াল ডিসপিউটস এ্যাক্ট। আর একটা জঘন্যতম জিনিষ। এটা মানুষের স্বাধীনতাকে ক্ষুণ্ণ করা জিনিস। ট্রিবিউনাল কেন চায়? ট্রিবিউনাল চাইলেই পাওয়া যায়। একবার পেলে পর দু বছর আড়াই বছর পড়ে থাকলো, তার ভেতর আর কোন আন্দোলন হবে না। তার ভেতর আমাদের মরে থাকতে হবে। এই হচ্ছে ল এ্যান্ড অর্ডার, এই হচ্ছে মানুষকে সুখী করবার উপায়। সেখানেও মানুষ অসুখী। বাংলার ও ভারতবর্ষের শ্রমিক অত্যন্ত শান্ত লোক, অত্যন্ত নিরীহ। এদের উচিত আরো অশান্ত ও দুর্বিষহ হয়ে ওঠা। তাহলে এরা বুঝতে পারতো। যারা শান্তভাবে গুলি খেয়ে মরে তারপর যারা আন্দোলন করে। তার উপর আরও ভালমন্দ তারা বিবেচনা করে চা বাগানের স্ট্রাইক উইথড্র করে এবং যারা কাজে অকর্মণ্য হয়ে যায়, তারা উইথ সেন্স অফ রেসপনসিবিলিটি আবার চা আনতে যায়। তাদের চোখের জল মুছতে মুছতে নিজেদের কবরস্থ মা-ছেলেকে ফেলে রেখে চলে যায়, চা বাগানে চা-পাতা তুলতে। এদেশ শান্ত নিরীহ লোকের দেশ। তারজন্য এত অত্যাচার, এত লাঞ্ছনা সহ্য করতে হয় (এ ভয়েসঃ কি আপশোষ!)

আমার বলবার ইচ্ছা ছিল না। বাধ্য হয়েছি বলতে। কালী মুখার্জীকে জিজ্ঞাসা করতে বলি তার বন্ধু মৈত্রেয়ী বসুকে। চা বাগানের কথা। তিনি দেখে এসেছেন। সেখানে কেন সম্ভব হয় কংগ্রেস এবং কমুনিস্ট পার্টির উভয় দলের শ্রমিকের সংঘবদ্ধ আন্দোলন, গুর্খা দলের সংঘবদ্ধ আন্দোলন?

অর্থাৎ যেখানে শ্রমিকদের প্রয়োজন সেখানে আমরা সরকারের পক্ষ থেকে কি ভাষণ পাই? মন্ত্রীদের কাছ থেকে কি ব্যবহার পাই? এর ফলে যদি দেশ অশান্ত হয়ে ওঠে তাহলে কাউকে দোষ দেওয়া যায় না।

সম্প্রতি সেদিন বজবজের পেট্রোল শাখা বার্মা শেলের—সেখানে গিয়েছিলাম—

Mr. Speaker: There will be a special debate on this.

[7-15—7-25 p.m.]

Sj. Bankim Mukherji:

এখন এখানে একটু না বললে পরিষ্কার হবে না। সেখানকার অর্থাৎ বজবজ শাখার এমপ্লয়ীজ এসোসিয়েশনের সেক্রেটারী অমলেশ মজুমদার তাকে ৪-৫ দিন আগে সিকিউরিটি এ্যাক্ট-এ ধরা হল, কোন প্রকার উত্তেজনা ছিল না। অথচ সেখানকার যে ডিসপিউট সে অত্যন্ত ছোটখাট ডিসপিউট। সেই ছোটখাট ডিসপিউট-এর বিষয়ে এই পেট্রোল কোম্পানীর বোম্বাই, দিল্লী—সব জায়গায়ই চুক্তি করেছে। এখানেও তারা চুক্তি করছে। এখানে একটা ইউনিয়ন ৪টা ইউনিয়ন যারা ফেডারেশন-এর সঙ্গে সংশ্লিষ্ট—তাঁরা বলেন যে শতকরা ৯০ জন এমপ্লয়ীজ আমাদের কর্মচারী, শ্রমিকদের ভিতর শতকরা ৯০ জন আমাদের মেম্বর। কিন্তু সেখানে কালীবাবু একটা ইউনিয়নের পেট্রোল ওয়েল ওয়ার্কারের সম্পাদক। তাঁর ইউনিয়নে যতই থাকুক অন্ততঃ এদের চেয়ে কম এমপ্লয়ীজ তার আন্ডার-এ। আমাদের ধারণা শতকরা ১৫-২০ জনের বেশী ত নয়ই (শ্রীযুক্ত কালী মুখার্জীঃ "কোয়েশ্চেন"।) এক্ষেত্রে প্রশ্নের প্রয়োজন নাই। সম্প্রতি যে লড়াই হচ্ছে তাতে তিনি সিদ্ধান্ত করেন একটা চুক্তির। করুন, আমাদের আপত্তি নাই।

কিন্তু তার ঢের আগে থেকে আমাদের দাবীদাওয়া জানান ছিল, এবং আমাদের বাদ দিয়ে চুক্তি করা হল, এবং এটাতেও আমাদের আপত্তি নাই। সেই চুক্তি আমাদের উপর লাগু করা হয়েছে, অর্থাৎ আমাদের মেম্বরদের উপর—মানে, তাদের সেই চুক্তি মানতে হবে। তাই তার প্রতিবাদে সেখানকার শ্রমিকেরা তাদের মাহিনা নিতে রাজী নয়। এগ্রিমেন্ট অনুযায়ী মাহিনা নেবে। রণজিৎ সান্ন্যালকে কোম্পানীর তরফ থেকে ১৫ দিনের ছুটি দেওয়া হয়।

Mr. Speaker: Mr. Mukherjee, these details can be discussed on the special debate which has been given notice of which Government have accepted.

Sj. Bankim Mukherji:

স্যার এটা যা বলতে চাই সেইটা। এ চা বাগান সম্বন্ধে নয়, এটা পেট্রোল সম্বন্ধে তাই দেখাতে চাই, সম্প্রতি সিকিউরিটি এ্যাক্টএ রণজিৎ সান্ন্যাল ধরা পড়েছে ; এ আর একটা কেস আমাদের কাছে। সেখানে মাহিনা না নেওয়ার প্রতিরোধ চলে ; রণজিৎ সান্ন্যাল কি করেছিল? কোম্পানি ত উপরন্তু তাকে ১৫ দিনের ছুটি দিয়েছিল। ডাক্তারের কাছে পাঠান হয় ; ডাক্তার বললে "কিছুই হয় নি"—তবুও ছেড়েছে। তখন সেই লোককে সিকিউরিটি এ্যাক্ট-এ আটকান হল। আজ অপরাধ ওয়ার্কাররা পে-বয়কট করেছে। এই মাত্র সংবাদ পেলাম তাকে ছেড়ে দেওয়া হয়েছে। কেন ধরা হল, আর কেন ছেড়ে দেওয়া হল? যে কয়দিন আন্দোলন চলেছিল সেই কয়দিন আটকে রাখা হয়েছিল। কিন্তু তাকে আটক করবার ব্যাপারে সুবিধা হয় নি, বরঞ্চ অসুবিধাই হয়েছে ; লোকের ভিতর উত্তেজনার সৃষ্টি হয়েছে, লোক ক্ষেপে গিয়েছে। সেখানে যেভাবে প্রচারকার্য চলেছে—আমি অবাক হয়ে গেলাম যে সেই কালী মুখুজ্যে যিনি সাধারণ সম্পাদক তিনি এসেম্বলিতে যেমন করেন, তেমনি দারুণভাবে কুৎসা আরম্ভ করলেন অপর পার্টির বিরুদ্ধে (শ্রীযুক্ত কালী মুখার্জীঃ আমাদের করতে হয় না, সত্য হলে) একটা ছবিশুদ্ধ ইস্তাহার দিয়ে একটা ছবি এখানে দেখাচ্ছি—

[showed a picture.]

এই ছবিতে এই ভদ্রলোকের মাথায় রুমাল বাঁধা আছে এবং বলা হচ্ছে যে একটা সেখানকার অন্য ইউনিয়নের কর্মী ওর মাথা ভেঙ্গে দিয়েছে। আমি পরশুদিন বজবজে গিয়ে শুনলাম যে ভদ্রলোকের স্ত্রীর সঙ্গে কলহ হয়, এবং স্ত্রী চটে গিয়ে তার মাথায় নারকেল ভাঙ্গে [হাস্য]। ভদ্রলোকের কপাল ফাটবার পরে তারা ভাবলে এটা কাজে লাগাতে হবে ; তারা কালীবাবুর কাছে এসে বললে।

Janab A. M. A. Zaman:

পুলিশের ডায়েরী হয়ে গেছে, তার পরে পুলিসের তদন্ত হয়েছে।

Sj. Bankim Mukherji:

পুলিসের ডায়েরীর কথা আমি জানি ; এর বিরুদ্ধে তারাও ডায়েরী করেছে। এই প্রকার জিনিস প্রচার করা হচ্ছে ; সঙ্গে সঙ্গে ও'দের কাছে গেলে ওরা ভাবলেন কপাল যেভাবে ফেটেছে তার সুযোগ নেওয়া যাক। আমি দেখাচ্ছি এই প্রকার অপপ্রচারে কোন লাভ হয় না (জনৈক সদস্যঃ নারিকেল কোথায়?) সে দুজনে ভাগ কোরে খেয়ে নিয়েছে [হাস্য] আজকে আসল কথা ট্রেড ইউনিয়ন আন্দোলনে প্রথমেই কংগ্রেস পক্ষ থেকে একটা সাংঘাতিক নীতি গ্রহণ করা হয়, যে মুহূর্তে স্বাধীনতার খবর এল, অল ইন্ডিয়া ট্রেড ইউনিয়ন কংগ্রেসের পরলোকগত হরিহরনাথ শাস্ত্রী থেকে আরম্ভ কোরে আই, এন, টি, ইউ, সির আমেদাবাদ ইউনিয়ন ছাড়া আর সমস্ত ইউনিয়নের ভিতর থেকে বিরোধিতা এল। হঠাৎ জনসাধারণের মধ্যে বলা হল—আজ ইংরাজের সঙ্গে লড়াইয়ে আমরাই আগে ছিলাম ; আজ আমাদের হাতে রাজত্ব, অতএব রাষ্ট্রের সঙ্গে এক হয়ে তারা একটা ভয়ঙ্কর আবহাওয়ার সৃষ্টি করেছে। রাষ্ট্র যদি নিরপেক্ষ হতে চায় যেমন অন্যান্য স্বাধীন দেশে দেখতে পাই—কিন্তু এখানকার রাষ্ট্র এত ছোট সংকীর্ণচিত্ত, এখানকার রাষ্ট্রের মন্ত্রীমহাশয়ের হৃদয়ও তেমনি সংকীর্ণ। এ'রা দলীয় স্বার্থকে জাতির স্বার্থের উপরে স্থান দেন এবং তার উন্নতি আনবার জন্য যেমন কোরে হউক তার সঙ্গে যারা সংশ্লিষ্ট ট্রেড

ইউনিয়ন তাদের খানিকটা উদ্বিগ্ন কোরে দেবার চেষ্টা করেন, এবং এই সংগ্রামের পথে লেবার কমিশনারের দপ্তর এবং এই সংগ্রামের পথের সুযোগ নিচ্ছে সমস্ত এমপ্লয়ারেরা। এর জন্য আজ সমস্ত শ্রমিক বিক্ষুব্ধ। বার বার এই অপমান, লাঞ্ছনা, তাদের প্রতি অবিচার—কতকাল তারা সহ্য করবে? মাঝে মাঝে তারা সহ্য করতে পারে না, এবং ফিরে দাঁড়ায়। কাজেই আমি বলি রাষ্ট্রের কাজ হচ্ছে যেমন দেশের নিরাপত্তা, দেশের সেফ্‌টি রক্ষা করা, তেমনি এই রাষ্ট্রের আর একদিকের কাজ হচ্ছে জনসাধারণের বেকারী হটান, জনসাধারণের উৎপাদন বাড়ান, এবং জননিরাপত্তার জন্য ট্রেড ইউনিয়ন আন্দোলনের ভিতর যাতে অনৈক্য না থাকে, কলহ না হয় এটা দেখা। অথচ তাঁরা তা নিলেন না। এর ফলে যদি বিক্ষোভ হয় তাহলে তাঁর নিজের কাজের ফলে সাজা এসে পড়ে, লাঠি এসে পড়ে, আমাদের মাথার উপর। আমরা জানি সিকিউরিটি এ্যাক্ট-এ বহুদিন আটকে রাখা হয় না। কিন্তু আমরা যখন একটা স্ট্রাগল করতে যাচ্ছি, একটা স্ট্রাইক শান্তিপূর্ণভাবে রাখা শক্ত সেই সময় যদি গভর্নমেন্ট এই ধরবার নীতিতে বিনাবিচারে সিকিউরিটি এ্যাক্ট-এ আটকে রাখলেন তাহলে পর আর কি ভুল হতে পারে? কিন্তু ডাঃ রায় যদি বলেন এটার প্রয়োগ বেশী হয় না, বেশী দিন করে না, তবে বলব যে প্রয়োগ যখন করেন সে মখাম সময়েই। যখন নাভিশ্বাস উঠেছে তখন যদি কেউ বুকের উপর এসে বসে তখন সেটা মখাম হয়।

[7-25—7-30 p.m.]

আমরা জানি সিকিউরিটি এ্যাক্ট-এ আটকের ফল কি হচ্ছে হয়তঃ একটা স্ট্রাইক করতে যাচ্ছে একটা স্ট্রাগল, একটা স্ট্রাইক শান্তিপূর্ণভাবে রাখা খুবই শক্ত। সেই সময় যদি গভর্নমেন্ট ১৫ দিনের জন্য তিন সপ্তাহের জন্য নেতাদের বিনাবিচারে আটক রাখেন, সিকিউরিটি এ্যাক্ট এর বলে, তাহলে কি ফল হল? ডাঃ রায় যতই বলুন না কেন যে এই এ্যাক্ট এর প্রয়োগ তিনি বেশী করেন না বা করা হবে না। কিন্তু যখন নাভিশ্বাস উঠেছে তখন যদি কেউ বুকের উপর চেপে বসে তাহলে সেটা যেমন মখাম হয়, ঠিক এমন সময়ে যদি নেতাদের উপর এই সিকিউরিটি এ্যাক্ট প্রয়োগ করা হয়, সেটা ঠিক তেমনিই সক্ষম হয়। যখন আন্দোলন এমন একটা অবস্থায় এসে পড়ে যে যখন তাদেরই সমর্থক এই ধনীক শ্রেণী বিপন্ন হয়, তাদের কোন উপায় থাকে না তখন তাদের রক্ষাকল্পে, দলীয় স্বার্থ রক্ষাকল্পে এই সিকিউরিটি এ্যাক্ট আসে এবং আজ এই এ্যাক্টের মেয়াদ পাঁচ বছর বাড়িয়ে দেওয়া হচ্ছে, অর্থাৎ নেক্সট এসেম্বলি ইলেকসন যেটা হবে তারই জন্য এটা করা হচ্ছে। যেমন বরাবর দুই বছরের জন্য করা হতো যদি এবার এক দেড় বছরের জন্য করা হোত, নব নির্বাচিত এসেম্বলিকে যদি সম্পূর্ণ সুযোগ দেওয়া হোত তাঁরা এটাকে কি করবেন না করবেন, তাহলেও বুঝতাম। কিন্তু এঁরা ভাবছেন আবার হয়ত গদীতে আসবো, এবং তারপর আর যেন বিপদে পড়তে না হয়, আরো তিন বছর বিনা বিপদে বহাল তবিয়তে থাকতে পারবো, তারই ব্যবস্থা হচ্ছে। তাঁরা ভাবছেন তরীর পাল তুলে দিয়ে তাঁরা চালাবেন, কিন্তু তরী ত বৈতরণীতে এসে পৌঁচেছে, এ আর বেশী দিন চলবে না। যেভাবে সমস্ত লোককে উৎক্ষিপ্ত করা হচ্ছে, সেই বিক্ষোভের মাঝে তাদের সুখ স্বপ্ন ভেঙ্গে যেতে বাধ্য। জনসাধারণ উৎক্ষিপ্ত হয়ে যাচ্ছে, তাদের পদধ্বনি আজ আমরা শুনতে পাচ্ছি, তাদের সেই পদধ্বনি পাটনা, গাজিপুর থেকে আরম্ভ করে সর্বত্রই শোনা যাচ্ছে। রাণীগঞ্জ, ঝরিয়া, কানপুর অঞ্চলে, তারপরে গোয়াতেও তাদের পদধ্বনি শোনা যাচ্ছে, দার্জিলিংএও তাই। এক কথায় ভারতের সর্বত্রই তাদের পদধ্বনি শোনা যাচ্ছে। সারা ভারতবর্ষের নূতন যে মানুষ, ভারতবর্ষের যে নূতন জাগরণ, ভারতবর্ষের নূতন যে স্বাধীনতাস্পৃহ মানুষ, তাদের পদধ্বনি এখনও পর্যন্ত তাঁরা শোনেন নি। আবাদীর পরে যে সুখ স্বপ্নে তাঁরা বিভোর আছেন, সেই সুখ স্বপ্ন অন্ততঃ আর এক বছর পরে টিকবে না। বিশেষ করে যতই তাঁরা এই নূতন নূতন ট্যাক্স, নূতন নূতন সিকিউরিটি আইন, নূতন নূতন ডেভেলপমেন্ট ট্যাক্স এনে মানুষকে উৎক্ষিপ্ত করবেন, ততই তাদের দিন সংকীর্ণ হয়ে আসবে, এই হল ইতিহাসের সাক্ষ্য।

Sj. Jyoti Basu:

আর কতক্ষণ বলবেন, সাড়ে সাতটা বাজে।

Dr. Maitreyee Bose: On a point of personal explanation, Sir,

মাননীয় সভাপাল মহাশয়, কতকগুলি কথা অনেকদিন থেকে যা প্রচারিত হয়েছে সেটা আজ খোলাখুলিভাবে প্রকাশ পেয়েছে শ্রীযুক্ত বঙ্কিম মুখার্জীর কথায়। তিনি বলেছেন আমি নাকি দেখেছি শিলিগুড়িতে গিয়ে যে কংগ্রেস এবং কমিউনিষ্ট একসঙ্গে আন্দোলন করেছে। কাজেই কংগ্রেসকর্মীরা এবং কমিউনিস্টকর্মীরা একসঙ্গে আন্দোলন করেছে কিনা সেটা প্রমাণ করতে হবে। অনেক জায়গায় অনেকে বলেছেন কংগ্রেসের ইউনিয়ন। কংগ্রেস ইউনিয়ন বলে যদি কোন একজন লোক কোন ইউনিয়নে নিজেকে সভাপতি বলে মনে করেন কিংবা যদি নিজে সভাপতি বলে বসে থাকেন তাহলে সেটা কংগ্রেস ইউনিয়ন হল, এমন কথা বলা যায় না, বললে ভুল বলবেন [লাউড নয়েজ]। কাজেই কংগ্রেসীরা এবং কমিউনিস্টরা একসঙ্গে আন্দোলন করেছেন সেটা মৈত্রেয়ী বোস দেখে এসেছেন এবং তিনি বাহবা দিয়েছেন এই রকম যে নানা কানাঘুসা চলছে এবং নানারকমভাবে শত্রু পক্ষ প্রচার করে মজা পাচ্ছে, সে বিষয়ে আমি বলবো যে জলপাইগুড়িতে কতগুলি ইউনিয়ন আছে, তার মধ্যে যেটা কংগ্রেসের ইউনিয়ন এবং যেটা আই. এন. টি. ইউ. সির এফিলিয়েটেড, তারা স্ট্রাইক করে নি। স্ট্রাইকের নোটিশ দিয়েছিল, কিন্তু যখন প্লানটেসন ইণ্ডাস্ট্রিয়াল কমিটি তৈরী হল বোনাস ইসুর ব্যাপারে, তখন তাঁরা স্ট্রাইকটা উইথড্র করেন নি বটে, নোটিশটাকে কিন্তু ডেফার করে রেখেছেন এবং যদি বোনাস পায় তাহলে স্ট্রাইক আর করবে না। কংগ্রেসের যেটা ইউনিয়ন আই. এন. টি. ইউ. সি. তারা স্ট্রাইক করে নি এবং শতকরা ৫০ জন লোক স্ট্রাইক করে নি।

[Noise: Several voices of protest from the Opposition.]

Mr. Speaker: I think that is sufficient.

Dr. Maitrayee Bose: Yes, that is sufficient.

আমি জানি সত্য কথা বলতে গেলে এঁরা সবসময় গোলমাল করেন। নিজেরা আধ ঘণ্টা এক ঘণ্টা ধরে বলেন তখন কিছু হয় না।

Mr. Speaker: I think that is sufficient. You should stop now.

Dr. Maitreyee Bose:

সভাপাল মহাশয়ের নির্দেশক্রমে আমি বসছি, আর কিছু বলবো না।

Mr. Speaker: The House stands adjourned till 3 p.m. tomorrow. The first two hours will be devoted to non-official business.

Adjournment

The House was accordingly adjourned at 7-30 p.m. till 3 p.m. on Friday, the 9th September, 1955, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 9th September, 1955, at 3 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 15 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 192 Members.

NON-OFFICIAL RESOLUTIONS

[3—3-10 p.m.]

Sj. Jnanendra Kumar Chaudhury:

মিঃ স্পীকার, স্যার, গত বৃহস্পতিবার আপনি বলেছিলেন, শুক্রবার দিন গভর্নমেন্ট বিজনেস হবে; এই শুক্রবার নন-অফিসিয়াল বিজনেস পুরো দিনটা হবে তো?

Mr. Speaker: It was mentioned yesterday that non-official business will be discussed for two hours.

Sj. Jnanendra Kumar Chaudhury:

দু' ঘণ্টা দিলে কি ক'রে হবে, স্যার? গত শুক্রবারও আমরা পেলাম না।

Mr. Speaker: It depends on the volume of non-official business.

Sj. Ganesh Ghosh:

গত শুক্রবার এনটায়ার অফিসিয়াল বিজনেস হয়েছে, সুতরাং এ দিনটা নন-অফিসিয়াল বিজনেসএর জন্য এনটায়ার্লি ছেড়ে দিন।

Mr. Speaker:

হাউসের বিজনেস তো আরও মাসখানেক চলবে, সুতরাং নেক্সট থ্রি অর ফোর ফ্রাইডেজ নন-অফিসিয়াল বিজনেস হতে পারবে যদি সাফিসিয়েন্ট বিজনেস থাকে।

Sj. Ganesh Ghosh:

আজকে এনটায়ার ডে-টা হ'লে ভাল হয়।

Mr. Speaker:

যা বিজনেস আছে তাতে হয়ে যাবে।

The motion of Sj. Jatish Ghosh is a short one and I think 45 minutes' discussion will be enough. If necessary I shall extend the time.

Dr. Jatish Ghosh: Sir, I beg to move that this Assembly is of opinion that the hospitals and health centres in the urban as well as rural areas of the State of West Bengal should be provided with sufficient quantities of Anti-venom Serum for the treatment of snake-bite cases.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in lines 1 to 4 for the words beginning with "the hospitals and health centres" and ending with "free treatment of snake-bite cases", the following be substituted, namely:—

"In view of the fast deteriorating material condition of the people of West Bengal and consequently of the imperative necessity of extending free and better standard of medical facilities to them,

particularly in the muffassil areas, the State Government should immediately take effective measures to (i) establish at least one well-equipped health centre for every union, (ii) develop the existing subdivisional and sadar hospitals as first class hospitals with arrangements for specialised treatment in the model of Calcutta Medical College Hospitals, (iii) set up at least three colleges outside Calcutta preferably one in the north, one in the south and one in the west, for imparting medical education to students and (iv) pending the complete fulfilment of the plan mentioned above, distribute necessary medicines, anti-biotic drugs and anti-venom serum free of charge to people through mobile medical units or health centres or dispensaries or hospitals as the case may be."

Dr. Jatish Ghosh:

মাননীয় সভাপালমহাশয়, গত ১৯৫৪ সালের মাঝামাঝি আমি এই প্রস্তাবটি আইনসভায় উপস্থিত করার জন্য পেশ করিয়াছিলাম, কিন্তু ব্যালট ও প্রাইঅরিটি ইত্যাদি কায়দার প্যাঁচে প'ড়ে প্রস্তাবটি সভায় (হাউসএ) বারেবারে প্রচার হ'লেও উত্থাপন করার সুযোগ হয় না। সৌভাগ্যের বিষয়, এবার সুযোগ এসেছে। আমার এ প্রস্তাবটি অরাজনৈতিক, জটিলতাবিহীন, মানবতার দিকে চিন্তা করলে বিশেষ গুরুত্বপূর্ণ এবং অত্যাবশ্যকীয়। আমি নিজে একজন চিকিৎসক এবং পল্লী অঞ্চলই আমার চিকিৎসার কেন্দ্র। স্নেক-বাইট বা সর্পদংশনজনিত বিনা চিকিৎসা, অচিকিৎসায় মৃত্যু সম্বন্ধে গত ৩৫ বৎসরের অধিককাল প্রত্যক্ষদর্শী হিসাবে যে অভিজ্ঞতা আমার হয়েছে এবং যে অভাব ও অভিযোগ চিকিৎসকের হৃদয় দিয়ে আমি অনুভব করেছি তার প্রতিকার প্রচেষ্টায়, মাননীয় সভাপালমহাশয়, আপনার মাধ্যমে আমি আজ পশ্চিম বাংলা রাষ্ট্রের কর্ণধার, শ্রেষ্ঠ বৈজ্ঞানিক চিকিৎসকচূড়ামণি ডাঃ রায়, স্বাস্থ্যমন্ত্রী ডাঃ মুখার্জি ও কংগ্রেস পক্ষীয় বন্ধু মাননীয় সভা মহাশয়দের হৃদয়ের দুয়ারে পল্লীবাসীর মর্মবেদনা, কাতর ক্রন্দনধ্বনির প্রতিধ্বনি করতে চাই এবং বলতে চাই পল্লী অঞ্চলের প্রতি এইরূপ উপেক্ষা অত্যন্ত দুঃখজনক বিশেষতঃ ১৯৪৭ সালের পর। বন্ধু সুবোধবাবু যে সংশোধনী প্রস্তাব এনেছেন সেটি সাধু প্রস্তাব সন্দেহ নাই, কিন্তু প্রস্তাবটি সংশোধনী আকারে না এনে একটি স্বতন্ত্র মূল প্রস্তাব আনা উচিত ছিল। বাংলাদেশের প্রত্যেক ইউনিয়নে স্বাস্থ্যকেন্দ্র স্থাপন হওয়া জরুরী আবশ্যক এ সম্বন্ধে মতভেদ নাই। সরকার এ বিষয়ে স্কীম ঘোষণা করেছেন বটে দুঃখের বিষয় যেরূপ শম্বুকগতিতে অগ্রসর হচ্ছেন সারা বাংলার ইউনিয়নগুলিতে স্বাস্থ্যকেন্দ্র স্থাপন ৯০ বৎসরের আগে হবে কি না সন্দেহ। এইরূপ শম্বুকগতি পরিত্যাগ করতে অনুরোধ করি। কাজেই ঐ সংশোধনীটি জটিল। আমি মনে করি আমার প্রস্তাবটির সহিত ঐ সংশোধনী প্রস্তাব গ্রহণ করলে প্রস্তাবটি বর্তমানে অবাস্তবে পরিণত হবে, এজন্য আমি সংশোধনী গ্রহণ করতে পারি না।

মাননীয় সভাপাল মহাশয়, ইংরাজ আমলে বিদেশী সরকার ছিল এসব নজর দিত না, কিন্তু ১৯৪৭ সালে ক্ষমতা হস্তান্তর হওয়ার পর কংগ্রেস দেশে জাতীয় সরকার প্রতিষ্ঠা করেছেন। জনগণের সরকার ব'লে বারেবারে ঘোষণা করছেন অথচ সত্যিকারের জনগণ, যারা উপেক্ষিত, অবহেলিত, পল্লী অঞ্চলে জীবনমৃত্যুর সমস্যা নিয়ে পল্লীমায়ের কোল আঁকড়ে প'ড়ে আছে, আজ বিজ্ঞানের উন্নতির যুগে এবং বৈজ্ঞানিকের রাজত্বে সর্পদংশনের শ্রেষ্ঠ বৈজ্ঞানিক চিকিৎসার ঔষধটুকুও পাবে না এটা নিছক দুরদৃষ্টের পরিহাস ছাড়া আর কি বলবো। মাননীয় সভাপাল-মহাশয়, গত দুই বৎসরে কোন জেলার কোন গ্রামে কত লোক বিষধর সর্পদংশনে বিনা চিকিৎসায়, অচিকিৎসায় মৃত্যু বরণ করেছে খবরের কাগজ মারফতে তার একটা হিসাব আপনার মাধ্যমে সভায় পেশ করার ইচ্ছা ছিল। কিন্তু সময় অল্প, বিস্তারিত বিবরণ দিয়ে পুঁথি বড় করবো না। সংক্ষেপে একটি মাত্র ঘটনা নদীয়া জেলার বলবো। ১৯৫৫ সালের ২৬এ জুলাই তারিখে যুগান্তর পত্রিকায় প্রকাশিত এক নদীয়া জেলার তাহেরপুর উদ্বাস্তু কলোনীতে এক মাসে ২০ জনের বিষধর গোখুরা সর্পদংশনে বিনা চিকিৎসায় মৃত্যু হইয়াছে। এমনি ক'রে বছরের পর বছর ধ'রে হাজারে হাজারে পল্লীবাসী সর্পদংশনে বিনা চিকিৎসায় মারা যায়। পল্লী অঞ্চলের

উন্নতির কথা মাঝে মাঝে খবরের কাগজে কতই না দেখা যায়। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যেসব অঞ্চল গ্রহণ করা হয়েছিল, আমি জানি, সেখানেও বিজ্ঞানের এই অবদান এ্যান্টি-ভেনম সিরাম প্রয়োগে সর্পদষ্ট রোগীর চিকিৎসার কোন ব্যবস্থাই ছিল না, এখনও নাই। প্রত্যক্ষদর্শী হিসাবে আমি জানি মাত্র ছুরি (নাইফ) দিয়ে দংশিত স্থানে (ইনসিশন) চিরে দিয়ে একটু পারম্যাংগানেট অফ পটাশ দিয়ে চিকিৎসককে তাঁর ইচ্ছার বিরুদ্ধে কর্তব্য শেষ করতে হয়। চিকিৎসকের পক্ষেও এর চেয়ে লজ্জা, কর্তব্যহীনতা আর কি হতে পারে। কিন্তু চিকিৎসক সেখানে যন্ত্রমাত্র। পুরাকালে গাছগাছড়া বা মন্ত্র দ্বারা সর্পদংশন চিকিৎসার গুজব এখনো শোনা যায়, কিন্তু হয়ত গাছগাছড়া ঔষধ দিয়ে রোগী সারতে পাবে, মন্ত্রৌষধির কোন প্রমাণ নাই বিশেষ বর্তমান বিজ্ঞানের উত্তরোত্তর উন্নতির যুগে। আমি মনে করি, ইতিপূর্বেই এ্যান্টি ভেনম সিরাম সারা বাংলার মফঃস্বল হাসপাতাল, পল্লী স্বাস্থ্যকেন্দ্রগুলিতে রাখার ব্যবস্থা করা উচিত ছিল। নিজের অভিজ্ঞতা থেকে দেখেছি এ্যান্টি ভেনম সিরাম ইনজেকশন যদি ঠিক সময়ে উপযুক্ত মাত্রায় দেওয়া হয় তাহলে সেন্ট পারসেন্ট কেস আরোগ্য হয়ে যায়। মাননীয় সভাপালমহাশয়, তাই আজকে আমি মানবতার নামে আবেদন করবো, আজ মানুষের জীবনরক্ষার চেষ্টার জন্য যে প্রস্তাব এনেছি, আশা করি মন্ত্রীমহাশয় এটা গ্রহণ করবেন। উনি হয়ত বলবেন, সর্পদংশনে মৃত্যুর কোন হিসাব নাই। প্রকৃতপক্ষে অন্যান্য রোগের মৃত্যুর যেভাবে স্ট্যাটিসটিকস রাখেন সরকারের শুধু সর্পদংশনে মৃত্যুর সেরূপ কোন হিসাব রাখার ব্যবস্থা নাই। গ্রামের যে চৌকিদার জন্মমৃত্যুর হিসাব দেয় সেই একমাত্র লোক যে সবরকম কেসের হিসাব দেয়। গ্রামে মৃত্যুর হিসাব রাখে, জ্বরে মরলেও জ্বরে মরেছে, নিউমোনিয়াতে মরলে বলে জ্বরবিকারে মরেছে; সুতরাং কত লোক এ্যাকচুয়ালি স্নেক-বাইটে মারা যায় তার কোন স্ট্যাটিসটিকস অন্ততঃ সরকারী স্ট্যাটিসটিক্যাল হেল্থ রিপোর্টে লিস্টে নাই। আমি আশা করি, আমার এই সহজ সরল প্রস্তাব অনায়াসে গ্রহণ ক'রে নেবেন। শুধু একটা জেলার খবরই এ নয়, বিভিন্ন জেলার হাসপাতালে এবং থানা ও ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রে ঘুরে দেখেছি তাতে যে তথ্য পেয়েছি তাতে আমার মনে দৃঢ় ধারণা হয়েছে যে সর্পদংশনে হাজার হাজার লোক বিনা চিকিৎসা ও অচিকিৎসায় মারা যায়।

[3-10—3-20 p.m.]

আজকের এই বৈজ্ঞানিক উন্নতির যুগে, বিজ্ঞান যখন আমাদের নানারকম ওষুধ দিচ্ছে এবং সুচিকিৎসার জন্য অনেক ব্যবস্থা হয়েছে, তখন আমি মনে করি, প্রধানমন্ত্রী সেকেন্ড ফাইভ ইয়ার প্ল্যানএ পল্লীগ্রামে চিকিৎসা সম্বন্ধে যে সমস্ত বড় বড় কথা খবরের কাগজ মারফৎ ঘোষণা করেছেন তৎসহ সর্পদংশিত রোগীদের বিনা ব্যয়ে চিকিৎসার সুব্যবস্থা দাবি করি। তাই আপনাদের কাছে শেষ আবেদন করবো, আপনারা সর্পদংশনের মৃত্যুর হাত থেকে মানুষকে বাঁচাবার জন্য বা মৃত্যু নিবারণ করবার জন্য যে প্রচেষ্টার জন্য এ্যান্টি ভেনম প্রত্যেক হাসপাতালে সাপ্লাই ক'রে মানবতার পরিচয় দিন। আপনারা যদি জেলার প্রত্যেক সিভিল সার্জেনএর ওপিনিয়ন নেন তাঁরা প্রত্যেকে এটা সমর্থন করবেন। আমি বর্ধমান, মেদিনীপুর প্রভৃতি সরকারী হাসপাতালের সার্জেনদের কাছে এ্যাপ্রোচ করেছিলাম, বলেছিলাম আমি এ সম্বন্ধে একটা নন-অফিসিয়াল রেসোলিউশন দিচ্ছি যাতে প্রত্যেক হাসপাতালে এ্যান্টি ভেনম সাপ্লাই করবার কথা থাকবে, সর্পদংশিত রোগীর আধুনিক বৈজ্ঞানিক ঔষধ এ্যান্টি ভেনম সিরাম থাকে। চিকিৎসক তারা তাদের অভিমত প্রকাশ করেছিলেন সরকার যদি আমাদের ওপিনিয়ন নেন তাহলে নিশ্চয়ই এ সম্বন্ধে আমাদের অভিমত পাঠাবো এবং হোল হার্টেডলি এই প্রস্তাব সমর্থন করি। আজকের দিনে অচিকিৎসা বা বিনা চিকিৎসায় লোক মারা যায় এটা হতে দেওয়া উচিত নয়; তাই আবেদন করি আমার প্রস্তাবটি বিবেচনা ক'রে গ্রহণ করবেন।

Mr. Speaker: Before discussion further proceeds, I would point out and rule the amendment of Sj. Subodh Banerjee out of order. The reason is that you have substituted the entire resolution of Sj. Jatish Ghosh by a different wording keeping only the portion which says "This Assembly is of opinion". That is not the object of an amendment. It is an entirely new subject. By an amendment you cannot change the scope of the debate of the original motion, by introducing absolutely new subjects. There is also another side of the picture. Non-official resolutions are balloted

and members have a chance of getting preference. It is another novel way of subterfuging the priority of ballot by substituting an amendment changing the entire body of the resolution and thereby getting rid of the ballot priority. Moreover, I find there is a very well recognised practice. It is given in May's Parliamentary Practice that any amendment which has the effect of changing the nature of the original motion and extending the sphere of the debate to another subject which is not contemplated by the original resolution is out of order.

In that view of the matter, let the debate be confined to the motion of Sj. Jatish Ghosh.

Sj. Subodh Banerjee:

মাননীয় স্পীকারমহাশয়, আপনি যে রুলিং দিয়েছেন তার প্রতিবাদ করবার অধিকার আমার নেই। কিন্তু আমি মে'জ পার্লামেন্টারি প্র্যাকটিস থেকে দেখাচ্ছি একটা প্রস্তাবের উপর কোন সংশোধনী প্রস্তাব কেমনভাবে দিতে পারা যায়। কোন প্রস্তাবের দিস এ্যাসেম্বলী ইজ অফ অপিনিয়ন দ্যাট এই কথাগুলি রেখে বাকী সমস্ত কথা পরিবর্তিত করা যায়

even to the effect of contradicting the main motion

অর্থাৎ সংশোধনের ফলে যদি মূল প্রস্তাবের বিপরীত ভাব প্রকাশিত হয়ে পড়ে তাহ'লেও সংশোধন প্রস্তাব আইনতঃ ঠিক হয়েছে ব'লে ধ'রে নেওয়া হবে। দিস ইজ কমন পার্লামেন্টারি প্র্যাকটিস এ্যাকসেপটেড বাই অল। মে'জ পার্লামেন্টারি প্র্যাকটিসে এটা আপনি দেখতে পাবেন। দ্বিতীয়তঃ,

the amendment definitely must deal with the subject What is the subject-matter in this particular resolution? The subject-matter is medical facilities to the people of West Bengal

Mr. Speaker: The subject-matter is snake-bite

Sj. Subodh Banerjee:

আমার সংশোধন প্রস্তাবের ৪নং ধারায় ঐ সর্পদংশনের বিষয় আছে। আমি মূল প্রস্তাবের কোন অংশ বাদ দিইনি বরং তাকে আরও কমপ্রিহেনসিভ ক'রে দিয়েছি। আমার প্রস্তাবের ৪নং ধারা স্বল্পমেয়াদী পরিকল্পনা। যতদিন না দীর্ঘমেয়াদী পরিকল্পনা পুরাপুরি গ্রহণ করছেন ততদিন স্বল্পমেয়াদী পরিকল্পনা চলতে থাকবে।

Mr. Speaker: I will accept clause (iv) of Sj. Subodh Banerjee's amendment and delete the other portions of his amendment. Let clause (iv) be added to the resolution only the anti-venom portion; the rest of the amendment is out of order.

Sj. Subodh Banerjee:

আমার সংশোধনী প্রস্তাব——

Mr. Speaker: Kindly confine yourself to anti-venom or snake-bite.

Sj. Subodh Banerjee:

প্রথমতঃ, আমার প্রস্তাবের উদ্দেশ্য এই নয় যে, জ্যোতিষবাবুর প্রস্তাব পরাজিত হউক বা পল্লীগ্রামে সর্পাঘাতের চিকিৎসা বন্ধ থাক। এই প্রস্তাবের উদ্দেশ্য, জ্যোতিষবাবুর প্রস্তাবকে আরও ব্যাপক করা, জ্যোতিষবাবুর প্রস্তাবে যা আছে আমার প্রস্তাবেও তা আছে। তা ছাড়া আর যেসব ঔষধ দরকার পল্লীগ্রামে চিকিৎসার জন্য সেগুলি আমার প্রস্তাবে দেওয়া আছে, জ্যোতিষবাবুর প্রস্তাবে নেই। আমরা দেখেছি পল্লীগ্রামে কেবলমাত্র সর্পাঘাতেই লোকে মরে না, অন্য রোগেও মরে। জ্যোতিষবাবুর প্রস্তাবে সেসব রোগের চিকিৎসার ও ঔষধের কথা নেই। তা ছাড়া পল্লীগ্রামের প্রতি ইউনিয়নএ হেল্থ সেন্টার খোলা, মহকুমা ও সদর

হাঁসপাতালগুলিকে উন্নত করা এবং বিশেষজ্ঞদের দিয়ে সেখানে চিকিৎসার ব্যবস্থা করা, পশ্চিমবঙ্গে আরও তিনটি মেডিকেল কলেজ খোলা—এসব অত্যন্ত প্রয়োজনীয় ও জরুরী দাবীগুলিও আমার প্রস্তাবে সংযোজিত হয়েছে।

Mr. Speaker: You must explain your position with regard to the portion of clause (iv) only. I have accepted clause (iv) of your amendment and it is before the House.

Sj. Subodh Banerjee:

পল্লীগ্রামে এই এ্যান্টি ভেনম নিশ্চয়ই বিনামূল্যে দিতে হবে এবং তা আমরা সমর্থন করি। কিন্তু এ ছাড়া আরও যে সমস্ত রোগ সেখানে হয় তার ঔষধ যাতে বিনামূল্যে বিতরিত হয় তারও ব্যবস্থা করতে হবে। তাই

necessary drugs, necessary medicines, anti-biotic medicines

প্রভৃতি কথাগুলি যোগ করতে চেয়েছি। পাড়াগাঁয়ে চিকিৎসার সুবিধা নেই। এমন বহু জায়গা আছে যার ২০০ বর্গমাইলের মধ্যে কোন চিকিৎসাকেন্দ্র নাই। এখানে একটা হাঁসপাতাল, তার ৩০ মাইল পরে একটা ডাক্তারখানা এইভাবে চললে চিকিৎসার সুযোগ কোথায়? সর্পাঘাতের চিকিৎসার জন্য পল্লীবাসীরা কোথায় আসবেন? ৩০ মাইল দূরের ডাক্তারখানায় বা ১০০ মাইল দূরের হাসপাতালে আনতে আনতেই তো রোগী মারা যাবে। সেইজন্যই বলেছি

hospital, dispensary, mobile health unit, health centre

প্রভৃতির মাধ্যমে এই চিকিৎসা করানো হউক। অন্যান্য সুবিধা বৃদ্ধির জন্য আর যা যা করা দরকার তারও ব্যবস্থা করা হউক। জ্যোতিষবাবুর প্রস্তাবকে সাবটারফিউজ করার জন্য আমি এই প্রস্তাব আনিনি। জ্যোতিষবাবুর প্রস্তাবে শুধু এ্যান্টি ভেনম দেবার কথা বলা হয়েছে। আমি আরও বহু ঔষধ দেবার কথা বলেছি এবং হাসপাতাল প্রভৃতির যাতে ভাল ব্যবস্থা হয় তার জন্য বলেছি। সুতরাং ইট ইজ এ মোর কম্প্রিহেন্সিভ রেজোলিউশন। তবে যদি বলেন আমার প্রস্তাবের সব কথা বাদ দিয়ে কেবলমাত্র এ্যান্টি ভেনম কথাটা রাখা হবে তাহলে আমার সংশোধন প্রস্তাবের সঙ্গে জ্যোতিষবাবুর প্রস্তাবের কোন প্রভেদ থাকে না এবং সেক্ষেত্রে সংশোধন প্রস্তাব আনারও কোন অর্থ থাকে না। তাই আমার সংশোধন প্রস্তাব তুলে নিতে হয়।

[3-20—3-30 p.m.]

Sj. Haripada Chatterjee:

মাননীয় সভাপাল মহাশয় আমি জ্যোতিষবাবুর প্রস্তাব সমর্থন করছি। জ্যোতিষবাবুর প্রস্তাব এজন্য সমর্থন করছি যে, তিনি একটা ছোট ইচ্ছা জানিয়েছেন। এটা একটা ছোট কথা মনে হতে পারে। কিন্তু আমাদের পশ্চিমবাংলায় গরীব গ্রামবাসীর পক্ষে সেটা অতি প্রয়োজনীয় জিনিষ। আমরা দেশের উন্নয়ন পরিকল্পনার কথা ভাবি। কিন্তু সভাপালমহাশয় আমার মনে হয় এদেশে মানুষই থাকবে, কি সাপ থাকবে? (এ ভয়েসঃ দুটোই থাকবে।)

বর্ষাকালে গ্রামের মধ্যে সাপের যে কি অত্যাচার তা বলবার কথা নয়। সেন্সাস রিপোর্টে যা বলেছে পশ্চিম বাংলায় গত দশ বছরে কত লোক সাপের কামড়ে মরেছে। এই সেন্সাস রিপোর্টে যা আছে সেটা তারা গ্রামের নিরক্ষর চৌকিদার মারফৎ সংগ্রহ করেছে। তবে একথা সত্য যে, বহু সর্পাঘাতে মৃত্যুর রেকর্ড হয় না। কারণ ঐসব নিরক্ষর চৌকিদাররা নিজেরা লিখতে জানে না, অনেক সময় এ সংবাদ সময়মত তার কাছে পৌঁছায় না। কাজেই মৃত্যুসংখ্যা যা সেন্সাস রিপোর্টএ দেখানো হয়েছে তার চেয়ে অনেক বেশী লোক এই সর্পাঘাতে মারা যায়। সেন্সাস রিপোর্ট বলছে ১৯৪১ সাল থেকে ১৯৫০ সাল পর্যন্ত হিসাব, প্রত্যেক বছরের হিসাব তাতে দেখছি বাংলাদেশে প্রত্যেক বছর গড়ে আড়াই হাজার পুরুষ ও আড়াই হাজার নারী এই সর্পাঘাতে মারা যায়। এটা অবশ্য চৌকিদারদের রিপোর্ট। আমার মনে হয়, এই সর্পাঘাতে মৃত্যুসংখ্যা কমপক্ষে এর তিনগুণ হবে। অর্থাৎ তাহলে দেখা যাবে গত দশ বছরে অন্ততঃ দেড় লক্ষ নরনারী সর্পাঘাতে মারা গেছে বললেও অত্যুক্তি হবে না।

সভাপালমহাশয়, আমি যে অঞ্চলে থাকি সেই পাড়াগাঁর কথা বলি। প্রথমতঃ, বর্ষাকালে যখন চারিদিক প্লাবিত হয়ে যায় তখন সাপগুলো সব ঘরের মধ্যে আশ্রয় নেবার চেষ্টা করে। এইরকম অবস্থা হয়েছে যে অহরহ দেখা যায়, কি দিনের বেলায় কি সন্ধ্যাবেলায় সাপের গর্জন চারিদিকে শোনা যায় ও সাপগুলোকে ঘুরে বেড়াতে দেখা যায় ঘরের মধ্যে। আমি জানি একটা ঘরে চারটি সাপ মারা পড়েছে। তেহট্টা অঞ্চলে কড়ুইগাছি নামক একটা গ্রামে, এখানকার একজন এম,এল,এ, সেখানকার আছেন, তিনিও তা জানেন, সেখানে এক রাত্রে ছ' জন লোককে সাপে কামড়িয়েছে। তার মধ্যে তিন জন মারা গেছে। আমরা যাকে সামান্য বলি, সেটা তত সামান্য নয়। এক রাত্রে ছ' জনকে সাপে কামড়ালো, তার মধ্যে তিন জন লোকই মারা গেল। কি ভয়ংকর অবস্থা!

তারপর পারকুলা গ্রামের কথা বলছি সেখানে চন্দ্রবোড়া সাপে একটা ছেলেকে কামড়ালো, ছেলেটি মারা গেল। এইরকম চারিদিকে হচ্ছে। এখানে যদি এ্যান্টি ভেনম রাখা যায় তাহ'লে বহুলোকে প্রাণে বেঁচে যেতে পারে। আমরা আজকে দেশের উন্নয়ন পরিকল্পনা অনেককিছু করবো। যে অঞ্চলে নদীগুলি হেজেমজে গেছে সেখানে এতদিন দেখি নি, এখন আবার দেখছি মেস্তাপচান হয়ে গেছে। আগাগোড়া মেস্তা জন্মাচ্ছে। আপনারা বড় বড় বাড়ীঘর করবেন, রেল লাইন করবেন, আর ওদিকে সব ধ্বংস হয়ে গেল। কোন্ সময়ে যে সাপে কামড়াবে তার ঠিক নাই। আমি যেখানে থাকি সেখানে দেখেছি একটি গোখ্রা সাপ ইঁদুর ধরবার জন্য ফোঁস ফোঁস করছে। আমার বাড়ীর পাশে দেখেছি দিনের বেলায় সাপকে বেজীতে তাড়া করছে। আর এক বাড়ীতে উঁচু ঘরের দাওয়া, সিমেন্টের তৈরী, সেখানে ঘরের ভিতর আলো জেলে মশারীর মধ্যে লোক শুয়ে আছে, সেই মশারীর ভিতর ছোবল মেরে মানুষকে মেরে দিলে। এইরকম অত্যাচার সাপের প্রতি গ্রামে গ্রামে। এই অবস্থায় যদি সাপের চিকিৎসা করতে হয়, তাহ'লে আমার আবেদন এই প্রস্তাবটা সকলে মিলে নিয়ে আমাদের বাংলাদেশের হতভাগ্য দরিদ্র গ্রামবাসীদের সাপের উৎপাত থেকে বাঁচানোর চেষ্টা করা যাক।

Dr. Kanailal Bhattacharya:

মাননীয় স্পীকারমহাশয়, আমি এই প্রস্তাবটি সমর্থন করছি, এবং প্রস্তাবটি সমর্থন করতে উঠে আমি দু'-একটা কথা আপনার মাধ্যমে হাউসের সামনে প্লেস করতে চাই। এর দ্বারা অন্ততঃ এইটুকু বুঝতে পারা যাবে যে, এই সর্পদংশন কিম্বা সর্পবিষ কি সাংঘাতিক যে কোন ব্যাধির চেয়ে কোন অংশে কম ব'লে বিবেচনা করা যায় না। সেই দিক দিয়ে আমি মনে করি যে, এই প্রস্তাবটি আমাদের গ্রহণ করা উচিত। হরিপদবাবু বলেছেন, বাংলাদেশে এ্যাভারেজ পাঁচ হাজার লোক সর্পাঘাতে মারা যায়। আমি মনে করি, আজকে বিজ্ঞানের যে উন্নতি হয়েছে, এই বিজ্ঞানের যুগে যে কোন সর্পদষ্ট ব্যক্তিকে বাঁচাতে পারা যায় যদি আজকে গ্রামের প্রত্যেক হেল্থ সেন্টারএ যেগুলি সরকার থেকে তৈরী হচ্ছে সেখানে যদি এ্যান্টি ভেনম সিরাম রাখবার ব্যবস্থা করা যায়। মাননীয় স্পীকারমহাশয়, আমি এইটুকু বলতে পারি যে, পৃথিবীতে নানা রকম বিষাক্ত সাপ আছে, কিন্তু ভারতবর্ষে এবং বিশেষ ক'রে পশ্চিমবঙ্গে যে ধরণের বিষাক্ত সাপ আছে তার মত ভয়ংকর আর কোথাও দেখা যায় না।

আমাদের দেশে যে সমস্ত বিষাক্ত সাপ আছে তার মধ্যে দেখতে পাওয়া যায় গোখরো, কেউটে, হরিষ, চন্দ্রবোড়া এবং শাঁখামুটি এই পাঁচ রকমের বিষাক্ত সাপ সাধারণতঃ কামড়ালে মানুষ মারা যায়। অন্ততঃ একজন বিজ্ঞানের ছাত্র হিসাবে আমি এইটুকু বলতে পারি যে, আমাদের দেশে নানা রকমের ওঝার দ্বারা যে সাপের বিষ ঝাড়ানোর কথা শুনতে পাই তাতে আমার যথেষ্ট সন্দেহ আছে যে, সেদিক দিয়ে কোন কাজ হয় কি না? কারণ, আমাদের দেশে এখানে যে গোখ্রো সাপ আছে, তার একটা কামড়ে যে পরিমাণ বিষ ঢেলে দেয় সে বিষ যদি দশ থেকে বারো জন মানুষের শরীরের মধ্যে ভাগ ক'রে দেওয়া যায় তাহ'লে প্রত্যেক লোকটি মারা যায়। অর্থাৎ কোবরার ভেনম যতটা একটা মানুষকে মারবার পক্ষে যথেষ্ট তার বারো গুণ বিষ একটা কোবরা একটা ছোবলে মানুষের রক্তে যেখানে ঢেলে দেয় সেখানে সেই বিষ ঝাড়ফোঁক কিম্বা অন্য কোন রকম মন্ত্রের দ্বারা ভাল হতে পারে ব'লে আমি বিশ্বাস করি না। যদি আজকের দিনে এই সমস্ত সর্পদষ্ট ব্যক্তিদের বাঁচাতে হয় তাহ'লে একমাত্র এ্যান্টি ভেনম সিরাম যা বেরিয়েছে

সেই এ্যান্টি ভেনম সিরাম যদি আমরা প্রত্যেক গ্রামে গ্রামে সরবরাহ করতে পারি, যদি সময়মত রোগীকে হেল্থ সেন্টারে বা হাসপাতালে নিয়ে গিয়ে তৎক্ষণাৎ যদি তাকে এই এ্যান্টি ভেনম সিরাম দেওয়া যায় তাহ'লে অন্ততঃ শতকরা ৯০ ভাগ লোক সর্পদংশনে মৃত্যুর হাত থেকে বাঁচবে ব'লে মনে হয়। সেইজন্য আমি আজ এই হাউসের কাছে আপনার মাধ্যমে অনুরোধ করবো যে যাতে এই প্রস্তাব হাউস গ্রহণ করেন এবং সরকারের তরফ থেকে যেন চেষ্টা হয় যে, সত্যই এই পাঁচ হাজারের মধ্যে অন্ততঃ চার হাজার লোককে বাঁচাবার জন্য যাতে বিজ্ঞানের সাহায্য গ্রহণ করেন। এই বিজ্ঞানের সাহায্য গ্রহণ করবার জন্য যে যে কাজ করা দরকার সেই সেই কাজ আশা করি সরকার করবেন যাতে ক'রে আমাদের দেশের সর্পদষ্ট ব্যক্তিদের বাঁচাবার চেষ্টা করবেন।

[3-30—3-40 p.m.]

Sj. Sishuram Mondal:

মাননীয় সভাপতিমহাশয়, পল্লীগ্রামে সর্পদংশনে মৃত্যু হয়, এটা সব জায়গায়ই। টাইফয়েড রোগ যেমন সব সময় লেগে আছে সর্পদংশনের ব্যাপারও সাধারণতঃ বর্ষাকালেই হয়ে থাকে, আর পল্লীগ্রামেই বেশী হয়ে থাকে, সদরে কম। কাজেই এই সর্পদংশন জিনিষটা বর্ষাকালেই পল্লীগ্রামে বেশী হয়। পল্লীগ্রামে আগের দিনে যে চিকিৎসার ধারা ছিল এবং এখনও আছে, শুধু মন্ত্র ও ঝাড়ফুঁক নয়, গাছগাছড়া এবং ঔষধাদিও আছে, তা দ্বারাও কাজ হয়। এই এ্যান্টি ভেনম সিরাম যতদিন ধ'রে আবিষ্কৃত হয়েছে তা পল্লীগ্রামে বেশী প্রচার না হ'লেও বহু রোগী ওঝার চিকিৎসায় ভাল হয়। তা ছাড়া এরকম সাপও অনেক আছে যেগুলি বিষাক্ত নয়। এই গোখরো, কেউটে এইগুলির দংশন হ'লেই বাঁচানো শক্ত, কিন্তু চিতি বা অন্যরকম সাপ সাধারণতঃ দেখা যায় তাদের দংশনে সব সময় মরে না। এবং পল্লীগ্রামে ওঝাদের চিকিৎসায় অনেকেই সেরে যায়।

তা ছাড়া আর একটা জিনিষ হচ্ছে পল্লীগ্রামে সর্পদংশনের মৃত্যুর খবর যে থানাতে পৌঁছায় না এটা ঠিক নয়। কারণ চৌকিদারদের এবং চৌকিদার যেখানে দেয় না সেখানে গ্রামের লোক স্বতঃপ্রবৃত্ত হয়ে দেয়। আজ থানার যে খবর পাওয়া যায় তা থেকে খুব বেশী যে মৃত্যু হয় তা মনে হয় না। তা ছাড়া এই যে এ্যান্টি ভেনম সিরাম সর্পদংশনের চিকিৎসার জন্য যে বার হয়েছে সেগুলি যাতে পল্লীগ্রামে পৌঁছায় সরকার থেকে তার ব্যবস্থা আছে। তা ছাড়া ওয়েল ইকুইপ্‌ড হাসপাতাল পল্লীগ্রামের সব জায়গায় নাই, কিন্তু মোবাইল ইউনিট সব থানায় আছে। মোবাইল ইউনিট গভর্নমেন্টের এ্যান্টি ভেনম সিরাম রাখেন। অবশ্য কোন কোন ক্ষেত্রে যেখানে পাঁচটা সিরাম আছে সেখানে দশ জনের দংশন হ'লে সবাইকেই সাপ্লাই করা যেতে পারে না। কিন্তু গভর্নমেন্ট সে বিষয়ে অমনোযোগী নন। গভর্নমেন্ট পল্লীগ্রামে এ্যান্টি ভেনম সিরাম পৌঁছে দেবার ব্যবস্থা করেছেন। তা ছাড়া ডিস্ট্রিক্ট হাসপাতালে সিভিল সার্জেনের কাছে খবর দিলেও সেখান হতে পাওয়া যায়। আর হাসপাতালে রোগী নিয়ে যেতে যেতে অনেক কেসে রোগী মারা যায়। কাজেই এ্যান্টি ভেনম পল্লীগ্রামে পৌঁছাবার ব্যবস্থা গভর্নমেন্ট করেন না এ ঠিক নয়। বরং প্রত্যেক থানা হাসপাতালে এবং থানা মোবাইল ইউনিটের কাছে এ্যান্টি ভেনম সিরামের সাহায্যে রোগীদের চিকিৎসা হয়। সেটা যদি আরও বাড়াবার দরকার হয়, তাহ'লে গভর্নমেন্ট সেটা বিবেচনা ক'রে দেখবেন এই আমি আশা করি।

Dr. Krishna Chandra Satpathi:

মাননীয় স্পীকারমহাশয়, ডাঃ জ্যোতিষ ঘোষের প্রস্তাব সমর্থনের জন্য আমি দু'-একটা কথা বলতে চাই। কংগ্রেস পক্ষ থেকে যে কথা বলা হ'ল যে, এ্যান্টি ভেনম ট্রিটমেন্টের ব্যবস্থা সরকার করেছেন অন্ততঃ যেসব জায়গায় থানা হেলথ সেন্টার বা থানা হস্পিটাল নাই সেসব জায়গায় মোবাইল ইউনিটের যেসব ব্যাচ আছে তাতে এ্যান্টি ভেনম সিরাম সব সময় মজুত থাকে, কিন্তু আমি জানি একথা সম্পূর্ণ সত্য নয়। হয়ত কোথাও কোথাও থাকে, কিন্তু দূর মফঃস্বলে যেসব জায়গায় মোবাইল ইউনিট পর্যন্ত যায় না সেইসব জায়গার ব্যবস্থা কি তা বোধ হয় ওদিকের সদস্য মহাশয়ের জানা নাই।

আমার কথা হচ্ছে আমাদের সরকারের যেমন কর্তব্য যে খাদ্যাভাবে একটি প্রাণও নষ্ট না হয় তেমনি তাঁদের প্রাথমিক ও পবিত্র কর্তব্য একটি প্রাণও যেন বিনা চিকিৎসায় নষ্ট না হয়, বিশেষ ক'রে স্বাধীন দেশে যেসব ব্যাধির যেসব প্রতিষেধকের দ্বারা সহজে গতি রোধ করা যেতে পারে সেইসব প্রতিরোধক চিকিৎসা যাতে সহজলভ্য হয় এবং যেসব লোকের ক্রয়ক্ষমতার বাইরে তাদের যাতে বিনা মূল্যে চিকিৎসা করার ব্যবস্থা হয় সেটা মানবতার দিক থেকে সরকারের প্রথম কর্তব্য ব'লে মনে করি।

স্যার, আর একটা কথা বলা হয়েছে যে, বর্ষাকালে সর্পদংশনের রোগী বেশী হয়। সে সম্বন্ধে আমার বক্তব্য যে, আমাদের দেশে রাস্তাঘাটের যে অবস্থা, বিশেষতঃ পল্লীগ্রামে, যেখানে যাতায়াতের পথ নাই, সেগুলি সহজ ও সুগম করা সরকারের প্রাথমিক কর্তব্য ছিল। সেটা হয় নাই। পল্লীগ্রামে যাতায়াতের পথের অভাবে গমনাগমনের অসুবিধার জন্য, এমন কি প্রধান সহর থেকে বা নিকটবর্তী সহর থেকেও ৫।৬ মাইল দূরে যেসব জায়গা সেখানে সর্পদষ্ট লোকের যখন তখন চিকিৎসারও বন্দোবস্ত হয় না। এমন কি এ্যান্টি ভেনম ত দূরের কথা, সহজপ্রাপ্য যে লেকসিন তাও সর্পদষ্ট লোকের চিকিৎসার জন্য অনেক সময় পাওয়া সম্ভব হয় না। এটা কেবল যাতায়াতের রাস্তার অভাবে।

কাজেই, এই যে প্রস্তাব এসেছে তাতে বলি, সেসব জায়গায় হেলথ সেন্টার হ'লে—কবে হবে তা জানি না, তবে ইউনিয়ন বোর্ড চ্যারিটেবল ডিসপেনসারী এবং ডিষ্ট্রিক্ট বোর্ড চ্যারিটেবল ডিসপেনসারী এবং অন্যান্য যেসব বেসরকারী চিকিৎসালয় আছে তাদের নিকট যাতে এ্যান্টি ভেনম রাখা হয় এবং সহজে ও বিনা মূল্যে দেবার ব্যবস্থা হয় সেটা সরকারের প্রাথমিক কর্তব্য ব'লেই মনে করি।

আর একটা কথা হচ্ছে, আমাদের দেশে আগে শেয়াল কুকুর কামড়ালে হাইড্রোফোবিয়ার জন্য এ্যান্টি রেবিক ট্রিটমেন্টের যা ব্যবস্থা ছিল সে বহু দূরে সিমলায় প্রথম প্রতিষ্ঠিত হয় এবং যে কোন লোককে শেয়াল কুকুরে কামড়ালে তাকে সেখানে যেতে হোত। আজকাল বৈজ্ঞানিক প্রথার উন্নতি হওয়ায় প্রায় প্রতি সহরে সিভিল সার্জেনের অফিসে এখন এ্যান্টি রেবিক সিরাম রাখা হয়েছে, সেইরূপ -

Mr. Speaker:

রেজোলিউশনে ত এ্যান্টি বায়োটিক ট্রিটমেন্টের কথা নাই।

Dr. Krishna Chandra Satpathi:

এ্যান্টি বায়োটিক নয় এ্যান্টি রেবিক সিরাম। আমি বলছি এইজন্য যে, যাতে এ্যান্টি ভেনম ট্রিটমেন্টটা সহজলভ্য হতে পারে এবং বিনা পয়সায় পল্লীগ্রামের লোকে পেতে পারে সেটার ব্যবস্থা করা সরকারের উচিত ব'লেই আমি মনে করি। আজ এই বৈজ্ঞানিক উন্নতির যুগে যেসব বিজ্ঞানসম্মত ব্যবস্থা অবলম্বন বিষয়ে পল্লীগ্রাম অবহেলিত হয়ে আছে সেসব ব্যবস্থা পল্লীগ্রামে অবিলম্বে অতি প্রয়োজনীয় এই সিরাম রাখার ব্যবস্থা প্রবর্তন করা সরকারের অবশ্য কর্তব্য। কারণ সেখানেই শতকরা ৭০ জন লোক পল্লীগ্রামেই বাস করে। তাদের চিকিৎসার উন্নতিকল্পে এবং তাদের মনে একটা আশা জাগানো অন্ততঃ সরকারের কর্তব্য। এটা যাতে সহজে প্রচলিত হয় এবং সর্ব জায়গায়, অন্ততঃ যেসব জায়গায় দাতব্য চিকিৎসালয় আছে, সেখানে যাতে এটা সহজে পাওয়া যায় তার ব্যাপক ব্যবস্থা করা উচিত।

[3-40—3-50 p.m.]

Sj. Natendra Nath Das:

মাননীয় স্পীকারমহোদয়, ডাঃ জ্যোতিষ ঘোষমহাশয় যে প্রস্তাব এনেছেন আমি সেই প্রস্তাব সর্বান্তঃকরণে সমর্থন করছি। কিন্তু সুবোধবাবু যে প্রস্তাব এনেছিলেন, এখানে যেটুকু বাকী থাকলো সেটুকু এর সঙ্গে জুড়লে কোন মানে হয় না। সেইজন্য আমি জ্যোতিষবাবুর মূল প্রস্তাবটিই সমর্থন করছি। আমি শুধু এটুকু বলতে চাই যে, আমি নিজে একজন পল্লীগ্রামের লোক, বহুকাল ধ'রে পল্লীগ্রামে বাস করছি। আমি ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্টের কাজও

বহুদিন করেছি। আমাকে সর্পাঘাত রোগীর তদন্তও অনেক করতে হয়েছে। আমি নিজে দেখেছি যে বিষাক্ত সাপ কামড়ালে তার বোধ হয় এক ঘণ্টার মধ্যে এমন অবস্থা হয় যে তা মৃত্যুর সামিল হয় এবং যে ওঝার কথা বলেছেন, আমি বলবো যে, ভালো ওঝা সংগ্রহ করা সকলের পক্ষে অনেক সময় সম্ভব হয়ে উঠে না। সব গ্রামে ভাল ওঝা থাকে না। কাজেই সর্পদংশন এটা ভয়াবহ এবং এটা হ'লে ঠেকানো দায় হয়। সেখানে যদি বৈজ্ঞানিক চিকিৎসা যা হয়েছে তার সুযোগ দেওয়া হয় তাহ'লে মানবতার দিক দিয়ে ভাল কাজই করা হবে এবং এটা রাষ্ট্রেরও কর্তব্য।

মাননীয় স্পীকারমহাশয়, আপনি জানেন যে বেজীর কথা এ'রা বলেছেন, বাস্তবিকই বেজী এবং গোসাপ যা আছে সেগুলি বিষাক্ত সাপ খায়। যুদ্ধের সময় গোসাপের চামড়ায় বেশী লাভ হয় ব'লে চর্মব্যবসায়ীরা অনেকে উৎকট লাভের জন্য গোসাপগুলোকে নষ্ট করেছিল। যাহোক এখন দেশে সর্পদংশন যাতে বিদূরিত হয় সেইজন্য আমার মনে হয়, যে এ্যান্টি ভেনম সিরামের কথা বলা হয়েছে সেটা গ্রামে ফ্রী ট্রিটমেন্টের ব্যবস্থা করা উচিত। শুধু তাই নয়, শুধু হাসপাতালে, হেলথ সেন্টারে কেন, আমার মনে হয় যেখানে হাসপাতাল বা হেলথ সেন্টার নেই সেখানে যেসব ডাক্তার আছে তাদের কাছে এইসব ওষুধ দেওয়া উচিত যাতে তারা ফ্রী ট্রিটমেন্ট করতে পারে। এসমস্ত ব্যবস্থা করা উচিত। কেন না, হরিপদবাবু দেখিয়েছেন আমাদের দেশে কত লোক সর্পদংশনে মারা যাচ্ছে। এটা বোধ করা দরকার ব'লে আমি মনে করি। এটা রাষ্ট্রেরও কর্তব্য। সেইজন্য ডাঃ জ্যোতিষ ঘোষের প্রস্তাবটি মানবতার দিক থেকে আমি সমর্থন করছি।

Sj. Jnanendra Kumar Chaudhury:

মাননীয় স্পীকারমহাশয়, আগে ওঝার সম্বন্ধে যে কথা মাননীয় মণ্ডলমহাশয় বললেন তার সম্বন্ধে আমার একটা তিক্ত অভিজ্ঞতা আছে। সেটা বলবার জন্যই আমি দাঁড়িয়েছি।

আমার এক আত্মীয় সে ম্যাট্রিকুলেশন একজামিনেশন দিয়েছিল। সে এক শনিবার দিন তার বাবার বাড়ী থেকে যাত্রা শুনতে গিয়েছিল, পথে রাত্রে তাকে সাপে কামড়ালো। এ্যান্টি-ভেনম সিরাম কিছু খুজে পাওয়া গেল না, ওঝারা সারাদিন ধ'রে চিকিৎসা করলো, কিছুই হ'ল না। তাকে যখন মেডিকেল কলেজে নিয়ে যাওয়া হ'ল তখন রাস্তায় সে মারা যায়, কারণ ইট ওয়াজ টু লেট। তারপরে ম্যাট্রিকুলেশন একজামিনেশনের রেজাল্ট বেরলো। দেখা গেল, সে ফার্স্ট ডিভিশনে পাশ করেছে। সুতরাং ওঝার যা চিকিৎসা তার মাথাও নেই, মুণ্ডও নেই।

Dr. Saurendra Nath Saha:

মাননীয় স্পীকারমহাশয়, আমি ডাঃ জ্যোতিষ ঘোষের প্রস্তাব সমর্থন করতে উঠে একথাই বলবো যে, এই প্রস্তাবটা বহুদিন পূর্বে আনা উচিত ছিল এবং এই ব্যবস্থাটা বহু পূর্বেই হওয়া উচিত ছিল। কিন্তু আমরা জানি পল্লীগ্রামে এই সর্পাঘাতে বহু জীবন বিনা চিকিৎসায় নষ্ট হয়ে যায়। আমাদের দেশে দুই রকম সাপ দেখা যায় পল্লী অঞ্চলে এক রকম হচ্ছে কেউটে, গোখুরো প্রভৃতি। ইহাদের বিষ এত ভীষণ যে দংশন করার অল্প সময়ের মধ্যে রক্ত জমাট হয়ে যায়। আর এক রকম আছে বোবা, এগুলো কামড়ালে কয়েকদিন পর্যন্ত মানুষ বেঁচে থাকে। সুতরাং গ্রামের হেলথ সেন্টার, ডাক্তারখানায় এবং লোকাল ডাক্তারদের কাছে যদি এ্যান্টি ভেনম রাখবার ব্যবস্থা করা হয় তাহ'লে বিনা চিকিৎসায় এই যে হাজার হাজার লোক মারা যায় সেটা রোধ করা যেতে পারে। সেইজন্য এই প্রস্তাবটাকে ভাল প্রস্তাব ব'লেই আমার মনে হয়। গ্রামাঞ্চলে আজকে এই যে বৈজ্ঞানিক উপায়ে চিকিৎসার ব্যবস্থা আছে সেটা যাতে গ্রামাঞ্চলে এবং এই সমস্ত হাসপাতালে প্রবর্তন করতে পারা যায় সেইজন্য গভর্নমেণ্ট থেকে এই প্রস্তাবটা গ্রহণ ক'রে এ্যান্টি ভেনম সিরাম প্রভৃতি দেওয়ার ব্যবস্থা যদি হয় এবং হাজার হাজার মানুষকে যদি রক্ষা করার ব্যবস্থা করেন তাহ'লে আমার মনে হয় একটা খুব ভাল কাজ করা হবে। আশা করি, সকলে এ বিষয়ে একমত হবেন। এখানে ওঝা সম্বন্ধে যা বলা হয়েছে সে সম্পর্কে এক্সপার্ট ডাক্তারের (ডাঃ পি, রেন-এর) মত হচ্ছে যে, শতকরা ৬০ জনই ডাই আউট অফ শিয়ার ফ্রাইট, আর অবশিষ্ট ৪০ পার্সেন্ট যা থাকে তা সর্পাঘাতে এত বিষাক্ত

হয়ে পড়ে যে বাঁচানো অসম্ভব হয়। ওঝার উপর নির্ভর করা যা আর মৃত্যুর মুখে ফেলে দেওয়াটাও তাই। তাই আমি বলবো যে, এই প্রস্তাব সকলে সর্ব্বান্তঃকরণে গ্রহণ করলে পর এর উপর যথেষ্ট গুরুত্ব দেওয়া হবে ব'লে মনে করি এবং সরকারকে অনুরোধ করবো যাতে এই প্রস্তাব কার্যকরী হয় তার ব্যবস্থা করুন।

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Sir, at the very outset I may inform you and the members of this House that Government have already made arrangements for free supply of anti-venom serum in all the Government hospitals situated in districts, subdivisions, thana health centres as well as rural health centres. On 30th November, 1954, I issued orders asking all Civil Surgeons to keep sufficient stock of anti-venom serum for use of the patients free of all charges in all Government hospitals and centres. The demand in the past for the anti-venom serum could not be met because of the insufficient supply from the two institutions in the whole of India which produced this serum—one in Kasauli and the other Haffkine Institute, Bombay. Things have improved in these institutions and they are now in a position to meet with the demand of our State. Our demand is also on the increase. There has not been a single occasion when we could not supply the demand for anti-venom serum from any of our hospitals during recent time. I have enquired and found that some of the local bodies' dispensaries, namely, those run by the district boards are also keeping anti-venom serum. One difficulty was experienced in the past that it could not be kept with full potency for a long time. There used to be a date fixed on each of these manufactured products. After some time it lost its potency. Very recently the scientists have discovered advanced methods and now it can be kept longer. Formerly this serum had to be kept in dark places and under low temperature. Conditions have now improved and the supply of serum has also improved. We are in a position to meet the demand all over. In this connection I may tell you, Sir, that all cases of snake-bite that have left this mortal world were not due to the snake venom. Some of them as Dr. Shah has very rightly said died due to the shock caused by the fright of the bite. These cases probably were handled by the quacks, charlatans and the ojhas to take credit for themselves. From the scientific point of view I am at one with all sections of the House that anti-venom serum is by far the best and it should be made available to the people at large. As you know, Sir, our arrangements so far had not been wide enough to get medical relief facilities reach every home and hamlet in the remote corners of the country, but we are proceeding ahead with the opening of health centres in the rural areas and adding to the amenities that the people can have not only for the snake-bite cure but also for other conditions. Our scheme is under expansion. I told you, Sir, at the very beginning that there has been not a single occasion when our serum could not reach the people when wanted recently. Many of our people in the countryside even today do not believe in the scientific system of approach towards treatment of such snake-bite cases. They go to ojhas. I know of two cases in the course of my professional work. I found a case of snake bite in my own village. An intelligent man tied the limb just above the bite by putting a ligature but the *ojha* came before I reached there.

[3-50—4 p.m.]

He unloosened the band resulting in the free circulation of the venom in the blood and nothing could be done in spite of the serum being used on the patient. We are trying our utmost to extend the facilities to the countryside and by the time we have health centres and treatment facilities all over the country I am pretty sure such conditions will improve. A

friend has suggested that the vital statistics about snake-bite cases that are received are not properly recorded. I may tell you, Sir, that these are not natural deaths and so the chowkidars have got to report all such cases to the President of the village union board who has to hold an inquest before he orders for the disposal of the dead body. In cases of death due to pneumonia, typhoid, tuberculosis, etc., the chowkidars sometimes record the deaths as due to fever and so statistics in regard to these cases may be inaccurate. Therefore, no case of snake-bite death can pass off as death due to fever or any other condition. My information is that in 1950 there were 1,415 deaths due to snake-bite, in 1951 it was 1,453; in 1952 1,471, in 1953 there were 1,711 deaths and up to October 1954 there were 1,550 deaths. So far as the demand for serum in 1950-52 it was 1,920. We could supply 1,600 bulbs. In 1953-54 the demand increased, that is to say, people could develop more faith in this method of treatment and out of the demand for 3,180 bulbs we could supply 2,800, that is to say deficit of only 300. In 1954 we had a demand for 5,000 bulbs and we could supply 4,200 bulbs. This is the position so far as the demand and supply of serum is concerned. I assured you, Sir, at the very beginning that we have now distributed serum free of all charges through our health centres not only in those areas where snake-bites are very much predominant but our mobile units, during rainy season when there are more snake-bite cases, have been provided with serum so that they could meet emergencies if they come across. Sir, this is about arrangements. I do not think, Sir, any resolution from this House is necessary when I have already issued orders as late as 30th November, 1954, to have facilities of anti-venom treatment available in all our institutions. Therefore I would request Dr. Ghosh not to press this resolution but to see for himself whether these conditions hold good and if there is any difficulty experienced anywhere—if I get a note from any member of this House I will personally look into it, and I shall see that these facilities are utilised. I would again request Dr. Ghosh to withdraw it. If he withdraws it, it is well and good but if he does not then I am afraid I am unable to accept the resolution and I have got to oppose it, because I have already told you what arrangements I have made for the people. I hope, Sir, I will get the support of the House in this desire of mine.

Sj. Bankim Mukherji: Sir, I do not follow how the passing of this resolution will affect the Government and why the Minister cannot support it. This is not in the nature of a no-confidence motion. I would like to know from you what objection can there be for the Minister to accept it.

Mr. Speaker: He has already given his reason. It is for the House to decide whether it will accept it or not.

Sj. Bankim Mukherji: What harm there will be if the resolution is passed?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: The harm will be this: if the resolution of the mover is practically given effect to by moving the resolution it would appear that one side of the House is not trusting the statement made by the Hon'ble Minister, and therefore if it is pressed, we shall have to vote against it.

Mr. Speaker: Dr. Ghosh, are you accepting the amendment of Sj. Banerjee?

Dr. Jatish Ghosh: No, Sir.

Mr. Speaker: Mr. Banerjee, do you press your amendment?

Sj. Subodh Banerjee: No, Sir.

Mr. Speaker: Then I shall put only the motion of Dr. Jatish Ghosh.

The motion of Dr. Jatish Ghosh that this Assembly is of opinion that the hospitals and health centres in the urban as well as rural areas of the State of West Bengal should be provided with sufficient quantities of anti-venom serum for the free treatment of snake-bite cases was then put and a Division taken with the following result:

AYES—56

Bagui, Sj. Haripada
Bandopadhyay, Sj. Tarapada
Banerjee, Sj. Biren
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Ajit Kumar
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Hemanta Kumar
Bera, Sj. Sasabindu
Bhandari, Sj. Sudhir Chandra
Bhattacharjya, Sj. Mrigendra
Bhattacharya, Dr. Kanallal
Bhowmick, Sj. Kanai Lal
Bose, Dr. Atindra Nath
Chakrabarty, Sj. Ambica
Chatterjee, Sj. Haripada
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Sj. Rakhahari
Chaudhury, Sj. Jnanendra Kumar
Choudhury, Sj. Subodh
Chowdhury, Sj. Benoy Krishna
Dal, Sj. Amulya Charan
Dalui, Sj. Nagendra
Das, Sj. Jogendra Narayan
Das, Sj. Natendra Nath
Das, Sj. Raipada
Das, Sj. Sudhir Chandra
Dass, Sj. Alamohan
Dey, Sj. Tarapada
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Sj. Bibhuti Bhushon
Ghosh, Sj. Amulya Ratan
Ghosh, Sj. Ganesh
Ghosh, Dr. Jatish
Haldar, Sj. Nalini Kanta
Hazra, Sj. Monoranjan
Joarder, Sj. Jyotish
Kar, Sj. Dhananjoy
Khan, Sj. Madan Mohon
Kuar, Sj. Gangapada
Mahapatra, Sj. Balailal Das
Mitra, Sj. Nripendra Gopal
Mondal, Sj. Bijoy Bhuson
Mukherji, Sj. Bankim
Mullick Chowdhury, Sj. Suhrid Kumar
Naskar, Sj. Gangadhar
Panda, Sj. Rameswar
Pramanik, Sj. Surendra Nath
Ray, Dr. Narayan Chandra
Ray Chaudhuri, Sj. Sudhir Chandra
Roy, Sj. Jyotish Chandra (Falta)
Roy, Sj. Saroj
Saha, Dr. Saurendra Nath
Sahu, Sj. Janardan
Sarkar, Sj. Dharani Dhar
Satpathi, Dr. Krishna Chandra
Sinha, Sj. Lalit Kumar

NOES—121

Abdullah, Janab S. M.
Abdus Shokur, Janab
Atawal Ghani, Janab Abul Barkat
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sj. Profulla
Banerjee, Dr. Srikumar
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Sj. Satindra Nath
Basu, The Hon'ble Satyendra Kumar
Beri, Sj. Dayaram
Bhattacharjee, Sj. Shyamapada
Biswas, Sj. Raghunandan
Bose, The Hon'ble Pannalal
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bijoylal
Chatterjee, Sj. Dhirendra Nath
Chattopadhya, Sj. Brindabon
Chattopadhyay, Sj. Sarojranjan
Chattopadhyaya, Sj. Ratanmoni
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Kanai Lal (Dum Dum)
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan
Fazlur Rahman, Janab S. M.
Gahatraj, Sj. Dalbahadur Singh
Gayen, Sj. Brindaban
Ghose, Sj. Jyotish Chandra (Chinsurah)
Ghose, Sj. Kshitish Chandra
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Giasuddin, Janab Md.
Goswamy, Sj. Bijoy Gopal
Gupta, Sj. Nikunja Behari
Haldar, Sj. Kuber Chand
Halder, Sj. Jagadish Chandra
Hansdah, Sj. Bhusan
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Amrita Lal
Hazra, Sj. Parbati
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Prabir Chandra
Jha, Sj. Pashu Pati
Karan, Sj. Koustuv Kanti
Kazim Ali Meerza, Janab
Lahiri, Sj. Jitendra Nath
Let, Sj. Panchanon
Lutfal Hoque, Janab
Mahata, Sj. Mahendra Nath
Maiti, Sjkta. Abha
Maiti, Sj. Pulin Behari
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Nishapati

Majumdar, Sj. Byomkes
Maliah, Sj. Pashupatinath
Mandal, Sj. Annada Prasad
Mandal, Sj. Umesh Chandra
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Keshab Chandra
Modak, Sj. Niranjan
Mohammad Hossain, Dr.
Mohammed Israil, Janab
Mojumder, Sj. Jagannath
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Mondal, Sj. Sudhir
Moni, Sj. Dintaran
Mookerjee, Sj. Naresh Nath
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Ananda Gopal
Mukherjee, Sj. Kali
Mukherjee, Sj. Sambhu Charan
Mukherji, The Hon'ble Ajoy Kumar
Mukherji, Sj. Pijush Kanti
Mukhopadhyay, Sjkta. Purabi
Mukhopadhyaya, Sj. Phanindranath
Munda, Sj. Antoni Topno
Murmu, Sj. Jadu Nath
Naskar, Sj. Ardhendu Sekhar
Naskar, The Hon'ble Hemchandra
Pal, Dr. Radhakrishna
Panigrahi, Sj. Basanta Kumar
Panja, The Hon'ble Jadabendra Nath
Pramanik, Sj. Mrityunjoy
Pramanik, Sj. Rajani Kanta
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Rai, Sj. Shiva Kumar
Ray, Sj. Jajneswar
Ray, Sj. Jyotish Chandra (Haroa)
Ray, The Hon'ble Renuka
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Bijoyendu Narayan
Roy, Sj. Biswanath
Roy, Sj. Hanseswar
Roy, Sj. Prafulla Chandra
Roy, The Hon'ble Radhagobinda
Roy, Sj. Surendra Nath
Roy Singh, Sj. Satish Chandra
Saha, Dr. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Saren, Sj. Mangal Chandra
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Priya Ranjan
Sen Gupta, Sj. Gopika Bilas
Shamsul Huq, Janab
Sharma, Sj. Joynarayan
Shaw, Sj. Kripa Sindhu
Shaw, Sj. Mahitosh
Sikder, Sj. Rabindra Nath
Singh, Sj. Ram Lagan
Sinha, Sj. Durgapada
Tafazzal Hossain, Janab
Tarkatirtha, Sj. Bimalananda
Tripathi, Sj. Hrishikesh
Trivedi, Sj. Goalbadan
Yeakub Hossain, Janab Md.
Zainal Abedin, Janab Kazi
Zaman, Janab A. M. A.

The Ayes being 56 and the Noes 121, the motion was lost.

[4—4-10 p.m.]

Sj. Suhrid Kumar Mullick Chowdhury: Sir, I beg to move that in view of the slow progress with regard to the rehabilitation of East Bengal refugees, their further influx into West Bengal in large numbers, and in order to execute the policies of the Government, this Assembly is of opinion—

(1) that the Government of West Bengal should seek the co-operation of all political parties, groups and non-official organisations of this State so as to ensure speedy rehabilitation of refugees; and

(2) that a non-official Advisory Body with one representative from each political party and group in the State Legislature should be set up by the Government to advise the Government on all matters concerning rehabilitation of refugees.

Sj. Ananda Gopal Mukherjee: Sir, I beg to move that in lines 1 to 4, for the words beginning with "solw progress" and ending with "to execute the policies of the Government", the following be substituted, namely,—

"fact that although good progress has so far been made to rehabilitate East Bengal refugees, the continuous influx of migrants into West Bengal in large numbers and the paucity of land in the State have created a situation which makes it impossible to rehabilitate any more refugees within the borders of the State;

"that the Government of West Bengal should urge upon the Central Government to set up a Committee consisting of officials and responsible non-official social workers to solve the problem of rehabilitating East Bengal refugees in other States as speedily as possible; and

that the Government of West Bengal should set up a committee with officials and non-officials to assist in the implementation of new schemes for the development of refugee colonies."

Sj. Jyotish Joarder: Sir, I also want to move an amendment.

Mr. Speaker: About non-official resolutions you get long notice of them. On the floor of the House to such resolutions I can only allow technical or verbal amendments. Unless members have had copies beforehand, how can I allow a long amendment to be moved without circulation of the same to the members. I cannot allow it to be moved on the floor of the House. I fix one hour for this resolution. Will that be enough?

Sj. Haripada Chatterjee:

এক ঘণ্টায় হবে না।

Mr. Speaker: If it is not finished in one hour, it will be continued till the next non-official day.

Sj. Ambica Chakrabarty:

মাননীয় স্পীকারমহোদয়,

on a point of order, relating to the amendment,

আমি কিছু বলবো। এ্যামেণ্ডমেন্ট যেটা এসেছে মূল যে রেজোলিউশন তার সংগে এর কোন রকম রেলেভ্যান্স নেই, কারণ মূল রেজোলিউশনএ আছে যে, স্টেট গভর্নমেন্টকে অনুরোধ করা হয়েছে এখানে একটা কমিটি গঠন করার জন্য স্টেট গভর্নমেন্টএর আন্ডারএ যে সমস্ত রেফিউজী আছে তাদের রিহ্যাবিলিটেশনএর জন্য। কিন্তু এ্যামেন্ডমেন্ট হচ্ছে যে সেন্ট্রাল গভর্নমেণ্টকে অনুরোধ করা হোক অন্যান্য স্টেটএ রেফিউজি রিহ্যাবিলিটেশন করার জন্য একটি কমিটি গঠন করা হোক। কিন্তু এই গভর্নমেন্টএর কি ক্ষমতা আছে অন্য স্টেটএর জন্য কমিটি গঠন করার ব্যাপারে সেন্ট্রাল গভর্নমেন্টকে অনুরোধ করা। আমার মনে হয়, এই এ্যাসেম্বলির কোন ক্ষমতা নেই অন্য স্টেটএর জন্য কমিটি গঠন ক'রে দেওয়ার। এটা আমার ফার্স্ট পয়েন্ট; আমার দ্বিতীয় পয়েন্ট - এই স্টেটএর রেফিউজি রিহ্যাবিলিটেশনএর কথা বলেছি, অন্য স্টেটএর কথা বলি নি। সেখানে সেন্ট্রাল গভর্নমেন্টএর অন্য স্টেটএ পুনর্বাসনের জন্য কমিটি গঠন করার কথা বলতে কোন কনসিসটেন্সি থাকে না। আমার থার্ড পয়েন্ট এই যে—সেকেন্ড প্যারা-তে বলেছেন অফিসিয়াল এবং নন-অফিসিয়াল কমিটি হবে

to assist implementation of new scheme for the development of refugee colonies.

উদ্বাস্তু পুনর্বাসনের জন্য একটা কমিটি গঠন করবার কথা বলা হয়েছে। উনি এ্যামেন্ডমেন্টএ বলছেন ডিভলপমেন্ট অফ রেফিউজি কলোনীজ। কিন্তু রিহ্যাবিলিটেশন এবং ডিভলপমেন্ট অফ রেফিউজি কলোনীজ দুটো ডিফারেন্ট থিং। ডিভলপমেন্ট অফ কলোনীজ আসে যেখানে রেফিউজি রিহ্যাবিলিটেশন হয়ে গেছে। সেখানে যে কোনভাবে যে কোন আইনে গভর্নমেন্ট ডেভলপমেন্ট করতে পারে। কিন্তু এখানে ডেভলপমেন্ট সম্বন্ধে রেজোলিউশনএ কিছু নেই। স্টেটএর মধ্যে সর্বতোভাবে রেফিউজি রিহ্যাবিলিটেশনএর চেষ্টা হোক এই কথাই আছে। কাজেই এর উপরে যে এ্যামেন্ডমেন্ট এসেছে এটা আউট অফ অর্ডার।

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Sir, the amendment so far as the preamble portion is concerned, really negatives the preamble of the original resolution. "In view of the slow progress with regard to the rehabilitation"—the language has been changed to the "fact that although good progress has so far been made". Slow progress and good progress must be distinct and opposed to each other. Here is a resolution for consideration by the West Bengal Government but that has been changed to seek the help of the Central Government. Further the objects of the two resolutions are quite different. In that view of the thing, Sir, we hope that you should rule the amendment out of order.

Sj. Bankim Mukherji: Sir, the point is very simple. If the mover of the amendment does not like the resolution the only course open to him is to oppose it. But through an amendment he cannot just change the very purpose of the resolution. It is just negativing the resolution because the main purpose of the resolution was about slow progress. It was not contended that there had not been any progress, but the progress was slow. There had been difficulties for which the progress was slow. So the resolution wants to put forward certain ideas upon which the mover of the resolution thinks that the progress will be much more advanced. The amendment is just the contrary. The amendment is not only that good progress has so far been made but it introduces some other thing because of the continuity of the influx.

Therefore certain things have got to be done. That is the purpose of the resolution. "Because of the continuous influx of refugees the Government should do such and such things"—that should be a completely different resolution. But the main resolution purports the question of the central problem of refugee rehabilitation and not the additional problem which is accruing out of the influx of the refugees.

[4-10—4-20 p.m.]

Sj. Subodh Banerjee: His amendment is a subterfuge to replace the original resolution by a resolution which the mover of the amendment did not even think at the time when the original resolution was put. So according to your ruling just now given this amendment should be discarded because this is a subterfuge.

Mr. Speaker: The resolution of Sj. Suhrid Kumar Mullick Chowdhury contains two parts. The main portion is the purpose of the resolution. The objective part of the resolution is in the first paragraph and the operative part is in the second paragraph. The clear and most simple English meaning of the resolution is in the objective clause—rehabilitation of East Bengal refugees. Further influx of East Bengal refugees, what policies the Government of West Bengal should adopt, what recommendations should be made—these are in the second two parts. The next two parts are recommendations. Now, so far as the operative part is concerned, if you transpose the language of the amendment and the language of the mover of the resolution, it fits in with identical words—only it describes it in different mould. The object of the amendment, I find, is rehabilitation of refugees—"continuous influx of migrants into West Bengal in large numbers". That is the main object for which the mover has brought in this resolution. Therefore, so far as the first portion is concerned the amendment exactly fits in according to recognised rules of amendment to resolution.

Now, I come to the operative part of the resolution, namely, (1) and (2), where the mover wants to put before the House what recommendations he wants to make to the Government for improving the question of

rehabilitation and for taking steps arising out of continuous influx of refugees in large numbers. In the first part he recommends to the West Bengal Government to seek the co-operation of all political parties, groups and non-official organisations of this State to ensure speedy rehabilitation of refugees. In the second part also the main problem is ensuring the rehabilitation of refugees. Here also, in the amendment, in the second part, to solve the problem of rehabilitation of East Bengal refugees, the mover of the amendment has added "in other States" and also he has added two more things; instead of suggesting "political parties and groups" he has only suggested two amendments—non-official social workers and officials. Therefore, the second operative part is also a perfect amendment according to the recognised rules of amendment, and the second operative part of the resolution is that a non-official Advisory Body with one representative from each political party and group in the State Legislature should be set up by the Government to advise the Government on all matters concerning rehabilitation of refugees. This is also another recommendation of how to give effect to the main object of the resolution. In the amendment also he recommends that the West Bengal Government should urge upon the Central Government. . ..etc. Just now some gentleman pointed out—I think it is Shri Ambica Chakrabarty—whether this House has power to make recommendation. Certainly this House has power to make recommendation. We have done it in the case of the Bihar Resolution.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: That should have been done by a definite resolution.

Mr. Speaker: You can do it by amendment. You are recommending only to the Local Government. He has added both Local Government and Central Government. He has also suggested a committee It is only the method of approach that is different in the amendment. In view of this I think this is a perfectly valid amendment to the original resolution. So it can be discussed Yes, Mr. Suhrid Kumar Mullick Chowdhury.

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

মাননীয় স্পীকারমহাশয়, আমার প্রস্তাব যখন আমি এনেছিলাম তখন আমি চিন্তা করেছিলাম যে কংগ্রেস-সরকার অন্ততঃ জাতীয় সমস্যা হিসাবে যে সমস্যাকে গ্রহণ করেছি তাকে সমর্থন করবেন। কিন্তু আমরা দেখতে পাচ্ছি, যে আমলাতান্ত্রিক নীতি তাঁরা চালিয়ে চলেছেন রাষ্ট্রের সকল ক্ষেত্রে, শাসনের সকল ক্ষেত্রে, সেই জঘন্য নীতিকে এখানেও পূর্ণভাবে রাখবার ব্যবস্থা তাঁরা করছেন। সেইজন্য দেখতে পাচ্ছি যে, আমার প্রস্তাবের পর আব একটা এ্যামেন্ডমেন্ট এনেছেন কংগ্রেস পক্ষ থেকে। যে প্রস্তাব এই সভায় আমি বেখেছিলাম সেই প্রস্তাবকে সম্পূর্ণ বিপরীতধর্মী করা হয়েছে।

আমার কথা হচ্ছে, আজকে আমরা দেখতে পাচ্ছি উদ্বাস্তু সমস্যা অত্যন্ত ভয়াবহ রূপ নিয়ে আমাদের দেশে দেখা দিয়েছে। সেই সমস্যাকে দূরীভূত কি ক'রে করা যায় তার জন্যই আজ জাতি ও সরকারকে তা বিশেষ ক'রে ভাববার সময় এসেছে। বিরোধী পক্ষ থেকে আমি এই প্রস্তাব এনেছি যাতে সমস্ত দলমতনির্বিশেষে, সমস্ত রাজনৈতিক প্রতিষ্ঠানের প্রতিনিধিদের নিয়ে, তাদের পরামর্শ অনুযায়ী কাজ করতে সরকার একটা এ্যাডভাইসরি কমিটি গঠন করেন, এই সমস্যার যাতে প্রতিবিধান করা যায় তার জন্য সচেষ্ট হন সেই মহান উদ্দেশ্য নিয়ে। এটা আমাদের সদিচ্ছা থেকে এসেছে এবং মানবতার দিক দিয়েও বিচার ক'রেও এই প্রস্তাব আমি এনেছি। যেভাবে দিনের পর দিন আমাদের সরকার ছিন্নমূল উদ্বাস্তুদের সম্পর্কে বঞ্চনার নীতি নিয়ে মানবতাকে হত্যা করছেন তা প্রতিরোধের জন্যই এই প্রস্তাবের মারফৎ আমরা কংগ্রেসী সরকারের দিকে হাত বাড়িয়ে ছিলাম। এই যে বিরাট ভয়াবহ রূপ নিয়ে যে রেফিউজি প্রবলেম এসেছে মিলিতভাবে তাকে দূর করি। কিন্তু সেই হাত কংগ্রেসী সরকার বারেবারেই

সরিয়ে নিচ্ছেন এবং সেইজন্যই তাঁরা অফিসিয়ালদের চরণ ভরসা ক'রে উদ্বাস্তু সমস্যার মধ্যে যে দুর্নীতি, আত্মীয়স্বজনপোষণ, জঘন্য দলীয় স্বার্থ সংরক্ষণের যে ভয়ঙ্কর ব্যবস্থা রয়েছে তা বহাল রাখতে ব্যস্ত হয়েছেন। লালফিতের প্রভাব কিভাবে আমাদের প্রত্যেকটি জনসাধারণের অভাব-অভিযোগ কেমন ক'রে চাপা প'ড়ে থাকে এটা আপনি জানেন, আমরা জানি, জনসাধারণও জানে। সেইজন্য অফিসিয়ালদের দীর্ঘসূত্রতার বিরুদ্ধে প্রতিবাদ করবার জন্য বাইরেতে উদ্বাস্তু সংগঠনের প্রয়োজন হয়ে উঠে এবং তার জন্য আন্দোলন চালাবার প্রয়োজনও হয়ে উঠে; এবং সমস্ত দেশে যে একটা উদ্বাস্তু আন্দোলন গ'ড়ে উঠে তার পিছনেও এই অফিসিয়ালরা দায়ী। তাদের যে কর্মনীতি তাতে সমস্ত জনসাধারণ ধিক্কার ক'রে থাকে। স্পীকারমহাশয়, আপনার মাধ্যমে জানাবো এখানে কিরকমভাবে অফিসিয়ালদের উপর ভার দিয়ে কি ব্যবহার পাওয়া যায়। একখানা কেন, এইরকম আবেদন হাজার হাজার যায় এবং তা অফিসিয়ালদের কাছে যখন পেঁছায়, অফিসিয়ালরা তাতে কর্ণপাত করেন না। সেই আমলাপুঙ্গবদের জানা আছে তাঁদের উপর কথা কইবার কেউ নেই, তাঁদের উপর কথা কইতে মন্ত্রীরা পর্যন্ত সাহস করেন না। সেইজন্য মন্ত্রীর দপ্তর থেকে যখন কোন চিঠি যায় সেই চিঠির প্রতি তাঁরা ভ্রূক্ষেপ করেন না। এইরকম একখানা চিঠি আমার কাছে রয়েছে যেটা দেখলে বুঝা যাবে গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গলএর মন্ত্রীর দপ্তর থেকে সেই চিঠিখানা গিয়েছে অফিসিয়াল উচ্চপদস্থ কর্মচারিদের কাছে যে কোনও উদ্বাস্তু পরিবারের সম্পর্কে ব্যবস্থা করবার জন্য, কিন্তু সেই উদ্বাস্তু পুনর্বাসন দপ্তরের আমলা বা উচ্চপদস্থ রাজকর্মচারীর কাছে গিয়েছিলেন। তিনি গিয়ে দেখেন তাদের সামনে একটা মস্ত বড় একটা ব্যারিকেড সৃষ্টি করা হয়েছে।

[4-20—4-30 p.m.]

সেখানে গিয়ে উপস্থিত হবার পর দেখতে পাওয়া যাবে প্রথমেই পারমিশন নেওয়ার পালা। পারমিশন ত পেলেন। পারমিশন পেয়ে একটা দরজা অতিক্রম করলেন। সেখানে রয়েছে দারোয়ান বা এই নামীয় কোনও কর্মচারী। সেখানে সবাইকেই আটকানো হবে, কারণ কোথায় কে আসছে, কোথায় কে উচ্চপদস্থ কর্মচারিদের নিদ্রাভঙ্গ করছে তার তদারক করাই তার কাজ। এইরূপ বেড়াজালের গণ্ডীর মধ্যে ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করতে হবে। সেক্ষেত্রে দেখা যাবে, অনেক অনুরোধ-উপরোধে, হয়ত কান্নাকাটি, চোখের জল ফেলার পর কোনও অধস্তন কর্মচারীর কোনও একজনের মানবতায় একটু সাড়া পাওয়া যাবে। কোনও কোনও ক্ষেত্রে তাও সম্ভব নয়। অনেক অনেক অনুনয়ের পর ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা ক'রে আমলা মহাশয়ের কাছে যদি বা পেঁছানো গেল, তিনি বললেন—কি করবো, এটা এখনও আসে নি। তাঁকে দেখানো হ'ল মন্ত্রীমহোদয়ার চিঠি, যাতে লেখা আছে—আবেদন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে পাঠানো হয়েছে, ব্যবস্থা অবলম্বনের জন্য কোনও কিছু জানাবার থাকলে অমুক বিভাগের কর্তার কাছে যেতে হবে। কিন্তু সে সম্পর্কে দেখা গেছে, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আবেদনটিই পেঁছায় নি। এরকম ঘটনার প্রমাণ আমার কাছে রয়েছে। এরকম প্রমাণ আমি যথেষ্ট দিতে পারি। দিনের পর দিন ঘোরাঘুরিই বৃথা হয়। সুতরাং এ জাতীয় অফিসিয়ালদের দিয়ে কোন এনকোয়ারি কমিটি বা এ্যাডভাইসরি কমিটি যাই করুন তাহ'লে এই সমস্যা যে তিমিরে সেই তিমিরেই তা থাকবে। মাননীয় মন্ত্রীমহাশয়া জানেন তাঁর কাছে আমি বিভিন্ন চিঠি দিয়ে জানিয়েছি এবং তাঁর প্রাইভেট সেক্রেটারিও যথেষ্ট চেষ্টা করেছেন এবং এ সম্পর্কে ব্যবস্থা করতে তাঁর গণ্ডীভূত সামর্থানুযায়ী চেষ্টাও করেছেন। কিন্তু তা সত্ত্বেও এক্সিকিউটিভ ফাংশন যে রাজ-কর্মচারীরা করেন খুব কম ক্ষেত্রেই তাঁদের কুম্ভকর্ণের নিদ্রা ভাঙ্গানো সম্ভব হয়। এখানে আর একটি ঘটনা আছে যেখানে দেখা যায় যে, একটি ছাত্র উপর্যুপরি দু'বার এদের যে ছাত্রদের বৃত্তি দেওয়ার পরিকল্পনা সেই পরিকল্পনায় প্রদত্ত অর্থবরাদ্দ চাইছে। এক বছর এই বৃত্তি ছাত্রটিকে দেওয়াও হয়। সে হয়ত অফিসিয়ালদের কারও নেকনজর থেকে একটু বিচ্যুত হয়ে পড়েছে যার ফলে দেখা গেল এ বছর এডুকেশন গ্রান্ট বন্ধ ক'রে দেওয়া হ'ল। বহুবার কর্তৃপক্ষের কাছে ধরনা দেওয়ার পর এই বিভাগের কাছ থেকে জবাব যা পেলো তা এই যে, ছাত্রটির মা যেহেতু মাদ্রাজে গিয়েছেন সেইহেতু তাকে স্টাইপেন্ড দেওয়া হবে না। এ ব্যাপার মন্ত্রীমহোদয়ার কাছে জানালাম, কিন্তু আজও সে ব্যবস্থা হয় নি। সুতরাং আমার কথা হচ্ছে যে, এই আমলারা মন্ত্রীমহোদয়াকে পর্যন্ত ভ্রূক্ষেপ করেন না। এই অফিসিয়ালদের দিয়ে সেইজন্যেই কি ক'রে

এই সমস্যার সুরাহা হতে পারে? এরকম ঘটনা হাজার হাজার রয়েছে। সেইসব ঘটনার কথা বলতে গেলে অনেক কিছুই বলতে হবে।

Mr. Speaker:

আপনার মেন রেজোলিউশন বলুন। ডিপার্টমেন্টাল অফিসিয়াল কথাটার মধ্য দিয়ে তার বিরুদ্ধে বলতে ১০ মিনিট সময় কেটে গেল।

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

এটা এমনই কথা যে না বললে হয় না। তারপরে রেফিউজি প্রবলেম সম্পর্কে সরকারের যে নীতি সে তো জঘন্য বঞ্চনার নীতি। সেই নীতিটাতে দেখছি, ছিটেফোঁটা কিছু সুযোগসুবিধা কোন কোন রেফিউজি পেয়ে থাকে এবং তা যে পায় তা স্বীকার করি। কিন্তু সেই নীতির ভিতরে কত বড় যে গলদ রয়েছে তাই আপনার মাধ্যমে আমি এই সভাকে জানাতে চাই। ১৯৪৭ সালে সেই উদ্বাস্তুদের আমাদের দেশের নেতারা বড় বড় আশা দিয়েছিলেন যে, এদেশে উদ্বাস্তুরা যখনই আসবে তখনই আমরা নিশ্চয়ই গ্রাসাচ্ছাদনের ব্যবস্থা করবো এবং সবরকম জীবিকা নির্বাহের ব্যবস্থা ক'রে দেওয়া হবে। ভাল কথা। দলে দলে পূর্ব বাংলা থেকে আমাদের ভাইবোন এদেশে চ'লে এলো। তাদের যা কিছু সঞ্চয় ছিল সব সেখানে পরিত্যাগ ক'রে নিঃসম্বল অবস্থায় তারা যখন এসে পৌঁছাল, তাদের জন্য যে ব্যবস্থা সেটা উদ্বাস্তুদের ভাল করবার নামে, কল্যাণ করবার নামে করা হ'ল তার ফলেই রাস্তার ধারে কুকুর আর উদ্বাস্তু ডাস্টবিন থেকে অন্ন জোগাড় করে। তার ফলেই দেশের সর্বত্র আজ নারীমেদলোভীদের আজ পৈশাচিক সমারোহ। সেই সময় বলা হয়েছিল যদি উদ্বাস্তু ব'লে এফিডেবিট দেয় তাহ'লেই উদ্বাস্তু ব'লে তাকে স্বীকার করা হবে। তারপরে দেখা গেল, এই ধরণের কেসগুলিকে প্রকৃত উদ্বাস্তু অধিবাসী ব'লে স্বীকার করা হ'ল না, পরন্তু তাদের বর্ডার শিলপগুলি যখন তারা পেশ করলো তারা অশিক্ষিত ব'লে কর্মচারিগণ, যাদের কাছে তারা ওগুলি পেশ করলো, সেটি আবেদনের সঙ্গে একসঙ্গে গেঁথে দিয়ে ডিপার্টমেন্টএ পাঠালো এবং আজকে দেখি সেই বর্ডার শিলপগুলি ইরেজ ক'রে ফেলে সেগুলি বিক্রয় করা হচ্ছে ৩০।৪০ টাকা ক'রে দাম নিয়ে উদ্বাস্তু পুনর্বাসন বিভাগের চার্জ আছে যেখানে সেই অকল্যান্ড হাউসএর সামনে, বিক্রি হচ্ছে বিভিন্ন এস,ডি,ও, অফিসের পুনর্বাসন বিভাগের সামনে। সেগুলি যারা হারিয়েছে তাদের শিক্ষা নাই, তারা জানে না কিভাবে এই এ্যাপ্লিকেশনগুলি পাঠাতে হবে। তারপরে দেখা গেল, তাদের চারপাশে ফড়িয়া ও দালালের আবির্ভাব হয়েছে। তারা উদ্বাস্তুদের ধাপ্পা দিয়ে বললে যে, "তোমাদের সব কিছু ক'রে দিব"। এই ব'লে তাদের কাছ থেকে কিছু কিছু টাকা নিয়ে পালিয়ে গেল। এইভাবে যারা প্রকৃত উদ্বাস্তু তাদের সমস্যা ঘোর তিমিরে, গাঢ় অন্ধকারেই রয়ে গেল। আর যারা সুযোগসুবিধা পাচ্ছে, তারা হচ্ছে এক অর্থশালী লোক, আর যারা সরকারের অফিসারদের সঙ্গে ষড়যন্ত্রে যুক্ত অথবা পুনর্বাসন বিভাগের সঙ্গে যাদের রহস্যজনক যোগাযোগ আছে। এইভাবেই এক মুষ্টিমেয় সংখ্যক উদ্বাস্তু তারাই শুধু উদ্বাস্তু বিভাগ থেকে সাহায্য পেয়ে থাকেন। উদ্বাস্তু নিদর্শন সম্পর্কে সরকারের নিত্য নূতন নূতন পরিবর্তিত নীতিই প্রকৃত উদ্বাস্তুদের গরিষ্ঠ সংখ্যককেই উদ্বাস্তু সাহায্য থেকে বঞ্চনা করছে। আমি আরও বলবো এই সরকারের চিকিৎসার বিষয়ে। উদ্বাস্তু রোগীর চিকিৎসার জন্য টাকা দেওয়া হবে। আমি আগেই বলেছি অনেক রেফিউজি কিভাবে তাদের নিদর্শন হারিয়ে ফেলেছে, তারা তো পায়ই না। তারপর যে রেফিউজিদের সার্টিফিকেট রয়েছে তারা যদি সাহায্য পেতে চায় বিভাগীয় উচ্চপদস্থ কর্মচারীরা তাদের দূর দূর ক'রে তাড়িয়ে দেন। যেখানে কোনও ভাগ্যবান চিকিৎসার টাকা পান তা প্রয়োজনের তুলনায় অত্যন্ত অকিঞ্চিৎকর। এই বিভাগ কিছু টাকা ডোল দিয়ে দেন, যার সমষ্টিটা হ'ল ৪০ টাকার মতন। যে রোগী টি,বি,তে ভুগছে, সে যদি একবার ৪০ টাকা পায় তার পক্ষে চিকিৎসার ব্যয়ভার কি ক'রে বহন করা সম্ভব হতে পারে সেই কথা মন্ত্রী-মহোদয়াকে জিজ্ঞাসা করি। তারপর উদ্বাস্তুদের সেই টাকা ক'টি দিতেও যে অযথা ডিলে হচ্ছে তার শত শত কেস আছে। এ সম্পর্কে আমি তাঁকে জানিয়েছি, তাঁর বিভাগকে জানিয়েছি যে, গত বছর সরকার যে রোগীর আবেদন পেয়েছেন এক বছর পরে সেখানে টাকা পাঠিয়েছেন। যখন সে টাকা পৌঁছলো তখন সে রোগী পঞ্চত্ব প্রাপ্ত হয়ে স্বর্গধামে চ'লে গেছে।

শুধু তাই নয়। বিবাহ সম্পর্কে এ'দের যে ব্যবস্থা তাও শুনুন। বিবাহের জন্য উদ্বাস্তুদের ৬০ টাকা ক'রে খয়রাতির ব্যবস্থা আছে। বিবাহের সময় তা পাওয়া যায় না। বিয়ের পর তিন বছর ধ'রেও এনকোয়ারি শেষ হয় না। যে ভাগ্যবান সে হয়ত বিয়ের পর তার ভাবী সন্তানের অন্নপ্রাশনের সময় এই টাকা পেয়ে থাকে।

এডুকেশন সম্পর্কেও অদ্ভুত ব্যবস্থা। রেফিউজি ছাত্রদের সাহায্য দেওয়ার ব্যবস্থা শুনুন। সমস্ত রেফিউজি ছাত্রকে নিজের খরচে এক বছর চালাতে হবে। বই কিনবে, কলেজের মাইনে দেবে এবং প্রথম বিভাগে পাশ করবে এইরকম যে ছাত্র তাকেই সরকার সাহায্য ক'রে থাকেন। উদ্বাস্তু ছাত্ররা যখন স্কুলে পড়ে তখন তাদের মা-বোন, বাপ-ভাইয়ের গ্রাসাচ্ছাদনের যোগাড়ে ব্যস্তভাবে ঘুরে বেড়াতে হয়। তার বই কেনবার টাকা কোথায়? তাদের কলেজে জমা দেবার মতও টাকা থাকে না। তারা কি ক'রে প্রথম বিভাগে প্রত্যেক বছর পাশ করবে আমরা ত বুঝতে পারি না। অথচ প্রথম বিভাগে পাশ না করলে তারা স্টাইপেন্ড পাবার অধিকারী নয়। এইরকমের সব প্রচুর প্রমাণ দেওয়া যায়।

[At this stage the blue light was lit.]

স্যার, আমাকে আরও কিছু সময় দিতে হবে, আমি ভালভাবে বিষয়গুলি বলবো যাতে ওঁরা সুষ্ঠু পরিকল্পনা করেন এবং সেটা যাতে ভালরকম কার্যে পরিণত হয়। যে সকল উদ্বাস্তু এক বছর টাকা বহন করতে পারেন তাদের সন্তানের শিক্ষার জন্য কেবলমাত্র তাঁরাই এই সুযোগ পেতে পারেন। শতকরা ৯০ জন প্রকৃত উদ্বাস্তুদের সন্তানরা শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত।

Mr. Speaker:

আরও ত সব রয়েছেন, আচ্ছা আপনি ব'লে যান।

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

তারপর, যাঁরা বলছেন বাংলাদেশে সব উদ্বাস্তুদের রাখা চলবে না। তাদের বিহার, উড়িষ্যা ও আসামের সর্বত্রই সমস্ত উদ্বাস্তুদের খেদিয়ে দেবার ব্যবস্থা হয়েছে। তাদের সেখানে পুনর্বসতির জন্য যে টাকা দেওয়া হয় অথবা যে সাহায্য তারা পায় তাতে কিছুই কুলোয় না। ফলে দু'চার মাস থাকবার পর সমস্ত ঘটিবাটি বিক্রয় ক'রে আবার এখানে ফিরে আসতে তারা বাধ্য হয়। এরকম একটা-দুটো ক্ষেত্রে নয়, শত শত ক্ষেত্রে এইরকম নজীর রয়েছে। তারপরে পুনর্বাসনের জন্য, আমরা খবরের কাগজে খবর পাই, যাদের আন্দামানে পাঠানো হয়েছে, যে অধিবাসীরা সেখানে যাচ্ছে, তারা স্বর্গসুখ পাচ্ছে। কিন্তু প্রকৃত চিত্র কি তাই? লোকচক্ষুর অন্তরালে তাদের পাঠিয়ে নির্বাসনের জীবনযাত্রা গ্রহণে তাদের বাধ্য করা হয়েছে। তাদের চিঠিপত্র সেন্সার করার জন্য এদেশে প্রকৃত সংবাদ আসছে না। তাদের এদেশে আসতেও দেওয়া হয় না। পারমিট ছাড়া এদেশে আসতে জাহাজে জায়গা পায় না। তাই তাদের সম্পর্কে কর্তৃপক্ষ তাঁদের খেয়ালখুশি মত উদ্বাস্তুদের সম্পর্কে এক রঙ্গীন চিত্র অংকন ক'রে এদেশে তাঁদের মিথ্যা প্রচারের জয়ঢাক তথাকথিত জাতীয়তাবাদী সংবাদপত্র মারফৎ প্রচার ক'রে চলেছেন। যদি এ সম্পর্কে কোনও বেসরকারী অনুসন্ধান কমিটি সরকার গঠন করতে প্রস্তুত থাকেন তা হ'লেই প্রকৃত তথ্য জনসাধারণের পাওয়া সম্ভব হবে। আন্দামানে উদ্বাস্তুদের গরিষ্ঠাংশ অন্নাভাবে অর্থাভাবে তিলে তিলে মৃত্যু বরণ করছে। অথচ তাদের অসহায়ত্বের সুযোগ নিয়ে উদ্বাস্তু পুনর্বাসন বিভাগ তাদের সম্পর্কে এদেশে মিথ্যা প্রচার করছেন।

[4-30—4-40] p.m.

সাউথ আন্দামানের উত্তরায়ণ রেফিউজি ক্যাম্প, শান্তনু রেফিউজি ক্যাম্পএর থেকে ৯৯টি ফ্যামিলি আমার কাছে দরখাস্ত পাঠিয়েছে। ৩।৪ শত লোকের পক্ষ থেকে তারা চিঠি পাঠিয়েছে—আমরা না খেতে পেয়ে ও প্রকৃত বাসোপযোগী আশ্রয়ের অভাবে আমরা মারা যাচ্ছি এবং সেজন্য তারা যে সমস্ত কারণ দিয়েছেন.সেগুলি হচ্ছে যে বেতপাতার ছাউনি দিয়ে চালাঘরে তাদের রাখবার ব্যবস্থা হয়েছে, ফরেস্টএ তাদের কাজ দেওয়া হয়েছে এবং এখানে প্রত্যেক ফ্যামিলিতে একজনকে কাজ দেওয়া হয়েছে অথচ প্রতি বারে আট থেকে দশ জন লোকও আছে প্রতিদিন এক টাকার বেশী তাদের রোজগার হয় না। তারা যখন সেখানে গিয়েছে তখন তাদের মাত্র ছ' মাসের ক্যাশ ডোল দেওয়া হয়েছিল। সেই

টাকা বহুকাল আগে নিঃশেষ হয়ে গেছে। এক একটি ফ্যামিলেতে ৮।১০ জন লোক থাকে। তাদের জন্য যে চাষের জমি দেওয়া হয় তাতে ফসল হয় না। সেখানে চাল ।৴১০ পাউন্ড, তেলের সের ৪৷৷০, ডাল ৸৵০, আলু ৸৵০ সের (২ পাউন্ড), কেরোসিন ৸৵০ আনায় দুই পাউন্ড, লবণ ।৵০ সের এবং পানের সের ১৷৷০। দোকান বা ব্যবসা চালানো সেখানে দুষ্কর। কারণ ভারতের অবাঙ্গালী প্রবাসীরা, আন্দামানে যারা পূর্ব থেকে বসবাসকারী, তারা এদের বিরুদ্ধে উদ্বাস্তু খেদাও আন্দোলন শুরু করেছে।

[At this stage the red light was lit.]

আমাকে আরও সময় দিতে হবে, কারণ আমি ভাল কথাই বলছি।

Mr. Deputy Speaker: Under the rules you cannot exceed your time.

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

পোর্ট ব্লেয়ারে আন্দামান সেটলার্স এ্যাসোসিয়েশনএর পক্ষ থেকে তাদের একটি স্টেটমেন্ট তারা লিখেছেন এবং সেটা আমার কাছে দিয়েছে. ওদিকে যাঁরা ব'সে আছেন তাঁরা অনেকে হয়ত এটা পেয়েছেন। সেখানে দেখা যাবে, আন্দামান এ্যাসোসিয়েশন এই ইস্টবেঙ্গল রেফিউজিদের বিরুদ্ধে কি ভাইল প্রোপাগান্ডা শুরু করেছে। সে সম্পর্কে তারা যা বলছেন তা গতকলাকার প্রায় সকল সংবাদপত্রে প্রকাশিত হয়েছে। তাদের পক্ষ থেকে যে প্রতিনিধিদল কোলকাতায় এসেছেন তারাও মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে একটা প্রেস কনফারেন্সএ তা ঘোষণা করেছে।

Mr. Deputy Speaker: Order, order. Please take your seat.

[The member thereupon resumed his seat.]

Sj. Hemanta Kumar Basu:

মাননীয় স্পীকার মহোদয়, সুহৃদ মল্লিক চৌধুরী মহাশয় যে প্রস্তাব উপস্থিত করেছেন সেই প্রস্তাব আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি। আপনারা সকলে জানেন যে, ১৯৪৭ সাল থেকে রেফিউজি এখানে আসতে আরম্ভ করেছে। ১৯৪৭ সাল থেকে ১৯৫০ সালের মধ্যে রেফিউজিদের পুনর্বাসনের কোন ব্যবস্থা করা হয় নি। তাদের কোন কোন ক্যাম্পে রেখে, কিছু কিছু ডোল দিয়ে, কিছু কিছু সাহায্যের ব্যবস্থা করে সরকার তাঁদের কর্তব্য শেষ করেছেন। ঠিক পরিকল্পনা হিসাবে সমস্ত উদ্বাস্তুদের পুনর্বাসনের কর্মপন্থা তাঁরা গ্রহণ করেন নি। সেণ্ট্রাল গভর্ণমেণ্টের এই ধারণা ছিল যে, পূর্ববঙ্গে অবস্থার উন্নতি ঘটলে পরে এরা পূর্ববঙ্গে ফিরে যাবে, কিন্তু ১৯৫০ সালে যে রায়ট হল, যে দাঙ্গা হল, সে দাঙ্গার ফলে যখন বহুসংখ্যক রিফিউজি -লক্ষ লক্ষ রিফিউজি যখন এখানে এলেন তখন সরকারের টনক নড়লো। তখন সরকার রিফিউজিদের পুনর্বাসনের জন্য পরিকল্পনা গ্রহণ করতে আরম্ভ করলেন। পশ্চিমবঙ্গের অনেক জায়গায় তাঁরা সেই সমস্ত রেফিউজিদের, উদ্বাস্তুদের পাঠাতে আরম্ভ করলেন। যেসব জায়গায় তাঁরা পাঠাতে আরম্ভ করলেন, যেখানে চাষীদের পাঠালেন, সেখানে চাষ হবে কিনা, সে জায়গা চাষের উপযোগী কিনা এবং জলের ব্যবস্থা আছে কিনা, সেইসব পরিকল্পনা, সেইসব চিন্তা তাঁরা করলেন না, যদিও তাঁদের প্রত্যেকেই গভর্ণমেণ্টের অফিসিয়াল এক্সপার্ট গিয়ে তাঁরা সেখানে জমি জায়গা দেখে এলেন, কিন্তু তা সত্ত্বেও সেই সমস্ত উদ্বাস্তুদের সেখানে বসিয়ে দেওয়া হল এবং তাঁদের বাড়ীর জন্য ঋণ দেওয়া হ'ল, তাঁরা বাড়ীও করলেন, ঘরও করলেন। মেদিনীপুরের শালবনী প্রভৃতি অনেক জায়গাতে যেখানে চাষ হয় না, সেসব জায়গায় দিনকতক পরে গভর্ণমেণ্টের পরিকল্পনায়, তাদের আন্দোলনের ফলে, তাদের অত্যধিক দুঃখ এবং অত্যধিক কষ্টের সৃষ্টি হল, তখন তাদের সেই বহু আন্দোলনের ফলে তাদের সেখান থেকে আবার গভর্ণমেণ্ট ফিরিয়ে নিয়ে এলেন এবং তাঁরা অন্যত্র চলে গেলেন। বিভিন্ন জায়গায় যেখানে উদ্বাস্তু বসানো হল সেইসব উদ্বাস্তুরা তাঁরা ঘরের টাকা পেলেন, ঋণও পেলেন, সবই পেলেন। কিন্তু সেখানে এক জায়গায় একসঙ্গে ৪ হাজার মধ্যবিত্ত পরিবারকে বসানো হল এবং তার ফলে সেখান থেকে তাদের জীবিকার্জনের পথ বা পরিকল্পনা—তাঁদের পাঁচশত টাকা করে বাড়ীর জন্য, পাঁচশত টাকা করে ঋণ, এই ব্যবস্থা করে দেওয়া হল। কয়েকমাস পরে সেখানে এক অসন্তোষের সৃষ্টি হল। অন্নাভাবে এবং

নানারকম রোগভোগে সেখানে বহু লোকের মৃত্যু ঘটে গেল। বাংলাদেশের প্রায় সর্বত্র এইরকম ভাবে উদ্বাস্তুদের এমন কোন পরিকল্পনা নাই যে পরিকল্পনা একটা ব্যাপক পরিকল্পনা—যাতে স্থায়ীভাবে এবং আর্থিকভাবে তাদের পুনর্বাসনের ব্যবস্থা হয়, সেই রকম ব্যবস্থা আজ পর্যন্ত হয় নি। কাজেই সেদিক থেকে, তা নাহলের কিছু কিছু লোকের পুনর্বাসন হয়েছে একথা ঠিক, কিন্তু সেই পুনর্বাসন এইরকম পুনর্বাসন নয়, যে পুনর্বাসনে বাস্তবিকই তারা অন্ততঃ তাদের পরিবারবর্গকে নিয়ে স্থায়ীভাবে দুই মুঠো করে খেতে পারে, এইরকম কোন পরিকল্পনা করা হয় নি। কাজেই চতুর্দিক থেকে একটা রব, চতুর্দিক থেকে একটা প্রতিবাদ চতুর্দিক থেকে একটা হাহাকার আরম্ভ হয়েছে। এরই মধ্যে বাংলাদেশের পুনর্বাসন হয়ে গেছে বলে এই ধরনের একটা বিবৃতিও আমরা শুনতে পেলাম। কাশ্মীরে যে কনফারেন্স হল সেখানে আমরা সেইরকম একটা রিপোর্ট দেখতে পেলাম। আমার বন্ধু ডাঃ মেঘনাদ সাহা এবং শ্রীত্রিদিব চৌধুরী তাঁরা তার বিশেষ প্রতিবাদ জানালেন এবং ফ্যাক্টস এ্যান্ড ফিগার্স দিয়ে যখন দেখানো হল যে, বাস্তবিকই ঠিক পুনর্বাসন হয় নি, তার পর সেণ্ট্রাল গভর্ণমেন্ট সেই-কথা শুনে, বাংলাদেশের সংবাদ সংগ্রহ করে বুঝল যে, পুনর্বাসনের ব্যবস্থা ভালরকম হয় নি, সবই একটা জোড়াতালি দিয়ে ব্যবস্থা করা হয়েছে মাত্র, তখন কেন্দ্রীয় গভর্ণমেণ্টের মন্ত্রীকে এখানে বসানো হল। তাঁরা এখানে বসেছেন, পরিকল্পনা অনেক শুনছেন, পরিকল্পনা করাও হচ্ছে যে, তাহেরপুরে কল করা হবে, অমুক জায়গায় শিল্পের ব্যবস্থা করা হবে, এইরকম নানারকম কথা আমরা শুনছি। কিন্তু এ পর্যন্ত যে সমস্ত পরিকল্পনা হয়েছে, তার কতখানি কার্যকরী হচ্ছে? কিন্তু তার দ্বারা সেখানকার মানুষের জীবিকার ব্যবস্থা যতক্ষণ না হচ্ছে, যতক্ষণ না তারা স্ত্রীপুত্রপরিবার নিয়ে দুমুঠো খেয়ে থাকতে পারছে, ততক্ষণ পর্যন্ত পরিকল্পনা করলেই হবে না। কাজেই সর্বদিক দিয়ে রেফিউজি, এটা একটা জাতীয় প্রশ্ন, কোন দলের প্রশ্ন নয়। সেইজন্য আমরা আমাদের পক্ষ থেকে সবসময় গভর্ণমেণ্টের কাছে এই দাবী জানিয়েছি যে, যাতে তাদের সুষ্ঠু পুনর্বাসন হয়, যেখানে তারা কাজ করবে সে জায়গায় যাতে একটা এ্যাডভাইসরি কমিটি থাকে তাদের অভিযোগ শুনবার জন্য, সে ব্যবস্থা করবার জন্য।

[4-10—4-50 p.m.]

তাদের অভাব অভিযোগ অনুসন্ধান করে গভর্ণমেণ্টের সঙ্গে অফিসিয়াল এবং নন্-অফিসিয়াল সমস্ত মিলে তাঁরা এই বিষয় একটা ব্যবস্থা করবেন। এই সঙ্গে গভর্ণমেণ্টএর অকল্যাণ্ডে যে দপ্তর আছে, বাস্তবিকই প্রত্যেক সমস্যা নিয়ে মন্ত্রীমহোদয়কে বলা যায় না, সম্ভবও নয়, অনেকের বহু অভিযোগ রয়েছে, এই সমস্ত অশিক্ষিত লোক তারা যখন অকল্যাণ্ডে যায় তখন সেখানে এমন কোন অফিস নেই যে, এই অজ্ঞ লোকদের তারা কোথায় তাদের চিঠি নিয়ে যাবে এইটা বলে দেবার জন্য কোন কর্মচারী নেই। এর কোন ব্যবস্থাও করা হয় নি। (এ ভয়েসঃ এনকোয়ারি অফিস আছে।) থাকতে পারে, কিন্তু কার্যতঃ দেখতে পাই না। আমার কাছে বহু রেফিউজী আসে, তাদের চিঠিপত্র গ্রাহ্য করা হয় না। তারা অফিসে গেলে, অমুকের কাছে যাও—এরকম কিছু বলে দেবার লোক নেই। এইভাবে দরিদ্র অজ্ঞদের প্রতি দুর্ব্যবহার করা হয়, তাদের সঙ্গে মানুষের মত ব্যবহার করা হয় না। এখানে বড় বড় অফিসারদের বড় বড় মাইনে দিয়ে রাখা হয়েছে কিন্তু তারা সাধারণ লোককে গ্রাহ্য করে না। এই অবস্থায় পুনর্বাসন হতে পারে না। এটা একমাত্র সম্ভব আমরা সকল দল মিলে, কংগ্রেস এবং অন্য সব দল মিলে, এই উদ্বাস্তু সমস্যাকে যদি জাতির প্রশ্ন হিসাবে সমাধান করি।

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: On a point of privilege, Sir. Are we going to have whole of this day for the discussion of non-official business?

Mr. Deputy Speaker: The non-official business will continue up to 5 p.m. Then the Security Bill will be taken up and the non-official business will be carried over to the next Friday.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Last Friday we had no non-official business and the Speaker gave us to understand that the next two Fridays, that is, today and the next Friday will be wholly allotted to non-official business.

Mr. Deputy Speaker: Mr. Speaker will be coming just now and you may raise this question then.

Sj. Ananda Gopal Mukherjee:

মিঃ স্পীকার, স্যার, আমার বন্ধু সুহৃদ মল্লিক চৌধুরী যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবের সংশোধনী প্রস্তাব আকারে এটা আমি এনেছি এবং কেন এনেছি তার যুক্তি আপনার কাছে রাখতে চাই। আমার বন্ধুবর যে প্রস্তাব এনেছেন প্রথমতঃ নিশ্চয়ই এই সম্বন্ধে বিশেষভাবে চিন্তা করে এই সমস্যাকে কি করে সমাধান করা যায়, তার জন্য এ প্রস্তাব আনেন নি। কারণ তাঁর এই প্রস্তাব আপনি যদি পুঙ্খানুপুঙ্খরূপে বিশ্লেষণ করেন তাহলে দেখবেন যে, তিনি এই সমস্যা বুঝতেই পারেন নি, সমাধান কি করে করবেন জানি না। আমি একটু আগে এই সমস্যা সম্বন্ধে তিনি যা বললেন তাতে আমার এই ধারণা আরও দৃঢ় হল যে, পুনর্বাসন সমস্যার সমাধানের ইঙ্গিত এর মধ্যে নেই। উদ্বাস্তু পুনর্বাসনের কথা যদি বলেন, আজকে প্রথমেই তাঁরা বলেছেন, পশ্চিমবঙ্গ সরকারের রিহ্যাবিলিটেশন ডিপার্টমেণ্ট অতি আস্তে আস্তে কাজ করছে এবং এতে কোন সমস্যাই সমাধান হয় নি। আমি যুক্তি দিয়ে এই কথা বলছি যে, তাঁদের এই উক্তি সত্য নয়। আমরা দেখেছি যে, পূর্ব পাকিস্থান থেকে প্রায় ৩৪ লক্ষ উদ্বাস্তু আমাদের দেশে এসেছে, তার মধ্যে ২৮ লক্ষ ৫০ হাজার এই পশ্চিমবঙ্গে এসেছে। এদের সম্বন্ধে যদি চিন্তা করেন তাহলে দেখবেন, এই লক্ষ লক্ষ উদ্বাস্তু বাংলাদেশে যা এসেছে, যা গোটা বাংলার ⅓ অংশ বাংলার আয়তন, এখানে এত বেশী উদ্বাস্তু এসেছে এবং আমাদের সম্পত্তি এত কম যে, আজ তাদের এই পুনর্বাসন সমস্যা একদিনের মধ্যে সমাধান করতে পারা যায় না। কেন্দ্রীয় সরকারের সাহায্যে পশ্চিমবঙ্গ সরকার এই সমস্যা সমাধানে কতদূর এগিয়ে এসেছেন তার তথ্য এখানে সাক্ষী দেবে। আমি সেই তথ্য আপনাকে জানাচ্ছি। এ পর্যন্ত প্রায় ৩·৭৬ লক্ষ রেফিউজির পুনর্বাসনের ব্যবস্থা করা সম্ভব হয়েছে। এর মধ্যে আমরা যদি হিসাব করে দেখি তাহলে দেখবো যে, গভর্ণমেণ্ট যেসব জয়গায় ক্যাম্প করেছেন তাদের সংখ্যা হল প্রায় ৩ শত এবং যেসমস্ত জায়গায় সরকার টাউনশিপ ও অন্যান্য কলোনী ডেভেলপ করে এই উদ্বাস্তু পুনর্বাসনের ব্যবস্থা করেছেন, তাতে আমরা দেখছি হাবড়া, গয়েশপুর, তাহেরপুর এবং অন্যান্য জায়গায় ৫৮,৭৫০ জন উদ্বাস্তুকে পুনর্বাসনের কাজে সাহায্য করা হয়েছে। আমরা দেখেছি যেখানে গভর্ণমেণ্টএর খাসমহলের জমি ছিল সেখানে প্রায় ৯ হাজার ফ্যামিলিকে রিহ্যাবিলিটেট করে দিয়েছেন। আমরা দেখেছি, গভর্ণমেণ্ট এখানে মিল মালিকদের সঙ্গে যোগাযোগ করেছেন এবং অন্যান্যভাবে যোগাযোগ করে প্রায় ২ লক্ষ ৩৭ হাজার ফ্যামিলির পুনর্বাসনের ব্যবস্থা বিভিন্ন অঞ্চলে করেছেন। আমি এই তথ্য এখানে রাখছি। এই তথ্যই বিচার করে মত দেবে কিভাবে এখানে কাজ হচ্ছে। আমি এখানে বলতে চাই, শুধু আজ জমি বা টাউনশিপ প্ল্যানিংএই সরকারের চিন্তা সীমাবদ্ধ থাকে নি, আজ লো ইনকাম গ্রুপ অর্থাৎ মধ্যবিত্ত শ্রেণীর লোক তাদের জন্য কলিকাতায় যাতে তারা নিজেরা জীবিকা অর্জন করতে পারে তার জন্য টালিগঞ্জে ১,৪০০ টেনিমেণ্ট গড়ে তোলা হয়েছে। আজকে লো ইনকাম গ্রুপ-এর যে সমস্ত উদ্বাস্তুভাইরা আছে, তারা যাতে ঘর নিজেরা করতে পারে সেজন্য টাকা সাহায্য করা হয়েছে, সেখানে দেখছি ১,৫০০ লোককে ১৮ লক্ষ টাকা দেওয়া হয়েছে। আমরা দেখেছি যে, গভর্ণমেণ্ট সেটেলমেণ্ট করে এদেশ থেকে যেসমস্ত মুসলমানরা চলে গিয়েছে তাদের জমিতে পশ্চিমবঙ্গ সরকারের চেষ্টায় প্রায় ৭২ হাজার ফ্যামিলিকে রিহ্যাবিলিটেশন দেওয়া হয়েছে। আজ যেসমস্ত উদ্বাস্তু পূর্ব পাকিস্থান থেকে এখানে এসেছে তার মধ্যে শতকরা ৪০ জনই কৃষিজীবী। এই কলোনি, টাউনশিপ, টেনিমেণ্টস্ যাদের পুনর্বাসনের ব্যবস্থা করা হয়েছে তাদের থেকে এদের পুনর্বাসন একটু অন্য প্রকার। তাদের জন্য যে জমি পাওয়া গেল, এই পশ্চিমবঙ্গে এত কম যে, ২½ লক্ষ একর মাত্র। পশ্চিমবঙ্গে রিহ্যাবিলিটেশন ডিপার্টমেণ্ট গ্রহণ করে কৃষিজীবীদের কাজে লাগাবার জন্য দিয়েছেন। আমরা দেখেছি, এই ২½ লক্ষর মধ্যে ২ লক্ষ একর জমি কৃষিকার্যের উপযোগী হয়েছে বাকী এখনও হয় নি।

এইদিকে যদি লক্ষ্য করেন, তাহলে দেখবেন এই অল্প পরিমাণ জমি থাকা সত্ত্বেও এই ২½ লক্ষ একর জমি ডেভেলপ করে নেওয়া হয়েছে। সোনারপুর, আড়ারপুর প্রভৃতি জায়গায় কৃষিজীবীদের জমি দেবার ব্যবস্থা হয়েছে এবং এখানে প্রায় ৮ হাজার পরিবারকে পুনর্বাসন করা হয়েছে।

[4-50—5 p.m.]

আমরা দেখেছি, এখানে যারা কৃষিজীবী আছেন তাঁদের সাহায্য করবার জন্য সরকার ২৬৩ লক্ষ টাকা দিয়েছেন। যে ৬০ ভাগ কৃষিজীবী নন তাঁদের জন্য সরকার কি করেছেন তা এবার দেখাব। এর মধ্যে যাঁরা আর্টিজ্যান্স্, ক্রাফ্ট্স্‌মেন আছেন এবং অন্যান্য যাঁরা নানা শিল্পে নিযুক্ত ছিলেন, আজ এখানে আসবার পর যাতে জীবিকা অর্জন করতে পারেন তার দিকে দৃষ্টি রেখে, ডাক্তার যাঁরা, উকিল যাঁরা, তাঁরা যাতে প্রতিষ্ঠিত হতে পারেন সেই কথা ভেবে সরকার কাজ করেছেন। স্টলস প্রভৃতি করে অনেককে ব্যবসা করার সুযোগ সরকার দিয়েছেন। এখানে দেখছি আরও প্রায় আটটি পরিকল্পনা আছে যা সেণ্ট্রাল গভর্ণমেণ্টএর কাছে বাংলা সরকার পাঠিয়েছেন, সেটা অনুমোদিত হলে আরও অনেকভাবে সাহায্য করা সম্ভব হবে। এ ছাড়া হকার্স স্টলও হাজার হাজার গড়ে উঠেছে। শুধু তাই নয়, আমরা দেখেছি পশ্চিমবঙ্গ সরকার যাঁরা টেকনিক্যাল ট্রেনিং নিতে পারেন এবং নেবার যোগ্য এবং পেয়েছেন তাদের সংখ্যা ২০ হাজার এবং ৬ হাজার ৫ শত এখনও ট্রেণিং পাচ্ছেন। সমস্ত তথ্য অবশ্য দিতে পারছি না। ও'রা যেভাবে জিনিষগুলি দেখিয়েছেন সেটা যে ঠিক নয়, তাই আমি দেখাচ্ছি। তাঁরা উদ্বাস্তু পুনর্বাসনের কথায় অত্যন্ত পুরান সব তথ্য পরিবেশন করেছেন। বর্তমান কাজের সঙ্গে যোগ থাকলে বুঝতেন এসব তথ্য ঠিক নয়। তাঁদের আমি জানাই যে, পশ্চিমবাংলায় যে পরিমাণ জমি পুনর্বাসনের জন্যে পাওয়া যেতে পারে আজ তা পাওয়া গিয়েছে এর পরে যদি উদ্বাস্তু পুনর্বাসনের ব্যবস্থা করতে হয় তাহলে পশ্চিমবাংলায় তা সম্ভব হবে না। এখানে এস্টেটস এ্যাক্যুইজিশন করে মাত্র ৭ লক্ষ একর জমি পাওয়া যাবে, সেদিক থেকে যদি আমরা ভাবি যে, পশ্চিম বাংলায় যারা ভূমিহীন কৃষক, ভাগচাষী আছেন, তাঁদের সংখ্যা ৬·৯ লক্ষ ফ্যামিলি এবং ল্যান্ডলেস লেবার তাদের সংখ্যাও বেশ কয়েক লক্ষ ফ্যামিলি, তাহলে বুঝব পশ্চিমবাংলার ঘাড়ে যে দায়িত্ব এসেছে সেটা শুধু পশ্চিমবাংলার দায়িত্ব নয়, সারা ভারতবর্ষের দায়িত্ব এবং যে দায়িত্ব পশ্চিমবাংলা সরকার কেন্দ্রীয় সরকারের সাহায্যে এতদিন পালন করে এসেছেন তা যদি সেই দায়িত্বের অংশ ভারতবর্ষের প্রত্যেকটি প্রদেশ গ্রহণ না করেন তাহলে সমস্যার সমাধান করা সম্ভব হবে না। বিরোধী পক্ষের বন্ধুরা যদি এদিক থেকে চিন্তা করেন তাহলে ভাল হবে।

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Sir, on a point of order. The gentleman is speaking for 25 minutes.

Mr. Speaker: He has spoken for 12 minutes. There is a note kept when every speaker begins to speak.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: If you see that note and say he has spoken for 12 minutes, I will sit down.

Mr. Speaker: Yes, he has spoken for 12 minutes.

Sj. Hemanta Kumar Basu: To every speaker how many minutes have been allotted? I was given only 10 minutes.

Mr. Speaker: We will continue up to 5-5 p.m. today and the debate will continue on the next non-official day.

Sj. Ananda Gopal Mukherjee:

আমাদের দেশে ৩৪ লক্ষ উদ্বাস্তু এসেছেন, এ'দের মধ্যে ৩·৪৪ লক্ষ আসাম নিয়েছে, ২·৮২ লক্ষ ত্রিপুরা, ৫ হাজার আন্দামান, ৬ হাজার উত্তরপ্রদেশ, ১,৭০০ মাদ্রাজ, ৬০ হাজার বিহার, ৩৬ হাজার উড়িষ্যা। যেসমস্ত জায়গায় রেফিউজিরা গিয়েছেন—আমার বলতে বাধা

নেই—এদের পাঠানোর পূর্বে যেভাবে সুষ্ঠু পরিকল্পনা করে যাতে চাষের জমি পায়, জীবিকা অর্জনের পথ পায়; সেইসব চিন্তা করে যদি পাঠান হ'ত তাহলে অনেক দেশ থেকে তাদেরকে ফিরে আসতে হ'ত না। আন্দামানের যাঁরা নিন্দা করলেন তাঁরা অসত্য তথ্য পরিবেশন করলেন। আজকে আন্দামানে যেভাবে পুনর্বাসনের কাজ হয়েছে সারা ভারতবর্ষে যদি তা হ'ত তাহলে এই উদ্বাস্তুরা লায়েবিলিটি না হয়ে আমাদের এ্যাসেট হ'তেন। তাই বলছি, যেখানে উদ্বাস্তুদের পাঠান হবে, সেখানে আগে থেকে সোস্যাল ওয়ার্কার্সদের পাঠিয়ে সুষ্ঠু পরিকল্পনা করে তারপরে পাঠান হয়, তাহলে কাজ ভাল হবে। যাঁরা বলেছেন যে, সমস্ত রাজনৈতিক দলের প্রতিনিধি নিয়ে এ সম্পর্কে নন-অফিসিয়াল বডি গঠন করা হোক, তাঁদের প্রস্তাবের আমি তীব্র প্রতিবাদ করি। যাঁরা উদ্বাস্তুদের জন্যে এতদিন কাজ করে চলেছেন, তাঁদের বাদ দেওয়ার প্রশ্ন উঠতে পারে না, যেমন—

[At this stage the red light was lit.]

Sir, I want one minute more.

Mr. Speaker: But finish in one minute; Don't take more.

Sj. Ananda Copal Mukherjee:

রামকৃষ্ণ মিশন এবং অন্যান্য সেবামূলক প্রতিষ্ঠান ইত্যাদি তাঁরা যে দৃষ্টিভঙ্গী দিয়ে এই সমস্যা দেখেছেন রাজনৈতিক দল সেইভাবে দেখেন না। তাই বলি, অফিসিয়ালস্ এবং নন্-অফিসিয়ালস্দের সঙ্গে যারা এখানে সোস্যাল ওয়ার্ক করেন তাঁদের নিয়ে করা হোক।

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Sir, how long will this business continue?

Mr. Speaker: It is given in the programme which has been circulated.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: On the last Friday non-official business was not allowed and when the question of precedent was raised, you were pleased to say that the next two Fridays would be allotted for non-official business. The business just now before the House, the non-official resolution of Sj. Mullick Chowdhury, is a very important business and it should not be closed in the midst of discussion.

Mr. Speaker: It is not closed but will be carried over to the next non-official day.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Why should it be carried over? Is there any urgency for the Bill that will be taken up. That Bill is not going to expire now. Its life extends up to the 26th January, 1956. So why should you in the midst of discussion stop the very important non-official business and have pushed through a Bill which can easily stand over till tomorrow or Monday?

[5—5-10 p.m.]

From the trend of the discussion it will be seen that it is a very important thing and it should not be carried over in the way in which it is proposed to be done, and that is not also in accordance with rules. Precedents of course we can get, but Government business is only taken up when it is very important and when an urgency is made out, but not in this case.

Sj. Bankim Mukherji: This point has been raised so many times in other sessions, on many of the non-official days in other sessions. In this session at the very beginning you have pointed out that every Friday should be devoted to non-official business. Even then, the first Friday we did not get because there was a paucity of resolutions. I entreated you that whatever resolution was there may be discussed.

Mr. Speaker: There was none.

Sj. Bankim Mukherji: There were one or two. I said that ballot can be done in five minutes for that one or two resolutions. But then, we acceded to your request that we take them up from the next Friday. Last Friday we had acceded to your request that official business would be taken over with this understanding that we would get one extra day plus all these non-official days which we might get in this session.

Mr. Speaker: Everything will be done as stated But there is no programme for non-official business, no resolutions.

Sj. Bankim Mukherji: There are still so many resolutions left. Moreover, we have got to take two days for discussion on the statements by the Hon'ble Chief Minister and the Hon'ble Labour Minister made on the tea gardens' strike. That also will require at least one day for discussion.

Mr. Speaker: That is Government business, not non-official business.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: He may rest assured that all resolutions will be put before the House.

Sj. Bankim Mukherji: So far as the statement of the Chief Minister is concerned he had asked us to submit a resolution That has been submitted

Mr. Speaker: Sj Jyoti Basu has done that.

Sj. Bankim Mukherji: Anyway there are still so many resolutions. We have not got much time Most probably we will get one or two days more for non-official business. So, I would request that if the Government business is not so urgent as Mr Ray Chaudhuri has pointed out, actually it is not so urgent we will continue discussion of the resolution. This is one point Another point is that excepting Budget days we do not sit on Saturdays.

Sj. Haripada Chatterjee:

স্পীকারমহোদয়, আমি একটা কথা বলতে চাই।

Mr. Speaker:

বঙ্কিমবাবু ত বলেছেন, আবার আপনি কি বলবেন?

Sj. Haripada Chatterjee:

আমি বেশী কিছু বলতে চাই না, আমি শুধু এইটুকু আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, শুক্রবার দিনটা আমাদের চিরকাল নন-অফিসিয়াল দিন।

Mr. Speaker:

শুক্রবার চিরকাল নন-অফিসিয়াল বিজনেসএর জন্য ছিল, এটা দয়া করে দেখিয়ে দিন। চিরকাল কখন ছিল না।

Sj. Haripada Chatterjee:

কোন আর্জেন্সি থাকলে হয়ত বলতে পারেন, হবে না, কিন্তু এখানে কোন আর্জেন্সি নেই।

Mr. Speaker:

আচ্ছা, আচ্ছা ঠিক আছে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I was just going to say that there is the Finance Sales Tax Ordinance which has got to be passed

through this House and the other House before 21st September. Therefore after the Security Bill is over that Bill will be taken up, and sufficient notice has to be given to the other House to finish it before the 21st September.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: We are prepared to discuss that Bill after non-official business.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: What is the urgency of this resolution?

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: We consider this to be much more important than your Security Bill or your Finance Bill.

Mr. Speaker: I would now take up the points. There is a complete misconception that non-official resolutions may not be taken up because of the heavy programme of business that is already circulated. We are sure to get at least three more Fridays.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I am prepared to give another day.

Mr. Speaker: I am sure it will be four or at least three days. We have no doubt about it. But up till now there are only four more resolutions.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Four resolutions may be on the paper but there is nothing to prevent us from putting in more resolutions. We do not do it because we are not given time. When we are stopped in the midst of a discussion, it is no use referring to that resolution Any number of resolutions may come in. None can prevent us from doing that. But the thing is that we do not feel encouraged to do that because of the attitude taken by the Government in stepping aside non-official resolutions in this way.

Mr. Speaker: As a matter of fact as a result of my request these resolutions have come up till now. I find there is enough time for all the Non-official Resolutions to be debated. Moreover I announced in the House that today we will have two hours for Non-official Business and subsequent to that we will take up the Bill. However, I think this is an important resolution and the debate should not be stopped for two hours today. This debate will continue next Friday. We shall now proceed to the discussion of the Bill.

GOVERNMENT BILL

The West Bengal Security (Amendment) Bill, 1955

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have listened with great care to the speeches made on the other side of the House. A point has been attempted to be made that we on this side of the House have got a brute majority. Sir, every one of these 160 and odd members who have come on Congress ticket has fought their rivals, many of them belonging to the Opposition group, and has defeated them at the polls. It is idle to say that the members here are not representatives of the people. It is idle to say that they are not thinking for themselves because every one of the proposals that come before the House is first of all debated in the Party where every one, every member gives his opinion. The reason why we curb them, we stop them from talking as they could talk is because we felt that at least in the Legislature, the Opposition Party should have full

play so far as they are giving vent to their opinions. Unfortunately we learn very little from the speeches of the Opposition because first of all they confuse the issue. They like Sancho Panza of Don Quixote go on fighting imaginary devils and then begin to criticise the Bill that is before the House without stopping to enquire to what extent their opinions are based upon realities. Sir, I have said before and I repeat again that this Bill, this Act is meant for such crimes as cannot be covered by the ordinary penal clauses of the Act. Some of my friends opposite who are lawyers seem to think that it is possible that most of these crimes could be covered. But, Sir, the main purpose of this Act is, as you will see in the Preamble, "An Act to make special provision for the maintenance of public order by the prevention of illegal acquisition, possession or use of arms, suppression of subversive movements endangering communal harmony or the safety and stability of the State and the suppression of goondas and the maintaining of supplies and services". I want to emphasise the word "prevention". All the other penal laws have been based on the supposition that the man who has committed a crime should be prosecuted and his innocence or guilt has to be proved.

[5-10—5-20 p.m.]

Otherwise, he would remain innocent, but in this particular Act the object is prevention. Sir, if you look at the operative provisions of the Act, you will find that six or seven sections are for protection of areas and places, that is for the prevention of any action being done. We have found recently—within recent years, not today or not yesterday but within recent years—that due to various causes and due to the rapid industrialisation of the country, it has become necessary to take steps to prevent any act which may cause dislocation in the life of the people and protection is necessary. The only place where this particular provision has been used is mainly in the case of installations like the Electric Supply, like the petrol installations, like the Burnpur steel installations and so on. These are regarded as instruments for the benefit of the people They belong to, what we might call, essential services and, therefore, provisions are made in the Act for the protection of areas and places. What is the harm in that? Some friends have suggested that the word "loitering" has been put in which was not there before. The friends who have said that have not read the present Act because there the word "loitering" is used in the sections—only the word not being quite clear, we have altered the position of the word from one place to another.

Sir, "sabotage" is another section about which my friends have waxed eloquent. If, as has happened under my very eyes on the 16th February, 1954, sabotage is resorted to in extensive measure, if switches are taken off, if the places are converted into dark areas and if the wrong-doers go in for pilfering, looting and robbing, is it not necessary for any Government, whatever the character of that Government be, to have power to take speedy action under such conditions?

Sir, the only two sections which are not preventive in character are the looting and the possession of corrosive substances. A man may have some sulphuric acid in his pocket which he wants to use for some legitimate purpose. The Act says that if it can be shown that he is carrying this acid not for any lawful purpose, then only action will be taken against him. The second one is looting. I have been witness at least to two cases—one in August, 1946, and the other, the other day on the 16th February, when I saw the doings of the anti-social elements and mind you, Sir, I do not blame any particular political party—I do not know whether they belong to any party except one party, viz., the Goonda Party. They

do not claim allegiance to any caste, creed or colour. They belong to all parties. They take advantage of the situation and they begin to loot. You will find that that section on "looting" is definitely hedged in—whoever commits dacoity, robbery or theft in a building, vessel or vehicle during a riot or any disturbance of the public peace, etc.,—and I am perfectly sure that every member of this House has had personal experience of how such looting takes place whenever there is any disturbance.

Sir, the power which is given in the Act for curfew is a very important power. I do not know whether most of you are aware that in 1950 there was a recrudescence—and also in 1951—of stabbing in a particular area which was affected—mostly round the place where I live and it was essential that curfew should be imposed in order to prevent peaceful citizens going about from being molested by the miscreants.

Points have been raised that the control of processions has been rigid under this Act. Sir, I do not know—honestly I cannot say—how many processions that are held every day do take previous permission of the police. I suppose they do, but, in any case, I am one of the fortunate few whose house is being covered by processions morning and evening. I am very much favoured by the processionists because they think that by going in front of my house and shouting slogans they will displace me or dislodge me from the position in which the people have placed me at the present moment. But the control of processions is again hedged in by a clause—The State Government may by general or special order prohibit or restrict or impose conditions about holding of or taking part in processions, meetings and assembly which in its opinion are likely to disturb communal harmony or public order or tranquillity. Sir, it may be argued that anything can be included in the term "public order or tranquillity". You will have to remember that if a person is arrested under this section, the case has to be produced before a court. It is not that they are arrested and kept behind the bars without any judgment on their cases. It is one of the safeguards that we have to put in in view of the present condition of the country.

Then there is the control of movements of commodities. Sir, this was more essential at the time when we had the control, but even at the present moment things may happen on any day when there may be necessity of controlling movements of commodities.

[5-20 -5-30 p.m.]

That again is hedged in by "if in the opinion of the State Government it is necessary or expedient, so to do, for preventing or suppressing subversive acts or maintaining supply of service essential to the life of the community, it may prohibit or restrict the movement of any commodity". Again we have got to prove in Court in a particular case when this thing has happened where commodity movement has been proscribed that it was for the purpose of suppressing subversive acts. The words "subversive act" are defined in this Act as "any act which is intended or likely to endanger communal harmony or safety and stability of the State and also to organise, further or help the illegal acquisition of arms and possession thereof or the use of arms or explosive substances or corrosive substances." Sir, you will notice that the words that are used here are not that the man has used the arms, which is of course liable for punishment under the Penal Code, but even any attempt to organise and collect arms would be regarded as a subversive act; and similarly there are very many criticisms here which say: "Why don't you stop the goondas?" Sir, we cannot under this Act arrest the goonda, because he is to be proceeded under the

Goonda Act, but we can restrain the movement of those who further the activities of the goondas. Sir, it has happened, and it has come to my knowledge, that in many cases the actual perpetrator of the crime is a tool in the hands of an evil person who is staying behind and does not show his hand, but he is creating mischief through another individual; and it is often necessary to get the man who is really the brain behind in order to stop subversive action or in order to stop any disturbance of any character.

Then the question of loud speakers comes in. I wish, devoutly wish, that some controls were made over loud speakers. I am one of the victims again of listening to the loud speakers till 10-30 or 11, and all sorts of queer noise come through the loud speakers to my ears, and I sometimes marvel at my own patience to bear up this—not for one day, not for two days, certainly for the last eight years that I have been the Chief Minister of this State. Therefore, I say that the use of loud speakers is not restricted as some members seem to show. At the same time, and this has reference to the incident which happened immediately after the murder of Gandhiji, it so happened that I have heard with my own ears the morning following a person sitting in a jeep with a red flag shouting out "revenge on the person who has spilt Gandhiji's blood." He was having what you may call a *chonga*, one of the conical things, and shouting—a thing which will not be tolerated in any civilised society, because it was an open invitation to create disturbance and disharmony.

Sir, the question of section 21 has been raised. This is the only section in the whole Act where the case does not go to a law court. In all other cases, the arrested person has the right to defend himself in open court. In the case of section 21 where it is a case of internment of a person in a local area or externment from his area to another part of West Bengal the Government has got to get the sanction of three Judges The point that I want to emphasise is that the Act says that though it is an Advisory Body if the Judges do not approve the internment then the Government has to drop the order. On the other hand if they do accept the suggestion of internment or externment order then that order can only remain in force for six months; and therefore that is the only type of case about which I have heard so much talk, in which the punishment that is given is for a very limited period. In the year 1954 under the section I have just read out—section about protected places—250 people were prosecuted and 234 were convicted. In 1955, 69 people were prosecuted and 39 were convicted. As regards protected areas 85 persons were prosecuted and 76 were convicted in 1954; and 160 persons were prosecuted and 61 were convicted in 1955. As regards sabotage in 1954 four were prosecuted, but none were convicted. In the year 1955 there was no case. As regards subversive act there were 225 cases of prosecution and 25 only were convicted; and in 1955 there were 141 prosecutions and two were convicted. In the case of smuggling, section 20, there were 405 cases of smuggling prosecuted, of which 364 were convicted; and in 1955, 36 were prosecuted and 28 were convicted. I have ascertained that with regard to smuggling many of the smugglings particularly in North Bengal happened to be of things of more than the value of Rs. 1,000; so that it is not correct to say that in this Act we do not prosecute the landed people and rich men. I heard some one to interject that 225 people were prosecuted, and the conviction was only five regarding subversive acts. Sir, I am not surprised. What happened was that arrests for subversive acts occur at a time when there is a large fracas' going on, and it is impossible at that stage for the police to know exactly who the real culprit is, and it is not surprising. It is difficult for the police to get proper evidence and proper witnesses, in the absence of which the cases are likely to be discharged. As regards externment or

internment there was one case in 1954 and two cases in 1955. Both these cases were sent up to the Judges and they confirmed the conviction.

[5-30—5-40 p.m.]

Under section 21, 201 persons were externed from their homes and I heard some speaker mentioning about that. Sir, these are cases of policemen who had to be taken away from their places of residence in order that the thing might not spread. The number of persons whose cases were considered by the Advisory Board was 188 in which orders were actually served and 179 cases were approved by the Advisory Board. Cases of 9 persons were disapproved by the Advisory Board. Thus you will see, Sir, that the use of the Act as it stands today has been made by us with as much care as possible. I heard somebody saying that there was a speech made by the President of the West Bengal Provincial Congress Committee in which there was an attack on the Communist Party. I happened to make enquiries from the President regarding this and he absolutely denied it. It may be that one of the papers might have published something as a matter of propaganda.

Another example of the use of this Act has been cited again and again in connection with the teachers' strike. One hundred and sixty-two persons were arrested under this Act. It is true, but I am not prepared to say that all of these 162 persons were teachers. I may recall the incident of that period—for four days the teachers were squatting and nothing happened and no arrests were made. It is only when some of the teachers and others, mostly outsiders, came towards the Assembly they were stopped by the police at the corner of the Government House. Two of the statues were dismantled and immediately afterwards, as you all know, for nearly three hours there was hell let loose throughout the city and it was impossible for us to stop the progress of events under such conditions except by use of the powers under this Act. It has also been said that powers are used only against a particular party. Recently there was a fracas in front of the Regional Labour office and there were arrests made of persons belonging to both the unions—Dock Mazdoor Union as well as National Union of Dock Labours. The cases were put before the court and it is for the court to decide as to who is really responsible for the trouble. But I can assure you that if the police had not acted under an Act of this type there would have been a general melee on that morning. Sir, my friend Sj. Suhrid Mullick Chowdhury asks security against whom? I just remind him that only four or five days ago he came to me and said that his area was infested by goondas and whether we could not do something to stop it. He wants me to give him protection but he says at the same that "give me protection but do not use this Act". This is an impossible situation. Sir, there is no bigger truth than was uttered by Sj. Bankim Mukherji when he said that most people in this State are peace-loving. I entirely agree with him, and I would go further and say that not only 80 per cent., as he said but 85 per cent. are peace-loving. But the difficulty is that the remaining 15 per cent. has to be prevented from upsetting the 85 per cent., in the pursuit of their ordinary work. It is not the brute majority in this case but the brute minority who tries to create destruction and disruption and upsets the economic conditions of the city and of the province and here we need an Act of this type. Sir, I do not want to take more time of the House but I do say that this Act is intended as a preventive measure and if any member or any member belonging to any particular party is not wedded to violence, is not intending to create violence, is not intending to upset the peaceful equilibrium of the town and the city there is nothing to be afraid of from the operation of an

Act of this type. It is possible in certain cases that miscarriage of justice might have occurred. As I said before and I repeat again—I say this to Sj. Biren Banerjee—that if you knew of somebody who was creating this trouble it is the duty of every law-abiding citizen to inform the authorities so that they might take action at the earliest opportunity but if the thing is allowed to go to a certain extent, it may be very difficult to check it at the last moment.

With these words, Sir, I oppose the motion for circulation.

[5-40—6-5 p.m.]

The motion of Sj. Nagendra Dalui that the West Bengal Security (Amendment) Bill, 1955, be circulated for the purpose of eliciting opinion thereon was then put and a division taken with the following result:

AYES—51

Baguli, Sj. Haripada
Bandopadhyay, Sj. Tarapada
Banerjee, Sj. Biren
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Ajit Kumar
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Hemanta Kumar
Bera, Sj. Sasabindu
Bhandari, Sj. Sudhir Chandra
Bhattacharjya, Sj. Mrigendra
Bhattacharya, Dr. Kanailal
Bhowmick, Sj. Kanai Lal
Bose, Dr. Atindra Nath
Chakrabarty, Sj. Ambica
Chatterjee, Sj. Haripada
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Sj. Rakhahari
Chaudhury, Sj. Jnanendra Kumar
Choudhury, Sj. Subodh
Chowdhury, Sj. Benoy Krishna
Dal, Sj. Amulya Charan
Dalui, Sj. Nagendra
Das, Sj. Natendra Nath
Das, Sj. Raipada
Das, Sj. Sudhir Chandra
Dey, Sj. Tarapada
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Sj. Bibhuti Bhushon
Ghose, Sj. Jyotish Chandra (Chinsurah)
Ghosh, Sj. Amulya Ratan
Ghosh, Sj. Ganesh
Ghosh, Dr. Jatish
Haldar, Sj. Nalini Kanta
Hazra, Sj. Monoranjan
Joarder, Sj. Jyotish
Kar, Sj. Dhananjoy
Khan, Sj. Madan Mohon
Kuar, Sj. Gangapada
Mahapatra, Sj. Balailal Das
Mukherji, Sj. Bankim
Mulliok Chowdhury, Sj. Suhrid Kumar
Pramanik, Sj. Surendra Nath
Ray, Dr. Narayan Chandra
Ray Chaudhuri, Sj. Sudhir Chandra
Roy, Sj. Jyotish Chandra (Falta)
Roy, Sj. Saroj
Saha, Dr. Saurendra Nath
Sahu, Sj. Janardan
Sarkar, Sj. Dharani Dhar
Satpathi, Dr. Krishna Chandra
Tah, Sj. Dasarathi

NOES—144

Abdul Hameed, Janab Hajee Sk.
Abdullah, Janab S. M.
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Atawal Ghani, Janab Abul Barkat
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sj. Profulla
Banerjee, Dr. Srikumar
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Sj. Satindra Nath
Basu, The Hon'ble Satyendra Kumar
Beri, Sj. Dayaram
Bhagat, Sj. Mangaldas
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syama
Biswas, Sj. Raghunandan
Bose, The Hon'ble Pannalal
Brahmamandal, Sj. Debendra
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bijoylal
Chatterjee, Sj. Satyendra Prasanna
Chattopadhya, Sj. Brindabon
Chattopadhyay, Sj. Sarojranjan
Chattopadhyaya, Sj. Ratanmoni
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Kanailal (Ausgram)
Das, Sj. Kanai Lal (Dum Dum)
Das, Sj. Radhanath
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan
Digar, Sj. Kiran Chandra
Dutta Gupta, Sjkta. Mira
Fazlur Rahman, Janab S. M.
Gahatraj, Sj. Dalbahadur Singh
Gayen, Sj. Brindaban
Ghose, Sj. Kshitish Chandra
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Tarun Kanti
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Giasuddin, Janab Md.
Golam Hamidur Rahman, Janab
Goswamy, Sj. Bijoy Gopal
Gupta, Sj. Jogesh Chandra
Gupta, Sj. Nikunja Behari
Haldar, Sj. Kubor Chand
Halder, Sj. Jagadish Chandra

Hansdah, Sj. Bhusan
Hansda, Sj. Jagatpati
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Amrita Lal
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamala Kanta
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Prabir Chandra
Jha, Sj. Pashu Pati
Kar, Sj. Bankim Chandra
Karan, Sj. Koustuv Kanti
Kazim Ali Meerza, Janab
Lahiri, Sj. Jitendra Nath
Let, Sj. Panchanon
Lutfal Huque, Janab
Mahammad Ishaque, Janab
Mahata, Sj. Mahendra Nath
Maiti, Sjkta. Abha
Maiti, Sj. Pulin Behari
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Nishapati
Mal, Sj. Basanta Kumar
Maliah, Sj. Pashupatinath
Mandal, Sj. Annada Prasad
Mandal, Sj. Umesh Chandra
Massey, Mr. Reginald Arthur
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Sankar Prasad
Modak, Sj. Niranjan
Mohammad Hossain, Dr.
Mohammed Israil, Janab
Mojumder, Sj. Jagannath
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Mondal, Sj. Sudhir
Moni, Sj. Dintaran
Mookerjee, Sj. Naresh Nath
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Ananda Gopal
Mukherjee, Sj. Kali
Mukherjee, Sj. Sambhu Charan
Mukherji, The Hon'ble Ajoy Kumar
Mukherji, Sj. Pijush Kanti
Mukhopadhyay, Sjkta. Purabi
Mukhopadhyaya, Sj. Phanindranath
Munda, Sj. Antoni Topno
Murarka, Sj. Basant Lall
Murmu, Sj. Jadu Nath
Naskar, Sj. Ardhendu Sekhar
Naskar, The Hon'ble Hemchandra
Pal, Dr. Radhakrishna
Panja, The Hon'ble Jadabendra Nath
Paul, Sj. Suresh Chandra
Poddar, Sj. Anandilall
Pramanik, Sj. Mrityunjoy
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Tarapada
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Rai, Sj. Shiva Kumar
Ray, Sj. Jajneswar
Ray, Sj. Jyotish Chandra (Haroa)
Ray, The Hon'ble Renuka
Roy, Sj. Arabinda
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Bijoyendu Narayan
Roy, Sj. Hanseswar
Roy, Sj. Nepal Chandra
Roy, Sj. Prafulla Chandra
Roy, The Hon'ble Radhagobinda
Roy, Sj. Ramhari
Roy, Sj. Surendra Nath
Roy Singh, Sj. Satish Chandra
Santal, Sj. Baidya Nath
Saren, Sj. Mangal Chandra
Sarkar, Sj. Bejoy Krishna
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Priya Ranjan
Sen, Sj. Rashbehari
Sen Gupta, Sj. Gopika Bilas
Sharma, Sj. Joynarayan
Shaw, Sj. Kripa Sindhu
Shaw, Sj. Mahitosh
Shukla, Sj. Krishna Kumar
Sikder, Sj. Rabindra Nath
Singh, Sj. Ram Lagan
Sinha, Sj. Durgapada
Tafazzal Hossain, Janab
Tarkatirtha, Sj. Bimalananda
Tripathi, Sj. Hrishikesh
Trivedi, Sj. Goalbadan
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Md.
Zainal Abedin, Janab Kazi
Zaman, Janab A. M. A.

The Ayes being 51 and the Noes 144 the motion was lost.

[The other motions fell through.]

[At this stage the house was adjourned till 6-5 p.m.]

[*After adjournment.*]

[6-5—6-15 p.m.]

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that the West Bengal Security (Amendment) Bill, 1955, be taken into consideration, was then put and a division taken with the following result:

AYES—112

Abdul Hameed, Janab Hajee Sk.
Abdullah, Janab S. M.
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Bandopadhaya, Sj. Khagendra Nath
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sj. Prafulla
Banerjee, Dr. Srikumar
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Sj. Satindra Nath
Basu, The Hon'ble Satyendra Kumar
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syama
Biswas, Sj. Raghunandan
Bose, The Hon'ble Pannalal
Brahmamandal, Sj. Debendra
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bijoylal

Chatterjee, Sj. Satyendra Prasanna
Chattopadhya, Sj. Brindabon
Chattopadhyay, Sj. Sarojranjan
Chattopadhyaya, Sj. Ratanmoni
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Kanailal (Ausgram)
Das, Sj. Kanai Lal (Dum Dum)
Das, Sj. Radhanath
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan
Digar, Sj. Kiran Chandra
Dutta Gupta, Sjkta. Mira
Gahatraj, Sj. Dalbahadur Singh
Gayen, Sj. Brindaban
Ghose, Sj. Kshitish Chandra
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Tarun Kanti
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Goswamy, Sj. Bijoy Gopal
Gupta, Sj. Jogesh Chandra
Gupta, Sj. Nikunja Behari
Haldar, Sj. Kuber Chand
Halder, Sj. Jagadish Chandra
Hansda, Sj. Jagatpati
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Amrita Lal
Hazra, Sj. Parbati
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Prabir Chandra
Jha, Sj. Pashu Pati
Kar, Sj. Bankim Chandra
Karan, Sj. Koustuv Kanti
Kazim Ali Meerza, Janab
Maiti, Sjkta. Abha
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Nishapati
Mal, Sj. Basanta Kumar
Maliah, Sj. Pashupatinath
Mandal, Sj. Annada Prasad
Mandal, Sj. Umesh Chandra
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Sankar Prasad
Modak, Sj. Niranjan
Mohammad Hossain, Dr.
Mojumder, Sj. Jagannath
Mondal, Sj. Rajkrishna
Moni, Sj. Dintaran
Mookerjee, Sj. Naresh Nath
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Ananda Gopal
Mukherjee, Sj. Kali
Mukherjee, Sj. Sambhu Charan
Mukherji, The Hon'ble Ajoy Kumar
Mukherji, Sj. Pijush Kanti
Mukhopadhyay, Sjkta. Purabi
Mukhopadhyaya, Sj. Phanindranath
Munda, Sj. Antoni Topno
Naskar, Sj. Ardhendu Sekhar
Naskar, The Hon'ble Hemchandra
Pal, Dr. Radhakrishna
Panja, The Hon'ble Jadabendra Nath
Paul, Sj. Suresh Chandra
Pramanik, Sj. Mrityunjoy
Pramanik, Sj. Rajani Kanta
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Rai, Sj. Shiva Kumar
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Jajneswar
Ray, Sj. Jyotish Chandra (Haroa)
Ray, The Hon'ble Renuka
Roy, Sj. Arabinda
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Bijoyendu Narayan
Roy, Sj. Hanseswar
Roy, Sj. Nepal Chandra
Roy, Sj. Ramhari
Roy, Sj. Surendra Nath
Roy Singh, Sj. Satish Chandra
Santal, Sj. Baidya Nath
Sarkar, Sj. Bejoy Krishna
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Rashbehari
Sen Gupta, Sj. Gopika Bilas
Shaw, Sj. Mahitosh
Tarkatirtha, Sj. Bimalananda
Tripathi, Sj. Hrishikesh
Trivedi, Sj. Goalbadan
Wangdi, Sj. Tenzing
Zaman, Janab A. M. A.
Ziaul Haque, Janab M.

NOES—42

Baguli, Sj. Haripada
Banerjee, Sj. Biren
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Ajit Kumar
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Hemanta Kumar
Bera, Sj. Sasabindu
Bhandari, Sj. Sudhir Chandra
Bhattacharya, Dr. Kanailal
Bhowmick, Sj. Kanai Lal
Bose, Dr. Atindra Nath
Chakrabarty, Sj. Ambica
Chatterjee, Sj. Haripada
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Sj. Rakhahari
Chaudhury, Sj. Jnanendra Kumar
Chowdhury, Sj. Benoy Krishna
Dal, Sj. Amulya Charan
Dalui, Sj. Nagendra
Das, Sj. Natendra Nath
Das, Sj. Raipada
Das, Sj. Sudhir Chandra
Dey, Sj. Tarapada
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Sj. Jyotish Chandra (Chinsurah)
Ghosh, Sj. Ganesh
Ghosh, Dr. Jatish
Haldar, Sj. Nalini Kanta
Hazra, Sj. Monoranjan
Joarder, Sj. Jyotish
Kar, Sj. Dhananjoy
Khan, Sj. Madan Mohon
Mahapatra, Sj. Balailal Das
Mukherji, Sj. Bankim
Mullick Chowdhury, Sj. Suhrid Kumar
Pramanik, Sj. Surendra Nath
Ray, Dr. Narayan Chandra
Ray Chaudhuri, Sj. Sudhir Chandra
Roy, Sj. Saroj
Saha, Dr. Saurendra Nath
Sarkar, Sj. Dharani Dhar
Tah, Sj. Dasarathi

The Ayes being 112 and the Noes 42 the motion was carried.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Sj. Rameswar Panda: Sir, I beg to move that in clause 2, line 5, for the figure "1961" the figure "1958" be substituted.

Sj. Natendra Nath Das: Sir, I beg to move that in clause 2, line 5, for the figure "1961" the figure "1957" be substituted.

Sj. Suhrid Kumar Mullick Chowdhury: Sir, I beg to move that in clause 2, line 5, for the word and figure "January, 1961" the word and figure "April, 1956" be substituted.

Dr. Kanailal Bhattacharya: Sir, I beg to move that in clause 2, line 5, for the word and figure "January, 1961" the word and figure "March 1956" be substituted.

Sj. Bibhuti Bhushon Ghose: Sir, I beg to move that in clause 2, line 5, for the word and figure "January, 1961" the word and figure "February 1956" be substituted.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that in clause 2, lines 4 and 5, for the words and figures "25th day of January, 1961" the words and figures "31st day of January, 1956" be substituted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 2, lines 4 and 5, for the words and figures "25th day of January, 1961" the words and figures "26th day of January, 1956" be substituted.

Sj. Natendra Nath Das:

মাননীয় স্পীকারমহোদয়, এই কিছুক্ষণ পূর্বে আমাদের চীফ মিনিষ্টার মহাশয় যে বিতর্ক তুললেন, তাতে তাঁর কি কৃতিত্ব দেখালেন বুঝতে পারলাম না। কেন ঐটাকে পার্মানেন্ট করতে বলছেন না? তিনি যা কিছু যুক্তি দিয়েছেন–ইন্ডাষ্ট্রিয়াল ইনষ্টলেশন ইত্যাদি ব্যাপার রক্ষা করতে গেলে এটা দরকার। তিনি আরও যুক্তি দেখালেন, মাইকে বড় গোলমাল হয়। দেশে যদি বেকার-সমস্যা বেড়ে যায়, তাহলে এই মাইকের ব্যবহার বেড়ে চলে। তিনি এই আইনকে পার্মানেন্ট না করে মাত্র ৫ বছরের জন্য এর মেয়াদ বৃদ্ধি করতে চাচ্ছেন। এর মানে কি? আমার সংশোধনী দেবার উদ্দেশ্য হচ্ছে ঐ কালাকানুনের মেয়াদটা ১৯৫৭ সাল পর্যন্ত রাখবার জন্য। এটা বলার উদ্দেশ্য এই যে, ঐ কালাকানুন যদি রাখতে চান, তাহলে যত কম দিন রাখতে পারেন তত ভাল। অবশ্য এই কালাকানুন যদি স্থায়ীভাবে হতো তাহলে অন্য কথা ছিল। আমার মনে হয়, আগামী নির্বাচনের আর বেশী বাকী নেই। সেই ভবিষ্যৎটা ভেবে মাননীয় সদস্যেরা এই আইন রাখবেন কি তুলে দেবেন, সেটা তাঁরা ভাল করে চিন্তা করুন। আমরা কেন এর মেয়াদ পাঁচ বছর বাড়িয়ে দিয়ে আগামী নূতন আইনসভার উপর চাপিয়ে দেই? তাই আমি বলছি, আগামী নির্বাচন পর্যন্ত রাখুন। তাঁরা যখন নিরাপদে নির্বাচন বৈতরণী উত্তীর্ণ হতে চান, তখন সেই সময় পর্যন্ত আইনটা চালু রেখে তাঁদের ফাঁড়াটা কাটিয়ে দিন। তাই বলছি, এর মেয়াদ ততটুকু পর্যন্ত রাখুন, ১৯৫৭ সালের ২৫শে জানুয়ারী পর্যন্ত থাকুক। তারপর থেকে অর্থাৎ ২৬শে জানুয়ারী থেকে যেন এই কালাকানুন না থাকে। সেইটা করুন এবং তারপরও এর কোন আবশ্যকতা আছে কিনা তা পরীক্ষা করে দেখবার সুযোগ পাবেন। যাতে এই কালাকানুন আর বেশীদিন স্থায়ী না হয়—তার জন্য আমি বলছি।

এ পর্যন্ত যেসমস্ত সংশোধনী এসেছে, তাতে পাঁচ বছর চাওয়া হয় নি, দু বছর, তিন বছর চাওয়া হয়েছিল। সেইজন্য আমি চাই ১৯৫৭ সালের ২৬শে জানুয়ারী যে স্বাধীনতা-উৎসব হবে তার পূর্বে যেন এটা চলে যায়। এর পরে নূতন সদস্য যাঁরা আসবেন, তাঁরা এসে ঠিক করবেন, এটা রাখবেন কি রাখবেন না। এই হচ্ছে আমার বক্তব্য।

Sj. Rakhahari Chatterjee:

মিষ্টার স্পীকার, স্যার, আমার প্রস্তাবেও তাই বক্তব্য যা নটেনবাবু বলেছেন। এই আইনের জীবন ১৯৫৭ সালের ২৬শে জানুয়ারী পর্যন্ত বৃদ্ধি করা হোক। তার প্রথম কারণ হচ্ছে ডাঃ রায় তাঁর যুক্তির সমর্থনে বলেছেন, সর্বপ্রথমে আমরা যাঁরা কংগ্রেসের পক্ষ থেকে এসেছি, তারা কি নির্বাচনে জয়লাভ করে আসিনি? নিশ্চয়ই এসেছেন। আপনারা সংখ্যাগরিষ্ঠ বলেই সরকার গঠন করেছেন। কিন্তু জনসাধারণ আপনাদের যতদিন পর্যন্ত নির্বাচিত করেছেন—অর্থাৎ যে পাঁচ বছরের জন্য করেছেন, সেই পাঁচ বছরের মধ্যে যা করণীয়, সেই পর্যন্ত তারা সমর্থন আপনাদের করতে পারে। কিন্তু তার পরবর্তীকালে আর তারা আপনাদের সমর্থন নাও করতে পারে। তাই এই আইনসভার যে জীবন, সেটা যখন ১৯৫৭ সালের জানুয়ারীতে শেষ হয়ে যাবে, তখন এরপর এই আইনের কোনরকম উপযোগিতা আছে কিনা, সেটা পরবর্তীকালে যাঁরা এখানে আসবেন, তাঁরা সিদ্ধান্ত করবেন।

তাই আমার প্রস্তাব হচ্ছে, এর মেয়াদ ১৯৫৭ সালের ২৬শে জানুয়ারী পর্যন্ত করা হোক, তার বেশী করা সমীচীন নয়, তাহলে সেটা গণতন্ত্রবিরোধী হবে।

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

মাননীয় স্পীকার মহাশয়, আমি বলেছি ১৯৫৬ সালের এপ্রিল মাস অবধি এর মেয়াদ রাখা হোক। আমার বক্তব্যের মধ্যে গণতন্ত্র টনতন্ত্র আনছি না কারণ, একথা কংগ্রেস দল বোঝেন না। কংগ্রেস পক্ষ বলেছেন, দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা যেটা আসছে, তাতে বেকার সমস্যার সমাধান করা হবে, রাস্তাঘাটের উন্নয়ন করা হবে অর্থাৎ দেশ একেবারে কল্যাণে ভরে যাবে। এই চুরি, ডাকাতি, রাহাজানি বা অন্যান্য যেসমস্ত সমাজবিরোধী কার্যকলাপ হয়ে থাকে, তার পিছনে অর্থনৈতিক কারণই হচ্ছে তার একটা বড় কারণ। সেদিক থেকে আমি বলতে চাই যে, দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার সত্যিকার কথা যদি হয়ে থাকে যে, কল্যাণরাষ্ট্র গড়ে তুলতে তারা চেষ্টা করবে, তাহলে পরে তাদের পক্ষে এই যে সিকিউরিটি এ্যাক্ট অর্থাৎ নিরাপত্তা আইন বেশীদিন রাখবার দরকার করে না। কারণ, দেশের মানুষ তারা যদি ভাল-ভাবে খাওয়া-পরাটা পায়, দেশের মানুষ যদি চাকরী করবার সুযোগ পায়, দেশের মানুষের কাছ থেকে বেকার সমস্যা যদি এই সরকার দূর করে দিতে পারেন, তাহলে আমার এই এ্যামেন্ডমেণ্ট তাঁরা গ্রহণ করবেন। কিন্তু এই আইন আরও ৫ বৎসরকাল চালু রাখবার ব্যবস্থা করে এই কথাই তাঁরা দেশের জনসাধারণকে জানাতে চান যে, আগামী পঞ্চবার্ষিক পরিকল্পনাটাও সফল হবে না। প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনা কংগ্রেস সরকার এনেছিলেন বিদেশী পুঁজিপতি-দের স্বার্থে। আগামী দ্বিতীয় পরিকল্পনাও তাঁরা আনবেন জনসাধারণের কল্যাণের জন্য নয়। দ্বিতীয় পরিকল্পনাও পুঁজিপতিদের স্বার্থের জন্য হবে অথচ এইজন্য দেশের গরীব জন-সাধারণের পকেট কাটতে হবে এটা সরকার জানেন। পরিকল্পনার নামে কংগ্রেস সরকারের বে-হিসাবী পুকুর চুরির খেসারৎ বইতে হবে অন্নবস্ত্রহীন জনসাধারণের। তার জন্যে এদের বইতে হবে করের পর করের বোঝা—তাই প্রয়োজন সরকারের হাতে গণ-দমনের নিরঙ্কুশ ব্যাপক ক্ষমতা। তাই প্রয়োজন সিকিউরিটি আইন। এ ছাড়াও প্রয়োজন কংগ্রেসী সরকারের এই শয়তানী হাতিয়ার আগামী সাধারণ নির্বাচনের তাগিদে। নির্বাচনের আগে এই সমস্ত সিকিউরিটি আইন অর্থাৎ যে আইনের সংশোধনের জন্য যে বিলটা এখানে আনা হয়েছে, সেটা যদি তুলে নেওয়া হয়, তাহলে তাঁদের বিরুদ্ধে যে অভিযোগ করা হচ্ছে, সেটা সম্পর্কে তাঁরা যে সত্যিই সদিচ্ছা পোষণ করেন, সেটা প্রমাণিত হবে। কিন্তু বিরোধী পক্ষের এই যুক্তিপূর্ণ প্রস্তাব যদি সরকার পক্ষ না মেনে নেন, তবে এই কথা মনে করা সঙ্গতই হবে যে, আগামী সাধারণ নির্বাচনে কংগ্রেস দল পরাজয় নিশ্চিত জেনেই শুধু বিদেশী চেম্বার অব কমার্সের অর্থসাহায্যের ওপর সম্পূর্ণ নির্ভর করতে ভরসা পারছেন. না—দেশী ও বিদেশী পুঁজিবাদের পোষ্য আমলাতান্ত্রিক সরকার ও বৃটিশ সাম্রাজ্যবাদের শিক্ষা সুশিক্ষিত পুলিসী বর্বরতার আশ্রয় নিয়ে আগামী নির্বাচনে অবতীর্ণ হতে চান। তাই প্রয়োজন কংগ্রেসের পক্ষে কুখ্যাত কালাকানুন সিকিউরিটি অ্যাক্টের। এই আইনের মাধ্যমে তাঁরা চান প্রতিদ্বন্দ্বীকে ও প্রতিদ্বন্দ্বী সমর্থককে বিনা

বিচারে ও বিচারের প্রহসন দিয়ে অথবা মিথ্যা অভিযোগে অভিযুক্ত করতে—তাদের অন্যায়ভাবে আটক করে রাখতে। এই অ্যাক্টের প্রতিটি ধারা ও উপধারায় তারই ব্যবস্থা করা হয়েছে। সেইজন্যই আমরা চাই এই আইনের প্রতিটি ধারাকে প্রতিরোধ করতে।

[6-15—6-25 p.m.]

Dr. Kanailal Bhattacharya:

মাননীয় স্পীকার মহাশয়, আমার বক্তব্য হচ্ছে, যে বিলটা আমাদের সামনে এসেছে, সেই বিলটির পরমায়ু এখন পাঁচ বছর বাড়িয়ে দেবার কথা বলা হয়েছে। অবশ্য তার মানে এই নয় যে, মার্চ ১৯৫৬ পর্যন্ত বাড়িয়ে দিতে চাই। আমার মনে হয়, বিলটির আয়ু আর বাড়াবার কোন প্রয়োজন নাই। কারণ, কংগ্রেস পক্ষ যদি মনে করে থাকেন, কিংবা সরকার যদি মনে করে থাকেন যে, এর প্রয়োজনীয়তা আছে, তাহলে আমি বলব, তাঁরা একটা ব্যাপারে, যে কথাটা এখানে আমাদের অনেকে বলে গেছেন, বিরোধী পক্ষ কিংবা কংগ্রেসের বিরুদ্ধে যাঁরা রাজনৈতিক দল, তাঁদের গতিবিধি কিংবা তাঁদের কার্যকলাপ ব্যাহত করবার জন্য, নিয়ন্ত্রিত করবার জন্য এই বিলের প্রয়োজন আছে, সেটা আমি স্বীকার করি। কিন্তু যদি সত্যই আজকে যে গণতন্ত্রের কথা এত বলেন, এবং আজকে একজন বললেন, সেই গণতন্ত্রের পদধ্বনি শুনতে পাওয়া যাচ্ছে—তাঁরা যদি মনে করেন, গণতন্ত্রের পদধ্বনি এখনও শুনতে পাওয়া যাচ্ছে, তাহলে তাঁরা কি মনে করেন যে, এই গণতন্ত্রের পদধ্বনি আর শুনতে পাওয়া যাবে যদি এইভাবে সেটার গলা টিপে, টুঁটি টিপে তাকে সম্পূর্ণরূপে বিলীন করে দেওয়া যায়? সেইটাই আমার জিজ্ঞাস্য।

সেইজন্য আমি মনে করি, যদি আগামী সাধারণ নির্বাচনে কংগ্রেস পক্ষ চান যে, বিরোধী পক্ষের যা বক্তব্য জনসাধারণের কাছে তারা তা রাখুক, কিংবা জনসাধারণের দাবীদাওয়া নিয়ে যেসমস্ত গণতান্ত্রিক আন্দোলন দেশের মধ্যে চলছে এর মাধ্যমে জনসাধারণ তাদের দাবীদাওয়া সরকারের সামনে পেশ করুক হয়ত কোন কোন জায়গায় তাদের আন্দোলনের মাধ্যমে চাপ দিতে হয়েছে সরকারের উপর, কিন্তু তার মানে এ নয় যে, সেই আন্দোলনকে টুঁটি টিপে মারতে হবে এবং তার জন্য তাদের এই আইন দিয়ে জব্দ করতে হবে। তাহলে এক কথায় বলা যেতে পারে যে, গণতান্ত্রিক অধিকার যা জনসাধারণের আছে, সেই অধিকারকে খর্ব করা হবে এবং খর্ব করা হচ্ছে। তাই বলছি দেশের যে বর্তমান পরিস্থিতি সেই পরিস্থিতিতে আইনের মেয়াদ বৃদ্ধি করার প্রয়োজন নাই।

দ্বিতীয় কথা, কংগ্রেসপক্ষ থেকে একটা কথা আমরা বহুবার শুনেছি যে, বিরোধী পক্ষের সদস্যেরা বা বিরোধীপক্ষে যেসমস্ত রাজনৈতিক দল রয়েছে তারা অত্যন্ত ভীত হচ্ছে এই আইনের দ্বারা এইজন্য যে, তারা মনে করছে যে, এই আইন তাদেরই উপর পতিত হবে। আমি একটা কথা তাঁদের স্পষ্টভাবে জানিয়ে দিতে চাই যে, বৃটিশ সরকারের আমলে এই ধরণের বহু আইন ছিল কালাকানুন যা আমাদের উপর পড়েছিল, তবুও দেশের স্বাধীনতা আন্দোলনকে তাঁরা ব্যাহত করতে পারেন নি। কাজেই তাঁরা যদি মনে ক'রে থাকেন যে, দেশের গণতান্ত্রিক আন্দোলনকে তাঁরা এইভাবে ব্যাহত করবেন, বা তাকে গলা টিপে মারবেন, তা হলে তাঁরা মহা ভুল করবেন; এই আইনের দ্বারা তা সম্ভব হবে না। বরং আন্দোলন আস্তে আস্তে বেড়ে যাবে যার ফলে জনসাধারণ আরও শক্তিশালী হয়ে উঠবে এবং অদূরভবিষ্যতে তাঁরা তাঁদের শাসনক্ষমতা থেকে চ্যুত হবেন। আজ এই সাবধানবাণী তাঁদের উদ্দেশ্যে করছি।

এই কয়টি কথা ব'লে আমি অনুরোধ করি যে, আমার যে এ্যামেন্ডমেণ্ট আছে তা গ্রহণ করুন।

Sj. Subodh Banerjee:

মিঃ স্পীকার, স্যার! এই সিকিউরিটি আইনের মেয়াদ ১৯৫৬ সালের ২৫ জানুয়ারী শেষ হয়ে যাবে। সরকারপক্ষ যেখানে তার মেয়াদ আরও ৫ বৎসর বৃদ্ধি করতে চাইছেন, আমার সেখানে বক্তব্য হল, একদিনের জন্যও তার মেয়াদ বৃদ্ধি করা হয় এটা আমি চাই না।

Mr. Speaker:

আপনি ত তাই এ্যামেণ্ডমেন্ট দিয়েছেন।

Sj. Subodh Banerjee:

একদিন বৃদ্ধির প্রস্তাব দিয়েছি এই কারণে যে, তা নাহ'লে নেগেটিভ এ্যামেণ্ডমেন্ট হয়ে যাবে। এই বিধানসভার আইন রক্ষা করার জন্য একটা দিন মেয়াদ বাড়িয়ে দিতে বলেছি, কিন্তু আমার সংশোধন প্রস্তাবের আসল উদ্দেশ্য এই যে, এই আইন আর একদিনও যেন চালু না থাকে। তার কারণ, এই আইনের কোন প্রয়োজন নাই। প্রকৃত কথা দেশের মধ্যে এমন কিছু অরাজক অবস্থা হয় নি, জনসাধারণের নিরাপত্তার ব্যাঘাত ঘটেনি যার জন্য এই নিরাপত্তা আইন চালু রাখতে হবে। নিরাপত্তা যদি কারও ব্যাহত হয়ে থাকে ত হয়েছে তাদের যারা, সাধারণ মানুষকে শোষণ করে নিজেদের কায়েমী স্বার্থ পরিপূর্ণ করতে চায়। প্রতিদিন অত্যাচারের মাত্রা বাড়ছে, শোষণের মাত্রা বাড়ছে ; সাধারণ মানুষ এগুলির প্রতিবাদ করছে। কিন্তু সরকারপক্ষ চায় সাধারণ মানুষ যেন প্রতিবাদ না করে এবং অত্যাচার ও শোষণের প্রতিবাদ করলে তাদের যাতে আটকে রাখা যায়, বহিষ্কার করা যায়, অন্তরীণ করা যায়, তার ব্যবস্থা করার জন্য এই আইন আনা হয়েছে। কোন লোক এই ধরণের বেআইনী আইনকে সমর্থন করতে পারে না। সরকারের অসংখ্য আইন আছে, এইসব আইনের ভারেই আমরা মরে যাবার দাখিল হয়েছি। এত আইন থাকা সত্ত্বেও নূতন ক'রে সিকিউরিটি এ্যাক্ট আনার কোন দরকার নেই। সরকারপক্ষে ডাঃ রায় হিসাব দিয়ে দেখিয়েছেন কোন্ কোন্ ধারাতে কত লোককে ধরা হয়েছে। বিরোধীপক্ষের সদস্যরা গ্রেপ্তারকে ভয় পান না। গ্রেপ্তারের ভয়ের জন্য তাঁরা প্রতিবাদ করছেন তা নয়, তাঁরা প্রতিবাদ করছেন এটা কালাকানুন বলে। কংগ্রেসী সদস্যরা বলেছেন তাঁরা এই বিরোধিতার কারণ বুঝতে পারেন না। বুঝতে না পারারই কথা। কারণ, সিকিউরিটি এ্যাক্ট তাঁদের উপর পড়ে না এবং পড়বে না, বিরোধী দলের উপরই পড়ে ও পড়বে। সিকিউরিটি এ্যাক্টের শিকার হয়েছি আমরা। আমাদের দলভুক্ত লোকেরা, সাধারণ মানুষেরা তাই এ থেকে বাঁচবার জন্য স্বভাবতঃই চেষ্টা করবে।

(জনৈক সদস্যঃ জনযুদ্ধের সময় কি ক'রেছিলেন ?)

জনৈক সদস্য জনযুদ্ধের কথা আমাকে বলছেন। তিনি বোধহয় দ্বিতীয় মহাযুদ্ধের সময় ইংরাজের পদলেহন করছিলেন, ক্ষমতা হস্তান্তরের পর গান্ধীটুপি মাথায় দিয়ে কংগ্রেসের সভ্য হয়েছেন। ক্ষমতা পাবার আগের কংগ্রেসে আমরা ছিলাম যখন কংগ্রেস থাকার অর্থ ছিল সাম্রাজ্যবাদী অত্যাচার ও নির্যাতন সহ্য করা। সে অত্যাচার আমি সহ্য করেছি। সুতরাং "জনযুদ্ধে"র কথা আমাকে বললে চলবে না। আমি সে সময়ের স্বাধীনতা আন্দোলনে লিপ্ত ছিলাম এবং স্বাধীনতা আন্দোলনে যোগ দিয়ে শক্তি ও সামর্থ্যমত কষ্ট স্বীকার করেছি। এ কথা ঠিক যে, কংগ্রেসের পুরান সভ্যরাও ত্যাগ স্বীকারের কথা বলতে পারেন। তাঁদের অনেকে বহু নির্যাতন সহ্য করেছেন। কিন্তু এখন যাঁরা কংগ্রেসে তাঁদের অধিকাংশই ১৯৪৭ সালের পর কংগ্রেসে ঢুকেছেন। সেইসব তথাকথিত দেশব্রতী লোকদের ত্যাগের কথা আমি জানি। ঠিকমত বলতে গেলে, দুটো জিনিস তাঁরা দেশের জন্য ত্যাগ করেছেন মল ও মূত্র। এ ছাড়া তাঁদের আর কোন ত্যাগের কথা জানি না। বরং এইটুকু জানি যে, তাঁরা গান্ধীটুপির সুযোগ নিয়ে পারমিটএর রাজত্ব ক'রে মানুষকে শোষণ ক'রে, কালোবাজারী ক'রে স্মাগলিং ক'রে সমস্ত রকমে নিজেদের পকেট ভর্তি করেছেন।

Mr. Speaker: Be relevant to your amendment. Do not make indecent suggestions.

Sj. Subodh Banerjee: If you sow the wind you will have to reap the whirlwind.

আমাকে লক্ষ্য ক'রে জনযুদ্ধের কথা না বললে এ কথা শুনতে হ'ত না। সুতরাং আমাকে লক্ষ্য ক'রে কেউ যদি জনযুদ্ধের কথা বলে তাদের শোনান দরকার গান্ধীটুপির তলায় আজ তাঁরা কি করছেন।

আর একটা জিনিস সাধারণ যে আইন আছে সেই সাধারণ আইনই যথেষ্ঠ। নূতন ক'রে সিকিউরিটি এ্যাক্ট আনার দরকার নাই।

তাই আমি বলব, এই বিল একদিনও যাতে বেশী চালু না থাকে তার চেষ্টা আমাদের করা দরকার—একথা বার বার করে বলব। তাই আবার বলি ১৯৫৬ সালের ২৫শে জানুয়ারী পর্যন্ত যে বিলের মেয়াদ, সেই বিলের মেয়াদ যাতে তার একদিনও বেশী না থাকে, তাই আমরা চাই।

[6-25—6-35 p.m.]

Sj. Haripada Chatterjee:

মাননীয় সভাপাল মহাশয়, আমার পূর্ববর্তী বক্তা যে কথা বলেছেন......

Mr. Speaker:

কোন এ্যামেণ্ডমেণ্ট সম্বন্ধে বলছেন?

Sj. Haripada Chatterjee:

আমি কোন এ্যামেণ্ডমেণ্ট সম্বন্ধে বলছি না, কেবল এই ক্লজটাকে অপোজ করছি।

[হাস্য]

আমার পূর্ববর্তী বক্তা একদিনের সময় দিয়েছেন। কিন্তু আমি একদিনও সময় দিতে চাই না। কারণ আমি গণতন্ত্রকে ভালবাসি। আমাদের দেশে গণতন্ত্র চালু হোক সেটা আমি চাই। এই আইন যা করতে যাচ্ছেন—ডাঃ রায় অবশ্য আশ্বাস দিয়েছেন যে, তোমাদের কোন ভয় নেই। যারা শান্ত শিষ্ট ছেলে, তাদের কোন ভয় নেই। কিন্তু তাঁর আশ্বাসটা কি রকম? আবোল-তাবোল বইয়ে দেখেছি, একটা বিরাটাকায় দৈত্য হাতে একটা মস্তবড় গদা নিয়ে—বিরাটাকায় দৈত্য মুখখানা তার পাঁচের মত, হাতগুলো ছিল আকাশস্পর্শী, সে গদা নিয়ে একটা মানুষকে তাড়া করছে। আমাদের গণতন্ত্রকে এই মানুষের সঙ্গে তুলনা করা যেতে পারে। দৈত্যটা বলছে, তোর ভয় নেই, এই গদা দিয়ে যদি তোকে মারি লাগবে না। কারণ, এ গদা হাল্কা, তোর ভয় নেই। এবং তারপরেও মানুষটা ছুটছিল, তখন সে বললো—"এ্যাঁ, এত করে বলছি, তবুও শুনছ না। তবুও ভয় পাচ্ছ। ধরব নাকি ঠ্যাংটা। দেখাব নাকি মজাটা।"

"আমি আছি, গিন্নি আছেন, আছেন মোদের নয় ছেলে,
সবাই মিলে কামড়ে দেব, মিথ্যা অমন ভয় পেলে।"

[উচ্চহাস্য]

এই হচ্ছে ব্যাপার। আমরা শুধু নাকি মিথ্যা কারণে ভয় পাই। আমাদের ভয় করবার কারণ নেই। যারা গণতন্ত্রবিরোধী কাজ করছেন তাদের বিরুদ্ধে এটা প্রয়োগ করা হবে।

[নয়েজ, ইন্টারাপশন্স এ্যাণ্ড লাফটার]

কিন্তু কখন যে এই গদা আমাদের ঘাড়ে এসে পড়বে তার নিশ্চয়তা নেই। আমাদের মনে আশ্বাস পাচ্ছি না। তিনি একবার বলেছিলেন এই হাউসে যখন আমরা বিরোধীপক্ষ কঠোর ভাষায় সমালোচনা করছিলাম, তখন তিনি একবার বলেছিলেন, সিকিউরিটি এ্যাক্ট এখানে নেই বলে এইসব কথা বলতে পারছ। সুতরাং সিকিউরিটি এ্যাক্ট কি উদ্দেশ্যে হচ্ছে সেটা বেশ ভালই আমরা বুঝতে পাচ্ছি। ডাঃ রায়ের আশ্বাসে আশ্বস্ত হতে পারছি না।

[লাউড নয়েজ এ্যাণ্ড ইন্টারাপশন্স]

কাজেই আমি বলি যে, এটা গণতন্ত্রবিরোধী, এই আইনের দ্বারা যে ক্ষমতা তাঁরা হাতে নিচ্ছেন তাতে দেশের অনিষ্ট হবে, দেশের অকল্যাণ হবে। এ আইনের কোন দরকার নেই। আমার বন্ধু বলে গেছেন একদিন এর মেয়াদ বাড়াতে চান, আমি বলি একদিনও এটার মেয়াদ বাড়াবার প্রয়োজন নেই, একদিন কেন, এক ঘণ্টা, এক সেকেণ্ডও এটাকে আমরা রাখতে চাই না।

[নয়েজ এ্যাণ্ড ইন্টারপশন্স]

Sj. Bibhuti Bhushon Ghose:

মাননীয় স্পীকার মহাশয়, ডাক্তার রায় এবং তাঁর সরকার এমন একটা আইন করতে পারেন না, যার ফলে সারা পশ্চিম বাংলায় আপদ্‌কালীন জরুরী ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয়তা অনুভূত হয়। তিনি তাঁর প্রারম্ভিক বক্তৃতায় আমাদের খুব কনভিন্স করতে পারেন নি এই আইনের প্রয়োজনীয়তা সম্বন্ধে। রাষ্ট্র পরিচালনা করতে গেলে অবশ্যই কিছু বিশেষ ক্ষমতা হাতে রাখার প্রয়োজন আছে, তার জন্য তিনি যথেষ্ট ওকালতীও করবার চেষ্টা করেছেন। প্রথম অধ্যায়ে তিনি এমন সমস্ত যুক্তি দেখিয়েছেন যেগুলি এবসোলিউটলি ফেল করেছে। প্রথম অধ্যায়ের উত্তরে তিনি যেসমস্ত যুক্তির অবতারণা করেছেন তাতে তিনি আমাদের খুব কনভিন্স করতে পারেন নি। পশ্চিম বাংলার বিরুদ্ধে কি কেউ আজ যুদ্ধ ঘোষণা করেছে? পশ্চিম বাংলার জনসাধারণ কি একটা যুদ্ধ ঘোষণা করেছে পশ্চিম বাংলা সরকারের বিরুদ্ধে? তারা কি বিদ্রোহ করেছে? কিম্বা তারা কামান, বন্দুক, গুলীগোলা নিয়ে কি রাইটার্স বিল্ডিংস ঘেরাও করেছে? যার জন্য এমন একটা পরিস্থিতির উদ্ভব হয়েছে যে, তিনি এইরকম একটা কুখ্যাত আইন আমাদের সামনে এনে উপস্থিত করেছেন। এই বিলটা অত্যন্ত কুখ্যাত বিল। একমাত্র কংগ্রেস সরকারের আমলে তিন তিনবার সিকিউরিটি এ্যাক্টের এ্যামেন্ডমেন্ট হয়েছে।

আমায় খানিকক্ষণ বলতে দিতে হবে, স্যার। আপনারা ফলের দাম চড়িয়েছেন, লেবুর দাম চড়িয়েছেন, পেয়ারার দাম বাড়িয়েছেন, কেরোসিনের দামও বাড়াবেন, দেশলাইয়ের দাম বাড়াবেন, নারিকেল তেলের দাম বাড়াবেন, আমরা পয়সা দেব কোথা থেকে? (এ ভয়েসঃ গুন্ডামী করুন।) গুন্ডামী করলেও সিকিউরিটি এ্যাক্টে ধরবেন। বীরেনবাবু যে হিসাব দেখিয়েছেন, তাতে তিনি প্রমাণ করে দিয়েছেন যে, সিকিউরিটি এ্যাক্ট গুন্ডাদের উপর প্রয়োগ করা হয় নি। গুন্ডাদের উপর যদি এই আইন প্রয়োগ করার দরকার হয় তাহলে কংগ্রেস তরফের যিনি আমাদের শয়তান বলে গেছেন তাঁকে আগে গুন্ডা আইনে গ্রেপ্তার করা দরকার।

[নয়েজ এ্যান্ড ইন্টারাপশন্‌স]

আমরা বেশ ভালভাবে জানি যে আমাদেরই ধরবার রাস্তা আপনারা তৈরী করছেন, আর তার জন্যই আমরা চীৎকার করছি এই সর্বনাশা বিলের বিরুদ্ধে প্রতিবাদ স্বরূপ।

[At this stage the blue light was lit.]

স্যার, আমার প্রথম অধ্যায়ে সার্কুলেশনের জন্য এ্যামেন্ডমেন্ট থাকা সত্ত্বেও আমি কিছু বলি নি। আমাকে এখন খানিকটা সময় দিন। আমরা কেন এই বিলের বিরোধিতা করছি? তার মূল কারণ হচ্ছে, পশ্চিম বাংলায় বর্তমানে এমন একটা অবস্থা আসে নি, যে অবস্থার পরিপ্রেক্ষিতে এই বিল আপনারা আনয়ন করতে পারেন। এমন একটা অবস্থার উদ্ভব হয় নি, মানুষ আজকে স্টেটের বিরুদ্ধে এমন একটা ষড়যন্ত্র করে নি, রাষ্ট্রকে জাহান্নমে পাঠাবার জন্য এমন একটা বিপ্লবাত্মক কিছু করে নি, যার জন্য আজকে এই আইন করছেন। আমরা অবশ্য বলছি যে, প্রত্যেক দেশে শাসনযন্ত্র চালাতে গেলে কিছু বিশেষ ক্ষমতা রাখতে হবে, কিন্তু বিশেষ ক্ষমতা রাখার একটা লিমিটেশন রয়েছে। তাই যেসমস্ত ধারাগুলি এই বিলের মধ্যে এনেছেন তার প্রত্যেকটি ধারার বিরুদ্ধে আমি তীব্র প্রতিবাদ করছি।

Mr. Speaker: You can speak those things in the third reading. এখন শুধু একটা ধারা ক্লজ টুর কথা বলুন।

Sj. Bibhuti Bhushon Ghose:

আমি গোটা বিলটারই প্রতিবাদ করছি। একটা অগণতান্ত্রিক বিল আপনারা সাপোর্ট করে যাবেন, আমাদের কোন কথাই রাখবেন না। আমাদের কোন ভাল কাজ আপনারা দেখতে পারেন না। আমরা ভুক্তভোগী।

[লাউড নয়েজ এ্যান্ড ইন্টারাপশন্‌স]

হ্যাঁ, চীৎকার ত করবেনই, জেল ত খাটেন নি কোনদিন, আরামে বসে আছেন। ১৯৪৭ সালের পূর্বে কি করেছেন আপনারা?

স্যার, বঙ্কিমবাবু এই বিলের সাপোর্টে অনেক কিছু বলে গেছেন। কিন্তু আপনি জানেন স্যার, বঙ্কিমবাবু কিরকম রাজনীতি করেছেন। জেলে তাঁকে কোনদিন থাকতে হয় নি। কাজেই উনি জানবেন কি করে এইরকমভাবে দিনের পর দিন অন্ধকারের মধ্যে জেলে থাকলে মানুষের মনের অবস্থা কি হয়, কি দুঃসহ বেদনা তাকে ভোগ করতে হয়—তা বঙ্কিমবাবু আর জানবেন কি করে? ও'র রাজনীতির কথা জানতে আমার আর বাকী নেই। কারাভোগ না করেই তিনি এখানে এসেছেন। আমাদের মত আনলিমিটেড পিরিয়ডের জন্য ও'কে ত জেলে থাকতে হয় নি।

[লাউড নয়েজ এ্যান্ড ইন্টারাপশন্স।] (এ ভয়েসঃ আনলিমিটেড সময়ের জন্য কবে জেলে গিয়েছিলেন?)

তা আর জানবেন কি করে?

Mr. Speaker:

ওসব কথা ছেড়ে দিয়ে তাড়াতাড়ি শেষ করুন।

Sj. Bibhuti Bhushon Ghose:

ওদের বারণ করুন, স্যার। ওরা যদি খোঁচা মারে তাহ'লে আমরাও মারবো, ওরা ভদ্রলোকের মত বসে থাকলে আমরাও থাকবো।

[হাস্য]

সেজন্য আমি আবার অনুরোধ করব যে, সব কিছুই করুন কিন্তু লিমিট করুন। আনলিমিটেড এইরকম একটা আইন করে সকলের মনে একটা ভীতি, একটা সন্ত্রাসের সৃষ্টি করে এই রাষ্ট্রকে আপনারা আনপপুলার করছেন। এটা আমাদের বোঝবার কোনরকম ধারণার বাইরে চলে যাচ্ছে। সেইজন্য অনুরোধ করছি, এই বিলটা অগণতান্ত্রিক, এটা আমরা চাই না। কাজেই এই বিলটাকে প্রত্যাহার করুন। যাঁরা গণতন্ত্রে বিশ্বাস করেন, যাঁরা গণতান্ত্রিক আন্দোলনে বিশ্বাস করেন, তাঁরা কিছুতেই এটা সমর্থন করবেন না। পেনাল কোডে যথেষ্ট শক্তি দেওয়া হয়েছে, তাতেই আপনারা সমস্ত কিছু করতে পারেন। কিন্তু এটা অগণতান্ত্রিক, এটা আনা উচিত নয়। আমাদের কথা না শুনে যদি এই আইন প্রণয়ন করেন তাহলে আপনারাই তার ফলভোগ করবেন, আমাদের আর কি?

[6-35—6-45 p.m.]

Sj. Monoranjan Hazra:

মাননীয় স্পীকার মহাশয়, আমি যে সংশোধনী প্রস্তাব দিয়েছি তাতে হচ্ছে যে, একদিনের জন্যও—২৬শে জানুয়ারী পর্যন্ত এর পরমায়ু বাড়ান হচ্ছে, অর্থাৎ একদিনের বেশী নয়। কেন চাই না সেই কথাই বলছি। ডাক্তার রায় উত্তর দিলেন এবং সুন্দরভাবে কতকগুলি জিনিষ বলে গেলেন। এখানে দুইটি জিনিষ স্পষ্টভাবে ফুটে উঠেছে। তিনি আবেদন করছেন গুণ্ডার বিরুদ্ধে এই আইন প্রযুক্ত হবে। এতে সমস্ত মানুষ নিশ্চয়ই সমর্থন করবেন। গুণ্ডা দমনের জন্য আমরা তাঁর সঙ্গে একমত। গুণ্ডা দমনের জন্য যদি এটা হত তাহলে নিশ্চয়ই তাঁর সঙ্গে সহযোগিতা করতাম। কিন্তু এর মধ্যে আর একটা ফাঁক আছে। এটা প্রয়োগ করা হচ্ছে কিভাবে। বক্তৃতায় যখন শিক্ষক আন্দোলনের কথা উঠেছে বলে উল্লেখ করলেন যে, সেটা তাঁর কোন উপায় ছিল না বলে সিকিউরিটি অ্যাক্ট প্রয়োগ করা হয়েছে।

Mr. Speaker:

ক্লজএর উপর বলুন। রিপ্লাই থার্ড রিডিংএ দেবেন।

Sj. Monoranjan Hazra:

আমি এই ক্লজএই বলছি। সেইজন্য গভীর নিশীথ রাত্রে দুইটার সময় শিক্ষকদের ধরে নিয়ে যাওয়া হল, এরকম কোন সভ্য দেশে ঘটে না। এখানে সিকিউরিটি অ্যাক্ট প্রয়োগ করার প্ররোচনা দেওয়া হয়েছিল এবং তার জন্য জনসাধারণের চক্ষের অগোচরে গভীর রাত্রে শিক্ষক ও শিক্ষয়িত্রীদের পুলিশ ভ্যানএ করে নিয়ে যাওয়া হল। এই ঘটনা তিনি চেপে গিয়েছেন। এই সিকিউরিটি এ্যাক্ট কিভাবে প্রয়োগ হচ্ছে সে সম্বন্ধে তিনি চেপে গিয়ে বাঘ যেমন নামাবলি গায়ে দিয়ে বলে, ভয় নেই, সেই রকম বলছেন। এখানে তিনি ডিফেন্সিভভাবে বক্তৃতা দিলেন। এই রকম একটা অন্যায় আইন, খারাপ আইন করছেন তার কারণ হচ্ছে এই বাংলাদেশে পঞ্চ-বার্ষিকী পরিকল্পনার জন্য যেভাবে মানুষের উপর কর চাপান হচ্ছে তাতে তারা বিরোধিতা করবেই এবং সেটা দমন করার জন্য এই সিকিউরিটি এ্যাক্টএর প্রয়োজন আছে। সেইজন্য ডাক্তার রায় অত্যন্ত শান্তভাবে বক্তৃতা দিলেন—বাঘ নামাবলি গায়ে দিয়ে বলল, ভয় নেই। সেইজন্য আমরা বলছি যে, পরীক্ষিতের যেমন জন্ম হবার পরই মৃত্যু হয়েছিল সেই রকমভাবে এই বিল হবার পরই এটা যাতে বিনাশ হয় সেইজন্য আমি এই সংশোধনী প্রস্তাব দিয়েছি।

Sj. Kanai Lal Bhowmick:

মাননীয় স্পীকার মহাশয়, আমি এই বিলের তীব্র বিরোধিতা করছি। এর প্রত্যেকটি ক্লজ পাশ করাতে সরকারকে তীব্র বিরোধিতার সম্মুখীন হতে হবে। আমি এই বিলের মেয়াদ বাড়াবার বিরোধী, একদিন বাড়াবারও আমরা বিরুদ্ধে। যেহেতু আইনের মধ্যে একটি সময় দেওয়া দরকার সেজন্য ফেব্রুয়ারী মাস পর্যন্ত বাড়াবার কথা বলছি, কিন্তু মূলতঃ আমরা এই আইনকে একটা দিনের জন্যও চাই না।

Mr. Speaker:

একটা দিনের জন্যও চাই না,- এটা তো প্রত্যেকেই বলেছেন। কিছু বললেই তো বলবেন, স্পীকার ইন্টারফিয়ার করছেন।

Sj. Kanai Lal Bhowmick:

স্যার, পুরানো বিল এ'রা বার বার আনছেন, সুতরাং একই কথা তো বলতেই হবে।

Mr. Speaker:

না, সেটা ঠিক নয়।

Sj. Kanai Lal Bhowmick:

এই বিলে যে ধারাগুলি আছে তাতে আমাদের তিক্ত অভিজ্ঞতা থেকে জানি যে, যখনই কোন গণতান্ত্রিক আন্দোলন হয়েছে তা দমন করবার জন্য এই বিল প্রযুক্ত হয়েছে। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন শ্রীযুত সুহৃদ মল্লিক চৌধুরী মহাশয়ের ঘটনা দিয়ে যে গুণ্ডামি দমন করবার জন্য তাঁকে আসতে হয়েছিল মুখ্যমন্ত্রীমহাশয়ের কাছে। তাহলে তখনও তো সিকিউরিটি এ্যাক্ট ছিল কিন্তু তা সত্ত্বেও কেন মাননীয় সদস্যকে মন্ত্রীমহাশয়ের কাছে ধন্না দিতে হয়েছিল গুণ্ডা দমন করবার জন্য। আসলে এ'দের কুমতলব আছে, গুণ্ডা দমন করা এ'দের উদ্দেশ্য নয়, আসল উদ্দেশ্য হচ্ছে রাজনৈতিক দলের বিরুদ্ধে, কংগ্রেস পার্টির বিরোধী পার্টির আন্দোলনের বিরুদ্ধে, যে কোন বিরোধী পার্টির বিরুদ্ধে এই আইন প্রয়োগ করাই আসল উদ্দেশ্য। তাছাড়া আমরা দেখেছি, কংগ্রেস পক্ষ থেকে অনেকে উস্কানি দিয়ে বক্তৃতা করে, যাতে প্রচুর বিষ থাকে, যাতে রাষ্ট্রের সেফটি এবং স্টেবিলিটি বিপন্ন হতে পারে তাদের বিরুদ্ধে তো কোনদিন এই আইন প্রযুক্ত হতে দেখি না? যেকথা মাননীয় সদস্য সরোজ রায় মহাশয় বলে গেলেন যে, ১৫ই আগষ্ট কংগ্রেস প্রাদেশিক কংগ্রেস সভাপতি যে, উত্তেজনামূলক বক্তৃতা দিয়েছিলেন, আর একটা রাজনৈতিক পার্টিকে আক্রমণ করে যে উস্কানি দিয়েছিলেন, যে ভাষা প্রয়োগ করেছিলেন--সেকথা "আনন্দবাজার পত্রিকা", "যুগান্তর" এবং "স্টেটসম্যান" প্রভৃতি প্রত্যেকটি পত্রিকায় বেরিয়েছিল--কিন্তু তার বিরুদ্ধে সিকিউরিটি বিলের একটি ধারাও তো প্রযুক্ত হয় নি? সেজন্য মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের আশঙ্কা করার যথেষ্ট কারণ হচ্ছে

এই যে, এই বিল আমাদের বিরুদ্ধে গণতান্ত্রিক আন্দোলনের বিরুদ্ধে প্রযুক্ত হবে। সেইজন্যই বলছি যে, এই বিলের মেয়াদ একদিনের জন্যও বাড়ানোর আমরা বিরুদ্ধে। সেজন্য যে সংশোধনী প্রস্তাব দিয়েছি তাতে বিলের মেয়াদ পাঁচ বছর না করে তা কমানোর জন্য এই এ্যামেণ্ডমেণ্ট দিয়েছি।

Sj. Rameswar Panda:

মাননীয় স্পীকার মহাশয়, আমার একটা এ্যামেণ্ডমেণ্ট আছে। সেটা হচ্ছে এই যে, আইনের মেয়াদ ১৯৫৮ সাল পর্যন্ত বাড়ান হোক। এই আইনের প্রথম সৃষ্টি হয় ১৯৫০ সালে। তখন কি অবস্থা দেশের ছিল, এরকম আইনের প্রয়োজনীয়তা তখন আদৌ ছিল কিনা, সে সম্বন্ধে অনেক আলোচনা ইতিপূর্বে হয়েছে। এ আইন নতুন নয়, এটার পুনরায় মেয়াদ বৃদ্ধি করা হচ্ছে মাত্র। এ আইন যখন প্রথম হয় তখন দেশব্যাপী আন্দোলন হয়েছিল এবং কোন সভ্য দেশে নাগরিক অধিকার এভাবে ক্ষুণ্ণ করে এ ধরণের আইন হয় কিনা সন্দেহ। যে আইন মাত্র ২।৩ বছরের জন্য হয়েছিল আজ সেটারই মেয়াদ পাঁচ বছর বাড়াবার জন্য চাওয়া হয়েছে। বাস্তবিক পক্ষে পূর্ববর্তী বক্তারা বলে গেছেন যে, আইনের মেয়াদ একদিনও বাড়ান উচিত নয় —এটা ঠিক কথা—তবে যখন বাড়াবেনই তখন যত কম বাড়ে সেজন্যই আমি টাইম-লিমিট কমিয়ে দিলাম যে, ১৯৫৮ সাল পর্যন্ত এ আইনটাকে করে দেওয়া হোক, তারপর আবার আইনসভায় এটাকে আনতে হবে। তখন যদি আইনসভা মনে করে, এটা বাড়ান দরকার কিংবা দরকার নাই, সেটা তখন ঠিক হবে। রাজাশাসন করতে গেলে আইনের প্রয়োজন আছে, এটা ঠিক কথা, কিন্তু কিরকম আইন হওয়া উচিত?

> ন রাজ্ঞা মৃদুনাভাব্যং
> মৃদুর্হি পরিভূয়তে।
> ন চাপি ভাব্যং তীক্ষ্ণেন—
> তীক্ষ্ণাদুদ্বিজতে জনঃ—

অর্থাৎ রাজা কেমন হবে? খুব মৃদু নয়, কারণ দুষ্টের দমন চাই কিন্তু তা বলে খুব কঠিন হবেন তাও ঠিক নয়, কারণ তীক্ষ্ণ হলে সে রাজা আনপপুলার হবে। এটা হল কথা। অতএব মেয়াদ যখন বাড়াবেনই তখন যতটা কম বাড়ান যায়, সেজন্যই ১৯৫৮ সাল পর্যন্ত মেয়াদ রাখতে বলছি।

[6-45—6-55 p.m.]

Sj. Bankim Mukherji:

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I heartily endorse the sentiment which prompted my friend Shri Bankim Mukherji to mention the incident that happened on Friday last, which we all regret. Sir, after all, it was not proper for Shri Ananda Gopal Mukherjee to go to the Opposition Bench when the Division bell had been rung, and this is not done anywhere. He did not think that there was anything wrong in it and probably it was done as a raillery bebtween two friends which gradually or suddenly developed into something rather unhappy. I regret that this incident should have happened on the floor of the House. I do not blame either side because I feel both of them are young men, they have yet to learn how to put restraint on their feelings when emotions run high. I agree with Shri Bankim Mukherji that the Party Leaders on both sides should see that in future such excesses and emotional outbursts do not take place Apart from the fact that one incident leads to another, it lowers the dignity of the House as such and one has to hang down his head in shame if such things happen. It was said at one time "What Bengal thinks to-day, the rest of India thinks tomorrow" I hope not in the other way. I hope and trust therefore that all friends on one side or the other will not only exercise restraint while inside the House but will also remember that hard words break no bones. Criticism is often of more help to me than praise. Therefore any criticism levelled, if it is honest and sincere criticism and constructive criticism, is always helpful so that my friends need not get excited if things are such which are unpalatable for one side or the other. I hope and trust that in future no such incident will recur in this House.

Mr. Speaker: I am grateful to Shri Bankim Mukherji and to the Leader of the House for expressing these sentiments on the incidents of last Friday. In my experience also during these last four years this kind of incident is unprecedented So far as the question of controlling such incidents is concerned, both the Leaders have expressed their sentiments and I hope that the respective party members would follow them. I know in parliamentary life passions sometimes flow, emotions are excited. But it is by the collective wisdom of everybody in the House we should curb and control such passions and depend more on logic and reasoning in the House. That is the greatest test of parliamentary democracy. I do hope that the sentiments expressed by the two Leaders would be followed by the members of this House and the traditions of the West Bengal Legislative Assembly will be maintained in future.

GOVERNMENT BILL.

The Bengal Finance (Sales Tax) (Second Amendment) Bill, 1955.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to introduce the Bengal Finance (Sales Tax) (Second Amendment) Bill, 1955.

[Secretary then read the title of the Bill.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to move that the Bengal Finance (Sales Tax) (Second Amendment) Bill, 1955, be taken into consideration.

Sir, the Sales Tax Act of 1941 has got three parts. The first part is that which deals with the appointment of the supervising officers, the men who control the organisation and the different departments for sales tax. The second part is what is included in sections, 4, 5, 6 and 7, and it gives the nature or incidence of the tax, the persons on whom the tax would be levied, how the gross turnover would be calculated, what are the exemptions made in the Sales Tax Act, what are the goods that are not likely to be taxed and also the question of registration of those who are liable to pay taxes. In the present Amending Bill we have added one very important clause. Under the present Act a person is liable to pay tax if his total turnover is above the taxable quantum. Sir, taxes are paid on sales of two kinds of goods: one is the tax on goods that are imported, manufactured or produced in the State; the other one is in the case of dealers who simply deal with goods brought from here, there and everywhere who neither import, nor manufacture nor produce. It would be noticed that the goods that are manufactured, produced or imported are classified under one head, and a person who deals in these goods and whose turnover is Rs. 10,000 and over is liable to pay taxes, whereas for other dealers the turnover must be Rs. 50,000. You will also notice that in calculating the turnover under section 5 there are certain deductions made—turnover of those sales that have been made of goods that are exempted in the list, turnover of goods which are sold to a registered dealer for purposes of utilising such goods for the manufacture of some other goods—for instance, a man purchases rectified spirit or methylated spirit for the purpose of making varnishes or paints or anything of that sort. Now, the present Act exempts that particular sale of spirit if it is made for a particular purpose which again will be assessed for sales tax. Because when the spirit is sold we put a sales tax and again we put a sales tax on the finished goods.

[3-20—3-30 p.m.]

The consumer has to pay twice. That is why that type of sale is withdrawn from the turnover. Also in the case of any registered dealer who is engaged in the business of raising coal, if any goods are sold which are used for the raising of coal, these are withdrawn from the turnover. Similarly, if any goods are used for the generation and supply of electricity, these are also withdrawn from the turnover because one felt that coal and electricity are prime movers and if the goods that are utilised for the manufacture or raising of coal are also taxed, then there would be double taxation again. Then, if goods are sent outside Bengal, they again have to be deducted. There has been a case fought by the Bengal Immunity Co. because they felt that the goods which are manufactured in Bengal and sold to Bihar, Bombay, or other places are taxed here as well as they may have a purchase tax at the time these are sold in the particular province. The matter went up to the Supreme Court and they have decided that in such inter-State trade one tax only can be levied, that is, either a sales tax in the area where the goods are consumed or, if you put it in another way, a purchase tax on those goods. These are contained in provision No. 5. No. 6 gives the provision for tax-free exempted goods. No. 7 says that if any particular dealer is liable to pay tax under these sections 4 and 5, they will have to take a registration. Sir, the new amendment adds another group of cases. We have found unfortunately that there are dealers who import goods from outside and in order to escape payment of tax, they divide up the whole value of the goods into several parts of components and have fictitious names

and instead of showing, say, Rs. 80,000 as the value of the imported goods, they show ten persons having Rs. 8,000 as the value of the goods that have been imported by these fictitious dealers. Whenever such a thing happens, if it comes to the notice of the Government that there has been evasion of tax with regard to any particular article—it is not for all articles but with regard to any particular article—then that article would be notified and the dealer would be a notified dealer. He has to take a certificate of a notified dealer. Sir, here the question is, according to the Constitution, we cannot discriminate between the goods that are imported and the goods that are manufactured in the State. All goods sold in the State, whether imported or otherwise—and this was discussed in great detail when we were discussing the fruit-dealer—all goods whether they are imported or produced within the State and sold in the State have to be taxed in the same manner. Therefore, with regard to all those notified goods in which we have reason to think that there is evasion of tax, the amount of Rs. 10,000 taxation has been withdrawn and they will have to pay their tax on any amount of sale which is gone through. That is a very important addition to the present Act.

The third section of the Act where amendment has been made is with regard to particular goods which are to be taxed. Sir, in our Schedule we had exempted certain articles. The articles that were exempted were sugar, gold ornaments manufactured from bullion and specie and matches. Sir, with regard to sugar, the total quantity of sugar Bengal produces is only about 8,000 tons. The total quantity of sugar imported into Bengal is somewhere in the region of about 1 lakh tons or 1 lakh 5 thousand tons whereas so far as *gur* is concerned, we manufacture about 1 lakh 75 thousand tons and we import about 1 lakh 75 thousand tons from outside so that we consume about 3 lakh tons of *gur* as against a little over 1 lakh tons of sugar. It is true that we import a little more than 1 lakh tons but they are re-exported to other States so that we actualy consume about 1 lakh or 1 lakh 5 thousand tons. Now, about 75 dealers only are affected. They import the sugar that is now consumed in Bengal. We felt, therefore, that the addition of this commodity in the sales tax list would only raise the price of a maund of sugar, say, from Rs. 30 to Rs. 31-6 or Rs. 31-8, that is, the price of a seer of sugar would be increased, let us say, from 12 annas to 12 annas 6 pies or 12 annas 9 pies. I have said before and I repeat again that the price of a commodity at the retail stage depends not so much upon the taxes that are imposed upon it because generally the taxes are very small but it depends upon, first, the demand and supply position and, secondly, upon the middleman who makes the profit. Sir, in the case of sugar, when it was exempted some time in the early stage when the Act was passed, in those days the quantity of sugar produced in India was very low. I believe, at present the quantity of sugar manufactured in India is about twice or two and a half times as much as it was in 1941 or 1942. Besides that, a large quantity of sugar used to come from Java which has been stopped. Now the sugar position is very easy and the price of sugar at a particular moment does not depend upon the paucity of supply. The price depends mainly upon the manipulation of the middleman. Therefore, we felt that we should exclude sugar from the exempted list.

With regard to matches, the members of my party felt that this was a type of commodity which was used by the small people and considering that the total expected realisation is very small, it is better from the psychological point of view not to insist upon that.

[3-30—3-40 p.m.]

With regard to gold ornaments manufactured from bullion or specie i.e., item No. 23 in the exempted list it was represented to us that although it

is easy to get hold of the ornament dealers, in the majority of cases gold is given by a private consumer to the ornament-maker for manufacturing gold into some ornaments. By only trying to tax such ornaments may mean, it was suggested, that the gold itself will escape from tax whereas the tax will be only levied upon the cost of manufacturing ornaments. Therefore, as in the case of other States we have also decided to withdraw gold ornaments manufactured from bullion or specie. Instead of that, we are keeping items Nos. 23 and 44 in the exemption list, but we are taking out of the exemption list bullion and specie, so that the position is that tax will be levied on sugar, bullion and specie.

Sir, these are the main items of the Bill which has been circulated for consideration of the House.

[*Mr. Speaker: I take it that all the circulation motions are moved.*]

Sj. Dhananjoy Kar: Sir, I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 1st February, 1956.

Sj. Jyotish Joarder: Sir, I move than the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 23rd January, 1956.

Sj. Raipada Das: Sir, I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1955.

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 7th January, 1956.

Sj. Tarapada Bandopadhyay: Sir, I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November, 1955.

Sj. Hemanta Kumar Ghosal: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 20th January, 1956.

Sj. Mrigendra Bhattacharjya: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th January, 1956.

Dr. Kanailal Bhattacharya: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1955.

Sj. Gangadhar Naskar: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th December, 1955.

Sj. Kanai Lal Bhowmick: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 25th December, 1955.

Sj. Dharani Dhar Sarkar: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of elicing opinion thereon by the 20th December, 1955.

Sj. Provash Chandra Roy: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th December, 1955.

Sj. Jyotish Chandra Roy: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 12th December, 1955.

Sj. Sudhir Chandra Bhandari: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 7th December, 1955.

Sj. Monoranjan Hazra: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 5th December, 1955.

Sj. Madan Mohon Saha: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 2nd December, 1955.

Sj. Ajit Kumar Basu: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November, 1955.

Sj. Subodh Choudhury: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 25th November, 1955.

Sj. Tarapada Dey: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 20th November, 1955.

Sj. Biren Banerjee: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th November, 1955.

Dr. Hirendra Kumar Chatterjee: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 10th November, 1955.

Sj. Suhrid Kumar Mullick Chowdhury: Sir I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 2nd November, 1955.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st October, 1955.

Sj. Ganesh Ghosh: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 25th October, 1955.

Sj. Amarendra Nath Basu: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 20th October, 1955.

Sj. Madan Mohon Khan: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 14th October, 1955.

Dr. Narayan Chandra Ray: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 7th October, 1955.

Dr. Ranendra Nath Sen: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th September, 1955.

Mr. Speaker: Now, the subject-matter has been very much narrowed, because two items have been taken out—matches and bullion and specie.

Sj. Ganesh Ghosh: Sir, we have not yet got any amendment.

Mr. Speaker: It is coming.

Sj. Ajit Kumar Basu:

মিঃ স্পীকার, স্যার, আর একটা নূতন ট্যাকসেশন বিল আমাদের সামনে আনা হয়েছে। এটা ঠিক এমন একটা ধারায় গিয়ে পড়েছে যেখানে রকমারী জিনিসের উপর রকমারী ট্যাক্স পড়ছে এবং কোন কোন জিনিসের উপর দো'কর ট্যাক্স বসানো হয়েছে, কিন্তু আমাদের দেশে কিছু কিছু জিনিস যেগুলি গরীব সাধারণ লোকের জীবনের অপরিহার্য, এই রকম কিছু কিছু জিনিস সেলস্ ট্যাক্সের আওতার বাইরে রাখা হয়েছিল। আজকে এই নূতন বিলের মারফৎ সেই সমস্ত জিনিসের উপর ট্যাক্স বসাবার কথা বলা হয়েছে এবং মোটের উপর এই ধরনের নীতিটাকে আমরা পছন্দ করছি না, গোড়ার দিকে এই কথাটা বলে রাখি।

আমরা সকলে জানি এবং ডাঃ রায়ও একটু আগে বললেন যে, সাধারণ মানুষের জীবনের অপরিহার্য জিনিস যেগুলি, সেগুলি লিস্ট করে, তালিকা করে, বাদ দেওয়া হয়েছে। এই রকম

জিনিসের উপর ট্যাক্স ধার্য করতে গেলে আমরা বুঝবো নিশ্চয় আজকে বিশেষ কোন জরুরী অবস্থার সৃষ্টি হয়েছে যাতে এই সমস্ত জিনিস আর সেলস্ ট্যাক্সের আওতার বাইরে রাখা যায় না। রাজকোষে কোন একটা জরুরী অবস্থার জন্য বিশেষ অর্থের প্রয়োজন, তারজন্য এই জিনিসগুলি ট্যাক্সের আওতার মধ্যে আনা প্রয়োজন এমন কোন কথা ডাঃ রায় বলেন নি বা বলতে পারছেন না অথচ তাঁরা এই সমস্ত জিনিস ট্যাক্সের আওতায় আনবার চেষ্টা করছেন। আমরা জানি কয়েকদিন আগে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার কাঠামোর অর্থনৈতিক সংসদে মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন রাজ্যে করভার বৃদ্ধি করা দুঃসাধ্য এবং খাদ্যদ্রব্য প্রভৃতি অত্যাবশ্যক জিনিসের উপর কর ধার্য করা যেতেই পারে না। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অর্থনৈতিক উন্নয়নের জন্য নূতন করে ট্যাক্স ধার্য করবার কথা যখন উঠেছিল তখন তার জবাবে আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় একথা যবাব দিয়েছিলেন। এর আগে পর্যন্ত তিনি বলে এসেছেন যে, এই সমস্ত জিনিসের উপর ট্যাক্স ধার্য করা চলে না কিন্তু আজকে তিনি বলেছেন সেই সমস্ত জিনিসের উপর ট্যাক্স ধার্য করা উচিত। উন্নয়নের জন্য যে অর্থের প্রয়োজন একথা আমরা বুঝি। কিন্তু আজকে যেসমস্ত জিনিস থেকে ট্যাক্স আদায় করবার অধিকার স্টেট গভর্নমেন্টএর আছে সেই সমস্ত জিনিস থেকে ঠিকমত ট্যাক্স আদায়ের ব্যবস্থা না করে নূতন নূতন জিনিসের উপর ট্যাক্স আদায়ের যে ব্যবস্থা করা হচ্ছে এটা খুবই অসঙ্গত এবং নীতিবিগর্হিত, একথা কখনও উঠতে পারে না। উদাহরণ হিসাবে আমরা রাখছি মাদ্রাজ, বোম্বেতে ক্রয়বিক্রয় আমাদের দেশের সমান হলেও এই দুটো দেশ সেলস্ ট্যাক্স ১৫ কোটি টাকা আদায় করে আর আমরা করি মাত্র ৫ কোটি টাকা—এই ৫ কোটি টাকা মাত্র আদায় হচ্ছে সেলস্ ট্যাক্স বাবদ। অর্থ আদায়ের যে একটা পথ আছে তাতে বড় বড় কারবারীদের ঢালাই অধিকার দেওয়া হয়েছে সেলস্ ট্যাক্স ফাঁকি দেবার জন্য—আদায়ের যেসমস্ত পথগুলো আছে সেই সমস্ত পথ ধরা হয় নি। আর যখন সত্যিসত্যি লোকের রিয়েল ইনকাম বাড়ছে না সেই রকম একটা সময়ে নিত্যনৈমিত্তিক জিনিসের উপব ট্যাক্স ধার্য করার কোন কারণ থাকতে পারে না। এই সভায় আমরা প্রথমে দেখিয়েছিলাম যে ট্যাক্স এ্যাট দি সোর্স বা প্রথম পর্যায়ে কর ধার্যের ব্যবস্থা করা হোক। আমরা দেখেছি যে আমাদের কথাগুলি পুরাপুরি না নিলেও আমি বলছি আজকে তিনি কিছু কিছু জিনিসের উপর প্রথম পর্যায়ে কর ধার্যের ব্যবস্থা করেছেন এবং তার ফল ভালই হয়েছে। আমরা দেখেছি যে এই প্রথম পর্যায়ে সিগারেট, বনস্পতি প্রভৃতির উপর যে কর ধার্য করা হয়েছে তা থেকে ১ কোটি টাকা বেশি আয় হয়েছে। আমাদের দেশে কাপড়ের উপর যদি ট্যাক্স এ্যাট দি সোর্সের ব্যবস্থা করা হয় তাহ'লে আমরা খুব ভালভাবে হিসাব না করেও এই কথা বলতে পারি যে অন্ততঃপক্ষে আরো ৫ কোটি টাকা কাপড় থেকে সেলস্ ট্যাক্স আদায় হতে পারে। কাজেই এ দেশের বড় বড় কারবারীদের রেহাই দেওয়া হচ্ছে, তাদের ট্যাক্স ফাঁকি দিতে প্রশ্রয় দেওয়া হচ্ছে আর অন্যদিকে নূতন নূতন জিনিসের উপর ট্যাক্সের বোঝা চাপছে। এ ধরনের কথা কি করে আসতে পারে তা আমরা বুঝে উঠতে পারি না। কাজেই নূতন ট্যাক্স আনার আগে এই সমস্ত বিষয়গুলি সম্বন্ধে আমি প্রস্তাবকের কাছ থেকে ভাল আলোচনা আহ্বান করছি। এই বিল সম্বন্ধে একথা বলা হয়েছে যে অনেক লোক ট্যাক্স ফাঁকি দিচ্ছে, বহু ইম্পোর্টার ট্যাক্স ফাঁকি দিচ্ছে। কাজেই এতকাল আমরা যে নিয়মে সেলস্ ট্যাক্স আদায় করছিলাম একটা ট্যাক্সেবল কোয়ান্টাম থেকে তার আওতায় যারা পড়ছে তাদের কাছ থেকে সেলস্ ট্যাক্স নিচ্ছিলাম কিন্তু এখন দেখছি তারা নানা রকমে ট্যাক্স ফাঁকি দিচ্ছে। ইম্পোর্ট যাহা হউক না কেন তার উপর ট্যাক্স আদায় করবে। কথাটা যত সহজ এবং সরলভাবে রাখা হয়েছে, জিনিসটা যখন কার্যক্ষেত্রে প্রয়োগ করা হবে তখন এত সহজ এবং সরল থাকবে না।

[3-40—3-50 p.m.]

তার মানে দাঁড়ায় এই আমি যদি নিজ প্রয়োজনে ঝরিয়া থেকে কয়লা নিয়ে আসার চেষ্টা করি তাহ'লে সেই কয়লার উপরে ট্যাক্স ধরা হবে তাকেও ইম্পোর্টেড বলে ধরা হবে। কিন্তু কত লোক যে ট্যাক্স ফাঁকি দিচ্ছে তার ইয়ত্তা নাই সেগুলি ধরবারও কোন উপায় নাই। ট্যাকসেবল কোয়ান্টাম ঠিক না করে সব কিছুর উপর ট্যাক্স ধার্য করা কোন রকমেই সমীচীন হবে না। আমি একটি উদাহরণ দিচ্ছি—ছোট ছোট ব্যবসায়ী যারা সেলস্ ট্যাক্স দিতে পারে না তাদেরও সেলস্ ট্যাক্সের হিসাব করার জন্য ক্যাস মেমো ভাউচার ও অন্যান্য রেজিস্ট্রি পত্র ঠিক রাখবার জন্য

একজন সরকার বা কেরানী রাখতে হবে। যারা পাঁচ সাত হাজার টাকার ইম্পোর্টার বা এ ধরনের ছোট কারবারী যারা তাদের যদি এই সেলস্ ট্যাক্স হিসাবের জন্য লোক রাখতে হয় তাহ'লে কারবার চালান তাদের অসম্ভব হয়ে পড়বে এবং এই সমস্ত ছোট ছোট কারবারীর কারবার নষ্ট হবে, ব্যবসা বাণিজ্য বড় বড় কারবারীর হাতে যেয়ে কেন্দ্রীভূত হবে। আমাদের মন্ত্রী মহাশয় এ জিনিস নিশ্চয়ই চান না আর যদি চান তাহ'লে ঠিক করে বলুন। মোটামুটি কথা হচ্ছে যে ট্যাক্স ফাঁকি দিচ্ছে সেই ট্যাক্স বন্ধ করার জন্য ট্যাক্স এ্যাট দি সোর্স করবার ব্যবস্থা করুন। সে জিনিস করে ভাল ফলও হয়েছে যেমন সিগারেট প্রভৃতি ক্ষেত্রে দেখা গিয়েছে। কিন্তু এই ট্যাক্স রিভিশনএর নাম করে যা করছেন তাতে ছোট ছোট মানুষ, ব্যবসায়ী যারা তা ছাড়া সাধারণ যে কনস্যুমার যারা বাইরে থেকে কিছু কিছু জিনিস এনে থাকে সেই সাধারণ ইম্পোর্টারদের উপর হাত পড়বে এবং সকলের জীবনে মস্ত বড় একটি বিড়ম্বনার সৃষ্টি হবে। এই সমস্ত জিনিসগুলি ভাল করে চিন্তা করতে হবে। স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের আর একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করি। পাঁচ নম্বর ক্লজএ আগে এই ছিল যে ট্যাক্সেবল কোয়ান্টামএর মধ্যে যারা পড়ত সেই প্রডিউসার বা ম্যানুফ্যাকচারারকে সেলস্ ট্যাক্স দিতে হ'ত কিন্তু এখন যা করা হচ্ছে তাতে বলে দিচ্ছেন এনি প্রডিউসার এনি ম্যানুফ্যাকচারার অর্থাৎ গভর্নমেন্ট ইচ্ছা করলে যে-কোন ম্যানুফ্যাকচারার অর প্রডিউসারকেই এর আওতায় এনে ফেলতে পারবেন। আমি বেশি আলোচনা না করে একটা কথা বলি। আমাদের দেশে যেসমস্ত খাবারের দোকানদার আছে তারা তো ম্যানুফ্যাকচারার, যারা গরম চা বিক্রি করে তারাও ম্যানুফ্যাকচারার•সেই রকম তেলে ভাজা প্রভৃতি বহু দোকান আছে যারা বাড়ির কোন রকে বসে বা রাস্তায় বসে এসমস্ত খাবার তৈরি করে বিক্রী করে—এসমস্ত দোকানদাররাও সেলস্ ট্যাক্সএর আওতায় আসছে। এখন যে কোন চা-ব্যবসায়ী বা খাবারের দোকানদারকে যদি ম্যানুফ্যাকচারার হিসাবে সেলস্ ট্যাক্স দিতে হয় তাহ'লে ব্যবসা চালাতে পারে না। গরীব জনসাধারণ ছোটখাট দোকানদার যারা সামান্য জিনিসপত্র বিক্রী করে জীবিকার্জন করে তাদের জীবনে বিরাট বিড়ম্বনার সৃষ্টি হচ্ছে।

তারপর গোল্ড অর্নামেন্টসএর উপর থেকে সেলস্ ট্যাক্স তুলে নিয়েছেন এটা ভাল কাজ নিশ্চয়ই। সর্ষে তেল, কেরোসিন ও দেশলাইয়ের উপর সেলস্ ট্যাক্স বসাচ্ছেন না এটা ভাল কাজ করছেন কিন্তু চিনির উপর কেন কর বসাচ্ছেন? এটার উপর থেকে যদি দেশলাই প্রভৃতির মত বাদ দিতে পারতেন তাহ'লে ভাল হ'ত। চিনি একটি অপরিহার্য জিনিস সকলেই আজকাল কমবেশি খায়। মন্ত্রী মহাশয় বলতে পারেন চিনি ধনীরাই খায় বেশি কিন্তু আমি বলতে চাই বিগ প্যানদের মত এত চিনি হয় ত সাধারণ লোকে ব্যবহার না করতে পারে কিন্তু সমস্ত মানুষের কাছে চিনি আজ একটি নিত্যপ্রয়োজনীয় জিনিস এর উপর সেলস্ ট্যাক্স বসানো ঠিক নয়। সুতরাং এর উপর থেকে সেলস্ ট্যাক্স নিশ্চয়ই বাদ দেওয়া উচিত। আজকে চিনি মানুষের জীবনে অতি অপরিহার্য বলে আমাদের এই গরীব দেশে চিনিকে সেলস্ ট্যাক্সএর আওতা থেকে বাদ দেওয়া উচিত। যে নীতিতে দেশলাই, সর্ষে এবং কেরোসিন তেল সেলস্ ট্যাক্সএর আওতা থেকে বাদ দিয়েছেন সেই নীতিতেই যদি চিনির উপর থেকেও কর বাদ দিতেন তাহ'লে ভাল করতেন। চিনির উপর কর বসানোর যে নীতি এটা কিছুতেই সমর্থন করা যায় না।

তারপর এই এ্যাডিশনাল কমিশনার সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে যে এই এ্যাডিশনাল কমিশনার রাখবার কোন প্রয়োজন নাই। ইনকাম ট্যাক্সএর ক্ষেত্রে যেরকম এ্যাপিল হিয়ারিংএর ব্যবস্থা আছে সেরকম আমাদের দেশেও যদি এ্যাপিল হিয়ারিংএর ব্যবস্থা হয় তাহ'লে এ্যাডিশনাল কমিশনার থাকা নিষ্প্রয়োজন বলে মনে করি। ক্রমে ক্রমে যেভাবে ট্যাক্স বাড়ছে এবং নিত্যপ্রয়োজনীয় জিনিসের উপর ট্যাক্স বসছে সেটার আমরা বিরোধিতা করি। যেভাবে এনি ম্যানুফ্যাকচারার ইত্যাদির উপর সেলস্ ট্যাক্স বসাচ্ছেন তাতে কটেজ ইন্ডাস্ট্রির প্রোডাক্টসএর উপর সেলস্ ট্যাক্স বসবে। এটা ঠিক নয়। সুতরাং বিলের মধ্যে যে অস্পষ্টতা রয়েছে সেটা স্পষ্ট করে বলা দরকার প্রকৃত কি তারা করতে চান। আমি এই বলেই বক্তব্য শেষ করছি যে যেন কোন অপরিহার্য জিনিসের উপর কোন কর না বসে।

Dr. Hirendra Kumar Chatterjee: On a point of information, Sir. You will please remember that it was arranged that whenever new amendments would be proposed the original amendments would also be circulated but that is not being done.

Mr. Speaker: That is being done.

Dr. Hirendra Kumar Chatterjee: I am sorry, Sir, I did'no find it.

[3-50—4 p.m.]

Sj. Jyotish Joarder:

মাননীয় স্পীকার মহাশয়, এই সেলস্ ট্যাক্স বিল সম্বন্ধে আমার প্রথম কথা হ'ল এখানে অবজেক্টস এ্যান্ড রিজনস যা আছে অর্থাৎ উদ্দেশ্য সম্বন্ধে যা বলা হয়েছে তাতে ১০ হাজার টাকার বেশি যাদের সেলস্ হয় তাদের সম্বন্ধে একটা শ্রেণী বেঁধে দেওয়া হয়েছিল তারই উপর বর্তমানে ইভেশন বন্ধ করবার জন্য সরকার একটা নতুন আইন আনবার প্রয়োজন বোধ করেছেন। এটা কিভাবে সফল হবে এবং কতখানি সফল হবে সে সম্বন্ধে আলোচনা করবো। প্রথম কথা হচ্ছে তাঁরা মূল আইনের যে কয়টা জায়গায় হাত দিয়েছেন অর্থাৎ মূল যে আইন ছিল তার উপরে সংশোধন বিল এনেছেন তাতে দেখা যায় ট্যাক্সেবল কোয়ান্টামএর একটা অদল-বদল এবং সার্টিফাইড ডিলার্স নামক একটা নতুন জিনিস আমদানি হয়েছে। তারপরে সিডিউলএর কথা তারা যেভাবে এনেছেন তাতে সেখানে দুটো প্রধান জিনিস বাদ দিয়েছেন। একটি চিনি ও অপরটি দিয়াশলাই। তা ছাড়া, এ বিলে একস্ট্রা কমিশনার এ্যাপয়েন্ট করার উপর জোর দিয়েছেন। ট্যাক্সেবল কোয়ান্টামএর মধ্যে তিনটি ধারা আছে, মূল আইনে, এবং সেই তিনটি ধারার মধ্যে তিনটি ভাগ আছে। তার প্রথমটিতে আছে যে, দশ হাজার টাকা যাদের সেল হয় তারা যদি ইমপোর্ট করেন এবং সেই ইমপোর্ট বিক্রীর জন্যে করেন বা নিজেরা কিছু প্রোডাকশনএর জন্য করেন তাহ'লে ট্যাক্স দিতে হবে যদি সেখানে ১০ হাজার টাকার বেশি সেল হয়। আর একটা কোয়ান্টাম আছে (বি) উপধারাতে; তাতে আছে

in relation to particular classes of dealers not falling within clause (a) such sum as may be prescribed.

যা আমি এইমাত্র বললাম তা হতে "সাচ সাম এ্যাজ মে বি প্রেসক্রাইবড" এটা বাতিল করে দিয়েছেন এটা প্রস্তাবক চাইছেন না। তারপর আর একটি হচ্ছে (সি) উপধারা; ৫০ হাজার টাকার উর্ধ্বে যাদের বিক্রী তাদের একটা ক্যাটিগরি আছে। এই তিনটি শ্রেণীর মধ্যে "বি" শ্রেণীকে বাদ দেওয়া হয়েছে। একটু লক্ষ্য করলেই আমরা দেখতে পাই এই কোয়ান্টাম সেটেল করার মধ্যে কি ব্যাপার আছে। আর একটা কথা এই কোয়ান্টামএর ব্যাপারে ৫নং একটি নতুন ক্লজ করে এই যে বিল এসেছে তার মধ্যে ৪এ একটি সেকশন আনা হয়েছে তাতে দেখা যাচ্ছে যাদের বিক্রী এক টাকাও হয় তাদের তার মধ্যে আনা যায়। সেখানে একটা এগজেম্পশনএর ব্যাপার আছে। কর্তৃপক্ষ ইচ্ছা করলে কটেজ ইন্ডাস্ট্রিকে কিছু দয়া ধর্ম করতে পারেন। কিন্তু ট্যাক্সেবল কোয়ান্টাম যা আছে আমার মনে হয় না এভাবে হ্যান্ডেল করার ফলে ট্যাক্স আদায়ের সুরাহা কিছু হবে। বরং সার্টিফাইড ডিলারদের একটা মস্তবড় সংখ্যা দোকান যারাই করেন, অযথা সেই সংখ্যাকে এর'মধ্যে টেনে আনছেন, তার ফলে সেখানে একটা স্ফিতকায় এ্যাডমিনিস্ট্রেশনএর জন্য একটা বিরাট ব্যবস্থা করতে হবে সেটা অনুভব করেছেন বলে প্রস্তাবক একটা আনুষঙ্গিক দাবী এনেছেন এই বলে যে, কমিশনার বেশি কিছু লাগবে। কিন্তু এটা করে লাভ কি হবে? যেখানে বিক্রি হবে সেখানে সেলস্ ট্যাক্স আদায় হবে এই যে একটা ইচ্ছা বা আশা সেটা আমি মনে করি দুরাশা। তার প্রথম কারণ হচ্ছে যদি তারা সার্টিফাইড ডিলার বলতে দেশের যত মানুষ ব্যবসার কাজে নিযুক্ত আছেন, ও যাঁরা ইমপোর্ট করবেন তাঁদের এর আওতায় আনতে চান তাহ'লে অসংখ্য লোকের কাছ থেকে নিয়মিত হিসাব-নিকাশ বা খাতাপত্র যা দাবী করবেন তা তারা দিতে পারবে না। কারণ যেভাবে চাইবেন সেইভাবে লিখতে হলে যেরকম এক্সপার্ট মানুষ রাখতে হবে তা রাখা তাদের সঙ্গতিতে কুলাবে না। এই কারণে যখন সার্টিফিকেট ইসু করতে যাবেন তখন অসংখ্য লোককে এমনভাবে ধরবেন যাতে তাদের ব্যবসা বাণিজ্য একেবারে অচল হয়ে যাবে। সেলস্ ট্যাক্স আদায় করতে সেলএর ব্যবস্থা না করতে পারেন, বিক্রি না বাড়াতে পারেন, ব্যবসা বাণিজ্য সচল করতে না পারেন তাহ'লে একটা অচল অবস্থার সৃষ্টি হবে এবং তাতে একটা বিরাট আনএমপ্লয়মেন্ট সৃষ্টি হবে। এজন্য বলছি এই সার্টিফিকেট ইসু করতে গিয়ে যেসমস্ত পরীক্ষামূলক ব্যবস্থা হবে তাতে ব্যবসা বাণিজ্য বাংলাদেশ থেকে ডাইভার্টেড হয়ে অন্য জায়গায় চলে যাবে। সেজন্য দরকার এমন সুবিচার করা যাতে ব্যবসা বাণিজ্য আরও উৎসাহ পায় অথচ

ট্যাক্স ফাঁকি দিতে কেউ না পারে এমনভাবে ব্যবস্থা করা। সেইজন্য আমার সাজেশনস মোটামুটি আমি প্রিন্সিপলএর দিকে বলতে পারি। কারণ এটা সার্কুলেশন মোশন। আমার মনে হয় ট্যাক্সেবল কোয়ান্টাম আসল কথা। এটার উপরে যেভাবে পরিবর্তন করতে গিয়েছেন সেইভাবে না করে প্রথম যে কোয়ান্টাম দেওয়া আছে ১০ হাজার টাকা ট্যাক্সেবল কোয়ান্টাম সেখানে যদি শুধু এই ব্যবস্থা করেন যে যাঁরা ইমপোর্ট করবেন বিক্রির জন্য তাদেরকে সেখান থেকে বাদ দিয়ে দুটো ক্যাটিগরি করেন যেখানে প্রথম ক্যাটিগরি হবে ১০ হাজার টাকার যারা বেশি বিক্রি করে তাদের মধ্যে যারা শুধু প্রোডিউসার আমাদের স্বদেশী শিল্পী এবং দেশেই ম্যানুফ্যাকচার করেন তাদের ১০ হাজার টাকার বেশি বিক্রি হলে তখন তাদের ট্যাক্স করা হবে, নতুবা ইমপোর্ট করলে পরে বা নিজেরা প্রোডাকশন বা ম্যানুফ্যাকচার করে ১০ হাজারের নীচে বিক্রি হলে সেখানে তাদের ট্যাক্স করা হবে না এবং রেজিস্ট্রেশন করতে হবে না। 'বি' শ্রেণীকে বাদ দিয়েছেন কিন্তু একে এ্যাজ ইট ইজ রেখে দিন। আর যারা ইমপোর্ট করবেন প্রোডাকশনএর জন্য নয় বাজারে বিক্রির জন্য তারা যদি এক হাজার টাকা বিক্রি করতে পারেন তাহলে সেখানে ট্যাক্স দিতে হবে, ১ হাজার টাকার কম বিক্রি করে ট্যাক্স ইভেড করায় কারো পক্ষে লাভজনক হবে না, সেখানে নিশ্চয় তারা ধরা পড়বেন, কাজেই ট্যাক্স ইভেশন হবে না। অথচ কটেজ ইন্ডাস্ট্রি আর ইন্ডিজেনাস ইন্ডাস্ট্রিকে উৎসাহ দেওয়া হবে। এই যে নতুন সেকশন ৪এ তার পার্পাস সার্ভড হবে। তারপরে আরেকটা স্থলে, যথা সেকশন ৭এ, ওরিজিনাল এ্যাক্টএর সঙ্গে এ্যাড করে দেওয়া হয়েছে সেটার কোন প্রয়োজন হবে না। সেখানে একটা রেজিস্ট্রেশন রয়েছে তার সঙ্গে আরেকটা রেজিস্ট্রেশন আনা হচ্ছে তাতে কি অনর্থ হবে তাই বলছি। এটাকে রক্ষা করতে হলে দেখা যায় ইমপোর্ট যারা করছেন তাদের মধ্যে ১০ হাজার টাকার ওপরে যাদের বিক্রির ক্যাটিগরি শুধু যাঁরা বিক্রি করবেন, প্রোডাকশনএর চিন্তা নাই, ম্যানুফ্যাকচারও করবেন না তাহলে তাদের ট্যাক্স করা হউক। তাহলে আমি মনে করি এই কোয়ান্টাম রেজ করার ফল হ'ল হোল বিলটা একটা বিজ্ঞানসম্মতভাবে পরিবর্তিত হয়, অবান্তর কতকগুলি জিনিস যেমন সেকশন ৭এ-এর আর প্রয়োজন হবে না, সমস্ত ডিলারকে আক্রমণ করতে হয় না এবং যারা ইভেড করতে যান তাদের ধরাও যাবে।

[4—4-10 p.m.]

ক্ষুদ্র ক্ষুদ্র যেসমস্ত ব্যবসায়ী ছোট ছোট জিনিস কিনে নিয়ে বিক্রয় করতে যান এবং বিক্রয় করেন; যাঁরা ট্যাক্স আগে দিয়ে থাকেন সেই ট্যাক্স কমে যাবে। কারণ বিক্রয় কমে যাওয়ার ফলে তাদের কাছ থেকে যে ট্যাক্স পাওয়া যেত তাও পাওয়া যাবে না। অর্থাৎ ওমনি ত ট্যাক্স পাওয়া যেত না বলছেন, তারপর এখন বিক্রয় কমে গেলে, ট্যাক্স আরও কমে যাবে। তারপর, স্পেশাল কমিশনার, এ্যাডমিনিস্ট্রেটিভ বডি এই সমস্ত খাড়া করতে গেলে তাতে একটা বিরাট খরচ হবে, এবং সেই খরচের টাকা পর্যন্ত এইভাবে আপনাদের ওঠান সম্ভব হবে না। সেইজন্য আমি এখানে যে সাজেশন দিয়েছি সেটা বিশেষ করে চিন্তা করতে বলছি এবং আমার যে সাজেশন সেটা গ্রহণ করলে আমি মনে করি এই ৫নং ধারার সাব-সেকশন ৪এ, এবং সাব-সেকশন ৭এ অবান্তর হয়ে যাবে। সেকশন ৪এ অবান্তর হলে, সেখানে শেষ পর্যন্ত একটা কোয়ান্টাম মডিফাই করলে, পুরান কোয়ান্টাম যা রয়েছে সেটাই যথেষ্ট ভাল হয়ে যেতে পারে, এবং এখানে দুটো জিনিসে রেজিস্ট্রেশনএর দরকার হবে না। এ্যাডমিনিস্ট্রেশন যদি এফিসিয়েন্টভাবে চালান হয়, তাহলে ব্যবসার উন্নতি হবে এবং এতে ট্যাক্স-পেয়িং, ট্যাক্স দেবার ক্ষমতা মানুষের বেড়ে যাবে। তাই আমি মনে করি জনগণের প্রতি যেটুকু শ্রদ্ধা দেখান হয়েছে, এটা আর একটু পরিবর্তন করলে বিজ্ঞানসম্মত হবে এবং সবার দিক দিয়ে ভাল হবে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ আমার সাজেশনগুলি একটু বিবেচনা করে দেখুন, এবং আমি সাজেস্ট করছি এই বিলটি সার্কুলেশনএ দেওয়া হোক।

Sj. Jnanendra Kumar Chaudhury:

মিঃ স্পীকার, স্যার, এই যে বিলটি এসেছে এতে দেখা যাচ্ছে

provision has been made for appointment of more than one Additional Commissioner of Commercial Taxes,

এখানে ১৯৫৫-৫৬ সালের বাজেটে

according to 1955-56 Budget, Grant No. 8,

এতে ছিল—কমিশনারএর জন্য খরচ হচ্ছে ৩৮,৯০,০৯৮ টাকা এবং গেজেটেড অফিসার্সএর সংখ্যা কত তা লেখা নাই, কিন্তু তাতে আছে তাদের জন্য ২,৯০,২৭০ টাকা খরচ হচ্ছে, এবং ইন্সপেক্টর্স, ক্লার্কদের জন্য ৩,২৫,৯৭১ টাকা, এইরকম করে সবসুদ্ধ হচ্ছে ১৩,১৫,৬০৯ টাকা। এ ছাড়া আবার এখন একজন এ্যাডিশনাল কমিশনারএর কি যে প্রয়োজন, তা আমি বুঝতে পারি না। তারপর এই যে ট্যাক্সএর একটা প্রভিশন আছে তাতে আমাদের এখানে ভালভাবে ট্যাক্স আদায় হয় না। এ সম্বন্ধে

Presidential Address of the West Bengal State Traders' Conference held on August 14, 1954

যা উল্লেখ করেছেন, তাঁর অবজার্ভেশনটা আমি বলছি—

"single point tax to be levied at the source, that is on the manufacturer on importer, and at the time of the first sale immediately preceding the transfer of goods from the godown to the market".

এইটা হচ্ছে তাঁর একটা অবজার্ভেশন। তারপর দ্বিতীয় যে সেলস্ ট্যাক্স রেভিনিউ, সে সম্পর্কে বলেছেন—

"Leakage of sales tax revenue: Where no tax is levied on dealings between registered traders the tax which accrues at the last stage of the trade, where a retail transaction takes place, and sales tax to the average dealer concerned disappears. Goods from the neighbouring states get into this State without payment of the tax"

এইভাবে সেলস্ ট্যাক্স ইভেসন হচ্ছে, এবং এই যে সেলস্ ট্যাক্স ইভেসন হচ্ছে সেটাকে আরও যাতে কড়া হয়, তারজন্য উনি আগে একটা ছোট করে লিফলেট বিলি করেছিলেন—তাতে ছিল, কিরকমভাবে সেলস্ ট্যাক্স ইভেড হচ্ছে এবং সেলস্ ট্যাক্স যাতে ভালভাবে আদায় হয়, সেটা চেষ্টা করুন। আর এটা স্যার—

"West Bengal is one of the very few States where there are manufacturing, producing, export and import trade and buying and selling operations; the bulk of the manufactured or produced goods are exported out of India such as tea, jute, hardwares, etc."

তা সত্ত্বেও অপর সকল স্টেটএর আমাদের চেয়ে ঢের বেশী, বহুগুণ আয় হয়। বিজনেস হয়েছে, ট্রেড হয়েছে অথচ আমাদের এখানে আয় হয় নি। আমাদের ট্রেডএ কোথায় কি লিকেজ হচ্ছে, সেটা দেখে এই লিকেজটা বন্ধ করুন।

তারপর এই বিলে অন্যান্য যেসমস্ত প্রভিসন করা হয়েছে—যেমন, কটেজ ইন্ডাস্ট্রিজএর উপর ট্যাক্স ধার্য করা হবে বলা হচ্ছে। কিন্তু কটেজ ইন্ডাস্ট্রিজএর উপর এইভাবে ট্যাক্স ধার্য করা কি ঠিক হবে? মাদ্রাজ, ব্যাঙ্গালোর প্রভৃতি বাইরের জায়গা থেকে আজ আমাদের এখানে তাঁতের কাপড় আসছে এবং ক্রমশঃ পশ্চিমবঙ্গের মার্কেট ক্যাপচার করছে। এদিকে মন্ত্রীমহাশয় বিশেষ লক্ষ দিয়েছেন কি না, জানি না। আজ তারা খুব সস্তায় তাঁতের কাপড় সরবরাহ করছেন আমাদের পশ্চিম বাংলায়, এবং এর ফলে হয়ত পশ্চিম বাংলায় তাঁত কাপড়ের ব্যবসা সমস্ত উঠে যাবে। এই যে ক্লজ ৫এ আছে—

"provided that in the case of cottage industry products the State Government may by general or special order exempt from the provision of this section dealers selling notified goods produced by himself or members of his family".

এইজন্য আমি বলি এইগুলি আরও ভালভাবে প্রচার করা উচিত। আমাদের যেসমস্ত জিনিস ওয়েষ্ট বেঙ্গলএ প্রোডিউস্‌ড্‌ হয় সেগুলি যেন ট্যাক্স ফ্রি হয়। সেটা ট্যাক্স ফ্রি হলে, সাধারণ লোক এইসমস্ত জিনিস তৈরি করে, তার কিছুটা নিজেরাই বিক্রয় করতে পারবে। তারপর তিনি যে এই ম্যাচকে সেলস ট্যাক্সএর আওতা থেকে বাদ দিয়েছেন তারজন্য আমি তাঁকে অভিনন্দন জানাই। কারণ ম্যাচএর উপর ট্যাক্স হলে দেশের গরীব, দুঃখী, জনসাধারণ অত্যন্ত এ্যাফেক্টেড হবে। আমি এর সাথে বলতে চাই এই সুগারটাকেও এর সঙ্গে বাদ দিলে ভাল হয়। গরীব, দুঃখীর সুগার অত্যন্ত প্রয়োজন। এই সঙ্গে যদি সুগারটাকেও বাদ দেন তাহলে আমি ওঁকে অভিনন্দন জানাবো। আমার শেষ অনুরোধ সেলস ট্যাক্সএর আওতা থেকে সুগারটাকে বাদ দিয়ে দিন, এবং এই বিল সম্বন্ধে জনসাধারণের অভিমত নেবার জন্য, এই বিলটি সাধারণের কাছে প্রচার করুন।

Sj. Amarendra Nath Basu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকার পক্ষ থেকে যখনই কোন নূতন কর ধার্যের প্রস্তাব আসে তখনই আমরা তার বিরোধিতা করি এইরকম একটা ধারণা সরকারের আছে; এবং সেইজন্য সেদিন যখন আমরা ফল ও চায়ের উপর ট্যাক্স বসান নিয়ে আলোচনা করছিলাম, সেই সময় মন্ত্রীমহাশয় বলেছিলেন যে সরকারের হাতে টাকা আসবার যারা বিরোধিতা করেন তাঁদের আমি জবাব দিই না। সেই বিরোধিতা আমরা করেছিলাম এবং তার যে ফল একটু ফলেছে তার কিছুটা আমরা অনুভব করছি; তারজন্য আর যে সব জিনিসের উপর এই বিক্রয় কর ধার্য করবার কথা ছিল সেগুলি আস্তে আস্তে সরিয়ে নেওয়া হচ্ছে। কেন যে আমরা বিরোধিতা করি আমি সেটা অত্যন্ত সংক্ষেপে আপনার মাধ্যমে আমরা বন্ধুদের জানাতে চাই। তিনি, মন্ত্রীমহাশয়, চান, তাঁরা যে পরিকল্পনা করেছেন তাকে সফল করবার জন্য অর্থের প্রয়োজন, এবং সেইজন্যই এইভাবে কর ধার্য করা। আমার কথা হচ্ছে এই, আমরা প্রথম বিবেচনা করতে চাই যে, যেসমস্ত পরিকল্পনাগুলি করা হয়েছে সেই পরিকল্পনাগুলির দ্বারা সত্যিই আমাদের দেশের সমাজ-তান্ত্রিক সমাজ ব্যবস্থার গোড়ার ভিত্তি স্থাপন হচ্ছে কিনা?

[4-10—4-20 p.m.]

দ্বিতীয় হচ্ছে, সেই পরিকল্পনাগুলি কাজে যখন চালু হয়, যে অভিজ্ঞতা আমাদের হয়েছে, যেখানে, সেখানে যে অপব্যয় অনেক রকমে হচ্ছে সেগুলি বন্ধ করবার কোন ব্যবস্থা হচ্ছে কিনা? তারপর কথা আসছে, সাধারণ মানুষ করের বোঝা বহন করবার শক্তি রাখে কিনা? তারপরে আমার বলবার যা সেটা হচ্ছে কোন কোন জিনিসের উপর কর ধার্য করা উচিত-সেটা সরকারের একেবারে পরিষ্কার করে জানা ও জানানো উচিত। এখানে আমার কথা হচ্ছে, মানুষের অত্যন্ত প্রয়োজনীয় যেসব জিনিস যা মানুষ দৈনিক ব্যবহার করে তার উপর কর ধার্য না করা। এই বিষয়গুলির প্রতি লক্ষ্য রাখিয়া আমরা সকল সময় বিরোধিতা করি। আপনারা বেছে বেছে এমন দ্রব্যের উপর কর বসাইতে চান যা মানুষের অত্যন্ত প্রয়োজনীয়। সেইজন্য আমরা তার বিরোধিতা করতে বাধ্য হচ্ছি। আজ আনন্দের কথা যে আমাদের কংগ্রেস পক্ষের বন্ধুরা আলোচনা করে তাঁদের মত তাঁদের লীডারকে জানিয়েছেন, এবং সেইজন্য কতকগুলি জিনিসের উপর থেকে যেমন দেশলাই, সরিষার তেল প্রভৃতি কতকগুলি জিনিসের উপর বিক্রয় কর বসিতেছে না। আমি তাঁকে আর একটু বিবেচনা করতে বলব, তিনি বিবেচনা করে দেখুন যে চিনির উপর থেকেও তুলে নিতে পারেন কিনা? যদি তিনি চিনির উপর থেকে তুলে নেন তাহলে দেশলাইয়ে তুলে নেবার দরুন সাধারণ মানুষের অতি সামান্য হলেও একটু বোঝা যেমন কমেছে সেইরকম আর একটা সামান্য বোঝাও কমবে।

আমি জানি, এক এক ফোঁটা জল জমতে জমতে একটা বিরাট পুকুর হতে পারে। তেমনি প্রত্যেক মানুষের কাছ থেকে কিছু কিছু যদি আদায় করা যায় তাহলে সরকারের কাছে অনেক আসে। আমার কথা হচ্ছে এই যে দেশের ভালোর জন্য যেসব পরিকল্পনা আমরা গ্রহণ করি সেই পরিকল্পনাগুলি সত্যই জনহিতকর হয়, যদি সত্যই তাদ্বারা নূতন সমাজ গড়ার ব্যবস্থা-মূলক হয় তাহলে আমরা সকলে মিলে এক সাথে সে পরিকল্পনা গ্রহণ করব এবং তার যে কার্যক্রম গ্রহণ করবেন সেটা মেনে নিতে রাজী আছি; কথা হচ্ছে দেশের সমস্ত শক্তি এক

করে নিয়ে কাজে লাগতে হবে। যার দেবার যেটুকু আছে তার কাছ থেকে তাই নিতে হবে। যদি শতকরা দুজন লোকের কাছে, কিম্বা হাজার করা একজন লোকের কাছে প্রচুর অর্থ থাকে, তবে অর্থের জন্য সেদিকেই নজর দিন। সাধারণ মানুষ তাদের শ্রমদিয়ে খেটে সে পরিকল্পনা সফল করবার চেষ্টা করতে পারবে।

এইভাবে চিন্তা না করে প্রথম থেকেই যদি প্রত্যেক মানুষের ঘাড়ে বোঝা চাপাতে চান, তাহলে পর সেটা রাষ্ট্রের পক্ষে কল্যাণকর হবে না। সাধারণ মানুষের পক্ষেও অত্যন্ত অসুবিধা হবে। আজ আমার আর দু একজন বন্ধু এখানে এসম্বন্ধে জনমত গ্রহণ করবার জন্য প্রেরণের অনুরোধ জানিয়েছেন। আমি আপনাদের বলব—যদি জনমত গ্রহণ করার সুযোগ দেন তাহলে ভাল হয়, আর জনমত গ্রহণ করবার সুযোগ যদি না দিতে পারেন তাহলে উনি সরকার পক্ষীয় সদস্যদের কথানুযায়ী যেমন ২।৩টি জিনিসের উপর ট্যাক্স ধার্য করিতেছেন না তেমনি আমাদের বিরোধী পক্ষের যুক্তি শুনে, বিরোধী পক্ষের কথা শুনে চিনির উপরও আর নূতন করে কর ধার্য করবেন না—এই অনুরোধ ওঁর কাছে করছি।

Dr. Kanailal Bhattacharya:

মাননীয় স্পীকারমহাশয়, এই সেল ট্যাক্সের আইন প্রত্যেক বছর আমাদের কাছে অন্ততঃ একবার কোরে আসছে সংশোধিত হওয়ার জন্য। আমরা লক্ষ্য করেছি যে প্রত্যেকবার একজন কোরে এডিশন্যাল কমিশনার নেবার প্রস্তাব হচ্ছে। কিন্তু শুনছি অলরেডি নেওয়া হয়ে গিয়েছে এবং তার সংগে সংগে তাঁর অফিস মেনটেন করার জন্য ব্যবস্থা করা হচ্ছে। আমার বক্তব্য হচ্ছে যে সেল ট্যাক্স আইনের দ্বারা সরকারের রাজস্বের অর্থাৎ সরকারের আয়ের যে পরিমাণ অংশ আসে সেটা বেশী পরিমাণ ব'লেই আমরা মনে করি। কিন্তু তা সত্ত্বেও দেখা যায় যে এর চেয়ে ঢের বেশী আদায় হতে পারত যদি আমাদের সেল ট্যাক্স ডিপার্টমেণ্ট একটু বেশী তৎপর হ'ত ; সংগে সংগে যেসমস্ত আইনের ফাঁক এর মধ্যে ছিল সেগুলোও যদি বন্ধ করা যেত। আমি মুখ্যমন্ত্রীর কাছে শুনলাম এবং আগেও শুনেছি যে অসাধু ব্যবসায়ীরা সেলস ট্যাক্স ফাঁকি দিচ্ছে। আমি তাঁর কাছে প্রশ্ন করি অসাধু ব্যবসায়ীদের সেলস ট্যাক্স ফাঁকি দেবার জন্য অনেকবার এই আইন সংশোধন করেছেন ; তাই তাঁকে বলি তিনি একথা চিন্তা কোরে দেখুন যে তাঁর ডিপার্টমেণ্টে অসাধু অফিসার থাকার জন্য এই সেল ট্যাক্স ফাঁকি পড়ছে কিনা ; এবিষয়ে আমি মনে করি একটা তদন্ত হওয়া দরকার। সেল ট্যাক্স ডিপার্টমেণ্টে এই যে একজনের পর একজন কমিশনার, এডিশনাল কমিশনার নিয়োজিত হচ্ছে সংগে সংগে তার অফিস এস্ট্যাবলিশমেন্ট বাড়ছে, অর্থাৎ আগে সেল ট্যাক্স অফিসে যত অফিসার এবং ইন্‌স্‌পেক্টর ছিল, আমার মনে হয় এখন তার দ্বিগুণ বা ত্রিগুণ হ'তে চলেছে, কিন্তু সেল ট্যাক্স আদায় দ্বিগুণ কি তিনগুণ হচ্ছে কি? আমি এই প্রশ্ন প্রধান মন্ত্রীর কাছে রাখছি। দ্বিতীয়তঃ তিনি আগের যে আইনের ফাঁকগুলো বন্ধ করেছেন তার দ্বারা সেল ট্যাক্স আদায় বেশী হয়েছে কি না? সে বিষয়ে এই পরিষদ জানবার আশা রাখে। এডিশন্যাল কমিশনার নিয়োগ করার চেয়ে আমি মনে করি যে "সি, টি, ও" বা ইনস্‌পেক্টর্‌স্‌ আরও বেশী নিয়োগ করা দরকার এবং তারা ঠিক মত কাজ করছে কি না সে সম্বন্ধে তদন্ত কোরে, তাদের মধ্যে করাপ্‌শন্‌ আছে কিনা সেগুলির দিকে লক্ষ্য রেখে যদি কাজ চালান যায় তাহলে আরও সেল ট্যাক্স আদায় হ'তে পারে। আইনের ফাঁক দিয়ে ভারতীয় সংবিধানের ধারাগুলির সংগে সংগতি রাখতে গিয়ে আজকে দেখতে পাচ্ছি মধ্যবিত্ত যেসব ব্যবসায়ী তাদের ঘাড়ের উপর আবার বোঝা চাপতে যাচ্ছে। এই বিলের মধ্যে এমন কোন সংজ্ঞা নির্দেশ নাই অথবা মুখ্যমন্ত্রীর কাছ থেকেও এমন কিছু শুনলাম না যে, এই যে নোটীফাইড আর্টিকেলসগুলি বলেছেন সেই নোটীফাইড আর্টিকেলগুলি কি হতে পারে। তার বিষয়ে একটা কথাও শুনতে পেলাম না। অথচ এই নোটীফাইড গুড্‌স্‌এর উপর যে ট্যাক্স বসবে সেগুলো বাহির থেকে আসবে বা ভিতরে ম্যানুফ্যাক্‌চার করা হবে সংবিধানের সংজ্ঞার সংগে সংগতি রক্ষা করতে গিয়ে আমাদের ভিতরকার যেসমস্ত ছোট ছোট ব্যবসায়ীরা আছে তাদের উপর এই ট্যাক্স চাপবে। যারা বাহির থেকে আনছে বিভিন্ন নামে তাদের উপর করের ভার চাপাতে গিয়ে আমরা দেখ্‌ছি আর একজনের উপর অন্যায় করা হচ্ছে।

[4-20—4-30 p.m.]

আমি মনে করি এটা অন্যায় করা হচ্ছে। ২।৪ জন ছোট ব্যবসায়ীকে ছেড়ে দিতে হয়, ছেড়ে দিন। অন্যদিক দিয়ে মুখ্যমন্ত্রীমহাশয়ের চেষ্টা করা উচিৎ যাতে তিনি বড় বড় ব্যবসায়ীদের ধরতে পারেন। কিন্তু তিনি এটা এইভাবে করলে আমাদের দেশের ছোটখাট অনেক-গুলি ব্যবসায়ীর উপর তিনি অবিচার করবেন। আমি মনে করি এটা এই বিলের খুব খারাপ ধারা।

আমার তৃতীয় বক্তব্য হচ্ছে চিনির উপর কর ধার্য করা সম্বন্ধে। চিনির উপর ট্যাক্স বসাতে গিয়ে মুখ্যমন্ত্রীমহাশয় আমাদের কাছে বলেছেন যে আমাদের দেশে প্রায় ৩ লক্ষ টন গুড় ব্যবহার হয় এবং চিনি হয় মাত্র ১ লক্ষ টন। সেখানে চিনি যে পরিমাণ ব্যবহার হয় তার তিনগুণ পরিমাণ গুড় ব্যবহৃত হয়। সুতরাং যখন সাধারণ মানুষ গুড় ব্যবহার করে তখন চিনির উপর ট্যাক্স বসানো যেতে পারে। এই যদি তাঁর মন্তব্য হয় তাহলে আমি মনে করবো এটা অন্যায় হবে। আজকে আমাদের বাঙলা দেশে প্রত্যেকে চা খায় ; চা খায় মানে চিনি ব্যবহার করে এবং তিনি বলবেন সেলস ট্যাক্স বসানোর জন্য চিনির উপর ২ পয়সা থেকে ৩ পয়সা ট্যাক্স পড়ছে। আমাদের একস্পিরিয়ান্স থেকে আমরা দেখেছি তা হয় না। সাধারণতঃ যা ট্যাক্স পড়ে তার চেয়ে ঢের বেশী দাম বেড়ে যায়? আজকে চিনির সের ৸/০ আছে। আমরা মনে করি চিনির সের এই সেলস ট্যাক্স আইন পাশ হয়ে গেলে ৸৶০ থেকে ১ টাকা হয়ে যাবে। কাজেই আমি তাঁদের অনুরোধ করবো যখন এই জিনিসটা সকলে ব্যবহার করে তখন এই চিনির উপর থেকে সেলস ট্যাক্স প্রত্যাহার করুন।

আমার চতুর্থ বক্তব্য হচ্ছে যে তিনি যদি মনে করেন যে সেলস ট্যাক্স বাড়ানো উচিত, আমি জানি না যে এটা আইনসঙ্গত হবে কিনা, যেসমস্ত লাকসারী গুডস আছে, যাদের উপর অলরেডি ট্যাক্স আছে তাদের উপর সেলস্ ট্যাক্সের হার যদি বৃদ্ধি করা যায় তাহলে আমি অনুরোধ করবো সেই সমস্ত জিনিসগুলির উপর ট্যাক্স বৃদ্ধি করে আয় বাড়াবার চেষ্টা করুন· যেমন মোটর পার্টস, রেডিও, রেফ্রিজারেটর ইত্যাদির উপর সেলস ট্যাক্সের হার যদি ৬ পয়সা থেকে ৵০ আনাও করা হয় এবং টাকায় যদি সেলস ট্যাক্সের হার বাড়ানো যায় তাহলে তাই করে আয় বাড়ানো উচিত। জনসাধারণ, সাধারণ মানুষের ব্যবহার্য জিনিসের উপর কর আর বাড়ানো উচিত নয়। এই আমার বক্তব্য।

Dr. Saurendra Nath Saha:

মাননীয় স্পীকার মহাশয়, এই যে সেলস ট্যাক্স বিলে লাকসারী গুডসের উপর সেলস ট্যাক্স ধার্য করবার জন্য যদি কিছু বিল আমাদের সামনে আসত তাহলে আমরা সমর্থন করতাম। কিন্তু যখন এই ধরনের বিল আসে সেখানে সাধারণ মানুষ সেলস ট্যাক্স দিতে বাধ্য হয়, সেই-রকম বিল আমরা প্রতিবাদ না করে পারি না। সুতরাং এই বিলে যদিও কিছুটা পরিবর্তন করে ভালভাবে এসেছে তবুও একটা জিনিসের উপর আমি কিছু বলে আমার বক্তব্য শেষ করবো। চিনির সম্বন্ধে প্রধানমন্ত্রীমহাশয় বলেছেন যে আমাদের দেশে গুড় ৩ লক্ষ টন ব্যবহৃত হয় এবং উহা সাধারণ মানুষে ব্যবহার করে এবং ১ লক্ষ টন চিনি ব্যবহৃত হয় যাহা সাধারণ মানুষ ব্যবহার করে না। কিন্তু তিনি হয়ত জানেন না যে গ্রামে গরীব মানুষ যারা তারা তাদের ছেলেদের একফোঁটা দুধ খাওয়াতে পারে না। অনেক সময় তারা চিনির জল খাওয়াইয়া তাদের ছেলেদের বাঁচিয়ে রাখে। সুতরাং আমার মনে হয় চিনির উপর ট্যাক্স বসানো অন্যায় হবে। এই বিষয়ে আমি তাঁকে চিন্তা করতে বলি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Sj. Tarapada Bandopodhyay: Mr. Speaker, Sir, sometimes in amazement I ask myself the question what are things coming to in Bengal Are not the Government aware of the appalling poverty of the general masses? So far as I know, Sir, and I think everybody should know, that about 90 per cent. of the masses of Bengal are in abject poverty. They do not know what two good square meals a day are. They do not have food of proper nutritional value. They do not have proper housing. They cannot clothe themselves and their children for want of money. They cannot give their

sons and daughters proper education also for want of money. Under such a state of things how can it commend itself to the Government to put taxes on the ordinary necessaries of life of these poor masses of our country?

Now, Sir, it is well known that the prices of ordinary necessaries of the poor man's life are even now 4 to 5 times the price that existed before the last war. Therefore, Sir, it is high time, I think, that the Government should try their level best to ameliorate the poverty of these poor people by trying to reduce the prices of ordinary necessaries; but, instead of doing that the Government are always trying to shape their policy in such a way that the poor man's burden will be heavier and his cost of living will be more.

Now, Sir, already Government have taxed tea and fruits. Now they have come to tax sugar as also bullion and specie. Of course they proposed to tax gold ornaments and ordinary necessaries like matches as also rape seed oil, mustard oil, kerosene and so on and so forth. But I understand that they are retracing their steps from that direction. I must congratulate my friends on the opposite side that they have at least been able at long last to persuade the Cabinet to drop that proposed taxation. The Cabinet also ought to be congratulated, because of this move in the right direction. But why do they make a sweet thing like sugar bitter by imposing tax thereon? Sugar has a peculiar position in the life of the ordinary man. It is a food to be used by every man, because every man now takes tea, and tea requires sugar. It is a diet of the children also because we cannot feed our children with milk. We have to feed them with sago or barley water. That has to be mixed with sugar. The old men and the sick also are very much in need of sugar in the shape of sherbat and so on and so forth. We cannot give glucose to those people. And the village quack always prescribes

চিনি ভেজান জল।

So, we want sugar. Sugar is a peculiar thing, and sugar should not be taxed. Now, Sir, already the price is three times or four times more than what it had been before. Of course our learned Chief Minister—he is a venerable gentleman—we love him very much—formerly said that he would be the last person to tax the poor man's goods. But we do not know what has happened behind the veil, so that he has got to take a wrong step in this matter and to tax all those things. Whatever it may be, I would ask him not to tax sugar. He said that prices are raised not so much on account of tax but they are raised because of the inexorable economic law of supply and demand as also for the middleman's machinations. I would say that he is right when he says that the price depends upon the question of supply and demand; it also depends upon the machination and manipulation of middlemen, unscrupulous men, but it also varies because of the tax; and I must say that the imposition of the tax gives the unscrupulous middlemen a greater scope for raising the price. So, it cannot be said that the imposition of tax, however small in magnitude or volume it may be, does not redound to the poor consumer. So, if there is imposition of sales tax on sugar, the price of sugar will be raised. At least for one rupee worth of sugar the poor man will have to pay 3 pice more. That is a big thing for our people. The camel's back is going to break even if you put one pice more on its back. So, this should not be done.

Then there is another thing. So far as the ornaments are concerned, it is well and good that you have taken them out from the harm of this Bill, but you have kept specie and bullion within the scope of the Bill. I am saying that this also would raise the price of ornaments which would ultimately tax the poor dowry-ridden father, who has got to marry his

daughter, and who has got to give her at least some ornaments according to custom or under compulsion. Therefore, I should say that our venerable Dr. Roy should think thrice before he gives his imprimatur upon this Bill and puts tax on sugar.

[4-30—4-40 p.m.]

Dr. Atindra Nath Bose: Sir, I have a few observations to make about the revised schedule and I want to make these observations now and not at the second reading, so that Dr. Roy might give his thought over them.

Sir, I think we are discussing the Bill as verbally amended by Dr. Roy.

Mr. Speaker: The amendment has been circulated and you can mention it.

Dr. Atindra Nath Bose: If we can discuss the Bill as verbally amended by the mover, I would make the following observations. According to the modified schedule the bullion trader is included in the taxation and the dealer in ornaments is free from taxation. Suppose a dealer registers himself as a trader in bullion as well as in ornaments and then instead of selling 10 tolas of bullion as bullion he converts it into ornaments, makes, say, a *hasuli* and sells it as ornament. Now if the price of 10 tolas of gold is Rs. 1,000, at three price per rupee the sales tax would come up to something like Rs. 47; but if he sells the 10 tolas of gold not as bullion but as ornaments by converting it into *hasuli* and allowing Rs. 5 for the making, he will make a saving of about Rs. 43 and evade sales tax to the tune of Rs. 47 Let us see whether this thing comes under item 23 of the schedule, or whether this thing is taxable as gold ornament It is stated here in item 23 that "Gold ornaments manufactured from bullion or specie will be exempted from sales tax if sold by the manufacturer who charges separately for the value of the gold and the cost of manufacture". Now the dealer who wants to avoid the tax may very well show in one voucher separately—Rs. 1,000 for the price of gold and Rs. 5 for cost of manufacture. Does this revised schedule provide for the taxation of such a dealer upon the ornaments which he has sold stating separately the charges for the value of the gold and the cost of the manufacture? Apparently as it stands, he would not pay a tax because the whole thing, gold and manufacture appear in the exemption list He has shown his sale in one voucher stating the price of gold and the cost of manufacture differently. What I want is that even if bullion and specie are sold in the form of ornaments these should be taxed. In other words I want that labour or manufacture is not taxed but that the manufactured gold is taxed. Whether it is gold in the form of specie or bullion or whether it is manufactured gold it will be taxed under all circumstances. Only manufacture or labour will be exempted. My suggestion is to revise the words in such a manner as to tax such people who may evade sales tax by converting bullion or specie into gold ornaments.

Sj. Mrigendra Bhattacharjya:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এই বিলের বিরুদ্ধে প্রথম যে সংশোধনী দিয়েছি সেটি হচ্ছে ১৫ই জানুয়ারী পর্যন্ত এটা জনমত সংগ্রহের জন্য দেওয়া হোক। এই বিল সম্পর্কে আমাদের আইন সভায় শুধু নয়, সমস্ত দেশে জনসাধারণের মধ্যে একটি বিরাট আলোড়নের সৃষ্টি হয়েছে কর চাপানর বিরুদ্ধে। আশা করি এটা সকলেই জানেন। সুদূর কালনার জনসভায় প্রস্তাব পাশ করে সে প্রস্তাব এই হাউজএর কাছে পাঠিয়েছে এটাও সকলে জানেন। কেন সরকার এই ট্যাক্স চাপাতে চাইছেন আর আমরাই বা কেন তার বিরোধিতা করছি? সরকার কি বলবেন যে আমরা দেশের উন্নতি চাইনা? আমাদের উন্নতি করতে গেলে, দেশের উন্নতি

করতে গেলে ট্যাক্স দরকার এটা আমরা স্বীকার করি। দেশ চালাতে গেলে রাষ্ট্র পরিচালনা করতে হলে দেশের উন্নতিমূলক কাজ করতে হলে নিশ্চয়ই ট্যাক্স দরকার, টাকা পয়সা দরকার। তবে বিরোধিতা করছি তার কারণ এমন সব জিনিসের উপর ট্যাক্স চাপাতে চাইছেন যে সমস্ত জিনিস সাধারণ মানুষের দৈনন্দিন জীবনে প্রয়োজন এবং যা না হলে সাধারণ মানুষের জীবন-যাত্রা পরিচালনা অসম্ভব হয়ে পড়বে। গত দীর্ঘ ৮ বৎসর কংগ্রেস রাজত্বে কি দেখছি সাধারণ মানুষের আয় কমছে, বাড়ছে না, সাধারণ মানুষের কি কোন উন্নতি হচ্ছে? সারা পাড়াগাঁ অঞ্চলেই নয় সহরাঞ্চলেও যদি দেখি তাহলে কি দেখবো—সহরাঞ্চলে আয় বাড়ছে? না, কমছে। তবে মুষ্টিমেয় কয়েকজন লোক শতকরা ৫।১০ জন, যারা কোটিপতি তাদের আয় কিছুটা আরও বেড়েছে। যারা গরীব মধ্যবিত্ত, খেটে খাওয়া মানুষ তাদের দৈনন্দিন অবস্থা চরম বিপর্যয়ের সম্মুখীন। সেজন্য আমরা চাই না যে সাধারণ মানুষের উপর কোন ট্যাক্স বসে। হাঁ, যদি সেই কোটিপতির উপর ট্যাক্স চাপাতেন তাহলে আমাদের বলবার কিছু থাকতনা এবং সেরকম করলে আমরা বিলটাকে পূর্ণ সমর্থন করতাম। তা না করে সাধারণ মানুষের নিত্য ব্যবহার্য বস্তুর উপর কর বসাচ্ছেন।

তারপর কথা হচ্ছে—আমরা এই সরকারের হাতে টাকা দিতে রাজী নই। তার কারণ বহুবার বহু দৃষ্টান্ত দিয়ে আমরা বলেছি যে সরকার বহু ক্ষেত্রে অপব্যয় করছেন এমনকি এই হাউজএর মধ্যে যে সমস্ত অভিযোগ এনেছি কংগ্রেস পক্ষ থেকে সে সমস্ত অনুসন্ধান করতে পর্যন্ত অস্বীকার করেছে। এই প্রসঙ্গে বলি—দাশপুর থানায় ১ লক্ষ টাকা খরচ করে যে হেল্থ সেণ্টার করা হয়েছিল সে বাড়ী ফেটে গিয়েছে এটা তারা অনুসন্ধান করতে রাজী হয়নি। যারা এইসমস্ত অপব্যয় বন্ধ করতে পারে না, চায় না, তাদের হাতে কোন টাকা পয়সা দিতে আমরা রাজী নই।

[4-40—4-50 p.m.]

তৃতীয়তঃ, তিনি বলেছেন আনস্ক্রুপুলাস ডিলার্স ট্যাক্স ফাঁকি দেয়। আমি জিজ্ঞাসা করি আনস্ক্রুপুলাস অফিসাররা কি করছেন? এই যে হাজার হাজার অফিসার তারা কেন ধরছেন না? কটা ক্ষেত্রে তাদের সাজার ব্যবস্থা করেছেন। অফিসারদের ব্যর্থতা ঢাকবার জন্য আনস্কুপলাস ডিলার্সদের কথা বলছেন। অনেক ব্যবসায়ী আছেন যারা বিভিন্ন জায়গায় বিভিন্ন নামে ব্যবসা করেন তাদের ধরুন, কিন্তু তারজন্য সাধারণ লোকের ঘাড়ে ট্যাক্স চাপানো সমর্থন করা যায় না। সেইজন্য অনুরোধ করছি জনসাধারণের ব্যবহারের জিনিস তার উপর ট্যাক্স উঠিয়ে দিন, বিশেষ করে চিনি যা এখন, পল্লীগ্রামে শতকরা ৬০।৭০ জন ব্যবহার করতে পারেন না। বিধানবাবু বলেছেন ২ পয়সা থেকে ৩ পয়সা বাড়বে। তার কাছে এর মূল্য নেই। কিন্তু হাজার হাজার মানুষের কাছে এর দাম যথেষ্ট। তাই আমি অনুরোধ জানাচ্ছি এটা প্রত্যাহার করা হউক।

Dr. Narayan Chandra Ray:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি অবান্তর বলব না, তবুও একটু সময় নেব। আমাদের মুখ্যমন্ত্রীমহাশয় এই সেলস ট্যাক্স আইনে তিনটি জিনিসের কথা বলেছেন, একটি অর্গ্যানিজেশনাল, আর একটি ট্যাক্সেবল সেকটর, তার পর টেক্সেবল আইটেম। আমি প্রথমে উনি যে অরগ্যানিজেশনাল প্রব্লেমএর কথা তুলেছেন যে সম্বন্ধে তার সামনে মূল কথাগুলি রাখব। স্যার, "এ্যাডিশ্যানাল কমিশনার, ওয়ান অর মোর" এখানে কোন নাম্বার দেওয়া নেই, অর্থাৎ দুইও হতে পারে, চারও হতে পারে। এর বিরোধিতা করি। এই সেলস ট্যাক্স অফিসএর কথা আমার পূর্ববর্তী বক্তা উল্লেখ করেছেন। আমরা এই তরফ থেকে বার বার করে চেয়েছিলাম ট্রিবিউন্যাল।—কেন চেয়েছিলাম না, যে কারণে আমরা এক্সিকিউটিভ এ্যান্ড জুডিসিয়ারির পৃথককরণের কথা বলি সেই কারণেই এখানে বলেছি ট্রাইবুন্যাল। এখানে এ্যাপেলেট অফিসার কে তিনি? তিনি হচ্ছেন এ্যাসিস্ট্যাণ্ট কমিশনার কিংবা ওই টাইপ। তিনি কার অধীন? না কমিশনারএর। কমিশনারএর কথা আমরা শুনেছি, তাঁকে যদি বলেন এবছর দুই চার কোটী টাকা বেশী চাই তাহলে সেই হিসেবেই তাঁর আদায়ের নীতিটা নির্ধারিত হয়। তারপরে লোকে আপীল করলো যার কাছে তিনি কমিশনারের অধীন। এতে কি সত্যিকারের জাস্টিস হয়? আমরা

চেয়েছিলাম ইণ্ডিপেণ্ডেণ্ট ট্রিবিউন্যাল: যা সত্যিকারের আইনের কাজ করে যাবে। কমিশনার একজন অফিসার অফ দি গভর্ণমেণ্ট। তিনি তার কাজ করে থাকেন কিন্তু তার বিরুদ্ধে আপীল সেটা যেমন ইনকাম-ট্যাক্সএর বেলায় আছে সেইরকম এটা কেন ট্রিবিউন্যালএ যাবে না। দ্বিতীয় কথা যেখানে এ্যাসিস্ট্যাণ্ট কমিশনারএর মতের উপর আপীলের মীমাংসা হয় সেখানে একটা ইউনিফর্ম পলিসি ইন অপরেশন নাও হতে পারে। এরকম ঘটনা এখানে ঘটেছে যে বিভিন্ন কমিশনারদের রায় বিভিন্ন হয়েছে। অনেক অফিসারদের সংগে আমার কথা হয়েছে তাঁরা বলেছেন ২।৪ জায়গা থেকে ২।৪ রকম কথাবার্তা পাচ্ছি, সুতরাং সেক্ষেত্রে কি স্থির করবো? এইভাবে এ্যাসিটাণ্ট কমিশনার বাড়িয়ে বাড়িয়ে স্ট্রেনদেন দি হ্যাণ্ড অফ দি কমিশনার এটা না করলে ভাল হবে। দুই নম্বর কথা এখানে মন্ত্রীমহাশয়কে গতবারে সেলস ট্যাক্স আলোচনার সময় একটা পেনাল্টি ক্লজ বোধ হয় ১১(৪) ছিল আর সেখানে সেকশন ২০ বিরোধিতা দেখিয়েছিলাম। উনি কথা দিয়েছিলেন ফাইন যেটা দিতে হয় আপীল ডেট পার হয়ে যাবার আগে ফাইন ডিপোজিট দেবার তারিখ সেটা ভুল আছে, করেক্ট করবো, কিন্তু এখন পর্যন্ত; কোন কিছু পাইনি। আমার আরেকটা কথা হচ্ছে আপনি নজর করে দেখুন আপনার সেলস ট্যাক্স অফিসারদের মধ্যে কয়েকজন যাদের চাকরী যাবে যাদের বিরুদ্ধে গোলমাল রয়েছে তারা যদি সেলস ট্যাক্স ল'ইয়ার্স হতে চান তাহলে আইনের সুবিচারের বাধা পড়ছে কিনা? আমি শুনছি এই সেলস ট্যাক্স অফিসার যারা ছিলেন এখন সেলস ট্যাক্স ল'ইয়ার হয়ে গিয়েছেন ফাইল জানা থাকার জন্য তাদের সংগে ফাইট করতে অন্য ল'ইয়ারদের অসুবিধা হয়। তিন নম্বর কথা এর আগের বিলটাতে শ্রী জে. সি. গুপ্ত মহাশয়ের একটা কথা বলা ছিল বলে আমি আপনার কথা তুলে সেকেণ্ড এ্যাস্পেক্ট অফ দি বিলএ চলে যাব। আমরা শুনেছিলাম সাধারণ মানুষকে ট্যাক্স থেকে রেহাই দেবার জন্য এবং বড়লোকের ট্যাক্স বাড়াবার জন্য ইত্যাদি কথাবার্তার মধ্যে শ্রী জে. সি. গুপ্ত বলেছিলেন কংগ্রেস সরকার ইনকাম ট্যাক্স স্ল্যাব সিসটেম করেছেন। ওটা কিন্তু হয়েছিল ইংরাজ আমলে ১৯৩৯ এ, কংগ্রেস সরকারের আমলে নয়। কংগ্রেস সরকারের আমলে যেটা হয়েছিল সেটা শুনুন। ইংরাজ আমলে ১৯৪৪-৪৫এ ইনকাম ট্যাক্স রিয়ালাইজেশন ছিল ১·৬৩৬৫ ল্যাক্স, ১৯৫৫-৫৬-এ কংগ্রেস আমলে ইনকাম ট্যাক্স যেটা সেই বড়লোকের উপর নাকি করা হয়েছে তাহল ১·০৮৩৮ অর্থাৎ কিনা একেবারে ওয়ান-থার্ডএ নেবে গেল। এইভাবে ১৯৪৪-৪৫এ ১·৬৩৬৫ ল্যাক্সএর উপর চার্জেস ১০৯ ল্যাক্স। ১৯৫৫-৫৬এ ১·০৮৩৮ ল্যাক্সএর উপর চার্জেস ৩৮৫ ল্যাক্স যেমন ওব সেলস ট্যাক্স বাড়বে কলেকশন চার্জেস বেড়ে যাবে কিন্তু ইনকাম ট্যাক্স কমে গিয়েছে কেন? না এক্সেস প্রফিট ট্যাক্স, বিজনেস প্রফিট ট্যাক্স প্রভৃতি কতকগুলি জিনিস বাদ দিয়েছেন। এইজন্য আমরা উল্লেখ করলাম যে নীতিটা কি? আমরা এই সেলস ট্যাক্সএর মধ্যে দেখব নোতুন নোতুন জিনিস যেটা মানুষের অত্যাবশ্যক তাকে ট্যাক্সএর মধ্যে নিয়ে যাওয়া। এবং সেটা যে গরীব মানুষের গলা কাটা হচ্ছে তা পরিষ্কার হয়ে উঠেছে। তখন বলেছিলেন বড়লোককে ট্যাক্স করব—যে বড়লোকের ফিরিস্তি দিয়েছে ইস্টার্ণ ইকোনমিস্ট সে কথা থাক। নোতুন নোতুন আইটেমএর কথা অনেকে বলেছেন আমি বলব না। কিন্তু আপনাদের নীতিটা কি সেটা পরিষ্কার বুঝাতে চাই।

[4-50—5 p.m.]

কিন্তু আমাদের নীতিটা কোথায়? নীতিটা হচ্ছে এই যে মধ্যবিত্ত এবং যে সমস্ত লোকের আগে ট্যাক্স ধরতাম না, এখন সরকার লুব্ধ দক্ষিণ হস্তে সমস্ত জায়গায়, সকলের পকেট ধরতে গিয়েছেন এবং জে. সি. গুপ্ত মহাশয়কে দেখাচ্ছি যে তাঁরা বাঁ হাতটা একেবারে খুলে দিয়েছেন অর্থাৎ বিজনেস ট্যাক্স ও এক্সেস প্রফিটস ছেড়ে দেওয়া হয়েছে। আমরা যে নীতির কথা বারবার বলেছিলাম তা না করে; ঐদিকটা ছেড়ে দিয়ে, এদিকে সেলস ট্যাক্স করেছেন।

আমার শেষ কথা এই গুড় সম্পর্কে। আমরা বিরোধী পক্ষ থেকে বারবার বলেছি—গুড়ের সংগে যে চিনি আছে তাকে সেলস ট্যাক্সএর আওতা থেকে বাদ দিন। যেমন সেডিউলডএর মধ্যে আগে চিনি ছিল, সেইরকম থাক।

Sj. Subodh Banerjee:

মিঃ স্পীকার, স্যার, আমাদের সামনে আবার নিত্য ব্যবহার্য জিনিসের উপর কর চাপানর জন্য একটা নূতন বিল আনা হয়েছে। কর ধার্যের নীতি এখানে একটু আলোচনা করা দরকার আছে, মুখ্যমন্ত্রীমহাশয় ডাঃ রায়ের কয়েকটি কথার জবাব দেবারও প্রয়োজন। ডাঃ রায় এই বিল আনার স্বপক্ষে এই যুক্তি দিয়েছেন যে, চিনির উপর কর ধার্য করলে আঙ্গুলে গণা যায় এইরকম কয়েকটি ধনী লোককে কর দিতে হবে, সাধারণ মানুষ এই করের আওতায় পড়বে না। তাঁর এই বক্তব্যের জবাব দিতে হলে বিক্রয় কর কারা দেয় সেটা একটু বিবেচনা করা দরকার। রেজিস্টার্ড ব্যবসাদার যখন নন-রেজিস্টার্ড ব্যবসাদারদের কাছে করযোগ্য জিনিস বিক্রয় করে তখন সেই রেজিস্টার্ড ব্যবসায়ী, নন-রেজিস্টার্ড ব্যবসাদারদের কাছ থেকে বিক্রয় কর আদায় করে। তাহলে দেখা গেলো এই কর বিক্রয় কর নয়, আদোতে --ইট ইজ এ পার্চেজ ট্যাক্স। যদি তিনি এই আইনে এমন কিছু ব্যবস্থা করতেন অথবা তাঁর কর বিভাগকে এমনভাবে চালাতেন যার ফলে শুধু ঐ মুষ্টি-মেয় কয়েকজন চিনির রাজাকেই বিক্রয় কর দিতে হত এবং নন-রেজিস্টার্ড ছোট ছোট ব্যবসাদারদের সেই কর দিতে হতনা, তাহলে ডাঃ রায়ের যুক্তি খাটত। সুতরাং মুখ্যমন্ত্রী যে বলছেন, মাত্র ছয়টি লোককে বিক্রয় কর দিতে হবে তা ঠিক নয়। সেলস ট্যাক্স ইজ এ মিসনোমার। দেখা যায় যে যারা জিনিস কেনে তারাই এই কর দেয়, যারা বিক্রয় করে তারা এই কর দেয় না। চিনির ক্ষেত্রেও তাই হবে, যারা চিনি কিনবে তাদের এই কর দিতে হবে। সুতরাং ডাঃ রায় জোর গলায় যে বললেন কেবল মাত্র পাঁচ ছয়টি লোককে চিনির জন্য বিক্রয় কর দিতে হবে এটা যে সর্বৈব মিথ্যা তাতে কোন সন্দেহ নাই। আমার দ্বিতীয় বক্তব্য, ডাঃ রায় কথায় কথায় বলেন—

price is determined not by the incidence of taxation on the goods but by the law of demand and supply—

এও একটা মধুর কথা । অর্থনীতির ছাত্রদের পড়ান হয় যে, কোন জিনিসের মূল্য নির্ধারিত হয় চাহিদা এবং যোগানএর আইনানুযায়ী : এতে বলা হয় যে যদি যোগান বেশী হয় চাহিদার তুলনায় তখন জিনিসের দাম পড়ে যায়, এবং যোগান যদি কম হয় চাহিদার তুলনায় তাহলে দাম যায় বেড়ে।

Under economics of control which, in the present circumstances, forms the backbone of a planned society the law of demand and supply is inoperative; price is fixed by the state,

তা ছাড়া কার্যক্ষেত্রে যোগান ও চাহিদার নিয়ম কিভাবে চলে তাও জানা দরকার। যতদিন কয়েকটি পুঁজিপতির হাতে উৎপাদনের উপায়গুলি আছে ততদিন এই পুঁজিপতি শ্রেণী তাদের লাভের জন্য চাহিদার তুলনায় ইচ্ছামত জিনিসের যোগান কমায়, বাড়ায় এবং সেইভাবে মূল্যকে নিয়ন্ত্রণ করে। এর একটা উদাহরণ দেখুন—চিনির দাম চিনির উৎপাদন খরচের দ্বারা নির্দ্ধারিত হয় না। চিনির বড় বড় ব্যবসায়ীরা তার দাম নির্দ্ধারণ করে। তারা ইচ্ছামত চিনির উৎপাদন কমিয়ে দেয়। ফলে জনসাধারণের আগে যে চাহিদা সেটা রহিল, কিন্তু যোগান কমে গেল। তাতে চিনির দাম চড় চড় করে বেড়ে গেল এবং ব্যবসায়ীরা প্রচুর মুনাফা করল। সুগার সিণ্ডিকেট এইভাবে যে মুনাফা লুটছে তা প্রতিবছর কয়েক কোটিতে দাঁড়ায়। কংগ্রেস সরকার ব্যবসায়ীরা যাতে ক্রেতাকে এইভাবে গলাকাটা দাম দিতে বাধ্য করাতে না পারে তারজন্য আইনে কোথায় কি করেছেন দেখান। তা, না করে কেবল মাত্র যোগান ও চাহিদার নিয়মের দোহাই পেড়ে নূতন করে কর ধার্য করা প্রবঞ্চনা। তা ধরা যায় না। তারপর তৃতীয় বক্তব্য হচ্ছে—এই কর ধার্য করবার নীতিই বা কিরকম হওয়া উচিত? ডাঃ রায় প্রায়ই বলেন যে, তাঁদের উদ্দেশ্য কল্যাণমূলক রাষ্ট্র প্রতিষ্ঠা করা।

What is the taxation-policy of a welfare state? A welfare state does not propose to impose a proportionate rate of taxation. It recommends for progressive taxation. There shall be higher rate of taxation on luxury goods and no taxation on the daily necessaries of life.

নিত্য ব্যবহার্য প্রয়োজনীয় জিনিস করের আওতা হতে রেহাই দিন, যদি কর ধার্য করতেই হয়, তাহলে তাদের উপর নামমাত্র কর করুন। অন্যদিকে বিলাস দ্রব্যের উপর মোটা হারে কর ধার্য করুন। তা না করে রাজ্যে মোটর গাড়ির উপর করের যে হার, চিনির উপর, ঔষধের উপর, নিত্য ব্যবহার্য জিনিসের উপরও সেই হারে বিক্রয় কর রাখা হয়েছে। ডাঃ রায় টাকা চান। পশ্চিমবঙ্গ জনসাধারণের সেই টাকা দেবার ক্ষমতা আছে কিনা সেটা দেখা দরকার। হিসাব করে দেখুন, ১৯৩৬ সালের তুলনায় ১৯৫৫ সালে মধ্যবিত্তের উপর সাড়ে সতের গুণ করের বোঝা বাড়িয়েছেন। জনসাধারণের ঘাড়ে করের উপর কর বসান হয়েছে। এই বৃদ্ধি কেবলমাত্র রাজ্য সরকারকে দেয় করই, এ ছাড়া ইউনিয়ন বোর্ড ট্যাক্স, মিউনিসিপ্যাল ট্যাক্স প্রভৃতি স্থানীয় কর আছে। কেন্দ্রীয় সরকারকে দেয় করও আছে। সে সব ছেড়ে দেওয়া হয়েছে। এই অবস্থায় নূতন করে কর ধার্য করার প্রশ্ন উঠতেই পারে না। চিনি খায় মধ্যবিত্ত। তার উপর পুনরায় কর ধার্য করতে যাচ্ছেন কি যুক্তিতে? আপনারা টাকা চান—বেশত, বিলাস দ্রব্যের উপর মোটা হারে বিক্রয় কর চাপান। টাকায় তিন পয়সা কেন, টাকা প্রতি ৮ আনা বা যত ইচ্ছা বিক্রয় কর করুন মোটর গাড়ি বা এই জাতীয় বিলাস দ্রব্যের উপর। ঐরকম বিলাস দ্রব্যের উপর কর চাপান, এবং গরীব সাধারণ মানুষ, মধ্যবিত্ত, তারা যে জিনিসগুলি নিত্য ব্যবহার করে সেগুলিকে করের আওতা হতে ছেড়ে দিন। শুধু তাই নয় এই ধরণের বিলাস দ্রব্যের উপর কর বসান লাভজনকও বটে। কারণ সেক্ষেত্রে কর আদায়ের খরচও কম হবে। কারণ এই ধরণের ব্যবসায়ীর সংখ্যা খুব বেশী নয়। এইভাবে কর ধার্য করলে একদিকে করের পরিমাণ বাড়বে অন্য দিকে কর আদায়ের খরচও কমে যাবে। তারপর সমস্ত জিনিসের উপর একই হারে কর কেন রাখা হয়েছে? এই কি কল্যাণ রাষ্ট্রের কর ধার্য করার নীতি? ভিন্ন জিনিসের উপর ভিন্ন হারে কর বসাতে হবে। তা ছাড়া বড় বড় ব্যবসায়ীদের উপর করের হারও বেশী হবে। এতে পশ্চিম বাংলায় ট্যাক্সের আয় অনেকগুণ বেড়ে যাবে।

সর্বশেষে আমি একটা কথা বলবো এই কর ফাঁকি দেওয়া সম্বন্ধে। সরকারী অফিসাররা যদি দুর্নীতিপরায়ণ না হন, তাঁরা যদি সৎ এবং ন্যায়নিষ্ঠ হন, তাহলে এই রাজ্যে কোন অসৎ ব্যবসায়ী বিক্রয় কর ফাঁকি দিয়ে যেতে পারবে না। এমন দেখা গিয়েছে যেখানে পাঁচ লাখ টাকা সেলস ট্যাক্স ধার্য করা উচিত, সেখানে ১০ হাজার টাকা ঘুষ নিয়ে ছেড়ে দেওয়া হল। এই বিভাগে সৎলোকেরা শাস্তি পায়, অসৎ কর্মচারীর পদোন্নতি হয়। উদাহরণ দিচ্ছি। সম্প্রতি একজন নন-ম্যাট্রিক অসৎ কর্মচারীকে সেলস ট্যাক্স ইনস্পেক্টর করে দেওয়া হয়েছে, একজন বি,এ, বি,এল এবং সৎ অফিসারের দাবী অগ্রাহ্য করে। এই হল সততার পুরস্কার। এইভাবে শাসন পরিচালনা করলে কর্মচারীদের মনোবল রাখবেন কি করে? ডিপার্টমেন্ট যদি এইভাবে অসৎ লোককে পুরস্কৃত করেন তাহলে বিক্রয় কর ফাঁকি দেওয়া বন্ধ হবে না। শাসনযন্ত্রকে যদি দুর্নীতি থেকে মুক্ত না করতে পারেন তাহলে কিছুই হবে না। উপসংহারে আমি তাই বলবো। করনীতি জনসাধারণের স্বার্থের অনুযায়ী করুন, বিলাস দ্রব্যের উপর বেশী হারে কর বসান এবং নিত্য ব্যবহার্য প্রয়োজনীয় জিনিসগুলি হতে কর তুলে নিন, বড় বড় ব্যবসায়ীদের বেশী হারে কর ধরুন। এবং ছোট ব্যবসায়ীদের রেহাই দিন এবং তার সাথে সাথে কর বিভাগে যেসব অপদার্থ ও অসৎ কর্মচারী আছে তাদের ঝেঁটিয়ে বিদায় করে দিন, তাহলে পশ্চিম বাংলার আয় অনেক বেড়ে যাবে।

[5—5-10 p.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I have listened as carefully as I could to the different speeches made on the consideration of this Bill. My friend from Bankura says, "The Chief Minister says, 'I have got to tax' ". I say, the Opposition say, "We have got to oppose". Well, there is no meeting ground.

Sir, let me take the various propositions that have been made so far in the House. Shri Ajit Basu says, "why didn't you tax textiles?" I think he was not present or probably he did not listen. I said cloth is now under Essential Goods and we cannot touch it until the Government of India gives

us permission. We have asked for it, we have not got it yet. Secondly, I never said, as Shri Subodh Banerjee seems to suggest, that I am only taxing three people, nobody else would have to pay the tax. I am not such a fool as he thinks I am; I have got some sense yet. All I said was that the tax on sugar would be realised only from 78 or 75 dealers; therefore the taxation will be at the source. What we have been trying to do here in this province is to try and avoid taxation in the retail market because there is always more harassment the larger the area is that is to be covered for the realisation of this tax. It is much easier to tax at the source. If I remember aright, many of my friends have criticised in the various meetings of the Assembly and indicated to us that we should have taxation at the source. When we do want to tax at the source, we are told, "you are a bad fellow; don't do so".

The next thing that my friend Shri Subodh Banerjee says is, "why tax sugar; tax the motor car." At the present moment there are at least 350 persons who have obtained permit for purchase of cars for running of baby taxis for which there is a great demand which is intended for the middle class people. Does Shri Subodh Banerjee say tax them—I do not remember the particular figure—why 3 pice in the rupee, Rs. 5 in the rupee or some ridiculous figure? Does he say cars are only meant for the people who indulge in luxury? He is going about with a blind eye; he does not see how things are going on. Here we are having buses and taxis, permits for which are asked for by various people in order to rehabilitate them. By putting a tax on car do you help them? Who do you help? I may say I shall tax the rich. Very few people of the rich group may be taxed higher and they will be able to pay but it is the poor people if you have a very high rate of tax who will be affected. My friends criticise because they have got to criticise; they have got nothing else to do.

Sir, my friend Shri Ajit Basu says

ছোট ছোট ব্যবসায়ী

will be affected. He probably has not followed the implication of section 4 of the present Act. As I said before, there are two types of people about whom we have described, one class who are importers, purchasers or manufacturers of more than Rs. 10,000 a year, and the other one will be ordinary businessman who has got to do Rs. 50,000 worth of turn-over before he will be taxed.

ছোট ছোট ব্যাপারী

does not answer to the Rs. 50,000 turn-over. A man who would deal with more than Rs. 50,000 is not

ছোট ছোট ব্যাপারী।

If you simply want to say something in order that you must say something to criticise something which does not exist, I cannot help the proposition. I also say this—I do not know whether it would be possible, it will be possible perhaps—if we tax sugar at the source we tax at a much lower rate, 3 per cent., whereas ordinary sales tax is a little over 4½ per cent. Therefore by taxing at the source we do have a protection so far as the amount of taxation is concerned. The question has been raised if sugar is used for the manufacture of sweets, what will happen. Sir, under the Sales Tax Act as it stands today if a person buys goods which he uses for the purpose of manufacturing something else, then from the turn-over that portion is withdrawn. Whether sugar will be put under the taxation-at-source law or under this law depends upon how things shape. If it is under this law,

then the taxation will not be double because the man who had paid tax at the time of purchase or sale of sugar will not be taxed again according to the provisions of this Act.

Sir, my friends have said with regard to sugar that people cannot eat, they do not get milk, at least we give them sugar. Why not give them gur which contains more vitamin, as you say? Today we consume in Bengal twice or two and half times the quantity of *gur* than the quantity of sugar. We are not taxing *gur*. Who are the people that take sugar? Most of the sugar that is used in the towns is consumed for the manufacture of sweets. There are people who can pay for the sweets and therefore I do not think it is such a harassment as people want to make out.

Sir, as regards the question of ornaments the position is under item 23 if gold ornaments are sold and gold is shown separately in the bill as against making charges, then only they are exempted, but supposing a man sells ornaments without showing the different items under gold or under working charges, he is liable to pay taxes. So I do not think it makes much difference and there is no need for an apprehension about that.

Sir, what I said was, and I again maintain that, in spite of the fact that my friend Shri Subodh Banerjee, according to his own statement, is a very prominent student of economics—I am not a student of economics but I have got a little of common sense—I say when a person buys goods he depends ultimately upon the law of supply and demand on the one hand and operation or machinations of the middlemen who is the distributor as between the manufacturer and the consumer. It is the operation of these two factors that really settles the prices, I said, and not merely the question of taxes.

Sir, the other thing that I wanted to say was that we are attempting to try and impose sales tax as far as possible at the source because irritation is caused only when the points at which taxes are collected become very large and there may be difficulties at all points.

Therefore, Sir, I oppose all the motions for circulation.

[5-10—5-20 p.m.]

The motion of Sj. Dhananjoy Kar that the Bengal Finance (Sales Tax) (Second Amendment) Bill, 1955, be circulated for the purpose of eliciting opinion thereon by the 1st February, 1956, was then put and a division taken with the folowing result:—

AYES—52.

Baguli, Sj. Haripada
Bandopadhyay, Sj. Tarapada
Banerjee, Sj. Biren
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Ajit Kumar
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Hemanta Kumar
Bera, Sj. Sasabindu
Bhandari, Sj. Sudhir Chandra
Bhattacharjya, Sj. Mrigendra
Bhattacharya, Dr. Kanailal
Bhowmick, Sj. Kanai Lal
Bose, Dr. Atindra Nath
Chakrabarty, Sj. Ambica
Chatterjee, Sj. Haripada
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Sj. Rakhahari
Chaudhury, Sj. Jnanendra Kumar
Choudhury, Sj. Subodh
Dalui, Sj. Nagendra
Das, Sj. Jogendra Narayan
Das, Sj. Raipada
Dey, Sj. Tarapada
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Sj. Bibhuti Bhushon
Ghose, Sj. Jyotish Chandra (Chinsurah)
Ghosh, Sj. Amulya Ratan
Ghosh, Sj. Ganesh
Ghosh, Dr. Jatish
Ghosh, Sj. Narendra Nath
Haldar, Sj. Nalini Kanta
Hazra, Sj. Monoranjan
Joarder, Sj. Jyotish
Kar, Sj. Dhananjoy
Khan, Sj. Madan Mohon
Kuar, Sj. Gangapada
Mahapatra, Sj. Balailal Das
Mondal, Sj. Bijoy Bhuson
Mukherji, Sj. Bankim
Naskar, Sj. Gangadhar

Pramanik, Sj. Surendra Nath
Ray, Dr. Narayan Chandra
Roy, Sj. Jyotish Chandra (Falta)
Roy, Sj. Provash Chandra
Roy, Sj. Saroj
Saha, Sj. Madan Mohon
Saha, Dr. Saurendra Nath
Sahu, Sj. Janardan
Sarkar, Sj. Dharani Dhar
Satpathi, Dr. Krishna Chandra
Sen, Sjkta. Mani Kuntala
Sinha, Sj. Lalit Kumar

NOES—134.

Abdul Hameed, Janab Hajee Sk.
Abdullah, Janab S. M.
Abdus Shokur, Janab
Atawal Ghani, Janab Abul Barkat
Bandopadhaya, Sj. Khagendra Nath
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sj. Profulla
Banerjee, Dr. Srikumar
Barman, The Hon'ble Syama Prasad
Basu, The Hon'ble Satyendra Kumar
Bhagat, Sj. Mangaldas
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syama
Biswas, Sj. Raghunandan
Bose, The Hon'ble Pannalal
Brahmamandal, Sj. Debendra
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bijoylal
Chatterjee, Sj. Satyendra Prasanna
Chattopadhya, Sj. Brindabon
Chattopadhyay, Sj. Sarojranjan
Chattopadhyaya, Sj. Ratanmoni
Das, Sj. Banamali
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Kanailal (Ausgram)
Das, Sj. Kanai Lal (Dum Dum)
Das, Sj. Radhanath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan
Digar, Sj. Kiran Chandra
Dutta Gupta, Sjkta. Mira
Fazlur Rahman, Janab S. M.
Gahatraj, Sj. Dalbahadur Singh
Garga, Kumar Deba Prasad
Gayen, Sj. Brindaban
Ghose, Sj. Kshitish Chandra
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Tarun Kanti
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Giasuddin, Janab Md.
Golam Hamidur Rahman, Janab
Gupta, Sj. Jogesh Chandra
Gupta, Sj. Nikunja Behari
Haldar, Sj. Kuber Chand
Halder, Sj. Jagadish Chandra
Hansda, Sj. Jagatpati
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Amrita Lal
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamala Kanta
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Prabir Chandra
Jha, Sj. Pashu Pati
Kar, Sj. Sasadhar
Karan, Sj. Koustuv Kanti
Kazim Ali Meerza, Janab
Lahiri, Sj. Jitendra Nath
Let, Sj. Panchanon
Maiti, Sjkta. Abha
Majhi, Sj. Nishapati
Mal, Sj. Basanta Kumar
Maliah, Sj. Pashupatinath
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Annada Prasad
Mandal, Sj. Umesh Chandra
Massey, Mr. Reginald Arthur
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Sankar Prasad
Modak, Sj. Niranjan
Mohammad Mumtaz, Maulana.
Mohammed Israil, Janab
Mojumder, Sj. Jagannath
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Mondal, Sj. Sudhir
Moni, Sj. Dintaran
Mukherji, Sj. Dhirendra Narayan
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Ananda Gopal
Mukherjee, Sj. Kali
Mukherjee, Sj. Sambhu Charan
Mukherji, The Hon'ble Ajoy Kumar
Mukherji, Sj. Pijush Kanti
Mukhopadhyaya, Sj. Phanindranath
Munda, Sj. Antoni Topno
Murarka, Sj. Basant Lall
Murmu, Sj. Jadu Nath
Naskar, Sj. Ardhendu Sekhar
Naskar, The Hon'ble Hemchandra
Pal, Dr. Radhakrishna
Panja, The Hon'ble Jadabendra Nath
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Pramanik, Sj. Tarapada
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Rai, Sj. Shiva Kumar
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Jajneswar
Ray, Sj. Jyotish Chandra (Haroa)
Ray, The Hon'ble Renuka
Roy, Sj. Arabinda
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Bijoyendu Narayan
Roy, Sj. Hanseswar
Roy, Sj. Nepal Chandra
Roy, Sj. Prafulla Chandra
Roy, The Hon'ble Radhagobinda
Roy, Sj. Surendra Nath
Roy Singh, Sj. Satish Chandra
Saha, Dr. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Saren, Sj. Mangal Chandra
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Priya Ranjan
Sen, Sj. Rashbehari
Sen Gupta, Sj. Gopika Bilas
Sharma, Sj. Joynarayan
Shaw, Sj. Kripa Sindhu
Shaw, Sj. Mahitosh
Shukla, Sj. Krishna Kumar
Sikder, Sj. Rabindra Nath
Singh, Sj. Ram Lagan
Tafazzal Hossain, Janab

Tarkatirtha, Sj. Bimalananda
Trivedi, Sj. Goalbadan
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Md.
Zainal Abedin, Janab Kazi
Zaman, Janab A. M. A.

The Ayes being 52 and the Noes 134 the motion was lost.

Mr. Speaker: The rest of the amendments fall through.

The motion of the Hon'ble Dr. Bidan Chandra Roy that the Bengal Finance (Sales Tax) (Second Amendment) Bill, 1955, be taken into consideration, was then put and agreed to.

Clause 1.

The question that Clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2.

The question that Clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3.

Dr. Kanailal Bhattacharya: Sir, I beg to move that clause 3(a) be omitted.

Mr. Speaker: Mr. Chaudhury, your amendment is the same as amendment No. 27.

Dr. Narayan Chandra Ray: Sir, I beg to move that in clause 3(a), lines 4 to 6, for the words beginning with "one or more" and ending with "of commercial taxes", the words "not more than two persons to be Additional Commissioners" be substituted.

Dr. Kanailal Bhattacharya:

মাননীয় স্পীকার মহাশয়, আমি যেকথা আগে বলেছি, এখনও তাই বলছি, যে ডাঃ রায় যতই এডিশনাল কমিশনার এপয়েন্ট করুন না কেন যতক্ষণ না পর্যন্ত তাঁর অফিসের মধ্যে যে চোরাপোষন এখন আছে, যাঁরা নাকি এ সমস্ত অসাধু ব্যবসায়ীদের আইনের ফাঁক দেখিয়ে দেয় যতদিন না পর্যন্ত সেটা চেক করতে পারেন ততদিন পর্যন্ত সেল ট্যাক্স আদায় বেশী হতে পারে বলে আমি মনে করি না। কাজেই আমি ওঁকে অনুরোধ করবো আর এডিশনাল কমিশনার এপয়েন্ট না করে যাতে তাঁর ডিপার্টমেন্ট আরো এফিসিয়েন্ট হয় তিনি সেদিকেই নজর দিন।

Dr. Narayan Chandra Ray:

আমার এমেন্ডমেন্টটা হচ্ছে

"one or more persons to be the Additional Commissioner or Additional Commissioners".

ওয়ান অর মোর—প্রথম কথা হল এটা অত্যন্ত ইনডেফিনিট। এখানে সরকারের হাতে ক্ষমতা দেওয়া হয়েছে এবং সরকারের হাত সঙ্কুচিত করার জন্য আমি আমার এমেন্ডমেন্টটা রাখছি।

"Not more than two persons to be Additional Commissioners."

আমি চেয়েছি এর চেয়ে বেশী যেন উনি না করেন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, the need for more Commissioners has been felt for some time, because the number of appeal and revision cases that are coming up is increasing every year. At the present moment there are nearly 500 such appeals every year. The present Additional Commissioner cannot cope with more than 300 cases. Therefore, if

you are providing an agency for collecting taxes it is only proper that the people who will be affected by such realisation of taxes should have ample opportunity to make their appeals and make their cases heard. Sir, it is no argument that because there is no work for one or two or three officers in a particular Department, the whole Department may be abolished. It might be so with any organisation in the whole of the country. Sir, I oppose the amendments.

The motion of Dr. Kanailal Bhattacharya that clause 3(a) be omitted was then put and lost.

The motion of Dr. Narayan Chandra Ray that in clause 3(a), lines 4 to 6, for the words beginning with "one or more" and ending with "of commercial taxes", the words "not more than two persons to be Additional Commissioners" be substituted, was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4.

Sj. Jyotish Joardar: Sir, I beg to move that for clause 4, the following be substituted, namely:—

"4. In sub-section (5) of section 4 of the said Act,—

(a) before clause (a), the following shall be inserted, namely:—

'(a1) in relation to any dealer who imports for sale any goods into West Bengal, 1,000 rupees; or';

(b) in clause (a), the words 'imports for sale any goods into West Bengal, or' shall be omitted."

মাননীয় স্পীকার মহাশয়, এখানে ৪ নম্বর ক্লজে যে সংশোধনী প্রস্তাব এসেছে প্রথমে যার উপর আমার সংশোধনী সেই প্রস্তাবটা হচ্ছে, যেটা আসল জিনিস সেটা হচ্ছে, ট্যাক্সবল কোয়ানটাম। সেই ট্যাক্সেবল কোয়ানটাম সম্বন্ধে অরিজিন্যাল এ্যাক্ট (এ) উপধারাতে দুটো বড় ভাগ আছে। একটা ভাগ হচ্ছে

"who imports for sale any goods into West Bengal"

আর একটা হচ্ছে—

"who manufactures or produces any goods for sale".

এ দুভাগের ব্যবসায়ীর জন্য ট্যাক্সেবল কোয়ান্টাম ধার্য করা হয়েছে দশ হাজার টাকা। কিন্তু যারা এই (এ) উপধারার কোন ভাগে পড়েন না, তাদের জন্য মূল বিলে ছিল সংশ্লিষ্ট (বি) উপধারা। উপস্থিত বিলের দাবীতে এই (বি) উপধারা বাদ পড়ে যাচ্ছে। তাহলে যে সমস্ত ইমপোরটার-দের বিক্রি ১,০০০ টাকা তাদের বেলায় বস্তুত ট্যাক্সেবল কোয়ান্টাম কি হবে।

[5-20—6 p.m.]

এই সম্বন্ধে অরিজিন্যাল এ্যাক্ট যা আছে—তার উপরে আমার এ্যামেন্ডমেন্ট হচ্ছে প্রথমে আমি ইমপোর্ট ফর ট্রেডকে দুভাগে ভাগ করেছি। প্রথম ভাগ হচ্ছে ইমপোর্ট ফর সেল এবং দ্বিতীয় ভাগ হচ্ছে প্রোডিউসার অর ম্যানুফ্যাকচারার। প্রথমতঃ যে সমস্ত প্রোডিউসার ১০ হাজার টাকার পরিমাণ বা তার উর্ধ্বে বিক্রয় করেন তাঁকে পড়তে হবে ট্যাক্সেবল কোয়ান্টাম-এর আওতায়। আর দ্বিতীয় ভাগ হচ্ছে ইমপোর্ট ফর সেল; এখানে প্রোডাকশন এর কথা নয়, এই ইমপোর্ট ফর সেল—তাদের সেল যদি এক হাজার টাকা হয় তাহলে সেটা ট্যাক্সেবল কোয়ান্টাম হবে। এই দুটো ভাগ প্রথমত করেছি। এখানে যে এ্যামেন্ডমেন্ট বিল এসেছে তাতে অরিজিন্যাল এ্যাক্টে যা ছিল (বি) উপধারার আওতায় সেটা

বাদ দেবার চেষ্টা কিন্তু এটা আমি বাদ দিতে চাই না—এটার স্থলে আমি সাবস্টিটিউট একটা করতে চাই। মূল আইনে ৪নং ধারার ৫নং উপধারার অন্তর্গত (এ) উপধারা যেখানে ছিল সেইখানে পরিবর্তিত উপধারা (এ)র সঙ্গে (এ)(১) বিশেষ অর্থ বহন করে এ্যামেন্ডমেন্ট আকারে আসবে। ফলে (এ১) উপধারাতে থাকবে

"in relation to any dealer who imports for sale any goods into West Bengal, 1,000 rupees; or;"

আর (এ) উপধারা হতে বাদ পড়ে যাবে

"Import for sale any goods into West Bengal, or"

এই কথা কয়টি। ফলে (এ) উপধারার রূপ হবে—

"in relation to any dealer who manufactures or produces any goods for sale, 10,000 rupees; or"

তাহলে (এ) সাব-ক্লজ-এ যা আছে সেটা বাদ পড়বে না। এই (এ) গ্রুপকে দুভাগে ভাগ করা গেল। ওরিজিনাল এ্যাক্টএ যা আছে সেই ওরিজিনাল এ্যাক্টকে দুটো ক্যাটিগরিতে ভাগ করা গেল। এবং এই দুটো সাবডিভিসন হলে তাতে লাভ হবে—এই যে পরবর্তী ৫নং ক্লজএর কোন প্রয়োজন থাকবে না। এই প্রস্তাবিত বিলে যা আছে—তার মধ্যে আমরা দেখতে পাব যে ৪(এ) সেকশন এ্যাড করা মানে হচ্ছে এতে আরও কতকগুলি ব্যবসার স্তর নিয়ে ট্যাক্সেবল কোয়ান্টামকে এক কথায় পাইক্রান্তির পর্যায়ে নাবিয়ে আনা হচ্ছে। কিন্তু আমার উপরিউক্ত সংশোধনী গ্রহণ করলে অনেক বেশী সংখ্যক বিক্রয়কারীকে আমরা এই বিলের আওতায় আনতে পারব। অথচ ক্ষুদ্র বিক্রেতা যারা তাদের উপর হাত পড়ছে না। তার ফলে এই রেজিস্ট্রেশন এর ক্ষেত্রে তাদের সেই কোয়ান্টাম ঠিক করে দেওয়া হবে, যার জন্য দুই উপখণ্ডে এই সংশোধনী এনেছি। এটা খুবই বিজ্ঞানসম্মত এবং সরকার যদি এটা চিন্তা করে দেখেন তাহলে এটা মুক্ত মনে গ্রহণ করতে পারবেন। আর যদি মনে করেন এটা বিজ্ঞানসম্মত নয় তাহলে আমার ভুলটা দেখাবেন—আমি সেটা স্বীকার করে নেব। আর সরকার যদি বোঝেন এটা বিজ্ঞানসম্মত সাজেশান তাহলে এ সম্বন্ধে চিন্তা করুন এবং এটা গ্রহণ করুন। এটা সাধারণ হিসাব এই হিসাবেই দেখাচ্ছি যে এই এ্যামেন্ডমেন্ট গ্রহণ করলে পর একমাত্র ট্যাক্সেবল কোয়ান্টাম দিয়েই সর্ব ক্ষেত্রে ব্যবসায়ীদেরকে নিয়ন্ত্রণ করা যাবে। ট্যাক্সেশন ন্যায্যভাবে ধার্য করা হয় আমরা সেটা চাই। এই ট্যাক্সেশন বৃহত্তর ক্ষেত্র থেকে আদায় করতে পারা যায় তাও চাই। মিছামিছি যারা একেবারে ক্ষুদ্র ডিলার তাদের মেরে ফেলা না হয় এইটুকু আবেদন। সোনার ডিম পাবার লোভে মুরগীকে হত্যা করবেন না। এতে বাংলার সাধারণ ব্যবসায়ী ব্যবসা ক্ষেত্রে দাঁড়াতে পারবে না। এই কোয়ান্টাম নিয়ন্ত্রণ করলে উপস্থিত সমস্ত বিলটা বিজ্ঞানসম্মত হবে ট্যাক্স বেশী আসবে এবং ইভেশন বন্ধ হবে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: My friend has taken a different view of the amendment we have proposed. We have proposed that section 4(5)(b) be omitted which is as follows. (a) says "in relation to any dealer who imports for sale any goods into West Bengal or manufactures or produces any goods for sale, Rs. 1,000; or (b) in relation to particular classes of dealers not falling within clause (a) such sum as may be prescribed." In order to make something more definite we have omitted the clause and put in section 4(a) or item 5 of the present amendment in which we say that if the Government are satisfied that there is evasion of tax in respect of a particular type of goods then a certain procedure has been laid down like the certifying of a registered dealer, asking for registration and so on. My friend Sj. Joarder's amendment has two very prominent defects. He says "separate the importer's portion from the producers and manufacturers." You cannot do it under the Constitution as I said before. Whatever conditions you lay down for an importer of a particular type of goods

you have got to lay down the same conditions for the producer or manufacturer of the goods. Importers will be liable to pay tax if they import goods worth more than Rs. 1,000 and the producers and manufacturers will be liable to pay tax if they produce goods worth more than Rs. 10,000. It means you are differentiating between one type of dealers and another, which you cannot do. I say ours is the surest method of realising the tax. In this there is no chance of evasion. If his amendment is accepted then a very large number of poor importers will be affected which I am perfectly sure my friend does not want. There may be hundreds and thousands of importers who may be importing goods worth Rs. 1,000, Rs. 1,500 or Rs. 2,000, who may get things from other provinces and sell them here. As I have already said small importers would be affected. Whereas we have said that if the dealer is importing a type of goods or manufacturing or producing a type of goods in which tax is being evaded and if the Government is satisfied then we do not immediately tax but we ask him to take a certificate and we give him certain conditions under which he can pay the tax. Sir, I oppose the amendment.

The motion of Sj. Jyotish Joarder that for clause 4, the following be substituted, namely:—

"4. In sub-section (5) of section 4 of the said Act,—

(a) before clause (a), the following shall be inserted, namely:—

'(a) in relation to any dealer who imports for sale any goods into West Bengal, 1,000 rupees; or';

(b) in clause (a), the words 'imports for sale any goods into West Bengal, or' shall be omitted",

was then put and lost.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

[At this stage the House was adjourned for half-an-hour.]

[*After Adjournment.*]

[6—6-10 p.m.]

Clause 5.

Sj. Ajit Kumar Basu: Sir, I beg to move that in clause 5, in the proposed section 4A, lines 9 and 10, the words "or manufactures or produces" be omitted.

Sj. Madan Mohon Khan: Sir, I beg to move that in clause 5, in the proviso to the proposed section 4A, line 2, for the word "may" the word "shall" be substituted.

Sir, I also beg to move that in clause 5, in the proviso to the proposed section 4A, line 2, the words "or special" be omitted.

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I beg to move that in clause 5, in the proviso to the proposed section 4A, lines 4 and 5, for the words "by himself or by members of his family" the words "in West Bengal" be substituted.

Sj. Provash Chandra Roy: Sir, I beg to move that in clause 5, in the proviso to the proposed section 4A, in line 5, after the words "of his family" the words "or with the help of paid labour not exceeding two in number" be inserted.

Sj. Subodh Choudhury: Sir, I beg to move that in clause 5, the following further proviso be added to the proposed section 4A, namely:—

> "Provided further that notified goods shall not include brassware, conch-shell products and utensils".

Sj. Ajit Kumar Basu:

মানীয় স্পীকার স্যার, আমার এ্যামেন্ডমেন্টএ যা বলতে চেয়েছি ডাঃ রায় যা বল্লেন তা শুনেছি, শুনবাব পরেও এই সমস্ত লেখার মানে যা আগে ধরেছিলাম এখন তাই ধরছি। এ ক্ষেত্রে বুঝতে পারছি ট্যাক্স ইভেসন যা হবে যে যে জিনিসের ক্ষেত্রে সেই সমস্ত জিনিসের ইমপোর্টার, প্রোডিউসার এবং ম্যানুফ্যাকচারাররা এদের আজকে যে একটা ট্যাক্সেবল কোয়াণ্টামএর মধ্যে পড়লে তবে তাদের উপর ট্যাক্স বসানো যায় এর পরে ট্যাক্সেবল কোয়াণ্টামএর মধ্যে না পড়লেও ট্যাক্স বসানো যাবে এই মানে হয়। এই বিলের স্টেটমেন্ট অফ অবজেক্টস এ্যান্ড রিজনস যা বলা হয়েছে যে ট্যাক্স ইভেড করেছে এই রকম ইমপোর্টারকে আর তা করতে দেওয়া হবে না, কাজেই সব ইমপোর্টারদের উপর ট্যাক্স বসিয়ে দাও এই পদ্ধতি রাখা হয়েছে। এখানে প্রোডিউস কর এবং ম্যানুফ্যাকচারার হও বা ইমপোর্ট কর সবক্ষেত্রেই ট্যাক্স এর ব্যবস্থা হচ্ছে এটায় আমরা আপত্তি করি। আমরা মনে করি এই ভিতর দিয়ে যে কোন জিনিসের ট্যাক্স ইভেড করা হচ্ছে বলে মন্ত্রীসভা মনে করবেন তারা সেই জিনিসের প্রোডিউসার, ম্যানুফ্যাকচারার এবং ইমপোর্টার: কাজেই যেখানে এই ট্যাক্সএর আওতায় আনা হবে। এতে কি অবস্থা হবে? দেশে চানাচুর ব্যবসায়ী যারা তারাও ম্যানুফ্যাকচার করেন, কুমোরের চাক কুমোর তৈরী করে তাহলে সেখানে ম্যানুফ্যাকচার করাব কথা আসে, কাজেই এরা সব ইমপোর্টার স্টেটমেন্টএ যা দিয়েছেন সেখান থেকে অন্তত ওই ম্যানুফ্যাকচারার, প্রোডিউসার এই কথা দুটো বাদ দিন। আপনি এখানে যা বলতে চাইছেন আমরা তা বুঝতে পারছি না। দ্বিতীয় কথা, যেভাবে আছে তাতে ভুল বুঝবার সম্ভাবনা রয়েছে। কাজেই প্রোডিউসার এ্যান্ড ম্যানুফ্যাকচারার কথা দুটো বাদ দিন। শুধু ইমপোর্টার কথাটা এখানে রাখুন তাহলে আশংকা থাকে না, তাহলে আমরা বুঝি কুমোরের চাক ইত্যাদির উপর আপনাদের নজর নেই।

Sj. Madan Mohon Khan:

মাননীয় স্পীকার মহোদয়, আমাদের বাংলা সরকার এবং ভারত সরকার এদের নীতি বা উদ্দেশ্য যাতে বেশী করে কুটিরশিল্প গড়ে ওঠে, কারণ তাতে বেকার সমস্যার সমাধান হবে। সেজন্য দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কুটিরশিল্পের জন্যে অনেক বেশী টাকা ধরেছেন। কিন্তু আজকে যদি কুটিরশিল্পের সেলস ট্যাক্স বসাবার উপর 'মে' থাকে সরকার ইচ্ছা করলে তার উপর সেলস ট্যাক্স বসাতে পারেন তাই বুঝতে হবে। সরকার 'মে' রেখে বেশীর ভাগ ক্ষেত্রেই এই সেলস ট্যাক্স বসাবেন। আমরা দেখেছি আমাদের দেশে যে কাপড় হয় বেনারশী ইত্যাদি শাড়ী এখানে ট্যাক্সএর ব্যবস্থা হলে তার দর বেশী হয়ে যাবে এবং সেক্ষেত্রে বাইরের কাপড় লোকে কিনবে, আমাদের মাল কিনবে না। এজন্য আমি বলছি ওটাকে তুলে ওখানে শ্যাল করে দেওয়া হোক।

Sj. Pravash Chandra Roy:

মাননীয় সভাপাল মহাশয়, আমি আমার এ্যামেন্ডমেন্ট দিয়ে একথা বলতে চেয়েছি যে মাননীয় মুখ্যমন্ত্রী মূল বিলের ৪নং ধারার পর ৪(ক) ধারা যোগ করে এই কথা বলতে চেয়েছেন যে যাদের ১০ হাজার এবং তার উপর থেকে ট্যাক্স ছিল তারা ট্যাক্স ফাঁকি দেবার জন্যে বিভিন্ন

পন্থা অবলম্বন করে, সেজন্যে তারা যাতে ফাঁকি না দিতে পারে সেজন্যে ৪(ক) ধারা যোগ করতে চেয়েছেন; যারা বড় বড় ব্যবসাদার ইমপোর্টার, ডিলার্স, ম্যানুফ্যাকচারার্স তারা ট্যাক্স ফাঁকি দিক আমরা তার বিরোধী, কিন্তু তাদের ট্যাক্স ফাঁকি দেবার পন্থা বন্ধ করবার ব্যবস্থা না করে এমন পথ গ্রহণ করেছেন যার দ্বারা ১০ হাজার টাকার কমে যেসব ডিলার অর ম্যানু-ফ্যাকচারার অর প্রোডিউসার এই ট্যাক্স এর হাত থেকে রেহাই পেতেন, আজকে ৪(ক) ধারা যোগ করে দেওয়ায় সেই সমস্ত ম্যানুফ্যাকচারার, ডিলার এবং প্রোডিউসার-এর উপর তিনি ট্যাক্স চাপাবার ব্যবস্থা করেছেন।

[6-10—6-20 p.m.]

যাঁরা এতদিন ট্যাক্সের হাত থেকে রেহাই পেতেন, আজ মূলতঃ তাঁদের উপর ট্যাক্স চাপতে যাচ্ছে। আজ যখন রুই-কাতলাকে ধরতে না পেরে—তিনি এমন কায়দা নিলেন যার দ্বারা চুনোপুঁটী পর্যন্ত মারা যাবে। সুতরাং নীতি এই হওয়া উচিত যাতে রুই-কাতলাও ধরা যায়, আবার চুনোপুঁটীও মারা না যায়।

তারপর অবশ্য তিনি বলছেন কুটীরশিল্প করবেন, তার উপর যাতে ট্যাক্স চাপান না হয়, তার জন্য তিনি শেষে একটা অনুচ্ছেদ যোগ করেছেন এবং যোগ করে তিনি একথা বলেছেন নিজের অথবা তার বাড়ীর লোকের দ্বারা যিনি সেই কুটীরশিল্পে মাল উৎপাদন করবেন বা বিক্রি করবেন, তিনি ট্যাক্স থেকে রেহাই পেতে পারবেন। এই ভাষা না নিয়ে এখানে এই কথা থাকুক যে তাঁকে ট্যাক্স থেকে রেহাই দেওয়া হবে।

দ্বিতীয় কথা, অনেক কুটীরশিল্প আছে, যা আমি জানি যে সকল শিল্প নিজে বা বাড়ীর লোক দিয়ে সব সময় চালান যায় না। সেখানে দু-একজন লোকের সাহায্য প্রয়োজন হয়। যেমন আখের গুড় থেকে চিনি তৈরী হয়। আমরা গ্রাম দেশের কথা জানি সেখানে অনেক ক্ষেত্রে যেখানে ছোট ছোট পরিবার আছে, নিজের বাড়ীর লোক দিয়ে যেখানে আখ থেকে গুড় করে চিনি তৈরী করতে পারেন না, দু-একজন মজুর রেখে চিনি তৈরী করে থাকেন। সেদিক থেকে আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে আজ অনুরোধ করবো, আমি যে এ্যামেন্ডমেন্ট দিয়েছি—নিজে বা নিজের পরিবারের দ্বারা তৈরী করলে পর যেমন ট্যাক্স থেকে রেহাই পাবে, তেমনি তার সঙ্গে যদি অন্ততঃ দুজন মজুর লাগায় তাহলে সেই কটেজ ইন্ডাষ্ট্রী ট্যাক্স থেকে রেহাই পাবে। এই সুযোগ দেওয়া হোক। আশা করি তিনি আমার সংশোধনটা এইভাবে গ্রহণ করবেন।

Sj. Jyotish Joarder:

মাননীয় সভাপাল মহাশয়, আমার এ্যামেন্ডমেন্টটী আউট অফ অর্ডার হয়েছে। তবু আমার যে এ্যামেন্ডমেন্ট-এর উদ্দেশ্য সেটার উল্লেখ কবার খুব প্রয়োজন আছে বলে আমি মনে করি। তাই সেটা বলতে দাঁড়িয়েছি।

এখানে ট্যাক্সেবল কোয়ান্টাম সম্বন্ধে ইতিপূর্বে আলোচনা হয়েছে। সেই আলোচনাতে ডাঃ রায় বলেছেন ডিসক্রিমিনেশন তিনি করবেন না বা করতে চান না। তিনি যা বলেছেন তাকে কন্ট্রাডিকশন ইন টারমস ছাড়া আর কি বলা যায়? মূল আইনে ট্যাক্সেবল কোয়ান্টামএর তিনটি ক্যাটিগরি আছে। উপস্থিত বিলের চার নম্বর ক্যাটিগরি ক্লজএর সাহায্যে মূল বিলের (বি) বাদ দিয়ে দিচ্ছেন এবং পাঁচ নম্বর ধারার আশ্রয়ে নতুন করে ৪(এ) ক্যাটিগরিক্যাল ডিভিসন করে রাখছেন। এই পাঁচ নম্বর ক্লজের উদ্দেশ্য হচ্ছে এক পাই যে বিক্রী করবে তারও ট্যাক্স দিতে হবে। ওখানে মূল আইনের ৪(৫)(এ) ধারার বলে ১০ হাজার টাকার সেল যার হবে তার উপর; এবং সংশ্লিষ্ট উপধারার বলে তার উর্দ্ধে সেল যিনি করবেন তার উপর ট্যাক্স ধার্য করবার কথা যেমন আছে, তেমনি রয়ে গেছে। তার সঙ্গে যুক্ত করে দিচ্ছেন উপরে উক্ত ৪-এ ধারা। এ ধারার বলে এক পাই যিনি বিক্রী করবেন তাঁর উপর ট্যাক্স ধার্য হবে। আমি সে কোয়ান্টাম কমিয়ে দিতে চাইছি। এক হাজার টাকার উর্দ্ধে বিক্রী যিনি করবেন

আমার সংশোধনীর (এ১) ক্যাটিগরি এর আওতায় ইমপোর্ট ফর সেল করে; বা ৪(বি)(এ)-এর আওতায় ম্যানুফ্যাকচার করবেন বা প্রোডিউস করবেন এবং ১০,০০০ টাকার উর্ধ্বে সেল করবেন, মাত্র তাদেরকে নিম্নতম ট্যাক্সেবল কোয়ান্টাম এর আওতার বন্ধ করা। আমাদের ইন্ডিজিনস ইন্ডাস্ট্রি উৎসাহ দেওয়া কর্তব্য। তার জন্য ডিসক্রিমিনেশন থাকা প্রয়োজন। অসম ও অন্যায় প্রতিযোগিতা হতে দরিদ্র ব্যবসায়ীকে রক্ষা করা কর্তব্য। ডাঃ রায় যেভাবে ছোট ছোট ব্যবসায়ীর উপর ট্যাক্স করবার চেষ্টা করছেন, তাতে ফল হচ্ছে সমস্ত ব্যবসা-বাণিজ্য বন্ধ করবার ব্যবস্থা হবে। বিতর্কে বর্তমান ধাপে আমার উপস্থিত এ্যামেন্ডমেন্ট-এর মূল্য বেশী থাকে না। কারণ আমার ইতিপূর্বেকার এ্যামেন্ডমেন্ট যেটা ট্যাক্সেবল কোয়ান্টাম সম্বন্ধে ছিল তা তিনি গ্রহণ করলেন না। ঐ কোয়ান্টাম গ্রহণ করলে স্পেশাল সার্টিফিকেটস-এ দরকার হত না। এখন আর সেই এ্যামেন্ডমেন্টএর কথা বলার কোন মূল্য থাকবে না। তবু এটাতে চিন্তা করবার বিষয় আছে। রেজিস্ট্রেশনের যে নতুন ধারা আনা হচ্ছে এর মধ্যে, তাতে দেখা যাবে যে সারা দেশ শুদ্ধ করাপশন বাড়বার সুযোগ হবে। ফলস রেজিস্টার করে, ইভেসন অফ ট্যাক্স করবে—যেটা ডাঃ রায় এ্যাভয়েড করতে চেয়েছেন। এই শিক্ষাই তিনি সারা জাতিকে দিবেন। তারা জানে কিভাবে করাপশনএর পথে জান বাঁচাতে হয়। তাই আমি বলছি এই ৪এ ধারাগুলি কোন প্রয়োজন ছিল না, যদি তিনি কোয়ান্টামটা এক হাজার টাকার কাছাকাছি নামাতে পারতেন। কিন্তু এই এক হাজার টাকার কাছে পর্যন্ত যেতে রাজী নন। এতে করে আমার মনে হয় এই বিলের মধ্যে শেষ পর্যন্ত আধ পয়সা অবধি নেমে গিয়ে তার নিজের কথাই নিজে কন্ট্রাডিক্ট করছেন।

Sj. Tarapada Dey:

মাননীয় স্পীকার মহাশয়, আমার এই ছোট্ট এ্যামেন্ডমেন্টটী আশাকরি মন্ত্রীমহাশয় গ্রহণ করবেন, যেখানে 'মে' আছে, সেখানে আমি 'শ্যাল' রাখতে বলছি। এই বিলের অবজেক্টস' এ্যান্ড রিজনস এর মধ্যে বলেছেন যারা ট্যাক্স ফাঁকি দেয়, তাদের ধরবার জন্য এটা আনছেন, এবার আর ট্যাক্স ফাঁকি দেওয়া চলবে না। গোপিকাবিলাস বাবুর এ্যামেন্ডমেন্ট সেভাবে আসেনি। বর্তমানে ঠিক করেছেন সত্যি সত্যি যাঁরা ট্যাক্স ফাঁকি দিচ্ছেন, তাদের ধরবেন। সত্যই এই যদি উদ্দেশ্য হয়, তাহলে আইনও সেই রকম করা উচিত। আইন এমন করা দরকার যাতে যারা ট্যাক্স ফাঁকি দেয়, তারা ধরা পড়ে এবং সাজা পায়। ট্যাক্স ফাঁকি দেবার প্রচুর নজীর আছে। যারা "মিস্ট্রি অফ দি বিরলা হাউস" পড়েছেন, তারা জানেন যারা বড় বড় ব্যবসায়ী, তারা সকলেই ট্যাক্স্ ফাঁকি দেয়। তাছাড়া অফিসারদের দুর্নীতি আছে তারা যাতে ধরা পড়তে পারেন তার চেষ্টা করা দরকার। আমরা জানি গেলবারে লেভির সময় সরকার পক্ষ থেকে এ্যাডভার্টাইজমেন্ট দেন যে গ্র্যাজুয়েট ও আই.এ. পাস লোক চাই; তারপরে দেখা গেল থার্ড ক্লাসও পড়ে নাই এমন সব লোককে নেওয়া হল, উপযুক্তদের নেওয়া হল না। এই যদি করেন তাহলে দুর্নীতি বন্ধ হতে পারে না। সেদিকে সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়কে সুদৃঢ় নীতি অবলম্বন করতে হবে যাতে তাঁদের ঘোষিত নীতি ঠিক থাকে আর সরকারী কর্মচারী যাঁরা আছেন তাঁরাও দুর্নীতি গ্রহণ করতে না পারেন, সেইভাবে সঙ্গে সাথে আইনটাও শক্ত করতে হবে।

আমাদের সুবোধবাবু যেটা বলেছেন প্ল্যান্ড ইকোনমি আমাদের সমাজতান্ত্রিক দেশে দরকার। সেই প্ল্যানড ইকনমির কথাটা ডাঃ রায় ঘুরিয়ে দিয়ে বললেন, ডিমান্ড এ্যান্ড সাপ্লাইএর উপর জিনিসের দাম নির্ভর করে। এটা সমাজতান্ত্রিক ধাঁচের কথা নয়, সমাজতান্ত্রিক ধাঁচও করবো অথচ প্ল্যান্ড ইকোনমি মানবো না; দি ল অফ ডিম্যান্ড এ্যান্ড সাপ্লাই মানবো অথচ মিডলম্যানদের স্বার্থ রক্ষা করবো না। এ দুটো হতে পারে না। সেই ধরনের আইনের ফাঁক রেখে যাবেন, অথচ অবজেক্টস এ্যান্ড রিজনসএ বলছেন ট্যাক্স ফাঁকি যারা দেবে তাদের ধরবেন, এই যদি আইন হয় তাহলে সে আইন সুষ্ঠুভাবে কার্যকরী হতে পারে না। তাই আমি বলছি যেখানে "মে" আছে, সেখানে "শ্যাল" যোগ করে দিন। আশা করি, মন্ত্রীমহাশয় আমার এ্যামেন্ড-মেন্টটা গ্রহণ করবেন।

[6-20—6-30 p.m.]

Sj. Jnanendra Kumar Chaudhury:

মাননীয় স্পীকারমহাশয়, আমার যে দু'টি এ্যামেন্ডমেন্ট আছে প্রথমটায় আমি বাদ দিতে বলেছি—

"every dealers who imports in West Bengal or manufactures or produces such goods".

